ঈশান অনুবাদমালা ২

উত্তরাধ্যয়ন সূত্র

শ্রীপূরণচাঁদ শ্যামসুখা
ও
শ্রীঅজিতরঞ্জন ভট্টাচার্য

কলিকাতা বিশ্ববিদ্যালয়
১৯৬০

ঈশান অনুবাদমালা ২

জৈন আগমশাস্ত্রের অন্তর্ভুক্ত

উত্তরাধ্যয়ন সূত্র

প্রথম খণ্ড

(বঙ্গাক্ষরে মূল, শব্দার্থ, বঙ্গানুবাদ, পাঠান্তর, পাদটীকা,
শব্দসূচী, পাদটীকা-সূচী ও ভূমিকা সহ)

শ্রীপূরণচাঁদ শ্যামসুখা

ও

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক

শ্রীঅজিতরঞ্জন ভট্টাচার্য

কর্তৃক অনূদিত ও সম্পাদিত

[ঈশানচন্দ্র ঘোষ নিধির দ্বিতীয় পুস্তক]

কলিকাতা বিশ্ববিদ্যালয়

১৯৬০

মূল্য—১২.০০

ভারতবর্ষে মুদ্রিত। কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রেসের সুপারিণ্টেণ্ডেণ্ট
শ্রীশিবেন্দ্রনাথ কাঞ্জিলাল কর্তৃক ৪৮ হাজরা রোড,
কলিকাতা হইতে প্রকাশিত।

মুদ্রক : শ্রীগোপালচন্দ্র রায়
নাভানা প্রিন্টিং ওআর্কস্ প্রাইভেট লিমিটেড
৪৭ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলিকাতা ১৩

O. P. 122—March, 1960—A

ভূমিকা

জৈনদের প্রধান শাস্ত্রকে আগমশাস্ত্র বলে। প্রত্যেক তীর্থঙ্করের মুখ্য কয়েকজন শিষ্যকে গণধর বলে। এই গণধরগণ সেই সেই সময়ে যে তীর্থঙ্কর থাকেন তাঁহাকে বন্দনা করিয়া প্রশ্ন করেন, ভগবান, তত্ত্ব কি? এইরূপে তিনবার জিজ্ঞাসিত হইয়া প্রশ্নের উত্তরে তীর্থঙ্কর বলেন, "উপ্পণেই বা বিগমেই বা ধুবেই বা" অর্থাৎ উৎপন্ন হয়, বিনাশপ্রাপ্ত হয় ও ধ্রুব থাকে। এই বাক্যকে ত্রিপদী কহে। এই বাক্যকে অবলম্বন করিয়া জৈন দার্শনিকগণ বলেন যে প্রত্যেক সৎপদার্থের মধ্যে প্রতি সময়ে যুগপৎ উৎপত্তি, বিনাশ ও স্থিতির ক্রিয়া চলিতেছে। ইহাই জৈন দর্শনের সার কথা, ইহাই পরিণামবাদ। আবার এই বাক্যকেই অবলম্বন করিয়া গণধরগণ দ্বাদশাঙ্গ শাস্ত্র রচনা করেন। ইহাই দ্বাদশাঙ্গী গণিপিটক। গণি শব্দের অর্থ আচার্য। পিটক শব্দের অর্থ পেটিকা[১], অর্থাৎ আচার্যগণের পেটিকায় সযত্নে রক্ষিত রত্ন।

এই দ্বাদশাঙ্গ শাস্ত্রকেই আগম বলে। কিন্তু এই দ্বাদশাঙ্গ ব্যতিরিক্ত আরও অন্য কিছু শাস্ত্র আছে যাহা আগম পদবাচ্য। তীর্থঙ্করগণের গণধর[২] প্রত্যেকবুদ্ধ[৩], শ্রুতকেবলী[৪] ও দশপূর্বজ্ঞ[৫] দ্বারা রচিত শাস্ত্র-

---

১। বৌদ্ধশাস্ত্রের ত্রিপিটক শব্দের সহিত তুলনীয়।

২। তীর্থঙ্করগণ প্রথম উপদেশের সময় কয়েকজন নবদীক্ষিত সাধুকে গণধরপদ প্রদান করেন ও অন্যান্য সাধুগণকে তাঁহাদেরই অধীনে শাস্ত্রাভ্যাস করিতে অনুজ্ঞা দেন। মহাবীর স্বামীর ইন্দ্রভূতি গৌতম প্রমুখ একাদশ জন গণধর ছিলেন। গণি বলিতেও আচার্য বুঝায়, অন্যান্য সাধুর মধ্যেও অনেক গণি হইতে পারেন। কিন্তু গণধর হইতে পারেন না। তীর্থঙ্কর নির্দিষ্ট সাধুগণই কেবল গণধরপদবাচ্য।

৩। যাঁহারা আকাশের মেঘের আকারের পরিবর্তন দর্শন করিয়া বা অন্য কোন বাহ্য বস্তুর নিমিত্ত প্রাপ্ত হইয়া বৈরাগ্য ও সম্যক্ জ্ঞান লাভ করতঃ সিদ্ধিপ্রাপ্ত হন তাঁহাদিগকে প্রত্যেকবুদ্ধ বলে।

৪। যাঁহাদের চতুর্দশ পূর্বসমেত সম্পূর্ণ দ্বাদশাঙ্গের জ্ঞান আছে তাঁহাদিগকে চতুর্দশ পূর্বধারী বা শ্রুতকেবলী বলে। ইঁহারা কেবলজ্ঞান সম্পন্ন নহেন কিন্তু সমগ্র শ্রুতশাস্ত্রের জ্ঞান থাকায় কেবলজ্ঞানীর ন্যায় বস্তুতত্ত্ব প্রকাশ করিতে পারেন বলিয়া ইঁহাদিগকে শ্রুত-কেবলী বলে।

৫। যাঁহাদের একাদশ অঙ্গশাস্ত্র ও দশ পূর্বশাস্ত্রের জ্ঞান আছে তাঁহাদিগকে দশপূর্বজ্ঞ বলা হয়।

সমূহই আগমশাস্ত্রের অন্তর্ভুক্ত। যাঁহারা সম্পূর্ণ দশপূর্বশাস্ত্রে পারদর্শী নন অথবা নব সংখ্যক বা তদপেক্ষা কমসংখ্যক পূর্বশাস্ত্রে পারদর্শী তাহাদের দ্বারা কৃতশাস্ত্র আগমশাস্ত্রের অন্তর্ভুক্ত নয়। কারণ দশপূর্বজ্ঞ নিশ্চিতভাবে সম্যক্-জ্ঞানী। তদপেক্ষা কম পূর্বজ্ঞ সম্যক্‌জ্ঞানী হইতেও পারেন, নাও হইতে পারেন।[১] যাঁহারা সম্যক্ জ্ঞানী তাঁহাদের শাস্ত্রই আগমশাস্ত্রের অন্তর্ভুক্ত হইতে পারে নতুবা নয়।

বর্তমানে যে অঙ্গশাস্ত্র প্রচলিত তাহা ভগবান্ মহাবীরের পঞ্চম গণধর সুধর্মস্বামী কর্তৃক মহাবীরের প্রবচন অনুযায়ী রচিত। অঙ্গশাস্ত্রের সংখ্যা দ্বাদশ। দ্বাদশতম অঙ্গকে দৃষ্টিবাদ বলে। ইহারই অন্তর্গত চতুর্দশ পূর্বশাস্ত্র। ইহা এখন সম্পূর্ণভাবে বিলুপ্ত।

বর্তমানে প্রচলিত আগমশাস্ত্রের সংখ্যা পঁয়তাল্লিশ। কেহ কেহ ইহার সংখ্যা চৌরাশীও বলিয়া থাকেন। ইহার মধ্যে আবার কোন কোন সম্প্রদায় মাত্র বত্রিশ সংখ্যক শাস্ত্রকেই আগমশাস্ত্রের অন্তর্গত বলিয়া মনে করেন। কিন্তু অধিকাংশ মতে আগমশাস্ত্রের সংখ্যা পঁয়তাল্লিশ।

এই দ্বাদশাঙ্গ শিষ্যপরম্পরায় সাধুগণ কণ্ঠস্থ করিয়া রাখিতেন, লিপিবদ্ধ করা হইত না। এইরূপে মহাবীরের নির্বাণের প্রায় একশ ষাট বৎসর পর্যন্ত সম্পূর্ণ দ্বাদশাঙ্গ (পূর্বশাস্ত্রও যাহার অন্তর্গত ছিল) অব্যাহত ছিল। যে সময়ে পঞ্চম শ্রুতকেবলী চতুর্দশ পূর্বশাস্ত্রের জ্ঞানসম্পন্ন ভদ্রবাহু জৈন নিগ্রন্থ সঙ্ঘের অধিনায়ক ছিলেন সেই সময়ে পাটলীপুত্রে নন্দবংশীয় রাজা রাজত্ব করিতেন। পাটলীপুত্রে তখন ভীষণ দুর্ভিক্ষ দেখা দেয়। সেইজন্য সাধুগণ আহার্যের অভাবে নানাস্থানে বিক্ষিপ্ত হইয়া পড়েন। দুর্ভিক্ষের অবসান হইলে সাধুগণ পুনরায় পাটলীপুত্রে আসিয়া সমবেত হন। শাস্ত্রজ্ঞান তখন বিস্মৃতির পথে। নানাপ্রকার কষ্ট ও খাদ্যাভাবের জন্য স্মৃতিভ্রংশ হওয়ায় এবং শাস্ত্রজ্ঞ বৃদ্ধ সাধুগণের মৃত্যু হওয়ায় অনেক সাধুই সম্পূর্ণ দ্বাদশাঙ্গ স্মরণ করিতে পারিতে-ছিলেন না। এই কারণে সাধুগণ শাস্ত্রের সম্যক্ পাঠোদ্ধার করিবার জন্য যখন একত্রিত হইলেন তখন দেখা গেল যে মাত্র একাদশ অঙ্গ তাঁহাদের স্মৃতিতে অব্যাহত আছে। কিন্তু দ্বাদশতম অঙ্গ দৃষ্টিবাদ সম্পূর্ণরূপে বিস্মৃত

১। "চোদ্দস পুব্বিস্স সম্ম সূয়ং অভিন্নদসপুব্বিস্স সম্ম সূয়ং তেণ পরং ভিন্নেসু ভয়ণা" নন্দীসূত্র ৪০।

হইয়া পড়িয়াছে। আচার্য ভদ্রবাহু এই সময়ে বহু দূরে পর্বতগুহায় আত্ম-সাধনায় নিমগ্ন ছিলেন। এইজন্য তিনি সাধুসমাগমে মিলিত হইতে পারেন নাই। সমবেত সাধুসঙ্ঘ ভদ্রবাহুর নিকট শাস্ত্রের বাচনা লইবার জন্য স্থূলভদ্র প্রমুখ পাঁচশতজন সাধুকে তাঁহার নিকট প্রেরণ করেন। কিন্তু সেই স্থানের জীবনযাত্রার কাঠিন্যের জন্য স্থূলভদ্র ব্যতীত অন্যান্য সাধুগণ প্রত্যাবর্তন করেন। একমাত্র স্থূলভদ্র বহু কষ্ট সহ্য করিয়া ভদ্রবাহুর নিকট ক্রমে ক্রমে সম্পূর্ণ দশপূর্ব অধ্যয়ন করেন। ইতিমধ্যে স্থূলভদ্রের ছয় জন ভগিনী সাধ্বী তাঁহার সহিত সাক্ষাৎ করিবার জন্য তথায় গমন করেন ও ভদ্রবাহুর নির্দেশমত স্থূলভদ্রের গুহায় সাক্ষাৎ করিতে যাইয়া তথায় এক ভীষণ সিংহ দেখিয়া পলায়নপূর্বক ভদ্রবাহুর নিকট যাইয়া এই সংবাদ প্রদান করেন। ভদ্রবাহু ঈষৎ হাসিয়া সাধ্বীগণকে পুনরায় তথায় যাইতে বলেন। সাধ্বীগণ তদনুযায়ী তথায় গমন করিয়া স্থূলভদ্রের দর্শন প্রাপ্ত হন। এই ঘটনার পরে স্থূলভদ্র পুনরায় ভদ্রবাহুর নিকট পাঠ গ্রহণ করিতে গেলে ভদ্রবাহু বাকি চার পূর্বের পাঠ দিতে অস্বীকার করেন ; কারণ স্থূলভদ্র শাস্ত্রজ্ঞান জনিত অহংকারের দ্বারা প্রণোদিত হইয়া সাধ্বীগণকে ভয় দেখাইবার জন্য সিংহরূপ ধারণ করিয়া নিজের ঋদ্ধি প্রদর্শন করিয়াছিলেন। সাধুগণের পক্ষে এইরূপ ঋদ্ধি প্রদর্শন করা শাস্ত্রানুমোদিত নয়। স্থূলভদ্র নিজের ভুল বুঝিতে পারিয়া ভদ্রবাহুর চরণে পতিত হইয়া বহু অনুনয় করিলে ভদ্রবাহু বাকি চার পূর্বের পাঠ দিলেন কিন্তু দশ পূর্বের অতিরিক্ত অন্য চার পূর্বের অধ্যাপনা করিতে তাহাকে নিষেধ করিলেন। স্থূলভদ্রই শেষ চতুর্দশ পূর্বজ্ঞানী। তাহার পর হইতে বাকি চার পূর্বের জ্ঞান লুপ্ত হইয়া গেল।[১]

পাটলীপুত্রে সাধুসঙ্ঘ সমবেত হইয়া অঙ্গশাস্ত্রের যে পাঠোদ্ধার করেন তাহাকে পাটলীপুত্রীয় বাচনা বলে। ইহাই জৈন শাস্ত্রের প্রথম বাচনা। এই বাচনা কালে শাস্ত্রের পাঠ ব্যবস্থিত হইয়াছিল কিন্তু সেই পাঠ লিপিবদ্ধ করা হয় নাই বলিয়াই অনুমিত হয়। কেননা লিপিবদ্ধ হওয়ার উল্লেখ কোন গ্রন্থেই পাওয়া যায় না।

পাটলীপুত্রীয় বাচনার পর মহাবীর নির্বাণ অব্দ ৮২৭ ও ৮৪০ এর মধ্যে কোন এক সময়ে যুগপ্রধান আচার্য স্কন্দিল সূরির অধ্যক্ষতায় মথুরা নগরীতে

১। তীর্থোগালি পইন্নয়, শ্লোক ৭১৪-৮০২।

দ্বিতীয় বাচনা সঙ্ঘটিত হয়। এই সময়ে মথুরা ও নিকটবর্তী স্থানে ভীষণ দুর্ভিক্ষ দেখা দেয়, তজ্জন্য সাধুগণ আবার ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া পড়েন এবং শাস্ত্রাভ্যাসে শিথিলতার জন্য শাস্ত্রসমূহ পুনরায় অব্যবস্থিত হইয়া পড়ে। দুর্ভিক্ষ শেষ হইলে সাধুগণ মথুরা নগরীতে আবার একত্রিত হন এবং আচার্য স্কন্দিল সূরির অধ্যক্ষতায় শাস্ত্র সুব্যবস্থিত ও লিপিবদ্ধ করা হয়।

ইহারই নিকটবর্তী কোন এক সময়ে বলভী নগরীতে আচার্য নাগার্জুন সূরির অধ্যক্ষতায় সাধুসঙ্ঘ একত্রিত হন ও নষ্টাবশেষ আগমসিদ্ধান্তের পুনরুদ্ধার করেন। এই সিদ্ধান্তের উদ্ধার ও বাচনাকে নাগার্জুনী বাচনা বা বালভী বাচনা বলা হয়। যদ্যপি মাথুরী ও বালভী বাচনা প্রায় সমকালেই অনুষ্ঠিত হইয়াছিল তথাপি স্কন্দিলাচার্য ও নাগার্জুন সূরি পরস্পর মিলিত হইবার কোন অবসর পান নাই। তজ্জন্য এই উভয় বাচনাতে স্থানে স্থানে কিছু কিছু পার্থক্য থাকিয়া যায়। এই উভয় বাচনার ১৫০ বা ততোধিক বর্ষ অতীত হইয়া যাইবার পর বলভী নগরীতে পুনরায় সাধুসঙ্ঘ দেবর্দ্ধিগণি ক্ষমাশ্রমণের অধ্যক্ষতায় একত্রিত হন এবং মাথুরী ও বালভী বাচনাতে যে সমস্ত পাঠান্তর থাকিয়া গিয়াছিল তাহা যতদূর সম্ভব সমন্বয় করিয়া সিদ্ধান্তশাস্ত্র লিপিবদ্ধ করেন। ইহা ব্যতীত আরও যে সমস্ত পাঠান্তর থাকিয়া যায় তাহা পাঠান্তর বলিয়া উল্লিখিত করা হয়। এই ঘটনা মহাবীর নির্বাণ অব্দের ৯৮০ বৎসর পরে মতান্তরে ৯৯৩ বৎসর পরে সঙ্ঘটিত হয়। ক্ষমাশ্রমণের অধ্যক্ষতায় যাহা অনুষ্ঠিত হয় তাহা বাচনা বলিয়া গণ্য করা হয় না, তাহা পুস্তকলেখন বলিয়া গণ্য করা হয়। মাথুরী ও বালভী বাচনাতে যে সমস্ত গ্রন্থ ও প্রকরণ লিপিবদ্ধ করা হয় নাই তাহাও এই সময়ে ব্যবস্থিত ও লিপিবদ্ধ করা হয়। বর্তমানে যে সমস্ত আগমসিদ্ধান্ত প্রচলিত আছে তৎসমস্তই ক্ষমাশ্রমণের অধ্যক্ষতায় লিখিত গ্রন্থের অনুযায়ী। কাহারও কাহারও মতে মাথুরী বাচনা অনুযায়ী গ্রন্থ লিপিবদ্ধ করা হয় ও নাগার্জুনীয় বাচনা অনুযায়ী পাঠান্তর তদ্রূপ উল্লেখে লিপিবদ্ধ করা হয়।[১]

১। মুনি কল্যাণবিজয় প্রণীত বীরনির্বাণ সংবৎ ও জৈন কালগণনা। নাগরী প্রচারিণী পত্রিকা, ভাগ ১০, অঙ্ক ৪, পৃষ্ঠা ৬৮৮-৭০১।

বর্তমানে প্রচলিত ৪৫ সংখ্যক আগমের তালিকা নিম্নে প্রদত্ত হইল।

অংগ (অঙ্গ)—একাদশ

১। আয়ার (আচার)
২। সূয়গড় (সূত্রকৃত)
৩। ঠাণ (স্থান)
৪। সমবায় (সমবায়)
৫। বিয়াহ (বিবাহ) পণ্ণত্তি (বিবাহ প্রজ্ঞপ্তি, ব্যাখ্যা প্রজ্ঞপ্তি বা ভগবতী)
৬। ণায়াধম্মকহা (জ্ঞাতাধর্মকথা)
৭। উবাসগদসা (উপাসকদশ)
৮। অংতগড়দসা (অন্তকৃদ্দশা)
৯। অণুত্তরোববাইয়দসা (অনুত্তরোপপাতিকদশা)
১০। পণ্হাবাগরণ (প্রশ্নব্যাকরণ)
১১। বিবাগসূয় (বিপাকশ্রুত)

দিগম্বরগণ এই সমস্ত অঙ্গ গ্রন্থের নাম স্বীকার করেন কিন্তু বর্তমানে প্রচলিত গ্রন্থগুলিকে প্রকৃত অঙ্গ বলিয়া স্বীকার করেন না। তাহাদের মতে সমস্ত অঙ্গ শাস্ত্র বিলুপ্ত হইয়া গিয়াছে।

উবংগ (উপাঙ্গ)—দ্বাদশ

১। উববাইঅ (ঔপপাতিক)
২। রায়পসেণইয় (রাজপ্রশ্নীয়)
৩। জীবাজীবাভিগম (জীবাজীবাভিগম)
৪। পণ্ণবণা (প্রজ্ঞাপনা)
৫। জংবূদ্দীবপণ্ণত্তি (জম্বুদ্বীপপ্রজ্ঞপ্তি)
৬। চংদপণ্ণত্তি (চন্দ্রপ্রজ্ঞপ্তি)
৭। সূরপণ্ণত্তি (সূর্যপ্রজ্ঞপ্তি)
৮। ণিরয়াবলিয়া (নিরয়াবলিকা)
৯। কপ্পবদংসিয়া (কল্পাবতংসিকা)

অথবা

কপ্পিয়া (কল্পিকা)

১০। পুপ্ফিয়া (পুষ্পিকা)
১১। পুপ্ফচূলিয়া (পুষ্পচূলিকা)
১২। বণ্হিদসা (বৃষ্ণিদশা)

ছেয় সূত্ত (ছেদ সূত্র)—ছয়

১। ণিসীহ (নিশীথ)
২। মহাণিসীহ (মহানিশীথ)
৩। ববহার (ব্যবহার)
৪। দসাসূয়ক্খংধ (দশাশ্রুতস্কন্ধ)
৫। বিহৎকপ্প (বৃহৎকল্প)
৬। জীঅকপ্প (জীতকল্প)
অথবা
পংচকপপ (পঞ্চকল্প)

মূল সূত্ত (মূল সূত্র)—চার

১। উত্তরজ্ঝয়ণ (উত্তরাধ্যয়ন)
২। আবস্সয় (আবশ্যক)
৩। পিংডণিজ্জুত্তি (পিণ্ডনির্যুক্তি)
৪। দসবেয়ালিয় (দশবৈকালিক)

চূলিয়া সূত্ত (চূলিকা সূত্র)—দুই

১। নংদী সুত্ত (নন্দী সূত্র)
২। অণুওগদ্দার (অনুযোগদ্বার)

পইণ্ণগ (প্রকীর্ণক)—দশ

১। চউসরণ (চতুঃশরণ)
২। আউরপচ্চাক্খাণ (আতুরপ্রত্যাখান)
৩। ভত্তপরিণ্ণা (ভক্তপরিজ্ঞা)
৪। তংডুলবেয়ালিয় (তণ্ডুলবৈচালিক)
৫। চংদবিজ্জয (চন্দ্রবিদ্যা বা চন্দ্রবেধ্যক)

৬। গণিবিজ্জা (গণিবিদ্যা)
৭। দেবিংদথব (দেবেন্দ্রস্তব)
৮। মহাপচ্চাক্‌খাণ (মহাপ্রত্যাখ্যান)
৯। বীরথব (বীরস্তব)
১০। সংথারগ (সংস্তারক)

মোট পঁয়তাল্লিশ

আগমশাস্ত্র অন্যপ্রকারে দুইভাগে বিভক্ত যথা, অঙ্গপ্রবিষ্ট ও অঙ্গবাহ্য। অঙ্গপ্রবিষ্ট দ্বাদশবিধ যথা, একাদশ অঙ্গ এবং দ্বাদশতম অঙ্গ দৃষ্টিবাদ। অঙ্গবাহ্য বা অনঙ্গপ্রবিষ্ট দ্বিবিধ যথা, আবশ্যক ও আবশ্যকব্যতিরিক্ত। আবশ্যক ছয় প্রকার যথা, সামাইয় (সামায়িক), চৌবিস সথও (চতুর্বিংশতি স্তব), বংদণয় (বন্দনক), পড়িক্কমণ (প্রতিক্রমণ), কাউস্‌সগ্‌গ (কায়োৎসর্গ) ও পচ্চক্‌খাণ (প্রত্যাখ্যান)। আবশ্যকব্যতিরিক্ত দ্বিবিধ যথা, উক্কালিয় (উৎকালিক) ও কালিয় (কালিক)। উৎকালিক সূত্র যথা, দসবেয়ালিয়, উববাইয়, রায়পসেণইয়, জীবজীবাভিগম, গণিবিজ্জা, আউরপচ্চক্‌খাণ, মহাপচ্চক্‌খাণ ইত্যাদি ঊনত্রিংশৎসংখ্যক শাস্ত্র উৎকালিকের অন্তর্গত। কালিক সূত্র যথা, উত্তরজ্ঝয়ণ, ববহার, ণিসীহ, মহাণিসীহ, জংবুদীবপণ্ণত্তি, চংদপণ্ণত্তি, নিরয়াবলিয়া, কপ্পিয়া বা কপ্পবদংসিয়া, পুপ্‌ফিয়া, পুপ্‌ফচূলিয়া ইত্যাদি বহু প্রকীর্ণক শাস্ত্র ইহার অন্তর্গত।[১]

চৌরাশী আগমশাস্ত্র স্বীকার করিলে উপরোক্ত পঁয়তাল্লিশ আগম ব্যতীত নিম্নলিখিত গ্রন্থসমূহ তাহার অন্তর্ভুক্ত হইবে।

১। কল্পসূত্র
২। যতিজীতকল্প
৩। শ্রাদ্ধজীতকল্প
৪। পাক্ষিক সূত্র
৫। ক্ষমাপণা সূত্র
৬। বংদিত্তু সূত্র
৭। ঋষিভাষিত
৮। অজীবকল্প
৯। গচ্ছাচার
১০। মরণসমাধি
১১। সিদ্ধপ্রাভৃত
১২। তীর্থোদ্‌গার
১৩। আরাধনাপতাকা
১৪। পইণ্ণা—বিশ

১ নন্দী সূত্র, সূত্র ৪৩-৪৪।

১৪। দীপসাগরপ্রজ্ঞপ্তি
১৫। জ্যোতিষকরণ্ডক
১৬। অঙ্গবিদ্যা
১৭। তিথিপ্রকীর্ণক
১৮। পিংডবিশুদ্ধি
১৯। সারাবলী
২০। পর্যান্তারাধনা
২১। জীববিভক্তি
২২। কবচপ্রকরণ
২৩। যোনিপ্রাভৃত
২৪। অঙ্গচূলিকা
২৫। বর্গচূলিকা (বংগচূলিয়া)
২৬। বৃদ্ধচতুঃশরণ
২৭। জম্বুপ্রজ্ঞা (জংবুপয়ণ্ণা)

নির্যুক্তি (ভদ্রবাহু কৃত)—এগার
২৮। আবশ্যক নির্যুক্তি
২৯। দশবৈকালিক নি°
৩০। উত্তরাধ্যয়ন নি°
৩১। আচারাঙ্গ নি°
৩২। সূত্রকৃতাঙ্গ নি°
৩৩। সূর্যপ্রজ্ঞপ্তি নি°
৩৪। বৃহৎকল্প নি°
৩৫। ব্যবহার নি°
৩৬। দশাশ্রুতস্কন্ধ নি°
৩৭। ঋষিভাষিত নি°
৩৮। সংসক্ত নি°
৩৯। বিশেষাবশ্যকভাষ্য

যে সমস্ত সূত্র সূর্যোদয়, মধ্যাহ্ন, সন্ধ্যা ও মধ্যরাত্রির এক এক ঘটিকা (২৪ মিনিট) সময় ব্যতীত অন্য যে কোন সময় পাঠ করা যাইতে পারে তাহাকে উৎকালিক সূত্র বলে। যে সমস্ত সূত্র নির্দিষ্টকালে অর্থাৎ দিবাভাগের প্রথম ও শেষ প্রহরে ও রাত্রিভাগের প্রথম ও শেষ প্রহরে পাঠ করিতে হয় তাহাকে কালিক সূত্র বলে।[১]

বর্তমান গ্রন্থ উত্তরাধ্যয়ন সূত্র মূলসূত্রের অন্তর্গত। এই গ্রন্থে ছত্রিশটী ক্ষুদ্র ও বৃহৎ নানা আকারের ও নানা বিষয়ের অধ্যয়ন আছে।

উত্তরাধ্যয়ন সূত্রের নামকরণ সম্বন্ধে নানা মতবাদ প্রচলিত আছে। টীকাকারগণের মত এই যে সাধুগণকে যখন সূত্রগ্রন্থ পাঠ করান হয় তখন প্রথমে আচারাঙ্গ পাঠ করাইয়া তৎপরে তাহাদিগকে উত্তরাধ্যয়ন পাঠ করান হয়। এই কারণে ইহাকে উত্তর অর্থাৎ পরবর্তী কালের অধ্যয়নের গ্রন্থ স্বরূপে উত্তরাধ্যয়ন নামকরণ করা হইয়াছে। কেহ কেহ আবার এইরূপ মত প্রকাশ করেন যে ভগবান্ মহাবীর নির্বাণ লাভের পূর্বে পুণ্যফল বিপাক সম্বন্ধে পঞ্চান্ন অধ্যয়ন, পাপফলবিপাক সম্বন্ধে পঞ্চান্ন অধ্যয়ন ও অজিজ্ঞাসিত ছত্রিশ প্রশ্নের

১। নন্দী সূত্র, চন্দন জৈনগ্রন্থমালা, সূত্র ৪৩ ও তাহার টীকা।

উত্তররূপে ছত্রিশটী অধ্যয়নের উপদেশ দিয়াছিলেন।[১] তন্মধ্যে এই উত্তরাধ্যয়ন সূত্রের ছত্রিশটী অধ্যয়নই মহাবীরের উপদিষ্ট উক্ত ছত্রিশটী অজিজ্ঞাসিত প্রশ্নের উত্তর। কিন্তু বর্তমানে উপলব্ধ উত্তরাধ্যয়ন সূত্রের সমস্ত অধ্যয়নগুলি যে মহাবীরের কথিত ইহাও স্বীকৃত হয় নাই। বাস্তবিক পক্ষে এই সমস্ত মতবাদের দ্বারা নামকরণের সমস্যা মীমাংসিত হইয়াছে বলিয়া মনে হয় না। এই গ্রন্থের অধ্যয়নগুলি পাঠ করিলে সমস্ত অধ্যয়নই যে একজনের দ্বারা কথিত বা রচিত বলিয়া অনুমিত হয় না। হইতে পারে যে ভগবান্ মহাবীরের উক্তিগুলি কতক তাঁহার নিজের ভাষায় কতক রচয়িতার নিজের ভাষায় গ্রথিত হইয়া বিভিন্ন ব্যক্তি কর্তৃক বিভিন্ন অধ্যয়নরূপে রচিত হইয়াছে। কোন কোন অধ্যয়ন সম্পূর্ণরূপে কিংবা বহুলভাবে মহাবীরের উক্তি ও ভাষা প্রকাশ করিতেছে তাহা অস্বীকার করা যায় না। মনে হয়, পরবর্তী কালে এই সমস্ত নানাবিষয়ক রচনা একত্রিত করিয়া আগমশাস্ত্রগুলি সংগৃহীত ও ব্যবস্থিত করিবার সময় একটী পৃথক্ গ্রন্থরূপে গ্রথিত করিয়া মূলসূত্র বিভাগের অন্তর্ভুক্ত করা হয়। এই জন্যই এই গ্রন্থ উত্তরাধ্যয়ন বা শেষের গ্রথিত অধ্যয়ন নামে পরিচিত। বলা বাহুল্য এই সমস্ত মতবাদই অনুমানপ্রসূত। গ্রন্থকর্তা বা সংকলনকর্তার অভিপ্রায় কি ছিল তাহা এত দীর্ঘকালের পর নিশ্চিতরূপে অবধারণ করা সম্ভব বলিয়া মনে হয় না।

যাহা হউক উত্তরাধ্যয়ন সূত্র আগমশাস্ত্রের মধ্যে একটী অতি প্রসিদ্ধ এবং জনপ্রিয় গ্রন্থ। ইহার ভাষা ও ভাব প্রকাশের ভঙ্গী যে বহু পুরাতন তৎসম্বন্ধে কোন রূপ সন্দেহ থাকিতে পারে না। এই গ্রন্থটী জৈন আগমশাস্ত্রের মধ্যে সর্বাপেক্ষা পুরাতন গ্রন্থসমূহের মধ্যে যে একটী তাহাতেও কোনরূপ সন্দেহের অবকাশ থাকিতে পারে না। এই সূত্রগ্রন্থ পাঠ করিলে পুরাতন জৈন মহাপুরুষগণের ভাবধারার সহিত পরিচিত হইবার সুযোগ প্রাপ্ত হওয়া যায় এবং তাঁহারা আধ্যাত্মিক বিকাশের মার্গে কিভাবে অগ্রসর হইতেন তাহারও পরিচয় পাওয়া যায়।

এই গ্রন্থ সম্পাদন করিতে প্রধানতঃ তিনটী টীকার সাহায্য গ্রহণ করা হইয়াছে। ১নং শ্রীলক্ষ্মীবল্লভগণি প্রণীত অর্থদীপিকা নামক টীকা যাহা

১। "পণপন্নং অজ্ঝয়ণাইং কল্লাণফলবিবাগাইং পণপন্নং অজ্ঝয়ণাইং পাবফলবিবাগাইং ছত্তীসং চ অপুট্ঠ বাগরণাইং বাগরিত্তা" কল্পসূত্র ১৪৭।

জামনগর হইতে পণ্ডিত হীরালাল হংসরাজ কর্তৃক প্রকাশিত হইয়াছে। বর্তমান গ্রন্থের পাদটীকায় টীকা ১। বলিয়া ইহাকে উল্লেখ করা হইয়াছে। ২নং শ্রীকমলসংযম উপাধ্যায় বিরচিত সর্বার্থসিদ্ধি নামক টীকা যাহা লক্ষ্মীচন্দ্র জৈন লাইব্রেরী হইতে প্রকাশিত। ইহা কমলসংযমী টীকা নামেও খ্যাত। পাদটীকায় টীকা ২। বলিয়া ইহাকে উল্লেখ করা হইয়াছে। ৩নং বাদী বেতাল শ্রীশান্তিসূরি বিরচিত শিষ্যহিত নামক টীকা। ইহাকে বৃহদ্বৃত্তিও বলা হয়। ইহা শেঠ দেবচন্দ্র লালভাই জৈন পুস্তকোদ্ধার ফণ্ড, বোম্বাই, হইতে প্রকাশিত। পাদটীকায় ইহাকে টীকা ৩। বলিয়া উল্লেখ করা হইয়াছে।

এই তিনটী টীকা ব্যতীত ডাক্তার জীবরাজ ঘেলাভাই দোশী, আহমদাবাদ, কর্তৃক প্রকাশিত উত্তরাধ্যয়ন সূত্রের মূল পাঠের সাহায্য নেওয়া হইয়াছে। ইহাকে টীকা ৪। বলিয়া পাদটীকায় উল্লেখ করা হইয়াছে। তদ্ভিন্ন ডক্টর জে. সারপেনটিয়ার, পিএইচ. ডি. সম্পাদিত মূল পাঠটীও অবলোকন করিয়া পাঠান্তর স্থির করা হইয়াছে। মূল পাঠ স্থির করিবার জন্য প্রধানত টীকা সমূহই অবলম্বন করা হইয়াছে এবং বিভিন্ন টীকায় উল্লিখিত ভিন্ন ভিন্ন পাঠের মধ্য হইতে আমাদের বিচারানুযায়ী একটী পাঠ গ্রহণ করিয়া অন্য পাঠ পাদটীকায় পাঠান্তররূপে উল্লেখ করা হইয়াছে।

টীকার সংস্করণসমূহের মধ্যে কমলসংযমী টীকার সংস্করণটী সর্বোৎকৃষ্ট। ইহার মুদ্রণ ও টাইপ সুন্দর এবং প্রায়ই নির্ভুল বলিয়া অনেক স্থলেই মূল পাঠের জন্য ইহাকে অনুসরণ করা হইয়াছে। টীকা ১। এর মুদ্রণাদি নিকৃষ্টতর এবং ভুলও অনেক। তিনটী টীকার সাহায্য ব্যতীত কোন কোন্ শব্দের অর্থের জন্য 'পাইঅসদ্দমহান্নব' নামে প্রাকৃত অভিধানের সাহায্যও লওয়া হইয়াছে এবং তত্তৎস্থলে পা, স, ম, চিহ্ন প্রদত্ত হইয়াছে। টীকা তিনটীর মধ্যে শ্রীশান্তিসূরি বিরচিত বৃহদ্বৃত্তি সর্বাপেক্ষা পাণ্ডিত্যপূর্ণ, বৃহৎ, বিস্তৃত, বিভিন্ন অর্থ, পাঠান্তর সমন্বিত ও প্রাচীন। এই বৃহদ্বৃত্তি অবলম্বন করিয়াই অন্যান্য টীকা রচিত হইয়াছে। কমলসংযমী টীকা ইহারই সংক্ষেপ। এমনকি অনেক স্থলে বৃহদ্বৃত্তির ভাষা যথাযথরূপে সংক্ষেপ করিয়া ইহাতে গ্রহণ করা হইয়াছে। ইহা বিস্তৃত ও নানা অর্থযুক্ত না থাকায় অনেকাংশে সরল। ইহা আরও পরবর্তী কালের এবং তাহার ভাষা অপেক্ষাকৃত সরল বলিয়া অর্থবোধের পক্ষে বিশেষ সুবিধাজনক।

উত্তরাধ্যয়ন সূত্রে টীকাকারগণ বহু উপাখ্যান সন্নিবিষ্ট করিয়াছেন। এমন

কি তাঁহাদের দ্বারা প্রত্যেক শ্লোকের জন্য কোন কোন স্থলে এক একটী করিয়া উপাখ্যানের অবতারণা করা হইয়াছে। টীকা ৩। এ কথাগুলি প্রাকৃতে, টীকা ২। এ সংস্কৃত পদ্যে এবং টীকা ১। এ সংস্কৃত গদ্যে রচিত। উপাখ্যানের বিষয়বস্তু সমস্ত টীকাতেই এক প্রকার। এই সমস্ত উপাখ্যান মূলে না থাকায় এই স্থলে অনুবাদ করা হয় নাই, তবে মূলে যে স্থলে উপাখ্যানের উল্লেখ মাত্র আছে সেই উপাখ্যানসমূহের সংক্ষিপ্ত অনুবাদ দেওয়া হইয়াছে। এই স্থলে উল্লেখ করা যাইতে পারে যে কমলসংযমী টীকার উপাখ্যানের সংস্কৃত পদ্যসমূহ ভাষা ও কবিত্বে সুপাঠ্য ও মনোরম।

উত্তরাধ্যয়ন সূত্রের এই সংস্করণকে সর্বাঙ্গসুন্দর করিতে আমরা আমাদের জ্ঞান ও বিশ্বাসমত পরিশ্রম এবং চেষ্টার ত্রুটী করি নাই। তবে কতদূর সফলকাম হইয়াছি তাহা সুধীবৃন্দই বিচার করিবেন। আমরা আমাদের ত্রুটী-বিচ্যুতি ও স্বল্প জ্ঞানের বিষয় অবগত আছি। তজ্জন্য সুধীগণের নিকট সানুনয় প্রার্থনা যে, সমস্ত ত্রুটী, বিচ্যুতি ও মুদ্রণভ্রান্তি নিজগুণে ক্ষমা করিয়া সংশোধন করিয়া লইবেন।

যাঁহাদের অনুগ্রহে এই গ্রন্থ বিশ্ববিদ্যালয়ের ঈশান অনুবাদমালায় স্থান লাভ করিল তাঁহাদের মধ্যে কলিকাতা হাইকোর্টের বিচারপতি ও সিণ্ডিকেটের সদস্য শ্রীযুক্ত রমাপ্রসাদ মুখার্জি মহাশয়ের এবং বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও সিণ্ডিকেটের সদস্য শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ মহাশয়ের নাম বিশেষভাবে উল্লেখ-যোগ্য। এই গ্রন্থটী এম. এ. পরীক্ষার পাঠ্যতালিকাভুক্ত। পঠন পাঠনে ছাত্রগণের সুবিধার জন্য তাঁহাদের একান্ত ঔৎসুক্যেই এই গ্রন্থ জনসমক্ষে প্রকাশ পাইল। এইজন্য তাঁহাদের নিকট আমরা কৃতজ্ঞ। বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার শ্রীদুঃখহরণ চক্রবর্তী মহাশয় সত্বর মুদ্রণ ব্যবস্থার জন্য অকুণ্ঠভাবে সাহায্য করিয়াছেন। এইজন্য তাঁহার কাছে আমরা ঋণ স্বীকার করিতেছি। বিশ্ব-বিদ্যালয় প্রেসের শ্রীযুক্ত রামকৃষ্ণ চক্রবর্তী ও নাভানা প্রেসের শ্রীযুক্ত বিরাম মুখোপাধ্যায় এই গ্রন্থের মুদ্রণ সংক্রান্ত বিষয়ে অনেক সদুপদেশ দিয়া আমাদিগকে কৃতার্থ করিয়াছেন। এইজন্য তাঁহাদের নিকটও আমরা ঋণী। ইতি ণমো অরিহংতাণং।

সিনেট হাউস
কার্তিক, অমাবস্যা,
বীর সংবৎ ২৪৮৬

অধ্যয়নসূচী

প্রথম অধ্যয়ন

বিনয়শ্রুত অধ্যয়ন ... ১-২০ পৃষ্ঠা

দ্বিতীয় অধ্যয়ন

পরীষহ অধ্যয়ন ... ২১-৪৫ „

তৃতীয় অধ্যয়ন

চাতুরঙ্গীয় ... ৪৬-৫৫ „

চতুর্থ অধ্যয়ন

অসংস্কৃত ... ৫৬-৬৫ „

পঞ্চম অধ্যয়ন

অকামমরণীয় ... ৬৬-৮২ „

ষষ্ঠ অধ্যয়ন

ক্ষুল্লকনিগ্রন্থীয় ... ৮৩-৯৩ „

সপ্তম অধ্যয়ন

এড়ক ... ৯৪-১০৭ „

অষ্টম অধ্যয়ন

কাপিলীয় ... ১০৮-১১৮ „

নবম অধ্যয়ন

নমিপ্রব্রজ্যা ... ১১৯-১৪৩ „

দশম অধ্যয়ন

দ্রুমপত্রক ... ১৪৪-১৬০ „

একাদশ অধ্যয়ন

বহুশ্রুতপূজা ... ১৬১-১৭৪ „

দ্বাদশ অধ্যয়ন

হরিকেশীয় ... ১৭৫-১৯৮ „

ত্রয়োদশ অধ্যয়ন

চিত্রসম্ভূতীয় ... ১৯৯-২১৫ „

চতুর্দশ অধ্যয়ন

ইষুকারীয় ... ২১৬-২৪২ „

পঞ্চদশ অধ্যয়ন

সভিক্ষু ... ২৪৩-২৫১ পৃষ্ঠা

ষোড়শ অধ্যয়ন

ব্রহ্মচর্যসমাধিস্থান ... ২৫২-২৬৬ „

সপ্তদশ অধ্যয়ন

পাপশ্রমণীয় ... ২৬৭-২৭৬ „

অষ্টাদশ অধ্যয়ন

সঞ্জয়ীয় ... ২৭৭-৩০২ „

একোনবিংশতিতম অধ্যয়ন

মৃগাপুত্রীয় ... ৩০৩-৩৪১ „

বিংশতিতম অধ্যয়ন

মহানিগ্রন্থীয় ... ৩৪২-৩৬৬ „

একবিংশ অধ্যয়ন

সমুদ্রপালীয় ... ৩৬৭-৩৭৯ „

দ্বাবিংশ অধ্যয়ন

রথনেমীয় ... ৩৮০-৪০০ „

ত্রয়োবিংশ অধ্যয়ন

কেশীগৌতমীয় ... ৪০১-৪৩৫ „

উত্তরাধ্যয়ন সূত্র

বিনয়শ্রুত অধ্যয়ন

প্রথম অধ্যয়ন

সংজোগা[১] বিপ্পমুক্কস্স, অণগারস্স ভিক্খুণো।
বিণয়ং পাউকরিস্সামি, আণুপুব্বিং সুণেহ মে ॥১॥

সংজোগা (সংযোগ হইতে=বিষয়াসক্তি হইতে) বিপ্পমুক্কস্স (বিপ্রমুক্ত=রহিত) অণগারস্স (অনগার=গৃহত্যাগী, নিয়তবাস রহিত) ভিক্খুণো (ভিক্ষুর=সাধুর) বিনয়ং (আচার) আণুপুব্বিং (অনুক্রমে=ক্রমান্বয়ে) পাউকরিস্সামি (প্রকাশ করিব) মে (আমার) (বচন) সুণেহ (শ্রবণ কর) ॥১॥

(মহাবীরের পঞ্চম গণধর[২] সুধর্মস্বামী তাঁহার শিষ্য জম্বুস্বামীকে বলিতেছেন) আমি আসক্তিশূন্য গৃহত্যাগী সাধুর আচার ক্রমান্বয়ে বলিতেছি ; শ্রবণ কর ॥১॥

[৩]আণাণিদ্দেসকরে[৪], গুরূণমুববায়কারএ।
[৫]ইংগিয়াগারসংপন্নে, সে বিণীএ ত্তি বুচ্চই ॥২॥

আণানিদ্দেসকরে (আজ্ঞানির্দেশকারী=গুরুর আজ্ঞানুযায়ী প্রবর্তনকারী) গুরূণমুববায়কারয়ে (যে গুরুর দৃষ্টিগোচরে অর্থাৎ সমীপে থাকে) ইংগিয়াগার-সংপন্নে (ইঙ্গিতাকার সম্পন্ন=যে গুরুর ইঙ্গিত ও আকার বুঝিতে পারে) সে (সে) বিণীএ(বিনীত ত্তি এইরূপ) বুচ্চই (কথিত হয়) ॥২॥

১। ধনধান্য পুত্রমিত্রকলত্রাদি বাহ্য সংযোগ ও ক্রোধ, মান, মায়া, লোভ, মিথ্যাত্ব, হাস্য, রতি, অরতি প্রভৃতি আভ্যন্তর সংযোগ অর্থাৎ বাহ্য ও আভ্যন্তর উভয়বিধ বিষয়াসক্তি।

২। তীর্থঙ্করের প্রধান শিষ্য—যাঁহার অধীনে অন্যান্য সাধুর গণ অর্থাৎ সমূহ থাকে। ভগবান মহাবীরের এরূপ ১১ জন গণধর ছিলেন।

৩। আজ্ঞা=আদেশ।

৪। নির্দেশ=গুরুর বাক্য প্রমাণ বলিয়া স্বীকার।

৫। ইঙ্গিত=মানসিক ভাবপ্রকাশক ঈষৎ ভ্রূশিরকম্পনাদি। আকার=শারীরিক প্রচেষ্টা যথা :—প্রস্থানোপক্রম, দিশাবলোকন প্রভৃতি।

যে শিষ্য গুরুর আজ্ঞাকে স্বীকার করিয়া চলে, গুরুর সমীপে থাকে এবং যে গুরুর ইঙ্গিত ও আকার বুঝিতে পারে তাহাকে বিনীত শিষ্য কহে ॥২॥

আণাণিদ্দেসকরে, গুরূণমণুববায়কারএ।
পড়িণীএ অসংবুদ্ধে, অবিণীএ ত্তি বুচ্চই ॥৩॥

আণাণিদ্দেসকরে (আজ্ঞা অনির্দেশকারী=যে গুরুর আজ্ঞা স্বীকার করিয়া চলে না) গুরূণমণুববায়কারএ (যে গুরুর সমীপে অবস্থান করে না) পড়িণীএ (প্রত্যনীক=ছিদ্রান্বেষী, প্রতিকূলাচারী) অসংবুদ্ধে (অসম্বুদ্ধ=অবোধ, অজ্ঞাত-তত্ত্ব) (সে) অবিণীএত্তি (অবিনীত এইরূপ) বুচ্চই (কথিত হয়) ॥৩॥

যে গুরুর আজ্ঞা স্বীকার করিয়া চলে না, গুরুর নিকট অবস্থান করে না, গুরুর ছিদ্র অন্বেষণ করে এবং যে অবোধ তাহাকে অবিনীত কহে ॥৩॥

জহা সুণী পূইকন্নী, ণিক্কসিজ্জই সব্বসো।
এবং দুস্সীলে পড়িণীএ মুহরী ণিক্কসিজ্জই ॥৪॥

জহা (যথা) সুণী (কুক্কুরী) পূইকন্নী (পূতিকর্ণী=গলিতকর্ণ) সব্বসো (সকল স্থান হইতে) ণিক্কসিজ্জই (নিষ্কাসিত হয়) এবং (সেইরূপ) দুস্সীলে (দুরাচার) পড়িণীএ (প্রতিকূলাচারী) মুহরী (মুখর=বাচাল) (শিষ্য) নিক্কসিজ্জই (নিষ্কাসিত হয়) ॥৪॥

যথা গলিতকর্ণ দুর্গন্ধ ক্ষতযুক্ত কুক্কুরী সকল স্থান হইতে নিষ্কাসিত হয় তদ্রূপ দুঃশীল, প্রতিকূলাচারী, বাচাল শিষ্য সাধুসঙ্ঘ হইতে নিষ্কাসিত হয় ॥৪॥

কণকুংডগং[১] চইত্তা[২] ণং, বিট্ঠং ভুংজই সূয়রো।
এবং সীলং চইত্তা ণং, দুস্সীলে রমঈ মিএ ॥৫॥

কণকুংডগং (তণ্ডুল ভাণ্ড) চইত্তাণং (ত্যাগ করিয়া) সূয়রো (শূকর) (যেমন) বিট্ঠং (বিষ্ঠা) ভুংজই (ভোজন করে) এবং (তদ্রূপ) সীলং (সদাচার) চইত্তাণং (পরিত্যাগ করিয়া) মিএ (মৃগ=পশু) (তুল্য শিষ্য) দুস্সীলে (দুরাচার) রমঈ (সেবন করে) ॥৫॥

যেমন তণ্ডুলপূর্ণ পাত্র পরিত্যাগ করিয়া শূকর বিষ্ঠা ভক্ষণ করে, সেইরূপ পশুতুল্য অবিবেকী শিষ্য সদাচার ত্যাগ করিয়া দুরাচার সেবন করে ॥৫॥

১। "তণ্ডুলভক্ষ্যভূতং ভাজনং" টীকা ১।

২। 'জহিত্তাণং' টীকা ৩।

সুণিয়াভাবং সাণস্‌স, সূয়রস্‌স নরস্‌স য়।
বিণয়ে ঠবিজ্জ অপ্পাণং ইচ্ছংতো হিয়মপ্পণো ॥৬॥

সাণস্‌স (কুকুরের) সূয়রস্‌স (শূকরের) নরস্‌স (মানুষের) অভাবং (অশুভ ভাব নিন্দনীয় উপমা) সুণিয় (শুনিয়া) অপ্পণো (আপনার=নিজের) হিয়ং (হিত) ইচ্ছংতো (ইচ্ছুক) (ব্যক্তি) অপ্পাণং (আপনাকে=নিজকে) বিণয়ে (সদাচারে) ঠবিজ্জ (স্থাপন করিবে) ॥৬॥

কুকুরের, শূকরের ও দুর্বিনীত মনুষ্যের নিন্দনীয় উপমা শ্রবণ করিয়া ঐহিক ও পারত্রিক হিতাকঙ্ক্ষী ব্যক্তি নিজকে সদাচার প্রবর্তিত করিবে ॥৬॥

তম্‌হা বিণয়মেসিজ্জা, সীলং পড়িলভেজ্জএ।
বুদ্ধপুত্তে ণিয়াগট্‌ঠী, ন ণিক্কসিজ্জই কহ্নুই ॥৭॥

তম্‌হা (তজ্জন্য) বুদ্ধপুত্তে (বুদ্ধপুত্র=আচার্য শিষ্য) ণিয়াগট্‌ঠী (মোক্ষার্থী) (সাধু) বিণয়ং (বিণয়=সাধুর নিয়ম) এসিজ্জা (আকাঙ্ক্ষা করিবে) (যদ্দ্বারা) সীলং (শীল=সম্যক্ আচার) পড়িলভেজ্জএ (প্রাপ্ত হইবে) (এবং সে) কহ্নুই (কোন স্থান হইতে) ন ণিক্কসিজ্জই (নিষ্কাসিত হইবে না) ॥৭॥

তজ্জন্য জ্ঞানী আচার্যের মোক্ষাভিলাষী শিষ্য সাধুর নিয়ম পালন করিতে যত্নবান হইবে ও তাহা হইলে সম্যক্ আচার লাভ করিবে এবং কোনও স্থান হইতে নিষ্কাসিত হইবে না। অর্থাৎ সকল স্থানেই সম্মান প্রাপ্ত হইবে ॥৭॥

ণিসংতে সিয়াঽমুহরী, বুদ্ধাণং অন্তিএ সয়া।
অট্‌ঠজুত্তাণি সিক্‌খিজ্জা, ণিরট্‌ঠাণি উ বজ্জএ ॥৮॥

(সাধু) ণিসংতে (প্রশান্ত=ক্রোধরহিত) (ও) অমুহরী (অমুখর=অপ্রগল্‌ভ) সিয়া (হইবে) (এবং) বুদ্ধাণং (আচার্যের) অন্তিএ (অন্তিকে=নিকটে) সয়া (সদা) অট্‌ঠজুত্তাণি (অর্থযুক্ত) (সিদ্ধান্তবচন) সিক্‌খিজ্জা (শিক্ষা করিবে) উ (কিন্তু) ণিরট্‌ঠাণি (নিরর্থক=নিষ্প্রয়োজন, ধর্মশূন্য কুশাস্ত্র) বজ্জএ (বর্জন করিবে) ॥৮॥

সাধু প্রশান্তমনা ও অপ্রগল্‌ভ হইবে ; এবং সর্বদা আচার্যের নিকট অর্থযুক্ত সিদ্ধান্ত শিক্ষা করিবে ও ধর্মরহিত কুশাস্ত্র বর্জন করিবে।

১। "নিতরাং যাগঃ পূজা যস্মিন্ স নিয়াগো মোক্ষঃ" টীকা ২।

অণুসাসিও ন কুপ্পিজ্জা, খংতিং সেবিজ্জ পংডিএ।
খুদ্দেহিং সহ সংসগ্‌গিং, হাসং কীড়ং চ বজ্জএ ॥৯॥

পংডিএ (পণ্ডিত=জ্ঞানী শিষ্য) অণুসাসিও (অনুশাসিত=ভৎর্সিত) (হইয়াও) ন কুপ্পিজ্জা (ক্রুদ্ধ হইবে না) খংতিং (ক্ষান্তি-ক্ষমা) সেবিজ্জ (সেবন করিবে=ধারণ করিবে) (এবং) খুদ্দেহিং (নীচজন) সহ (সহিত) সংসগ্‌গিং (সংসর্গ) হাস্যং (হাস্য) কীড়ং (ক্রীড়া) চ (ও) বজ্জত্র (বর্জন করিবে) ॥৯॥

জ্ঞানী শিষ্য আচার্য কর্তৃক ভৎর্সিত হইলেও ক্রুদ্ধ না হইয়া শান্ত থাকিবে এবং নীচ অর্থাৎ দুরাচার ব্যক্তির সংসর্গ, হাস্য ও ক্রীড়া বর্জন করিবে ॥৯॥

মা য় চণ্ডালিয়ং[১] কাসী, বহুয়ং মা য় আলবে।
কালেণ[২] য় অহিজ্জিত্তা, তও ঝাইজ্জ এগগো ॥১০॥

(হে শিষ্য) চণ্ডালিয়ং (চণ্ডালীক=ক্রুদ্ধ হইয়া অলীক অর্থাৎ মিথ্যা কথা) মা কাসী (করিবে না=বলিবে না), য় (এবং) বহুয়ং (বহু) মা আলবে (আলাপ করিবে না=ভাষণ করিবে না)। য় (এবং) কালেণ (সময়ে) অহিজ্জিত্তা (অধ্যয়ন করিয়া) তও (তাহার পর) এগগো (একক) ঝাইজ্জ (ধ্যান করিবে=চিন্তা করিবে) ॥১০॥

হে শিষ্য, তুমি ক্রুদ্ধ হইয়া ও লোভাদির বশীভূত হইয়া মিথ্যা কথা বলিবে না এবং নির্দিষ্টসময়ে অর্থাৎ প্রাতঃকালের প্রথম প্রহরে অধ্যয়ন করিবে ও তদনন্তর একাকী থাকিয়া অধীত বিষয় ধ্যান করিবে ॥ ১০ ॥

আহচ্চ চণ্ডালিয়ং কট্টু, ন ণিহুবিজ্জ কয়াই বি।
কড়ং কড়ত্তি ভাসিজ্জা, অকড়ং ন কড়ত্তি য় ॥১১॥

আহচ্চ (কদাচিৎ) চংডালিয়ং (ক্রোধাদিবশে মিথ্যা) কট্টু (করিয়া=বলিয়া) কয়াই বি (কদাপিও) ন নিহুবিজ্জ (গোপন করিবে না)। (কিন্তু) কড়ং (কৃত) কড়ত্তি (কৃত হইয়াছে=করিয়াছি এরূপ) ভাসিজ্জা (ভাষণ করিবে)

১। চণ্ডালিয়ং—চণ্ড অর্থাৎ ক্রোধ, মান, মায়া, লোভের বশবর্তী হইয়া মিথ্যাভাষণকে চণ্ডালীক বলে। "চণ্ডঃ ক্রোধস্তদ্বশাদলীকং চণ্ডালীকং, লোভাদ্যুপলক্ষণম্॥" টীকা ২।

২। দিনের ১ম ও ৪র্থ প্রহর এবং রাত্রির ১ম ও ৪র্থ প্রহর স্বাধ্যায় করিবার জন্য এবং দিবা-ভাগের ২য় প্রহর ও রাত্রির ২য় প্রহর ধ্যানের জন্য নির্দিষ্ট। উত্তরাধ্যয়ন ২৬।১১, ১২, ১৭, ১৮।

য় (এবং) অকড়ং (অকৃতকে) কড়ত্তি (কৃত হইয়াছে=করিয়াছি এরূপ) ন (না=বলিবে না) ॥১১॥

কদাচিৎ ক্রোধাদিবশে মিথ্যা ভাষণ করিলে তাহা কখনও গোপন করিবে না কিন্তু কৃত আচরণ করিয়াছি বলিয়া স্বীকার করিবে এবং অকৃত করিয়াছি বলিয়া স্বীকার করিবে না ॥ ১১ ॥

মা গলিয়স্সেব[১] কসং, বয়ণমিচ্ছে পুণো পুণো ।
কসং ব দট্ঠুমাইণ্ণে, পাবগং পরিবজ্জএ ॥১২॥

গলিয়স্স (দুর্বিনীত=দুর্দম অশ্ব) কসং (কশা=চাবুক) (যেমন অপেক্ষা করে) এব (তদ্রূপ) বয়নম্ (বচন) পুণো পুণো (পুনঃ পুনঃ=বারংবার) মা ইচ্ছে (ইচ্ছা করিবে না)। আইণ্ণেব (বিনীত অশ্বের ন্যায়) কসং (চাবুক) দট্ঠুং (দেখিয়া) পাবগং (পাপকর্ম) পরিবজ্জএ (পরিত্যাগ করিবে) ॥১২॥

দুর্দান্ত অশিক্ষিত অশ্ব যেমন চলিবার জন্য বারংবার কশাঘাতের অপেক্ষা রাখে তদ্রূপ গুরুর শিক্ষাবাক্য বারংবার ইচ্ছা করিবে না, শিক্ষিত অশ্ব যেমন চাবুক দেখিয়াই চলিতে আরম্ভ করে তদ্রূপ বিনীত শিষ্য গুরুর আকার ইঙ্গিত দেখিয়াই পাপানুষ্ঠান পরিত্যাগ করিবে ॥১২॥

অণাসবা[২] থূলবয়া কুসীলা, মিউংপি চংডং পকরন্তি সীসা ।
চিত্তাণুয়া লহু দক্খোববেয়া, পসায়এ তে হু দুরাসয়ংপি ॥১৩॥

অণাসবা (অনাশ্রবা=আজ্ঞালঙ্ঘনকারী, অবাধ্য) থূলবয়া (স্থূলভাষী=কটুভাষী) কুসীলা (দুঃশীল) সীসা (শিষ্যগণ) মিউংপি (মৃদুকেও=শান্ত-স্বভাব গুরুকেও) চণ্ডং (ক্রোধান্বিত) পকরন্তি (করে)। চিত্তাণুয়া (চিত্তানুগ=অনুগত) লহু দক্খোববেয়া (শীঘ্রতা ও দক্ষতাযুক্ত) তে (শিষ্যগণ) দুরাসয়ংপি (কোপন স্বভাব গুরুকেও) হু (নিশ্চয়) পসায়এ (প্রসন্ন করে) ॥১৩॥

অবাধ্য কটুভাষী ও দুঃশীল শিষ্যগণ শান্ত স্বভাব গুরুকেও ক্রোধান্বিত করে আর অনুগত ত্বরান্বিত ও চতুর শিষ্যগণ কোপনস্বভাব গুরুকেও প্রসন্নকরে ॥১৩॥

১। 'গলি অস্সুব্ব' টীকা ১।

২। "অনাশ্রবা গুরুবচনেঽস্থিতাঃ" টীকা ১।

না পুট্ঠো বাগরে কিংচি, পুট্ঠো বা নালিয়ং বএ।
কোহং অসচ্চং কুব্বিজ্জা, ধারিজ্জা পিয়মপ্পিয়ং ॥১৪॥

অপুট্ঠো (অপৃষ্ট) কিংচি (কিঞ্চিৎ) ন বাগরে (বলিবে না) পুট্ঠো বা (জিজ্ঞাসিত হইয়াও) অলিয়ং (অলীক = মিথ্যা) ন বএ (বলিবে না) কোহং (ক্রোধকে) অসচ্চং (অসত্য = বিফল) কুব্বিজ্জা (করিবে) অপ্পিয়ং (অপ্রিয়কে = অপ্রিয় বাক্যকে) পিয়ং (প্রিয় = হিতকারী) (বলিয়া) ধারিজ্জা (ধারণ করিবে = মনে করিবে) ॥১৪॥

জিজ্ঞাসিত না হইলে কিঞ্চিন্মাত্রও বলিবে না। জিজ্ঞাসিত হইলে মিথ্যা বলিবে না। যদি গুরুর কোন বচনে ক্রোধ উৎপন্ন হয় তবে সেই ক্রোধকে দমন করিয়া অসত্য অর্থাৎ বিফল করিবে। গুরুর অপ্রিয় বাক্যকেও প্রিয় অর্থাৎ হিতকারী মনে করিবে ॥১৪॥

অপ্পা[১] চেব দমেয়ব্বো, অপ্পা হু খলু দুদ্দমো।
অপ্পা দংতো সুহী হোই, অস্মিং লোএ পরত্থ য ॥১৫॥

অপ্পা চেব (আত্মাই) দমেয়ব্বো (দমিতব্য = দমন করিবার যোগ্য) খলু (যেহেতু) হু (নিশ্চয়) অপ্পা (আত্মা) দুদ্দমো (দুর্দম্য) অপ্পা (আত্মা) দংতে (দমিত = বশীভূত) (হইলে) অস্মিং লোএ (ইহলোকে) য (ও) পরত্থ (পরলোকে) সুহী (সুখী) হোই (হয়, হইবে) ॥১৫॥

আত্মাকেই দমন করা উচিত কেননা আত্মাই সর্বাপেক্ষা দুর্দম্য। আত্মা বশীভূত হইলে ইহলোকে ও পরলোকে সুখী হইবে ॥১৫॥

বরং মে অপ্পা দংতো, সংজমেণ তবেণ য।
মাহং পরেহিং দম্মংতো, বংধণেহিং বহেহি য ॥১৬॥

সংজমেণ (সংযমের দ্বারা) য (ও) তবেণ (তপের দ্বারা = তপস্যার দ্বারা) মে (আমার) অপ্পা (আত্মা = শরীর, ইন্দ্রিয় ও মন) দংতো (দমিত = বশীকৃত) (হওয়া) বরং (শ্রেয়ঃ) পরেহিং (অন্য কর্ত্তৃক) বংধণেহিং (বন্ধনের দ্বারা) য (ও) বহেহি (তাড়নাদির দ্বারা) দম্মংতো (দমিত) অহং মা (আমি না হই) ॥১৬॥

১। তুলনা— "অত্তানঞ্চে তথা কয়িরা যথঞ্ঞমনুসাসতি।
সুদন্তো বত দম্মেথ অত্তা হি কির দুদ্দমো ॥" ধম্মপদ ৮।৩।

সংযম ও তপস্যার দ্বারা নিজকে দমন করা শ্রেয়ঃ যাহাতে অন্য ব্যক্তি কর্তৃক বন্ধন ও তাড়নাদির দ্বারা আমি দমিত না হই। (অর্থাৎ আমি যদি নিজের মন, ইন্দ্রিয়াদিকে দমন না করি তবে আমার উচ্ছৃঙ্খলতার জন্য রাজ-পুরুষ বা অন্য ব্যক্তি কর্তৃক বন্ধন ও প্রহারের দ্বারা আমি শাসিত হইব।) ॥১৬॥

পড়িণীয়ং চ বুদ্ধাণং, বায়া অদুব কম্মুণা।
আবী বা জই বা রহস্সে, নেব কুজ্জা কয়াই বি ॥১৭॥

বুদ্ধাণং (গুরুর) বায়া (বাক্যের দ্বারা) অদুব (অথবা) কম্মুণা (কর্মের দ্বারা) আবী (লোকসমক্ষে) জই বা (যদিবা=অথবা) রহস্সে (গোপনে) পড়িণীং (প্রতিকূলতা) কয়াই বি (কদাপিও) নেব কুজ্জা (করিও না) ॥১৭॥

বাক্য অথবা কার্যের দ্বারা প্রকাশ্যে কিংবা গোপনে কখনও গুরুর প্রতিকূলতা করিবে না ॥১৭॥

ন পক্খও ন পুরও, নেব কিচ্চাণ পিট্ঠও।
ন জুংজে ঊরুণা ঊরুং, সয়ণে নো পড়িস্সুণে ॥১৮॥

কিচ্চাণ (আচার্যাদির) ন পক্খও (পার্শ্বে নয়=সমান পঙ্‌ক্তিতে নয়) ন পুরও (সম্মুখেও নয়) নেব পিট্ঠও (পশ্চাদ্ভাগেও নয়) (বসিবে না) ঊরুণা (ঊরুর সহিত) ঊরুং (ঊরু) ন জুংজে (যোগ করিবে না) সয়ণে (শয্যা হইতে) ন পড়িস্সুণে (প্রত্যুত্তর দিবে না) ॥১৮॥

আচার্যের পার্শ্বে সমান পঙ্‌ক্তিতে কিংবা মুখের সম্মুখে কিংবা পশ্চাদ্ভাগে উপবেশন করিবে না। নিজের ঊরুর সহিত আচার্যের ঊরুর স্পর্শ করিবে না। এবং শয্যায় শয়ন বা উপবেশন করিয়া আচার্যের বাক্যের প্রত্যুত্তর দিবে না ॥১৮॥

নেব পল্ল[১]থিয়ং কুজ্জা, পক্খ[২] পিণ্ডং চ সংজএ।
পাএ পসারিএ বাবি, ন চিট্ঠে গুরুণন্তিএ ॥১৯॥

সংজএ (সংযত সাধু) পল্লথিয়ং (পর্যঙ্কাসন=জানুর উপর পায়ের পাতা রাখা) নেব কুজ্জা (করিবে না) চ (এবং) পক্খপিণ্ডং (উভয়হস্তের দ্বারা

১। পল্লথিয়ং "জংঘোপরি পাদমোচনং" টীকা ১।
"জংঙ্ঘোপরি বস্ত্রবেষ্টন রূপাং" টীকা ২।
২। "বাহুদ্বয়েনৈব কায়বন্ধাত্মিকাং" টীকা ২।

জানু বাঁধা) ন (করিবে না)। বাবি (অথবা) পাএ পসারিএ (পাদ প্রসারণ করিয়া) গুরুণংতিএ (গুরুর সমীপে) ন চিট্ঠে (থাকিবে না) ॥১৯॥

গুরুর সম্মুখে জানুর উপর পা রাখিয়া, উভয় হস্ত দ্বারা জানু বা শরীর বাঁধিয়া কিংবা পাদপ্রসারণ করিয়া উপবেশন করিবে না ॥১৯॥

আয়রিএহিং বাহিংতো, তুসিণীও ন কয়াইবি।
পসায়[১] পেহী নিয়াগট্ঠী, উবচিট্ঠে গুরুং সয়া ॥২০॥

আয়রিএহিং (আচার্যের দ্বারা) বাহিংতো (আহূত হইয়া) কয়াইবি (কখনও) তুসিণীও (তূষ্ণীস্থিত=মৌন) ন (থাকিবে না) পসায়পেহী (প্রসাদাপেক্ষী=প্রসাদাকাঙ্ক্ষী) নিয়াগট্ঠী (মোক্ষার্থী) সয়া (সদা) গুরুং (গুরুকে) উবচিট্ঠে (উপস্থিত হইয়া বন্দনা করিবে) ॥২০॥

শিষ্য গুরুর দ্বারা আহূত হইয়া কখনও মৌনাবলম্বন করিয়া থাকিবে না। গুরুর প্রসাদাকাঙ্ক্ষী ও মোক্ষার্থী শিষ্য সর্বদা গুরুর নিকট উপস্থিত হইয়া বন্দনা করিবে ॥২০॥

আলবংতে লবংতে বা, ন নিসীএজ্জ কয়াই বি।
চইউণ আসনং ধীরো, জতো জত্তং পড়িস্সুণে ॥২১॥

(গুরু) আলবংতে (অল্প কিছু বলিলে) বা (বা) লবংতে (বারংবার বলিলে) (শিষ্য) কয়াইবি (কখনও) ন নিসীএজ্জ (বসিয়া থাকিবে না)। (কিন্তু) ধীরো (ধীর=বুদ্ধিমান) জতো (যত্নবান) (হইয়া) আসনং (আসন) চইউণ (পরিত্যাগ করিয়া) জত্তং (যাহা তাহা=যাহা গুরু আদেশ করিয়াছেন তাহা) পড়িস্সুণে (স্বীকার করিবে) ॥২১॥

গুরু কিছু বলিলে বা বারংবার বলিলে শিষ্য কখনও বসিয়া থাকিবে না কিন্তু ধীমান শিষ্য যত্নবান হইয়া আসন পরিত্যাগ করিয়া গুরুর আদেশ পালন করিবে ॥২১॥

আসনগও ন পুচ্ছিজ্জা, নেব সিজ্জাগও কয়া।
আগম্মুক্কু[২]ডুও সন্তো, পুচ্ছিজ্জা পংজলীউড়ো ॥২২॥

১। 'পসায়ট্ঠী' টীকা ৩।

২। "উৎকুটুকো মুক্তাসনঃ কারণতঃ পাদপুঞ্ছনাদিস্থ সন্" টীকা ১।

কয়া (কদাপি) আসনগও (আসনে স্থিত হইয়া) ন পুচ্ছিজ্জা (জিজ্ঞাসা করিবে না) সিজ্জাগও (শয্যায় থাকিয়া) নেব (ও করিবে না)। আগম্ম [আসিয়া=গুরুর সমীপে আসিয়া] উক্কুড়ুও (উৎকুটুক আসনে থাকিয়া) পংজলীউড়ো সন্তো (প্রাঞ্জলিপুট হইয়া=হাতজোড় করিয়া) পুচ্ছিজ্জা (জিজ্ঞাসা করিবে) ॥২২॥

গুরুকে কোন প্রশ্ন জিজ্ঞাসা করিতে হইলে কখনও আসনে বসিয়া বা শয্যায় শয়ন করিয়া জিজ্ঞাসা করিবেন না কিন্তু গুরুর সম্মুখে আসিয়া উৎকুটুকাসনে স্থিত হইয়া কৃতাঞ্জলি পূর্বক জিজ্ঞাসা করিবে ॥২২॥

এবং বিণয়জুত্তস্স, সুত্তং অথং চ তদুভয়ং।
পুচ্ছমাণস্স সীসস্স, বাগরিজ্জ জহাসুয়ং ॥২৩॥

এবং (এইরূপ) বিণয়জুত্তস্স (বিনয়যুক্ত=বিনয়বান্) পুচ্ছমাণস্স (জানিতে ইচ্ছুক) সীসস্স (শিষ্যকে) সুত্তং (সূত্র) অথং (অর্থ) চ (এবং) তদুভয়ং (দুইটীই) জহাসুয়ং (যথাশ্রুত) বাগরিজ্জ (বলিবে) ॥২৩॥

এইরূপ বিনয়বান্ শিষ্য কর্তৃক পৃষ্ট হইয়া গুরু সূত্র, অর্থ এবং সূত্র ও অর্থ উভয় তাঁহার গুরুর নিকট তিনি যেরূপ শ্রবণ করিয়াছেন তদনুযায়ী বলিবেন ॥২৩॥

মুসং পরিহরে ভিক্খু, ন য ওহারিণিং বএ।
ভাসাদোসং পরিহরে, মায়ং চ বজ্জএ সয়া ॥২৪॥

ভিক্খু (ভিক্ষু=সাধু) মুসং (মৃষা=মিথ্যাবাক্য) পরিহরে (পরিত্যাগ করিবে), য (এবং) ওহারিণিং (অবধারিণী ভাষা=নিশ্চয় করিয়া কোন বাক্য বলা) ন বএ (বলিবে না) ভাসাদোসং (ভাষার দোষ) পরিহরে (পরিহার করিবে) চ (এবং) সয়া (সদা) মায়ং (কপট বাক্য) বজ্জএ (বর্জন করিবে) ॥২৪॥

সাধু মিথ্যা কথা ও নিশ্চয়াত্মক ভাষা অর্থাৎ ইহা এইরূপই হইবে এরূপ বলা পরিত্যাগ করিবে এবং ভাষার দোষ অর্থাৎ পাপজনক ভাষা বা অপশব্দাদি ও কপট বাক্য বর্জন করিবে ২৪॥

ন লবিজ্জ পুট্ঠো সাবজ্জং, ন ণিরট্ঠং ন মম্ময়ং।
অপ্পণট্ঠা পরট্ঠা বা, উভয়স্সংতরেণ বা ॥২৫॥

(সাধু) পুট্ঠো (পৃষ্ট হইয়া) সাবজ্জং (সাবদ্য বাক্য=সপাপ বচন) ন লবিজ্জ (বলিবে না) ন নিরট্ঠং (নিরর্থক বাক্য বলিবে না) ন মম্ময়ং (মর্মান্তিক বাক্য বলিবে না) অপ্পণট্ঠা (নিজের জন্য) পরট্ঠা বা (অথবা পরের জন্য) বা উভয়স্স (অথবা উভয়ের জন্য) অংতরেণ (বিনা=প্রয়োজন বিনা) (বলিবে না) ॥২৫॥

সাধু জিজ্ঞাসিত হইয়া সপাপ, নিরর্থক বা মর্মান্তিক বাক্য বলিবে না এবং নিজের জন্য, পরের জন্য অথবা স্বপর উভয়ের জন্য বিনা প্রয়োজনে কথা বলিবে না ॥২৫॥

সমরেসু[১] অগারেসুং, সংধীসু য় মহাপহে।
এগো এগিত্থিএ সদ্ধিং, নেব চিট্ঠে ন সংলবে ॥২৬॥

সমরেসু (জঘন্য স্থানে বা কর্মকারশালায়) অগারেসু (শূন্য গৃহে) সংধীসু (দুই গৃহের মধ্যের শূন্য স্থানে) চ (এবং) মহাপহে (রাজমার্গে) এগো (একাকী) এগিত্থিএ (এক স্ত্রীলোকের) সদ্ধিং (সহিত) নেব চিট্ঠে (থাকিবে না=বসিবে না) (অথবা) ন সংলবে (আলাপ করিবে না) ॥২৬॥

সাধু জঘন্য স্থানে, শূন্য গৃহে, দুই গৃহের মধ্যবর্তী ফাঁকা জায়গায় কিংবা রাজমার্গে একা এক স্ত্রীলোকের সহিত অবস্থান করিবে না বা আলাপ করিবে না ॥২৬॥

জং মে বুদ্ধাণুসাসংতি, সীএণ ফরুসেণ বা।
মম লাভোত্তি পেহাএ, পয়ও তং পড়িস্সুণে ॥২৭॥

জং (যাহা) মে (আমাকে) সীএণ (শীতল=মধুর) বা (অথবা) ফরুসেণ (পরুষ=কঠোর) (বচনে) বুদ্ধা (গুরু=আচার্যাদি) অণুসাসংতি (অনুশাসন্ করেন=শিক্ষা দেন) তং (তাহা) মম (আমার) লাভোত্তি (লাভজনক=মঙ্গলজনক এইরূপ) পেহাএ (বুদ্ধি দ্বারা) পয়ও (প্রযত্ন পূর্বক) পড়িস্সুণে (অঙ্গীকার করিবে=পালন করিবে) ॥২৭॥

গুরু মধুর বা কঠোর বাক্যে আমাকে যে শিক্ষা দেন তাহা আমার মঙ্গলের জন্য এইরূপ মনে করিয়া সুশিষ্য যত্নের সহিত তাহা পালন করিবে ॥২৭॥

১। "গর্দভকুটীরেষু লোহকারশালাষু বা" টীকা ১।

অণুসাসণমোবায়ং দুক্কড়স্স য় চোয়ণং।
হিয়ং তং মণ্ণএ পণ্ণো, বেসং হোই অসাহুণো ॥২৮॥

পণ্ণো (প্রাজ্ঞ শিষ্য) অণুসাসণমোবায়ং (অনুশাসনরূপ উপায়) য় (এবং) দুক্কড়স্স (দুষ্কৃতের) (জন্য) চোয়ণং (প্রেরণা=ভৎর্সনা) তং (তাহা) হিয়ং (হিতকারী) (বলিয়া) মণ্ণএ (মনে করে), (আর) অসাহুণো (অসাধুর) (মনে) বেসং (দ্বেষোৎপাদক=অনিষ্টকারী) হোই (হয়) ॥২৮॥

প্রাজ্ঞ শিষ্য গুরুর অনুশাসন রূপ উপায় ও অসদাচরণের জন্য ভৎর্সনাকে হিতকারী বলিয়াই মনে করে কিন্তু অসাধু কুশিষ্যের মনে ঐরূপ শিক্ষাবাক্যতে গুরুর প্রতি বিদ্বেষভাব উৎপন্ন হয় ॥২৮॥

হিয়ং বিগয়ভয়া বুদ্ধা, ফরুসংপি অণুসাসণং।
বেসং তং হোই মূঢ়াণং, খংতি সোহিকরং পয়ং ॥২৯॥

বিগয়ভয়া (বিগতভয়) বুদ্ধা (তত্ত্বজ্ঞ) (শিষ্য) ফরুসং (কঠোর) অণুসাসণং পি (শিক্ষাবাক্য ও) হিয়ং (হিতকারী) (মনে করে)। মূঢ়াণং (মূর্খদের) (নিকট) তং (সেই) খংতি সোহিকরং (ক্ষমা ও শুদ্ধি কারক) পয়ং (পদ=বাক্য) বেসং (দ্বেষোৎপাদক) হোই (হয়) ॥২৯॥

বিগতভয় ও তত্ত্বজ্ঞ শিষ্য কঠোর শিক্ষাবাক্যকেও হিতকারী মনে করে আর মূর্খ কুশিষ্য ক্ষমা ও মনঃশুদ্ধিকারক বাক্যতেও বিদ্বেষ ভাব যুক্ত হয় ॥২৯॥

আসণে উবাচিট্ঠিজ্জা, অণুচ্চে অকুএ[১] থিরে।
অপ্পুট্ঠাঈ ণিরুট্ঠাঈ, ণিসিএজ্জপ্পকুক্কুএ[২] ॥৩০॥

অণুচ্চে (অনুচ্চ=গুরুর আসন হইতে নিম্ন) অকুএ (অস্পন্দমান=যাহা নড়ে না) থিরে (স্থির) আসণে (আসনে) উবচিট্ঠিজ্জা (উপবেশন করিবে) (এবং) অপ্পুট্ঠাঈ (অল্পোত্থায়ী=যে আসন হইতে বারংবার না উঠে) ণিরুট্ঠাঈ (নিরুত্থায়ী=যে আসন হইতে উঠে না, স্থির) অপ্পকুক্কুএ (অল্প কৌৎকুচ=শরীরাদির বিশেষ স্পন্দনশূন্য) (হইয়া) নিসিএজ্জ (বসিবে) ॥৩০॥

শিষ্য গুরুর অপেক্ষা নিম্নাসনে, অস্পন্দমান ও স্থির আসনে উপবেশন

১। 'অকুত্র' টীকা ১। 'অকুকুএ' টীকা ৩। "অকুচেঽস্পন্দমানে" টীকা ২। "অকুচে চিৎকারাদি শব্দ রহিতে" টীকা ১।

২। "হস্তপাদশিরঃপ্রমুখশরীরাবয়বান ধুন্বানো নিশ্চলস্তিষ্ঠেদিত্যর্থঃ" টীকা ১।

করিবে এবং আসন হইতে বারংবার বা অপ্রয়োজনে উঠিবে না ও হস্তপদ মস্তকাদি না নড়াইয়া নিশ্চল হইয়া বসিবে ॥৩০॥

কালেণ ণিক্খমে ভিক্খূ, কালেণ য় পড়িক্কমে।
অকালং চ বিবজ্জিত্তা, কালে কালং সমায়রে ॥৩১॥

ভিক্খূ (ভিক্ষু=সাধু) কালেণ (নির্দিষ্ট সময়ে) ণিক্খমে (ভিক্ষার্থ নিষ্ক্রান্ত হইবে) য় (এবং) কালেণ (নির্দিষ্ট সময়ে) পড়িক্কমে (প্রতিক্রান্ত হইবে= প্রত্যাবর্তন করিবে)। চ (এবং) অকালং (অসময়) বিবজ্জিত্তা (বর্জন করিয়া) কালে (সময়ে) কালং (কালোচিত ক্রিয়াসমূহ) সমায়রে (সম্পন্ন করিবে ॥৩১॥

সাধু নির্দিষ্ট সময়ে ভিক্ষার জন্য গমন করিবে ও নির্দিষ্ট সময়ের মধ্যেই ভিক্ষা লইয়া প্রত্যাবর্তন করিবে। এবং অকাল বর্জন করিয়া নির্দিষ্ট সময়ে কালোচিত ক্রিয়াসমূহ সম্পন্ন করিবে ॥৩১॥

পরিবাড়ীএ ন চিট্ঠিজ্জা, ভিক্খূ দত্তেসণং চরে।
পড়িরূবেণ এসিত্তা, মিয়ং কালেণ[১] ভক্খএ ॥৩২॥

ভিক্খূ (ভিক্ষু=সাধু) পরিবাড়ীএ (পরিপাটীতে=ভোজ প্রভৃতিতে ভোজনে উপবিষ্ট ব্যক্তিগণের পংক্তিতে) ন চিট্ঠিজ্জা (বসিবে না) দত্তে (দীয়মান আহার দ্রব্যে) এসণং (দোষাবলোকন) চরে (করিবে)। পড়িরূবেণ (প্রতিরূপে=পূর্ব সাধুগণের আচরিতরূপে) এসিত্তা (গবেষণা করিয়া) কালেণ (নিয়ত সময়ে) মিয়ং (পরিমিত) ভক্খএ (ভক্ষণ করিবে) ॥৩২॥

সাধু কোনস্থানে ভোজের সময় ভোজনে উপবিষ্ট ব্যক্তিগণের পংক্তিতে বসিয়া আহার করিবে না কিন্তু গৃহস্থ আহার্যদান করিতে থাকিলে সেই আহারে কোন দোষ আছে কি না তাহা গবেষণা করিয়া লইবে। এইরূপে পূর্বমুনিগণের ন্যায় দোষ গবেষণা করিয়া নির্দিষ্ট সময়ে পরিমিত আহার ভক্ষণ করিবে ॥৩২॥

নাইদূরমণাসন্নে, নণ্ণেসিং চক্খু ফাসও।
এগো চিট্ঠিজ্জ ভত্তট্ঠা, লংঘিত্তা তং নইক্কমে ॥৩৩॥

১। "নমস্কারপূর্বকপ্রত্যাখ্যানপারণসময়েন সিদ্ধান্তোক্তবিধিনা ভক্ষয়েদাহারং" টীকা ১।

(সাধু) নাইদূরং (নাতিদূরে) অণাসন্নে (নাতি নিকটে) অপ্পেসিং (অন্যের = গৃহস্থের) চক্খুফাসও (চক্ষুর স্পর্শের = দৃষ্টিগোচরে) ন (থাকিবে না) ভত্তট্ঠা (ভক্তার্থ = ভিক্ষার জন্য) এগো (একান্ত) চিট্ঠিজ্জ (থাকিবে) তং (তাহাকে = অপর ভিক্ষুকে) লংঘিত্তা (উল্লঙ্ঘন করিয়া) নইক্কমে (অতিক্রম করিবে না = অতিক্রম করিয়া প্রবেশ করিবে না) ॥৩৩॥

সাধু গৃহস্থের বাড়ীতে ভিক্ষার জন্য যখন গমন করিবে তখন গৃহস্থের অতিদূরে বা অতি নিকটে দাঁড়াইবে না। এবং যদি অন্য ভিক্ষু সেখানে পূর্বে আসিয়া থাকে তবে গৃহস্থের দৃষ্টিগোচরেও থাকিবে না। কিন্তু ভিক্ষার জন্য একান্তে অবস্থান করিবে। পূর্ব ভিক্ষুকে উল্লঙ্ঘন করিয়া ভিক্ষার জন্য প্রবেশ করিবে না ॥৩৩॥

নাইউচ্চে ব ণীএ বা, নাসন্নে নাইদূরও।
ফাসুয়ং পরকড়ং পিংডং, পড়িগাহিজ্জ সংজএ ॥৩৪॥

সংজএ (সংযত = যতি) নাইউচ্চে (অতি উচ্চস্থানে নয়) ব (এবং) ণীএ (নিম্নস্থানে নয় = ভূমিতলের নিম্নস্থ প্রকোষ্ঠে নয়) নাসন্নে (অতি নিকটে নয়) নাইদূরও বা (অথবা অতিদূরেও না থাকিয়া) পর কড়ং (পরের জন্য কৃত) ফাসুয়ং (প্রাসুক = জীবজন্তুবর্জিত) পিংডং (আহার্য) পড়িগাহিজ্জ (প্রতিগ্রহণ করিবে) ॥৩৪॥

সাধু অত্যন্ত উচ্চস্থানে বা ভূমিতলের নিম্নে প্রকোষ্ঠাদিতে কিংবা অতি নিকটে বা অতিদূরে না থাকিয়া পরের জন্য প্রস্তুত জীবজন্তুবর্জিত শুদ্ধ আহার গ্রহণ করিবে ॥৩৪॥

অপ্পপাণেপ্পবীয়ংমি, পড়িচ্ছন্নংমি সংবুড়ে।
সময়ং সংজএ ভুংজে, জয়ং অপরিসাড়িয়ং ॥৩৫॥

সংজএ (সংযত) অপ্পপাণে (অল্পপ্রাণে = প্রাণিশূন্যস্থানে) অপ্পবীয়ংসি (অল্পবীজ = উদ্ভিদশূন্য স্থানে) পরিচ্ছন্নংমি (আচ্ছাদিত = চন্দ্রাতপাদির দ্বারা আচ্ছাদিত স্থানে) সংবুড়ে (সংবৃত = চতুষ্পার্শ্ব পরিবৃত স্থানে) সময়ং (সমক = অন্যান্য সাধুর সহিত) জয়ং (যতমান = মুখের দ্বারা কোন শব্দ উচ্চারণ না করিয়া) অপরিসাড়িয়ং (অপরিসাটিত = অন্নকণাদি ভূমিতে না ফেলিয়া) ভুংজে (আহার করিবে) ॥৩৫॥

সাধু উদ্ভিদাদি একেন্দ্রিয়[১] ও দ্বীন্দ্রিয়াদি অন্যান্য প্রাণিশূন্য স্থানে, উপরে ও পার্শ্বে আচ্ছাদিত স্থানে, অন্য সাধুগণের সহিত বসিয়া সুরসুরাদি শব্দ উচ্চারণ না করিয়া এবং অন্নকণাদি মাটিতে না ফেলিয়া আহার করিবে ॥ ৩৫ ॥

সুকড়িত্তি[২] সুপক্কিত্তি, সুচ্ছিন্নে সুহড়ে মড়ে ।[৩]
সুণিট্ঠিএ সুলট্ঠিত্তি, সাবজ্জং বজ্জএ মুণী ॥৩৬॥

মুণী (মুনি=সাধু) সুকড়িত্তি (সুকৃত=ভালরূপে প্রস্তুত হইয়াছে) সুপক্কিত্তি (সুপক্ক=সুসিদ্ধ এইরূপ) সুচ্ছিন্নে (সুচ্ছিন্ন=শাকপাতা ভালরূপে কাটিয়া পরিষ্কার করা হইয়াছে এইরূপ) সুহড়ে (সুহৃত=শাকাদি হইতে তিক্ত আস্বাদ ভাল করিয়া বাহির করা হইয়াছে অথবা শাকাদিতে ঘৃত মশলাদি উত্তমরূপে দেওয়া হইয়াছে এইরূপ) মড়ে (মৃত=সুমৃত=ঘৃতাদির দ্বারা ভালরূপে মিশ্রিত হইয়াছে এইরূপ) সুণিট্ঠিএ (সুনিষ্ঠিত=উত্তমরূপে সরস হইয়াছে এইরূপ) সুলট্ঠিত্তি (সুলষ্ট=সুশোভন এইরূপ) সাবজ্জং (সপাপ বাক্য) বজ্জএ (বর্জন করিবে) ॥৩৬॥

খাদ্যদ্রব্য উত্তমরূপে সিদ্ধ হইয়াছে, সুপক্ক হইয়াছে, শাকাদি উত্তমরূপে পরিষ্কার করা হইয়াছে, তিক্ত রস কমাইয়া দেওয়া হইয়াছে, ঘৃতদ্বারা উত্তমরূপে মিশ্রিত করিয়া মচমচে করা হইয়াছে, সরস হইয়াছে বা দেখিতে সুন্দর হইয়াছে ইত্যাদি সপাপ বাক্য সাধু বর্জন করিবে। (খাদ্যের প্রশংসা করিলে লোলুপতা বৃদ্ধি পায় বলিয়া প্রশংসা করা নিষিদ্ধ হইয়াছে) ॥৩৬॥

১। জৈন শাস্ত্রে ইন্দ্রিয়ানুযায়ী প্রাণী বিভাগ করা হইয়াছে। বৃক্ষ, লতা, গুল্মাদি সমস্ত প্রকার বনস্পতির মাত্র স্পর্শেন্দ্রিয় থাকায় একেন্দ্রিয় পর্যায়ভুক্ত। কৃমি, জলৌকা প্রভৃতির স্পর্শ ও রসেন্দ্রিয় থাকায় দ্বীন্দ্রিয়; পিপীলিকা প্রভৃতির উক্ত দুই ইন্দ্রিয়সহ ঘ্রাণেন্দ্রিয় থাকায় ত্রীন্দ্রিয়; মক্ষিকা, ভ্রমর প্রভৃতির উক্ত তিন ইন্দ্রিয়সহ দর্শনেন্দ্রিয় থাকায় চতুরিন্দ্রিয় এবং মনুষ্য, পশুপক্ষী, স্বর্গবাসী দেব ও নরকবাসী নারক প্রাণিগণের উক্ত চারি ইন্দ্রিয়সহ শ্রোত্রেন্দ্রিয় থাকায় পঞ্চেন্দ্রিয় পর্যায়ভুক্ত।

২। সুকড়িত্তি প্রভৃতি শব্দের অর্থ টীকাকার এইরূপ করিয়াছেন :—"সুকৃতমন্নাদি সুপক্কং ঘৃতপূর্ণাদি সুচ্ছিন্নং পত্রশাকাদি সুহৃতং শাকাদেস্তিক্তত্বাদি সুমৃতং ঘৃতাদি সক্তুসূপাদৌ সুনিষ্ঠিতং রসপ্রকর্ষতয়া নিষ্ঠাং গতং সুলষ্ঠং শোভনং শাল্যাদ্যথওোজ্জ্বলাদিপ্রকারৈরেবং।" টীকা২।

৩। মড়ে=বেশী ঘৃত দ্বারা মচমচে করা।

রমএ পংডিএ সাসং, হয়ং ভদ্দং ব বাহএ।
বালং সম্মই সাসংতো, গলিয়স্সংব বাহএ ॥৩৭॥

(গুরু) পংডিএ (পণ্ডিতকে = বিনীত শিষ্যকে) সাসং (শাসন করিতে) রমএ (রমতে = আনন্দিত হন) ব (যেমন) বাহএ (বাহক = অশ্বচালক) ভদ্দং (ভদ্র = শিক্ষিত) হয়ং (হয়কে = অশ্বকে) (চালাইয়া সুখী হয়)। বালং (অজ্ঞ = মূর্খকে) সাসংতো (শাসন করিতে) (গুরু) সম্মই (শ্রাম্যতি = শ্রমপ্রাপ্ত হন) ব (যেমন) বাহএ (বাহক) গলিয়স্সং (দুর্দান্ত অশ্বকে) (চালাইতে শ্রম প্রাপ্ত হয়) ॥৩৭॥

যেমন শিক্ষিত অশ্বকে চালাইতে চালক হর্ষপ্রাপ্ত হন তদ্রূপ বিনীত শিষ্যকে শাসন করিতে গুরু আনন্দিত হন। আবার অশিক্ষিত দুর্দান্ত অশ্বকে চালাইতে যেমন চালক শ্রমপ্রাপ্ত হন তদ্রূপ অজ্ঞ শিষ্যকে শাসন করিতে গুরু শ্রমপ্রাপ্ত হন ॥৩৭॥

খড্ডুয়া মে চবেড়া মে, অক্কোসা য় বহায় মে।
কল্লাণমণুসাসংতো, পাবদিট্ঠি ত্তি মণ্ণই ॥৩৮॥

(গুরুকর্তৃক) কল্লাণং (কল্যাণের জন্য) অণুসাসংতো (অনুশাসিত হইবার সময়) খড্ডুয়া মে (আমাকে টোকা মারিয়াছেন) চবেড়া মে (আমাকে চপেটাঘাত করিয়াছেন) অক্কোসা য় (এবং আক্রোশ করিয়াছেন) বহায় মে (আমাকে আঘাত করিয়াছেন) (ইত্যাদি বলিয়া গুরুকে) পাবদিট্ঠি (পাপদৃষ্টি = পাপী) ত্তি (এইরূপ) মণ্ণই (মনে করে) ॥৩৮॥

দুর্বিনীত শিষ্য গুরুকর্তৃক তাহার মঙ্গলার্থ অনুশাসিত হইবার সময় "আমাকে টোকা মারিয়াছেন, চপেটাঘাত করিয়াছেন, ভৎর্সনা করিয়াছেন, প্রহার করিয়াছেন" ইত্যাদি বলিয়া গুরুকে পাপী বা অসদাচারী মনে করে ॥৩৮॥

পুত্তো মে ভায় ণাই ত্তি, সাহু কল্লাণ মণ্ণই।
পাবদিট্ঠি উ অপ্পাণং সাসং দাসং ব মণ্ণই ॥৩৯॥

মে (আমাকে) পুত্তো (পুত্র) ভায় (ভ্রাতা) ণাই ত্তি (জ্ঞাতি এইরূপ) (মনে করিয়া গুরু শাসন করিতেছেন) (তাহা আমার) কল্লাণ (কল্যাণ-জনক) (এরূপ) সাহু (সাধু = বিনীত শিষ্য) মণ্ণই (মনে করে) উ (কিন্তু)

পাবদিট্‌ঠি (পাপদৃষ্টি=কুশিষ্য) অপ্পাণং (আপনাকে=নিজকে) সাসং (শাসিত হইবার সময়) দাসং ব (দাসের ন্যায়) মন্নই (মনে করে) ॥৩৯॥

আমার কল্যাণের জন্য গুরু আমাকে পুত্র, ভ্রাতা, জ্ঞাতির ন্যায় শাসন করিতেছেন সুশিষ্য এরূপ মনে করে আর কুশিষ্য শাসিত হইবার সময় নিজকে দাসের ন্যায় বিবেচনা করে অর্থাৎ সে মনে করে যে গুরু তাহাকে দাসবৎ মনে করিয়া শাসন করিতেছেন ॥৩৯॥

ন কোবএ আয়রিয়ং অপ্পাণং পি ন কোবএ।
বুদ্ধোবঘাঈ ন সিয়া, ন সিয়া তোত্তগবেসএ[১] ॥৪০॥

আয়রিয়ং (আচার্যকে) ন কোবএ (কুপিত করিবে না) অপ্পাণং পি (আপনাকে=নিজকেও) ন কোবএ (কুপিত করিবে না)। বুদ্ধোবঘাঈ (বুদ্ধোপঘাতী=যে আচার্যকে আঘাত করে) ন সিয়া (ন স্যাৎ=হইবে না) তোত্তগবেষএ (তোত্রগবেষক=দণ্ডাদি অনুসন্ধানকারী মর্মান্তিক বাক্য অন্বেষণ কারক) ন সিয়া (হইবে না) ॥৪০॥

সাধু নিজের ব্যবহারের দ্বারা আচার্যকে কুপিত করিবে না বা আচার্য কর্তৃক অনুশাসিত হইলেও স্বয়ং কুপিত হইবে না। কারণবশতঃ ক্রুদ্ধ হইলেও আচার্যকে আঘাতাদি করিবে না বা মর্মান্তিক বাক্যে ব্যথা দিবে না ॥৪০॥

আয়রিয়ং কুবিয়ং ণচ্চা, পত্তিএণং পসায়এ।
বিজ্ঝবিজ্জ[২] পংজলিউড়ো, বএজ্জ ন পুণোত্তি য় ॥৪১॥

(শিষ্য) আয়রিয়ং (আচার্যকে) কুবিয়ং (কুপিত) ণচ্চা (জানিয়া) পত্তিত্রণং (প্রতীতি উৎপাদক বাক্যের দ্বারা) পসায়এ (প্রসন্ন করিবে) য় (এবং) পংজলিউড়ো (প্রাঞ্জলিপুট হইয়া=হাত জোড় করিয়া) বএজ্জ (বলিবে) (যে) ন পুণো ত্তি (এরূপ আর করিব না) (বলিয়া) বিজ্ঝবিজ্জ (বিধ্যাপয়েৎ=শান্ত করিবে) ॥৪১॥

১। "তোত্রগবেষক স্তোত্রং দ্রব্যতঃ প্রাজনকঃ ভাবতস্তু জাত্যাদিদোষোদ্ভাবনেন ব্যথোৎপাদকং বচস্তদন্বেষকোঽর্থাদ্ গুরূণাম্" টীকা ২।

২। বিজ্ঝা শব্দের প্রকৃত অর্থ প্রদীপাদি নির্ব্বাপিত করা—তাহা হইতে এস্থলে ক্রোধ নির্বাপিত করা অর্থাৎ শান্ত করা।

আচার্যকে কুপিত জানিয়া প্রতীতি উৎপাদক শব্দের দ্বারা—শপথাদির দ্বারা তাঁহাকে প্রসন্ন করিবে এবং করজোড়ে এরূপ আর করিব না বলিয়া তাঁহার ক্রোধকে শান্ত করিবে ॥৪১॥

ধম্মজ্জিয়ং চ ববহারং, বুদ্ধেহিং আয়রিয়ং সয়া।
তমায়রংতো ববহারং, গরিহং নাভিগচ্ছই ॥৪২॥

বুদ্ধেহিং (তত্ত্বজ্ঞের দ্বারা) সয়া (সদা) আয়রিয়ং (আচরিত) চ (এবং) ধম্মজ্জিয়ং (ধর্মার্জিত=সাধু ধর্মের দ্বারা উপার্জিত) (যে) ববহারং (ব্যবহার =আচরণ) তং (তাহা=সেইরূপ) ববহারং (ব্যবহার=আচরণ) আয়রং-তো (আচরণ করিতে থাকিলে=পালন করিতে থাকিলে) গরিহং (গর্হা= নিন্দা) নাভিগচ্ছই (প্রাপ্ত হইবে না) ॥৪২॥

তত্ত্বজ্ঞ মহাত্মাগণ যেরূপ আচরণ করিয়া থাকেন ও সাধুধর্মের অনুমোদিত যে সদাচরণ তদ্রূপ পাপবর্জিত আচরণ পালন করিলে শিষ্য নিন্দিত হইবে না ॥৪২॥

মণোগয়ং বক্কগয়ং, জাণিত্তায়রিয়স্স উ।
তং পরিগিজ্ঝ বায়াএ, কম্মুণা উববায়এ ॥৪৩॥

(সুশিষ্য) আয়রিয়স্স (আচার্যের) মণোগয়ং (মনোগত) উ (ও) বক্কগয়ং (বাক্যগত) (অভিপ্রায়) জাণিত্তা (জানিয়া) তং (সেই অভিপ্রায় বা কার্য) বায়াএ (বচনের দ্বারা) পরিগিজ্ঝ (পরিগ্রহণ করিয়া=স্বীকার করিয়া) কম্মুণা (কর্মের দ্বারা=কার্যের দ্বারা) উববায়এ (উৎপাদন করিবে =সম্পাদন করিবে) ॥৪৩॥

সুশিষ্য আচার্যের মনোগত কিংবা বাক্যের দ্বারা আদিষ্ট কার্য জ্ঞাত হইয়া তাহা সম্পাদন করিব স্বীকার করিয়া কার্যে পরিণত করিবে ॥৪৩॥

বিত্তে[১] অচোইএ নিচ্চং, খিপ্পং হবই সুচোইএ।
জহোবইট্ঠং সুকয়ং, কিচ্চাইং কুব্বঈ সয়া ॥৪৪॥

বিত্তে (বিত্ত=প্রসিদ্ধ শিষ্য) অচোইএ (অচোদিত=প্রেরিত না হইয়াও) (সমস্ত কার্যে) নিচ্চং (নিত্য) (প্রবর্তবান থাকে) (আচার্যের দ্বারা)

১। "বিনয়বত্তয়া সর্ব্বগুণাশ্রয়ত্বেন প্রসিদ্ধঃ" টীকা ২।

সুচোইএ (প্রেরিত হইলে) খিপ্পং (ক্ষিপ্র=ত্বরান্বিত) হবই (হয়)। (এবং) জহোবইউঠং (যথোপদিষ্ট) সুকয়ং (সুকৃত) কিচ্চাইং (কার্যসমূহ) সয়া (সদা) কুব্বঈ (করে) ॥৪৪॥

বিনীত শিষ্য আচার্য কর্তৃক আদিষ্ট না হইয়াও সদা কার্যে প্রবৃত্ত থাকে। আদিষ্ট হইলে আদেশানুযায়ী কার্য সর্বদা ত্বরান্বিত হইয়া সুসম্পন্ন করে ॥৪৪॥

ণচ্চা ণমই[১] মেহাবী, লোএ কিত্তী য় জায়এ।
হবই কিচ্চাণং সরণং। ভূয়াণং জগঈ জহা ॥৪৫॥

মেহাবী (মেধাবী শিষ্য) (পূর্ববর্ণিত বিনয় শিক্ষা) ণচ্চা (অবগত হইয়া) ণমই (প্রবর্তিত হয়=বিনয়াচরণের প্রতি প্রবর্তিত হয়) (তাহার) লোএ (লোকে) কিত্তী (কীর্তি) য় (ও) জায়এ (হয়)। (এবং সে) কিচ্চাণং (করণীয় কার্যের=পুণ্য কার্যের) সরণং (শরণ=আশ্রয়) হবই (হয়)। জহা (যথা) জগঈ (জগতী=পৃথিবী) ভূয়াণং (ভূতসকলের=প্রাণিসমূহের) (আশ্রয়) ॥৪৫॥

মেধাবী শিষ্য পূর্ববর্ণিত বিনয়শিক্ষা উত্তমরূপে বুঝিয়া তৎপ্রতি প্রবর্তিত হৃদয়ঙ্গমক হইলে লোকে তাহার যশঃ ও কীর্তি বিস্তার লাভ করিবে। পৃথিবী যেমন প্রাণিসমূহের আশ্রয় তদ্রূপ সেই বিনয়বান শিষ্য সদাচরণের আধারভূত হইয়া থাকিবে ॥৪৫॥

পুজ্জা জস্স পসীয়ংতি, সংবুদ্ধা পুব্ব[২] সংথুয়া।
পসন্না লং ভইস্[৩] সংতি, বিউলং অট্ঠিয়ং সুয়ং ॥৪৬॥

সংবুদ্ধা (সংবুদ্ধ=যাঁহারা সম্যক্ প্রকারে তত্ত্ব অবগত আছেন) পুব্বসংথুয়া (পূর্বসংস্তুত=পূর্বপরিচিত) পুজ্জা (পূজ্য=পূজনীয়) (আচার্য) জস্স (যাহার প্রতি) পসীয়ংতি (প্রসন্ন হন=অনুগ্রহ করেন) (তিনি) পসন্না (প্রসন্ন হইয়া) বিউলং (বিপুল) অট্ঠিয়ং (আর্থিক=মোক্ষোৎপাদন=যাহার দ্বারা মোক্ষ লাভ করা যায় এরূপ অথবা বাঞ্ছিত) সুয়ং (শ্রুতজ্ঞান=অঙ্গাদি শাস্ত্রজ্ঞান) লংভইসংতি (লাভ করান=প্রদান করেন) ॥৪৬॥

১। "নমতি তৎকৃত্যং প্রতি প্রহ্বীভবতি" টীকা ২।

২। 'লাভইস্সংতি' টীকা ১। ৩। "পুব্বসংথুয়া পূর্বসংস্তুতাঃ পূর্বং সম্যক্প্রকারেণ স্তুতাঃ পঠনকরণাৎ পূর্ব্বমেব সংস্তুতা বিনয়েন পরিচিতাঃ।" টীকা ১।

তত্ত্বজ্ঞ, পূর্বপরিচিত, পূজনীয় আচার্য যাহার প্রতি অনুগ্রহ করেন তাহাকে তিনি প্রসন্ন হইয়া বিস্তীর্ণ ও মোক্ষার্থপ্রতিপাদক অঙ্গাদি শাস্ত্রের জ্ঞান অর্পণ করেন ॥৪৬॥

স পুজ্জসত্থে সুবিণীয়[১]সংসএ, মণোরুঈ চিট্ঠই কম্মসংপয়া।
তবোসমায়ারি সমাহি সংবুড়ে, সহজ্জুঈ পংচ বয়াইং পালিয়া ॥৪৭॥

স (সে শিষ্য) পুজ্জসত্থে (পূজ্য শাস্ত্র = পূজনীয় শাস্ত্র অধ্যয়ন সম্পন্ন) সুবিণীয়-সংসএ (অপগতসংশয়) মণোরুঈ (মনোরুচি = নির্মলচিত্ত অথবা গুরুর প্রীতি-ভাজন) (হইয়া) কম্মসংপয়া (কর্মসম্পদ্ যুক্ত হইয়া = কর্তব্যকর্ম সম্পাদনে রত হইয়া) চিট্ঠই (অবস্থান করে)। (এবং সে) পংচ (পাঁচ) বয়াইং (ব্রত) পালিয়া (পালন করিয়া) তবোসমায়ারিসমাহিসংবুড়ে (তপসমাচারী = সমাধি সংবৃত = তপস্যাচরণ ও সমাধিযুক্ত) (ও) মহজ্জুঈ (মহাদ্যুতিশালী) (হয়) ॥৪৭॥

যে শিষ্য বিনয়াচরণের দ্বারা গুরুকে প্রসন্ন করে সে অধিগতশাস্ত্র, অপগত-সংশয় ও আচার্যের প্রীতিভাজন হইয়া সাধুর কর্তব্যক্রিয়া সম্পাদন পূর্বক অবস্থান করে এবং সে পঞ্চমহাব্রত পালন করিয়া তপস্যাচরণ ও সমাধিযুক্ত হইয়া মহাদ্যুতিশালী হয় অর্থাৎ তপোজন্য তেজসম্পন্ন হয় ॥৪৭॥

স দেব গংধব্ব মণুস্স পুইএ, চইত্তু দেহং মলপংকপুব্বয়ং।
সিদ্ধে বা হবই সাসএ, দেবে বা অপ্পরএ[২] মহিড্ঢিএ ত্তি বেমি ॥৪৮॥

স (সে) (শিষ্য) দেবগংধব্বমণুস্সপুইএ (দেব গন্ধর্ব মনুষ্য পূজিত) মলপংক-পুব্বয়ং (মলপঙ্কপূর্বক = মলপঙ্কের যাহা প্রথম কারণ = শুক্রশোণিতের দ্বারা নির্মিত) দেহং (দেহ) চইত্তু (ত্যাগ করিয়া) সাসএ (শাশ্বত = সর্বকাল-স্থায়ী) সিদ্ধে (সিদ্ধ = মুক্ত, মোক্ষপ্রাপ্ত) হবই (হয়) বা (অথবা) অপ্পরএ (অল্পরজঃ = অল্পকর্মযুক্ত) মহিড্ঢিএ (মহর্দ্ধিক = মহাঐশ্বর্যশালী) দেবে (দেব) (হয়)। ত্তিবেমি (এরূপ বলিতেছি) ॥৪৮॥

১। "সুবিনীতসংশয়ঃ সুতরামতিশয়েন বিনীতো দূরীকৃতঃ সংশয়ো যস্য স সুবিনীত সং-শয়োঽপগতসংশয়ো লব্ধরহস্য ইত্যর্থঃ।" টীকা ১।

২। অপ্পরএ—অল্পরজযুক্ত, অল্পকর্মমলযুক্ত। অর্থাৎ যাহার কর্ম ক্ষয় হইতে হইতে অল্প অবশেষ থাকিয়া যায়। জৈন দর্শনে কর্ম দুই প্রকার—দ্রব্যকর্ম ও ভাবকর্ম। মানসিক অধ্যবসায়কে

সেই সদাচারী অধীতশাস্ত্র শিষ্য দেব গন্ধর্ব্ব মনুষ্য পূজিত হইয়া শুক্র-শোণিতাদি অপবিত্র দ্রব্যোৎপন্ন, শরীর ত্যাগ পূর্বক শাশ্বত—অপুনরাবর্তন-শীল—সিদ্ধ বা মুক্ত হয় অথবা অল্পকর্মবিশিষ্ট মহৈশ্বর্যশালী দেবতারূপে উৎপন্ন হয় ॥৪৮॥ এইরূপ বলিতেছি।

ইতি বিনয়শ্রুতঅধ্যয়ন, প্রথম অধ্যয়ন

ভাবকর্ম বলে, আর এক বিশেষ প্রকার অতি সূক্ষ্ম পরমাণুনির্মিত স্কন্ধকে দ্রব্যকর্ম বলে। অধ্যবসায়ের প্রভাবে আকৃষ্ট হইয়া জড় পরমাণুনির্মিত সম্বন্ধসমূহ জীবাত্মার সহিত মিলিত হইয়া আত্মার 'কার্মণ শরীর উৎপন্ন করে ও এই শরীর জীবাত্মার সহিত জন্মজন্মান্তরে নানা যোনিতে পরিভ্রমণ করে। কার্মণ-শরীরকে অন্য দর্শনে লিঙ্গশরীর বলে। বদ্ধ কর্ম দুইভাবে ক্ষরিত হয়; প্রথমতঃ—নির্দিষ্ট সময়ে ফল প্রদান করিয়া স্বতঃই ক্ষরিত হইয়া যায়, দ্বিতীয়তঃ—তপস্যা ধ্যানাদির দ্বারা নির্দিষ্ট সময়ের পূর্বেই আত্মা হইতে এ সেই কর্মস্কন্ধসমূহকে পৃথক করিয়া দেওয়া হয়। আত্মা হইতে কর্মপুদ্গলের আত্যন্তিক বিয়োগ হইলে আত্মার স্বাভাবিক গুণ ও শক্তির পূর্ণ বিকাশ হয়, এবং জন্মজরামরণ হইতে চিরতরে নিবৃত্তি হয়। ইহাই মুক্তাবস্থা, সিদ্ধাবস্থা বা নির্বাণ। কিন্তু একটিমাত্র মনুষ্যজন্মে কর্মের আত্যন্তিক ক্ষয় নাও হইতে পারে। সংযত, ত্যাগী সন্ন্যাসীর সদাচারময় জীবনে, শাস্ত্রানুযায়ী আচরণ, তপস্যা, ধ্যান প্রভৃতি দ্বারা কর্মক্ষয় করিতে করিতে ও কিছু কর্ম অবশিষ্ট থাকিয়া যায়, সে সময়ে আয়ুক্ষয়ে মৃত্যু হইলে সেই জীবের দেবলোকে মহর্দ্ধিক দেবরূপে জন্ম হয় ও দেবলোকসুলভ সুখভোগ করিয়া তথাকার অতি দীর্ঘআয়ুক্ষয়ে পুনরায় মানবজন্ম গ্রহণ করিয়া অবশিষ্ট কর্মক্ষয় করিয়া মুক্তিলাভ করে অথবা আরও কয়েকবার জন্মগ্রহণ করিয়া মুক্ত হয়। এই স্থলে এই অবস্থাকে "অল্পরজ" শব্দের দ্বারা ব্যক্ত করা হইয়াছে। সচ্চরিত্রসম্পন্ন সাধু অল্প কর্ম অবশেষ থাকিতে মৃত্যুপ্রাপ্ত হইলে দেবলোকে মহর্দ্ধিক ও মহাদ্যুতিশালী দেবতারূপে জন্মগ্রহণ করে।

দ্বিতীয় অধ্যয়ন

সুয়ং মে আউসং ! তেণং ভগবয়া এবমক্খায়ং—ইহ খলু বাবীসং পরীসহা সমণেণং ভগবয়া মহাবীরেণং কাসবেণং পবেইয়া[১]। জে ভিক্খূ সুচ্চা ণচ্চা জিচ্চা[২] অভিভূয় ভিক্খায়রিয়াএ পরিব্বয়ংতো পুট্ঠো ন বিণিহণিজ্জা[২] ॥

আউসং (হে আয়ুষ্মন্) মে সুয়ং (আমার কর্তৃক শ্রুত হইয়াছে=আমি শ্রবণ করিয়াছি) তেণং ভগবয়া (সেই ভগবান কর্তৃক) এবমক্খায়ং (এরূপ আখ্যাত হইয়াছে)। ইহ খলু (এস্থলে) বাবীসং (দ্বাবিংশতি=বাইশটী) পরীসহা (পরীষহ) সমণেণং (শ্রমণ) ভগবয়া (ভগবান) কাসবেণং (কাশ্যপগোত্রীয়) মহাবীরেণং (মহাবীরের দ্বারা) পবেইয়া (সাক্ষাৎরূপে জ্ঞাত হইয়া বর্ণিত হইয়াছে)। জে (যাহা) ভিক্খূ (ভিক্ষু=সাধু) সুচ্চা (শ্রবণ করিয়া) ণচ্চা (জ্ঞাত হইয়া) জিচ্চা (জয় করিয়া=বারংবার অভ্যাসের দ্বারা আয়ত্ত করিয়া) অভিভূয় (অভিভূত করিয়া) ভিক্খায়রিয়াএ (ভিক্ষাচর্যায়) পরিব্বয়ংতো (পরিব্রজন করিতে করিতে=পরিভ্রমণ করিবার সময়) পুট্ঠো (স্পৃষ্ট=স্পর্শিত, পীড়িত) (হইয়া) ন বিণিহণিজ্জা (বিনাশপ্রাপ্ত হইবে না=সংযম হইতে ভ্রষ্ট হইবে না)।

সুধর্মস্বামী জম্বুস্বামীকে সম্বোধন করিয়া বলিতেছেন হে আয়ুষ্মান্ শিষ্য, আমি যেরূপ শ্রবণ করিয়াছি সেই ভগবান মহাবীর কর্তৃক এরূপ আখ্যাত হইয়াছে :—"শ্রমণ ভগবান কাশ্যপগোত্রীয় মহাবীর বাইশপ্রকারের পরীষহ স্বয়ং সাক্ষাৎরূপে জ্ঞাত হইয়া বিবৃত করিয়াছেন যাহা ভিক্ষুগণ শ্রবণ করিয়া, জ্ঞাত হইয়া, অভ্যাসের দ্বারা আয়ত্ত করিয়া, জয় করিয়া ভিক্ষাচর্যায় পরিভ্রমণ করিবার সময় সেই পরীষহের দ্বারা অভিভূত হইয়া বিনাশপ্রাপ্ত না হয় বা সংযম পরিত্যাগ না করে ॥

১। "প্রবেদিতাঃ প্রকর্ষেণ স্বয়ং কেবলজ্ঞানেন সাক্ষাৎ জ্ঞাত্বা" টীকা ২।

২। 'বিহন্নিজ্জা' টীকা ১। "ন বিহন্যেত সংযমরূপশরীরপাতেনন ম্রিয়েত"

কয়রে খলু তে বাবীসং পরীসহা সমণেণং ভগবয়া মহাবীরেণং কাসবেণং পবেইয়া, জে ভিক্খূ সুচ্চা ণচ্চা জিচ্চা অভিভূয় ভিক্খায়রিয়াএ পরিব্বয়ন্তো পুট্ঠো ন বিণিহণিজ্জ ॥

(জম্বুস্বামী প্রশ্ন করিতেছেন) কয়রে খলু (কি কি=তাহাদের নাম কি ?) তে (সেই) বাবীসং (দ্বাবিংশ=বাইশ) পরীসহা (পরীষহ) (যাহা) সমণেণং (শ্রমণ) ইত্যাদি পূর্ববৎ ॥

জম্বুস্বামী জিজ্ঞাসা করিলেন সেই বাইশ পরীষহ কি কি যাহা শ্রমণ ভগবান্ কাশ্যপ গোত্রীয় মহাবীর বিবৃত করিয়াছেন ? যাহা ভিক্ষুগণ শ্রবণ করিয়া, জ্ঞাত হইয়া, অভ্যাসের দ্বারা আয়ত্ত ও পরাজিত করিয়া ভিক্ষাচর্যায় পরিভ্রমণ করিবার সময় সেই সমস্ত পরীষহের দ্বারা অভিভূত হইয়া সংযম হইতে বিচলিত না হয় ॥

ইমে খলু তে বাবীসং পরীসহা সমণেণং ভগবয়া মহাবীরেণং কাসবেণং পবেইয়া, জে ভিক্খ সুচ্চা ণচ্চা অভিভূয় ভিক্খায়রিয়াএ পরিব্বয়ন্তো পুট্ঠো ন বিণিহণিজ্জা ॥

(শব্দার্থ পূর্ববৎ)

ইহাই সেই বাইশ পরীষহ যাহা শ্রমণ ভগবান কাশ্যপ গোত্রীয় মহাবীর বিবৃত করিয়াছেন যাহা ভিক্ষুগণ শ্রবণ করিয়া……ইত্যাদি পূর্ববৎ ॥

১। দিগিংছাপরীসহে=ক্ষুধাপরীষহ।

২। পিবাসাপরীসহে=পিপাসাপরীষহ।

৩। সীয়পরীসহে=শীতপরীষহ।

৪। উসিণপরীসহে=উষ্ণপরীষহ।

৫। দংসমসয়পরীসহে=দংশমশকপরীষহ=দংশ অর্থাৎ ডাঁশ, বড় মশা ; মশক অর্থাৎ সাধারণ মশা ; তদ্দ্বারা উৎপন্ন কষ্ট ডাঁশ ও মশার কামড়ের দ্বারা উৎপন্ন কষ্ট।

৬। অচেলপরীসহে=অচেল=বস্ত্রাভাব বা ছিন্ন ও মলীন বস্ত্র, তজ্জন্য উৎপন্ন কষ্ট=অচেল পরীষহ।

৭। অরইপরীসহে=অরতিপরীষহ=সংযম পালনে মনে গ্লানি উৎপন্ন হওয়াকে অরতিপরীষহ কহে।

৮। ইত্থীপরীসহে=স্ত্রীপরীষহ=স্ত্রীলোকদর্শনে অধৈর্য উৎপন্ন হওয়াকে স্ত্রীপরীষহ কহে।

৯। চরিয়াপরীসহে = চর্যাপরীষহ = গ্রামানুগ্রাম ভ্রমণ করিতে যে কষ্ট হয় তাহা।

১০। নিসীহিয়াপরীসহে = নৈষেধিকীপরীষহ = অবস্থান করিবার বা স্বাধ্যায়াদি করিবার স্থানের জন্য যে কষ্ট।

১১। সিজ্জাপরীসহে = শয্যাপরীষহ = শয়ন করিবার স্থানের জন্য যে কষ্ট।

১২। অক্কোসপরীসহে = আক্রোশপরীষহ = কোন ব্যক্তি কর্তৃক ভৎর্সিত বা তিরস্কৃত হইলে যে কষ্ট।

১৩। বহপরীসহে = বধপরীষহ = কোন ব্যক্তি কর্তৃক আঘাত বা তাড়না প্রাপ্ত হইলে যে কষ্ট।

১৪। জায়ণাপরীসহে = যাচনাপরীষহ = কোনও বস্তু কাহারও নিকট প্রার্থনা করিতে যে মানসিক গ্লানি।

১৫। অলাভপরীসহে = অলাভপরীষহ = অভিলষিত বস্তু প্রাপ্ত না হইলে যে কষ্ট।

১৬। রোগপরীসহে = রোগপরীষহ = রোগোৎপন্ন হইলে যে কষ্ট।

১৭। তণফাসপরসহে = তৃণস্পর্শ পরীষহ = ভ্রমণ করিবার সময় বা বসিবার সময় তৃণ বা কণ্টকাদি দ্বারা যে কষ্ট।

১৮। জল্লপরীসহে = মলপরীষহ = শরীরে মলাদি সঞ্চিত হইলে তজ্জনিত যে কষ্ট।

১৯। সক্কারপুরক্কারপরীসহে = সৎকারপুরষ্কারপরীষহ = সৎকৃত বা পুরষ্কৃত হইলে অভিমান করা অথবা সৎকৃত পুরষ্কৃত না হইলে দুঃখ করা রূপ পরীষহ।

২০। পণ্ণাপরীসহে = প্রজ্ঞাপরীষহ = বিশেষ জ্ঞান হইলে অন্যকৃত প্রশংসাদি দ্বারা অভিভূত হওয়া বা গর্বানুভব করা রূপপরীষহ।

২১। অন্নাণপরীসহে = অজ্ঞানপরীষহ = জ্ঞানাভাবের জন্য দুঃখ করা রূপ পরীষহ।

২২। দংসণপরীসহে = দর্শনপরাষহ = অন্য ধর্মের মত শ্রবণ করিয়া স্বধর্ম হইতে বিচলিত হওয়াকে দর্শনপরীষহ কহে।

পরীসহাণং পবিভত্তী, কামবেণং পবেইয়া।
তং ভে উদাহরিস্সামি, আণুপুব্বিং সুণেহ মে ॥১॥

কাসবেণং (কাশ্যপগোত্রীয় মহাবীরের দ্বারা) পবেইয়া (প্ররূপিত) পরীসহাণং (পরীষহসমূহের) পবিভত্তী (প্রবিভক্তি=বিভাগ) তং (তাহা) তে (তোমাদের নিকট) উদাহরিস্সামি (বলিতেছি) মে (আমার কথা) আণুপুব্বিং (অনুক্রমে=ক্রমান্বয়ে) সুণেহ (শ্রবণ কর) ॥১॥

হে শিষ্য, কাশ্যপগোত্রীয় মহাবীর পরীষহসমূহের বিভাগ যেরূপ প্ররূপিত করিয়াছেন তাহা তোমাদের নিকট বলিতেছি, ক্রমান্বয়ে শ্রবণ কর ॥১॥

দিগিংছা[১] পরিগএ দেহে, তবস্সী ভিক্খূ থামবং।
ন ছিংদে ন ছিংদাবএ, ন পএ ন পয়াবএ ॥২॥

তবস্সী (তপস্বী) থামবং (মনোবলযুক্ত=দৃঢ়মনা) ভিক্খূ (সাধু) দেহে (শরীরে) দিগিংছা (ক্ষুধা) পরিগএ (ব্যাপ্ত হইলে=অভিভূত হইলে) (স্বয়ং) ন ছিংদে (ছেদন করিবে না=ফলাদি কাটিবে না) ন ছিংদাবএ (ছেদন করাইবে না) ন পএ (স্বয়ং পাক করিবে না) (বা) ন পয়াবএ (অন্যের দ্বারা পাক করাইবে না) ॥২॥

তপস্বী দৃঢ়মনা সাধু ক্ষুধা দ্বারা অভিভূত হইলেও স্বয়ং ফলাদি কাটিয়া বা অন্যের দ্বারা কাটাইয়া খাইবে না, অথবা স্বয়ং অন্নাদি রন্ধন করিয়া, বা অন্যের দ্বারা রন্ধন করাইয়া খাইবে না ॥২॥

কালীপব্বংগসংকাসে, কিসে ধমণিসংতএ।
মায়ণ্ণে অসণপাণস্স, অদীণমণসো চরে ॥৩॥

(তপস্বী সাধু) কালীপব্বংগসংকাসে (কালীপর্বাঙ্গসংকাশ=কাকজঙ্ঘার পর্ব যেমন মধ্যে শীর্ণ ও অন্তঃভাগে স্থূল তদ্রূপ অঙ্গ যাহার অর্থাৎ অস্থি-চর্মাবশেষ) কিসে (কৃশ) ধমণিসংতএ (শিরাকীর্ণ) (অঙ্গ হইলেও) অসণপাণস্স (অন্নজলের) মায়ণ্ণে (মাত্রাজ্ঞ=পরিমাণের জ্ঞাতা) অদীণমণসো (দীনমনা না হইয়া=ব্যাকুলিত চিত্ত না হইয়া) চরে (সংযম পালন করিবে)॥৩॥

তপস্বী সাধু ঘোর তপস্যার দ্বারা কৃশ, অস্থিচর্মসার ও শিরাকীর্ণ শরীর হইলেও আহারলোলুপতা ত্যাগ করিয়া পরিমিত আহার সেবনপূর্বক অব্যাকুল-চিত্তে সংযম পালন করিতে থাকিবে ॥৩॥

ইতি দিগিংছাপরীষহে

১। 'দিগংছা' টীকা ১।

তও পুট্ঠো পিবাসাএ, দুগুংছী[১] লজ্জসংজএ[২]
সীওদগং[৩] ন সেবিজ্জা, বিয়ড়স্‌সেসণং চরে ॥৪॥

তও (তাহার পর = ক্ষুধা পরীষহের পর) পিবাসাএ (পিপাসার দ্বারা) পুট্ঠো স্পৃষ্ট = অভিভূত = পীড়িত) (হইলেও) দুগুংছী (অনাচারের জন্য ভীত) লজ্জসংজএ (লজ্জাসংযত = লজ্জাবান) (সাধু) সীওদগং (শীতোদক = শীতল জল অপ্রাসুকজল) ন সেবিজ্জা (সেবন করিবে না = পান করিবে না) (কিন্তু) বিয়ড়স্‌স (বিকৃতের = বিকারপ্রাপ্ত জলের = প্রাসুক জলের) এসণং (অন্বেষণের জন্য) চরে (পর্য্যটন করিবে) ॥৪॥

তাহার পর পিপাসার দ্বারা পীড়িত হইলেও সদাচার নষ্ট হইয়া যাইবে এই ভয়ে ভীত, লজ্জাবান সাধু স্বাভাবিক শীতল জল পান করিবে না কিন্তু বিকৃত অর্থাৎ উত্তাপের দ্বারা ফুটান বা অন্য উপায়ে রসবর্ণাদি পরিবর্তিত করা হইয়াছে এরূপ জল অন্বেষণের জন্য গৃহস্থগৃহাদিতে পর্যটন করিবে ॥৪॥

ছিন্নাবাএসু[৫] পংথেসু, আউরে সুপিবাসিএ।
পরীসুক্কমুহে[৬] দীণে তং তিতিক্‌খে পরীসহং ॥৫॥

ছিন্নাবাএসু (মনুষ্যের গমনাগমনেন শূন্য) পংথেসু (পথে = মার্গে) সুপিবাসিএ

১। "জুগুপ্সকোঽনাচারস্য" টীকা ২। "অনাচারাদ্ভীতঃ" টীকা ১।
'দুগংছা' টীকা ১।

২। লজ্জসংজএ = লজ্জাবান সাধু। যাহার লজ্জা নাই এরূপ নির্লজ্জ সাধু অনাচার সেবন করিতে পারে কিন্তু লজ্জাবান ধর্মভীরু সাধু আচারভ্রষ্ট হইতে পারে না। এইরূপ অর্থে লজ্জসংজএ শব্দ প্রয়োগ করা হইয়াছে।

৩। সীওদগং = শীতল জল। স্বাভাবিক শীতল জল যাহা গরম করা হয় নাই বা ছাই প্রভৃতি মিশ্রিত করিয়া যাহার স্বাদ বর্ণাদি পরিবর্তন করা হয় নাই তাহাকে অপ্রাসুক জল বলে। এরূপ জল সাধুকে পান করিতে নিষেধ করা হইয়াছে।

৪। বিয়ড়স্‌স = বিকৃত অর্থাৎ যে জল ফুটাইয়া পরে ঠাণ্ডা করা হইয়াছে বা যাহাতে ছাই প্রভৃতি মিশাইয়া বিকৃত করা হইয়াছে তাহাকে প্রাসুক জল বলে। এরূপ জল সাধুর গ্রহণ করিবার যোগ্য। জৈনমতে জল অপ্‌কায় নামক একেন্দ্রিয় জীবের শরীর, তজ্জন্য সাধুর পক্ষে হিংসা হইবে বলিয়া স্বাভাবিক জল পান করা নিষেধ। জলকে ফুটাইয়া লইলে বা অন্য প্রকারে সংশোধন করিয়া লইলে জীবশূন্য হয় তখন তাহা সাধুর পানযোগ্য হয়। ইহাকে প্রাসুক বা জীবশূন্য জল বলে।

৫। "ছিন্নাপাতেষু অপগতজলসঞ্চারেষু" টীকা ২।

৬। 'পরীসুক্কমুহোদীণো' টীকা ২।

(অত্যন্ত পিপাসিত) আউরে (আতুর=কাতর) পরীসুক্কমুহে (পরিশুষ্কমুখ) (হইলেও) অদীণে (অদীন=দীনতাশূন্য হইয়া) তং (সেই) পরীষহং (পিপাসা পরীষহকে) তিতিক্খে (সহ্য করিবে) ॥৫॥

সাধু এক স্থান হইতে স্থানান্তরে যাতায়াতকালে নির্জন পথে অত্যন্ত পিপাসিত হইয়া পরিশুষ্কমুখ ও কাতর হইলেও দীনতা পরিত্যাগ করিয়া ধৈর্যের সহিত পিপাসা পরীষহ সহ্য করিবে ॥৫॥

ইতি পিপাসাপরীষহ

চরংতং বিরয়ং লূহং, সীয়ং ফুসই এগয়া।
নাইবেলং[১] মুণী গচ্ছে, সুচ্চাণং জিণসাসণং ॥৬॥

এগয়া (একদা) চরংতং (বিচরণ করিতে করিতে) বিরয়ং (বিরত=অগ্নি জ্বালাইতে বিরত) লূহং (রুক্ষ=তৈলাদি লেপন না করায় রুক্ষ শরীর) (সাধু) (যদি) সীয়ং (শীত) ফুসই (স্পর্শ করে) জিনসাসণং (জিনশাসন=জিনাগম) সুচ্চাণং (শ্রবন করিয়া) আইবেলং (স্বাধ্যায়াদির সময় অতিক্রম করিয়া) ন গচ্ছে (যাইবে না=অন্যস্থানে যাইবে না)

অগ্নিপ্রজ্বালনাদি কার্য হইতে বিরত রুক্ষাঙ্গ সাধু যদি কখনও বিচরণ করিতে করিতে শীতের দ্বারা অভিভূত হয় তবে জিনাগমের আদেশ স্মরণ করিয়া স্বাধ্যায়ধ্যানাদির সময় অতিক্রমপূর্বক অন্যস্থানে যাইবে না। কিন্তু শীতপরীষহ সহ্য করিবে ॥৬॥

ন মে নিবারণং অত্থি, ছবিত্তাণং ন বিজ্জই।
অহং তু অগ্গিং সেবামি, ইই ভিক্খূ ন চিংতএ ॥৭॥

ভিক্খূ (সাধু) মে (আমার) নিবারণং (শীত নিবারণের স্থান=গৃহাদি) ন অত্থি (নাই) ছবিত্তাণং (ছবিত্রাণ=ত্বক্‌ত্রাণ=শরীর রক্ষার জন্য বস্ত্র কম্বলাদি) ন বিজ্জই (নাই) তু (তজ্জন্য) অহং (আমি) অগ্গিং (অগ্নি) সেবামি (সেবন করিব) ইই (এইরূপ) ন চিংতএ (চিন্তা করিবে না) ॥৭॥

সাধু শীতনিবারণের জন্য আমার গৃহাদি বা বস্ত্রকম্বলাদি নাই ; আমি অগ্নির তাপ সেবন করিব এইরূপ চিন্তা করিবেন না ॥৭॥

ইতি শীতপরীষহ

১। 'নাইবেলং বিহন্নিজ্জা, পাবদিট্ঠী বিহন্নই' টীকা ৩।

উসিণ[১] পরিয়াবেণং, পরিদাহেণ[২] তজ্জিত্র।
ঘিংসুবা পরিয়াবেণং, সায়ং নো পরিদেবএ ॥৮॥

(সাধু) উসিণ পরিয়াবেণং (উষ্ণ পরিতাপের দ্বারা=ভূমি ও প্রস্তরাদি উত্তপ্ত হইলে তজ্জনিত কষ্টের দ্বারা) পরিদাহেণ (অত্যন্ত গরমের দ্বারা) তজ্জিএ (তর্জিত=পীড়িত) ঘিংসু (গ্রীষ্মকালে) বা (অথবা শরৎকালে) পরিয়াবেণং (পরিতাপ=তীব্র রৌদ্রের দ্বারা) (পীড়িত হইয়া) সায়ং (সুখের জন্য) নো পরিদেবএ (অনুতাপ করিবে না=বিলাপ করিবে না) ॥৮॥

সাধু উত্তপ্ত ভূমি ও প্রস্তরাদির উত্তাপে কিংবা অত্যন্ত গরমে ঘর্মাদি ও পিপাসাদি দ্বারা কাতর হইলে কিংবা গ্রীষ্ম ও শরৎকালের তীব্র রৌদ্রের দ্বারা তপ্ত হইলে শীতোপচারজনিত সুখের জন্য খেদোক্তি করিবে না ॥৮॥

উণ্হাহিতত্তো মেহাবী, সিণাণং নো বি পত্থএ।
গায়ংনো পরিসিংচিজ্জা, ন বীইজ্জা য় অপ্পয়ং ॥৯॥

মেহাবী (মেধাবী সাধু) উন্হাহিতত্তো (উষ্ণাভিতপ্ত=গরমে অত্যন্ত পীড়িত) (হইয়াও) সিণাণং (স্নান) নো বি পত্থএ (প্রার্থনা করিবে না=ইচ্ছা করিবে না) গায়ং (গাত্র=শরীর) নো পরিসিংচিজ্জা (জলের দ্বারা ভিজাইবে না) য় (এবং) অপ্পয়ং (নিজকে) ন বীইজ্জা (বীজন করিবে না=বাতাস করিবে না) ॥৯॥

মেধাবী সাধু অত্যন্ত গরমের দ্বারা তপ্ত হইলেও স্নানে ইচ্ছা করিবে না, জলের দ্বারা গাত্র সিঞ্চন করিবে না, বা শরীরে বাতাস ব্যজন করিবে না ॥৯॥

ইতি উষ্ণপরীষহ

পুট্ঠো য় দংসমসএহিং, সমরেব[৩] মহামুণী।
ণাগো সংগামসীসে বা[৪], সূরো অভিহণে[৫] পরং ॥১০॥

১। 'উসিণপরিতাবেণং' টীকা ২।

২। "বহিঃ স্বেদমলাভ্যাং বহ্নিনা বাহ্যশ্চ তৃষ্ণাজনিতদায়স্বরূপেণ" টীকা ২।

৩। "'সমরেবত্তি' রেফস্য প্রাকৃতশৈল্যাহলাক্ষণিকত্বাৎ সম এব স্পৃষ্টাস্পৃষ্টাবস্থয়োঃ তুল্য এব"। টীকা ২।

৪। "বাশব্দস্যেবার্থস্যাত্র" টীকা ২।

৫। 'অভিভবে' টীকা ৩।

মহামুণী (মহামুনি) দংসমসএহিং (ডাঁশ ও মশার দ্বারা) পুট্ঠো য় (স্পৃষ্ট হইলেও=উপদ্রুত হইলেও) সমরেব (সমভাব) অবলম্বন করিয়া থাকিবে)। সংগামসীসে (সংগ্রামশীর্ষে=সংগ্রামের পুরোভাগে) ণাগো বা (নাগ= হস্তীর ন্যায়) (অথবা) সূরো (শূর=বীর) (এর ন্যায়) (সাধু) পরং (শত্রুকে) অভিহণে (জয় করিবে) ॥১০।

ডাঁশ ও মশকাদির দ্বারা উপদ্রুত হইলেও মহামুনি সাম্যাবলম্বন করিয়া থাকিবে এবং হস্তী বা বীর যোদ্ধা যেমন সংগ্রামের পুরোভাগে থাকিয়া শরাদির দ্বারা অভিহত হইলেও শত্রুকে জয় করে তদ্রূপ সাধু মশকাদির দ্বারা উপদ্রুত হইলেও ক্রোধাদি অন্তঃশত্রু কে জয় করিবে ॥১০॥

ন সংতসে ন ন বারিজ্জা, মণং পি ন পওসএ।
উবেহে ন হণে পাণে, ভুংজংতে মংস সোণিয়ং ॥১১॥

(মশকাদি) মংস সোণিয়ং (মাংস ও শোণিত) ভুংজংতে (আহার করিতে থাকিলে) (সাধু) ন সংতসে (ত্রাসপ্রাপ্ত হইবে না=উদ্বিগ্ন হইবে না) ন বারিজ্জা (নিবারণ করিবে না) মণং পি (মনকেও) ন পওসএ (প্রদূষিত= কলুষিত করিবে না) (কিন্তু) উবেহে (উপেক্ষা করিবে=উদাসীনতা প্রকাশ করিবে) (এবং) পাণে (প্রাণিগণকে) ন হনে (হনন=বধ করিবে না) ॥১১॥

ডাঁশ, মশক, জলৌকাদি মাংস শোণিত ভক্ষণ করিতে থাকিলে সাধু উদ্বিগ্ন হইবে না, বা তাহাদিগকে নিবারণ করিবে না এবং ক্রোধাদি আনয়ন করিয়া মনকে দূষিত করিবে না কিন্তু এরূপ দংশনাদিতে উপেক্ষা প্রদর্শন করিবে ও ঐ সমস্ত প্রাণিগণকে বধ করিবে না ॥১১॥

ইতি দংশমশকপরীষহ

পরিজুণ্ণেহিং বত্থেহিং, হোক্খামিত্তি অচেলএ।
অদুবা সচেলএ হোক্খং, ইই ভিক্খু ন চিংতএ ॥১২॥

ভিক্খু (ভিক্ষু) বত্থেহিং (বস্ত্র) পরিজুন্নেহিং (পরিজীর্ণ=অত্যন্ত জীর্ণ হইলে) অচেলএ (অচেলক=বস্ত্ররহিত) হোক্খামিত্তি (হইব এইরূপ) অদুবা (অথবা) সচেলএ (সচেলক=বস্ত্রসহিত) হোক্খং (হইব) ইই (এইরূপ) ন চিংতয়ে (চিন্তা করিবে না) ॥১২॥

বস্ত্র অত্যন্ত জীর্ণ হইলে আমি অচেলক (বস্ত্ররহিত) হইয়া যাইব অথবা

বস্ত্রসহিত থাকিব ভিক্ষু এইরূপ চিন্তা করিবে না। (আমায় জীর্ণবস্ত্র দেখিয়া কোনও ধর্মাত্মা আমাকে বস্ত্র দান করিলে আমি সচেলক বা সবস্ত্র হইব এরূপ চিন্তাও মনে আসিবে না=টীকা ২।) ॥১২॥

এগয়া অচেলএ হোই সচেলে আবি এগয়া।
এয়ং ধম্মহিয়ং ণচ্চা, ণাণী নো পরিদেবএ ॥১৩॥

এগয়া (একদা=কখন) অচেলএ (নির্বস্ত্র) হোই (হয়) এগয়া আবি (কখনও) সচেলে (সবস্ত্র) (থাকে) এয়ং (এরূপ) (উভয় অবস্থাই) ধম্মহিয়ং (ধর্মহিতকর) ণচ্চা (জানিয়া) ণাণী (জ্ঞানী) নো পরিদেবএ (পরিতাপ করিবে না) ॥১৩॥

কখন নির্বস্ত্র, কখনও সবস্ত্র হইলে উভয় অবস্থাই ধর্মহিতকর মনে করিয়া জ্ঞানী সাধু পরিতাপ করিবে না। (বস্ত্ররহিত অবস্থাকে জিনকল্প অবস্থা ও সবস্ত্র অবস্থাকে স্থবিরকল্প অবস্থা বলিয়া টীকাকারগণ বর্ণনা করিয়াছেন) ॥১৩॥

ইতি অচেলপরীষহ

গামাণুগামং রীয়ংতং, অণগারং অকিংচণং।
অরঈ অণুপ্পবিসে[১], তং তিতিক্খে পরীসহং ॥১৪॥

গামাণুগামং (গ্রামানুগ্রাম) রীয়ংতং (বিচরণ করিতে করিতে) অকিংচণং (অকিঞ্চন=পরিগ্রহরহিত) অণগারং (সাধু) অরঈ (অরতি=সংযমে ধৈর্যাভাব) অণুপ্পবিসে (অনুপ্রবিষ্ট হয়) (তবে) তং (অরতি) পরীসহং (পরীষহকে) তিতিক্খে (সহ্য করিবে=বিচলিত হইবে না) ॥১৪॥

পরিগ্রহরহিত অনগার সাধু গ্রামানুগ্রাম বিচরণ করিবার সময় যদি সংযম পালনে ধৈর্যের অভাব অনুভব করে তবে তাহাতে বিচলিত হইবে না, অরতি পরীষহকে সহ্য করিবে ॥১৪॥

অরইং পিট্ঠও কিচ্চা, বিরএ আয়রক্খিএ।
ধম্মারামে নিরারংভে[২], উবসংতে মুণী চরে ॥১৫॥

মুণী (মুনি=সাধু) অরইং (অরতিকে=অধীরতাকে) পিট্ঠও কিচ্চা

১। 'অণুপ্পবেসেজ্জা' টীকা ৪।
২। তুলনা—"সর্বারম্ভপরিত্যাগী" গীতা ১২।১৬।

(পশ্চাৎ করিয়া=দূর করিয়া) বিরএ (বিরত=হিংসাদি হইতে বিরত) আয়রক্খিএ (আত্মরক্ষিত=দুর্ধ্যানাদি হইতে যে আত্মাকে রক্ষা করিয়াছে =আত্মস্থ), ধম্মারামে (ধর্মে প্রীতিমান) নিরারংভে (আরম্ভরহিত) উবসংতে (উপশান্ত=ক্রোধাদি হইতে উপশান্ত) (হইয়া) চরে (বিচরণ করিবে=সংযম পালন করিবে) ॥১৫॥

অরতি বা অধৈর্যকে দূর করিয়া মুনি বিরত, আত্মস্থ, ধর্মানুরাগী, আরম্ভ-রহিত ও উপশান্ত হইয়া সংযম পালন করিতে থাকিবে ॥১৫॥

ইতি অরতিপরীষহ

সংগো[১] এস মণুস্সাণং, জাও লোগংমি ইত্থিও।
জস্স এআ পরিণ্ণায়া, সুকড়ং তস্স সামণ্ণং ॥১৬॥

লোগংমি (ইহলোকে) ইত্থিও (স্ত্রী) মনুস্সাণং (মনুষ্যের) সংগো (সঙ্গ= আসক্তি=বন্ধন) জাও (হইয়াছে)। এআ (ইহা) (যাহার) (নিকট) পরিণ্ণায়া (পরিজ্ঞাত হইয়াছে) তস্স (তাহার) সামণ্ণং (শ্রামণ্য=শ্রমণ ধর্ম, সাধু ধর্ম) সুকড়ং (সুকৃত=সফল) ॥১৬॥

এই সংসারে স্ত্রী মনুষ্যের বন্ধনের কারণ, যে সাধু ইহা সম্যক্ প্রকারে বুঝিতে পারিয়াছে তাহার শ্রমণাচার সফল হইয়াছে ॥১৬॥

এয়মাদায় মেহাবী, পংকভূয়া উ ইত্থিও।
ন তাহিং বিণিহণ্ণিজ্জা,[২] চরেজ্জত্তগবেসএ[৩] ॥১৭॥

মেহাবী (মেধাবী সাধু) ইত্থিও (স্ত্রী) পংকভূয়াউ (পঞ্চভূত=মুক্তিপথে প্রবৃত্ত লোকের মলিনতাকারক) এয়মদায় (এইরূপ জানিয়া) তাহিং (তাহা দ্বারা=সেই স্ত্রীলোকের দ্বারা) ন বিণিহণ্ণিজ্জা (বিনষ্ট হইবে না=আত্মাকে কলুষিত হইতে দিবে না) (কিন্তু) অত্তগবেসএ (আত্মগবেষক=আত্মচিন্তক) (হইয়া) চরেজ্জ (বিচরণ করিবে=ধর্মপালন করিবে) ॥১৭॥

মেধাবী সাধু স্ত্রীকে মুক্তিমার্গের বিঘ্নকারক মনে করিয়া তাহাদিগের দ্বারা

১। "সজন্তি আসক্তিমনুভবন্তি রাগাদিবশগা জন্তবোঽত্র ইতি সঙ্গঃ" টীকা ৩। তুলনা—"সংগং তত্ত্বা করোতি যঃ," "সঙ্গং ত্যক্ত্বাঽঽত্মশুদ্ধয়ে।" গীতা ৫।১০, ১১।

২। 'বিহণ্ণিজ্জা' টীকা ১।

৩। 'চরে অত্তগবেসএ' টীকা ৩।

নিজের আত্মাকে কলুষিত হইতে দিবে না, কিন্তু আত্মচিন্তাপরায়ণ হইয়া সংযমপালন করিতে থাকিবে ॥১৭॥

ইতি স্ত্রীপরীষহ

এগ[১] এব চরে লাঢ়ে,[২] অভিভূয় পরীসহে।
গামে বা নগরে বাবি, নিগমে বা রায়হাণিএ ॥১৮॥

লাঢ়ে (সাধু) পরীসহে (পরীষহকে) অভিভূয় (অভিভূত করিয়া=জয় করিয়া) গামে (গ্রামে) বা নগরে (অথবা নগরে) বাবি নিগমে (অথবা নিগমে=যে স্থলে বণিক্‌গণ বাস করে) বা রায়হাণিএ (কিংবা রাজধানীতে) এগ এব (একাকী=রাগদ্বেষ বিরহিত হইয়া) চরে (বিচরণ করিবে) ॥১৮॥

সাধু চর্যা পরীষহকে জয় করিয়া গ্রামে, নগরে, নিগমে (যেখানে বণিক্‌গণ বাস করেন) বা রাজধানীতে রাগদ্বেষ বিরহিত হইয়া একাকী বিচরণ করিবে ॥১৮॥

অসমাণো[৩] চরে ভিকখূ, নেব কুজ্জা পরিগ্‌গাহং।
অসংসত্তো গিহত্থেহিং অণিকেও পরিব্বএ ॥১৯॥

ভিকখূ (ভিক্ষু=সাধু) অসমাণো (অসমান=অসদৃশ, অন্য কেহ যাহার সদৃশ নহে) চরে (বিচরণ করিবে) পরিগগহং (পরিগ্রহ=সমত্ববুদ্ধি) নেব কুজ্জা (করিবে না)। গিহত্থেহিং (গৃহস্থের দ্বারা) অসংসত্তো (অসংসক্ত=অনাসক্ত=সম্বন্ধরহিত) অণিকেও (অনিকেত=অনাগার, গৃহশূন্য) (হইয়া) পরিব্বএ (পরিব্রজন করিবে) ॥১৯॥

সাধু অন্য সকলের সহিত অসমান হইয়া বিচরণ করিবে, কোনও পরিগ্রহ রাখিবে না। গৃহস্থের সহিত সম্বন্ধরহিত ও গৃহত্যাগী হইয়া পরিব্রজন করিবে ॥১৯॥

ইতি চর্যাপরীষহে

১। "এগএব রাগদ্বেষবিরহিতঃ" টীকা ৩।

২। "লাঢ়য়তি প্রাসুকৈষণীয়াহারেণ সাধুগুণৈর্বাহ্মানং যাপয়তীতি লাঢ়ঃ, প্রশংসাভিধায়ি বা দেশীপদমেতৎ" টীকা ৩।

৩। "ন বিদ্যতে সমানোঽস্য গৃহিণ্যাশ্রয়মূর্চ্ছিতত্বেন অন্যতীর্থিকেষু বা অনিয়তবিহারাদীনা ইত্যসমানঃ অসদৃশঃ" টীকা ৩।

সুসাণে সুন্নগারে বা, রুকখমূলে ব এগও।
অকুক্কুও[১] ণিসীইজ্জা,[২] ন য় বিত্তাসএ[৩] পরং ॥২০॥

সুসানে (শ্মশানে) সুন্নগারে (শূন্যগৃহে) বা (অথবা) রুক্খমূলে (বৃক্ষমূলে) ব (ও) এগও (একাকী) অকুক্কুও (নিস্পন্দ=স্থির হইয়া) নিসীইজ্জা (বসিবে) য় (এবং) পরং (অন্য প্রাণীকে) ন বিত্তাসএ (ত্রাসিত করিবে না= ভয় দেখাইবে না) ॥২০॥

সাধু শ্মশানে শূন্যগৃহে বা বৃক্ষমূলে একাকী স্থির হইয়া বসিবে। এবং অন্য কোন প্রাণীকে ভয় দেখাইবে না (বা নিজেও ভীত হইবে না) ॥২০॥

তত্থ সে চিট্ঠমাণস্স[৪] উবসগ্গাভিধারএ।
সংকাভীও ন গচ্ছিজ্জা উট্ঠিত্তা অন্নমাসণম্ ॥২১॥

সে (সেই সাধু) তত্থ (তত্র=শ্মশানাদিতে) চিট্ঠমানস্স (উপবিষ্টাবস্থায়) উবসগ্গ (উপদ্রব=আপদ) অভিধারএ (ধারণ করিবে=সহ্য করিবে) সংকাভীও (শঙ্কাভীত=শঙ্কিত) (হইয়া) উট্ঠিত্তা (উঠিয়া) অন্নমাসনং (অন্য আসনে=অন্যস্থানে) ন গচ্ছিজ্জা (যাইবে না) ॥২১॥

শ্মশানদিতে উপবিষ্টাবস্থায় যদি উপসর্গাদি উপস্থিত হয় তবে সাধু তাহা সহ্য করিবে এবং ভীত হইয়া সেই স্থান হইতে উঠিয়া অন্য স্থানে যাইবে না ॥২১॥

(ইতি নৈষেধিকী পরীষহ)

উচ্চাবয়াহিং সিজ্জাহিং, তবস্সী ভিকখূ থামবং।
নাইবেলং বিহন্নিজ্জা,[৫] পাবদিট্ঠী বিহন্নই ॥২২॥

১। "অকুক্কুচ অশিষ্টচেষ্টারহিতঃ যদ্বা অকুৎকুচঃ কুষ্ঠাদিবিরাধনাভয়াৎ কর্মবন্ধহেতুত্বেন কুৎসিতং হস্তপাদাদিভিরস্পন্দমানঃ" টীকা ৩।

২। 'ণিসীএজ্জা' টীকা ৩।

৩। তুলনা—"যস্মান্নোদ্বিজতে লোকো লোকান্নো দ্বিজতে চ য়ঃ" গীতা ১২।১৫।

৪। 'অচ্ছমানসস' টীকা ২। 'অথমানস্স' টীকা ১।

৫। 'বিহন্নেজ্জা' টীকা ১। "বিহন্যাৎ হনের্গত্যর্থত্বাৎ ন শীতাদ্যভিভূতঃ স্থানান্তরং গচ্ছে" টীকা ২; "সদ্গুণযুক্তাং শয্যাং লব্ধ্বা হর্ষভাগ্ ন ভবেৎ, গুণৈর্হীনাং শয্যাং লব্ধ্বা বিষাদভাগ্ন স্যাৎ" টীকা ১।

তবস্সী (তপস্বী) ভিকখূ (ভিক্ষু) উচ্চাবয়াহিং (উচ্চাবচ=উচুনীচু=অনুকূল প্রতিকূল) সিজ্জাহিং (শয্যাতে=বাস করিবার স্থানে) থামবং (ধৈর্যবান) (হইয়া) অইবেলং (স্বাধ্যায়াদির বেলা অর্থাৎ সময় অতিক্রম করিয়া) ন বিহন্নিজ্জা (স্থানান্তরে যাইবে না=হর্ষবিষাদাদির দ্বারা অভিভূত হইবে না) পাবদিট্ঠী (পাপদৃষ্টি=আচারহীন) বিহন্নই (অভিভূত হয়=আচারভ্রষ্ট হয়) ॥২২॥

তপস্বী সাধু উচ্চাবচ শয্যাতে বা অনুকূল প্রতিকূল স্থানে ধৈর্যবান হইয়া থাকিবে কিন্তু স্বাধ্যায়াদির সময় অতিক্রম করিয়া আচার ভ্রষ্ট হইবে না বা স্থানান্তরে চলিয়া যাইবে না। শিথিলাচারী সাধু শয্যা উপসর্গের দ্বারা অভিভূত হয় ॥২২॥

পইরিক্ক [১]মুবস্সয়ং লদ্ধুং, কল্লাণং অদুব পাবগং।
কিমেগরাইং করিস্সই, এবং তত্থহিয়াসএ[২] ॥২৩॥

কল্লাণং (কল্যাণকারী=সুখদায়ক) অদুব (অথবা) পাবগং (পাপক=দুঃখজনক, অশোভন) পইরিক্কং (প্রতিরিক্ত=স্ত্রী পশু প্রভৃতি বর্জিত, বাধাশূন্য) উবস্সয়ং (উপাশ্রয়=বাস করিবার স্থান) লদ্ধুং (প্রাপ্ত হইয়া) এগরাইং (একরাত্রিতে) কিং করিস্সই (কি করিবে) এবং (এইরূপ) তত্থ (সেখানে) (বসিয়া) অহিয়াসএ (অধিসহেৎ=শান্তমনে সহ্য করিবে) ॥২৩॥

স্ত্রী পশ্বাদি বর্জিত উপাশ্রয় প্রাপ্ত হইয়া তাহা সুখদায়ক অথবা দুঃখদায়ক যেরূপই হউক না কেন 'এক রাত্রে আমার কি হইবে' এইরূপ বিবেচনা করিয়া সাধু সেখানে থাকিয়া শান্তমনে সুখদুঃখ সহ্য করিবে ॥২৩॥

ইতি শয্যাপরীষহ

অক্কোসিজ্জ পরো ভিকখূং, ন তেসিং পইঁ[৩] সংজলে।
সরিসো হোই বালাণং তম্হা ভিকখূ ন সংজলে ॥২৪॥

১। 'পইরিক্কুবস্সয়ং' টীকা ১। 'পইরিক্কং উবস্সয়ং' টীকা ২। জৈন সাধুদের জন্য বিশেষ ভাবে নির্দিষ্ট গৃহাদি বাসস্থানকে উপাশ্রয় বা চলিত গুজরাটী ভাষায় উপাসরা কহে। জিনকল্পী সাধু একস্থানে একরাত্রি মাত্র থাকিতে পারেন কিন্তু স্থবিরকল্পী সাধু কয়েক রাত্রি অবস্থান করিতে পারেন।

২। "অধ্যাসীত বা অধিসহেৎ" টীকা ২ ও ৩।

৩। 'পরিসংজলে' টীকা ১।

পরো (পর=অন্য লোকে) ভিকখূং (ভিক্ষুকে) অক্কোসিজ্জ (আক্রোশ করিলে=তিরস্কার করিলে) তেসিং পই (তাহার প্রতি) ন সংজলে (ক্রোধ করিবে না=ক্রোধে জলিয়া উঠিবে না) (ক্রোধ করিলে) বালাণং (অজ্ঞানের) সরিসো (সদৃশ) হোই (হয়) তম্হা (তস্মাৎ=তজ্জন্য) ভিক্খূ (ভিক্ষু) ন সংজলে (ক্রোধ করিবে না) ॥২৪॥

অন্য লোকে ভিক্ষুকে তিরস্কার করিলে ভিক্ষু তাহার প্রতি ক্রোধে জলিয়া উঠিয়া উঠিবে না কেননা ক্রোধ করিলে অজ্ঞানের সদৃশ হইয়া যাইবে তজ্জন্য জ্ঞানী ভিক্ষু ক্রোধ করিবে না ॥২৪॥

সোচ্চাণং ফরুসা ভাসা, দারুণা গামকংটয়া।
তুসিণীও উবেহিজ্জা[২], ন তাও মণসী করে ॥২৫॥

দারুণা (দারুণ=কঠোর) গামকংটয়া (গ্রামকণ্টক=ইন্দ্রিয়গ্রামের দুঃখোৎপাদক) ফরুসা (পরুষ=কঠোর) ভাসা (ভাষা) সোচ্চাণং (শ্রবণ করিয়া) তুসিণীও (তুষ্ণীংভূত হইয়া) উবেহিজ্জা (উপেক্ষা করিবে) তাও (তাহাকে) মনসী (মনে) ন করে (করিবে না) (অর্থাৎ মনে আনিবে না) ॥২৫॥

কঠোর, দুঃখোৎপাদক বা কর্কশ শব্দ শ্রবণ করিয়া তুষ্ণীংভূত হইয়া ঐরূপ শব্দকে উপেক্ষা করিবে, এবং মনে কোন আক্রোশ করিবে না ॥২৫॥

ইতি অক্রোশপরীষহ

হও ন সংজলে ভিক্খূ, মণং পি ন পওসত্র।
তিতিক্খং পরমং ণচ্চা ভিক্খূ ধম্মং[৩] বিচিংতএ ॥২৬॥

ভিক্খূ (ভিক্ষু) হও (হত=আঘাত প্রাপ্ত হইলে) ন সংজলে (ক্রোধে জলিয়া উঠিবে না) মণংপি (মনেও) ন পওসত্র (দ্বেষ করিবে না) তিতিক্খং (তিতিক্ষা=ক্ষমাকে) পরমং (উৎকৃষ্ট) ণচ্চা (জানিয়া) ভিক্খূধম্মং (সাধুর ধর্ম) বিচিংতএ (চিন্তা করিবে) ॥২৬॥

ভিক্ষু যষ্ট্যাদি দ্বারা আঘাতপ্রাপ্ত হইলেও ক্রোধান্বিত হইবে না। এবং

২। 'উবেক্খিজ্জা' টীকা ৩।

৩। 'ধম্মংমি চিংতএ' টীকা ৩।

মনেও আঘাতকারীর প্রতি দ্বেষভাব আনিবে না। ক্ষমাকে ধর্মসাধনার উৎকৃষ্ট উপায় মনে করিয়া দশবিধ[১] ভিক্ষুধর্ম চিন্তা করিবে ॥২৬॥

সমণং সংজয়ং দংতং, হণিজ্জা[২] কোই কত্থই[৩]।
নত্থি জীবস্স ণাসোত্তি[৪] এবং[৫] পেহেজ্জ[৫] সংজএ[৫] ॥২৭॥

কোই (কেহ) কত্থই (কোনও স্থানে) সংজয়ং (সংযত=জিতেন্দ্রিয়), দংতং (দান্ত=ক্রোধাদি রহিত) সমণং (শ্রমণকে=সাধুকে) (যদি) হণিজ্জা (হনন করে=প্রাণ সংহার করে অথবা তাড়নাপ্রহারাদি করে) (তবে) সংজএ (সেই সংযত সাধু) জীবস্স (জীবের=আত্মার) নাসোত্তি (নাশ) নত্থি (নাই) এবং পেহেজ্জ (এরূপ প্রেক্ষা করিবে=চিন্তা করিবে) ॥২৭॥

যদি কেহ কোন স্থানে জিতেন্দ্রিয় ও ক্রোধাদিরহিত সাধুকে বধ বা প্রহার করে তবে সেই সংযত সাধু 'আত্মার বিনাশ নাই শরীরই নাশবান্' এইরূপ বিবেচনা করিয়া বধ পরীষহকে সহ্য করিবে ॥২৭॥

ইতি বধপরীষহ

১। "উত্তমঃ ক্ষমামার্দবার্জবশৌচসত্যসংযমতপস্ত্যাগাকিঞ্চন্যব্রহ্মচর্যাণি ধর্মঃ" তত্ত্বার্থাধিগম সূত্র ৯।৬ (ক্ষমা, মার্দব, শৌচ, সত্য, সংযম, তপঃ, ত্যাগ, আকিঞ্চন্য ও ব্রহ্মচর্য এই দশপ্রকার সাধুধর্ম) তুলনা—

"ধৃতিঃ ক্ষমা দমোঽস্তেয়ং শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ।
ধীর্বিদ্যা সত্যমক্রোধো দশকং ধর্মলক্ষণম্ ॥ মনুস্মৃতি ৬।৯২
অভয়ং সত্ত্বসংশুদ্ধির্জ্ঞানযোগব্যবস্থিতিঃ।
দানং দমশ্চ যজ্ঞশ্চ স্বাধ্যায়স্তপ আর্জবং ॥
অহিংসা সত্যমক্রোধস্ত্যাগঃ শান্তিরপৈশুনম্।
দয়া ভূতেষ্বলোলুপ্তং মার্দবং হ্রীরচাপলম্ ॥
তেজঃ ক্ষমা ধৃতিঃ শৌচমদ্রোহো নাতিমানিতা।
ভবতি সম্পদং দৈবীমভিজাতস্য ভারত ॥ গীতা ১৬।১,২,৩ ॥

২। 'হন্নিজ্জা' টীকা ৩। "হন্যাৎ প্রাণাপহারমপি কুর্য্যাৎ" টীকা ১। "হন্যাৎ তাড়য়েৎ" টীকা ৩।

৩। 'কত্থবি' টীকা ৩।

৪। 'নাহুত্তি' টীকা ৩।

৫। 'ন তং পেহে অসাহুবং' টীকা ৩।

দুক্করং খলু ভো নিচ্চং অণগারস্স ভিক্খুণো।
সব্বং মে জাইয়ং হোই নত্থি কিংচি অজাইয়ং ॥২৮॥

ভো (হে শিষ্য) খলু (নিশ্চয়ই) অণগারস্স (গৃহশূন্য=গৃহত্যাগী) ভিক্খুণো (সাধুর=ভিক্ষুর) (জীবন) নিচ্চং (নিত্য) দুক্করং (কষ্টকর) (কেননা) সে (তাহার) সব্বং (সর্ব=আহার উপকরণাদি বস্তু) জাইয়ং (যাচিত) হোই (হয়) কিং চি (কিঞ্চিৎ=কিঞ্চিন্মাত্রও) অজাইয়ং (অযাচিত) নত্থি (নাই) ॥২৮॥

হে শিষ্য, গৃহত্যাগী ভিক্ষুর জীবন নিশ্চয়ই নিত্য কষ্টকর। কেননা তাহার সমস্ত কিছুই অর্থাৎ আহার উপকরণাদি সমস্ত বস্তুই ভিক্ষা করিয়া সংগৃহীত। কোন বস্তুই অযাচিত নহে ॥২৮॥

গোয়রগ্গপবিট্ঠস্স,[১] পাণী নো সুপ্পসারএ।
সেও অগারবাসোত্তি, ইই ভিক্খূ ন চিংতএ ॥২৯॥

গোয়রগ্গপবিট্ঠস্স (গোচরাগ্রপ্রবিষ্ট=ভিক্ষার জন্য গৃহস্থের গৃহে প্রবিষ্ট) (সাধুর) পাণী (হস্ত) (ভিক্ষা গ্রহণের জন্য) ন সুপ্পসারএ (সুপ্রসারিত নহে=ভিক্ষার্থ হস্তপ্রসারণ সুখকর নহে)। ইই (এইজন্য) অগারবাসো (গৃহস্থাবাস) সেও (শ্রেয়ং) ত্তি (ইহা) ভিক্খূ (সাধু) ন চিংতএ (চিন্তা করিবে না) ॥২৯॥

ভিক্ষার জন্য গৃহস্থগৃহে প্রবিষ্ট সাধুর পক্ষে ভিক্ষার্থ হস্তপ্রসারণ করা সুখকর নহে কিন্তু অত্যন্ত কষ্টকর। কিন্তু এই কারণে গৃহস্থাবাসই শ্রেয় এরূপ চিন্তা মনে আনিবে না ॥২৯॥

ইতি যাচনাপরীষহ।

পরেসু ঘাসমেসিজ্জা,[২] ভোয়ণে পরিণিট্ঠিএ।
লদ্ধে পিংডে অলদ্ধে বা, নাণুতপ্পিজ্জ[৩] সংজএ[৪] ॥৩০॥

১। "গৌরিব চরতি যস্মিন্ স গোচরঃ, গোচরেহগ্রং প্রধানপিণ্ডগ্রহণং গোচরাগ্রং তন্নিমিত্তং প্রবিষ্টস্য গৃহস্থগৃহে প্রস্থিতস্য গোচারাগ্রপ্রবিষ্টস্য" টীকা ১।

২। 'গাসমেসিজ্জা' টীকা ১ ও ৩। ঘাসং "গ্রাসং কবলম্ অনেন চ মধুকর বৃত্তিমাহ" টীকা ৩। একস্থানে সম্পূর্ণ আহার না লইয়া কয়েকস্থান হইতে অল্প অল্প করিয়া আহার্য দ্রব্য লইবার নিয়ম। ইহাকে মাধুকরী বৃত্তি কহে। ইহা লক্ষ্য করিয়াই গ্রাস শব্দ ব্যবহৃত হইয়াছে।

৩। 'নাণুতপ্পেয্য' টীকা ১। "নাণুতপ্যেত, ন পশ্চাত্তাপং কুর্য্যাৎ" টীকা ২ ও ৩।

৪। 'পংডিএ' টীকা ১।

সংজএ (সংযত সাধু) ভোয়ণে (ভোজন) পরিণিট্ঠিএ (পরিনিষ্ঠিতে= সম্পূর্ণ প্রস্তুত হইলে) পরেস্থ (পরের নিকটে=গৃহস্থগৃহে) ঘাসং (গ্রাস= আহারের গ্রাস) এসিজ্জা (অন্বেষণ করিবে) পিংডে (পিণ্ড=আহার) লদ্ধে (লব্ধ হইলে=প্রাপ্ত হইলে) বা অলদ্ধে (অথবা অপ্রাপ্ত হইলে) ন অণুতপ্পিজ্জ (অনুতাপ করিবে না) ॥৩০॥

সংযত সাধু গৃহস্থগৃহে ভোজন সম্পূর্ণরূপে প্রস্তুত হইবার পর গ্রাসাহারের অন্বেষণের জন্য যাইবে। আহার প্রাপ্ত হইলে বা না হইলে হর্ষিত বা দুঃখার্ত হইবে না ॥৩০॥

অজ্জেবাহং ন লব্‌ভামি, অবি লাভো স্থএ সিয়া।
জো এবং পড়িসংচিক্‌খে,[১] অলাভো তং ন তজ্জএ ॥৩১॥

অহং (আমি) অজ্জএব (আজই) (আহার) ন লব্‌ভামি (প্রাপ্ত হই নাই) অবি (অপি=কিন্তু) স্থএ (শ্ব=প্রভাতে=আগামী দিনে) লাভো সিয়া (লাভ হইবে) জো (যে) এবং (এরূপ) পড়িসংচিক্‌খে (প্রতিসমীক্ষতে= পর্যালোচনা করে=চিন্তা করে) তং (তাহাকে) অলাভো (অলাভ পরীষহ) ন তজ্জএ (তর্জন করে না=অভিভূত করে না) ॥৩১॥

(সাধু কোন দিন ভিক্ষায় আহার না পাইলে) আমি আজই আহার-প্রাপ্ত হই নাই, আগামীকাল প্রাপ্ত হইব যে এরূপ চিন্তা করে তাহাকে অলাভ পরীষহ অভিভূত করিতে পারে না ॥৩১॥

ইতি অলাভপরীষহ

ণচ্চা উপ্পইয়ং দুক্‌খং, বেয়ণাএ দুহট্ঠিএ।
অদীণো ঠাবএ[২] পণ্ণং, পুট্ঠো তত্থহহিয়াসএ ॥৩২॥

দুক্‌খং (দুঃখ=জরাদি রোগ) উপ্পইয়ং (উৎপতিত=উদ্ভূত) ণচ্চা (জানিয়া) বেয়ণাএ (বেদনার দ্বারা) দুহট্ঠিএ (দুঃখার্তিত=পীড়িত) (হইলেও) অদীণো (অদীন=অবিচলিত) (থাকিয়া) পণ্ণং (প্রজ্ঞা=বুদ্ধি) ঠাবএ (স্থাপন করিবে=স্থির করিবে) তত্থ (তাহার দ্বারা=বেদনার দ্বারা) পুট্ঠো (স্পৃষ্ট=অভিভূত) (হইলেও তাহা) অহিয়াসএ (সহ্য করিবে) ॥৩২॥

১। 'পড়িসংবিক্‌খে' টীকা ২ ও ৩।

২। 'থাবএ' টীকা ৪।

রোগ উৎপন্ন হইয়াছে জানিয়া এবং বেদনার দ্বারা অত্যন্ত পীড়িত হইলেও সাধু অবিচলিত থাকিয়া বুদ্ধি স্থির রাখিবে ও বেদনায় অভিভূত হইলেও (স্থির চিত্তে) সহ্য করিবে ॥৩২॥

তেগিচ্ছং নাভিণন্দিজ্জা, সংচি[১]ক্খহত্তগবেসএ।
এয়ং খু তস্স সামণ্ণং, জং ন কুজ্জা ন কারবে ॥৩৩॥

তেগিচ্ছং (চিকিৎসা) ন অভিণন্দিজ্জা (অভিনন্দন করিবে না=অনুমোদন করিবে না) (কিন্তু) অত্তগবেষএ (আত্মগবেষক=আত্মস্থ) (হইয়া) সংচিক্খে (সমাধিতে থাকিবে) খু (যেহেতু) এয়ং (ইহাই) তস্স (তাহার=সাধুর) সামণ্ণং (শ্রমণ ধর্ম) জং (যে) ন কুজ্জা (করিবে না=স্বয়ং চিকিৎসা করিবে না) ন কারবে (করাইবে না=অন্যের দ্বারাও চিকিৎসা করাইবে না) ॥৩৩॥

সাধু রোগাক্রান্ত হইলে চিকিৎসা অনুমোদন করিবে না কিন্তু আত্ম-চিন্তায় মগ্ন থাকিয়া সমাধিতে থাকিবে কারণ ইহাই তাহার শ্রমণ ধর্ম যে নিজেও চিকিৎসা করিবে না বা অন্যের দ্বারাও করাইবে না।[২] ॥৩৩॥

ইতি রোগপরীষহ

অচেলগস্স লূহস্স, সংজয়স্স তবস্সিণো।
তণেসু সুয়মানস্স[৩], হুজ্জা গায়বিরাহণা ॥৩৪॥

অচেলগস্স (অচেলক=নির্বস্ত্র) লূহস্স (রুক্ষ=রুক্ষদেহ) সংজয়স্স (সংযত) তবস্সিণো (তপস্বীর) তণেসু (তৃণের উপর) সুয়মাণস্স (শায়িত অবস্থায় থাকিলে) গায়বিরাহণা (গাত্রবিরাধনা=অঙ্গব্যথা) হুজ্জা (হয়) ॥৩৪॥

১। "সমীক্ষ্য স্বকর্মফলমেবৈতৎ ভুজ্যতে ইতি পর্যালোচ্য যদ্বা সংচিক্খত্তি অচাং সন্ধি লোপৌ বহুনামিত্যেকারলোপে সংচিক্খে সমাধিনা তিষ্ঠেৎ ন কূজনকর্করায়তাদি্ কুর্যাৎ" টীকা ৩।

২। সাধু দুই প্রকার জিনকল্পী ও স্থবিরকল্পী। জিনকল্পিগণের আচার অত্যন্ত কঠোর। ইঁহারা সম্পূর্ণ নির্বস্ত্র হইয়া লোকালয়ের বাহিরে বনাদিতে ধ্যানমগ্ন থাকেন, কখনও আহার করিবার প্রয়োজন হইলে লোকালয়ে আসিয়া আহার করিয়া প্রস্থান করেন। স্থবিরকল্পিগণ বস্ত্র ও উপকরণধারী, লোকালয়ে থাকিয়া ধর্মপ্রচার ও সংযম পালন করেন। জিনকল্পিকা-পেক্ষয়ায়মাচারঃ স্থবিরকল্পিকাঃ পুনঃ কারয়ন্ত্যপীতি বৃদ্ধসংপ্রদায়ঃ" টীকা ১। অন্য টীকাকারও এইরূপ মত প্রকাশ করিয়াছেন।

৩। 'সয়মান' টীকা ৪।

বস্ত্ররহিত রুক্ষদেহ সংযত তপস্বীর তৃণাদির উপর শয়ন করায় গাত্রবেদনা হয় ॥৩৪॥

আয়বস্স নিবাএণং[১], অউলা হবই বেয়ণা।
এয়ং ণচ্চা ন সেবংতি, তংতুজং তণতজ্জিয়া ॥৩৫॥

আয়বস্স (আতপ=গরম, ঘর্ম) নিবাএণং (নিপাত হইলে=পড়িলে) অউলা (অতুল) বেয়ণা (বেদনা) হবই (হয়) এবং (ইহা) ণচ্চা (জানিয়া) তণ-তজ্জিয়া (তৃণতর্জিত=তৃণের সংস্পর্শে ব্যথিত) (সাধু) তংতুজং (বস্ত্র) ন সেবংতি (সেবন করিবে না=ধারণ করিবে না) ॥৩৫॥

অত্যন্ত গ্রীষ্মে ঘর্মের দ্বারা অতুল কষ্ট হয় ইহা জানিয়াও তৃণস্পর্শে ব্যথিত সাধু বস্ত্রের ইচ্ছা করিবে না, ইহাও জিনকল্পী সাধুর আচার ॥৩৫॥

ইতি তৃণস্পর্শপরীষহ

কিলিণ্ণগাএ মেহাবী, পংকেন ব রএণ বা।
ঘিংসু বা পরিয়াবেণাং[২], সায়ং নো পরিদেবএ ॥৩৬॥

মেহাবী (মেধাবী সাধু) ঘিংসু (গ্রীষ্মকালে) বা (অথবা শরৎকালে) পরিয়াবেণং (পরিতাপের দ্বারা=অত্যন্ত গরমের দ্বারা) পংকেণ (পঙ্কের দ্বারা= ঘর্মোৎপন্ন মলের দ্বারা) বা (অথবা) রএণ (রজের দ্বারা=ধুলির দ্বারা) কিলিণ্ণগাএ (ক্লিষ্টদেহ) (হইলেও) সায়ং (সুখ) (-এর জন্য) নো পরিদেবএ (বিলাপ করিবে না=বাঞ্ছা করিবে না) ॥৩৬॥

গ্রীষ্মকালে বা শরৎকালে প্রচণ্ড গরমে ঘর্মোৎপন্ন মলের দ্বারা অথবা ধূলি দ্বারা ক্লিষ্টদেহ হইলেও মেধাবী সাধু মলাপহার করিয়া সুখের জন্য বিলাপ করিবে না ॥৩৬॥

বেএজ্জ[৩] নিজ্জরাপেহী, আরিয়ং ধর্ম্মমণুত্তরং[৪]।
জাব সরীরভেও ত্তি, জল্লং কাএণ ধারএ ॥৩৭॥

১। 'নিবাএণ' টীকা ৪।
২। 'পরিতাবেণ' টীকা ৪। 'পবিতাবেণং' টীকা ২ ও ৩।
৩। 'বেইজ্জ' টীকা ১ ও ২।
৪। 'ধম্মণুত্তরং' টীকা ৩। ধম্মহণুত্তরং টীকা ৪।

আরিযং (আর্য) অণুত্তরং (অনুত্তর=প্রধান, শ্রেষ্ঠ) ধম্মং (ধর্ম) (প্রাপ্ত) নিজ্জরাপেহী (নির্জরাপেক্ষী=কর্মক্ষয়াভিলাষী) (সাধু মল পরীষহ) বেএজ্জ (সহ্য করিবে) জাব (যে পর্যন্ত) সরীরভেও ত্তি (শরীরভেদ=শরীরপাত, মৃত্যু) (হয়, সে পর্যন্ত) কাএণ (শরীরে) জল্লং (কঠিনতাপন্ন মল=শরীর-লগ্ন শুষ্ক মল) ধারএ (ধারণ করিবে) ॥৩৭॥

শ্রেষ্ঠ ও সর্বোত্তম ধর্মপ্রাপ্ত কর্মক্ষয়াভিলাষী সাধু মল পরীষহ সহ্য করিবে। যে পর্যন্ত শরীরপাত না হয় শরীরে সঞ্চিত মল ধারণ করিবে অর্থাৎ গাত্র পরিষ্কার করিবে না ॥৩৭॥

ইতি মলপরীষহ

অভিবায়ণ মব্‌ভুঠ্‌ঠাণং, সামী কুজ্জা ণিমংতণং।
জে তাইং পড়িসেবংতি, ন তেসিং পীহএ[১] মুণী ॥৩৮॥

সামী (স্বামী=রাজাদি উচ্চপদস্থ ব্যক্তিগণ) অভিবায়ণং (অভিবাদন) অব্‌ভুঠ্ঠাণং (অভ্যুত্থান=সসম্ভ্রমে আসন হইতে উত্থিত হওয়া) (ও) নিমংতণং (নিমন্ত্রণ=ভিক্ষা গ্রহণ করিতে নিমন্ত্রণ) কুজ্জা (করে)। জে (যে সাধু) তাইং (সেই অভিবাদনাদি) পড়িসবংতি (স্বীকার করেন) তেসিং (সেই) (সাধুগণকে) মুণী (জ্ঞানবান্ সাধু) ন পীহএ (স্পৃহা করিবে না=অনুমোদন করিবে না) ॥৩৮॥

রাজাদি বা অন্য রাজপুরুষ যদি সাধুকে বন্দনা ও সৎকার করিয়া আহার গ্রহণের জন্য নিমন্ত্রণ করেন তবে যে সমস্ত সাধু সেইরূপ নিমন্ত্রণ স্বীকার করেন জ্ঞানী সাধু তাহা শাস্ত্রাজ্ঞাবিরুদ্ধ জানিয়া অনুমোদন করিবে না ॥৩৮॥

অণুক্কসাঈ[২] অপ্পিচ্ছে, অপ্পাএসী অলোলুএ।
রসেসু নাণুগিজ্ঝিজ্জা, নাণুতপ্পিজ্জ পন্নবং ॥৩৯॥

অণুক্কসাঈ (অনুৎকশায়ী=মানাপমানে নিরপেক্ষ) অপ্পিচ্ছে (অল্পেচ্ছ= নির্লোভ) অপ্পাএসী (অজ্ঞাতৈষী=অপরিচিত ব্যক্তির নিকট আহারান্বেষণ

১। 'সংপেহএ' টীকা ১।

২। "অনুৎকশায়ী সৎকারাদিনা হর্ষরহিতস্তাদৃশো ভবেৎ, নোৎকোঽনুৎকঃ শেতে ইত্যেবংশীলোঽনুৎকশায়ীতি শব্দার্থঃ, যত্র কশ্চিদাসনদানাভ্যুত্থাননিমন্ত্রণাদিকং করোতি তত্র গমনায় উৎকো ন ভবতি, উৎকণ্ঠিতো ন ভবতি, অথবাণুকষায়ী, সৎকারাদিকং যো ন করোতি তস্মৈ ক্রোধমকুর্বাণোঽক্রোধঃ" টীকা ১। তুলনা—'অনিক্কসাবো' ধম্মপদ ৯।

করিতে ইচ্ছুক) আলোলুএ (অলোলুপ) পণ্ণবং (প্রজ্ঞাবান্ সাধু) (রসেসু (সরসাহারে) নাণুগিজ্ঝিজ্জা (গৃধ্নুতা প্রকাশ করিবে না=অভিলাষ করিবে না) (ও সৎকার ও সম্মান না পাইলে) নাণুতপ্পিজ্জ (অনুতাপ করিবে না= চিন্তা করিবে না) ॥৩৯॥

মানাপমানে নিরপেক্ষ অলোভী অপরিচিত গৃহ হইতে ভিক্ষান্বেষী অলোলুপ প্রজ্ঞাবান সাধু সরসাহারে গৃধ্নুতা প্রকাশ করিবে না। এবং সৎকার সম্মানাদি প্রাপ্ত না হইলে অনুতাপ করিবে না ॥৩৯॥

ইতি সৎকারপুরস্কারপরীষহ

সে নূণং মএ পুব্বং, কম্মাণাণফলা কড়া।
জেণাহং নাভিজাণামি, পুট্ঠো কেণই কহ্নুঈ ॥৪০॥
অহ পচ্ছা[১] উইজ্জংতি, কম্মাণাণফলা কড়া।
এব[২] মস্সাসি অপ্পাণং, ণচ্চা কম্মবিবাগয়ং ॥৪১॥

(এই দুই শ্লোকের প্রজ্ঞাপ্রকর্ষে ও প্রজ্ঞা অপকর্ষে দুই প্রকার অর্থ টীকাকারগণ করিয়াছেন)—

প্রজ্ঞা প্রকর্ষে অর্থ

সে নূণং (নিশ্চিতই) মএ (আমার দ্বারা) কম্মাণাণফলা (জ্ঞান ফল-দায়ক কর্ম) কড়া (কৃত হইয়াছে) জেন (যাহার দ্বারা) কেণই (কোন ব্যক্তি কর্তৃক) কহ্নুঈ (কোন বিষয়ে) পুট্ঠো (পৃষ্ট) (হইলে) অহং না[৩] (আমি) অভিজাণামি (জানি অর্থাৎ আমি উত্তর দিতে পারি)। কম্মাণাণ-ফলা (জ্ঞানদায়ক কর্ম) কড়া (কৃত=যাহা করা হইয়াছে) অহ পচ্ছা (ইহার পর=পরজন্মে) উইজ্জংতি (উদয়প্রাপ্ত হইবে) এবম্ (এরূপ) কম্মবিবাগ (কর্মের বিপাক=কর্মের ফল) ণচ্চা (জানিয়া) অপ্পাণং

১। 'পথা' টীকা ১।

২। 'এবমাসাসি' টীকা ২ ও ৩ ॥

৩। না—নৃ শব্দের প্রথমা একবচনে 'না' অর্থাৎ পুরুষ।

* 'কম্মাণাণফলা—এই শব্দের টীকাকার দুই প্রকার অর্থ করিয়াছেন, যথা 'কম্মাণাণফলা' অর্থাৎ জ্ঞানফলদায়ক কর্ম ও 'কম্মাহণাণফলা' অর্থাৎ অজ্ঞানফলদায়ক কর্ম তজ্জন্য উৎকর্ষ ও অপকর্ষ পক্ষে দুইপ্রকার অর্থ করা হইয়াছে। 'নাভিজানামি' ইহারও না=পুরুষ "অভিজানামি" =জানি ও "নাভিজানামি"=ন অভিজানামি=জানি না এরূপ দুই প্রকার অর্থ করা হইয়াছে।

(আপনাকে) আস্‌সাসি (আশ্বাসন করিবে) (কিন্তু গর্বানুভব করিবে না) ॥৪০।৪১॥

নিশ্চিতই আমি পূর্বজন্মে জ্ঞানফলদায়ক সৎকর্ম করিয়াছিলাম যাহার জন্য আমাকে কেহ কোন প্রশ্ন জিজ্ঞাসা করিলে আমি তাহার উত্তর জানি এবং প্রদান করিতে পারি। আমার কৃত জ্ঞানফলদায়ক কর্ম পরজন্মেও উদয় হইবে এবং আমি জ্ঞান লাভ করিব এরূপ মনে করিয়া গর্বানুভব করিবে না কিন্তু এরূপ জ্ঞান লাভ করা পূর্বকৃত কর্মেরই ফল জানিয়া আপনাকে আশ্বস্ত করিবে ॥৪০।৪১॥

(প্রজ্ঞা অপকর্ষে অর্থাৎ প্রজ্ঞাহীনতা পক্ষে অর্থ)

কোন পুরুষ কোন বিষয়ে প্রশ্ন করিলে আমি তাহার উত্তর জানি না আমি নিশ্চয়ই পূর্ব্বজন্মে অজ্ঞানফলদায়ক গুরুনিন্দাদি কর্ম করিয়াছি যাহার ফলে প্রজ্ঞাহীন হইয়াছি। অজ্ঞানফলদায়ক কর্ম পরজন্মেও উদয় হইতে পারে যাহাতে আমি প্রজ্ঞাহীন হইতে পারি কিন্তু ইহার জন্য বিষণ্ণ না হইয়া এরূপ যত্ন করিতে হইবে যাহাতে ঐরূপ অজ্ঞান ফলদায়ী কর্ম ক্ষয় হইয়া যায়। ইহা কর্মেরই ফল এরূপ জানিয়া নিজকে আশ্বাসন করিবে ॥৪০।৪১॥*

(ইহা প্রজ্ঞা পরীষহ অর্থাৎ জ্ঞানবান হইলে তাহার জন্য অভিমান বা গর্ব না করা ইহার পরবর্ত্তী পরীষহটী অজ্ঞান পরীষহ—ইহাতে মনে হয় প্রজ্ঞা প্রকর্ষ পক্ষে যে অর্থ করা হইয়াছে তাহাই হয়ত সমীচীন।)

ইতি প্রজ্ঞাপরীষহ

নিরট্‌ঠগংমি বিরও, মেহুনাও সুসংবুড়ো।
জো সক্‌খং নাভিজাণামি, ধম্মং কল্লাণ পাবগং ॥৪২॥
তবোবহাণমাদায়[১], পড়িমং[২] পড়িবজ্জও।
এবং পি বিহরও মে, ছউমং[৩] ন নিয়ট্টঈ[৪] ॥৪৩॥

১। তপো ভদ্রমহাভদ্রাদি, উপধানং আগমোপচাররূপং আচাম্লাদি। (সমস্ত দিনরাত্রের মধ্যে দিবা দ্বিপ্রহরের পর একবার একপ্রকার মাত্র অন্ন আহার করিয়া থাকাকে আচাম্ল তপস্যা বলে)

২। "প্রতিমাং ভিক্ষোরভিগ্রহবিশেষক্রিয়াং" টীকা ১।

৩। "ছদ্ম জ্ঞানাবরণাদিকর্ম্ম" টীকা ১ ও ২। যে পর্যন্ত জ্ঞানাবরণাদি কর্ম থাকিয়া যায় ও কেবল জ্ঞান হয় না সেই অবস্থাকে ছদ্মস্থ অবস্থা কহে।

৪। 'নিবট্টঈ' টীকা ৪।

(আমি) নিরট্ঠংমি (নিরর্থকই) মেহুণাও (মৈথুন হইতে=কামজন্য সুখ হইতে) বিরও (বিরত=নিবৃত্ত) (হইয়াছি), (এবং নিরর্থকই) সুসংবুড়ো (সুসংবৃত=জিতেন্দ্রিয়) (হইয়াছি), জো (যে) (আমি) কল্লাণং (কল্যাণকারী=শুভ) পাবগং (পাপকারী=অশুভ) ধম্মং (ধর্ম=বস্তু স্বভাব) সক্খং (সাক্ষাৎ=সাক্ষাৎরূপে, প্রত্যক্ষরূপে) নাভিজানামি (জানি না) ॥৪২॥

তবোবহাণম্ (তপ এবং উপধান) আদায় (স্বীকার করিয়া) পড়িমং (প্রতিমা=প্রতিমা নামক একপ্রকার সাধুর ক্রিয়া) পড়িবজ্জও (প্রতিপন্ন=অঙ্গীকার করিয়াছি) এবংপি (এরূপভাবেও) মে (আমি=আমাকর্তৃক) বিহরও (বিহার করিতে থাকিয়া=সাধুর আচার পালন পূর্বক বিচরণ করিতে থাকিলেও) ছউমং (ছদ্মস্থ অবস্থা) ন নিয়ট্টই (নিবৃত্ত হয় নাই=অর্থাৎ এখনও আমার কেবল জ্ঞান হয় নাই) ॥৪৩॥

আমি নিরর্থকই কামসুখ ত্যাগ করিয়াছি এবং নিরর্থকই ইন্দ্রিয় দমন করিয়াছি আমি এখনও শুভ ও অশুভ বস্তুস্বভাব সাক্ষাৎ রূপে জানিতে পারি নাই। আমি তপ ও উপধান স্বীকার করিয়াছি, প্রতিমা অঙ্গীকার করিয়াছি এরূপ ভাবে সাধুর ধর্ম পালন করিতে থাকিলেও এখনও আমার ছদ্মস্থ অবস্থা অপগত হইয়া কেবল জ্ঞান হয় নাই ইত্যাদি প্রকার অজ্ঞানতার জন্য পরিতাপ করা উচিত নয়—ইহাকে অজ্ঞান পরীষহ কহে ॥৪২।৪৩॥

ইতি অজ্ঞানপরীষহ

নত্থি ণূণং পরেলোএ, ইড্ঢী বাবি তবস্সিণো।
অদুবা বংচিও মিত্তি, ইই ভিক্খূ ন চিংতএ ॥৪৪॥

ণূণং (নিশ্চয়ই) পরলোএ (পরলোক) নত্থি (নাই) বা (অথবা) তবস্সিনো (তপস্বিগণের) ইড্ঢী (ঋদ্ধি=তপস্যাজনিত বিশেষ আত্মিক শক্তি) অপি (ও) (নাই)। অদুবা (অথবা) বংচিওমি (আমি বঞ্চিত হইয়াছি) ইই (এইরূপ) ভিকখূ (ভিক্ষু) ন চিন্তএ (চিন্তা করিবে না) ॥৪৪॥

নিশ্চয়ই পরলোক নাই, অথবা তপস্বিগণের তপোজন্য শক্তিও নাই, কিংবা আমি সংযম গ্রহণ করিয়া বঞ্চিত হইয়াছি ভিক্ষু এইরূপ চিন্তা করিবে না।

অভূ জিণা[১] অত্থি[২] জিণা, অদুবাবি ভবিস্সঈ।
মুসং তে এবমাহংসু, ইই ভিক্খূ ন চিংতএ ॥৪৫॥

জিণা (জিনগণ=কেবল জ্ঞানসম্পন্ন ব্যক্তিগণ বা তীর্থঙ্করগণ) অভূ (হইয়াছেন= অতীত কালে হইয়াছেন) জিণা (জিণগণ) অত্থি (আছেন=বর্তমান কালে আছেন) অদুবাবি (অথবা) ভবিস্সঈ (ভবিষ্যৎ কালে উৎপন্ন হইবেন) তে (তাঁহারা=তত্ত্ববেত্তাগণ) এবং (এইরূপ) আহংসু (বলিয়াছেন) (তাহা) মুসা (মৃষা=অসত্য) ইই (এইরূপ) ভিক্খূ (ভিক্ষু) নচিন্তএ (চিন্তা করিবে না) ॥৪৫॥

কেবল জ্ঞানসম্পন্ন ব্যক্তিগণ অতীত কালে হইয়াছেন, বর্তমান কালেও আছেন এবং ভবিষ্যতেও হইবেন তত্ত্ববেত্তাগণ এরূপ যাহা বলেন তাহা অসত্য—ভিক্ষু এরূপ চিন্তা মনে স্থান দিবে না ॥৪৫॥

ইতি দর্শনপরীষহ

এএ পরীসহা সব্বে, কাসবেণ পবেইআ।
জে ভিক্খূ ন বিহন্নিজ্জা পুট্ঠো কেণই কণ্হুঈ ॥৪৬॥ ত্তি বেমি ॥

এএ সব্বে (এই সমস্ত দ্বাবিংশতি) পরীসহা (পরীষহ) কাসবেণ (কাশ্যপ-গোত্রীয় মহাবীরের দ্বারা) পবেইআ (প্ররূপিত হইয়াছে) জে (যাহা) (জানিয়া) ভিক্খূ (ভিক্ষু) কেণই (কোনও পরীষহের দ্বারা) কণ্হুঈ (কোনও স্থানে বা কোনও কালে) পুট্ঠো (স্পৃষ্ট=আক্রান্ত) (হইলে) ন বিহন্নিজ্জা (অভিভূত হইবে না=সংযম হইতে ভ্রষ্ট হইবে না ॥৪৬॥ ত্তি বেমি (এইরূপ বলিতেছি) ॥

১। জিন=যিনি রাগদ্বেষকে জয় করিয়াছেন। যে সমস্ত জ্ঞানাবরণীয়, দর্শনাবরণীয়, মোহনীয় ও অন্তরায় এই চারি প্রকার কর্মকে সম্পূর্ণরূপে ক্ষয় করিয়া আত্মার স্বাভাবিক অনন্তজ্ঞান ও অনন্তদর্শনাদির বিকাশ করেন তাঁহাদিগকে 'কেবলী' বা 'জিন' কহে। উক্ত অনন্তজ্ঞান ও অনন্ত দর্শনকে 'কেবল জ্ঞান ও কেবলদর্শন বলে। তীর্থঙ্করগণও এরূপ কেবলজ্ঞান ও দর্শনসম্পন্ন; তজ্জন্য তাঁহারাও 'কেবলী' বা জিম' পদবাচ্য।

২। অত্থি—অস্তি=বর্ত্তমান কালেও জিন আছেন। 'সুধর্ম' স্বামী তৎশিষ্য 'জম্বু'কে যখন উপদেশ দিতেছিলেন তখন কেবলজ্ঞানসম্পন্ন ব্যক্তিও ছিলেন। স্বয়ং সুধর্মও কেবল জ্ঞান প্রাপ্ত হইয়াছিলেন তজ্জন্য বর্তমান কাল ব্যবহৃত হইয়াছে। অথবা এখনও 'মহাবিদেহ ক্ষেত্রে' কেবলী আছেন ইহা লক্ষ্য করিয়া 'অত্থি' শব্দ প্রযুক্ত হইয়াছে। টীকা ৩।

উপরোক্ত পরীষহসমূহ মহাবীর স্বয়ং জ্ঞাত হইয়া বর্ণনা করিয়াছেন, যাহা ভিক্ষুগণ সম্যক্‌রূপে উপলব্ধি ও আয়ত্ত করিবে এবং কোনও পরীষহ কর্তৃক কোনও স্থানে বা কোনও সময়ে আক্রান্ত হইলে অভিভূত হইয়া সংযম হইতে ভ্রষ্ট হইবে না ॥৪৬॥ এইরূপ বলিতেছি।

ইতি পরীষহঅধ্যয়ন, দ্বিতীয় অধ্যয়ন

চাতুরঙ্গীয়

তৃতীয় অধ্যয়ন

চত্তারি পরমংগাণি, দুল্লহাণীহ জন্তুণো।
মাণুসত্তং সুঈ সদ্ধা, সংয়মংমি য় বীরিয়ং ॥১॥

মাণুসত্তং (মণুষ্যত্ব=মনুষ্যজন্ম) সুঈ (শ্রুতি=ধর্মশ্রবণ) সদ্ধা (শ্রদ্ধা =ধর্মে শ্রদ্ধা) য় (এবং) সংযমংমি (সংযমে=সাধুর আচার পালনে) বীরিয়ং (বীর্য=শক্তি, সামর্থ্য) (এই) চত্তারি (চারি প্রকার) পরমাংগাণি (উৎকৃষ্ট অঙ্গ=শ্রেষ্ঠ মোক্ষ সাধনোপায়) ইহ (এখানে=এই সংসারে) জন্তুণো (প্রাণিগণের) দুল্লহাণী (দুর্লভ) ॥১॥

এই সংসারে মোক্ষসাধনের চারিটী প্রধান উপায়—যথা মনুষ্যজন্ম, ধর্মশ্রবণ, ধর্মে শ্রদ্ধা ও সংযম পালনে সামর্থ্য। এই সমস্ত প্রাণিগণের পক্ষে অত্যন্ত দুর্লভ ॥১॥

সমাবণ্ণা ণং সংসারে, ণাণাগোত্তাসু জাইসু।
কম্মা ণাণাবিহা কট্টু, পুঢ়ো বিস্সংভিয়া[১] পয়া ॥২॥

পয়া (প্রজা=জীবসমূহ) ণাণাবিহা (নানা প্রকার) কম্মা (কর্ম) কট্টু (করিয়া) পুঢ়ো (পৃথক্ পৃথক্=ভিন্ন ভিন্ন) ণাণাগোত্তাসু (বহুবিধ গোত্র= বহুবিধ নামে) জাইসু (বহুবিধ জাতিতে) (উৎপন্ন হইয়া) বিস্সংভিয়া (বিশ্বভৃৎ=বিশ্বে বিস্তার পাইয়া=বিশ্বপূর্ণ করিয়া) সমাবণ্ণা (আছে) ॥২॥

জীবসমূহ নানাবিধ কর্ম করিয়া ভিন্ন ভিন্ন নানাপ্রকার নাম ও জাতিতে উৎপন্ন হইয়া সমস্ত জগৎ পূর্ণ করিয়া আছে ॥২॥

এগয়া দেব[২] লোএসু নরএসু বি এগয়া।
এগয়া আসুরং[৩] কায়ং অহাকম্মিহিং গচ্ছঈ ॥৩॥

এগয়া (একদা=কোন সময়ে) দেবলোএসু (দেবলোকে) এগয়া (কোন

১। "বিশ্বং জগৎ বিভ্রতি পুরয়ন্তি ক্বচিৎ কদাচিৎ উৎপত্ত্যা সর্বজগৎব্যাপনেন বিশ্বভৃতঃ" টীকা ৩।

২। দেবযোনি প্রাপ্ত যে সমস্ত জীব জ্যোতিষ্ক মণ্ডলের বহু উর্দ্ধে সৌধর্ম, ঐশান, সানৎকুমার,

সময়ে) নরএসু বি (নরকেও) এগয়া (কোন সময়ে) আসুরং কায়ং (অসুর নিকায়=অসুর কুমার যোনিতে) অহাকম্মেহিং (যথা কর্মের দ্বারা=স্বকৃত কর্মের বশীভূত হইয়া) গচ্ছঈ (গমন করে=জন্মগ্রহণ করে) ॥৩॥

জীব স্বকৃত কর্মের বশীভূত হইয়া কখনও দেবলোকে কখনও নরকে কখনও অসুর কায়ে জন্মগ্রহণ করে ॥৩॥

এগয়া খত্তিও হোই, তও চংডালবোক্কসো।[১]
তও কীড়পয়ংগো য়, তত কুংথু পিবীলিয়া ॥৪॥

এগয়া (কখনও=মনুষ্য জন্মগ্রহণ করিবার উপযুক্ত কর্ম উদয় হইলে) খত্তিও (ক্ষত্রিয়) হোই (হয়) তও (তৎপরে অথবা 'তক'=সেই প্রাণী) চংডাল

মাহেন্দ্র, ব্রহ্মলোক, লান্তক, মহাশুক্র, সহস্রার, আনত, প্রাণত ও অচ্যুত এই দ্বাদশটী স্বর্গলোক, তাহার উপর ভদ্র, সুভদ্র, সুজাত, সৌমনস, প্রিয়দর্শন, সুদর্শন, অমোঘ, সুপ্রবুদ্ধ ও যশোধর নামক নয়টী গ্রৈবেয়ক ও তাহার উপর বিজয়, বৈজয়ন্ত, জয়ন্ত, অপরাজিত ও সর্বার্থসিদ্ধ এই পাঁচটী অনুত্তর বিমান নামক স্বর্গলোকে জন্মগ্রহণ করে তাহাদিগকে বৈমানিক দেব বলে। ইহাদের মধ্যে সৌধর্ম হইতে অচ্যুত পর্যন্ত প্রথম ১২টী স্বর্গের দেবকে কল্পোপপন্ন এবং নয়টী গ্রৈবেয়ক ও পাঁচটী অনুত্তর বিমানে উৎপন্ন দেবকে কল্পাতীত বলে। এই স্থলে দেবলোক শব্দের দ্বারা দ্বাদশটী স্বর্গলোক বুঝাইতেছে (তত্ত্বার্থসূত্র ৪।১৭-২০)

৩। অসুরকায়—ইহারাও দেবযোনি প্রাপ্ত জীব। দেবগণের মধ্যে ইহারা ভবনপতি বিভাগের অন্তর্গত। জম্বুদ্বীপের মধ্যস্থিত সুমেরু পর্বতের নীচে ও তাহার দক্ষিণ ও উত্তর পার্শ্বে এই ভবনপতি নিকায়ের অর্থাৎ জাতির দেবগণ বাস করে। ইহারা দশটী ভাগে বিভক্ত যথা অসুরকুমার, নাগকুমার, বিদ্যুৎকুমার, সুপর্ণকুমার, অগ্নিকুমার, বায়ুকুমার, স্তনিতকুমার, উদধিকুমার, দ্বীপকুমার ও দিক্‌কুমার। এই স্থলে অসুর কায়ের উল্লেখ করায় অন্যান্য বিভাগের ভবনপতি এবং ব্যন্তরাদি দেবগণকেও বুঝাইতেছে। ব্যন্তর নিকায়ের দেবগণও আট ভাগে বিভক্ত যথা কিন্নর, কিংপুরুষ, মহোরস, গন্ধর্ব, যক্ষ, রাক্ষস, ভূত, ও পিশাচ। ব্যন্তরনিকায়ের দেবগণ উর্দ্ধলোক, অধোলোক ও তির্যক্ লোকে যেখানে সেখানে বাস করে। তাহারা পর্বতে, পর্বতগুহায় বন ইত্যাদি স্থানেও বাস করে। আর একপ্রকার দেবগণ আছে ইহাদিগকে জ্যোতিষ্কদেব বলে। ইহারা মেরুর সমতল ভূমি হইতে সাতশত নব্বই যোজন উপরে একশত দশ যোজন উর্দ্ধ পর্যন্ত ব্যাপিয়া অবস্থান করে। ইহারা পাঁচ প্রকার যথা :—সূর্য, চন্দ্র, গৃহ, নক্ষত্র ও প্রকীর্ণ তারা (তত্ত্বার্থসূত্র ৪। ১১-১৩)

১। "যস্য শূদ্রঃ পিতা ভবতি মাতা চ ব্রাহ্মণী ভবতি তৎপুত্রো বোক্কস উচ্যতে".....গ্রন্থান্তরে এতেঽপি জাতিকুলভেদা উক্তা সন্তি যস্য ব্রাহ্মণঃ পিতা শূদ্রী মাতা ভবতি স নিষাদ উচ্যতে, যস্য ব্রাহ্মণঃ পিতা বৈশ্যা মাতা ভবতি স চাম্বষ্ট উচ্যতে। যস্য চ নিষাদঃ পিতা অম্বষ্টাচ মাতা ভবতি স বোক্কস ইত্যুচ্যতে" টীকা ১।

(চণ্ডাল) বোক্কসো (বোক্কস জাতি) (হয়) তও (সেইপ্রাণী) কীড়পয়ংগো য (কীটপতঙ্গ ও) তও (আবার সেইপ্রাণী) কুংথু পিবীলিয়া (কৃমি বা পিপীলিকা) (হয়) ॥৪॥

প্রাণী কখনও ক্ষত্রিয়, কখনও চণ্ডাল, বোক্কস প্রভৃতি নানাজাতিতে, কখনও কীটপতঙ্গ হইয়া আবার কখনও কৃমি পিপীলিকা হইয়া জন্মগ্রহণ করে ॥৪॥

এবমাবট্টজোণীসু,[১] পাণিণো কম্মকিব্বিসা।
ন ণিবিজ্জন্তি[২] সংসারে, সব্বট্ঠেসু ব খত্তিয়া ॥৫॥

এবং (এরূপে) কম্মকিব্বিসা (কর্মকিল্বিষাঃ=কর্মের দ্বারা মলিনতাপ্রাপ্ত) অধম) পাণিণো (প্রাণিগণ) সংসারে (সংসারে) আবট্টজোণীসু (আবর্ত যোনিতে=পরিবর্তিত যোনিতে, চক্রাকারে নানাযোনিতেপরিভ্রমণ করিতে করিতে) ন নিবিজ্জন্তি (উদ্বেগপ্রাপ্ত হয় না) সব্বট্ঠেসু (সর্বার্থ বিষয়ে= সমস্ত মনোজ্ঞশব্দাদিতে=ধনকনকভূমিবণিতাদিতে) খত্তিয়া ব (ক্ষত্রিয়ের ন্যায়) রাজার ন্যায়) ॥৫॥

ক্ষত্রিয়রাজাগণ যেমন সর্বার্থ বিষয়ে ধনকনকভূমিবনিতাদি কাম্য বস্তুতে কখনও পরিতৃপ্ত হয় না তদ্রূপ এই সংসারে কর্মের দ্বারা মলিনতাপ্রাপ্ত প্রাণিগণ নানাযোনিতে পরিভ্রমণ করিতে করিতেও উদ্বেগপ্রাপ্ত হয় না ॥৫॥

কর্মসংগেহিং সংমূঢ়া, দুক্খিয়া বহুবেয়ণা।
অমাণুসাসু[৩] জোণীসু, বিণিহম্মংতি[৪] পাণিণো ॥৬॥

পাণিণো (প্রাণিগণ) কম্মসংগেহিং (কর্মসংযোগের দ্বারা) সংমূঢ়া (সম্মোহিত) দুক্খিয়া (দুঃখিত) বহুবেয়ণা (বেদনাপ্রাপ্ত) (হইয়া) অমাণুসাসু (মনুষ্যেতর) জোণীসু (যোনিতে) বিণিহম্মংতি (নিপাতিত হয়) ॥৬॥

প্রাণিগণ কর্মসংযোগের দ্বারা সম্মোহিত হইয়া মনুষ্যেতর নানাপ্রকার

১। "আবর্ত্তেন পুনঃ পুনঃ পরিভ্রমণেন স্পৃষ্টা যোনয়ঃ আবর্ত্তযোনয়স্তেষু" টীকা ১।

২। 'নিবিজ্জন্তি' টীকা ১ ও ৩। "নির্বিদ্যন্তে কদৈতদ্বিমুক্তিরিতিনোদ্বিজন্তে" টীকা ২।

৩। 'অমাণুসীসু' টীকা ১।

৪। "বিশেষেণ বিহন্যন্তে বিশেষেণ নিপাত্যন্তে অর্থাদেকেন্দ্রিয়দ্বীন্দ্রিয়ত্রীন্দ্রিয়চতুরিন্দ্রিয়েষু বারম্বারং উৎপদ্যন্ত ইত্যর্থঃ" টীকা ১।

যোনিতে অত্যন্ত দুঃখ ও তীব্র বেদনা অনুভব করিয়া বারংবার নিপাতিত হইতেছে ॥৬॥

কম্মাণং তু পহাণীএ, আণুপুব্বী কয়াই উ।
জীবা সোহিমণুপ্পত্তা, আয়য়ংতি মণুস্সয়ং ॥৭॥

জীবা (প্রাণিগণ) আণুপুব্বী (ক্রমে) কয়াই উ (কখনও) তু (কিন্তু) কম্মাণং (কর্মের) পহাণীএ (প্রকৃষ্টরূপে হানি হইলে=প্রকৃষ্টরূপে ক্ষয় হইলে) সোহিং (শুদ্ধি=ক্রুর কর্মক্ষয়ের দ্বারা কতকাংশে শুদ্ধি) অনুপ্পত্তা (প্রাপ্ত হইলে) মণুস্সয়ং (মনুষ্যতা=মনুষ্যজন্ম) আয়য়ংতি (প্রাপ্ত হয়) ॥৭॥

ক্রমে কোনও সময়ে ক্রূর কর্মের ক্ষয় হইয়া শুদ্ধিপ্রাপ্ত হইলে প্রাণিগণ মনুষ্য হইয়া জন্মগ্রহণ করে ॥৭॥

মাণুস্সং বিগ্গহং লদ্ধুং মঈ ধম্মস্স দুল্লহা।
জং সুচ্চা পড়িবজ্জংতি, তবং খংতিমহিংসয়ং[১] ॥৮॥

মাণুস্সং (মনুষ্যসম্বন্ধী) বিগ্গহং (বিগ্রহ=দেহ) লদ্ধুং (প্রাপ্ত হইয়া) লাভ করিয়া) ধম্মস্স (ধর্মের) মঈ (শ্রুতি=শ্রবণ) দুল্লহা (দুর্লভ) জং (যে ধর্ম) সুচ্চা (শ্রবণ করিয়া) তবং (তপস্যা) খংতিং (ক্ষান্তি=ক্ষমা) অহিংসয়ং (অহিংস্রতা=অহিংসা, অহিংসনশীলতা) পড়িবজ্জংতি (প্রাপ্ত হয়) ॥৮॥

মনুষ্যদেহ লাভ করিয়া ও যে ধর্ম শ্রবণ করিলে তপস্যা ক্ষমা ও অহিংসা প্রাপ্ত হওয়া যায় সেই ধর্মের শ্রবণ অর্থাৎ ধর্ম কি তাহা অবগত হওয়া অত্যন্ত দুর্লভ ॥৮॥

আহচ্চ সবণং লদ্ধুং[২], সদ্ধা পরমদুল্লহা।
সোচ্চা ণেয়াউয়ং[৩] মগ্গং, বহবে পরিভস্সঈ ॥৯॥

আহচ্চ (কদাচিৎ) সবণং (শ্রবণ=ধর্মশ্রবণ) লদ্ধুং (লাভ করিয়া) (ও)

১। "অহিংস্রতামহিংসশীলতামনেন শেষব্রতোপলক্ষিতং প্রথমব্রতমুক্তমেবং চ তপসঃ ক্ষান্ত্যাদিচতুষ্কস্য মহাব্রতপঞ্চকস্যাভিধানাৎ দশবিধযতিধর্মোঽভিহিতঃ" টীকা ২।

২। 'লদ্ধং' টীকা ১।

৩। "ন্যায়েন চরতি প্রবর্ত্ততে নৈয়ায়িকঃ, ন্যায়োপপন্ন ইত্যর্থঃ, তংমার্গং সম্যগ্-দর্শনাদ্যাত্মকং মুক্তিপথং" টীকা ৩।

সদ্ধা (শ্রদ্ধা=ধর্মেশ্রদ্ধা, ধর্মে রুচি) পরম (অত্যন্ত) দুল্লহা (দুর্লভ)। নেয়াউয়ং মগ্‌গং (নৈয়ায়িক মার্গ=ন্যায়োপপন্ন মার্গ, সম্যক্‌দর্শনাত্মাত্মক মুক্তি মার্গ) সোচ্চা (শ্রবণ করিয়া) (ও) বহবে (অনেকে) পরিভস্‌সঈ (পরিভ্রষ্ট হয়=ভ্রষ্ট হয়, স্খলিত হয়)॥৯॥

কদাচিৎ ধর্ম শ্রবণ করিবার সুযোগ লাভ করিলেও ধর্মে শ্রদ্ধা উৎপন্ন হওয়া অত্যন্ত দুর্লভ। ন্যায়োপপন্ন মুক্তি মার্গ শ্রবণ করিয়াও অনেকে ধর্মমার্গ হইতে ভ্রষ্ট হইয়া যায়॥৯॥

সুইং চ লদ্ধুং সদ্ধং চ, বীরিয়ং পুণ দুল্লহং।
বহবে রোয়মাণা বি, নো[১] এণং পড়িবজ্জএ[২] ॥১০॥

সুইং (শ্রুতি=ধর্মশ্রবণ) লদ্ধুং চ (প্রাপ্ত হইয়াও) সদ্ধং চ (শ্রদ্ধা ও) (প্রাপ্ত হইয়া) পুণ (পুনঃ=আবার) বীরিয়ং (বীর্য=সংযম পালনের শক্তি) দুল্লহং (দুর্লভ)। বহবে (অনেকে) রোয়মাণা বি (রুচি সম্পন্ন হইয়াও=ধর্মে শ্রদ্ধাবান হইয়াও) এণং (ইহাকে=সংযম পালনের বীর্যকে) নো পড়িবজ্জএ (প্রতিপাদন করে না=অঙ্গীকার করে না, প্রাপ্ত হয় না)॥১০॥

ধর্ম শ্রবণের সুযোগ ও ধর্মে শ্রদ্ধা লাভ করিয়াও আবার সংযম পালনের শক্তি প্রাপ্ত হওয়া দুর্লভ। অনেকে ধর্মে রুচিসম্পন্ন হইয়াও সংযম পালনের শক্তি প্রাপ্ত হয় না॥১০॥

মাণুসত্তংমি আয়াও, জো ধম্মং সুচ্চ সদ্দহে।
তবস্‌সী বীরিয়ং লদ্ধু, সংবুড়ো নিদ্ধুণে রয়ং॥১১॥

জো (যে ব্যক্তি) মাণুসত্তংমি (মনুষ্য জন্মে) আয়াও (আগত) (হইয়া) ধম্মং (ধর্ম) সুচ্চ (শ্রবণ করিয়া) সদ্দহে (শ্রদ্ধা করে) (সেই) তবস্‌সী (তপস্বী) বীরিয়ং (বীর্য=সংযমে উদ্যম) লদ্ধুং (লাভ করিয়া) সংবুড়ো (সংবৃত=সমস্ত আশ্রব[৩] নিরোধ হইয়াছে যাহার) (হইয়া) রয়ং (রজ=

১। 'ণো য় ণং' টীকা ৩।

২। 'পড়িবজ্জই' টীকা ৩।

৩। আশ্রব—যে কারণের দ্বারা আত্মার সহিত বদ্ধ হইবার জন্য শুভাশুভ কর্মের আগমন হয় তাহাকে আশ্রব বলে। সংক্ষেপে বলিতে গেলে বিষয়ের প্রতি প্রবৃত্তিকে আশ্রব কহে।

কর্মরূপ মল) নিদ্ধুণে (নির্ধুনোতি=নিশ্চয় রূপে অপনয়ন করে, দূর করে) ॥১১॥

যে ব্যক্তি মনুষ্যজন্ম প্রাপ্ত হইয়া, ধর্মশ্রবণ পূর্বক তাহাতে শ্রদ্ধান্বিত হয়, সেই তপস্বী সংযমে উদ্যমপ্রাপ্ত হইয়া সমস্ত আশ্রব নিরোধ করতঃ কর্মরূপ মলকে সম্পূর্ণরূপে অপনয়ন করিয়া মুক্তি প্রাপ্ত হয় ॥১১॥

সোহী উজ্জুয়ভূয়স্‌স[১], ধম্মো সুদ্ধস্‌স চিট্‌ঠঈ।
নিব্বাণং[২] পরমং জাই[৩], ঘয়সিত্তি ব্ব[৪] পাবএ ॥১২॥

উজ্জুয়ভূয়স্‌স (ঋজুতাপ্রাপ্ত=মনুষ্যজন্ম, ধর্মশ্রবণ শ্রদ্ধা ও সংযমে বীর্যরূপ চতুরঙ্গ প্রাপ্ত হইয়া মুক্তি গমনের জন্য সরলীভূত অর্থাৎ উদ্যমবান ব্যক্তির) সোহী (শুদ্ধি=কষায়কালিমারাহিত্য) (হয়) সুদ্ধস্‌স (এরূপ শুদ্ধ অর্থাৎ কষায় কালুষ্য রহিত ব্যক্তির) ধম্মো (ধর্ম=ক্ষান্ত্যাদি দশবিধ ধর্ম) চিট্‌ঠঈ (থাকে=নিশ্চল হইয়া থাকে, স্থির হয়) (এবং) ঘয়সিত্ত (ঘৃতসিক্ত) পাবএ ইব (পাবকের ন্যায়) পরমং (পরম=শ্রেষ্ঠ) নিব্বাণং (নির্ব্বাণ=মুক্তি) জাই (প্রাপ্ত হয়) ॥১২॥

চতুরঙ্গ প্রাপ্ত হইয়া মুক্তির জন্য উদ্যত পুরুষের কষায়াদি দূরীভূত হইয়া শুদ্ধি সম্পাদিত হয় এবং এরূপ শুদ্ধ ব্যক্তি ধর্মে স্থির হইয়া থাকে কখনও বিচলিত হয় না ও ঘৃতসিক্ত পাবকের ন্যায় পরম নির্বাণ অর্থাৎ জীবন্মুক্তি প্রাপ্ত হয় ॥১২॥

মিথ্যাত্ব (অবিদ্যা), অবিরতি (অসংযম), কষায় (ক্রোধ, মান, মায়াও লোভ), প্রমাদ (অনবধানতা) ও যোগ (মন, বচন ও কায়ের ব্যাপার) এই পাঁচটি প্রধান কারণের দ্বারা শুভাশুভ কর্মের আগমন হয় বলিয়া ইহাদিগকে আশ্রব বা পঞ্চাশ্রব কহে। হিংসা, অসত্য, চৌর্য, মৈথুন, বিষয়ের প্রতি মূর্ছা বা পরিগ্রহ প্রভৃতিও কর্মবন্ধনের হেতু বলিয়া আশ্রব। এই শব্দটী আশ্রব ও আস্রব এই উভয় প্রকারেই লিখিত হয়।

১। 'উজ্জুভূয়স্‌স' টীকা ৩। "চতুরঙ্গপ্রাপ্ত্যা মুক্তিং প্রতি প্রগুণীভূতস্য" টীকা ৩।

২। "নির্বাণং পরমং প্রকৃষ্টং যাতি জীবন্মুক্তিং প্রাপ্নোতীত্যর্থঃ" টীকা ২।

৩। 'জায়ই' টীকা ১।

৪। 'ঘয়সিত্ত' টীকা ২। 'ঘয়সিত্তেব' টীকা ৩।

বিগিংচ কম্মুণো হেউং, জসং[১] সংচিনু খংতিএ[২]।
সরীরং[৩] পাঢ়বং[৩] হিচ্চা, উড্ঢং[৪] পক্কমঈ দিসং ॥১৩॥

(হে শিষ্য) কম্মুণো (কর্মের) হেউং (হেতু=কারণ মিথ্যাত্ব, অবিরতি, প্রমাদ, কষায় ও যোগ এই পাঁচটী কর্মবন্ধের হেতু বা কারণ) বিগিংচ (বিবিক্ত কর=পৃথক কর) দূর কর, খংতিএ (ক্ষান্তির দ্বারা=ক্ষমাদি দশ প্রকার যতিধর্মের দ্বারা) জসং (যশ=সংযম বিনয়) সংচিণু (সঞ্চয় কর) (তাহা হইলে) পাঢ়বং (পার্থিব) সরীরং (শরীর) হিচ্চা (ত্যাগ করিয়া) উড্ঢং (ঊর্দ্ধ) দিসং (দিকে) পক্কমঈ (প্রক্রমণ করিবে=গমন করিবে) ॥১৩॥

হে শিষ্য মিথ্যাত্বাদি কর্মবন্ধের হেতুকে দূর কর, সংযম সঞ্চয় কর, তাহা হইলে এই পার্থিব শরীর ত্যাগ করিয়া ঊর্দ্ধ দিকে অর্থাৎ স্বর্গ বা মুক্তি মার্গে গমন করিবে ॥১৩॥

বিসালিসেহিং[৫] সীলেহিং[৬] জক্খা[৭] উত্তর উত্তরা।
মহাসুক্কা ব[৮] দিপ্পন্তা, মন্নংতা অপুণচ্চবং[৯] ॥১৪॥

বিসালিসেহিং (বিভিন্ন প্রকারের অত্যুৎকৃষ্ট) সীলেহিং (শীল অর্থাৎ সাধুব্রতের প্রভাবে) জক্খা (দেবগণ) মহাসুক্কা ব (মহাশুক্ল=চন্দ্র সূর্যের ন্যায়) দিপ্পন্তা (দেদীপ্যমান) (হইয়া) (এবং) অপুণচ্চবং (অপুনশ্চ্যুতি=মৃত্যু হইয়া স্বর্গ হইতে অধস্তন লোকে পুনরায় জন্ম হইবে না) মন্নংতা (মনে করিয়া) উত্তর উত্তরা (উত্তরোত্তর=ঊর্দ্ধ হইতে ঊর্দ্ধতর সৌধর্মদি দেবলোকে) (অবস্থান করে) ॥১৪॥

১। "যশঃ সংযমং বিনয়ং বা" টীকা ১ ও ২। "যশঃ সংযমো বিনয়ো বা" টীকা ৩।

২। "ক্ষান্ত্যোপলক্ষণান্মার্দবাদিভিশ্চ" টীকা ২।

৩। 'পাঢ়বং সরীরং' টীকা ২ ও ৩।

৪। "ঊর্দ্ধং স্বর্গাপবর্গরূপম্" টীকা ২।

৫। "বিসদৃশৈরত্যুৎকৃষ্টৈঃ" টীকা ১। "মাগধদেশীয়ভাষয়া বিসদৃশৈঃ স্বস্বচারিত্রমোহনীয়-কর্মক্ষয়োপশমাপেক্ষয়া বিভিন্নঃ" টীকা ৩।

৬। "শীলৈঃ সাধুব্রতৈঃ" টীকা ১।

৭। "যক্ষা দেবাঃ" টীকা ১ ও ২।

৮। "মহাশুক্লা ইব চন্দ্রাদিত্যাদয় ইব" টীকা ১।

৯। 'অপুণচ্চয়ং' টীকা ১। 'অপুণোচ্চয়ং' টীকা ৩।

বিভিন্নশীলব্রতের প্রভাবে দেবগণ চন্দ্রসূর্যাদির ন্যায় দেদীপ্যমান হইয়া দেবলোক হইতে চ্যুত হইয়া পুনরায় অধস্তন লোকে জন্মগ্রহণ করিতে হইবে না এরূপ মনে অবধারণ পূর্বক ঊর্দ্ধ হইতে ঊর্দ্ধতর দেবলোকে অবস্থান করে ॥১৫॥ (দেবলোকের আয়ুষ্কাল অত্যন্ত দীর্ঘ, তজ্জন্য দেবগণ নিজেকে অমর বলিয়া বিবেচনা করে। দেবলোক হইতে মৃত্যু হইয়া আবার অধস্তন লোকে জন্মগ্রহণ করিতে হইবে তাহা দেবলোকের অনুপম সুখে নিমগ্ন থাকিয়া তাহারা ধারণা করিতে পারে না ॥১৪॥

অপ্পিয়া দেবকামাণং, কামরূববিউব্বিণো।
উড্ঢং কপ্পেসু চিট্ঠংতি, পূব্বা[১] বাসসয়া বহূ ॥১৫॥

(দেবগণ) দেবকামাণং (দেবসম্বন্ধিকামভোগে) অপ্পিয়া (অর্পিত=মগ্ন) কামরূববিউব্বিণো (কামরূপরিকুর্বিণঃ=ইচ্ছানুযায়ী রূপ ধারণ করিতে সক্ষম) (হইয়া) উড্ঢং (ঊর্দ্ধ) কপ্পেসু (কল্পে=দেবলোকে) বহূ (অনেক) পূব্বা বাসসয়া (শত শত পূর্ব বর্ষ) চিট্ঠংতি (অবস্থান করে) ॥১৫॥

দেবসুলভ অনুপম কামভোগে মগ্ন থাকিয়া ইচ্ছানুযায়ী শরীর ধারণ করিতে সক্ষম দেবগণ ঊর্দ্ধ দেবলোকসমূহে শত শত পূর্ব বৎসর যাবৎ অবস্থান করে ॥১৫॥

তত্থ ঠিচ্চা জহাঠাণং, জক্খা আউক্খএ চুয়া[২]।
উবেংতি মানুসিং[৩] জোণিং, সে দসংগে ভিজায়এ ॥১৬॥

জক্খা (দেবগণ) তত্থ (সেই স্থানে=দেবলোকসমূহে) জহাঠাণং (যথাস্থানে=স্বমর্যাদানুযায়ী স্থানে) ঠিচ্চা (অবস্থান করিয়া) আউক্খএ (আয়ুক্ষয়ে) চুয়া (চ্যুত হইয়া) মানুসিং জোণিং (মনুষ্য যোনিতে) উবেংতি (উৎপন্ন হয়) (এবং) সে (তাহারা) দসংগে (দশ প্রকার নিম্নবর্ণিত ভোগোপকরণাদি) (সম্পন্ন বংশে) অভিজায়এ (উৎপন্ন হয়=প্রাপ্ত হয়) ॥১৬॥

১। "পূর্বাণি বর্ষসপ্ততিকোটীলক্ষষট্পঞ্চাশৎকোটীসহস্রমিতানি বহূনি এবং বর্ষশতান্যপি বহূনি অসংখ্যেয়াণীত্যর্থঃ" টীকা ২।

২। দেবায়ুক্ষয়ে মৃত্যুপ্রাপ্ত হইয়া দেবলোক হইতে সেই জীবাত্মার অধস্তন লোকে জন্মগ্রহণ করিবার জন্য যে গতি হয় তাহাকে চ্যবন বা চ্যুতি কহে।

৩। 'মানুসং' টীকা ২ ও ৩।

সেই দেবগণ দেবলোকে স্বমর্যাদানুযায়ী স্থানে বাস করিয়া আয়ুক্ষয়ে স্বর্গ হইতে চ্যুত হইয়া মনুষ্যযোনিতে উৎপন্ন হয়। এবং মনুষ্যজন্মে নিম্নবর্ণিত দশ প্রকার ভোগোপকরণ প্রাপ্ত হয় ॥১৬॥

খেত্তং[১] বত্থুং হিরণ্ণং চ, পসবো দাস পোরুসং[২]।
চত্তারি কামখংধাণি, তত্থ সে উববজ্জই ॥১৭॥

(যেখানে) খেত্তং (ক্ষেত্র=গ্রাম উদ্যানাদি) বত্থুং (বাস্তু=গৃহ) চ (এবং) হিরণ্ণং (হিরণ্য=সুবর্ণ, রৌপ্য প্রভৃতি) পসবো (পশুসমূহ=হস্তী, অশ্ব প্রভৃতি) দাসপোরুসং (দাস, দাসী দ্বারবান আদি) (এই) চত্তারি (চারি-প্রকার=ক্ষেত্রবাস্তু এক, সুবর্ণাদি দুই, পশুসমূহ তিন ও দাসদাসী চার) কামখংধাণি (কামস্কন্ধ=কাম্য সামগ্রী) (থাকে) তত্থ (সেইস্থানে=সেই কুলে) সে (সেই স্বর্গ হইতে চ্যুত দেব) উববজ্জই=জন্মগ্রহণ করে) ॥১৭॥

যেখানে সুশোভন উদ্যান ও গৃহ, সুবর্ণরৌপ্যের প্রাচুর্য, হস্তী অশ্বাদি পশু ও দাসদাসী পদাতিকাদি এই চারিপ্রকার কাম্যবস্তু থাকে সেই কুলে সেই স্বর্গচ্যুত দেব জন্মগ্রহণ করে (দশাঙ্গ ভোগোপকরণের মধ্যে প্রথম অঙ্গের বর্ণনা করা হইল) ॥১৭॥

মিত্তবং ণাইবং হোই, উচ্চাগোএ[৩] য় বণ্ণবং।
অপ্পায়ংকে মহাপণ্ণে, অভিজাএ[৪] জসো বলে ॥১৮॥

(সেই দেব) মিত্তবং (মিত্রবান্=যাহার মিত্র আছে) ণাইবং (জ্ঞাতিমান্=যাহার আত্মীয় স্বজন আছে), উচ্চাগোএ (উচ্চ গোত্রে উৎপন্ন=উচ্চকুলে জাত), বণ্ণবং (বর্ণবান্=সদ্বর্ণযুক্ত শরীরধারী) অপ্পায়ংকে (অল্পাতঙ্ক=নীরোগ) মহাপণ্ণে (মহাপ্রাজ্ঞ) অভিজাএ (অভিজাত=বিনীত) জসো (যশস্বী) বলে (বলী=বলবান্) হোই (হয়) ॥১৮॥

সেই দেব মিত্র, জ্ঞাতি সমন্বিত, উচ্চকুলোৎপন্ন, সদ্বর্ণযুক্ত শরীর ধারী,

---

১। 'খিত্তং' টীকা ১ ও ৩।
২। "চেটকচেটী পত্তিপ্রমুখাদিকং" টীকা ১।
৩। 'উচ্চাগোত্তে' টীকা ৩।
৪। 'অভিজায়' টীকা ৩।

নীরোগ, মহাপ্রাজ্ঞ, বিনীত, যশস্বী ও বলবান্ হয় (অবশিষ্ট নয়টী অঙ্গ এই শ্লোকে বর্ণিত হইল) ॥১৮॥

ভোচ্চা মাণুস্সএ ভোএ, অপ্পড়িরূবে অহাউয়ং।
পুব্বিং বিসুদ্ধসদ্ধম্মে, কেবলং বোহি বুজ্ঝিয়া ॥১৯॥
চউরংগং দুল্লহং মচ্চা সংজমং পডিবজ্জিয়া।
তবসা ধুয়কম্মংসে, সিদ্ধে হবই সাসএ ॥২০॥ ত্তি বেমি ॥

(সেই) অপ্পড়িরূবে (অপ্রতিরূপ=অনুপম) অহাউযং (যথাযুঃ=আযুষ্কাল পর্যন্ত) মাণুস্সএ (মনুষ্য সম্বন্ধী) ভোএ (ভোগ) ভোচ্চা (ভোগ করিয়া) পুব্বিং (পূর্বে=পূর্বজন্মে) বিসুদ্ধসদ্ধম্মে (বিশুদ্ধসদ্ধর্মসম্পন্ন) কেবলং (কেবল=নিষ্কলঙ্ক কায়িকসম্যক্ত্ব) বোহি (বোধি=সম্যক্ত্ব, অর্হদ্ধর্ম প্রাপ্তিরূপ) বুজ্ঝিয়া (প্রাপ্ত হইয়া) চউরংগং (পূর্ববর্ণিত চারিপ্রকার মনুষ্যজন্মাদি) দুল্লহং (দুর্লভ) মচ্চা (জানিয়া) সংজমং (সংযম=সর্বপাপ কার্য হইতে বিরতিরূপ) পড়িবজ্জিয়া (অঙ্গীকার করিয়া) তবসা (তপস্যার দ্বারা) ধুয়কম্মংসে (ধুত-কর্মাংশ=দূরীকৃত কর্মলেশ) সাসএ (শাশ্বত) সিদ্ধে (সিদ্ধ=মুক্তিপ্রাপ্ত) হবই (হয়) ॥ ১৯।২০ ত্তি বেমি (এইরূপ বলিতেছি) ॥

সেই মনুষ্য যাবজ্জীবন পর্যন্ত অনুপম মানুষী ভোগ উপভোগ পূর্বক পূর্বজন্মে কৃত বিশুদ্ধধর্ম পালনের জন্য নিষ্কলঙ্ক সম্যক্ত্ব প্রাপ্ত হইয়া মনুষ্যজন্ম, ধর্মশ্রবণ, শ্রদ্ধা ও সংযমে উদ্যম এই চতুর্বিধ মোক্ষ সাধনের উপায় দুর্লভ মনে করিয়া সংযম অঙ্গীকার পূর্বক তপস্যা দ্বারা অবশিষ্ট কর্মসমূহকে ক্ষয় করিয়া শাশ্বত সিদ্ধি প্রাপ্ত হয় ॥১৯।২০॥

চতুর্থ অধ্যয়ন

অসংখয়ং[১] জীবিয় মা পমায়এ, জরোবণীয়স্স হু নত্থি তাণং।
এবং বিয়াণাহি জণে পমত্তে[২], কন্নু বিহিংসা অজয়া[৩] গহিংতি ॥১॥

(হে মনুষ্য) জীবিয় (জীবিত=জীবন, আয়ু) অসংখয়ং (অসংস্কৃত=জীর্ণ হইলে যাহার সংস্কার সাধন করিতে পারা যায় না, যাহা পরিবর্দ্ধন করিতে বা ভগ্ন হইলে জোড়া লাগাইতে পারা যায় না) (অতএব) মা পমায়এ (প্রমাদ করিও না) হু (নিশ্চয়ই) জরোবণীয়স্স (জরোপনীত=জরাগ্রস্ত, মৃত্যুমুখে আগত) (ব্যক্তির) তাণং (ত্রাণ=শরণ) নত্থি (নাই) এবং (এইরূপ) বিয়াণাহি (সম্যক্প্রকারে জ্ঞাত হও) (যে) পমত্তে (প্রমত্ত=প্রমাদ পরায়ণ) বিহিংসা (বিহিংস্র=অত্যন্ত হিংস্র স্বভাব বিশিষ্ট) অজয়া (অযত=অসংযত, পাপকার্যে আসক্ত) জণে (জন=ব্যক্তি) কংনু (কাহার) (শরণ) গহিংতি (গ্রহণ করিবে) ॥১॥

হে মনুষ্য, আয়ু অসংস্কৃত অর্থাৎ ইহা পরিবর্দ্ধন করিতে বা জীর্ণ হইলে সংস্কার করিতে পারা যায় না অতএব প্রমাদ করিও না। জরাগ্রস্ত, মৃত্যুর সমীপে আগত ব্যক্তির নিশ্চয়ই রক্ষা নাই। ইহা সম্যক্ রূপে অবগত হও যে প্রমাদগ্রস্ত, হিংসাপরায়ণ ও পাপাসক্ত ব্যক্তি কাহার শরণ গ্রহণ করিবে অর্থাৎ কে তাহাকে জরামরণ হইতে রক্ষা করিবে ? ॥১॥

১। "অসংস্কৃতং যত্নশতৈরপ্যসতো বর্দ্ধয়িতুং ক্রটিতস্য বা কার্মুকবৎ সন্ধানং কর্ত্তুমশক্যত্বাৎ জীবিতং হি কেনাপি প্রকারেণ সন্ধাতুং ন শক্যত ইত্যর্থঃ" টীকা ১। যাহা সংস্কার অর্থাৎ মেরামত করা যায় না।

২। যাহা বিস্মৃতি আনয়ন করিয়া কর্তব্যাকর্তব্যের প্রতি অনবধান করিয়া দেয় তাহাকে প্রমাদ বলে। এইরূপ প্রমাদের দ্বারা অভিভূত ব্যক্তিকে প্রমত্ত কহে। প্রমাদ শব্দের দ্বারা আত্মস্খলন অর্থাৎ আত্মার বিকাশের মার্গ হইতে পতন বুঝায়। প্রমাদ পাঁচ প্রকার যথা ১। মদ অর্থাৎ অভিমান বা অহঙ্কার ২। বিষয় অর্থাৎ ইন্দ্রিয়জনিত কামভোগে আসক্তি; ৩। ক্রোধ, কপটতা, রাগ ও দ্বেষ; ৪। পরনিন্দা ৫। বিকথা অর্থাৎ বিচারবিহীন প্রলাপ। (সন্তবাল কৃত উত্তরাধ্যয়ন সূত্র পৃঃ ৬৫-৬৬, গুজরাটী সংস্করণ)

৩। 'অজিয়া' টীকা ১। "অজিতা অজিতেন্দ্রিয়াঃ" টীকা ১।

জে পাবকম্মেহি ধনং মণূসা,[১] সমায়য়ংতী অমইং গহায়।
পহায় তে পাসপয়ট্টিএ নরে, বেরাণুবদ্ধা[২] নরয়ং উবেংতি[৩] ॥২॥

জে (যে) মণসা (মনুষ্যগণ) অমইং (অমতি=কুমতি, দুর্মতি) গহায় (গ্রহণ করিয়া) পাবকম্মেহি (পাপ কর্মের দ্বারা) ধণং (ধন=সম্পত্তি) সমায়য়ংতী (সংগৃহীত করে=উপার্জন করে) তে (সেই) পাসপয়ট্টিএ (পাশপ্রবর্তিত=পুত্রকলত্রধনাদিতে আসক্ত) নরে (মনুষ্যগণ) (পাপার্জিত ধনসম্পত্তি) পহায় (ত্যাগ করিয়া) বরাণুবদ্ধা (কর্মবদ্ধ) (হইয়া) নরয়ং (নরকে) উবেংতি (গমন করে) ॥২॥

যে মনুষ্যগণ কুমতির প্ররোচনায় পাপকর্মের দ্বারা ধন সংগ্রহ করে তাহারা পুত্রকলত্রধনাদিতে আসক্ত হইয়া পাপার্জিত সম্পত্তি এইখানেই পরিত্যাগ করতঃ ক্রূরকর্মের প্রভাবে নরকে গমন করে ॥২॥

তেণে যহা সন্ধিমুহে গহিএ, সকম্মুণা কিচ্চই[৪] পাবকারী।
এবং পয়া পেচ্চ ইহং চ লোএ, কড়াণ কম্মাণ ন মোক্খ অথি ॥৩॥

যহা (যেমন) পাবকারী (পাপকারী=পাপকর্মেরত) তেণে (স্তেন=চোর) সন্ধিমুহে (সন্ধিমুখে=সিঁদের মুখে, চুরি করিবার অভিপ্রায় গৃহে প্রবেশ করিবার জন্য প্রাচীরে কৃত ছিদ্র মুখে) গহিএ (গৃহীত=ধৃত) (হইয়া) সকম্মুণা (স্বকর্মের দ্বারা=নিজের দুষ্কর্মের প্রভাবে) কিচ্চই (কর্তিত হয়=ছেদিত, হয়, আঘাতপ্রাপ্ত হইয়া ছিন্ন ভিন্ন শরীর হয়) এবং (তদ্রূপ) পয়া (প্রজা=মনুষ্যগণ) পেচ্চ (প্রেত্য=পরলোকে) ইহং চ লোএ (ও ইহলোকে) (দুঃখপ্রাপ্ত হয়)। কড়াণ (কৃত=অনুষ্ঠিত, উপার্জিত) কম্মাণ (কর্মের) মোকখ (মোক্ষ=মুক্তি, নিষ্কৃতি) ন অথি (নাই) ॥৩॥

যেমন পাপকর্মরত চোর প্রাচীরগাত্রে স্বকৃত ছিদ্রমুখে (সিঁধমুখে) ধৃত হইয়া নিজের দুষ্কর্মের প্রভাবে ছিন্নভিন্ন শরীর হইয়া দুঃখপ্রাপ্ত হয় তদ্রূপ

১। 'মণুস্সা' টীকা ৩।
২। "বৈরং কর্ম্ম 'বেরে বজ্জে য় কম্মে য়' ইতি বচনাৎ তেন অনুবদ্ধাঃ" টীকা ৩।
৩। 'উবিংতি' টীকা ১।
৪। "কৃত্যতে শরীরে ছিদ্যতে" টীকা ১।
৫। 'মুকখু' টীকা ১। 'মোকখু' টীকা ২। 'মোক্ষো' টীকা ৩।

মনুষ্যগণ স্বকৃত পাপকর্মের প্রভাবে ইহলোকে রাজার দ্বারা দণ্ড প্রাপ্ত হইয়া) ও পরলোকে (নরকের যাতনা ভোগ করিয়া) দুঃখপ্রাপ্ত হয়। স্বকৃত কর্ম হইতে নিষ্কৃতি নাই (ইহার ফল ভোগ করিতেই হইবে) ॥৩॥

সংসারমাবণ্ণ পরস্স অট্ঠা, সাহারণং জং চ করেই কম্মং।
কম্মস্স তে তস্স উ বেয়কালে, ন বংধবা বংধবয়ং উবেন্তি ॥৪॥

সংসারমাবণ্ণ (সংসার সমাপন্ন=সংসারে আগত, সংসারী) (জীব=মনুষ্য) পরস্স অট্ঠা (পরের জন্য=পুত্রমিত্রকলত্র বান্ধবাদির জন্য) চ সাহারণং (সাধারণের জন্য=স্বপরার্থে, নিজের ও পরের জন্য) জং (যে) কম্মং (কর্ম) করেই (করে) তস্স (সেই) উ কম্মস্স (কর্মেরও) বেয়কালে (বেদকালে =বিপাককালে, ফল ভোগকালে) তে (সেই) বংধবা (বন্ধুগণ=পুত্রাদি স্বজনগণ) বংধবয়ং (বান্ধবতা=বন্ধুজনোচিত কার্য) ন উবেংতি (প্রাপ্ত হয় না=করে না) ॥৪॥

সংসারী মনুষ্য পুত্রমিত্রকলত্রাদির জন্য বা স্বপরার্থে যে কর্ম অনুষ্ঠান করে সেই কর্মের ফলভোগকালে আত্মীয়গণ আত্মীয়তা করে না অর্থাৎ কর্মফলের বেদনজনিত দুঃখ হইতে কর্মকর্তাকে নিষ্কৃতি দিতে পারে না বা তাহার দুঃখের অংশীদারও হইতে পারে না।

বিত্তেণ তাণং ন লভে পমত্তে, ইমংমি লোএ অদুবা পরত্থা।
দীবপ্পণট্ঠে ব অণংতমোহে,[১] নেয়াউয়ং দট্ঠুমদট্ঠুমেব ॥৫॥

পমত্তে (প্রমত্ত=মাদক দ্রব্যের প্রভাবে প্রমত্ত, প্রমাদগ্রস্ত মনুষ্য) ইমংমি লোএ (ইহলোকে) অদুবা (অথবা) পরত্থা (পরলোকে) বিত্তেণ (বিত্তের দ্বারা=ধনের দ্বারা) তাণং (ত্রাণ=রক্ষা) ন লভে (প্রাপ্ত হয় না)। ব (ইব=যেমন) দীবপ্পণট্ঠে (প্রণষ্টদীপ=নির্বাপিতদীপ, দীপনির্ব্বাপিত হইলে) অণংতমোহে (অনন্তমোহ=অনন্তমোহের দ্বারা আচ্ছন্ন অজ্ঞানী) (মনুষ্য) নেয়াউয়ং (নৈয়ায়িক=ন্যায়োপপন্ন সম্যগ্‌দর্শনাদি মুক্তিমার্গ) দট্ঠুং (দেখিয়াও) অদট্ঠুমেব (অদৃষ্টের ন্যায়) (আচরণ করে) ॥৫॥

প্রমাদগ্রস্ত মনুষ্য ধন সম্পত্তি থাকা সত্ত্বেও ইহলোকে কিংবা পরলোকে

১। "মুহ্যতে যেনাসৌ মোহো জ্ঞানাবরণদর্শনাবরণমোহনীয়াত্মকঃ
ততশ্চানন্তো মোহোঽস্যেতি অনন্তমোহঃ" টীকা ৩।

কোনস্থানে রক্ষা পায় না। হস্তস্থিত প্রদীপ নির্বাপিত হইলে যেমন দৃষ্ট মার্গও অদৃষ্ট হইয়া যায় সেইরূপ ঘোর অজ্ঞানের দ্বারা প্রমাদগ্রস্ত হইলে ন্যায়মার্গ বা মুক্তিমার্গ দেখিয়াও দেখিতে পায় না ॥৫॥

সুত্তেসু[১] আবী পড়িবুদ্ধজীবী, ন বীসসে[২] পংডিয় আসুপঞ্ঞে।
ঘোরা মুহুত্তা অবলং সরীরং, ভারংডপক্খীব[৩] চরপ্পমত্তো ॥৬॥

পড়িবুদ্ধজীবী (প্রতি বুদ্ধ জীবী=যে জাগ্রত হইয়া বা প্রতিবোধ প্রাপ্ত হইয়া জীবন ধারণ করে, অপ্রমাদী) পংডিয় (পণ্ডিত=বিদ্বান্) আসুপঞ্ঞে (আশুপ্রজ্ঞ=প্রত্যুৎপন্নমতি) (ব্যক্তি) সুত্তেসু আবী (সুপ্তকে ও=দ্রব্যতঃ নিদ্রিত ও ভাবতঃ প্রমাদগ্রস্ত, অবিবেকী) (পুরুষকে) ন বীসসে (বিশ্বাস করিবে না) মুহুত্তা (মুহূর্ত=কাল) ঘোরা (ঘোর=রৌদ্র, কালের প্রভাবে প্রতিক্ষণে আয়ুক্ষয় হইতেছে বলিয়া রৌদ্র, ভয়ানক) সরীরং (শরীর) অবলং (দুর্বল) (অতএব) ভারংডপক্খীব (ভারণ্ডপক্ষীর ন্যায়) অপ্পমত্তো (অপ্রমত্ত=প্রমাদশূন্য) (হইয়া) চর (বিচরণ কর) ॥৬॥

যে অপ্রমাদী, পণ্ডিত ও প্রত্যুৎপন্নমতি ব্যক্তি সে সুপ্ত বা প্রমাদগ্রস্ত অবিবেকী ব্যক্তিকে বিশ্বাস করিবে না। ঘোর কাল প্রতিমুহূর্তে আয়ুক্ষয় করিতেছে, শরীর দুর্বল—কতদিন সংযম পালনে সমর্থ হইবে কে জানে? অতএব ভারণ্ডপক্ষীর ন্যায় প্রমাদশূন্য হইয়া সংযম পালন করিতে থাক ॥৬॥

(দ্বিতীয় অর্থ)

সুত্তেসু আবী (সুপ্ত অবস্থাতেও) (প্রমাদকে) ন বীসসে (বিশ্বাস করিবে না=অর্থাৎ প্রমাদগ্রস্ত হইবে না) অন্য সমস্ত পূর্ব্ববৎ ॥৬॥

১। "দ্বিধা প্রসুপ্তেষ্বপি অবিবেকিষু ন গতানুগতিকতয়াঽহয়ং স্বপিতি, কিন্তু প্রতিবুদ্ধ এব যাবজ্জীবমাস্তে।.....উক্তো দ্রব্যসুপ্তেষু প্রতিবুদ্ধজীবিনো দৃষ্টান্তঃ, ভাবসুপ্তেষু তপস্বিনঃ, তে হি মিথ্যাত্বাদিমোহিতেষ্বপি জনেষু যথাবদবগমপূর্ব্বকমেব সংযমজীবিতং ধারয়ন্তীতি, এবংবিধশ্চ কিং কুর্য্যাদিত্যাহ ন বিশ্বস্যাৎ, প্রমাদেষ্বিতি গম্যতে, কিমুক্তং ভবতি? বহুজনপ্রবৃত্তিদর্শনান্নৈতেহ নর্থকারিণ ইতি ন বিশ্রম্ভবান্ ভবেৎ" টীকা ৩। তুলনা-অপমত্তো পমত্তেসু বহু জাগরো—ধম্মপদ ২৯।

'যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী'—গীতা ২।৬৯।

২। 'বীস্‌সসে' টীকা ৩।

৩। "ভারণ্ডপক্ষীব যথা হেতেঽন্তর্বর্ত্তিসাধারণচরণা একোদরাঃ পৃথক্‌গ্রীবা অন্যোন্য-ফলভক্ষিণশ্চ প্রমাদপরা বিনশ্যন্তি তথা যতিরপি প্রমাদ্যন্ সংযমাদ্ ভ্রশ্যতি" টীকা ২।

অপ্রমাদী কর্তব্যের প্রতি সদা সচেতন, জ্ঞানী ও প্রত্যুৎপন্নমতি সাধু নিদ্রাবস্থাতেও প্রমাদগ্রস্ত হইবে না। কারণ প্রতি পলে করাল কাল আয়ুক্ষয় করিতেছে, শরীর দুর্বল হইয়া আসিতেছে, অতএব হে সংযত সাধু, ভারণ্ডপক্ষীর ন্যায় অপ্রমত্ত থাকিয়া সংযম পালন কর ॥৬॥

(তৃতীয় অর্থ)

সুপ্তগণের মধ্যে জাগ্রত অর্থাৎ আসক্ত পুরুষগণের মধ্যে নিরাসক্ত, বুদ্ধিমান্ ও বিবেকী সাধু জীবনে বিশ্বাস করিবে না কেননা করাল কাল প্রতিক্ষণে আয়ুক্ষয় করিতেছে শরীর ক্রমশঃ নির্বল হইয়া আসিতেছে (যে কোন মুহূর্তে শরীর বিনষ্ট হইতে পারে) অতএব ভারণ্ডপক্ষীর ন্যায় অপ্রমত্ত থাকিয়া ধর্ম সেবন কর ॥৬॥ (উত্তরাধ্যয়ন সন্তবালকৃত)

চরে পয়াইং পরিসংকমাণো, জংকিংচি পাসং ইহ মন্নমাণো।
লাভংতরে জীবিয় বূহইত্তা, পচ্ছা পরিন্নায়[১] মলাবধংসী ॥৭॥

(সাধু) পয়াইং (পদে=প্রতিপদে, প্রতিপাদ বিক্ষেপে, সংযমমার্গের প্রতি নিয়মে) পরিসংকমাণো (পরিশঙ্কমান হইয়া=আশঙ্কমান হইয়া, সংযমে কোনও প্রকার স্খলন হইতেছে কিনা তাহা বিশেষ প্রকারে বিচার করিতে থাকিয়া) (এবং) জং কিংচি (যৎকিঞ্চিৎ=অল্পমাত্রও) (দুশ্চিন্তাদি প্রমাদাদি কে) ইহ (এই=সংযম জীবনে) পাসং (পাশ=বন্ধনের ন্যায়) মন্নমানো (বিবেচনা করিতে থাকিয়া) চরে (বিচরণ করে=ধর্ম পালন করে)। লাভং-তরে (যতক্ষণ লাভের পর লাভ হইতে থাকে=ততক্ষণ অর্থাৎ যতক্ষণ জ্ঞানদর্শন চারিত্রের উন্নতি হইতে থাকে ততক্ষণ) জীবিয় (জীবিত=জীবন) বূহইত্তা (বৃংহয়িত্বা=আহারাদি দ্বারা পোষণ করতঃ) পচ্ছা (পশ্চাতে=যখন আর জ্ঞানাদির উন্নতি হইতেছে না) পরিন্নায় (সম্যক্‌রূপে জানিয়া এবং প্রত্যাখ্যান দ্বারা আহার পরিত্যাগ করিয়া মলাবধংসী (মলাপধ্বংসকারী=অষ্টপ্রকার কর্মরূপ মলের ধ্বংসকারী অথবা মলযুক্ত পৌদ্‌গলিক দেহ ধ্বংসকারী) (হইবে) ॥৭॥

১। "সর্ব্বপ্রকারৈরববুধ্য যথেদং নেদানীং প্রাগ্বৎসম্যগ্‌দর্শনাদিবিশেষহেতুঃ, তথা চ নাতো নির্জরা ন হি জরয়া ব্যাধিনা বা অভিভূতং তৎ তথাবিধধর্মাধানং প্রতি সমর্থ...এবং জ্ঞপরিজ্ঞয়া পরিজ্ঞায় ততঃ প্রত্যাখ্যানপরিজ্ঞয়া চ ভক্তং প্রত্যাখ্যায় সর্ব্বথা জীবিতনিরপেক্ষা ভূত্বেতি ভাবঃ" টীকা ৩।

সাধু প্রতিপদে সংযমমার্গের প্রতিনিয়মে, আশঙ্কমান থাকিয়া অর্থাৎ সংযমে কোনও প্রকার স্খলন হইতেছে কিনা তাহা বিশেষ প্রকারে বিচার করিতে থাকিয়া এবং সাধ্বাচারে কিঞ্চিন্মাত্র ও প্রমাদাদি মলিনতাকে বন্ধনের ন্যায় বিবেচনা করিতে থাকিয়া যতক্ষণ পর্যন্ত এই শরীরের দ্বারা লাভ হইতে থাকে অর্থাৎ জ্ঞানদর্শন চারিত্রের ক্রমোন্নতি হইতে থাকে ততক্ষণ এই শরীরকে আহারাদি দ্বারা পোষণ করিবে। পরে যখন এই শরীরের দ্বারা আত্মবিকাশের মার্গে সহায়তা প্রাপ্ত হওয়ার সম্ভাবনা নাই এইরূপ জ্ঞাত হওয়া যাইবে তখন আহারাদি পরিত্যাগ করিয়া কর্মমলোৎপন্ন এই পৌদ্‌গলিক শরীরকে ধ্বংস করিবে ॥৭॥

ছংদংনিরোহেণ উবেই মোক্‌খং, আসে জহা সিক্‌খিয়বম্মধারী।
পুব্বাইং[১] বাসাইং চরপ্পমত্তো, তম্‌হা মুণী খিপ্পমুবেই মোক্‌খং ॥৮॥

জহা (যেমন) সিক্‌খিয়বম্মধারী (শিক্ষিত চালকের আজ্ঞানুবর্তী হইয়া চলিতে অভ্যস্ত=কবচ পরিহিত) আসে (অশ্ব) (রণস্থল হইতে নির্বিঘ্নে নিরাপদ স্থানে যাইতে পারে তদ্রূপ সংযত সাধু) ছংদং (স্বচ্ছন্দতা=স্বেচ্ছাচারিতা) নিরোহেণ (নিরোধ করিয়া) (গুরুর আজ্ঞানুবর্তী হইয়া ও সাধ্বাচারে প্রমাদ-শূন্য থাকিয়া সংযম পালন করিতে থাকিলে) মোক্‌খং (মোক্ষ) উবেই (প্রাপ্ত হয়)। (অতএব হে সাধু) অপ্পমত্তো (অপ্রমত্ত=প্রমাদশূন্য হইয়া) পুব্বাইং বাসাইং (বহুপূর্ব বৎসর) চর (সংযম পালন কর) তম্‌হা (তাহা হইলে) মুণী (সাধু) খিপ্পং (ক্ষিপ্র=শীঘ্র) মোকখং (মোক্ষ) উবেই (প্রাপ্ত হয়) ॥৮॥

যেমন চালকের আজ্ঞানুবর্তী হইয়া চলিতে শিক্ষিত ও কবচ পরিহিত অশ্ব রণস্থল হইতে নির্বিঘ্নে নিরাপদস্থানে যাইতে পারে তদ্রূপ স্বচ্ছন্দতা নিরোধ করিয়া গুরুর আজ্ঞানুবর্তী হইয়া সাধ্বাচার পালনে অভ্যস্ত, সংযত সাধু মোক্ষ প্রাপ্ত হয়, অতএব হে সাধু, অপ্রমত্ত হইয়া বহুপূর্ব বৎসর পর্যন্ত সংযম পালন কর, তাহা হইলে শীঘ্র মোক্ষপ্রাপ্ত হইবে ॥৮॥

স পুব্বমেবং ন লভেজ্জ পচ্ছা, এসোবমা সাসয়বাইয়াণং।[২]
বিসীয়ঈ সিঢিলে আউয়ংমি, কালোবণীএ সরীরস্‌স ভেএ ॥৯॥

১। ৩।১৫-১নং পাদটীকা দ্রষ্টব্য।

২। যাদৃশো জীবঃ পূর্বং স্যাত্তাদৃশঃ পশ্চাদপি স্যাদিতি শাশ্বতবাদিনো বদন্তীত্যর্থঃ টীকা ১। "শাশ্বতবাদিনাং নিরূপক্রমায়ুষাং যে তথা শাশ্বতমিবাত্মানং মন্যন্তে তেষামিয়ং যুজ্যেতাপি

(যে পুরুষ) পুব্বমেব (পূর্বে) (অপ্রমত্ত হয় নাই) স (সে) পচ্ছা (পশ্চাতে=পরে) (অপ্রমত্ত অবস্থা) ন লভেজ্জ (প্রাপ্ত হইবে না) এসা (এরূপ) উবমা (উপমা=যুক্তি, ধারণা) সাসয়বাইয়াণং (শাশ্বতবাদিগণের=নিরুপক্রম আয়ুসম্পন্ন ব্যক্তিগণের অথবা যাহারা নিজেকে চিরকাল জীবিত থাকিব এরূপ মনে করে তাহাদের)। আউযংমি (আয়ু) সিঢিলে (শিথিল হইলে) কালোবণীএ (মৃত্যুকাল উপনীত হইলে) সরীরস্স ভেএ (শরীরের ভেদ হইতে থাকিলে=শরীর যখন আত্মা হইতে পৃথক হইতে থাকে) (তখন সে) বিসীয়ঈ (বিষাদগ্রস্ত হয়) ॥৯॥

'যে পুরুষ পূর্বে অপ্রমত্ত হয় নাই সে পরেও অপ্রমত্ত হইতে পারিবে না' শাশ্বতবাদিগণেরই এরূপ ধারণা। আয়ুক্ষয়ে মৃত্যুকাল উপনীত হইলে শরীর-ত্যাগ করিবার সময় সেই পুরুষ বিষাদগ্রস্ত হয় (যে হায় আমি প্রমাদ পরিত্যাগ করি নাই কেন?) (অভিপ্রায় এরূপ যে, পূর্বে যে প্রমাদ পরিত্যাগ করিয়া সংযত হয় নাই সে মনে করে যখন পূর্বে করি নাই তখন পরে কি করিব; যখন নিয়তিতে হইবে তখন আপনিই হইয়া যাইবে এরূপ নিশ্চিততা অবলম্বন করিয়া বসিয়া থাকে ও মৃত্যুর সময় তাহাকে অনুতাপ করিতে হয়) ॥৯॥

দ্বিতীয় অর্থ

(যে পুরুষ) পুব্বমেব (পূর্বে) ন (প্রাপ্ত হয় নাই=প্রমাদরাহিত্য, অপ্রমত্ত অবস্থা প্রাপ্ত হয় নাই) স (সে) পচ্ছা (পশ্চাৎ=পরে লভেজ্জ (প্রাপ্ত হইবে) এসা (এরূপ) উবমা (যুক্তি) সাসয়বাইয়াণং (শাশ্বত বাদিগণের=অর্থাৎ যাহারা চিরকাল জীবিত থাকিবে মনে করে এরূপ উদ্যমশূন্য ব্যক্তিগণের) অবশিষ্ট অংশ পূর্ব্ববৎ।

যে পুরুষ পূর্বে প্রমাদ পরিত্যাগ করে নাই, পরবর্তিকালে 'এখনও অনেক সময় আছে পরে প্রমাদ পরিত্যাগ করিলেই চলিবে' এইরূপ উদাসীন ভাবের

ন তু ক্ষণনশ্বরায়ুষাং" টীকা ২। (আয়ু দুই প্রকার 'সোপক্রম ও নিরুপক্রম'। যে আয়ু উপক্রম অর্থাৎ শস্ত্র, বিষ প্রভৃতি প্রয়োগে নির্দিষ্ট কালের পূর্বে বিচ্ছিন্ন হইয়া অকালমৃত্যু হইতে পারে তাহাকে সোপক্রম আর যে আয়ু কোনপ্রকার উপক্রমের প্রভাবেও অকালে বিচ্ছিন্ন হইতে পারে না তাহাকে নিরুপক্রম আয়ু বলে। এই দুই প্রকার আয়ুকে যথাক্রমে অপবর্তনীয়' ও অনপবর্ত-নীয়' ও বলে, তত্ত্বার্থাধিগমসূত্র ২।৫২)

৩। 'বিসীদতি' টীকা ৩

যুক্তির অবতারণা করে তাহারা শাশ্বতবাদী অর্থাৎ তাহারা চিরকালই জীবিত থাকিবার ধারণা পোষণকারী। কিন্তু তাহারাই আয়ুক্ষয়ে মৃত্যুকাল উপনীত হইলে শরীর ত্যাগ করিবার সময় বিষাদগ্রস্ত হয়। (অভিপ্রায় এই যে সময় থাকিতেই সংযম মার্গে অবহিত হওয়া উচিত নতুবা আজ করিব কাল করিব বলিয়া অবহেলা করিলে মৃত্যুকালে অনুতাপ করা ব্যতীত আর উপায় থাকে না।) ॥৯॥

খিপ্পং ন সক্কেই বিবেগমেউং তম্হা সমুট্ঠায় পহায়কামে।
সমিচ্চ[১] লোগং সময়া মহেসী, অপ্পাণরক্খী[২] ব চরমপ্পমত্তো ॥১০॥

(হে প্রাণি) খিপ্পং (শীঘ্র) বিবেগং (বিবেক=আসক্তি ত্যাগ রূপ বিবেক, দ্রব্যতঃ বহিঃসঙ্গত্যাগ ও ভাবতঃ কষায়ত্যাগাত্মক অর্থাৎ বাহ্য বিষয় বস্তু ও অভ্যন্তর রাগদ্বেষাদিতে আসক্তি ত্যাগ) এউং (এতুং=প্রাপ্ত হইতে) ন সক্কেই (সমর্থ হইবে না) তম্হা (তজ্জন্য) সমুট্ঠায় (সমুত্থিত হইয়া=সম্যক্ প্রকারে উদ্যমশীল হইয়া) কামে (কামকে=ইন্দ্রিয় জনিত বিষয়ের ইচ্ছাকে) পহায় (ত্যাগ করিয়া) লোগং (লোককে=প্রাণিসমূহকে) সময়া (সমভাবের দ্বারা=শত্রুমিত্র প্রভৃতির উপর সমভাব অবলম্বনের দ্বারা) সমিচ্চ (সম্যক্‌রূপে জ্ঞাত হইয়া) মহেসী (মহর্ষি অথবা মহৈষী=মোক্ষার্থী) অপ্পাণরক্খী (আত্মরক্ষী=যে নিজকে দুর্গতিগমনাদি অপায় হইতে রক্ষা করে) ব (ও) অপ্পমত্ত (অপ্রমত্ত=প্রমাদরহিত) (হইয়া) চর (বিচরণ কর=সংযম পালন করিতে থাক) ॥১০॥

হে প্রাণি! আসক্তিত্যাগরূপ বিবেক শীঘ্র প্রাপ্ত হওয়া যায় না। অতএব সম্যকরূপে উদ্যমশীল হইয়া ইন্দ্রিয়জনিতবিষয়ভোগের ইচ্ছা পরিত্যাগ করতঃ মোক্ষাভিলাষী মহর্ষিগণের ন্যায় সমস্ত প্রাণীর প্রতি সমভাব অবলম্বন পূর্বক আত্মস্থ ও প্রমাদ রহিত হইয়া সংযম পালন কর ॥১০॥

মুহুং মুহুং মোহগুণে জয়ংতং অণেগরূবা সমণং চরন্তং।
ফাসা ফুসংতী অসমংজসং চ, ন তেসি[৩] ভিকখূ মণসা পউস্সে ॥১১॥

১। 'সমেচ্চ' টীকা ১ ও ৩।

২। 'অপ্পাণুরক্খী' টীকা ১। 'আয়াণরক্খী' টীকা ৩।

৩। 'তেসু' টীকা ১ ও ৩।

মুহুং মুহুং (মুহুর্মুহু=বারংবার) মোহগুণে (মোহগুণকে=মোহোৎপাদক শব্দাদি বিষয়কে) জয়ংতং (জয় করিতে প্রবৃত্ত) চরংতং (সংযম মার্গে বিচরণ-শীল) সমণং (শ্রমণকে) অণেগরূবা (অনেকরূপ) ফাসা (স্পর্শ=রূপরস শব্দাদি বিষয়সমূহ) অসমংজসং (অসমঞ্জস রূপে=প্রতিকূল রূপে) ফুসংতি (স্পর্শ করে=অনুভূতি উৎপন্ন করে) ভিক্খূ (ভিক্ষু) তেসি (সেই বিষয়াদিতে) মণসা (মনের দ্বারা) (ও) ন পউস্সে (প্রদ্বেষ করিবে না) ॥

মোহোৎপাদক শব্দাদি বিষয় বারংবার জয় করিতে প্রবৃত্ত ও সংযম মার্গে বিচরণশীল সাধু অনেকরূপ প্রতিকূল বিষয়সমূহের অনুভূতি প্রাপ্ত হয় কিন্তু ভিক্ষু সেই বিষয়াদির প্রতি মনের দ্বারা ও প্রদ্বেষ করিবে না অর্থাৎ তদ্বিষয়ে কোন কুচিন্তা করিবে না বা ক্ষুব্ধ হইবে না ॥১১॥

মংদা[১] য ফাসা বহুলোহণিজ্জা[২], তহপ্পগারেসু মণং ন কুজ্জা।
রক্খিজ্জ কোহং বিণএজ্জ মাণং, মায়ং ন সেবেজ্জ পহিজ্জ[৩]
লোহং ॥১২॥

ফাসা (স্পর্শ=পূর্বশ্লোকে বর্ণিত শব্দাদি বিষয়) মন্দা (মন্দ=যাহা বিবেকী পুরুষকেও বিমোহিত করে, বিমুগ্ধকারী) য (ও) বহুলোহণিজ্জা (বহুলোভনীয় =অত্যন্ত লোভনীয়) (হইলেও) তহপ্পগারেসু (তৎপ্রকার=সেইরূপ) (শব্দাদি বিষয়ে) মণং (মন) ন কুজ্জা (করিবে না=দিবে না)। কোহং (ক্রোধকে) রক্খিজ্জ (রক্ষা করিবে=নিরোধ করিবে) মাণং (মানকে) বিণএজ্জ (অপনয়ন করিবে) মায়ং (মায়াকে=কপটাচারকে) ন সেবেজ্জ (সেবন করিবে না) লোহং লোভকে) পহিজ্জ (পরিহার করিবে) ॥১২॥

শব্দাদি বিষয় অত্যন্ত বিমুগ্ধকারী ও লোভনীয়। তাহাদের প্রতি মনোনিবেশ করিবে না। ক্রোধকে নিরোধ করিবে, মানকে দূর করিবে, মায়া সেবন করিবে না এবং লোভকে পরিত্যাগ করিবে (পূর্ব শ্লোকে বিষয়াদির প্রতি দ্বেষ করিতে ও বর্তমান শ্লোকে বিষয়াদির প্রতি রাগ করিতে নিষেধ করা হইয়াছে) ॥১২॥

১। "মন্দয়ন্তি বিবেকিনমপি জনমজ্ঞতাং নয়ন্তীতি মন্দাঃ" টীকা ২।

২। 'বহুলোভনিজ্জা' টীকা ৩।

৩। 'পয়হিজ্জ' টীকা ২। "প্রজহ্যাৎ পরিত্যজে" টীকা ২ ও ৩।

জে সংখয়া[১] তুচ্ছ পরপ্পবাঈ, তে পিজ্জদোসাণুগয়া পরজ্ঝা[২] ।
এত অহম্মুত্তি দুগুংছমাণো, কংখে গুণে জাব সরীরভেও ॥১৩॥
ত্তি বেমি ।

জে (যাহারা) সংখয়া (সংস্কৃত=যাহারা তাত্ত্বিক শুদ্ধি সম্পন্ন নহে কিন্তু বাহ্যিক শুদ্ধি যুক্ত) তুচ্ছা (তুচ্ছ=নিঃসার) পরপ্পবাঈ (পরপ্রবাদী= পরতার্থিক=অন্য ধর্মাবলম্বী) তে (তাহারা) পিজ্জদোসাণুগয়া (প্রেমদ্বেষানুগত =রাগদ্বেষানুবর্তী) পরজ্ঝা (পরবশ=ক্রোধাদির অধীন) এএ (ইহারা) অহম্মুত্তি (অধার্মিক এইরূপ) দুগুংছমাণো (জুগুপ্সমান=ঘৃণা করিয়া, ইহারা কুমার্গানুযায়ী এরূপ অবধারণ পূর্বক তাহাদিগের সংসর্গ হইতে দূরে থাকিয়া কিন্তু তাহাদের নিন্দা না করিয়া) জাব (যে পর্য্যন্ত) সরীরভেও (শরীরভেদ= মৃত্যু) (না হয় সে পর্য্যন্ত) গুণে (গুণকে=সম্যক্ দর্শনজ্ঞান চারিত্রাত্মক সদ্‌গুণকে) কংখে (আকাঙ্ক্ষা করিবে) ॥১৩॥ ত্তি বেমি ॥

যাহারা তাত্ত্বিকশুদ্ধি সম্পন্ন নয় অথচ বাহ্যিক শুদ্ধিযুক্ত অতএব নিঃসার-তুচ্ছ, রাগদ্বেষানুবর্তী ও ক্রোধাদির অধীন এইরূপ পরতীর্থিক ব্যক্তিকে অধার্মিক মনে করিয়া তাহাদিগের সংসর্গ হইতে দূরে থাকিবে এবং মৃত্যু পর্য্যন্ত সম্যগ্ দর্শনজ্ঞানচারিত্রাদি গুণের আকাঙ্ক্ষা করিবে ॥১৩॥ এইরূপ বলিতেছি ॥

(ইতি 'অসংস্কৃতং' চতুর্থ অধ্যয়ন)

১। "সংস্কৃতা ন তাত্ত্বিকশুদ্ধিমন্তঃ কিন্তূপচরিতবৃত্তয়োঽত এব তুচ্ছা নিঃসারাঃ" টীকা ২। পাঠান্তর 'জেঽসংখয়া' টীকা ৪। টীকাকারগণ 'সংখয়া' পাঠ ধরিয়া 'সংস্কৃতাঃ' অর্থ করিয়াছেন। কিন্তু সংস্কৃতা শব্দের যে অর্থ তাঁহারা দিয়াছেন তাহা শ্লোকে লিখিত বিষয়ের প্রতি লক্ষ্য করিলে যেন কতকটা বলপূর্ব্বক অর্থ করা হইয়াছে বলিয়া মনে হয়। 'সংখয়া' পাঠের পরিবর্তে লুপ্ত অকার যুক্ত 'অসংখয়া' পাঠ ধরিয়া তাহার অর্থ "অসংস্কৃতাঃ "অর্থাৎ 'যাহাদের অন্তঃকরণ সম্যগ্‌দর্শন জ্ঞানচারিত্রের দ্বারা সংস্কৃত বা মার্জিত হয় নাই এইরূপ সংস্কার হীন' অর্থ করিলে শ্লোকের অর্থ উপযুক্তভাবে প্রকাশ হয় বলিয়া মনে হয়। প্রথম শ্লোকে যে 'অসংখয়ং' শব্দ আছে যাহার অর্থ টীকাকারগণ অসংস্কৃত করিয়াছেন—সংস্কার শব্দের অর্থ 'জীর্ণ-সংস্কার' শব্দের দ্বারা প্রকাশিত হয়—অর্থাৎ আয়ুঃ জীর্ণ হইয়া অথবা ক্রটিত হইয়া গেলে তাহার আর সংস্কার বা মেরামত সম্ভব হয় না। বর্তমান শ্লোকে অসংস্কার শব্দের অর্থ এইরূপ নয়। এখানে জ্ঞানাদিদ্বারা যাহার অন্তঃকরণ সংস্কৃত, শোধিত বা উৎকর্ষতা প্রাপ্ত হয় নাই এইরূপ অর্থ গ্রহণ করিতে হইবে।

২। 'দেশীপরত্বাৎ পরবশা রাগদ্বেষগ্রহগ্রস্তমানসতয়া ন তে স্বতন্ত্রাঃ" টীকা ৩।

অকামমরণীয়

পঞ্চম অধ্যয়ন

অণ্ণবংসি মহোহংসি, এগে[১] তিণ্ণে[২] দুরুত্তরং।
তত্থ এগে[৩] মহাপণ্ণে, ইমং পহুমুদাহরে ॥১॥

এগে (কোন এক পুরুষ বা পুরুষগণ) মহোহংসি (মহাপ্রবাহযুক্ত=উত্তাল তরঙ্গযুক্ত) দুরুত্তরং (দুরুত্তর=দুস্তর) অণ্ণবংসি (অর্ণবের=সংসাররূপী মহাসমুদ্রের) তিণ্ণে (পরপারে উত্তীর্ণ হইয়াছেন) তত্থ (সেখানে) এগে (এক=এক অদ্বিতীয় তীর্থঙ্কর মহাবীর) মহাপণ্ণে (মহাপ্রাজ্ঞ) ইমং (নিম্নবর্ণিত) পহুং (প্রশ্ন=প্রশ্নের উত্তর) উদাহরে (বলিয়াছেন) ॥১॥

উত্তালতরঙ্গ সমাকীর্ণ অর্থাৎ নানা প্রকার জন্মান্তর সমাকুল, দুস্তর ভব-পারাবার বহু মহাপুরুষগণ উত্তীর্ণ হইয়াছেন। সে স্থলে এক মহা প্রজ্ঞাবান্ তীর্থঙ্কর মহাবীর নিম্নবর্ণিত প্রশ্নসমূহের উত্তর প্রদান করিয়াছেন ॥১॥

সংতিমে অ দুবে ঠাণা, অকথায়া মারণংতিয়া।
অকামমরণং চেব, সকামমরণং[৪] তহা ॥২॥

মারণংতিয়া (মারণান্তিক=মরণাবস্থায় উৎপন্ন, মৃত্যুকালে উৎপন্ন) ইমে (এই) দুবে (দুই) ঠাণা (স্থান=স্থিতি) অকথায়া সংতি (আখ্যাত হইয়াছে) অকামমরণং (অকাম মরণ) তহা (তথা) সকামমরণং (সকাম মরণ) ॥২॥

১। "একে মহাপুরুষাঃ গৌতমাদয়ো ঘাতিকর্মরহিতাঃ" টীকা ১। "একো রাগাদিরহিতো গৌতমাদিঃ" টীকা ২।

২। 'তরই' টীকা ৩।

৩। "একস্তস্মিন্ কালে অত্র ভরতক্ষেত্রে একস্য তীর্থঙ্করস্য বিদ্যমানত্বাদেকো মহাবীরঃ" টীকা ১।

৪। মরণ সপ্তদশ প্রকার; ১ আবীচী মরণ ২ অবধি মরণ ৩ অন্তিম মরণ ৪ বলয় মরণ ৫ বশার্ত মরণ ৬ অন্তঃশল্য মরণ ৭ তদ্ভবমরণ ৮ পণ্ডিতমরণ ৯ বালমরণ ১০ মিশ্র-মরণ ১১ ছদ্মস্থ মরণ ১২ কেবলী মরণ ১৩ বিহায়স মরণ ১৪ গৃদ্ধপৃষ্ট মরণ ১৫ ভক্তপরিজ্ঞা ১৬ ইঙ্গিনী মরণ ১৭ পাদপোপগমন মরণ টীকা ১।

মৃত্যুকালে দুইপ্রকার স্থিতি বা অবস্থা হয় এরূপ কথিত হইয়াছে যথা অকাম মরণ ও সকাম মরণ ॥২॥

বালাণং অকামং তু, মরণং অসইং[১] ভবে।
পংডিয়াণং সকামং তু, উক্কোসেণ[২] সইং[৩] ভবে ॥৩॥

বালাণং তু (অবিবেকিগণেরই) অকামং মরণং (**অকাম মরণ**=বিষয়াসক্ত অবস্থায় অনীপ্সিত মরণ) অসইং (অসকৃৎ=বারম্বার) ভবে (হয়) তু (কিন্তু) পংডিয়াণং (পণ্ডিতগণের=সংযমাবলম্বিগণের) সকামং (**সকাম** মরণ=ইচ্ছাপূর্বক মরণ, নির্ভীক থাকিয়া আনন্দের সহিত মৃত্যু বরণ করণ) উক্কোসেণ (উৎকর্ষ=অধিকতম পক্ষে) সইং (সকৃৎ=একবার) ভবে (হয়) ॥৩॥

অজ্ঞানিগণের অনভীপ্সিত মরণ (অর্থাৎ ইচ্ছাপূর্বক মরণ আকাঙ্ক্ষা না করিয়া আয়ুক্ষয়ে স্বতই যে মৃত্যু হয়) বারংবার হয়। কিন্তু পণ্ডিতগণের (অর্থাৎ সংযমধারী ব্যক্তিগণের) সকাম মৃত্যু অধিকতম পক্ষে একবারই হয়। (এস্থলে কেবল জ্ঞানসম্পন্ন পুরুষগণের মৃত্যুকে লক্ষ্য করিয়া বলা হইয়াছে যে একবারই মৃত্যু হয় কিন্তু নিম্নতম পক্ষে সংযমধারী সাধুগণের স্বাত আট বার জন্মগ্রহণ করিয়া মৃত্যুবরণ করিতে হয়। টীকাকার) ॥৩॥

তত্থিমং পঢ়মং ঠাণং, মহাবীরেণ দেসিয়ং।
কামগিদ্ধে জহা বালে, ভিসং কূরাইং[৪] কুব্বঈ ॥৪॥

তত্থ (যে উভয় প্রকার মরণের কথা বলা হইয়াছে তন্মধ্যে) মহাবীরেণ (মহাবীরের দ্বারা) ইমং (এইরূপ) পঢ়মং (প্রথম) ঠাণং (স্থান=অবস্থা) দেসিয়ং (উপদিষ্ট হইয়াছে) জহা (যথা) কামগিদ্ধে (কামগৃদ্ধ=কামাসক্ত) বালে (বাল=মূর্খ, অবিবেকী) ভিসং (ভৃশম্=অত্যন্ত) কূরাইং (ক্রূর=হিংসাদি ক্রূর কর্ম) কুব্বঈ (করে) (হিংসাদি ক্রূর কর্ম করিয়া অকাম মরণ প্রাপ্ত হয়) ॥৪॥

১। 'অসয়ং' টীকা ২। 'অসতিং' টীকা ৩।

২। জৈনশাস্ত্র 'উৎকৃষ্ট' ও 'জঘন্য' এই দুইটী শব্দ রূঢ় অর্থে ব্যবহৃত হয়। 'উৎকৃষ্ট' শব্দের অর্থ অধিকতম maximum এবং 'জঘন্য' শব্দের অর্থ নিম্নতম minimum।

৩। 'সয়ং' টীকা ২। 'সতিং' টীকা ৩।

৪। 'কূরাণি' টীকা ৩।

মরণকালে উদ্ভূত দুই প্রকার স্থিতির কথা যে উক্ত হইয়াছে তন্মধ্যে ভগবান্ মহাবীরের দ্বারা প্রথম প্রকার স্থিতির বিষয়ে বলা হইয়াছে যে কামাসক্ত অবিবেকী পুরুষ হিংসাদি অত্যন্ত ক্রূর কর্ম করিয়া অকাম মরণ প্রাপ্ত হয় ॥৪॥

জে গিদ্ধে কামভোগেসু,[১] এগে কুড়ায় গচ্ছঈ।
ন মে দিট্ঠে পরে লোএ, চক্খুদিট্ঠা ইমা রঈ ॥৫॥

জে এগে (যে কোন ব্যক্তি) কামভোগেসু (কামভোগে=শব্দাদি বিষয়ভোগে) গিদ্ধে (গৃদ্ধ=আসক্ত (হয় যে) কুড়ায় (কূটে=নরকে) গচ্ছঈ (যায়)। (সেই কামাসক্ত ব্যক্তি বলে যে) মে (আমার দ্বারা) পরে লোএ (পরলোক) ন দিট্ঠে (দৃষ্ট হয় না) (কিন্তু) ইমা (এই) রঈ (রতি=কামভোগজনিত সুখ) চক্খুদিট্ঠা (চক্ষুর দ্বারা দৃষ্ট=প্রত্যক্ষ দৃষ্ট, প্রত্যক্ষানুভূত) ॥৫॥

যে ব্যক্তি কামভোগে আসক্ত হয় সে নরকে গমন করে। সে বলে যে আমি পরলোক দেখিতে পাই না (তথায় সুখ কি দুঃখ পাইব কে জানে) কিন্তু এই রতিজনিত সুখ প্রত্যক্ষ অনুভব করিতেছি, অতএব ইহা ত্যাগ করা উচিত নয়) ॥৫॥

হত্থাগয়া ইমে কামা, কালিয়া[২] জে অণাগয়া।
কো জাণই পরে লোএ, অত্থি বা নত্থি বা পুণো ॥৬॥

(সেই কামাসক্ত ব্যক্তি বলে যে) ইমে (এই প্রত্যক্ষানুভূত) কামা (কামভোগ) হত্থাগয়া (হস্তগত) (হইয়াছে) জে (যাহা) অণাগয়া (অনাগত=পরজন্মে হইবে) (তাহা) কালিয়া (কালিকা=অনিশ্চিত কালে উৎপন্ন, অনিশ্চিত) পুণো (আবার) কো জাণই (কে জানে) পরেলোএ (পরলোক) অত্থি (আছে) বা নত্থি (বা নাই) ॥৬॥

সেই কামাসক্ত ব্যক্তি বলে যে এই প্রত্যক্ষানুভূত কামভোগ অনায়াসলব্ধ হইয়াছে, পরজন্মে যাহা হইবে তাহা ভবিষ্যৎকালের গর্ভে নিহিত। কে জানে

১। "কামা দ্বিবিধাঃ প্রজ্ঞপ্তাঃ শব্দা রূপাণি চ, ভোগাস্ত্রিবিধাঃ প্রজ্ঞপ্তাঃ তদ্যথা গন্ধা রসাঃ স্পর্শাশ্চ" টীকা ৩ পাদটীকা।

২। "কালে সম্ভবন্তীতি কালিকাঃ অনিশ্চিতকালান্তরপ্রাপ্তয়ঃ" টীকা ৩।

পরলোক আছে কি না। (অতএব উপস্থিত কোন ভোগসুখ পরিত্যাগ করিয়া অনাগত ও অনিশ্চিত সুখের জন্য চিন্তা করিবার আবশ্যকতা কি ?) ॥৬॥

জণেণ সদ্ধিং হোক্‌খামি, ইই বালে পগব্ভই।
কাম ভোগাণুরাএণং, কেসং সংপড়িবজ্জই ॥৭॥

(আমি) জণেণ (জনের=লোকের) সদ্ধিং (সহিত) হোক্‌খামি (হইব) ইই (এইরূপ) বালে (অজ্ঞান=মূর্খ) পগব্ভই (প্রগল্‌ভ বাক্য বলে-ধৃষ্টবাক্য বলে) (এবং) কামভোগাণুরাএণং (কামভোগের অনুরাগে) কেসং (ক্লেশ) সংপড়িবজ্জই (সম্প্রাপ্ত হয়) ॥৭॥

'লোকে যাহা করিবে আমিও তাহাই করিব' অর্থাৎ অন্য সকলে ভোগাসক্ত আমিও তদ্রূপ হইব এরূপ ধৃষ্টতাজনক বাক্য মূর্খেরাই বলিয়া থাকে এবং কামাসক্ত হইয়া ক্লেশ প্রাপ্ত হয় ॥৭॥

তও সে দংডং[১] সমারভই, তসেসু[২] থাবরেসু[৩] য়।
অট্‌ঠাএ য় অণট্‌ঠাএ, ভূয়গামং বিহিংসই ॥৮॥

তও (তৎপরে) সে (সেই কামাসক্ত ব্যক্তি) তসেসু (ত্রস জীবের প্রতি) য় (ও) থাবরেসু (স্থাবর জীবের প্রতি) দংডং (দণ্ড=মন বচন ও কায়ের দ্বারা পীড়ন) সমারভই (আরম্ভ করে) (এবং) অট্‌ঠাএ (অর্থের জন্য=

১। "দণ্ড্যতে সংযমসর্ব্বস্বাপহরণেনাত্মা অনেনেতি দণ্ডো মনোদণ্ডাদিস্তং" টীকা ৩। "দণ্ডং মনোদণ্ডবাক্‌কায়ৈঃ পীড়াং" টীকা ১। জৈন শাস্ত্রে দণ্ড তিন প্রকার যথা :—মনোদণ্ড, বচনদণ্ড ও কায়দণ্ড। মন বচন ও কায়ের অশুভ প্রবৃত্তি যাহা আত্মার গুণকে বিনাশ করে ও অন্য প্রাণীকেও বিনাশ করে তাহাকে দণ্ড বলে।

২। যে সমস্ত প্রাণী চলৎশক্তিসম্পন্ন তাহাকে ত্রস কহে। দ্বীন্দ্রিয়, ত্রীন্দ্রিয়, চতুরিন্দ্রিয় ও পঞ্চেন্দ্রিয় প্রাণিগণকে ত্রস কহে, প্রথম অধ্যায়ের ৩৫ শ্লোকের পাদটীকা দ্রষ্টব্য।

৩। যে সমস্ত জীব চলচ্ছক্তিসম্পন্ন নয় এবং এক স্থানে স্থির থাকে তাহাকে স্থাবর কহে ইহাদের মাত্র একটি স্পর্শেন্দ্রিয় আছে। তজ্জন্য ইহারা একেন্দ্রিয় পর্যায়ভুক্ত। মৃত্তিকা, প্রস্তর, ধাতু প্রভৃতিকে পৃথ্বীকায়, জলকে অপ্‌কায়, বায়ুকে বায়ুকায়, অগ্নিকে তেজস্‌কায় ও বৃক্ষলতা গুল্মাদিকে বনস্পতিকায় বলা হয়। ইহারা সমস্তই স্থাবর ও একেন্দ্রিয় পর্যায়ভুক্ত। বায়ু ও অগ্নি গতিশীল, তজ্জন্য কোন কোন আচার্য এই দুই বিভাগের একেন্দ্রিয় জীবকে ত্রস পর্যায়ের মধ্যে গণনা করিয়াছেন। জল স্বয়ং চলচ্ছক্তিসম্পন্ন নহে কিন্তু ভূভাগের ক্রমনিম্নতার জন্য বায়ুর প্রভাবে অথবা অন্য কোনও শক্তির দ্বারা চালিত হইলে গতিশীল হইয়া থাকে তজ্জন্য ইহাকে কোন আচার্যও ত্রস পর্যায়ের অন্তর্ভুক্ত করেন নাই।

বিত্তাদি প্রাপ্তির জন্য, স্বপ্রয়োজনে) য় (ও) অণট্ঠাএ (অপ্রয়োজনে) ভূয়গামং (ভূতগ্রামকে = প্রাণিসমূহকে) বিহিংসঈ (হিংসা করে = সংহার করে) ॥৮॥

তৎপরে সেই কামাসক্ত ব্যক্তি ত্রস ও স্থাবর জীবের প্রতি মন বচন ও কায়ের দ্বারা পীড়ন আরম্ভ করে এবং নিজের প্রয়োজনের জন্য কিংবা নিষ্প্রয়োজনেও প্রাণিসমূহকে বিনাশ করে ॥৮॥

হিংসে বালে মুসাবাঈ, মাঈল্লে পিসুণে সঢ়ে।
ভুংজমাণে সুরং মংসং, সেয়মেয়ংতি মন্নই ॥৯॥

(সেই কামাসক্ত ব্যক্তি) হিংসে (হিংস্র) বালে (অজ্ঞানী) মুসাবাঈ (মৃষাবাদী = মিথ্যাবাদী) মাঈল্লে (কপট = পরবঞ্চক) পিসুণে (পিশুন = পরনিন্দুক) সঢ়ে (শঠ) সুরং (সুরা) মংসং (মাংস) ভুংজমানে (ভক্ষণ করিতে থাকিয়া) এয়ং (ইহা) সেয়ম্ (শ্রেয় = কল্যাণকারী) ইতি (এইরূপ) মন্নই (মনে করে) ॥৯॥

কামভোগাসক্ত ব্যক্তি হিংস্রস্বভাবযুক্ত অজ্ঞান, মিথ্যাবাদী, কপটাচারী, পরনিন্দুক ও শঠ হইয়া মদ্য ও মাংস ভক্ষণপূর্বক ইহাতেই নিজের কল্যাণ হইবে মনে করে ॥৯॥

কায়সা বয়সা মত্তে, বিত্তে গিদ্ধে য় ইত্থিসু।
দুহও মলং সংচিণঈ, সিসুণাগো ব্ব মট্টিয়ং ॥১০॥

কায়সা (কায়োর জন্য) বয়সা (বচনের জন্য) মত্তে (প্রমত্ত অর্থাৎ শরীর-বল ও বচন বলের জন্য মদান্ধ) বিত্তে (ধনসম্পত্তিতে) য় (ও) ইত্থিসু (স্ত্রীতে) গিদ্ধে (গৃদ্ধ = আসক্ত) (ব্যক্তি) দুহও (দুইপ্রকারে = রাগদ্বেষ-রূপ দুইপ্রকারে) মলং (মল = কর্মমল) সংচিণঈ (সঞ্চয় করে) ব্ব (যেমন) সিসুণাগো (শিশুনাগ = মহীলতা, কেঁচো) মট্টিয়ং (মৃত্তিকা) (দুইপ্রকারে সঞ্চয় করে অর্থাৎ মৃত্তিকা ভক্ষণ করে ও সূর্যকিরণ হইতে রক্ষা পাইবার জন্য নিজের শরীরের চতুর্দিকে মৃত্তিকা উপচিত করে) ॥১০॥

কামভোগাসক্ত ব্যক্তি শরীরবল ও বচনবলের জন্য দর্পিত হইয়া এবং ধনসম্পত্তি ও স্ত্রীতে ঘোরাসক্ত হইয়া শিশুনাগ নামক কৃমি যেমন চতুর্দিকে মৃত্তিকা সঞ্চয় ও ভক্ষণ করে তদ্রূপ সেই কামাসক্ত ব্যক্তি রাগ ও দ্বেষ উভয় প্রকারে কর্মমল সঞ্চয় ও সেবন করে ॥১০॥

তও পুট্ঠো আয়ংকেণং, গিলাণো পরিতপ্পঈ।
পভীও পরলোগস্স, কম্মাণুপ্পেহী অপ্পণো ॥১১॥

তও (তৎপরে) (সেই কামাসক্ত ব্যক্তি) আয়ংকেণং (আতঙ্কের দ্বারা= আশুঘাতী রোগের দ্বারা) পুট্ঠো (স্পৃষ্ট=অভিভূত, জর্জরিত) (ও) গিলাণো (গ্লানি প্রাপ্ত হইয়া) পরিতপ্পঈ (পরিতপ্ত হয়=অনুতপ্ত হয়) (এবং) অপ্পণো (নিজের) কম্মাণুপ্পেহি (কর্মানুপ্রেক্ষী=স্বকৃত দুষ্কর্মের আলোচনাকারী) (হইয়া) পরলোগস্স (পরলোকের) (ভয়ে) পভীও (ভীত হয়) ॥১১॥

তৎপরে সেই কামাসক্ত ব্যক্তি ভীষণ রোগের দ্বারা জর্জরিত ও গ্লানি প্রাপ্ত হইয়া অনুতাপের অনলে দগ্ধ হয় এবং স্বকৃত দুষ্কর্মের আলোচনা করিয়া পরলোকের ভয়ে অত্যন্ত ভীত হয় ॥১১॥

সুয়া মে ণরএ[১] ঠাণা, অসীলাণং চ জা গঈ।
বালাণং কূরকম্মাণং, পগাঢ়া জত্থ বেয়ণা ॥১২॥

জা (যাহা) অসীলাণং (অশীল ব্যক্তিগণের=ভ্রষ্টাচারিগণের) গঈ (গতি) (সেই) ণরএ (নরকে) ঠাণা (স্থান) (সম্বন্ধে) মে সুয়া (আমার দ্বারা শ্রুত হইয়াছে=আমি শ্রবণ করিয়াছি) জত্থ (যেখানে) বালাণং (অজ্ঞান

১। জৈন শাস্ত্রানুসারে নরক সাতটী। জম্বুদ্বীপের ঠিক মধ্যস্থলে এক লক্ষ যোজন উচ্চ যে পর্বত আছে তাহাকে মেরুপর্বত কহে। এই মেরুপর্বতের সমতল ভূমি হইতে সমস্ত লোকের দূরত্বের পরিমাপ আরম্ভ করা হয়। মেরুপর্বতের সমতল ভাগের নয়শত যোজন নিম্ন ও নয়শত যোজন ঊর্ধ্ব পর্যন্ত ভাগকে মধ্যলোক এবং এই মধ্যলোকের উপরে ঊর্ধ্বলোক ও নীচে অধোলোক অবস্থিত। মধ্যলোকের ভূভাগের নাম রত্নপ্রভা। রত্নপ্রভার গভীরতা এক লক্ষ আশী হাজার যোজন। ইহার উপরের এক হাজার ও নীচের এক হাজার যোজন বাদ দিয়া মধ্যভাগের স্থানে স্থানে নরক আছে, ইহাদিগকে নরকাবাস বলা হয়। রত্নপ্রভার বহু নিম্নে সম্পূর্ণ পৃথক পৃথক একটীর নীচে আর একটী করিয়া আরও ছয়টী ভূমি আছে, তাহাদের নাম—শর্করাপ্রভা, বালুকাপ্রভা, পঙ্কপ্রভা, ধূমপ্রভা, তমঃপ্রভা ও মহাতমঃপ্রভা। এই ছয়টী পৃথ্বীতেও রত্নপ্রভার ন্যায় তাহাদের গভীরতার উপরে ও নীচে এক এক হাজার যোজন ছাড়িয়া দিয়া মধ্যস্থলে নরকাবাসগুলি অবস্থিত। প্রথম হইতে দ্বিতীয়, দ্বিতীয় হইতে তৃতীয়, এইরূপে ক্রমশঃ সপ্তম নরক পর্যন্ত নারক জীবের দুঃখ ও যাতনা ক্রমশঃ ভীষণ হইতে ভীষণতর হইতে থাকে। বলা বাহুল্য যে রত্নপ্রভার ভূপৃষ্ঠ হইতে নয়শত যোজন মধ্যলোকের অন্তর্গত ও তন্নিম্নের সমস্ত অংশ অধোলোকের অন্তর্গত।

ব্যক্তিগণের) কূরকম্মাণং (ক্রূরকর্মাসক্তগণের) পগাঢ়া (প্রগাঢ়) বেয়ণা (বেদনা) (হয়) ॥১২॥

ভ্রষ্টাচারিগণের যে স্থানে গতি হয় সেই নরকের স্থান সম্বন্ধে আমি শ্রবণ করিয়াছি। সেখানে অজ্ঞান ও ক্রূরকর্মাসক্ত ব্যক্তিগণের প্রগাঢ় বেদনা হয় ॥১২ ॥

তত্থোববাইয়ং[১] ঠাণং, জহা মে তমণুস্সুয়ং।
অহাকম্মেহিং গচ্ছন্তো, সো পচ্ছা পরিতপ্পঈ ॥১৩॥

তত্থ (সেখানে=নরকে) জহা (যে প্রকার) উববাইয়ং (ঔপপাতিক= উৎপন্ন হইবার) ঠাণং (স্থান) (আছে) তং (তাহা) মে (আমার দ্বারা) অণুস্সুয়ং (শ্রুত হইয়াছে) সো (সেই কামাসক্ত ব্যক্তি) অহাকম্মেহিং (যথাকর্মানুযায়ী=কৃতকর্মানুযায়ী) পচ্ছা (পশ্চাতে=পরে অর্থাৎ আয়ুক্ষয়ে) গচ্ছন্তো (গমন করতঃ) পরিতপ্পঈ (পরিতপ্ত হয়) ॥১৩॥

নরকে জীবের উৎপত্তির যেরূপ স্থান আছে তাহা আমি শ্রবণ করিয়াছি। কামাসক্ত ব্যক্তি স্বকৃতকর্মানুযায়ী পরে অর্থাৎ আয়ুক্ষয়ে সেখানে গমন করতঃ পরিতাপ করে ॥১৩॥

জহা সাগড়িও জাণং, সমং[২] হিচ্চা[৩] মহাপহং।
বিসমং মগ্গমোইণ্ণো[৪], অক্খে[৫] ভগ্গম্মি সোয়ঈ ॥১৪॥

জহা (যেমন) সাগড়িও (শকটবাহক=গাড়োয়ান) জাণং (জ্ঞাত থাকিয়াও) সমং (সম=সমতল, যাহা উঁচুনীচু নয়) মহাপহং (মহাপথ=রাজমার্গ) হিচ্চা (ত্যাগ করিয়া) বিসমং (বিষম=বন্ধুর) মগ্গম্ (মার্গে) ওইণ্ণো (অবতীর্ণ) (হইয়া) অক্খে (অক্ষ=চক্রদণ্ড, ধুর) ভগ্গম্মি (ভগ্ন হইলে) সোয়ঈ (অনুশোচনা করে=পশ্চাত্তাপ করে) ॥১৪॥

যেমন শকটবাহক জ্ঞাত থাকিয়াও সম মার্গ পরিত্যাগ পূর্বক বিষম মার্গে

১। নারক ও দেব যোনিতে জীব গর্ভে উৎপন্ন হয় না কিন্তু একটী নির্দিষ্ট স্থানে উপপতিত হয় তজ্জন্য ঐ উৎপাদের স্থানকে ঔপপাতিক স্থান বলে।

২। 'সম্মং' টীকা ১।

৩। 'হেচ্চা' টীকা ১।

৪। 'ওতিণ্ণো' টীকা ৩।

৫। 'অক্খ' টীকা ৩।

অবতরণ করিয়া চক্রদণ্ড ভগ্ন হওয়ায় পশ্চাত্তাপ করে (যে আমি জানিয়াও বিষম মার্গে কেন আসিলাম) ॥১৪॥

এবং ধম্মং বিউকম্ম,[১] অহম্মং পড়িবজ্জিয়া।
বালে মচ্চুমুহং পত্তে, অক্‌খে ভগ্‌গে ব সোয়ঈ ॥১৫॥

এবং (এই প্রকারে) ধম্মং (ধর্ম=ধর্মপথ) বিউকম্ম (উল্লঙ্ঘন করিয়া) অহম্মং (অধর্ম=অধর্মপথ) পড়িবজ্জিয়া (অঙ্গীকার করিয়া) বালে (অজ্ঞান =অবিবেকী) মচ্চুমুহং (মৃত্যুমুখ) পত্তে (প্রাপ্ত) (হইয়া) অক্‌খে (অক্ষ) ভগ্‌গে (ভগ্ন) (শকটবাহকের) ব (ন্যায়) সোয়ঈ (অনুশোচনা করে) ॥১৫॥

এইরূপে অবিবেকী ব্যক্তি ধর্মমার্গ উলঙ্ঘন করিয়াও অধর্মমার্গ অবলম্বন পূর্বক মৃত্যুমুখে পতিত হইয়া অক্ষভগ্ন শকটবাহকের ন্যায় অনুশোচনা করে॥১৫॥

তও সে মরণংতংমি বালে সংতমঈ ভয়া।
অকামমরণং মরঈ, ধুত্তে বা[২] কলিণা[৩] জিএ ॥১৬॥

তও (তৎপরে) সে বালে (সেই অবিবেকী ব্যক্তি) মরণংতংমি (মরণ সমীপে) (উপস্থিত হইয়া) ভয়া (ভয়ে=নরকাদির ভয়ে) সংতসঈ (সন্ত্রস্ত হয়) (এবং) অকামমরণং (অকামমরণের দ্বারা) মরঈ (মরে=প্রাণত্যাগ করে) (ও প্রাণত্যাগ করিবার সময়) কলিণা (একটী খেলাতে প্রথম পণেই) জিএ (জিত=পরাজিত) ধুত্তে বা (ধূর্তের ন্যায়=দ্যূতক্রীড়ারত ব্যক্তির ন্যায়, জুয়াড়ীর ন্যায়) (অনুশোচনা করে) ॥১৬॥

তৎপরে সেই অবিবেকী ব্যক্তি মরণকাল উপস্থিত হইলে নরকাদির ভয়ে সন্ত্রস্ত হইয়া অকাম মরণের দ্বারা প্রাণত্যাগ করে এবং মৃত্যুর সময় দ্যূত-ক্রীড়াসক্ত (জুয়াড়ী) ব্যক্তি প্রথম পণেই পরাজিত হইয়া যেমন অনুশোচনা করে (তদ্রূপ সেই অজ্ঞানী মনুষ্যজীবনে কামাসক্ত হইয়া স্বর্গসুখ হারাইয়াছি মনে করিয়া পরিতাপ করে) ॥১৬॥

এয়ং অকামমরণং, বালাণং তু পবেইয়ং।
এত্তো সকামমরণং, পংডিয়াণং সুণেহ মে ॥১৭॥

১। "ব্যুৎক্রম্য বিশেষেণোল্লঙ্ঘ্য" টীকা ১, ২ ও ৩।

২। "ধূর্তইব দ্যূতকার ইব" টীকা ২ ও ৩।

৩। "একেন প্রক্রমাদ্দায়েন" টীকা ২ ও ৩।

এয়ং (এই পূর্বোক্ত) বালাণং তু (অজ্ঞানিগণেরই) অকামমরণং (অকাম মরণ) পবেইয়ং (প্রতিপন্ন হইল) এত্তো (ইহার পরে) পংডিয়াণং (পণ্ডিতগণের) সকামমরণং (সকাম মরণ) মে (আমাকর্তৃক) সুণেহ (শ্রবণ কর) ॥১৭॥

ইতিপূর্বে অজ্ঞানিগণের অকাম মরণের বিষয় প্রতিপন্ন হইল এখন পণ্ডিতগণের সকাম মরণের (বিষয়) বলিতেছি, শ্রবণ কর ॥১৭॥

মরণং পি সপুণ্ণাণং, জহা মে তমণুস্সুয়ং
[১]বিপ্পসণ্ণমণাঘায়ং[২], সংজয়াণং বুসীমও[৩] ॥১৮॥

জহা (যেরূপ) মে (আমার নিকট) অণুস্সুয়ং (শ্রুত হইয়াছে) তং (সেই) বিপ্পসণ্ণং (বিপ্রসন্ন=শান্তিময়) অণাঘায়ং (অনাঘাত=আঘাতশূন্য, যাহাতে অন্য প্রাণীর হিংসা হয় না) মরণংপি (মরণ=সকাম মরণ) সপুণ্ণাণং (পুণ্যবান্‌গণের) সংজয়াণং (সংযমধারিগণের) (ও) বুসীমও (জিতেন্দ্রিয়-গণেরই=ব্রহ্মচারিগণেরই) (হইয়া থাকে) ॥১৮॥

শান্তিময় ও হিংসাদির অভাবে অন্য প্রাণীর অক্লেশজনক সকাম মরণ সম্বন্ধে আমার নিকট যাহা শ্রবণ করিয়াছ তাহা পুণ্যবান্ সংযমধারী ও জিতেন্দ্রিয় ব্যক্তিগণেরই হইয়া থাকে ॥১৮॥

ন ইমং সব্বেসু ভিক্খূসু, ন ইমং সব্বেসুহগারিসু।
ণাণাসীলা অগারত্থা, বিসমসীলা য[৪] ভিক্খুণো ॥১৯॥

ইমং (এই সকাম মরণ) সব্বেসু (সমস্ত) অগারিসু (আগারিগণের=গৃহস্থ-গণের) ন (হয় না)। (কেননা) অগারত্থা (গৃহস্থগণ) ণাণাসীলা (নানা-প্রকার শীলসম্পন্ন=নানাপ্রকার ব্রতসম্পন্ন) য (এবং) ভিক্খুণো (ভিক্ষুগণ) বিসমশীলা (বিষমশীলসম্পন্ন=বিসদৃশ, বিভিন্ন আচারসম্পন্ন) ॥১৯॥

এই সকাম মরণ সকল ভিক্ষুগণের কিংবা সমস্ত গৃহস্থগণের হয় না কেননা গৃহস্থগণ নানাপ্রকার ব্রতসম্পন্ন ও সাধুগণের আচারসম্পন্ন।

১। "বিপ্রসন্নং বিশেষেণ কষায়াদিমলরাহিত্যেন প্রসন্নং নির্মলম্" টীকা ১।

২। "অনাঘাতং ন বিদ্যতে আঘাতো যত্নবত্ত্বেনান্যজীবানাং সংযমজীবিতব্যস্য চ নাশো যস্মিংস্তদনাঘাতম্" টীকা ১।

৩। "আর্ষত্বাদ্ বশ্যান্যায়ত্তান্যাত্মেন্দ্রিয়াণি যেষাং তে বশ্যবস্তুস্তেষাং এতাদৃশং চ মরণমর্থাৎ পণ্ডিতমরণমেব।

৪। 'হি' টীকা ২।

সংতি এগেহিং ভিক্খূহিং, গারত্থা সংজমুত্তরা।
গারত্থেহি য় সব্বেহিং, সাহবো সংজমুত্তরা ॥২০॥

এগেহিং (কোন কোন) ভিক্খূহিং (ভিক্ষু হইতে=অন্যধর্মাবলম্বী সচ্চারিত্রহীন ভিক্ষুগণ হইতে) গারত্থা (গৃহস্থগণ=জিনমতাবলম্বী দেশবিরতিচারিত্রসম্পন্ন গৃহস্থগণ) সংজমুত্তরা (সংযমুত্তরা=সংযমে প্রধান) য় (এবং) সব্বেহিং (সমস্ত) গারত্থেহি (গৃহস্থগণ হইতে) সাহবো (সাধুগণ=সর্ববিরতি ধর্মপালনরত সাধুগণ) সংজমুত্তরা (সংযমে প্রধান) ॥২০॥

কোন কোন অন্যধর্মাবলম্বী সচ্চারিত্রহীন ভিক্ষুগণ হইতে জিনমতাবলম্বী দেশবিরতিচারিত্রসম্পন্ন গৃহস্থগণ সংযমে শ্রেষ্ঠ এবং সমস্ত গৃহস্থগণ হইতে সর্ববিরতিধর্মপালনরত সাধুগণ সংযমে শ্রেষ্ঠ ॥২০॥

চীরাজিণং[১] ণগিণিণং[২] জড়ী[৩] সংঘাড়ি[৪] মুংডিণং।
এয়াণি[৫] বি ন তায়ংতি, দুস্সীলং পরিয়াগয়ং[৬] ॥২১॥

চীর (চীর=বল্কল বা বস্ত্রখণ্ড ধারণ) অজিণং (অজিন=মৃগচর্মধারণ) ণগিণিণং (নগ্নত্ব) জড়ী (জটাধারণ) সংঘাড়ি (সংঘাটী=বস্ত্রখণ্ডের সংঘাতে প্রস্তুত কন্থাধারণ) মুংডিণং (মুণ্ডিত=মস্তক মুণ্ডন) এয়াণি বি (এই সমস্ত ও) পরিয়াগয়ং (প্রব্রজ্যাপ্রাপ্ত=দীক্ষাপ্রাপ্ত) দুস্সীলং (দুঃশীল=দুরাচারসম্পন্ন সাধুকে) ন তায়ংতি (ত্রাণ করে না) ॥২১॥

বল্কল ও মৃগচর্মধারণ, নগ্নত্ব, জটাধারণ, কন্থাধারণ, মস্তকমুণ্ডন এই সমস্ত বাহ্যলিঙ্গ দীক্ষাপ্রাপ্ত দুরাচার সাধুগণকে সংসার হইতে ত্রাণ করে না ॥২১॥

পিংডোলএ[৭] ব দুস্সীলে, ণরগাও ন মুচ্চঈ।
ভিক্খাএ বা গিহত্থে বা, সুব্বএ কম্মঈ[৮] দিবং ॥২২॥

১। "চীরাণি বকুলানি বকুলচীরধারিত্বং অজিনং চর্ম্মধারিত্বং" টীকা ১।

২। 'ণিগিণিণং' টীকা ২। "নাগ্ন্যং" টীকা ২।

৩। "জটাধারিত্বং" টীকা ১।

৪। "সংঘাতিত্বং বস্ত্রসংঘাটোৎপন্না তয়া যুক্তত্বং কংথাধারিত্বং" টীকা ১।

৫। 'এয়াইংপি' টীকা ১ ও ৩। 'এয়াণবি' টীকা ২।

৬। "প্রব্রজ্যাং গতং দীক্ষাং প্রাপ্তং" টীকা ১।

৭। "পিণ্ডং পরদত্তগ্রামমবলগতে সেবতে ইতি পিণ্ডোলগঃ" টীকা ১। 'পিংডোলগোবি' টীকা ১।

৮। 'কমতি' টীকা ৩।

(সাধু) পিংডোলএ (পিণ্ডাহারী=পরদত্ত আহারোপজীবী, ভিক্ষাচারী) ব (ও) দুস্সীলে (দুঃশীল=দুরাচারসম্পন্ন) (হইলে) ণরগাও (নরক হইতে) ন মুচ্চঈ (মুক্তিপ্রাপ্ত হয় না=অব্যাহতি প্রাপ্ত হয় না) ভিক্খাএ (ভিক্ষাদ=ভিক্ষোপজীবী সাধু) বা (অথবা) গিহত্থে বা (গৃহস্থ ও) সুব্বএ (সুব্রত=নিরতিচার ব্রতপালনকারী=সদাচারসম্পন্ন) (হইলে) দিবং (স্বর্গলোকে) কম্মঈ (গমন করে) ॥২২॥

সাধু ভিক্ষাচারী হইয়াও দুরাচারসম্পন্ন হইলে নরক হইতে অব্যাহতি প্রাপ্ত হয় না। ভিক্ষোপজীবী সাধুই হউক কিংবা গৃহস্থই হউক সদাচারসম্পন্ন হইলে স্বর্গলোকে গমন করে ॥২২॥

অগারী[১] সামাইয়ংগাইং[২], সড্ঢী কাএণ ফাসএ।
পোসহং[৩] দুহও পক্খং, এগরাইং ন হাবএ ॥২৩॥

অগারী (গৃহস্থ=শ্রাবক) সড্ঢী (শ্রদ্ধাবান্) (হইয়া) সামাইয়ংগাইং (অঙ্গোপাঙ্গযুক্ত সামায়িক) কাএণ (কায়েরদ্বারা=মন, বচন ও কায়ের দ্বারা) ফাসএ (স্পর্শ করে=সেবন করে) পোসহং (পৌষধ ব্রত) দুহও পক্খং (উভয় পক্ষে=শুক্ল ও কৃষ্ণ উভয় পক্ষে, চতুর্দশী অমাবস্যা পূর্ণিমাদি তিথিতে) (করিবে) (ও) এগরাইং (একরাত্রি=একদিন কিংবা এক রাত্রিও) ন হাবএ (বাদ দিবে না) ॥২৩॥

গৃহস্থ শ্রদ্ধাবান্ হইয়া অঙ্গোপাঙ্গযুক্ত সামায়িকব্রত মনোবচন ও কায়েরদ্বারা সেবন করিবে এবং একদিন বাদ না দিয়া শুক্ল ও কৃষ্ণ উভয় পক্ষে পৌষধব্রত পালন করিবে ॥২৩॥

১। 'অগারি' টীকা ২ ও ৩

২। "সামায়িকাঙ্গানি নিঃশঙ্কিতনিঃকাঙ্ক্ষিতনির্বিচিকিৎসিতামূঢ়দৃষ্টিপ্রমুখানি" টীকা ১। সামায়িক জৈন গৃহস্থগণের প্রতিদিন আচরণীয় ব্রত। সমস্ত প্রাণীর প্রতি সমভাব অবলম্বন পূর্বক রাগদ্বেষ রহিত হইয়া দুই ঘটিকা বা ৪৮ মিনিট পর্যন্ত একস্থানে উপবেশন পূর্বক ধ্যানজপাদি করাকে সামায়িক ব্রত বলে।

৩। "পোষণং পোষঃ স চেহ ধর্মস্য তং ধত্ত ইতি পোষধঃ" টীকা ৩। চার প্রহর কিংবা আট প্রহরের জন্য ব্রহ্মচর্য অবলম্বন করিয়া আহার, শরীরচর্যা ও সমস্ত সাংসারিক কার্য পরিত্যাগ পূর্বক সাধুর ন্যায় ধর্ম ধ্যান জপাদি দ্বারা অবস্থান করা রূপ যে ব্রত তাহাকে পৌষধ বা পোষধ ব্রত কহে। এই ব্রত নিজগৃহে না করিয়া ব্রতাদির জন্য কিংবা সাধুগণের অবস্থানের জন্য বিশেষভাবে রক্ষিতগৃহে করিতে হয়। এইরূপ গৃহকে পৌষধশালা কহে।

এবং সিক্‌খা সমাবন্নে[১], গিহবাসেবি সুব্বএ।
মুচ্চঈ ছবিপব্বাও[২], গচ্ছে জক্‌খসলোগয়ং ॥২৪॥

এবং (এইরূপে=উপরে লিখিত রূপ) সিক্‌খাসমাবন্নে (শিক্ষাসমাপন্ন=শিক্ষা-প্রাপ্ত, পূর্বশ্লোক লিখিত শ্রাবকাচারযুক্ত) গিহবাসেবি (গৃহস্থাবাসে থাকিয়াও) সুব্বএ (সুব্রত=নির্দোষব্রতপালক) (হইলে) ছবিপব্বাও (অস্থিমাংসত্বগাদিযুক্ত শরীর হইতে=ঔদারিক[৩] শরীর হইতে) মুচ্চঈ (মুক্ত হয় (এবং) জক্‌খসলোগয়ং (যক্ষসলোকত্ব=যক্ষ অর্থাৎ দেবগণের সহিত সমান লোকত্ব ; অর্থাৎ দেবজাতিত্ব) গচ্ছে (প্রাপ্ত হয়) ॥২৪॥

গৃহস্থগণও পূর্বশ্লোকে বর্ণিত সদাচারযুক্ত হইয়া গৃহবাসে থাকিয়াও নির্দোষভাবে ব্রত পালন করিতে থাকিলে এই অস্থিমাংসের দেহ হইতে মুক্ত হইয়া দেবলোকে গমন করে ॥২৪॥

১। 'সিক্‌খাসমাবন্নো' টীকা ৩। "শিক্ষয়া ব্রতাসেবনাত্মিকয়া সমাপন্নো যুক্তঃ" টীকা ৩।

২। "ছবিঃ ত্বক্ পর্বাণি চ জানুকূর্পরাদীনি ছবিপর্ব তদ্যোগাদৌদারিকশরীরমপি ছবিপর্ব ততঃ" টীকা ৩।

৩। জৈনশাস্ত্রে শরীর পাঁচ প্রকার। যথা ঔদারিকবৈক্রিয়াহারকতৈজসকার্মণানি শরীরাণি-তত্ত্বার্থ সূত্র ২।৩৭ অর্থাৎ ঔদারিক, বৈক্রিয়, আহারক, তৈজস ও কার্মণ এই পাঁচ প্রকার শরীর।

ঔদারিক—মনুষ্য, পশু, পক্ষী, কীট, পাতঙ্গ প্রভৃতি তির্যক যোনিসম্ভূত এই পৃথিবীতে উৎপন্ন প্রাণিগণের যে শরীর, যাহা অস্থি, মাংস, রস ও রক্তাদি দ্বারা নির্মিত এবং যাহা শস্ত্রাদি দ্বারা ছেদন, ভেদন ও অগ্নির দ্বারা দহন করা যায় তাহাকে ঔদারিক শরীর কহে। এই শরীর বিশেষ প্রকারের পুদ্গালের দ্বারা রচিত যাহাকে ঔদারিক বর্গণার পুদ্‌গল বলে।

বৈক্রিয়—এই শরীর দেবলোকে এবং নরকে উৎপন্ন দেব ও নারক জীবের হইয়া থাকে এবং মনুষ্যগণের মধ্যে কাহারও কাহারও এক বিশেষ প্রকার লব্ধি (শক্তি) প্রাপ্ত হইলে এই শরীর উৎপন্ন করিবার শক্তি হয়। যে শরীরকে বিস্তার ও সংকোচ এবং এক ও বহু রূপে পরিবর্তনরূপ বিক্রিয়াসম্পন্ন করা যায় তাহাকে বৈক্রিয় শরীর কহে, ইহা ঔদারিক শরীর অপেক্ষা সূক্ষ্মতর এবং ইহা মনুষ্যের দৃষ্টিশক্তির গ্রাহ্য নহে।

আহারক—চতুর্দশ পূর্বের জ্ঞানসম্পন্ন শ্রুতকেবলী সাধুর কোন সংশয়াদি উৎপন্ন হইলে তাহা নিরাকরণ করিবার জন্য তিনি স্বীয় শক্তিবলে বিশেষ প্রকার পরমাণু সমূহ আহরণ করিয়া একহস্ত পরিমিত একটী মনুষ্য শরীর রচনা করেন এবং তাহাকে অন্যক্ষেত্রে বিরাজিত তীর্থঙ্করের নিকট প্রেরণ করিয়া নিজ সংশয়ের উত্তর আনয়ন করেন। এই শরীরকে আহারক শরীর কহে।

অহ জে সংবুড়ে ভিক্‌খু, দোহ্নমণ্ণয়রে সিয়া।
সব্বদুক্‌খপ্পহীণে বা, দেবে বাবি মহিড্‌ঢিএ ॥২৫॥

অহ (অথ=তৎপরে) জে (যে) সংবুড়ে (সংবৃত=যাহার আশ্রব[১] নিরুদ্ধ হইয়াছে, নিরুদ্ধাশ্রব) ভিক্‌খু (ভিক্ষু) (সে) সব্বদুক্‌খপ্পহীণে (সর্বদুঃখ-প্রহীণ=যাহার সমস্ত দুঃখ রহিত হইয়াছে অর্থাৎ মুক্তিপ্রাপ্ত) বা (অথবা) মহিড্‌ঢিএ (মহর্দ্ধিক=মহা সমৃদ্ধিসম্পন্ন) দেবে বাবি (দেবলোকে ও) (গমন করে) দোহ্নং (এই উভয়ের) অণ্ণয়রে (অন্যতরে) সিয়া (হয়) ॥২৫॥

তৎপরে যে সাধু আশ্রব নিরোধ করিয়াছে সে সমস্ত দুঃখ ক্ষয় করিয়া মুক্তি প্রাপ্ত হয় বা অত্যন্ত সমৃদ্ধিশালী দেবলোকে গমন করে। এই উভয় অবস্থার মধ্যে একটী প্রাপ্ত হয় ॥২৫॥

ইহা দ্বারা এই একমাত্র কার্য সাধিত হয়। কার্যান্তে এই শরীর যে সমস্ত পরমাণু দ্বারা রচিত হইয়াছিল সেই সমস্ত পরমাণু বিশ্লিষ্ট হইয়া আকাশে বিলীন হইয়া যায়। এই শরীর অত্যন্ত সূক্ষ্ম বলিয়া ইহার গতি কোনস্থলে বাধা প্রাপ্ত হয় না।

তৈজস—প্রাণিগণের শরীরে যে তেজ অর্থাৎ দীপ্তি ও উষ্ণতা থাকে তাহা তৈজস শরীর জন্য। এই তৈজস শরীর এক বিশিষ্ট প্রকার পরমাণুদ্বারা গঠিত এবং আরও সূক্ষ্ম-জীবের সহিত অনাদিকাল হইতে সংশ্লিষ্ট এবং মুক্তি না হওয়া পর্যন্ত এক দেহ হইতে দেহান্তরে গমন করে। অন্যদর্শনের প্রাণময় কোষকে আমরা জৈনদর্শনের তৈজস শরীরের সহিত তুলনা করিতে পারি।

কার্মণ—প্রাণিগণ যে সমস্ত কর্ম করে তাহার ফলস্বরূপ রাগদ্বেষাদি দ্বারা আকৃষ্ট হইয়া এক বিশিষ্ট প্রকারের অতি সূক্ষ্ম পরমা আত্মার সহিত সংশ্লিষ্ট হয়। এই প্রকারের পরমাণুকে কার্মণ বর্গের পরমাণু কহে এবং এই প্রকারের অনন্ত পরমাণুসমূহের দ্বারা গঠিত স্কন্ধসমূহের নির্মিত যে শরীর তাহাকে কার্মণ শরীর বলে। এই শরীরও প্রত্যেক জীবের সহিত অনাদিকাল হইতে সংশ্লিষ্ট আছে এবং নির্বাণ বা মুক্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট থাকে। মৃত্যু হইলে যে কোন দেহ হইতে জীবাত্মা যখন অন্য যোনিতে জন্মগ্রহণ করিতে যায় তখন এই কার্মণ ও তৈজস শরীর সেই জীবাত্মার সহিত গমন করে। এই কার্মণ শরীরের প্রভাবেই জীবসংসারে নানাপ্রকার দেহ ধারণ করিয়া জন্ম, জরা ও মৃত্যুর দুঃখ ও সুখ অনুভব করিতে করিতে পরিভ্রমণ করে। এই শরীরের বিচ্যুতি হইলেই জীব শুদ্ধ, বুদ্ধ ও মুক্ত হয়। অন্যদর্শনের বিজ্ঞানময় কোষ বা লিঙ্গ শরীরের সহিত এই কার্মণ শরীরের তুলনা করিতে পারা যায়।

১। আশ্রব—৩।১১ সূত্রের ৩নং পাদটীকা দ্রষ্টব্য।

উত্তরাইং[১] বিমোহাইং[২], জুঈমংতাণুপুব্বসো।
সমাইণ্ণাইং জক্‌খেহিং, আবাসাইং জসংসিণো ॥২৬॥
দীহাউয়া ইড্‌ঢিমংতা, সমিদ্ধা কামরূবিণো।
অহুণোববণ্ণসংকাসা[৩], ভুজ্জো অচ্চিমালিপ্পভা ॥২৭॥

উত্তরাইং (সর্বোপরিস্থিত=অনুত্তরবিমান[৪] নামক পাঁচটী স্বর্গলোক) আবাসাইং (দেবগণের নিবাসস্থান) অণুপুব্বসো (অনুক্রমে=উত্তরোত্তর) বিমোহাইং (অজ্ঞানরহিত) জুঈমংত (দ্যুতিমন্তঃ=জ্যোতির্ময়) জক্‌খেহিং (দেবগণের দ্বারা) সমাইণ্ণাইং (সমাকীর্ণ) (এবং সেই সমস্ত দেবলোকনিবাসী দেবগণ) জসংসিণো (যশস্বী) দীহাউয়া (দীর্ঘায়ু) ইড্‌ঢিমংতা (ঋদ্ধিমন্ত=সমৃদ্ধিশালী) সমিদ্ধা (অত্যন্ত দীপ্তিশালী) কামরূবিণো (কামরূপী=ইচ্ছানুযায়ী রূপধারণে সমর্থ) অহুণোববণ্ণসংকাসা (অধুনোপপন্নসঙ্কাশ=যাহাদিগের শরীরের দীপ্তি, কান্তি, বর্ণাদি যাবজ্জীবন সদ্যোৎপন্নের ন্যায় একরূপ থাকে, ইতরবিশেষ হয় না) ভুজ্জো অচ্চিমালিপ্পভা (বহু সূর্যের প্রভার ন্যায় প্রভা যাহাদের=কোটি সূর্যপ্রভ) ॥২৬॥২৭॥

সর্বোপরিস্থিত অনুত্তরবিমানাখ্য দেবগণের নিবাসস্থান স্বর্গলোক যাহা উত্তরোত্তর অজ্ঞানরহিত, জ্যোতির্ময় এবং দেবতাগণের দ্বারা সমাকীর্ণ। সেই স্বর্গলোকবাসী দেবগণ যশস্বী, অতি দীর্ঘায়ুসম্পন্ন, প্রভূত সমৃদ্ধি যুক্ত, অত্যন্ত দীপ্তিশালী, কামরূপী, সদ্যসঞ্জাতবৎ বর্ণাদিযুক্ত এবং বহু সূর্যের প্রভার ন্যায় প্রভাযুক্ত ॥২৬॥২৭॥

(দ্বিতীয় অর্থ)

আবাসাইং (দেবগণের নিবাসস্থান) অণুপুব্বসো (অনুক্রমে=একের উপর অন্য) উত্তরাইং (প্রধান হইতে প্রধানতর) বিমোহাইং (বিমোহনকারী=মনোমুগ্ধকারী) জুঈমংতা (দ্যুতিমান্=জ্যোতির্ময়) জসংসিণো

১। "উত্তরাণি সর্বেভ্যো দেবলোকেভ্যঃ উপরিস্থানি পঞ্চানুত্তরবিমানানি" টীকা ১।

২। "বিমোহা ইবাল্পবেদাদিমোহনীযোদয়তয়া বিমোহাঃ অথবা মোহো দ্বিধা দ্রব্যতো ভাবতশ্চ দ্রব্যতোঽন্ধকারো ভাবতশ্চ মিথ্যাদর্শনাদিঃ স দ্বিবিধোঽপি সততরত্নদ্যোতিত্বেন সম্যগ্ দর্শনস্যৈব চ তত্র সম্ভবেন বিগতো যেষু তে বিমোহাঃ" টীকা ৩।

৩। "অধুনোৎপন্ন সঙ্কাশা যেষাং কান্তিঋদ্ধিদীপ্তিবর্ণাদিকং দৃষ্টেতি জ্ঞায়তে যদেতে-ইদানীমুৎপন্নাঃ সন্তি" টীকা ১।

৪। ৩।৩ সূত্রের ২নং পাদটীকা দ্রষ্টব্য।

(যশস্বী=খ্যাতিসম্পন্ন) জক্‌খেহিং (যক্ষগণের দ্বারা=দেবগণের দ্বারা) সমাইণ্ণাইং (সমাকীর্ণ) তৎপরে পূর্ববৎ ॥২৬॥২৭॥

দেবগণের নিবাসস্থান অর্থাৎ সৌধর্ম দেবলোক হইতে অনুত্তর বিমান পর্যন্ত স্বর্গভূমি একের উপর অন্য এবং প্রধান হইতে প্রধানতর, মনোমুগ্ধকারী সৌন্দর্যসম্পন্ন, দ্যুতিমান্, যশস্বী ও দেবগণের দ্বারা সমাকীর্ণ। সেই স্বর্গলোকবাসী দেবগণ অতি দীর্ঘায়ুসম্পন্ন, প্রভূত সমৃদ্ধিযুক্ত, অত্যন্ত দীপ্তি-শালী, কামরূপী, সদ্যসঞ্জাতবৎ বর্ণাদিযুক্ত এবং বহুসূর্যের প্রভার ন্যায় প্রভান্বিত ॥২৬॥২৭॥ (সংযত সাধু কিংবা গৃহস্থ মৃত্যুর পর কেবলমাত্র অনুত্তর বিমানেই যে উৎপন্ন হয় এইরূপ কোন নিশ্চয়তা নাই। নিজ নিজ পুণ্য-প্রকৃতি প্রভাবে সৌধর্ম নামক প্রথম দেবলোক হইতে সর্বার্থ সিদ্ধি নামক পঞ্চম অনুত্তর বিমান পর্যন্ত যে কোন দেবলোকে উৎপন্ন হইতে পারে। এই দেব-লোক সমূহ একের উপরে অন্য এইরূপ ক্রমে উপর্যুপরি অবস্থিত এবং নিম্নতর দেবলোক হইতে উচ্চতর দেবলোক ক্রমশঃ সৌন্দর্য, দীপ্তি, কান্তি প্রভৃতিতে অধিক হইতে অধিকতর এবং সর্বার্থ সিদ্ধি সমস্ত বিষয়ে অধিকতম—এই ভাব মনে রাখিয়া দ্বিতীয় অর্থ করা হইল। ২৬নং শ্লোকটীতে দেবগণের আবাস স্থান অর্থাৎ স্বর্গের বর্ণনা থাকায় "জসংসিণো" শব্দকে আবাস স্থানেরই বিশেষণ করা হইল)।

তাণি ঠাণাণি গচ্ছংতি, সিক্‌খিত্তা সংজমং তবং।
ভিক্‌খাএ বা গিহত্থে[১] বা, জে সন্তি পরিণিব্বুড়া ॥২৮॥

জে (যে সকল) ভিক্‌খাএ (ভিক্ষোপজীবী=সাধু) বা (অথবা) গিহত্থে (গৃহস্থ) সংজমং (সংযম) তবং (তপ=তপস্যা) সিক্‌খিত্তা (শিক্ষা করিয়া) পরিণিব্বুড়া (পরিনিবৃর্ত=ক্রোধ, মান, মায়া ও লোভরূপ কষায় হইতে সম্যক প্রকারে নিবৃত্ত) সন্তি (হয়) (তাহারা) তাণি (সেই সমস্ত উপরে বর্ণিত) ঠাণাণি (স্থানে=দেবলোকে) গচ্ছংতি (গমন করে) ॥২৮॥

যে সমস্ত সাধু বা গৃহস্থ সংযম ও তপস্যা অভ্যাস করিয়া ক্রোধ, মান, মায়া ও লোভ রূপ কষায় হইতে সম্যক প্রকারে নিবৃত্ত হয় তাহারা পূর্ববর্ণিত দেবলোকে গমন করে ॥২৮॥

১। 'গিহত্থা' টীকা ২।

তেসিং সুচ্চা সপুজ্জাণং, সংজয়াণং বুসীমও।
ন [১]সংতসংতি মরণংতে, সীলবংতা বহুস্সুয়া[১] ॥২৯॥

তেসিং (সেই সমস্ত) সপুজ্জাণং (সৎপূজ্যগণের=পূজার্হগণের) সংজয়াণং (সংযতগণের) বুসীমও (জিতেন্দ্রিয়গণের) (স্বর্গলোকপ্রাপ্তির বৃত্তান্ত) সুচ্চা (শ্রবণ করিয়া) সীলংবতা (শীলবান্=সাধ্বাচারযুক্ত) বহুস্সুয়া (বহুশ্রুত=শ্রুতজ্ঞানসম্পন্ন, শাস্ত্রপারদর্শী) (সাধুগণ) মরণংতে (মৃত্যুকালে) ন সংতসংতি (সন্ত্রাস প্রাপ্ত হয় না) ॥২৯॥

পূর্ববর্ণিত পূজার্হ, সংযত ও জিতেন্দ্রিয় সাধুগণের দেবলোক প্রাপ্তির বৃত্তান্ত অবগত হইয়া সাধ্বাচারসম্পন্ন বহুশ্রুত সাধুগণ মৃত্যুকালে ত্রাসপ্রাপ্ত হয় না ॥২৯॥

তুলিয়া বিসেসমাদায়, দয়াধম্মস্স খংতিএ।
বিপ্পসীইজ্জ মেহাবী, তহাভূএণ অপ্পণা ॥৩০॥

মেহাবী (মেধাবী সাধু) তুলিয়া (তুলনা করিয়া=বালমরণ ও পণ্ডিতমরণের পার্থক্য পরীক্ষা করিয়া) দয়াধম্মস্স (যতিধর্ম সম্বন্ধীয়) খংতিএ (ক্ষান্তিমার্দবাদি দশপ্রকার যতিধর্মের) বিসেসং (বৈশিষ্ট্য=অন্যধর্ম হইতে যতিধর্মের বৈশিষ্ট্য) আদায় (জানিয়া) অপ্পণা (নিজে) তহাভূএণ (তথাভূত হইয়া=যতিধর্ম অবলম্বনপূর্বক বিষয়কষায়াদি রহিত হইয়া) বিপ্পসীইজ্জ (বিশেষ ভাবে প্রসন্ন হইবে) ॥৩০॥

মেধাবী সাধু বাল ও পণ্ডিত মরণের তুলনা পূর্বক অন্যধর্ম হইতে যতিধর্মের বৈশিষ্ট্য অবগত হইয়া স্বয়ং তথাভূত অর্থাৎ যতিধর্ম অবলম্বন পূর্বক বিষয়কষায়াদি রহিত হইয়া প্রসন্ন থাকিবে ॥৩০॥

তও কালে অভিপ্পেএ, সড্ঢী তালিসমংতিএ।
বিণএজ্জ লোমহরিসং, ভেয়ং দেহস্স কংখএ ॥৩১॥

তও (তৎপরে=কষায় উপশম করিবার পর) কালে (মৃত্যুকাল) অভিপ্পেএ (অভিপ্রেত হইলে) সড্ঢী (শ্রদ্ধাবান্) (সাধু) (গুরুর) অংতিএ (অন্তিকে =সমীপে) তালিসং (তাদৃশ=সেইপ্রকার, মরণভয়োৎপন্ন) লোমহরিসং

১। 'সংতসংতি মরণংতে, ন সীলবংতা বহুস্সুয়া' টীকা ১।

(লোমহর্ষ=রোমাঞ্চ, মৃত্যুভয় হইতে উৎপন্ন রোমাঞ্চ) বিণএজ্জ (বিনাশ করিবে=দূর করিবে, (এবং) দেহস্স (দেহের) ভেয়ং (ভেদ=বিনাশ) কংখএ (আকাঙ্ক্ষা করিবে) ॥৩১॥

তৎপরে (কষায়াদি উপশম করিবার পর) মরণের অভিপ্রায় হইলে (এখন মৃত্যু হওয়া উচিত এরূপ ইচ্ছা হইলে) শ্রদ্ধাবান্ সাধু গুরুর নিকট গমন করিয়া মরণভয়োৎপন্ন রোমাঞ্চকে দূর করিবে এবং শরীরের বিনাশ আকাঙ্ক্ষা করিবে ॥৩১॥

অহ কালংমি সংপত্তে, আঘায়ায়[১] সমুস্সয়ং[২] ।
সকামমরণং মরঈ[৩], তিহমণ্ণয়রং[৪] মুণী ॥২॥ ত্তি বেমি ॥

অহ (তৎপরে) কালংমি (মৃত্যুকাল) সংপত্তে (সম্প্রাপ্ত হইলে=উপস্থিত হইলে) সমুস্সয়ং (সমুচ্ছ্রয়=শরীর অভ্যন্তরের কার্মণ শরীর ও বাহিরের ঔদারিক শরীর) আঘায়ায় (বিনাশ করিবার জন্য) মুণী (মুনি) তিহং (তিন প্রকারের) (মধ্যে) অণ্ণয়রং (অন্যতর=যে কোন এক প্রকারের) সকামমরণং (সকাম মরণ=ইচ্ছাপূর্বক মরণ (এর দ্বারা) মরঈ (মৃত্যুপ্রাপ্ত হয়) ॥৩২॥ এইরূপ বলিতেছি।

তৎপরে মৃত্যুকাল উপস্থিত হইলে কার্মণ ও ঔদারিক শরীরকে বিনাশ করিবার জন্য মুনি তিনপ্রকার সকাম মরণের মধ্যে যে কোন একপ্রকার ইচ্ছা-মরণের দ্বারা মৃত্যুপ্রাপ্ত হয় ॥৩২॥ এইরূপ বলিতেছি ॥

ইতি অকামমরণীয়ং, পঞ্চম অধ্যয়ন

১। "বিনাশায়" টীকা ১।

২। 'সমুচ্ছয়ং' টীকা ৩। "সমুচ্ছ্রয়মভ্যন্তরশরীরং বাহ্যশরীরং চ, অভ্যন্তরং কার্মণশরীরং বাহ্যমৌদারিকশরীরং" টীকা ১।

৩। 'মরতি' টীকা ৩।

৪। "ত্রীণি সকামমরণানীমানি ১। ভক্তপরিজ্ঞাভক্তপ্রত্যাখান ২। ইংগিনী ৩। পাদপোপগমনাখ্যানি। যত্র ১। ভক্তস্য ত্রিবিধস্য চতুর্বিধস্য চাহারস্য প্রত্যাখ্যানং ২। যত্র মণ্ডলং কৃত্বা মধ্যে প্রবিশ্য মণ্ডলাদ্বহির্ণ নিঃস্রীয়তে তদিঙ্গিনী মরণং ৩। যত্র ছিন্নবৃক্ষশাখাবদেকেন পার্শ্বেন নিপত্যতে পার্শ্বস্য পরাবর্তো ন ক্রিয়তে তৎপাদপোপগমনং" টীকা ১।

ষষ্ঠ অধ্যয়ন

জাবংতবিজ্জাপুরিসা,[১] সব্বে তে দুক্খসংভবা।
লুপ্পংতি বহুসো মূঢ়া, সংসারংমি অণংতএ[২] ॥১॥

জাবংত (যে সমস্ত) অবিজ্জা (অবিদ্যা, অবিদ্যাযুক্ত=মিথ্যাত্বযুক্ত) পুরিসা (পুরুষগণ) (আছে) তে (তাহারা) সব্বে (সকলে) দুক্খসংভবা (দুঃখ-সম্ভব=যাহাদের মধ্যে দুঃখের সম্ভব বা উৎপত্তি আছে অর্থাৎ দুঃখার্ত) (সেই) মূঢ়া (মূঢ়=অজ্ঞান) অণংতএ (অনন্তকে=অনন্ত) সংসারংমি (সংসারে) বহুসো (বারংবার) লুপ্পংতি (লুপ্যন্তে=আধি, ব্যাধি, বিয়োগাদির দ্বারা পীড়িত হয়) ॥১॥

যে সমস্ত অবিদ্যাগ্রস্ত পুরুষগণ এই সংসারে আছে তাহারা সকলে দুঃখে কাতর। সেই মূর্খগণ অনন্ত সংসারে বারংবার আধি, ব্যাধি ও বিয়োগাদির দ্বারা পীড়িত হয় ॥১॥

সমিক্খ পংডিএ তম্হা, পাসজাঈপহে বহু।
অপ্পণা সচ্চমেসিজ্জা[৪], মিত্তিং ভূএসু[৫] কপ্পএ ॥২॥

তম্হা (তজ্জন্য) পংডিএ (পণ্ডিতব্যক্তি=তত্ত্বজ্ঞানী) বহু (বহু=অনেক) পাসজাঈপহে (পাশজাতিপথ=বন্ধন ও জন্মের মার্গ, যে মার্গ অবলম্বন করিলে জন্মমরণকারক বন্ধন হয়, পুত্রকলত্রাদি সম্বন্ধজনিত পাশ ও তীব্র মোহাদি জন্য একেন্দ্রিয়াদি জাতিতে উৎপন্ন হইবার মার্গ) সমিক্খ (আলোচনা করিয়া=জানিয়া) অপ্পণা (স্বয়ং) সচ্চং (সত্য=সংযম) এসিজ্জা (অভিলাষ করিবে=

১। 'জাবংতোঽবিজ্জা' টীকা ১।

২। 'অণংতিগে' টীকা ১।

৩। "পাশা অত্যন্তপারবশ্যহেতবঃ কলত্রাদিসম্বন্ধাস্ত এব তীব্রমোহোদয়াদিহেতুতয়া জাতীনাম্ একেন্দ্রিয়াদিজাতীনাং পন্থানঃ তৎপ্রাপকত্বান্মার্গাঃ পাশজাতিপথাঃ তান্" টীকা ৩।

৪। 'মেসেজ্জা' টীকা ৩।

৫। 'ভূএহিং' টীকা ৩।

অনুসন্ধান করিবে) (এবং) ভূএসু (প্রাণিগণের প্রতি) মিত্তিং (মৈত্রী) কপ্পএ (আচরণ করিবে) ॥২॥

তজ্জন্য (অবিদ্যাগ্রস্ত ব্যক্তিগণ দুঃখপ্রাপ্ত হয় বলিয়া) তত্ত্বজ্ঞানী পুরুষ পুত্রকলত্রাদি সম্বন্ধজনিত বন্ধন ও তীব্র মোহাদিজন্য একেন্দ্রিয়াদি জাতিতে উৎপন্ন হইবার মার্গ অবগত হইয়া স্বয়ং সত্যের অনুসন্ধান করিবে এবং প্রাণিগণের প্রতি মৈত্রী আচরণ করিবে ॥২॥

মায়া পিয়া হুসা ভায়া, ভজ্জা পুত্তা[১] য ওরসা।
নালং তে মম তাণায়, লুপ্পংতস্স সকম্মুণা ॥৩॥

মায়া (মাতা) পিয়া (পিতা) হুসা (স্নুষা=পুত্রবধু) ভায়া (ভ্রাতা) ভজ্জা (ভার্যা=স্ত্রী) পুত্তা (পালিতপুত্র) য (ও) ওরসা (ঔরস পুত্র) তে (তাহারা সকলে) সকম্মুণা (স্বকৃত কর্মের দ্বারা) লুপ্পংতস্স (দুঃখপ্রাপ্ত) মম (আমার) তাণায় (ত্রাণের জন্য=রক্ষার জন্য) অলং ন (সমর্থ হয় না) ॥৩॥

স্বকৃতকর্মের দ্বারা দুঃখপ্রাপ্ত হইলে আমাকে মাতা, পিতা, পুত্রবধূ, ভ্রাতা, স্ত্রী, পুত্রও পৌত্রাদি ত্রাণ করিতে সমর্থ হয় না ॥৩॥

এয়মট্ঠং সপেহাএ, পাসে সমিয়দংশণে[২]।
ছিন্দ[৩] গিদ্ধিং[৪] সিণেহং চ, ন কংখে পুব্বসংথবং ॥৪॥

সমিয়দংসণে (শমিতদর্শন=যাহার অবিদ্যা বা মিথ্যাত্ব উপশান্ত হইয়াছে, সম্যক্‌দৃষ্টি) (ব্যক্তি) এয়মট্ঠং (এইরূপ অর্থ=পূর্বোক্ত বিষয়) সপেহাএ (স্বপ্রেক্ষা দ্বারা=স্ববুদ্ধির দ্বারা) পাসে (পশ্যেৎ=হৃদয়ে অবধারণ করিবে) গিদ্ধিং (গৃদ্ধি=বিষয়লোলুপতা) চ (ও) সিণেহং (স্নেহ=মমত্ব, রাগ) ছিন্দ (ছেদন করিবে=ত্যাগ করিবে) (এবং) পুব্বসংথবং (পূর্ব পরিচয়) ন কংখে (আকাঙ্ক্ষা করিবে না) ॥৪॥

১। "পুত্রাঃ পুত্রত্বেন মানিতাঃ" টীকা ১। অন্য টীকাকারগণও ঐরূপ অর্থ করিয়াছেন। শ্রীসন্তবালকৃত অনুবাদে পৌত্র অর্থ করা হইয়াছে।

২। "শমিতদর্শনঃ শমিতং ধ্বস্তং দর্শনং মিথ্যাদর্শনং যেন শমিতদর্শনঃ অথবা সম্যক্ প্রকারেণ ইতং প্রাপ্তং দর্শনং সম্যক্‌ত্বং যেন সঃ সমিতদর্শনঃ" টীকা ১।

৩। 'ছিংদে' টীকা ১।

৪। 'গেহিং' টীকা ১ ও ৩ 'গেদ্ধিং' টীকা ৪।

সম্যক্ দৃষ্টিসম্পন্ন ব্যক্তি পূর্ব বর্ণিত বিষয় নিজের বুদ্ধির দ্বারা হৃদয়ে অবধারণ করিবে, বিষয়লোলুপতা ও মমত্ব ছিন্ন করিবে এবং পূর্ব পরিচয় আকাঙ্ক্ষা করিবে না (পূর্ব বন্ধুত্ব স্মরণ করিবে না) ॥৪॥

গবাসং মণিকুংডলং, পসবো দাসপোরুসং।
সব্বমেয়ং চইত্তা ণং কামরূবী[১] ভবিস্সসি ॥৫॥

(হে শিষ্য) গবাসং (গবাশ্ব=গৌ ও অশ্ব) মণিকুংডলং (মণি ও কুণ্ডলাদি অলঙ্কার) পসবো (পশুগণ=ছাগলাদি অন্যান্য পশু) দাসপোরুসং (দাসপৌরুষ =দাস ও পদাতিকাদি) চইত্তা ণং (ত্যাগ করিয়া) (সংযম পালন করিলে তুমি) কামরূবী (কামরূপী=ইচ্ছানুযায়ী রূপধারণ করিতে সমর্থ, ইহজন্মে বৈক্রিয় শরীর ধারণ করিবার লব্ধি প্রাপ্ত হইয়া বা পরজন্মে দেবলোকে উৎপন্ন হইয়া ইচ্ছানুযায়ী রূপধারণ করিবার শক্তি প্রাপ্ত) ভবিস্সসি (হইবে) ॥৫॥

হে শিষ্য, গো, অশ্ব, মণি, রত্ন, কুণ্ডলাদি অলঙ্কার, অন্যান্য পশুসমূহ, দাসদাসী ও দ্বারপালাদি পরিত্যাগ করিয়া সংযম পালন কর তাহা হইলে তুমি ইহজন্মেই বিশেষ শক্তি প্রাপ্ত হইয়া বা পরজন্মে দেবলোকে উৎপন্ন হইয়া ইচ্ছানুযায়ী রূপ ধারণ করিতে সমর্থ হইবে ॥৫॥

থাবরং জংগমং চেব, ধণং ধণ্ণং উবক্খরং।
পচ্চমাণস্স কম্মেহিং, নালং দুক্খাও মোয়ণে ॥৬॥

থাবরং (স্থাবর=গৃহাদি স্থাবর সম্পত্তি) জংগমং (জঙ্গম=গো হস্তি প্রভৃতি পশু) চেব (এবং) ধণং (ধন) ধণ্ণং (ধান্য) উবক্খরং (উপস্কার=গৃহ-সামগ্রী=তৈজসপত্র আসবাব প্রভৃতি) কম্মেহিং (কর্মের দ্বারা) পচ্চমাণস্স (পীড়িত) (প্রাণীকে) দুক্খাও (দুঃখ হইতে) মোয়ণে (মুক্ত করিতে) অলং ন (সমর্থ হয় না) ॥৬॥

১। "কামরূপী অভিলষিতরূপবিকরণশক্তিমান্ ভবিষ্যসি ইহৈব বৈক্রিয়করণাদ্যনেক-লব্ধিযোগাৎ পরত্র চ দেবভাবাবাপ্তেরিতি" টীকা ৩। কামরূপী শব্দের যে অর্থ টীকাকারগণ করিয়াছেন তাহার শব্দার্থ ধরিলে যথার্থ হয়। কিন্তু সম্পূর্ণ শ্লোকের আশয় বিবেচনা করিয়া কামরূপী শব্দের অর্থ কামাচারী বা ইচ্ছানুযায়ী বিচরণকারী করিলে অর্থ সুগম ও সরল মনে হয়। সাধুগণের নিকট কোনরূপ পরিগ্রহ না থাকায় ইচ্ছানুযায়ী ধর্মমার্গে বিচরণ করিতে তাঁহাদের কোন বাধা গ্রাহ্য করিবার প্রয়োজন হয় না।

গৃহাদি স্থাবর সম্পত্তি, পশ্বাদি জঙ্গম সম্পত্তি, ধন, ধান্য ও গৃহসামগ্রী কর্মের দ্বারা পীড়িত প্রাণীকে দুঃখ হইতে মুক্ত করিতে সমর্থ হয় না ॥৬॥ (এই শ্লোকটী প্রক্ষিপ্ত। ২ নং টীকাকার এই রূপ বলিয়াছেন। ৩নং টীকায় শ্লোকটী দেওয়া আছে কিন্তু অর্থ করা হয় নাই)

অজ্ঝত্থং সব্বও সব্বং, দিস্স পাণে পিয়ায়এ।
ন হণে পাণিণো পাণে, ভয়বেরাও উবরএ ॥৭॥

ভয়বেরাও (ভয় ও বৈর হইতে) উবরএ (উপরত=নিবৃত্ত) (সাধু) সব্বও (সর্বপ্রকারের) সব্বং (সমস্ত সুখাদি) অজ্ঝত্থং (অধ্যাত্মস্থ=মনোভিমত) দিস্স (দৃষ্ট্বা=জানিয়া) (এবং) পাণে (প্রাণিগণকে) পিয়ায়এ (প্রিয়াত্মক =যাহারা আত্মাকে প্রিয় বলিয়া মনে করে) (জানিয়া) পাণিণো (প্রাণিগণের) পাণে (প্রাণকে) ন হণে (বিনাশ করিবে না) ॥৭॥

ভয় ও বৈরভাব হইতে নিবৃত্ত সাধু প্রাণিগণের সুখাদি আত্মবৎ মনে করিয়া এবং সমস্ত প্রাণিগণেরই আত্মা তাহাদের প্রিয় জানিয়া প্রাণিগণকে হত্যা করিবে না ॥৭॥

আয়াণং ণরয়ং দিস্স, নায়ইজ্জ তণামবি।
দোগুংছী[১] অপ্পণো পাত্র, দিণ্ণং ভুংজিজ্জ ভোয়ণং ॥৮॥

আয়াণং (আদান=ধনধান্যাদিপরিগ্রহ) ণরয়ং (নরক=নরকের হেতু) দিস্স (জানিয়া) তণামবি (তৃণমাত্রও) (দাতাকর্তৃক প্রদত্ত না হইলে) নায়ইজ্জ (গ্রহণ করিবে না) দোগুংছী (জুগুপ্সী=আত্মনিন্দুক) (হইয়া) অপ্পণো (নিজের) পাত্র (পাত্রে=ভোজনপাত্রে) দিণ্ণং (প্রদত্ত) ভোয়ণং (ভোজন) ভুংজিজ্জ (ভোজন করিবে) ॥৮॥

পরিগ্রহ নরকের হেতু জানিয়া সাধু তৃণমাত্রও প্রদত্ত না হইলে গ্রহণ করিবে না। আত্মনিন্দাপরায়ণ সাধু নিজের পাত্রে প্রদত্ত ভোজনই আহার করিবে ॥৮॥

১। "জুগুপ্সী আত্মনিন্দকঃ সন্ অহো ধিগ্মামাত্মানময়মাত্মা দেহো বাহারং বিনা ধর্মকরণেঽসমর্থঃ কিং করোমি ধর্মনির্বাহার্থমস্মৈ ভাটকং দীয়ত ইতি চিন্তয়ন্নাহারং কুর্যাৎ নতু বলপুষ্ট্যাদ্যর্থমাহারং বিধীয়ত ইতি চিন্তয়েৎ" টীকা ১।

ইহমেগে উ মন্নংতি, অপচ্চক্খায় পাবগং।
আয়রিয়ং[১] বিদিত্তাণং, সব্বদুক্খা বিমুচ্চঈ ॥৯॥

(আবার) ইহং (এখানে=এ সংসারে) এগে (কেহ কেহ=অন্যধর্মাবলম্বী মন্নংতি (মনে করে=বিশ্বাস করে) (যে) পাবগং (পাপক=হিংসাদি পাপ কর্ম) অপচ্চক্খায় (প্রত্যাখ্যান না করিয়া) (কেবলমাত্র) আয়রিয়ং (আর্য=তত্ত্ব) বিদিত্তাণং (জানিয়াই) সব্বদুক্খা (সর্ব প্রকার দুঃখ হইতে) বিমুচ্চঈ (বিমুক্ত হয়) ॥৯॥

কোন কোন অন্যধর্মাবলম্বী এরূপ বিশ্বাস করে যে পাপকর্ম প্রত্যাখ্যান না করিয়া কেবলমাত্র তত্ত্বজ্ঞানের দ্বারাই সর্বদুঃখ হইতে মুক্তি পাওয়া যায়। (এস্থলে জ্ঞানবাদী সাংখ্য মতকে কটাক্ষ করা হইয়াছে যে তাঁহাদের মতে কেবলমাত্র জ্ঞানের দ্বারাই মুক্তি পাওয়া যায়; জৈনগণ কিন্তু জ্ঞান ও ক্রিয়া উভয়ের দ্বারা মুক্তি স্বীকার করেন। যথা ঃ—"জ্ঞানক্রিয়াভ্যাং মোক্ষঃ" ইতি টীকাকার ১।) ॥৯॥

ভণংতা অকরেংতা য়, বংধমোক্খপইণ্ণিণো[২]।
বায়াবিরিয়মেত্তেণং[৩], সমাসাসেংতি অপ্পয়ং[৪] ॥১০॥

বংধমোক্খপইণ্ণিণো (বন্ধমোক্ষপ্রতিজ্ঞাবান্=যাহারা বন্ধমোক্ষের তত্ত্ব স্বীকার করে) (কিন্তু) ভণংতা (প্রতিপাদন করিতে থাকিয়া=জ্ঞানের দ্বারাই মুক্তি হয় এরূপ প্রতিপাদন করিতে থাকিয়া) য় (ও) অকরেংতা (অকুর্বন্ত=ক্রিয়ার আচরণ করিতে না থাকিয়া, মুক্তির জন্য কোন প্রকার তপস্যাদি অনুষ্ঠান করিতে না থাকিয়া) বায়াবিরিয়মেত্তেণং (কেবল মাত্র বাক্‌বীর্যের দ্বারাই=বচনশক্তির দ্বারাই) অপ্পয়ং (নিজকে) সমাসাসেংতি (আশ্বাসন প্রদান করে) ॥১০॥

১। 'আয়ারিয়ং' টীকা ১। "আচারিকং স্বকীয়স্বকীয়মতোদ্ভবানুষ্ঠানসমূহং" টীকা ১। "আয়রিয়ং তি সূত্রত্বাৎ আরাদ্যাতং সর্ব্বকুযুক্তিভ্য ইত্যার্য্যং তত্ত্বং তদ্" টীকা ২ ও ৩।

২। "বন্ধমোক্ষয়োঃ প্রতিজ্ঞাঽঙ্গীকারস্তদ্বন্তো অস্তি বন্ধোস্তি মোক্ষ ইতি বাদিন এব কেবলং নতু তথানুষ্ঠায়িনঃ" টীকা ২।

৩। "বাগ্‌বীর্য্যং বচনশক্তির্বাচালতা তদেব ক্রিয়াশূন্যং বাগ্‌বীর্যমাত্রংতেন" টীকা ২।

৪। 'অপ্পগং' টীকা ৩।

যাহারা বন্ধমোক্ষের তত্ত্ব স্বীকার করিয়া কেবল জ্ঞানের দ্বারাই মুক্তি হয় এরূপ প্রতিপাদন করে ও কোন প্রকার তপস্যাদি আচরণ করে তাহারা কেবলমাত্র বাক্‌চাতুর্যের দ্বারাই নিজকে প্রবোধ দান করে ॥১০॥

ন চিত্তা তায়এ ভাসা, কও বিজ্জাণুসাসণং[১]।
বিসণ্ণা[২] পাবকম্মেহিং[৩], বালা পংডিয়মাণিণো ॥১১॥

চিত্তা (চিত্রা=বিচিত্রা, প্রাকৃত সংস্কৃতাদি বিভিন্ন) ভাসা (ভাষা) ন তায়এ (ত্রাণ করিতে সমর্থ হয় না) বিজ্জাণুসাসণং (বিদ্যানুশাসন=মন্ত্রাদি বিদ্যার শিক্ষা অথবা ন্যায়মীমাংসাদি শাস্ত্রের শিক্ষা) কও (কি করিয়া) (ত্রাণ করিবে)। পাবকম্মেহিং (পাপকর্মে=হিংসাদি পাপকর্মে) বিসণ্ণা (বিমগ্ন) বালা (অজ্ঞানিগণ=মূর্খগণ) পংডিয়মাণিণো (পণ্ডিতমানী=যাহারা নিজেকে পণ্ডিত বলিয়া মনে করে) (হয়) ॥১১॥

বিভিন্নপ্রকারের ভাষা ত্রাণ করিতে সমর্থ নহে। মন্ত্রতন্ত্রাদির আরাধনা ও কি করিয়া ত্রাণ করিবে? মূর্খগণ পাপকর্মে মগ্ন হইয়া নিজকে পণ্ডিত বলিয়া মনে করে (অর্থাৎ পাপকর্মে লিপ্ত থাকিলে বিবিধ ভাষার জ্ঞান কিংবা মন্ত্রতন্ত্রাদির জ্ঞান কাহাকেও দুঃখ হইতে ত্রাণ করিতে সমর্থ হয় না। এরূপ ব্যক্তি নিজকে পণ্ডিত বলিয়া মনে করিলেও প্রকৃতপক্ষে সে মূর্খ) ॥১১॥

যে কেঈ সরীরে সত্তা, বণ্ণে রূবে য সব্বসো।
মণসা কায়বক্কেণং, সব্বে তে দুক্‌খসংভবা ॥১২॥

যে কেঈ (যে কেহ) সরীরে (শরীরে) বণ্ণে (বর্ণে) য (ও) রূবে (রূপে) সব্বসো (সর্বপ্রকারে) মণসা (মনের দ্বারা) কায়বক্কেণং (কায় ও বাক্যের দ্বারা) সত্তা (আসক্ত) তে সব্বে (তাহারা সকলে) দুক্‌খসংভবা (দুঃখভাক্) (হয়) ॥১২॥

১। "বিদন্ত্যনয়া তত্ত্বমিতি বিদ্যা বিচিত্রমন্ত্রাত্মিকা তস্যা অনুশাসনং শিক্ষণং বিদ্যানুশাসনং" টীকা ৩। "বিদ্যানাং ন্যায়মীমাংসাদীনামনুশাসনমনুশিক্ষণং বিদ্যানুশাসনং অথবা বিদ্যানাং বিচিত্র-মন্ত্রাত্মিকানাং রোহিণীপ্রজ্ঞপ্তিকার্গোরীগান্ধার্য্যাদিষোড়শবিদ্যাদেব্যধিষ্ঠিতানাং অনুশাসনং অনু-শিক্ষণং আরাধনং" টীকা ১।

২। "বিবিধং অনেকপ্রকারং সন্না মগ্না বিষণ্ণাঃ" টীকা ৩।

৩। 'পাবকম্মেসু' টীকা ২।

যে কোন ব্যক্তি শরীর, বর্ণ ও রূপে মন, বচন ও কায়ের দ্বারা সর্বপ্রকারে আসক্ত হয় তাহারা ইহলোকে ও পরলোকে দুঃখভাক্ হইয়া থাকে ॥১২॥

আবন্না দীহমদ্ধাণং, সংসারং বি অণংতএ।
তম্হা সব্বদিসং পস্সং অপ্পমত্তো পরিব্বএ ॥১৩॥

(সেই অজ্ঞানিগণ) অণংতএ (অনন্ত) সংসারংমি (সংসারে) দীহং (দীর্ঘ) অদ্ধাণং (মার্গ) আবন্না (প্রাপ্ত) (হইয়াছে) তম্হা (তজ্জন্য) (হে সাধু) সব্বদিসং (সর্বদিক্=চারিদিক) পস্সং (দেখিয়া) অপ্পমত্তো (অপ্রমত্ত) (হইয়া) পরিব্বএ (পরিব্রজন কর) ॥১৩॥

সেই অজ্ঞানিগণ অনন্ত সংসারের দীর্ঘ মার্গ প্রাপ্ত হইয়া ভব ভ্রমণ করিবে। অতএব হে সাধু, চতুর্দিক অবলোকন করিয়া অপ্রমত্ত হইয়া সংযম মার্গে পরিব্রজন কর ॥১৩॥

বহিয়া উড্ঢমাদায়,[১] নাবকংখে কয়াই বি।
পুব্বকম্মক্খয়ট্ঠাএ ইমং দেহং সমুদ্ধরে ॥১৪॥

বহিয়া (বহির্ভূত=সংসারের বহির্ভূত) উড্ঢং (ঊর্ধ্ব=সর্বোপরিস্থিত মোক্ষস্থান) আদায় (জানিয়া) কয়াই বি (কখনও) নাবকংখে (আকাঙ্ক্ষা করিবে না=বিষয়ের অভিলাষ করিবে না) পুব্বকম্মক্খয়ট্ঠাএ (পূর্ব কর্ম ক্ষয় করিবার জন্য=সঞ্চিত কর্ম ক্ষয় করিবার জন্য, ইমং দেহং (এই দেহকে) সমুদ্ধরে (ধারণ করিবে=পালন করিবে) ॥১৪॥

সংসারের বাহিরে ঊর্ধ্বস্থিত লোকাগ্র স্থানে গমন করিবার অর্থাৎ মোক্ষ-প্রাপ্তির অভিলাষ রাখিবে, কখনও বিষয়াদির আকাঙ্ক্ষা করিবে না এবং সঞ্চিত কর্ম ক্ষয় করিবার জন্য এই দেহকে পালন করিবে। (মুক্তির প্রতি লক্ষ্য রাখিয়া বিষয়াদির আকাঙ্ক্ষা করিবে না এবং সংযম পালন করিয়া সঞ্চিত কর্মক্ষয় করিবার প্রয়োজনসিদ্ধির জন্য এই শরীরকে পালন করিবে) ॥১৪॥

১। "সংসারাদ্বহিস্তাৎ সংসারাদ্বহির্ভূত মূর্দ্ধং লোকাগ্রস্থানং মোক্ষং আদায় অভিলষ্য" টীকা ১। "বহির্ভূতং ভবাদিতি গম্যতে ঊর্দ্ধং সর্ব্বোপরিস্থিতং অর্থান্মোক্ষং আদায় গৃহীত্বা ময়ৈতদর্থং যতিতব্যমিতি নিশ্চিত্য অথবা বহিঃ আত্মনো বহির্ভূতং ধনধান্যাদি ঊর্দ্ধম্ অপবর্গমাদায় গৃহীত্বা হেয়ত্বেনোপাদেয়তয়া চ জ্ঞাত্বেতি যাবৎ" টীকা ৩। মুক্তিপ্রাপ্ত হইবার সময় মুক্তজীব দেহত্যাগ করিয়া স্বাভাবিক ঊর্দ্ধগতি দ্বারা লোকের অগ্র অর্থাৎ শীর্ষভাগে অবস্থিত সিদ্ধশিলা নামক স্থানে যাইয়া স্থিত হয়, তজ্জন্যই টীকাকার "লোকাগ্রস্থানং মোক্ষং" বলিয়াছেন।

(দ্বিতীয় অর্থ)

বহিয়া (বাহ্যকে = ধনধন্যাদি বাহ্য বিষয়কে (ও) উড্ঢং (ঊর্ধ্বকে = অপবর্গকে, মোক্ষকে) আদায় (জানিয়া অর্থাৎ বাহ্য বিষয়কে হেয় ও অপবর্গকে উপাদেয় জানিয়া) তৎপরে পূর্ববৎ ॥১৪॥

বাহ্য বিষয়াদিকে হেয় রূপে ও অপবর্গকে উপাদেয় রূপে জানিয়া কখনও বিষয়াদির আকাঙ্ক্ষা করিবে না এবং প্রাক্তন কর্ম ক্ষয় করিবার জন্য এই দেহকে ধারণ করিবে ॥১৪॥

(তৃতীয় অর্থ)

বহিয়া (বাহ্যকে = ধনধান্যাদি বাহ্য বিষয়কে) উড্ঢং (ঊর্ধ্ব = সর্বোপরি, মুখ্য) আদায় (মনে করিয়া) তৎপরে পূর্ববৎ ॥১৪॥

বাহ্য বিষয়কে মুখ্য মনে করিয়া অর্থাৎ বাহ্য বিষয়কেই একমাত্র পুরুষার্থ মনে করিয়া বিষয়াদির আকাঙ্ক্ষা করিবে না অর্থাৎ বিষয়াদির প্রতি আসক্ত হইবে না এবং প্রাক্তন কর্মক্ষয় করিবার জন্য এই দেহকে পালন করিবে ॥১৪॥ (সন্তবালকৃত উত্তরাধ্যয়নে এই অর্থ করা হইয়াছে)।

বিবিচ্চ[১] কম্মণো[২] হেউং, কালকংখী[৩] পরিব্বএ।
মায়ং পিংডস্স পাণস্স, কড়ং লদ্ধূণ ভক্খএ ॥১৫॥

কালকংখী (কালাকাঙ্ক্ষী = সময়জ্ঞ, ক্রিয়ানুষ্ঠানের উপযুক্ত সময়ের জ্ঞান সম্পন্ন) (সাধু) কম্মণো (কর্মের) হেউং (হেতু = মিথ্যাত্বাদি আশ্রব[৪]) বিবিচ্চ (পৃথক করিয়া = আত্মা হইতে পৃথক করিয়া, পরিত্যাগ করিয়া) পরিব্বএ (সংযম মার্গে বিচরণ করিবে) (এবং) পিংডস্স (আহার্য দ্রব্যের) (ও) পাণস্স (পানীয়ের) মায়ং (মাত্রা = পরিমাণ) (স্থির করিয়া) কড়ং (কৃত = গৃহস্থ কর্তৃক নিজের জন্য কৃত) (আহারাদি) লদ্ধূণ (গ্রহণ করিয়া) ভক্খএ (ভক্ষণ করিবে) ॥১৫॥

১। 'বিগিংচ' টীকা ১ ; "বিচিন্ত্যাত্মনঃ সকাশাৎ পৃথক্কৃত্য" টীকা ১।

২। 'কম্মুণো' টীকা ১।

৩। "কালকাঙ্ক্ষ্যাবসরজ্ঞঃ সাধুঃ কালং স্বক্রিয়ানুষ্ঠানস্যাবসরং কাঙ্ক্ষতীত্যেব শীলঃ কালকাঙ্ক্ষী" টীকা ১। "কালম্ অনুষ্ঠানপ্রস্তাবং কাঙ্ক্ষত ইত্যেবংশীলঃ কালকাঙ্ক্ষী"—টীকা ৩।

৪। ৩।১১ সূত্রের ৩নং পাদটীকা দ্রষ্টব্য।

সময়জ্ঞ অর্থাৎ ক্রিয়ানুষ্ঠানের উপযুক্ত সময়ের জ্ঞানসম্পন্ন সাধু মিথ্যাত্বাদি কর্মের হেতুকে আত্মা হইতে পৃথক্ করিয়া অর্থাৎ পরিত্যাগ করিয়া সংযমমার্গে বিচরণ করিবে এবং আহার ও পানীয়ের শরীরধারণোপযোগী মাত্রা স্থির করিয়া গৃহস্থের নিজের জন্য কৃত আহারের মধ্য হইতে তাহা গ্রহণ করিয়া ভক্ষণ করিবে ॥১৫॥

সন্নিহিং[১] চ ন কুব্বিজ্জা, লেবমায়াএ[২] সংজএ।
পক্খী পত্তং সমাদায়,[৩] ণিরবেক্খো[৪] পরিব্বএ ॥১৬॥

চ (আবার) সংজএ (সংযত সাধু) লেবমায়াএ (লেপমাত্রা ও=পাত্রের গাত্রে লিপ্ত থাকে তদ্রূপ সামান্যমাত্র আহারের অংশও) সন্নিহিং (সন্নিধি=সঞ্চয়) ন কুব্বিজ্জা (করিবে না) পক্খী (পক্ষী=পক্ষীর ন্যায়) পত্তং (পক্ষ=ডানা সাধুর পক্ষে পাত্রাদি উপকরণ) সমাদায় (গ্রহণ করিয়া) ণিরবেক্খো (নিরপেক্ষ=নিস্পৃহ) (হইয়া) পরিব্বএ (বিচরণ করিবে) ॥১৬॥

সংযত সাধু যে পরিমাণ পাত্রের গাত্রে লিপ্ত থাকে তদ্রূপ অতি সামান্য মাত্রাও আহার্যের অংশ সঞ্চয় করিবে না। পক্ষী যেমন আহারের পর নিজের পক্ষমাত্র লইয়া চলিয়া যায় তদ্রূপ সাধু ও নিজের পাত্রাদি উপকরণ মাত্র সম্বল করিয়া নিস্পৃহ হইয়া বিচরণ করিবে ॥১৬॥

এসণাসমিও[৫] লজ্জূ গামে অণিয়ও[৬] চরে।
অপ্পমত্তো পমত্তেহিং,[৭] পিংডবায়ং[৮] গবেসএ ॥১৭॥

এসণাসমিও (এষণাসমিত=নির্দোষ আহারগ্রহণকারী) লজ্জূ (লজ্জাবান্=

১। "সন্নিধি মন্যদিনভোজনার্থং ভুক্তশেষস্যান্নাদে রাত্রৌ স্থাপনং" টীকা ২।

২। 'লেবমায়ায়' টীকা ৩। "লেপমাত্রয়া যাবতা পাত্রমুপলিপ্তং স্যাৎ তাবন্মানমপি" টীকা ২।

৩। 'সামায়ায়' টীকা ৩।

৪। 'নিরবিক্খো' টীকা ২।

৫। শরীরযাত্রা নির্বাহনার্থে দোষরহিত আহারাদির গ্রহণ করিবার জন্য সাবধানতাপূর্বক আচরণকে এষণা সমিতি কহে।

৬। "অনিয়তোঽনিশ্চিতবৃত্তিঃ" টীকা ২। "অনিয়তো নিত্যবাসরহিতঃ" টীকা ১।

৭। "প্রমত্তেভ্যো গৃহস্থেভ্যঃ তে হি বিষয়াদিপ্রমাদসেবনাৎ প্রমত্তা উচ্যন্তে" টীকা ৩।

৮। 'পিংডবাতং' টীকা ৩।

সংযমী সাধু) গামে (গ্রামে=গ্রাম নগরাদিতে) অনিয়ও (অনিয়ত= অনিশ্চিত বৃত্তি, নিত্যবাসরহিত) (ও) অপ্পমত্তো (অপ্রমত্ত=প্রমাদশূন্য) (হইয়া) চরে (বিচরণ করিবে) (এবং) পমত্তেহিং (প্রমাদগ্রস্ত ব্যক্তিদের নিকট হইতে=গৃহস্থদের নিকট হইতে) পিংডবায়ং (পিণ্ডপাত=ভিক্ষা) গবেসএ (গবেষণা করিবে=অনুসন্ধান করিবে, গ্রহণ করিবে) ॥১৭॥

(আহারের দোষ গুণ বিচার করিয়া) নির্দোষ আহারগ্রহণকারী লজ্জাবান্ অর্থাৎ সংযত সাধু অনিশ্চিতবৃত্তি ও প্রমাদশূন্য হইয়া গ্রাম ও নগরাদিতে বিচরণ করিবে এবং গৃহস্থগণের নিকট ভিক্ষা অনুসন্ধান করিয়া গ্রহণ করিবে ॥ ১৭ ॥

এবং সে উদাহু অণুত্তরণাণী[১] অণুত্তরদংসী অণুত্তরণাণদংসণ ধরে
অরহা ণায়পুত্তে[২] ভয়বং বেসালিএ[৩] বিয়াহিএ ॥১৮॥ ত্তি বেমি

এবং (এইরূপে) সে (সে=সেই ভগবান মহাবীর) উদাহু (বলিয়াছেন)। অণুত্তরণাণী (অনুত্তরজ্ঞানী=সর্বোৎকৃষ্টজ্ঞানী, কেবলজ্ঞানী) অণুত্তরদংসী (অনুত্তরদর্শী=সর্বোৎকৃষ্টদর্শী, কেবলদর্শী) অণুত্তরণাণদংসণধরে (অনুত্তরজ্ঞান-দর্শনধারী) অরহা (অর্হ=পূজ্য, তীর্থঙ্কর) ণায়পুত্তে (জ্ঞাতৃপুত্র=জ্ঞাতৃকুলোৎ-পন্ন) ভয়বং (ভগবান্) বেসালিএ (বৈশালীকা=বৈশালী নগরীর অধিবাসী) বিয়াহিএ (ব্যাখাতা) ॥১৮॥ ত্তি বেমি (এইরূপ বলিতেছি)।

১। জ্ঞান ও দর্শন—বস্তুর যে সামান্য জ্ঞান অর্থাৎ যাহাতে বস্তুর বিশেষত্ব স্ফুট হয় না মাত্র সামান্য আভাস হয় তাহা দর্শন ও যাহাতে বস্তুর বিশেষত্ব পরিস্ফুট হয় তাহাকে জ্ঞান কহে। "যৎসামান্যগ্রহণং দর্শনমেতৎ বিশেষিতং জ্ঞানং" টীকা ৩ এর পাদটীকা দ্রষ্টব্য পৃঃ ২৬৯।

২। "জ্ঞাতঃ উদারক্ষত্রিয়ঃ স চেহ প্রস্তাবাৎ সিদ্ধার্থঃ তস্যপুত্রো জ্ঞাতপুত্রঃ বর্ত্তমান-তীর্থাধিপতির্মহাবীরঃ" টীকা ৩। অন্য টীকাকারগণও এইরূপ অর্থ করিয়াছেন কিন্তু 'নায়' (জ্ঞাত) কুলে মহাবীরের জন্ম বলিয়া জ্ঞাতৃপুত্র অর্থাৎ জ্ঞাতৃকুলোৎপন্ন অর্থই হওয়া উচিত। মহাবীরকে জৈনগ্রন্থে বহুস্থানে 'ণায়পুত্ত' ও বৌদ্ধগ্রন্থে নাতপুত্ত (জ্ঞাতপুত্র) বলিয়া উল্লিখিত করা হইয়াছে।

৩। "বিশালাঃ শিষ্যাঃ তীর্থং যশঃ প্রভৃতয়ো বা গুণা বিদ্যন্তে যস্যেতি বিশালিকঃ, যদ্বা বিশালেভ্যঃ উক্ত স্বরূপেভ্যো হিত ইতি হিতার্থে ঠন্ প্রত্যয়ঃ ততশ্চ বিশালীয়ঃ" টীকা ৩। অন্য টীকাকারগণও এই অর্থই করিয়াছেন কিন্তু মহাবীর বৈশালীর অন্তর্গত কুণ্ডপুরনগরের ক্ষত্রিয় পাড়ায় জন্মগ্রহণ করেন বলিয়া ইঁহাকে বৈশালীক বলা হয় তজ্জন্য বৈশালীর অধিবাসী অর্থই সঙ্গত মনে হয়।

(সুধর্ম স্বামী তাঁহার শিষ্য জম্বু স্বামীকে বলিতেছেন যে) সেই কেবলজ্ঞানী, কেবলদর্শী, সর্বোৎকৃষ্টজ্ঞানদর্শনধারী, পূজনীয় তীর্থঙ্কর, ভগবান্, জ্ঞাতৃকুলোৎপন্ন, বৈশালীর অধিবাসী, মহাবীর এরূপ ব্যাখ্যা করিয়া বলিয়াছেন ॥১৮॥ তাহা আমি বলিতেছি।

ইতি ক্ষুল্লকনিগ্রন্থীয়, ষষ্ঠ অধ্যয়ন

সপ্তম অধ্যয়ন

জহাঽএসং[১] সমুদ্দিস্স, কোই পোসিজ্জ[২] এলয়ং[৩] ।
ওয়ণং জবসং[৪] দেজ্জা, পোসেজ্জা বি সয়ংগণে ॥১॥

জহা (যথা) কোই (কোন ব্যক্তি) আএসং (আদেশকে=অতিথিকে) সমুদ্দিস্স (উদ্দেশ করিয়া) এলয়ং (মেষকে) পোসিজ্জ (পোষণ করে) (তাহাকে) ওয়ণং (ওদন=ভাত) জবসং (যব=মুগ মাষকলাই) দেজ্জা (দেয়) বি (এবং) সয়ংগণে (নিজের অঙ্গনে) পোসেজ্জা (পোষণ করে) ॥১॥

যেমন কোন ব্যক্তি অতিথির উদ্দেশ্যে মেষশাবককে পোষণ করে, তাহাকে ভাত মুগকলাই প্রভৃতি খাইতে দেয় এবং নিজের আঙ্গিনায় পোষণ করে (বাঁধিয়া রাখে) ॥১॥

তও সে পুট্ঠে পরিবূঢ়ে[৫], জায়মেএ[৬] মহোদরে
পীণিএ বিউলে দেহে, আএসং পরিকংখএ[৭]॥২॥

তও (তৎপরে) সে (সেই) (মেষশাবক) পুট্ঠে (পুষ্ট=মাংসল) পরিবূঢ়ে (পরিবৃঢ়=শক্তিশালী) জায়মেএ (মেদযুক্ত) মহোদরে (মহোদর) পীণিএ (প্রীণিত=ভোজনাদিদ্বারা তৃপ্ত) বিউলে (বিপুল) দেহে (দেহবিশিষ্ট)

১। 'জহাদেসং' টীকা ২। যথা কোঽপি কশ্চিন্নির্দয়ঃ পুমানাদেশমা দিশ্যতে, বিবিধব্যাপারেষু প্রের্যতে পরিজনো যস্মিনাগতে স আদেশস্তং প্রাঘূর্ণকং" টীকা ১।

২। 'পোসজ্জা' টীকা ৩।

৩। "এলকমেড়কমুরণকম্" টীকা ১।

৪। "মুদ্গমাষাদিকং" টীকা ১।

৫। 'পরিব্বূঢ়ে' টীকা ২ ও ৩। "পরিবূঢ়ো যুদ্ধাদৌ সমর্থঃ" টীকা ১।

৬। 'জায়মেদে' টীকা ৩।

৭। "প্রতিকাঙ্ক্ষতি প্রতিপালয়তি পাঠান্তরতঃ 'পরিকাঙ্ক্ষতি' ইচ্ছতি ন চাস্য তত্ত্বতঃ প্রতিপালনমিচ্ছা বা সম্ভবতি অতঃ প্রতিকাঙ্ক্ষতীব প্রতিকাঙ্ক্ষতীত্যুপমার্থোঽবগন্তব্যঃ এবং পরিকাঙ্ক্ষাতীত্যত্রাপি" টীকা ৩।

(হইয়া) আএসং (অতিথিকে = অতিথির জন্য) পরিকংখএ (অপেক্ষা করে) ॥২॥

তৎপরে সেই মেষশাবক পুষ্ট, শক্তিশালী, মেদযুক্ত, মহোদর, আহারাদিদ্বারা তৃপ্ত ও বিপুল দেহবিশিষ্ট হইয়া অতিথির জন্য অপেক্ষা করে ॥২॥

জাব ন এই[১] আএসে, তাব জীবই সে দুহী[২]।
অহ পত্তংমি আএসে, সীসং ছিত্তূণ ভুজ্জঈ[৩] ॥৩॥

জাব (যে পর্যন্ত) আএসে (আদেশ = অতিথি) ন এই (আগত না হয়) তাব (সে পর্যন্ত) সে (সেই) দুহী (দুঃখী = বেচারী) (মেষশাবক) জীবই (জীবিত থাকে) অহ (অথ = পরে) আএসে (অতিথি) পত্তংমি (আগত হইলে) সীসং (শীর্ষ = মস্তক) ছিত্তূণ (ছেদন করিয়া) ভুজ্জই (ভুক্ত হয়) ॥৩॥

যে পর্যন্ত অতিথি না আসে সে পর্যন্ত সেই বেচারী মেষশাবক বাঁচিয়া থাকে, পরে অতিথি আগত হইলে তাহার মস্তক ছেদন করিয়া ভক্ষণ করা হয় ॥৩॥

জহা সে খলু উরত্তে[৪], আএসাএ সমীহিএ।
এবং বালে অহম্মিট্ঠে, ঈহঈ[৫] ণরয়াউয়ং[৬] ॥৪॥

জহা (যেমন) খলু (নিশ্চয়রূপে) সে (সেই) উরত্তে (মেষশাবক) আএসাএ (অতিথির জন্য) সমীহিএ (সঙ্কল্পিত হইয়া থাকে) এবং (তদ্রূপ) অহমিট্ঠে (অধর্মিষ্ঠ = অধার্মিক) বালে (অবিবেকী) ণরয়াউয়ং (নরকায়ুষ্ক = নরকের জীবন) ঈহঈ (ইচ্ছা করে = সঙ্কল্প করে) ॥৪॥

যেমন সেই মেষশাবক অতিথির জন্য সঙ্কল্পিত হইয়া থাকে তদ্রূপ অবিবেকী অধার্মিক ব্যক্তি নরকজীবনের জন্য (যেন) সঙ্কল্পিত হইয়া থাকে ॥৪॥

১। 'এজ্জতি' টীকা ৩।
২। 'সেহদুহী' টীকা ৩।
৩। 'ভুজ্জতি' টীকা ৩।
৪। 'ওরত্তে' টীকা ৩।
৫। 'ঈহতি' টীকা ৩।
৬। 'নারয়াউয়ং' টীকা ১। 'নিরয়াউয়ং' টীকা ৩।

হিংসে বালে মুসাবাঈ, অদ্ধাণংমি বিলোবএ।
অন্নদত্তহরে[১] তেণে, মাঈ কংণুহরে[২] সঢে ॥৫॥
ইত্থীবিসয়গিদ্ধে য়, মহারংভপরিগ্‌গহে।
ভুংজমাণে সুরং মংসং, পরিবূঢ়ে পরন্দমে ॥৬॥
অয়কক্করভোঈ[৩] য়, তুংডিলে[৪] চিয়সোণিএ[৫]।
আয়ুয়ং[৬] ণরএ কংখে, জহাএসং ব এলএ ॥৭॥

জহা (যেমন) এলএ (মেষশাবক) আএসং ব (অতিথিকে) (অপেক্ষা করে তদ্রূপ) হিংসে (হিংস্র=প্রাণিহত্যাকারী) বালে (মূর্খ) মুসাবাঈ (মৃষাবাদী) অদ্ধাণংমি বিলোবএ (যাহারা পথে লুণ্ঠন করে=বাটপার, রাহাজান) অন্নদত্তহার (অন্যাদত্তহর=গ্রন্থিচ্ছেদের দ্বারা অপহরণকারক, গাঁটকাটা) তেণে (স্তেন=চোর) মাঈ (মায়ী=বঞ্চক) কংণুহার (কাহার দ্রব্য চুরি করিব এইরূপ অধ্যবসায়যুক্ত) সঢে (শঠ) ইত্থীবিসয়গিদ্ধে (স্ত্রীবিষয়গৃদ্ধ) মহারম্ভ পরিগ্‌গহে (মহারম্ভী ও মহাপরিগ্রহী=প্রাণিবধাদি হিংসাত্মক কার্যে রত ও ধনধান্যাদি সঞ্চয়ে অত্যাসক্ত) সুরং মংসং ভুংজমাণে (মদ্য, মাংস ভোজনকারী) পরিবুঢ়ে (হৃলদেহ ও শক্তিশালী) পরংদমে (পরন্দম=পরপীড়ক) অয়কক্কর ভোঈ (অজকর্করভোজী=করকর করিয়া ছাগমাংসভোজী) তুংডিলে (স্থূলোদর) য় (এবং) চিয়সোণিএ (চিতশোণিত=যাহার রক্ত অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে) (ব্যক্তি) ণরএ (নরকে) আউয়ং (আয়ু=জীবন) কংখে (আকাঙ্ক্ষা করে) ॥৫॥৬॥৭॥

যেমন পূর্বোক্ত মেষশাবক অতিথির জন্য অপেক্ষা করে তদ্রূপ হিংস্র, মূর্খ, মৃষাবাদী, বাটপার, গাঁটকাটা, চোর, প্রবঞ্চক, নিয়ত চুরি করিবার অধ্যবসায়-শীল (ছেঁচকা চোর), শঠ, কামাসক্ত, মহারম্ভী, মহাপরিগ্রহী, মদ্যমাংসভোজী,

---

১। "অন্যৈরদত্তং হরতীত্যন্যদত্তহরো গ্রন্থিচ্ছেদাদিনা সর্বা পহারকঃ" টীকা ২।

২। 'কহ্নুহরে' টীকা ৩। 'কন্নুহরে' টীকা ১।

৩। "অজস্য ছাগস্য কর্করমতিপক্কং মাংসং যচ্চনকবদ্ ভক্ষ্যমাণং কর্করায়তে তদ্ভোজী" টীকা ২; "অজস্য ছাগাদেঃ কর্কর মতিভ্রষ্টং যচ্চনকবদ্ ভুজ্যমানং কর্করায়তে তন্মেদো দগ্ধরং পক্কং শূলাকৃতং মাংসং তদ্‌ভুঙ্‌ক্তে ইত্যেবংশীলোঽজকর্করভোজী" টীকা ১।

৪। 'তুংদিলে' টীকা ৩; 'তুংদিল্লে' টীকা ১।

৫। 'লোহিএ' টীকা ১, ৩ ও ৪।

৬। 'আয়ুএ' টীকা ২।

শক্তিশালী, পরপীড়ক, করকর করিয়া মাংসাস্থিভোজী, স্থূলোদর, বহুল রক্ত-মেদাদিযুক্ত ব্যক্তি যেন নরকের জীবন আকাঙ্ক্ষা করিয়াই থাকে (অর্থাৎ পরজন্মে নরকে উৎপন্ন হয়) ॥৫।৬।৭॥

আসণং সয়ণং জাণং, বিত্তং[১] কামে[২] অ ভুংজিয়া।
দুস্সাহড়ং ধণং হিচ্চা, বহু সংচিণিয়া রয়ং ॥৮॥

তও কম্মগুরু জন্তু, পচ্চুপ্পন্নপরায়ণে[৩]।
অয় ব্ব[৪] আগয়াএসে[৫], মরণংতংমি সোয়ঈ[৬] ॥৯॥

আসণং (আসন) সয়ণং (শয্যা) জাণং (যান=বাহন) বিত্তং (বিত্ত=ধন-সম্পত্তি) অ (ও) কামে (কামভোগ) ভুংজিয়া (উপভোগ করিয়া) দুস্সাহড়ং (দুঃখাহৃত=কষ্টোপার্জিত) ধণং (ধন) হিচ্চা (পরিত্যাগ করিয়া) বহু (অনেক) রয়ং (রজ=কর্মরজ) সংচিণিয়া (সঞ্চয় করিয়া) তও (তজ্জন্য) কম্মগুরু (গুরুকর্মা=বহুকর্ম সঞ্চয়ের দ্বারা ভারাক্রান্ত) পচ্চুপ্পন্নপরায়ণে (প্রত্যুৎপন্নপরায়ণ=প্রত্যক্ষ বিষয়সুখপরায়ণ, বর্তমানে উপলব্ধ কামভোগাদিতে আসক্ত ও পরলোকের সুখাদিতে নিরপেক্ষ) জন্তু (প্রাণী) আগয়াএসে (অতিথি আগত হইলে) অয় ব্ব (অজের ন্যায়=মেষশাবকের ন্যায়) মরণংতংমি (মরণকাল উপস্থিত হইলে) সোয়ঈ (অনুশোচনা করে) ॥৮॥৯॥

আসন, শয্যা, বাহন, ধনসম্পত্তি, ও কামাদিবিষয়কে ভোগ করিয়া, দুঃখোপার্জিত ধন পরিত্যাগ করিয়া, বহু কর্মমল সঞ্চয় জন্য কর্মভারাক্রান্ত হইয়া বর্তমান্ ভোগে আসক্ত এবং পরলোকের সুখে নিরপেক্ষ প্রাণী অতিথি আগত হইলে মেষশাবকের ন্যায় মৃত্যু উপস্থিত হইলে অনুশোচনা করে ॥৮॥৯॥

১। 'বিত্তে' টীকা ১ ও ৩।;

২। 'কামাণি' টীকা ৩।

৩। "প্রত্যুৎপন্নে প্রত্যক্ষভোজ্যমানবিষয়সুখে পরায়ণঃ প্রত্যুৎপন্নপরায়ণঃ পরলোকসুখ-নাস্তিকবাদী জনঃ" টীকা ১।

৪। 'অএব্ব' টীকা ২ ও ৩।

৫। 'আগয়া কংখে' টীকা ৩।

৬। 'সোয়এ' টীকা ১ ও ৪। 'সোয়তি' টীকা ৩।

তও আউ পরিক্খীণে, চুআ[১] দেহা বিহিংসগা।
আসুরীয়ং[২] দিসং বালা, গচ্ছংতি অবসা তমং ॥১০॥

তও (তৎপরে) বিহিংসগা (বিহিংসক=বিশেষ প্রকারে হিংসাকারক) বালা (অজ্ঞানগণ=মূর্খগণ) আউ (আয়ু) পরিক্খীণে (পরিক্ষীণ হইলে=ক্ষয় হইলে) দেহা (দেহ হইতে) চুআ (চ্যুত হইয়া=মৃত্যু প্রাপ্ত হইয়া) অবসা (অবশ হইয়া=পরবশ হইয়া, কর্মের অধীন হইয়া) তমং (তম=তমোময়, অন্ধকার-যুক্ত) আসুরীয়ং দিসং (আসুরীক দিকে=নরকের দিকে, নরকগতিতে) গচ্ছংতি (গমন করে) ॥১০॥

তৎপরে (অর্থাৎ পূর্বশ্লোকে বর্ণিত কর্মভারাক্রান্ত হইবার পর) হিংসা-পরায়ণ মূর্খ ব্যক্তিগণ আয়ুক্ষয়ে দেহ হইতে চ্যুত অর্থাৎ মৃত্যু প্রাপ্ত হইলে কর্মের পরবশ হইয়া অন্ধকারময় নরকগতিতে গমন করে ॥১০॥

জহা কাগিণীএ[৩] হেউং, সহস্সং[৪] হারএ ণরো।
অপথং অংবগং ভুচ্চা, রায়া রজ্জং তু হারএ ॥১১॥

১। 'চুতা' টীকা ২।; 'চুত' টীকা ৩।

২। "অসুরাণাং রৌদ্রকর্মকারিণা মিয়মাসুরীয়া তাং দিশং ভাবদিশং নরকগতিমিত্যর্থঃ" টীকা ২।

৩। "কাকিণী তু রূপকদ্রব্যস্যাশীতিতমো ভাগঃ" টীকা ১।

৪। এই প্রসঙ্গে উপাখ্যান দুইটী এইরূপ—কোন এক ব্যক্তি একহাজার টাকা উপার্জন করিয়া এক থলিতে রাখিয়া কোন সার্থবাহের সঙ্গে গৃহের দিকে প্রস্থান করিল। পথিমধ্যে আহার্য সংস্থানের জন্য একটী টাকা ভাঙ্গাইয়া আশীটী কাকিণী সংগ্রহ করিল এবং এক এক দিনে এক এক কাকিণীর দ্বারা আহার করিয়া উনআশীটী খরচ করিল। অবশিষ্ট একটী কাকিণী ভ্রমক্রমে কোন স্থানে রাখিয়া সার্থবাহের সঙ্গে চলিয়া গেল। কতকদূর অগ্রসর হইবার পর সেই একটী কাকিনীর কথা মনে পড়ায় টাকার থলিটী গোপন স্থানে রাখিয়া কাকিণীটী আনিবার জন্য ছুটিয়া গেল। গন্তব্যস্থানে পৌঁছিয়া দেখে যে সেই কাকিনী ইতিমধ্যেই কে লইয়া গিয়াছে। তখন পুনরায় দৌড়িয়া টাকার থলি যে গুপ্তস্থানে ছিল তথায় উপস্থিত হইয়া দেখে যে সেই থলিটীও অপহৃত হইয়াছে। সামান্য একটী কাকিণীর জন্য সে যেমন সহস্র মুদ্রা হারাইল তদ্রূপ হিংসাপরায়ণ কামাসক্ত ব্যক্তি অকিঞ্চিৎকর বিষয়সুখের জন্য পরজন্মের প্রভূত সুখ হারায়।

দ্বিতীয় উপাখ্যান—কোন রাজা আম্রফল ভক্ষণ করিয়া বিসূচিকা রোগাক্রান্ত হয়। সুচিকিৎসায় রোগ আরোগ্য হয় কিন্তু চিকিৎসকগণ তাঁহাকে জীবনে কখনও আম্র খাইতে নিষেধ

জহা (যেমন) ণরো (কোন ব্যক্তি) কাগিণীএ (কাকিণীর=এক টাকার অশীতিতম অংশের) হেউং (হেতু=জন্য) সহস্সং (সহস্র=সহস্র টাকা) হারএ (হারায়=নষ্ট করে) তু (আবার) রায়া (কোন রাজা) অপত্থং (অপথ্য=কুপথ্য, অহিতকারী) অংবগং (আম্রক=আম্রদল) ভুচ্চা (আহার করিয়া) রজ্জং (রাজ্য) হারএ (হারাইল) ॥১১॥

যেমন কোন ব্যক্তি এক কাকিণীর জন্য সহস্র মুদ্রা হারাইল এবং কোন রাজা অপথ্য আম্রফল আহার করিয়া যেমন রাজ্য (ও জীবন) হারাইল (তদ্রূপ মূর্খগণ অকিঞ্চিৎকর আপাত সুখের জন্য পরম সুখকে হারায়) ॥১১॥

এবং মাণুস্সগা কামা, দেবকামাণ অংতিএ।
সহস্সগুণিয়া ভুজ্জো, আউং কামা য দিব্বিয়া ॥১২॥

দেবকামাণ (দেবগণের কামভোগের=দেবজন্মসুলভ সুখের) অংতিএ (অন্তিকে =সমীপে) মানুস্সগা (মনুষ্যসম্বন্ধীয়=মনুষজন্মসুলভ) কামা (কামভোগ= বিষয়সুখ) এবং (এইরূপ অর্থাৎ সহস্রমুদ্রার তুলনায় কাকিনী বা জীবন ও রাজ্যসুখের তুলনায় আম্রফল যেমন অকিঞ্চিৎকর তদ্রূপ) দিব্বিয়া (দেবসম্বন্ধীয়) কামা (সুখ) য (ও) আউং (আয়ু) (মনুষ্যজন্মসুলভসুখ ও আয়ু হইতে) ভুজ্জো (ভূয়ঃ=ভূয়োভূয়, বারংবার) সহস্সগুণিয়া (সহস্র-গুণিত) ॥১২ ॥

সহস্রমুদ্রার তুলনায় একটী কাকিনী, জীবন ও রাজ্যসুখের তুলনায় আম্রফল যেমন অকিঞ্চিৎকর তদ্রূপ দেবগণের সুখের সমীপে মনুষ্য জীবনের সুখ অকিঞ্চিৎকর। দিব্য সুখ ও আয়ু মনুষ্যসুলভ সুখ ও আয়ু হইতে বারংবার সহস্রগুণিত অর্থাৎ বহু সহস্র গুণে অধিক ॥১২॥

করে। রাজা তজ্জন্য তাঁহার রাজ্যের সমস্ত আম্রবৃক্ষ ছেদন করিয়া ফেলেন। একদা অশ্বারোহণে যাইতে যাইতে এক বনে প্রবেশ করেন ও আম্রবৃক্ষের ছায়ায় বিশ্রামের জন্য উপবেশন করেন। গাছে পক্ক আম্রফল দেখিয়া লোভ সম্বরণ করিতে না পারিয়া তিনি প্রচুর আম্র ভক্ষণ করেন ও সেই স্থলেই বিসূচিকা রোগে আক্রান্ত হইয়া মৃত্যুমুখে পতিত হন। সামান্য আম্রফলের লোভে রাজা যেমন তাঁহার জীবন ও রাজ্যসুখ হারাইলেন তদ্রূপ কামভোগাসক্ত ব্যক্তি ক্ষণিক সুখের লোভে ভবিষ্যৎ জীবনের সমস্ত সুখ হারায়।

অণেগবাসাণউয়া[১] জা সা পন্নবও[২] ঠিঈ[৩]।
জাণি জীয়ংতি[৪] দুম্মেহা, ঊণে বাসসয়াউএ ॥১৩॥

পন্নবও (প্রজ্ঞাবান্‌গণের=জ্ঞান ও ক্রিয়ারত সাধুগণের) জা (যে) ঠিঈ (স্থিতি=আয়ু) সা (তাহা) অণেগবাসাণউয়া (অনেক বর্ষ নযুত=অনেক নযুত বর্ষ) জাণি (যাহা অনেক নযুত বর্ষের দিব্য আয়ু ও সুখ) (তাহা) ঊণে (ঊণ=অল্প, কম) বাসসয়াউএ (শতবর্ষের আয়ুবিশিষ্ট) দুম্মেহা (দুর্মেধা=দুর্বুদ্ধি) (ব্যক্তি) জীয়ংতি (হারায়) ॥১৩॥

প্রজ্ঞাবান্‌গণের অর্থাৎ জ্ঞানও ক্রিয়ারত সাধুগণের (মৃত্যুর পর দেবলোকে জন্মগ্রহণ করিয়া) যে অনেক নযুত বর্ষের আয়ু হয় তাহা প্রসিদ্ধ। শত বর্ষের কম আয়ুষ্ক দুর্বুদ্ধি ব্যক্তি সেই বহু নযুত বর্ষের সুখকে অল্পদিনের কামভোগে আসক্ত হইয়া হারায়। (সাধুগণ সংযম পালন করিয়া মৃত্যুর পর দেবলোকে বহু দীর্ঘ আয়ু ও সুখ লাভ করিবেন। কিন্তু দুর্বুদ্ধি ব্যক্তি অল্পদিনের কামভোগে আসক্ত হইয়া সেই দেবায়ু ও দেবসুখকে হারায়) ॥১৩॥

(দ্বিতীয় অর্থ)

পন্নবও (প্রজ্ঞাবান্‌গণের=প্রজ্ঞা অর্থাৎ প্রকৃষ্ট জ্ঞানসম্পন্নগণের=দেবগণের) দেবগণ জন্ম হইতেই অবধিজ্ঞানসম্পন্ন যাহা মনুষ্যগণের মতিজ্ঞান ও শ্রুতজ্ঞান অপেক্ষা উৎকৃষ্টতর তজ্জন্য প্রজ্ঞাবান্ শব্দে এইস্থলে দেবগণকে বুঝাইতেছে) তৎপর পূর্ববৎ ॥১৩॥

(তৃতীয় অর্থ)

দেবগণের যে অনেক নযুতবর্ষের আয়ু তাহা প্রসিদ্ধ। অবশিষ্ট পূর্ববৎ ॥১৩॥

১। নযুতবর্ষ—চতুরশীতি লক্ষ বৎসরে এক পূর্বাঙ্গ, সেই পূর্বাঙ্গকে চতুরশীতি লক্ষ দিয়া গুণ করিলে এক পূর্ব হয়। পূর্বকে চতুরশীতি লক্ষ দিয়া গুণ করিলে এক 'নযুতাঙ্গ' হয়। এক নযুতাঙ্গকে চতুরশীতি লক্ষ দ্বারা গুণ করিলে এক নযুত হয় অর্থাৎ অসংখ্য বৎসর ইতি টীকাকার।

২। "প্রজ্ঞা ক্রিয়াপূর্বকং প্রকৃষ্টং জ্ঞানং ততঃ সা বিদ্যতে যস্য স প্রজ্ঞাবান্ তস্য প্রজ্ঞাবতো জ্ঞানক্রিয়ারতঃ" টীকা ২।

৩। "স্থিতির্দেবভবায়ুরূপা" টীকা ২।

৪। "আর্ষত্বাৎ হারয়ন্তে" টীকা ২।

জহা য় তিন্নি বণিয়া, মূলং ঘেত্তূণ ণিগ্‌গয়া।
এগোঽত্থ লহএ লাভং এগো মূলেণ আগও ॥১৪॥

এগো মূলংপি হারিত্তা, আগও তত্থ বাণিও।
ববহারে উবমা এসা, এবং ধম্মে বিয়াণহ[১] ॥১৫॥

জহা (যেমন) তিন্নি (তিনজন) বণিয়া (বণিক্‌গণ) মূলং (মূলধন) ঘেত্তূণ (গ্রহণ করিয়া) ণিগ্‌গয়া (নির্গত হইল=ব্যবসায় করিতে বাহির হইল) অত্থ (অত্র=এই তিন বণিকের মধ্যে) এগো (একজন) লাভং (লাভ) লহএ (প্রাপ্ত হইল=করিল) এগো (অন্য একজন) মূলেণ (মূলধন লইয়াই) আগও (ফিরিয়া আসিল) তত্থ (তন্মধ্যে) এগো (এক=তৃতীয়) বাণিও (বণিক্) মূলংপি (মূলধনও) হারিত্তা (হারাইয়া) আগও (ফিরিয়া আসিল) ববহারে (ব্যবসায়ের পক্ষে) এসা (এই) উবমা (উপমা) (কথিত হইল) এবং (এইরূপ) ধম্মে (ধর্ম বিষয়ে) (ও) বিয়াণহ (জানিবে) ॥১৪।১৫॥

তিনজন বণিক্ মূলধন লইয়া নির্গত হয়। তন্মধ্যে একজন লাভসমেত ও দ্বিতীয় জন কেবলমাত্র মূলধনসহ ফিরিয়া আসিল, তৃতীয় বণিক্ মূলধন পর্যন্ত নষ্ট করিয়া ফিরিল॥ ব্যবসায়ের পক্ষে এই উপমা, ধর্ম বিষয়েও এইরূপ জানিবে ॥১৪॥১৫॥

মাণুসত্তং ভবে মূলং, লাভো দেবগঈ ভবে।
মূলচ্ছেএণ জীবাণং, ণরগতিরিক্‌খত্তণং ধুবং ॥১৬॥

মাণুসত্তং (মানুষত্ব=মনুষ্যজীবন) মূলং (মূলধন) ভবে (হয়) দেবগঈ (দেবগতি=দেবলোকে জন্ম) লাভো (লাভ=লাভতুল্য) ভবে (হয়) মূলচ্ছেএণ (মূলচ্ছেদের দ্বারা) জীবাণং (প্রাণিগণের) ণরগতিরিক্‌খত্তণং (নরকতির্যকত্ব =নরক ও তির্যগ্ যোনিতে জন্ম) ধুবং (ধ্রুব=নিশ্চয়) (হয়) ॥১৬॥

মনুষ্যজন্মকে মূলধনস্বরূপ, দেবগতিকে লাভস্বরূপ এবং মূলোচ্ছেদ হইলে নরক ও তির্যগ্ গতি নিশ্চিত বলিয়া বিবেচনা করা হয়। (যে ব্যক্তি মূলধন লইয়াই ফিরিয়া আসিল তাহার অর্থ এই যে সে পরজন্মে পুনরায় মনুষ্যজন্ম প্রাপ্ত হইবে, যে লাভ সমেত ফিরিল সে বিশিষ্ট সুখসম্পন্ন দেবগতি প্রাপ্ত হইবে এবং যে মূলধন পর্যন্ত নষ্ট করিল তাহার পক্ষে নরক ও তির্যগ্ গতি নিশ্চিত।) ॥১৬॥

১। 'বিজাণহ' টীকা ৩।

দুহও গঈ বালস্স, আবঈ[১] বহমূলিয়া।
দেবত্তং মাণুসত্তং চ, জং জিএ লোলয়াসঢ়ে[২] ॥১৭॥

বালস্স (মূর্খের=রাগদ্বেষসম্পন্ন ব্যক্তির) আবঈ বহমূলিয়া (আপত্তি ও বধ মূলে যাহার=বিপদ ও বধতাড়নাদিযুক্ত) দুহও (দ্বিবিধ) গঈ (গতি) (হয়) জং (যেহেতু) লোলয়াসঢ়ে (লোলতা শঠ=লাম্পট্য ও শাঠ্যযুক্ত) (ব্যক্তি) দেবত্তং (দেবত্ব=দেবজন্ম) চ (ও) মাণুসত্তং (মনুষ্যত্ব=মনুষ্য-জন্মকে) জিএ (হারাইয়াছে) ॥১৭॥

রাগদ্বেষসম্পন্ন ব্যক্তি দুঃখ ও তাড়নাদিযুক্ত নরক ও তির্যক্ এই উভয়প্রকার গতি প্রাপ্ত হয়। কেননা সে লাম্পট্য ও শাঠ্যের দ্বারা দেবগতি মনুষ্যগতিকে হারাইয়াছে ॥১৭॥

(দ্বিতীয় অর্থ)

বালস্স.....জং (যেহেতু) লোলয়া (লোলতার দ্বারা=লাম্পট্যের দ্বারা) জিএ (জিত=পরাজিত) (এমন যে) সঢ়ে (শঠ) (সে) দেবত্তং (দেবজন্মকে) চ (ও) মাণুসত্বং (মনুষ্যজন্মকে) (হারাইয়াছে) ॥১৭॥

রাগদ্বেষসম্পন্ন.....কেননা লাম্পট্যের দ্বারা পরাজিত শঠ অর্থাৎ মূর্খ দেবগতি ও মনুষ্যগতিকে হারাইয়াছে ॥১৭॥ (টীকা ১।)

তও জিএ সঈ হোই, দুবিহং দুগ্গইং গও[৩]।
দুল্লহা তস্স উম্মগ্গা[৪] অদ্ধাএ সুচিরাদবি ॥১৮॥

তও) তৎপরে) জিএ (জিত=পরাজিত (সেই মূর্খ) সঈ (সদা=বারংবার) দুবিহং (দুই প্রকারের=নরক ও তির্যগ্) দুগ্গইং (দুর্গতি) গও (প্রাপ্ত) হোই (হয়)। তস্স (সেই মূর্খের) সুচিরাদবি অদ্ধাএ (চিরকালও=প্রভূত সময়েও) উম্মগ্গা (উম্মজ্জা=নির্গমন) দুল্লহা (দুর্লভ) ॥১৮॥

১। "আপদ্‌বধমূলিকা আপদো বিপদো বধস্তাড়নাদিঃ আপদশ্চ বধশ্চাপদ্বধৌ তৌ মূলং যস্যাঃ সা" টীকা ১।

২। লোলতা শঠঃ লোলতাপিশিতাদিলাম্পট্যং তদ্ভোগাজ্জন্তুরপি তন্ময়ত্বখ্যাপনার্থং লোলতেত্যুক্তঃ শাঠ্যযোগাচ্ছঠঃ বিশ্বস্তজনবঞ্চকঃ ততো লোলতা চাসৌ শঠশ্চ" টীকা ৩।

৩। 'গএ' টীকা ১। 'গতে' টীকা ৩।

৪। "উম্মজ্জ ত্তি সূত্রত্বাদুন্মজ্জনমুন্মজ্জা নরকতির্যগ্‌গতিনির্গমনাত্মিকা" টীকা ৩।

তৎপরে সেই মূর্খ বারম্বার নরক ও তির্যক্ এই দুইপ্রকার দুর্গতি প্রাপ্ত হয় এবং চিরকালেও সেই দুর্গতি হইতে নিষ্কৃতি পাওয়া তাহার পক্ষে দুর্লভ হয় ॥১৮॥

এবং জিয়ং সপেহাএ, তুলিয়া বালং চ পংডিয়ং।
মূলিয়ং তে পবেসংতি, মাণুসং জোণিমিংতি জে ॥১৯॥

এবং (এই প্রকারে) জিয়ং (পরাজিত=লাম্পট্য ও শাঠ্যের দ্বারা পরাজিত) (মূর্খ) সপেহাএ (সম্প্রেক্ষ্য=সমালোচনা করিয়া) (এবং) বালং (মূর্খ) চ (ও) পংডিয়ং (পণ্ডিতকে=পণ্ডিতের মধ্যে) তুলিয়া (তুলনা করিয়া) জে (যাহারা) মাণুসং জোণিং (মনুষ্যযোনি) ইংতি (প্রাপ্ত হয়) তে (তাহারা) মূলিয়ং (মূলধন) পাবসংতি (প্রাপ্ত হয়=পুনঃ প্রাপ্ত হয়) ॥১৯॥

লাম্পট্য ও শাঠ্যের দ্বারা জিত মনুষ্যগণ নিজের দুর্গতির বিষয় আলোচনা করিয়া এবং মূর্খ ও তত্ত্বজ্ঞের পরিণাম তুলনা করিয়া মনুষ্যযোনি প্রাপ্ত হইলে মূলধন পুনরায় লাভ করে। (আশয় এই যে, বিষয়াসক্ত ব্যক্তি যতক্ষণ বিষয়ে লিপ্ত থাকে ততক্ষণ নরকাদি হীন যোনিতে পরিভ্রমণ করে, পরিশেষে বিবেক উৎপন্ন হইলে নিজের পরিণাম আলোচনা করিয়া ও তত্ত্বজ্ঞের পরিণামের সহিত তাহা তুলনা করিয়া অনুশোচনাগ্রস্ত হয় এবং পুনরায় সে মনুষ্য-যোনিরূপ মূলধন প্রাপ্ত হয়) ॥১৯॥

বেমায়াহিং সিক্খাহিং, জে ণরা গিহিসুব্বয়া।
উবিংতি মাণুসং[১] জোণিং, কম্মসচ্চা[২] হু পাণিণো ॥২০॥

জে (যে সমস্ত) ণরা (মনুষ্যগণ) বেমায়াহিং (বিমাত্রার=বিবিধপ্রকারের) সিক্খাহিং (শিক্ষাদ্বারা) গিহিসুব্বয়া (গৃহিসুব্রত=গৃহস্থের সদাচারযুক্ত) (সেই) পাণিণো (প্রাণিগণ) মাণুসং জোণিং (মনুষ্যযোনিতে) উবিংতি

১। 'মানুসীং' টীকা ১।

২। "সত্যানি অবন্ধ্যফলানি কর্মাণি জ্ঞানাবরণীয়াদীনি যেষাং তে সত্যকর্মাণঃ কর্মসত্যাঃ প্রাকৃতত্বাৎ কর্মশব্দস্য প্রাগ্নিপাতঃ" টীকা ১। টীকা ২। ও ঐরূপ অর্থ করিয়াছেন। টীকা ৩। উপরোক্ত অর্থ ব্যতীত অন্য দুইটী অর্থও দিয়াছেন যথা—"কর্মণা মনোবাক্কায়ক্রিয়ালক্ষণেন সত্যা অবিসংবাদিনঃ কর্মসত্যাঃ" এবং "পাঠান্তরশ্চ কর্মসু অর্থান্মনুষ্যগতিযোগ্যক্রিয়ারূপেষু সক্তা অতিঘঙ্গবন্তঃ কর্মসক্তাঃ"

(উৎপন্ন হয়) হু (যেহেতু) (তাহারা) কম্মসচ্চা (সত্যকর্মা=ফলপ্রসূকর্ম-বিশিষ্ট) ॥২০॥

যে সকল মনুষ্য বিবিধ প্রকারের শিক্ষার দ্বারা গৃহস্থোচিত সদাচারসম্পন্ন সেই সমস্ত প্রাণিগণ মনুষ্যযোনিতে উৎপন্ন হয়। কারণ তাহাদের কর্ম ফলপ্রসূ অর্থাৎ সদাচারের দ্বারা সৎকর্ম উপার্জন করায় তাহার ফলস্বরূপ মনুষ্যযোনিতে উৎপন্ন হয় ॥২০॥

(দ্বিতীয় অর্থ)

জে (যে সমস্ত)·····(সেই) কম্মসচ্চা (কর্মাসক্ত) পাণিণো (প্রাণিগণ) হু (নিশ্চয়ই) মাণুসং যোণিং (মনুষ্যযোনিতে) উবিংতি (উৎপন্ন হয়) ॥২০॥

যে সকল মনুষ্য বিবিধ প্রকারের শিক্ষার দ্বারা গৃহস্থোচিত সদাচারসম্পন্ন সেই সমস্ত মনুষ্য কর্মাসক্ত হওয়ায় অর্থাৎ মনুষ্যযোনিতে উৎপন্ন হইবার উপযুক্ত কর্ম বন্ধন লাভ করায় নিশ্চয়ই মনুষ্যযোনিতে উৎপন্ন হয় ॥২০॥

জেসিং তু বিউলা সিক্খা, মূলিয়ং তে অইচ্ছিয়া[১]।
সীলবন্তা সবিসেসা, অদীণা জংতি দেবয়ং ॥২১॥

তু (পরন্তু) জেসিং (যাহাদের) বিউলা (বিপুল=গৃহস্থ ও সাধুগণের ব্রতাচার সম্পন্ন বলিয়া বিপুল) সিক্খা (শিক্ষা) তে (তাহারা) মূলিয়ং (মূলধন=মূলধনরূপ মনুষ্যজন্ম) অইচ্ছিয়া (অতিক্রম করিয়া=উল্লঙ্ঘন করিয়া) সীলবন্তা (শীলবান্=সদাচারযুক্ত) সবিসেসা (সবিশেষ=বিশেষ প্রকারের অধিকাধিক গুণ যুক্ত) (ও) অদীণা (অদীন=দীনতাশূন্য) (হইয়া) দেবয়ং (দেবত্ব) জংতি (প্রাপ্ত হয়) ॥২১॥

আবার যাহাদের বিপুল শিক্ষা অর্থাৎ যাঁহারা গৃহস্থ ও সাধুগণের ব্রত উত্তমরূপে পালন করিয়াছে তাহারা মূলধনরূপ মনুষ্যজন্মকে উল্লঙ্ঘন করিয়া শীলবান্, বিশেষ প্রকারের অধিকাধিক গুণযুক্ত ও দীনতাশূন্য হইয়া দেবত্ব প্রাপ্ত হয় অর্থাৎ দেবযোনিতে উৎপন্ন হয় ॥২১॥

এবমদ্দীণবং ভিক্খুং, অগারিং চ বিয়াণিয়া।
কহন্নু জিচ্চমেলিক্খং, জিচ্চমাণো ন সংবিদে ॥২২॥

১। 'অইচ্ছিয়া' টীকা ১।

এবং (এইরূপে) অদীণবং (অদৈন্যবান্) দীনতাশূন্য=সন্তোষপ্রাপ্ত) ভিক্খুং (ভিক্ষুকে) চ (ও) অগারিং (গৃহস্থকে) বিয়াণিয়া (জানিয়া) (পণ্ডিতব্যক্তি) কহন্নু (কি প্রকারে) এলিক্খং (ঈদৃক্ষ=ঈদৃশ অর্থাৎ দেবত্বাদি প্রাপ্তির লাভকে) জিচ্চং (হারায়) (এবং) জিচ্চমাণো (হার্যমান্ হইবার সময়=নষ্ট হইবার সময়) (কেন) ন সংবিদে (না জানে) ॥২২॥

এইরূপে দীনতাশূন্য ভিক্ষু ও গৃহস্থের পরিণামের বিষয় অবগত হইয়া পণ্ডিত ব্যক্তি কেন ঈদৃশ দেবত্বাদি প্রাপ্তির লাভকে হারায় এবং হারাইবার সময় কেনই বা না জানে ? ॥২২॥

জহা কুসগ্গে উদয়ং, সমুদ্দেণ সমং মিণে।
এবং মাণুস্সগা কামা, দেবকামাণ অংতিএ ॥২৩॥

জহা (যেমন) কুসগ্গে (কুশাগ্রে=কুশাগ্রে স্থিত) উদয়ং (উদককে=জলকে) সমুদ্দেণ (সমুদ্রের) সমং (সহিত) মিণে (তুলনা করিলে) (যেরূপ অকিঞ্চিৎকর মনে হয়) এবং (সেইরূপ) মাণুস্সগা (মনুষ্য সম্বন্ধীয়) কামা (কামভোগ =সুখাদি) দেবকামাণ (দেবসম্বন্ধীয় কামভোগের) অংতিএ (সমীপে) (অকিঞ্চিৎকর) ॥২৩॥

যেমন কুশাগ্রে স্থিত জলবিন্দুকে সমুদ্রের সহিত তুলনা করিলে অকিঞ্চিৎকর মনে হয় তদ্রূপ মনুষ্যজন্মের সুখকে দেবলোকের সুখের সহিত তুলনা করিলে অত্যন্ত তুচ্ছ মনে হয় ॥২৩॥

কুসগ্গমিত্তা ইমে কামা, সংণিরুদ্ধংমি আউএ।
কস্স হেউং পুরা কাউং, জোগক্খেমং ন সংবিদে ॥২৪॥

সংণিরুদ্ধংমি (সংনিরুদ্ধ=সংক্ষিপ্ত) আউএ (আয়ুতে) (অর্থাৎ মনুষ্যজন্মের অতি সংক্ষিপ্ত আয়ুতে) ইমে কামা (এই কামভোগ) কুসগ্গমিত্তা (কুশাগ্র পরিমিত) কস্স হেউং (কি কারণ) পুরাকাউং (পুরস্কৃত্য=আশ্রয় করিয়া, অবলম্বন করিয়া) জোগক্খেমং (যোগক্ষেমকে=অপ্রাপ্ত ধর্মের প্রাপ্তিকে যোগ ও প্রাপ্ত ধর্মের পালনকে ক্ষেম কহে) ন সংবিদে (জানে না=স্বীকার করে না) ॥২৪॥

মনুষ্যজীবনের অতি সংক্ষিপ্ত আয়ুতে ঐহিক কামভোগ কুশাগ্রস্থিত জলবিন্দুর ন্যায় অতএব কি কারণে লোকে যোগক্ষেম স্বীকার না করে ? ॥২৪॥

ইহ কামাণিয়ট্টস্‌স, অত্তট্ঠে অবরজ্ঝঈ।
সুচ্চা ণেয়াউয়ং মগ্‌গং, জং ভুজ্জো পরিভস্‌সঈ ॥২৫॥

ইহ (এই মনুষ্যজীবনে) কামাণিয়ট্টস্‌স (কাম হইতে অনিবৃত্ত ব্যক্তির) অত্তট্ঠে (আত্মার্থ=স্বর্গাপবর্গ) অবরজ্ঝই (অপরাধ্যতি=বিনষ্ট হয়) জং (যেহেতু) ণেয়াউয়ং মগ্‌গং (ন্যায়মার্গ=মোক্ষমার্গ) সুচ্চা (শ্রবণ করিয়া) (ও কামাসক্ত থাকায়) ভুজ্জো (বারংবার) পরিভস্‌সঈ (ভ্রষ্ট হয়) ॥২৫॥

মনুষ্যজীবনে কামাদি হইতে অনিবৃত্ত পুরুষের স্বর্গাপবর্গ বিনষ্ট হয়। যেহেতু মোক্ষমার্গ অবগত হইয়াও কামাসক্ত থাকায় বারংবার সংসাররূপ গর্তে পতিত হয় ॥২৫॥

ইহ কামণিয়ট্টস্‌স, অত্তট্ঠে নাবরজ্ঝঈ।
পূইদেহণিরোহেণ, ভবে দেবিত্তি মে সুয়ং ॥২৬॥

ইহ (এইখানে=এই মনুষ্যজীবনে) কামণিয়ট্টস্‌স (কাম হইতে নিবৃত্ত ব্যক্তির) অত্তট্ঠে (আত্মার্থ) নাবরজ্ঝঈ (বিনষ্ট হয় না) পূইদেহণিরোহেণ (দুর্গন্ধময় দেহ ত্যাগ করিয়া =ঔদারিক দেহ ত্যাগ করিয়া) দেব (দেব) ভবে (হয়) ইতি (এইরূপ) মে (আমাদ্বারা) সুয়ং (শ্রুত হইয়াছে) ॥ ২৬ ॥

আবার কাম হইতে নিবৃত্ত ব্যক্তির স্বর্গাপবর্গ বিনষ্ট হয় না। তাহারা পূতিগন্ধময়দেহ পরিত্যাগ করিয়া দেবলোকে জন্মগ্রহণ করে এইরূপ আমি শ্রবণ করিয়াছি ॥২৬॥

ইড্‌ঢী জুঈ জসো বণ্ণো, আউং সুহমণুত্তরং।
ভুজ্জো জত্থ মণুস্‌সেসু, তত্থ সে উববজ্জঈ ॥ ২৭ ॥

জত্থ (যেখানে) মণুস্‌সেসু (মনুষ্যগণের মধ্যে) অণুত্তরং (সর্বোৎকৃষ্ট) ইড্‌ঢী (ঋদ্ধি=সম্পত্তি) জুঈ (দ্যুতি=কান্তি) জসো (যশ) বণ্ণো (বর্ণ) আউং (আয়ু) সুহং (সুখ) (হয়) তত্থ (যেখানে) সে (সেই=কাম হইতে নিবৃত্ত জীব) ভুজ্জো (বারংবার) উববজ্জঈ (উৎপন্ন হয়) ॥২৭॥

মনুষ্যগণের মধ্যে সর্বোৎকৃষ্ট ঋদ্ধি, কান্তি, যশ, বর্ণ, আয়ু ও সুখ যেস্থলে প্রাপ্ত হওয়া যায় বিষয় হইতে নিবৃত্ত প্রাণী সেইস্থলে বারংবার উৎপন্ন হয় ॥২৭॥

বালস্স পস্স বালত্তং, অহম্মং পড়িবজ্জিয়া।
চিচ্চা ধম্মং অহম্মিট্ঠে, ণরএ উববজ্জঈ[১] ॥২৮॥

(হে শিষ্য) বালস্স (অজ্ঞানীর = মূর্খের, বিষয়াসক্ত জীবের) বালত্তং (বালত্ব = মূর্খত্ব) পস্স (দেখ) (সেই) অহম্মিট্ঠে (অধর্মিষ্ঠ = অধার্মিক) ধম্মং (ধর্ম) চিচ্চা (পরিত্যাগ করিয়া) অহম্মং (অধর্ম = বিষয়াসক্তিরূপ অধর্ম) পড়িবজ্জিয়া (অঙ্গীকার করিয়া) ণরএ (নরকে) উববজ্জঈ (উৎপন্ন হয়) ॥২॥

হে শিষ্য, মূর্খের মূর্খত্ব অবলোকন কর, সেই অধার্মিক ধর্ম পরিত্যাগ করিয়া বিষয়াসক্তিরূপ অধর্ম অঙ্গীকার করিয়া নরকে উৎপন্ন হয় ॥২৮॥

ধীরস্স পস্স ধীরত্তং, সব্বধম্মাণুবত্তিণো।
চিচ্চা অহম্মং[২] ধম্মিট্ঠে, দেবেসু উববজ্জঈ ॥২৯॥

সব্বধম্মাণুবত্তিণো (সর্বধর্মানুবর্তী = ক্ষান্তি প্রভৃতি সমস্ত প্রকার ধর্মানুবর্তী) ধীরস্স (ধীরের = পণ্ডিতের) ধীরত্তং (ধীরত্ব) পস্স (দেখ) (সেই) ধম্মিট্ঠে (ধর্মিষ্ঠ = ধর্মনিষ্ঠ) অহম্মং (অধর্ম) চিচ্চা (ত্যাগ করিয়া) দেবেসু (দেবগণের মধ্যে) উববজ্জঈ (উৎপন্ন হয়) ॥২৯॥

ধর্মানুরক্ত ধীর পুরুষগণের ধীরত্ব দেখ, সেই ধর্মনিষ্ঠ ব্যক্তিগণ অধর্ম পরিত্যাগ করিয়া দেবগণের মধ্যে উৎপন্ন হয় ॥ ২৯ ॥

তুলিয়াণ বালভাবং, অবালং চেব পংডিএ।
চইউণ বালভাবং, অবালং সেবঈ মুণি ॥৩০॥ ত্তি বেমি ॥

এব (এইরূপে) পংডিএ (পণ্ডিত = তত্ত্বজ্ঞ) মুণি (মুনি = সাধু) বালভাবং (বালভাব = মূর্খত্ব) চ (ও) অবালং (অবালভাব = ধীরত্ব, বিজ্ঞতা) তুলিয়াণ (তুলনা করিয়া) বালভাবং (মূর্খত্ব) চইউণ (ত্যাগ করিয়া) অবালং (ধীরত্ব) সেবঈ (সেবন করে) ॥৩০॥ এইরূপ বলিতেছি ॥

এইরূপে তত্ত্বজ্ঞ সাধু মূর্খতা ও বিজ্ঞতার মধ্যে তুলনা করিয়া বালভাব পরিত্যাগ পূর্বক ধীরত্ব সেবন করে ॥৩০॥ এইরূপ বলিতেছি ॥

ইতি এড়ক অধ্যয়ন, সপ্তম অধ্যয়ন

১। 'নরএসুববজ্জঈ' টীকা ৩।

২। 'অধম্মং' টীকা ১, ৩ ও ৪।

কাপিলীয়ং

অষ্টম অধ্যয়ন

[কৌশাম্বী নগরীতে জিতশত্রু নামক রাজা রাজ্য করিতেন। চতুর্দশবিদ্যা-পরায়ণ কাশ্যপ নামক ব্রাহ্মণ রাজার অত্যন্ত সম্মানভাজন ছিলেন এবং রাজবৃত্তি প্রাপ্ত হইতেন। কাশ্যপ ব্রাহ্মণের যশা নাম্নী ভার্যার গর্ভে কপিল নামক পুত্র জন্মগ্রহণ করেন। কপিলের বাল্যাবস্থাতেই কাশ্যপের মৃত্যু হয় এবং তৎস্থানে রাজা অন্য একজন ব্রাহ্মণকে নিযুক্ত করেন। একদা এই ব্রাহ্মণ মস্তকে ছত্র ধারণপূর্বক অশ্বারোহণে পরিভ্রমণ করিতেছিলেন। কপিলের স্ত্রী তাহা দেখিয়া রোদন করিতে লাগিলেন। কপিল মাতাকে ক্রন্দনের কারণ জিজ্ঞাসা করিলে তিনি উত্তর দিলেন যে তুমি বিদ্যা অর্জন না করায় রাজা তোমার পিতার স্থানে অন্য ব্রাহ্মণকে নিযুক্ত করিয়া বৃত্তিপ্রদান করিতেছেন। মাতার কথায় কপিল বিদ্যাভ্যাস করিতে কৃতসঙ্কল্প হইয়া শ্রাবস্তীনগরীতে তাঁহার পিতার মিত্র ইন্দ্রদত্ত নামক ব্রাহ্মণের নিকট পাঠাভ্যাসের জন্য গমন করেন। ইন্দ্রদত্ত তাঁহাকে বিদ্যাদান করিতে স্বীকার করিয়া নিজগৃহে রাখেন ও শালিভদ্র নামক জনৈক বণিকের গৃহে আহারের ব্যবস্থা করিয়া দেন। কপিল শালিভদ্রের গৃহে প্রত্যহ আহার করিতে যাইতেন এবং কর্মবশে শালিভদ্রের এক দাসীর সঙ্গে অনুরক্ত হইয়া পড়েন। সে দাসী গর্ভিণী হয় এবং কপিল তাহার সহিত পতিপত্নীরূপে বাস করিতে থাকেন। অর্থাভাবে কষ্ট পাওয়ায় দাসী পরামর্শ দেয় যে এই নগরীতে ধন নামক শ্রেষ্ঠী আছে সে প্রত্যহ প্রত্যুষে সর্বপ্রথমে আগত এক ব্রাহ্মণকে দুই মাষা পরিমাণ স্বর্ণ দান করে অতএব তুমি অতিপ্রত্যুষে উঠিয়া সেই শ্রেষ্ঠীর নিকট প্রার্থনা করিয়া স্বর্ণ আনয়ন কর। অন্য কোন ব্রাহ্মণ তাহার পূর্বে যাহাতে না যাইতে পারে তজ্জন্য কপিল মধ্যরাত্রে উঠিয়া শ্রেষ্ঠীর গৃহাভিমুখে প্রস্থান করেন কিন্তু পথিমধ্যে নগররক্ষকের দ্বারা চোর বলিয়া ধৃত হন। প্রভাতে নগরের রাজার নিকট আনীত হইলে কপিল তাঁহার সমস্ত বৃত্তান্ত অকপটে নিবেদন করেন। তাঁহার সত্যবাদিতায় রাজা সন্তুষ্ট হইয়া তাঁহাকে যথেচ্ছ প্রার্থনা করিতে অনুমতি দিলে কপিল বিবেচনা করিয়া প্রার্থনা করিব বলিয়া নিকটবর্তী অশোক বাটিকায় যাইয়া বিচার করিতে লাগিলেন। তিনি মনে করিতে লাগিলেন যে যদি দুই মাষা স্বর্ণ প্রার্থনা করি তাহা হইলে

দাসীর কেবলমাত্র শাড়ী হইবে কিন্তু অলঙ্কারাদি হইবে না। যদি সহস্র স্বর্ণমুদ্রা প্রার্থনা করি তাহা হইলেও তাহার সম্পূর্ণ অলঙ্কার হইবে না এবং যদি লক্ষ স্বর্ণ-মুদ্রা যাচ্ঞা করি তাহা হইলেও আমার অশ্ব, গজ ও গৃহাদি হইবে না। অতএব কোটী স্বর্ণ মুদ্রা প্রার্থনা করি। এইরূপে শত কোটী, সহস্র কোটী এমনকি সমস্ত রাজ্য প্রার্থনা করিতে উদ্যত হন। এই সময়ে কপিলের অন্তরে বিবেকের উদয় হয়। তিনি মনে মনে বিচার করিতে লাগিলেন যে দুই মাষা স্বর্ণের জন্য আসিয়া কোটী, শত কোটী এমনকি সমস্ত রাজ্যতেও আমার তৃষ্ণার নিবৃত্তি হইতেছে না। অতএব ধিক্ আমাকে! এইরূপ বিচার করিয়া নিজের মস্তকের চুল উৎপাটনপূর্বক সংযমী হইয়া রাজার নিকট আগত হন। রাজা তাঁহাকে কোটী স্বর্ণমুদ্রা দিতে স্বীকার করিলেও আমি সমস্ত পরিগ্রহ পরিত্যাগ করিয়াছি বলিয়া তিনি কিছুমাত্র না লইয়া প্রস্থান করেন। ছয় মাস পরে কেবল জ্ঞান প্রাপ্ত হন এবং বিচরণ করিতে করিতে রাজগৃহ নগরের নিকট অরণ্যে বনভদ্র প্রমুখ পঞ্চশত চোরের বসতিতে উপস্থিত হন। চোরগণ তাঁহাকে নৃত্য করিতে বলিলে তিনি বাদ্য কে বাজাইবে বলায় পঞ্চশত চোর তালি দিতে আরম্ভ করিল এবং কপিল কেবলী নৃত্য করিতে করিতে নিম্নোক্ত-রূপ গান করিতে আরম্ভ করিলেন। গান শ্রবণ করিতে করিতে প্রতিবোধ প্রাপ্ত হইয়া ক্রমশঃ সমস্ত পঞ্চশত চোর সংযম অবলম্বন পূর্বক কপিল কেবলীর সহিত প্রস্থান করে।]

অধুবে অসাসয়ংমি, সংসারংমি দুক্খপউরাএ।
কিং ণাম হুজ্জ তং কম্মयং, জেণাহং দুগগইং[১] ন গচ্ছেজ্জা ॥১॥

অধুবে (অধ্রুব=অস্থির) অসাসয়ংমি (অশাশ্বত=অনিত্য) দুক্খপউরাএ (দুঃখ-প্রচুর=প্রচুর দুঃখ সম্পন্ন) সংসারংমি (সংসারে) তং কম্মयং (সেই কর্মক=সেই কর্ম) কিং ণাম হুজ্জ (কি হয়) জেণ (যাহার দ্বারা) অহং (আমি) দুগ্গইং (দুর্গতিতে=নরকাদিদুর্গতিতে) ন গচ্ছেজ্জা (না গমন করি) ॥১॥

অধ্রুব, অশাশ্বত, প্রচুর দুঃখ সম্পন্ন সংসারে সেই কি কর্ম যাহার দ্বারা আমি দুর্গতিতে গমন না করি? (অর্থাৎ কি এমন কর্ম আছে যাহা অনুষ্ঠান করিলে আমি দুর্গতি প্রাপ্ত না হই?)

১। 'দোগ্গইং' টীকা ঃ।

[এই শ্লোকটী ধ্রুব (ধুয়া) অর্থাৎ প্রত্যেক গানের পর গীত হইবে]

বিজহিত্তু পুব্বসংজোগং ন সিণেহং কহিংচি কুব্বিজ্জা।
অসিণেহ সিণেহ করেহিং, দোস[১] পওসেহি মুচ্চত্র ভিক্খূ ॥২॥

ভিক্খূ (সাধু) পুব্বসংজোগং (পূর্বসংযোগ=পূর্বসম্বন্ধ, পূর্বের স্বজন ধনাদির সম্বন্ধ) বিজহিত্তু (ত্যাগ করিয়া) কহিংচি (কোন স্থানেও) সিণেহং (স্নেহ= আসক্তি) ন কুব্বিজ্জা (করিবে না) সিণেহকরেহিং (স্নেহকরগণের প্রতিও= যাহারা স্নেহকরে তাহাদের প্রতিও) অসিণেহ (অস্নেহ=স্নেহরহিত) (হইয়া) দোসপওসেহিং (দোষ প্রদোষ হইতে) মুচ্চএ (মুক্ত হয়) ॥২॥

সাধু পূর্বস্নেহ ত্যাগ করিয়া কোনও বস্তুর প্রতি স্নেহ অর্থাৎ আসক্তি করিবে না। তাহারা যাহাকে স্নেহ করে তাহাদের প্রতিও স্নেহবান্ না হইলে দোষ ও প্রদোষ হইতে মুক্ত হয় অর্থাৎ ঐহিক ও পারলৌকিক দুঃখ হইতে মুক্ত হয় ॥২॥

তো ণাণদংসণসমগ্গো, হিয় ণিস্সেসাএ[২] সব্ব জীবাণং।
তেসিং বিমোক্খণট্ঠাএ, ভামঈ মুণিবরো বিগয়মোহো ॥৩॥

তো (তৎপরে) ণাণদংসণসমগ্গো (জ্ঞানদর্শনসমগ্র=কেবল জ্ঞানদর্শন-সম্পন্ন) বিগয়মোহো (বিগতমোহ) মুণিবরো (মুণিশ্রেষ্ঠ=কপিল কেবলী) সব্বজীবাণং (সর্বজীবের) হিয়ণিস্সেসাএ (হিতনিঃশ্রেয়সের জন্য=কল্যাণ ও মোক্ষের জন্য) (এবং) তেসিং (তাহাদের=সেই পঞ্চশতচোরের) বিমোক্খণট্ঠাএ (বিমোক্ষণার্থ=অষ্টবিধকর্ম হইতে মুক্তিপ্রদানের জন্য) ভামঈ (বলিলেন) ॥৩॥

তৎপরে কেবলজ্ঞানদর্শনসম্পন্ন বিগতমোহ মুনিশ্রেষ্ঠ (কপিলকেবলী) সর্বজীবের কল্যাণ ও মোক্ষের জন্য এবং পঞ্চশত চোরগণের বিমুক্তির নিমিত্ত বলিতে আরম্ভ করিলেন ॥৩॥

সব্বং গংথং[৩] কলহং চ, বিপ্পজহে তহাবিহং ভিক্খূ।
সব্বেসু কামজাএসু, পাসমাণো ন লিপ্পঈ তাঈ[৪] ॥৪॥

১। "দোষৈরিহ মনস্তাপাদিভিঃ প্রদোষৈঃ পরত্র চ দুর্গত্যাদিভিঃ" টীকা ২।

২। 'হিয়নিস্সেয়সায়' টীকা ১।

৩। "গ্রন্থং বাহ্যাভ্যন্তরভেদেন দ্বিবিধং পরিগ্রহং" টীকা ১।

৪। "ত্রায়তে রক্ষত্যাত্মানং দুর্গতে রিতি ত্রায়ী" টীকা ২।

তাঈ (ত্রায়ী=আত্মত্রাণকারী) ভিক্খূ (ভিক্ষু) তহাবিহং (তথাবিধ= পূর্বোক্ত আসক্ত্যাদি কর্মবন্ধহেতু) সব্বং গংথং (সর্বগ্রন্থ=সর্ব পরিগ্রহ) (এবং) কলহং (কলহ=ক্রোধ, মান, মায়া, লোভ) বিপ্পজহে (পরিত্যাগ করিবে) সব্বেসু (সমস্ত) কামজাএসু (কামজাতে=কামভোগে, ইন্দ্রিয়বিষয়ে) পাসমাণো (দেখিতে থাকিয়া) (ও) ন লিপ্পঈ (লিপ্ত হয় না) ॥৪॥

আত্মরক্ষক সাধু কর্মবন্ধের হেতুরূপ সমস্ত পরিগ্রহ ও ক্রোধাদি কষায় পরিত্যাগ করিবে। সর্বপ্রকারের কামভোগকে দেখিতে থাকিয়াও তাহাতে লিপ্ত হইবে না ॥৪॥

ভোগামিসদোসবিসণ্ণে[১], হিয়ণিস্সেয়সবুদ্ধি[২] বোচ্চত্থে[৩]।
বালেয় মংদিএ মূঢ়ে, বজ্ঝঈ মচ্ছিয়াব খেলংমি ॥৫॥

ভোগামিসদোসবিসণ্ণে (ভোগামিষদোষবিষণ্ণ=অত্যন্ত ভোগাসক্ত) হিয়-ণিস্সেয়সবুদ্ধি বোচ্চত্থে (হিতনিঃশ্রেয়সবুদ্ধি বিপর্যস্ত=কল্যাণ ও মোক্ষমার্গ হইতে যাহার বুদ্ধি বিপরীত হইয়াছে) মংদিএ (মন্দ=ধর্মকার্যে উদ্যমশূন্য) য় (ও) মূঢ়ে (মূঢ়=মোহাকুলচিত্ত) বালে (বাল=অজ্ঞান) (ব্যক্তি) খেলংমি (শ্লেষ্মাতে) মচ্ছিয়া ব (মক্ষিকার ন্যায়) বজ্ঝঈ (বদ্ধ হয়) ॥৫॥

ভোগে অত্যন্ত আসক্ত, কল্যাণ ও মুক্তি মার্গের বিপরীতগামী বুদ্ধিসম্পন্ন, ধর্মকার্যে উদ্যমহীন ও মোহাকুলচিত্ত অজ্ঞান ব্যক্তি মক্ষিকা যেমন শ্লেষ্মায় বদ্ধ হয় তদ্রূপ সংসারে ঘোরকর্মের দ্বারা বদ্ধ হয় ॥৫॥

দুপ্পরিচ্চয়া ইমে কামা, নো সুজহা অধীর পুরিসেহিং।
অহ সন্তি সুব্বয়া সাহূ, জে তরংতি অতরং বণিয়া[৪] ব ॥৬॥

ইমে (এই সকল) কামা (কামভোগ=বিষয়াদি) দুপ্পরিচ্চয়া (দুষ্পরিত্যাজ্য, যাহা অত্যন্ত কষ্টে পরিত্যাগ করা যায়) অধীরপুরিসেহিং (অধীর পুরুষের দ্বারা=হীনবীর্য পুরুষের দ্বারা) নো সুজহা (সুত্যাজ্য নয়=সহজে পরিত্যাগ

১। "ভোগা এব গৃদ্ধিহেতুত্বাদামিষং তদেব দোষো ভোগামিষদোষস্তত্র বিষণ্ণো বিশেষেণ মগ্নঃ" টীকা ২।

২। "হিতে পথ্যে নিঃশ্রেয়সে মোক্ষে বুদ্ধিস্তৎ প্রাপ্ত্যুপায়বিষয়া মতিঃ সা বিপর্য্যস্তা বিপরীতা যস্য স হিতনিঃশ্রেয়সবুদ্ধিবিপর্য্যস্তঃ" টীকা ২।

৩। 'বিপচ্চত্থে' টীকা ১। 'বিবজ্জত্থে' টীকা ২।

৪। 'বণিয়াবয়ব্ব টীকা ১।

করিতে পারা যায় এরূপ নয়)। অহ (অথচ) সুব্বয়া (সুব্রত=অহিংসাদি ব্রতসম্পন্ন) সাহূ (সাধুগণ) সন্তি (আছে) জে (যাহারা) বণিয়া ব (বণিকের ন্যায়) অতরং (দুস্তর) (সাগর বা ভবসাগর) তরংতি (পার হয়) ॥৬॥

এই সকল বিষয়াদি কামভোগ অত্যন্ত দুঃখে পরিত্যাগ করিতে পারা যায়, হীনসত্ত্ব পুরুষের দ্বারা ইহা সুখত্যাজ্য নয়। সচ্চারিত্রসম্পন্ন এরূপ সাধুগণ আছে যাহারা বণিক্‌গণ যেমন পোতাদির দ্বারা দুস্তর সাগর পার হয় তদ্রূপ তাহারা সচ্চারিত্রের দ্বারা ভবসাগর পার হয় ॥৬॥

সমণা মু এগে বয়মাণা, পাণবহং মিয়া অয়াণংতা[১]।
মংদা ণিরয়ং[২] গচ্ছংতি, বালা পাবিয়াহিং দিট্‌ঠীহিং ॥৭॥

এগে (কেহ কেহ) বয়মাণা (বলিতে থাকে=বলে) (যে) মু (আমরা) সমণা (শ্রমণ) (কিন্তু সেই) মিয়া (মৃগ=পশু, অজ্ঞ) মংদা (মন্দ=মন্দবুদ্ধি, জড়বুদ্ধি) বালা (অবিবেকী) (ব্যক্তিগণ) পাবিয়াহিং দিট্‌ঠীহিং (পাপ-দৃষ্টির দ্বারা) পাণবহং (প্রাণবধকে=প্রাণবধ করিলে যে অধর্ম হয় তাহা) অয়াণংতা (অজানন্ত=না জানিয়া) ণিরয়ং (নিরয়ে=নরকে) গচ্ছংতি (গমন করে) ॥৭॥

কেহ কেহ বলে যে 'আমরা শ্রমণ' কিন্তু সেই অজ্ঞ, মন্দবুদ্ধি ও অবিবেকী ব্যক্তিগণ প্রাণবধ করিলে যে অধর্ম হয় তাহা পাপদৃষ্টি দ্বারা জানিতে না পারিয়া নরকে গমন করে। (কেহ কেহ অন্যধর্মাবলম্বী এরূপ ব্যক্তি আছে যাহারা নিজকে শ্রমণ বলে কিন্তু প্রাণিবধ করিলে যে অধর্ম হয় তাহাও জানে না এবং প্রাণিবধ করিয়া নরকে গমন করে) ॥৭॥

ন হু পাণবহং অণুজাণে, মুচ্চিজ্জ কয়াই সব্বদুক্‌খাণং।
এবারিএহিং[৩] অক্‌খায়ং, জেহিং ইমো সাহুধম্মো পণ্ণত্তো ॥৮॥

জেহিং (যাহাদিগের দ্বারা) ইমো (এই) সাহুধম্মো (সাধুধর্ম=হিংসাদি হইতে নিবৃত্তিরূপ সাধুধর্ম) পণ্ণত্তো (কথিত) (হইয়াছে) (সেই) আরিএহিং

১। 'অজাণংতা' টীকা ৩।
২। 'নরয়ং' টীকা ২।
৩। 'এবমায়রিএহিং' টীকা ১।

(আর্যগণের দ্বারা বা আচার্যগণের দ্বারা) এবং (এইরূপ) অক্খায়ং (আখ্যাত হইয়াছে) (যে) পাণবহং (প্রাণবধকে) অণুজাণে (অনুমোদন করিলে) কয়াই (কদাপি) সব্বদুক্খাণং (সর্বদুঃখ হইতে) হু (নিশ্চয়ই) ন মুচ্চিজ্জ (মুক্তি পাইবে না) ॥৮॥

যাঁহাদিগের দ্বারা হিংসাদি হইতে নিবৃত্তিরূপ সাধুধর্ম কথিত হইয়াছে সেই আর্য তীর্থঙ্করগণ বা আচার্যগণের দ্বারা এইরূপ আখ্যাত হইয়াছে যে প্রাণিবধ অনুমোদন করিলে সর্বদুঃখ হইতে নিশ্চয়ই মুক্তি পাওয়া যায় না ॥৮॥

পাণে নাইবাইজ্জা, সে সমিএ[১] ত্তি বুচ্চঈ তাঈ
তও সে পাবয়ং কম্মং, নিজ্জাই উদয়ং ব থলাও ॥৯॥

(যে) পাণে (প্রাণকে=প্রাণিগণকে) নাইবাইজ্জা (অতিপাত না করে=বিনাশ না করে) সে (সেই) তাঈ (ত্রায়ী=প্রাণিত্রাতা) সমিএ ত্তি (সমিত ইতি=সমিতিযুক্ত) (বলিয়া) বুচ্চঈ (কথিত হয়) সে (তারপর) তও (তাহা হইতে=সমিত সাধু হইতে) পাবয়ং (পাপ) কম্মং (কর্ম) থলাও (স্থল হইতে=উচ্চ স্থান হইতে) উদয়ং ব (উদকের ন্যায়) নিজ্জাই (নির্গত হয়) ॥৯॥

যে সাধু প্রাণী বধ না করে সেই জীবনরক্ষাকারী সাধুকে সমিত অর্থাৎ পঞ্চ সমিতি দ্বারা যুক্ত বলা হয়। উচ্চস্থান হইতে জল যেমন সত্বর নির্গত হইয়া যায় তদ্রূপ সেই সমিত সাধুর নিকট হইতে পাপকর্ম দূরীভূত হয় ॥৯॥

১। সমিতি পাঁচ প্রকার যথা—

(ক) ঈর্যা সমিতি—গমনাগমনে মার্গ অবলোকন করিয়া চলা যাহাতে কোন জীবহিংসা না হয়।

(খ) ভাষা সমিতি—অসত্য, অহিত ও অপ্রিয় ভাষা না বলা।

(গ) এষণা সমিতি—আহারাদি ভিক্ষা কবিবার সময় দোষ গুণ বিচার করিয়া নির্দোষ আহারাদি গ্রহণ করা।

(ঘ) আদাননিক্ষেপ সমিতি—কোন পদার্থ গ্রহণ করিবার বা স্থাপন করিবার সময় এইরূপভাবে সাবধানতা পূর্বক গ্রহণ ও স্থাপন করা যাহাতে জীবহিংসা না হয়।

(ঙ) উৎসর্গ সমিতি বা পারিষ্ঠাপনিকা সমিতি—মলমূত্রাদি ও অন্যান্য অনুপযোগী বস্তু এইরূপ স্থানে সাবধানতাপূর্বক পরিত্যাগ করা যাহাতে প্রাণিহিংসা না হয়—তত্ত্বার্থসূত্র ৯।৫ ও দ্বাদশ অধ্যায়ের দ্বিতীয় সূত্রের ব্যাখ্যা দ্রষ্টব্য।

জগণিস্‌সিএহিং ভূএহিং তসণামেহিং[১] থাবরেহিং[২] চ।
নো তেসিমারভে দংডং,[৩] মণসা বয়সা কায়সা চেব ॥১০॥

জগণিস্‌সিএহিং (জগদাশ্রিত=জগতের মধ্যে স্থিত) তসণামেহিং (ত্রসনামক জীব=দ্বীন্দ্রিয়, ত্রীন্দ্রিয়, চতুরিন্দ্রিয় ও পঞ্চেন্দ্রিয় জীব) চ (এবং) থাবরেহিং (স্থাবর=মৃত্তিকাদি একেন্দ্রিয়জীব) ভূএহিং (ভূতগণকে=জীবগণকে) মণসা (মনের দ্বারা) বয়সা (বচনের দ্বারা) কায়সা চেব (কায়ের দ্বারাও) তেসিং (সেই জন্তুগণের প্রতি) দংডং (বিনাশ) নো আরভে (করিবে না) ॥১০॥

জগতে স্থিত এস ও স্থাবর জীবকে মন বচন ও কায়ের দ্বারা বিনাশ করিবে না ॥১০॥

সুদ্ধেসণাও[৪] ণচ্চা ণং, তথ ঠবিজ্জ ভিক্‌খূ অপ্পাণং।
জায়াএ ঘাসমেসিজ্জা, রসগিদ্ধে ন সিয়া ভিক্‌খাএ ॥১১॥

ভিকখূ (ভিক্ষু) সুদ্ধেসণাও (শুদ্ধেষণা=শুদ্ধ আহার গ্রহণ করিবার নিয়ম) ণচ্চা ণং (জ্ঞাত হইয়া) তথ (সেইখানে=নির্দোষ আহার গ্রহণ বিষয়ে) অপ্পাণং (নিজকে) ঠবিজ্জ (স্থাপন করিবে=নির্দোষ আহার গ্রহণ করিবে)। ভিক্‌খাএ (ভিক্ষাদ=ভিক্ষোপজীবী) (সাধু) জায়াএ (যাত্রার জন্য= সংযমযাত্রা নির্বাহের জন্য, জীবনযাত্রা নির্বাহের জন্য) ঘাসং (গ্রাস=আহার) এসিজ্জা (গবেষণা করিবে) (কিন্তু) রসগিদ্ধে (রসগৃদ্ধ=রসলোলুপ, স্নিগ্ধ-মধুরাদি রসে লোলুপ) ন সিয়া (হইবে না) ॥১১॥

ভিক্ষু শুদ্ধাহার গ্রহণ করিবার নিয়ম জ্ঞাত হইয়া নির্দোষ আহার গ্রহণ বিষয়ে আপনাকে স্থির করিবে অর্থাৎ আহার গ্রহণের নিয়ম সম্পূর্ণ রূপে পালন করিবে। ভিক্ষোপজীবী সাধু জীবনযাত্রা নির্বাহের জন্য আহার অন্বেষণ করিবে কিন্তু স্নিগ্ধ মধুরাদি রসে লোলুপ হইবে না ॥১১॥

১। ৫।৮ সূত্রে ২নং পাদটীকা দ্রষ্টব্য।
২। ৫।৮ সূত্রের ৩নং পাদটীকা দ্রষ্টব্য।
৩। ৫।৮ সূত্রের ১নং পাদটীকা দ্রষ্টব্য।
৪। 'সুদ্ধেসণাই' টীকা ২। 'সুদ্ধেণনাউ' টীকা ৩।

পংতাণি চেব সেবিজ্জা, সীয়পিংডং পুরাণকুম্মাসং।
অদু[১] বক্কসং[২] পুলাগং[৩] বা, জবণট্ঠাএ ণিসেবএ মংথুং[৪] ॥১২॥

(সাধু) পংতানি (প্রান্ত=নীরস) (আহার ও পানীয়) চেব (এবং) সীয়-পিংডং (শীত পিণ্ড=ঠাণ্ডা ভাত) পুরাণকুম্মাসং (পুরাতন কুল্মাষ=পুরাতন মাষকলাই) সেবিজ্জা (সেবন করিবে=আহার করিবে) অদু (অথবা) বক্কসং (মুদ্গাদির কণা বা তুষ হইতে প্রস্তুত খাদ্য=অত্যন্ত নীরস খাদ্য) পুলাগং (পুলাক=ছোলা আদি শুষ্ক অন্ন) বা (বা) মংথুং (বদরচূর্ণ= কুলের চূর্ণ) জবণট্ঠাএ (যাপনার্থ=জীবন যাপনের জন্য, শরীর ধারণের জন্য) ণিসেবএ (আহার করিবে) ॥১২॥

সাধু ঠাণ্ডা ভাত, পুরাতন মাষকলাই হইতে প্রস্তুত নীরস খাদ্য, মুদ্গাদির তুষ হইতে প্রস্তুত, ছোলা প্রভৃতি শুষ্ক অন্ন হইতে প্রস্তুত খাদ্য অথবা কুলের চূর্ণ প্রভৃতি নীরস খাদ্য শরীর ধারণের জন্য আহার করিবে ॥১২॥

জে লক্খণং চ সুবিণং চ, অংগবিজ্জং চ জে পউংজংতি।
ন হু তে সমণা বুচ্চংতি, এবং আয়রিএহিং অক্খায়ং ॥১৩॥

জে (যে সকল ব্যক্তি) লক্খণং চ (লক্ষণ=লক্ষণ শাস্ত্র, সামুদ্রিক শাস্ত্রোক্ত শরীর লক্ষণ জ্ঞান) সুবিণং চ (স্বপ্ন=স্বপ্নশাস্ত্র) চ (এবং) অংগবিজ্জং (অঙ্গবিদ্যা= অঙ্গস্ফুরণের ফল জ্ঞাপক বিদ্যা) পউংজংতি (প্রয়োগ করে) তে (তাহারা) হু (নিশ্চয়) সমণা (শ্রবণ) (বলিয়া) ন বুচ্চংতি (কথিত হয় না) এবং (এইরূপ) আয়রিএহিং (আচার্যগণের দ্বারা) অক্খায়ং (আখ্যাত হইয়াছে) ॥১৩॥

আচার্যগণের দ্বারা এরূপ আখ্যাত হইয়াছে যে, যে সকল ব্যক্তি শরীর-লক্ষণশাস্ত্র, স্বপ্নশাস্ত্র ও অঙ্গস্ফুরণ বিদ্যা উপয়োগ করে তাহাদিগকে শ্রমণ বলা হয় না অর্থাৎ শ্রমণগণ এই সকল বিদ্যা ব্যবহার করিবে না ॥১৩॥

ইহ জীবিয়ং অণিয়মেত্তা, পব্ভট্ঠা সমাহিজোএহিং।
তে কামভোগরসগিদ্ধা, উববজ্জংতি আসুরে কাএ ॥১৪॥

১। 'অদুব' টীকা ১।

২। 'বুক্কসং' টীকা ১ ও ৩। "মুদ্গমাষাদি নহিকানিষ্পন্নমন্নমতিনিপীড়িতরসং বা টীকা ৩। "পুরাণে ধান কা চাবল, পুরাতন সক্তুপিণ্ড" পা. স. ম।

৩। "পুলাকং অসারং বল্লচনকাদি" টীকা ৩। "চনা আদি শুষ্ক অন্ন" পা. স. ম।

৪। "মন্থুঞ্চ বদরাদি চূর্ণং……অতিরুক্ষতয়া চাস্য প্রান্তত্বম্" টীকা ৩।

ইহ (ইহ জন্মে) (যে সকল ব্যক্তি) জীবিয়ং (জীবনকে) অণিয়মেত্তা (নিয়মাধীনে না রাখিয়া=নিয়ন্ত্রণ না করিয়া) সমাহিজোএহিং (সমাধি ও যোগ হইতে=চিত্তস্থৈর্য ও মনোবাক্‌কায়ের একাগ্রতা হইতে) পত্তট্‌ঠা (প্রভ্রষ্ট=ভ্রষ্ট, পতিত) কামভোগরসগিদ্ধা (কামভোগরসগৃদ্ধ=বিষয়লোলুপ) (হয়) তে (তাহারা) আসুরে কায়ে (অসুরকুমার যোনিতে) উববজ্জংতি (উৎপন্ন হয়) ॥১৪॥

ইহজন্মে যে সকল ব্যক্তি জীবনকে নিয়ন্ত্রণ না করিয়া চিত্তস্থৈর্য ও মনোবাক্‌কায়ের একাগ্রতা হইতে ভ্রষ্ট ও বিষয়লোলুপ হয় তাহারা অসুরকুমার যোনিতে উৎপন্ন হয় ॥১৪॥

তত্তো বি য উবট্টিত্তা, সংসারং বহু অণুপরিয়ডংতি।
বহুকম্মলেবলিত্তাণং, বোহী হোই সুদুল্লহা তেসিং ॥১৫॥

তত্তো বি (তথা হইতে=অসুরকায় হইতে) উবট্টিত্তা (উদ্বর্ত্য=নির্গত হইয়া) বহু (অনেক) সংসারং (সংসারে=সংসারে নানা প্রকার যোনিতে) অণুপরিয়ডংতি (অনুপর্যটন করে=পর্যটন করে, পরিভ্রমণ করে)। তেসিং (সেই সকল) বহুকম্মলেবলিত্তাণং (বহুকর্মলেপলিপ্ত প্রাণিগণের প্রচুরকর্মমল যুক্ত প্রাণিগণের) বোহী (বোধি=সম্যক্‌ত্বপ্রাপ্তি) সুদুল্লহা (সুদুর্লভ) হোই (হয়) ॥১৫॥

সেই সমাধিযোগ হইতে ভ্রষ্ট প্রাণিগণ অসুরকায় হইতে নির্গত হইয়া সংসারে নানাপ্রকার যোনিতে পরিভ্রমণ করে এবং প্রচুরকর্মমলযুক্ত হওয়ায় তাহাদের সম্যক্‌ত্বপ্রাপ্তি সুদুর্লভ হয় ॥১৫॥

কসিণং পি জো ইমং লোয়ং,[১] পড়িপুণ্ণং দলেজ্জ[২] ইক্কস্স[৩]।
তেণাবি সে ন সংতুস্সে,[৪] ইই দুপ্পূরএ[৫] ইমে আয়া[৬] ॥১৬॥

১। 'লোগং' টীকা ১ ও ২।
২। 'দলিজ্জ' টীকা ১।
৩। 'এগস্স' টীকা ৩।
৪। 'তুসিজ্জা' টীকা ২।
৫। 'দুপ্পূরিএ' টীকা ২।
৬। 'অপ্পা' টীকা ১।

(যদি) ইক্কস্স (একজন লোককে) পড়িপুণ্ণং (পরিপূর্ণ=ধনধান্যাদির দ্বারা পরিপূর্ণ) ইমং (এই) কসিণং (কৃৎস্ন=সম্পূর্ণ) লোয়ং পি (লোকও) দলেজ্জ (দেওয়া হয়) (তাহা হইলেও) তেণাবি (তাহার দ্বারাও=ধনধান্যপূর্ণ সম্পূর্ণ লোক প্রদানের দ্বারাও) সে (সেই ব্যক্তি) ন সংতুস্সে (সন্তোষপ্রাপ্ত হয় না) ইই (ইতি=এইজন্য) ইমে (এই) আয়া (আত্মা=জীব) দুপ্পূরএ দুষ্পূরক=যাহার ইচ্ছা দুঃখে পূরণ করা যায় অর্থাৎ পূরণ করা যায় না ॥১৬॥

যদি এক ব্যক্তিকে ধনধান্যাদিপূর্ণ সম্পূর্ণ লোকও প্রদান করা হয় তাহা হইলেও সেই ব্যক্তির তৃপ্তি হয় না। তজ্জন্য এই আত্মাকে দুষ্পূরক বলে অর্থাৎ ইহার ইচ্ছা পূর্ণ হয় না ॥১৬॥

জহা লাহো তহা লোহো, লাহা লোহো পবড্ঢঈ।
দোমাসকয়ং[২] কজ্জং, কোড়ীএ বি ন ণিট্ঠিয়ং ॥১৭॥

জহা (যেমন) লাহো (লাভ) (হয়) তহা (তেমন) লোহো (লোভ) (হয়) লাহা (লাভ হইতে) লোহো (লোভ) পবড্ঢঈ (প্রবর্ধিত হয়) দোমাসকয়ং (দ্বিমাষকৃত=দুই মাষার জন্য কৃত) কজ্জং (কার্য) কোড়ীএ বি (কোটীতেও=কোটী স্বর্ণমুদ্রাতেও) ন ণিট্ঠিয়ং (নিষ্ঠিত হয় নাই=নিষ্পন্ন হয় নাই) ॥১৭॥

যেমন লাভ হয় তেমনি লোভ হয়। লাভ হইতে লোভের বৃদ্ধি হইতে থাকে, দুই মাষার প্রযোজন কোটী স্বর্ণমুদ্রাতেও নিষ্পন্ন হয় না ॥১৭॥

নো রক্খসীসু গিজ্ঝেজ্জা, গংডবচ্ছাসু[২] ণেগচিত্তাসু।
জাও পুরিসং পলোভিত্তা, খেল্লংতি জহা ব দাহেহিং ॥১৮॥

গংডবচ্ছাসু (গণ্ডবক্ষ অর্বুদের ন্যায় কুচবিশিষ্ট) ণেগচিত্তাসু (অনেক চিত্ত =অনেক পুরুষে চিত্ত যাহার আসক্ত) রক্খসীসু (রাক্ষসীতে=স্ত্রীলোকে) নো গিজ্ঝেজ্জা (গৃদ্ধ হইবে না=লোলুপ হইবে না) জাও (যে সকল স্ত্রী) পুরিসং (পুরুষকে) পলোভিত্তা (প্রলুব্ধ করিয়া) দাসেহিং জহা ব (দাসের ন্যায়=কিঙ্করের ন্যায়) খেল্লংতি (ক্রীড়া করে) ॥১৮॥

অর্বুদের ন্যায় কুচবিশিষ্ট, অনেক পুরুষানুগচিত্ত, স্ত্রী রাক্ষসীর প্রতি লোলুপ

১। এই অধ্যায়ের প্রথমে প্রদত্ত কপিলের উপাখ্যানের দুই মাষা স্বর্ণের প্রসঙ্গ দ্রষ্টব্য।

২। গংড শব্দের অর্থ অর্বুদ বা আব।

হইবে না। এই সকল স্ত্রী পুরুষদিগকে প্রলুব্ধ করিয়া কিঙ্করের ন্যায় ক্রীড়া করায় ॥১৮॥

ণারীসু নো পগিজ্ঝিজ্জা, ইত্থী বিপ্পজহে অণাগারে।
ধম্মং চ পেসলং ণচ্চা, তত্থ ঠবিজ্জ ভিক্খূ অপ্পাণং ॥১৯॥

অণাগারে (অনাগার=গৃহশূন্য সাধু) ণারীসু (স্ত্রীতে) নো পগিজ্ঝিজ্জা (গৃদ্ধ হইবে না=লোলুপ হইবে না) ইত্থী (স্ত্রীকে) বিপ্পজহে (ত্যাগ করিবে)। ভিক্খূ (ভিক্ষু) ধম্মং (ধর্মকে) পেসলং (মনোজ্ঞ=হিতকারী) ণচ্চা (জানিয়া) তত্থ (সেইস্থানে=ধর্মে) অপ্পাণং (আপনাকে=নিজকে) ঠবিজ্জ (স্থাপন করিবে) ॥১৯॥

গৃহশূন্য ভিক্ষু নারীতে গৃদ্ধ হইবে না, স্ত্রী পরিত্যাগ করিবে এবং ধর্মকে সুন্দর ও হিতকারী জানিয়া তাহাতে নিজকে স্থির করিবে অর্থাৎ ধর্মাচরণে স্থিরচিত্ত হইবে ॥১৯॥

ইই এস ধম্মে অক্খমাএ, কবিলেণং চ বিসুদ্ধ পণ্ণেণং।
তরিহিংতি জে উ কাহিংতি, তেহিং আরাহিয়া দুবে লোগ[১] ॥২০॥
ত্তি বেমি।

ইই (ইতি=এই প্রকারে) বিসুদ্ধ পণ্ণেণং (বিশুদ্ধপ্রাজ্ঞ=বিশুদ্ধজ্ঞানসম্পন্ন, কেবলজ্ঞানসম্পন্ন) কবিলেণং (কপিলের দ্বারা) এস ধম্মে (এই উপরোক্ত ধর্ম) অক্খাএ (আখ্যাত হইয়াছে) জে (যাহারা) কাহিংতি (করিবে=কপিলোক্ত ধর্ম আচরণ করিবে) (তাহারা) তরিহিংতি (পার হইবে=ভবার্ণব পার হইবে) তেহিং (সেই পুরুষগণের দ্বারা) দুবে লোগ (দুই লোক=ইহলোক ও পরলোক) আরাহিয়া (আরাধিত হইল=সফল হইল) ॥২০॥ ত্তি বেমি (এই রূপ বলিতেছি)।

উপরোক্তরূপে বিশুদ্ধজ্ঞানসম্পন্ন কপিলমুনির দ্বারা ধর্ম আখ্যাত হইয়াছে। যাহারা এই ধর্ম আচরণ করিবে তাহারা ভবার্ণব হইতে উত্তীর্ণ হইবে এবং তাহাদিগের দ্বারা ইহলোক ও পরলোক সার্থক হইল বুঝিতে হইবে ॥২০॥ এইরূপ বলিতেছি।

ইতি কাপিলীয়, অষ্টম অধ্যয়ন

১। 'লোগু' টীকা ৩।

নমিপ্রব্রজ্যা*

নবম অধ্যয়ন

চইউণ[১] দেবলোগাও, উববন্নো মাণুসংমি লোগংমি।
উবসংতমোহণিজ্জো[২], সরঈ পোরাণিয়ং জাইং ॥১॥

দেবলোগাও (দেবলোক হইতে) চইউণ (চ্যুত হইয়া) মাণুসংমি লোগংমি (মনুষ্যলোকে) উববন্নো (উৎপন্ন) (হইয়া) উবসংতমোহণিজ্জো (উপশান্ত মোহনীয়) (নমি রাজা) পোরাণিয়ং (পৌরাণিক=পুরাতন, পূর্বজন্মের) জাইং (জাতি=জন্ম) সরঈ (স্মরণ করিলেন) ॥১॥

---

* মিথিলার অধিপতি নমিরাজা চারিজন প্রত্যেক বুদ্ধের মধ্যে তৃতীয়। যিনি অন্য কাহারও উপদেশ ব্যতিরেকে পূর্বজন্মের সুকৃতির উদয়ে স্বয়ং বোধি প্রাপ্ত হন তাঁহাকে প্রত্যেক বুদ্ধ বলে। এইরূপ প্রত্যেক বুদ্ধ চারিজন যথা :—কলিঙ্গদেশের রাজা করকণ্ডু, পঞ্চালদেশের রাজা দুম্মুহো বা দ্বিমুখ, বিদেহের রাজা নমি ও গান্ধার দেশের রাজা নগ্গজি বা নগাতি। নমিরাজা বৈরাগ্য উদয়ে গৃহত্যাগ করিয়া নিষ্ক্রান্ত হইবার সময় দেবরাজ ইন্দ্র কর্তৃক পরীক্ষিত হইয়াছিলেন, তাহা প্রশ্নোত্তররূপে এই অধ্যায়ে বর্ণিত হইয়াছে। আশ্চর্যের বিষয় যে এই অধ্যায়ে বর্ণিত শ্লোকগুলির মধ্যে কোন কোনটী যথাযথরূপে ও কোন কোনটী আংশিকভাবে মহাভারত, বিষ্ণুপুরাণ, দিব্যাবদান, জাতক, সংযুক্তনিকায়, মহাবস্তু, ধম্মপদ, খণ্ডনখাদ্য ও বৃহদারণ্যকোপনিষদের শঙ্করভাষ্যে উদ্ধৃত হইয়াছে। ইহাতে মনে হয় যে এই উপাখ্যানটী এই অধ্যায়ে বর্ণিতরূপেই বহু প্রচলিত এবং লোকপ্রিয় ছিল। উত্তরাধ্যয়ন সূত্র ব্যতীত অন্য কোনস্থলে সম্পূর্ণ উপাখ্যানটী উপলব্ধ হয় না, তজ্জন্য এইরূপ অনুমান করা স্বাভাবিক হইয়া পড়ে যে এই অধ্যয়ন হইতেই কোন কোন অংশ উপরোক্ত অন্যান্য গ্রন্থে গৃহীত হইয়াছে। অন্য গ্রন্থে উদ্ধৃত অংশগুলি যথাস্থানে উল্লেখ করা হইল।

১। দেবলোকের জন্মের আয়ুক্ষয়ে মৃত্যু প্রাপ্ত হইয়া তথা হইতে সেই জীবের মনুষ্যলোকের দিকে জন্মগ্রহণ করিবার জন্য অবতীর্ণ হওয়াকে দেবলোক হইতে চ্যবন বা চ্যুত হওয়া বলে। "এক জন্মসে দুসরে জন্ম মেঁ অবতীর্ণ হোনা" পা. স. ম। ৩।১৬ সূত্রের ২নং পাদটীকা দ্রষ্টব্য।

২। "উপশান্তম্ অনুদয়প্রাপ্তং মোহনীয়ং দর্শনমোহনীয়ং যস্যাসাবুপশান্তমোহনীয়ঃ" টীকা ৩। কর্ম সম্বন্ধে ১।৪৮ সূত্রের ২নং পাদটীকায় সংক্ষেপে বর্ণনা করা হইয়াছে। দ্রব্য কর্ম আট ভাগে বিভক্ত যথা :— ১। জ্ঞানাবরণীয়, ২। দর্শনাবরণীয়, ৩। বেদনীয়, ৪। মোহনীয়, ৫।

দেবলোক হইতে চ্যুত ও মনুষ্যলোকে জন্মগ্রহণ করিবার পর নমিরাজা মোহ উপশান্ত হওয়ায় জাতিস্মরণ জ্ঞান উৎপন্ন হইলে পূর্বের দেবজন্ম স্মরণ করিলেন ॥১॥

জাইং সরিত্তু ভয়বং, সহসম্বুদ্ধো অণুত্তরে ধম্মে।
পুত্তং ঠবিত্তু রজ্জে, অভিণিক্খমঈ ণমী রায়া ॥২॥

ভয়বং (ভগবান্=ধীমান্) ণমীরায়া (নমি রাজা) জাইং (জাতি=পূর্বজন্ম) সরিত্তু (স্মরণ করিয়া) অণুত্তরে (অনুত্তর=সর্বোৎকৃষ্ট) ধম্মে (ধর্মে) সহসংবুদ্ধো (স্বয়ং সম্বুদ্ধ) (হইয়া) পুত্তং (পুত্রকে) রজ্জে (রাজ্যে) ঠবিত্তু (স্থাপন করিয়া) অভিণিক্খমঈ (অভিনিষ্ক্রান্ত হইলেন=প্রব্রজ্যা গ্রহণ করিলেন) ॥২॥

ধীমান্ নমিরাজা পূর্বজন্ম স্মরণ করিয়া সর্বোৎকৃষ্ট জিনধর্মে স্বয়ং সংবোধি প্রাপ্ত হইয়া অর্থাৎ অন্যের উপদেশ ব্যতিরেকে সংবুদ্ধ হইয়া পুত্রকে রাজ্য প্রদান করতঃ গৃহ হইতে নিষ্ক্রান্ত হইলেন ॥২॥

আয়ু ৬। নাম, ৭। গোত্র, ও ৮। অন্তরায়। যে কর্ম আত্মার জ্ঞান শক্তিকে আবৃত করে তাহাকে জ্ঞানাবরণীয়, সামান্য বোধরূপ দর্শন শক্তিকে আবৃত করে তাহাকে দর্শনাবরণীয়, অব্যাবাধ ও অনন্ত সুখকে আবৃত করিয়া সাংসারিক সুখ ও দুঃখের অনুভূতি উৎপাদন করে তাহাকে বেদনীয়, যাহা আত্মার স্ব-স্বভাবে ভ্রান্তি উৎপাদন করিয়া পরবস্তুতে মোহ উৎপন্ন করে তাহাকে মোহণীয়, যাহা স্ব-রূপে অক্ষয়স্থিতি গুণকে আবৃত করিয়া নির্দিষ্টকালের জন্য শরীর ধারণ করিয়া থাকিতে বাধ্য করে তাহাকে আয়ু, যাহা আত্মার অরূপিত্বগুণকে আবৃত করিয়া রূপ গ্রহণ করিতে বাধ্য করে ও পূর্ণ বা বিকল অঙ্গপ্রত্যঙ্গাদি যশ বা অপযশ ইত্যাদি বহু বিচিত্রতা প্রাপ্ত করায় তাহাকে নাম, যাহার প্রভাবে আত্মার অগুরুলঘু গুণ আবৃত হইয়া উচ্চ বা নীচ কুলে জন্মগ্রহণ করিতে বাধ্য করে তাহাকে গোত্র, এবং যাহা আত্মার বীর্যগুণকে আবৃত করিয়া দানাদি প্রদান করিতে বা ভোগ ও উপভোগ করিতে বাধা প্রদান করে তাহাকে অন্তরায় কর্ম বলে। এই আটটী মূল কর্মপ্রকৃতির বহু বিভেদ আছে। মোহণীয় কর্মের দর্শন মোহণীয় ও চারিত্র মোহণীয় এই দুইটী প্রধান বিভাগ। দর্শনমোহণীয় কর্মের উপশম হইলে জাতিস্মরণ অর্থাৎ পূর্ব পূর্ব জন্ম স্মরণ করিবার শক্তিসমন্বিত জ্ঞান উৎপন্ন হইতে পারে। এইস্থলে উবসংতমোহণিজ্জো শব্দের দ্বারা দর্শনমোহণীয় কর্ম উপশান্ত হইয়াছে এইরূপ টীকাকারগণ ব্যাখ্যা করিয়াছেন। এই কারণেই নমিরাজা পূর্বের দেবজন্মের বৃত্তান্ত স্মরণ করিবার শক্তি অর্জন করিয়াছিলেন।

সো দেবলোগসরিসে, অংতেউর বরগও বরে ভোএ।
ভুংজিত্তু ণমীরায়া, বুদ্ধো ভোএ[১] পরিচ্চয়ঈ ॥৩॥

সো (সেই) ণমীরায়া (নমিরাজা) দেবলোগসরিসে (দেবলোকসদৃশ) অংতেউরবরগও (বরঅন্তঃপুরগত=প্রধান অন্তঃপুরের মধ্যে থাকিয়া) বরে (বর=প্রধান, শ্রেষ্ঠ) ভোএ (ভোগ=শব্দরসগন্ধস্পর্শাদির ভোগ, কামভোগ) ভুংজিত্তু (ভোগ করিয়া) (পরে) বুদ্ধো (বুদ্ধ=জ্ঞাততত্ত্ব) (হইয়া) ভোএ (ভোগকে=কামভোগকে) পরিচ্চয়ঈ (পরিত্যাগ করিলেন) ॥৩॥

সেই নমিরাজা দেবলোকসদৃশ অত্যন্ত মনোহর অন্তঃপুরে থাকিয়া নানা-প্রকার প্রধান কামভোগাদি ভোগ করতঃ পরে স্বয়ংসম্বুদ্ধ হইয়া ভোগ পরিত্যাগ করিলেন ॥৩॥

মিহিলং সপুরজণবয়ং, বলমোরোহং[২] চ পরিয়ণং সব্বং।
চিচ্চা অভিণিক্খংতো, এগংত মহিট্ঠিও ভয়বং ॥৪॥

ভয়বং (ভগবান্) (নমিরাজা) সপুরজণবয়ং (সপুরজনপদ=সমস্ত নগর ও জনপদ সহিত) মিহিলং (মিথিলা নগরী) (এবং) বলং (বল=হস্তি অশ্ব প্রভৃতি চতুরঙ্গ বল, সমস্ত সৈন্যসামন্ত) ওরোহং (অবরোধ=অন্তঃপুর, স্ত্রীগণাদি) চ (ও) সব্বং (সর্ব=সমস্ত) পরিয়ণং (পরিজনকে=আত্মীয়গণকে) চিচ্চা (ত্যাগ করিয়া) অভিণিক্খংতো (অভিনিষ্ক্রান্ত=প্রব্রজিত) (হইয়া) এগংতং (একান্তে=নির্জনস্থানে) অহিট্ঠিও (অধিষ্ঠিত হইলেন=অবস্থান করিলেন) ॥৪॥

সেই ভগবান্ নমিরাজা সমস্ত নগর ও জনপদ সহিত মিথিলা নগরী এবং চতুরঙ্গ সৈন্য, স্ত্রীগণ ও সমস্ত পরিজনাদিকে পরিত্যাগ করিয়া প্রব্রজ্যাগ্রহণ পূর্বক নির্জন স্থানে অধিষ্ঠান করিলেন ॥৪॥

কোলাহলগভূয়ং[৩], আসী মিহিলাএ[৪] পব্বয়ংতংমি।
তইয়া রায়রিসিংমি, ণমিংমি অভিণিক্খমংতংমি ॥৫॥

১। 'ভোগে' টীকা ১ ও ৩।
২। 'বলাবরোহং' টীকা ১।
৩। 'কোলাহলসংভূয়ং' টীকা ৪।
৪। 'মিহিলাইং' টীকা ২।

তইয়া (তদা=সেই সময়ে) পব্বয়ংতংমি (প্রব্রজিত) রায়রিসিংমি (রাজর্ষি) ণমিংমি (নমি) অভিণিক্খমংতংমি (অভিনিষ্ক্রান্ত=গৃহ হইতে নির্গত) (হইলে) মিহিলাএ (মিথিলাতে) (সমস্ত গৃহাদি) কোলাহলগভূয়ং (কোলাহলকভূত=কোলাহলময়) আসী (হইয়াছিল) ॥৫॥

সেই সময়ে রাজর্ষি নমি প্রব্রজিত হইয়া গৃহ হইতে নিষ্ক্রান্ত হইলে মিথিলাতে সমস্ত গৃহাদি কোলাহলময় হইয়াছিল অর্থাৎ নগরের সমস্ত লোকগণের ক্রন্দনে কোলাহল উৎপন্ন হইয়াছিল ॥৫॥

অভ্ভুট্ঠিয়ং রায়রিসিং, পব্বজ্জাট্ঠাণমুত্তমং[১] ।
সক্কো মাহণরূবেণ, ইমং বয়ণমব্ববী ॥৬॥

রায়রিসিং (রাজর্ষি) (নমি) উত্তমং (উত্তম) পব্বজ্জাট্ঠাণং (প্রব্রজ্যা-স্থানে=জ্ঞানদর্শন চারিত্ররূপ প্রব্রজ্যা) (গ্রহণ করিতে) অভ্ভুট্ঠিয়ং (অভ্যুত্থিত=উদ্যত) (হইলে) সক্কো (শক্র=প্রথম স্বর্গের ইন্দ্র, শক্রেন্দ্র) মাহণরূবেণ (ব্রাহ্মণের রূপে) (আগত হইয়া) ইমং বয়ণং (এইরূপ বচন) অব্ববী (বলিলেন) ॥৬॥

রাজর্ষি নমি উত্তম প্রব্রজ্যা গ্রহণ করিতে উদ্যত হইলে প্রথম স্বর্গের (শক্র নামক) ইন্দ্র ব্রাহ্মণের রূপে আগত হইয়া এইরূপ বলিলেন ॥৬॥

কিংনু ভো অজ্জ মিহিলাএ, কোলাহলগসংকুলা ।
সুব্বন্তি[২] দারুণা সদ্দা, পাসাএসু গিহেসু য ॥৭॥

ভো (হে রাজর্ষি) অজ্জ (অদ্য) মিহিলাএ (মিথিলাতে) পাসাএসু (প্রাসাদ-সমূহে) য (ও) গিহেসু (গৃহসমূহে) কোলাহলগসংকুলা (কোলাহলের দ্বারা ব্যাপ্ত) দারুণা (দারুণ=উদ্বেগজনক, করুণ) সদ্দা (শব্দ) কিংনু (কেন) সুব্বন্তি (শ্রুত হইতেছে) ॥৭॥

হে রাজর্ষি, অদ্য মিথিলাতে ধনীর প্রাসাদ ও গৃহস্থের গৃহসমূহে অর্থাৎ সর্বস্থলে কোলাহলের দ্বারা ব্যাপ্ত করুণ শব্দ কেন শুনা যাইতেছে ? ॥৭॥

১। "প্রব্রজ্যৈব স্থানং তিষ্ঠন্তি সম্যগ্‌দর্শনাদয়ো গুণা অস্মিন্নিতি কৃত্বা প্রব্রজ্যাস্থানং প্রতীতি শেষঃ" টীকা ৩।

২। 'সুচ্চংতি' টীকা ১ ও ৩।

এয়মট্ঠং নিসামিত্তা, হেঊকারণচোইও[১]।
তও ণমী রায়রিসী, দেবিংদং ইণমব্ববী ॥৮॥

তও (তৎপরে) ণমী রায়রিসী (রাজর্ষি নমি) এয়ং (উক্তরূপ) অট্ঠং (অর্থ =বাক্য) নিসামিত্তা (শ্রবণ করিয়া) হেঊকারণচোইও (হেতুকারণচোদিত =হেতু ও কারণের দ্বারা প্রেরিত হইয়া) দেবিংদং (দেবেন্দ্রকে) ইণং (এইরূপ=নিম্নলিখিতরূপ) অব্ববী (বলিলেন) ॥৮॥

তৎপরে রাজর্ষি নমি ইন্দ্রের উক্তরূপ বাক্য শ্রবণ করিয়া হেতু ও কারণ প্রদর্শনপূর্বক দেবেন্দ্রকে নিম্নলিখিতরূপ উত্তর দিলেন ॥৮॥

মিহিলাএ চেইএ বচ্ছে,[২] সীয়চ্ছাএ মণোরমে[৩]।
পত্তপুপ্ফফলোবেএ, বহূণং বহুগুণে সয়া ॥৯॥

মিহিলাএ (মিথিলাতে) চেইএ (চৈত্যে=উদ্যানে) সীয়চ্ছাএ (শীতলছায়াযুক্ত) মণোরমে (মনোরম) পত্তপুপ্ফফলোবেএ (পত্রপুষ্পফলোপেত) সয়া (সদা) বহূণং (বহুর=বহু পক্ষীর) বহুগুণে (বহুগুণকারক=বহু উপকারজনক) বচ্ছে (বৃক্ষ) (আছে) ॥৯॥

মিথিলার উদ্যানে শীতলছায়াযুক্ত, মনোরম, পত্রপুষ্পফলোপেত, বহু পক্ষীগণের সদা উপকারজনক একটি বৃক্ষ আছে ॥৯॥

১। "হেতুঃ পঞ্চাবয়বরূপঃ, কারণং চান্যথাঽনুপপত্তিমাত্রং তাভ্যাং চোদিতঃ প্রেরিত স্তথাহি অনুচিতমিদং ভবতোঽভিনিষ্ক্রমণং, আক্রন্দাদিদারুণশব্দহেতুত্বাৎ, যদ্ যদাক্রন্দাদিদারুণ-শব্দহেতু, তদ্তদ্ ধর্মাধিনোঽনুচিতং যথা প্রাণিব্যপরোপণাদি, তথা চেদং তস্মাদনুচিতমেবেতি পঞ্চাবয়বো হেতুঃ। আক্রান্দাদি শব্দহেতুত্বং ভবদভিনিষ্ক্রমণানুচিতত্বং বিনাঽনুপপন্নমিতি কারণ মনয়োঃ পৃথগুপাদানং প্রতিপাদ্যভেদতঃ সাধনবৈচিত্রসূচনার্থম্" টীকা ২।

২। টীকাকারগণ 'বচ্ছে' শব্দের অর্থ করিতে 'বচ্ছেহি' ধরিয়া তাহার 'হি' লোপ করিয়া 'বৃক্ষৈঃ' অর্থ করিয়াছেন। তদনুযায়ী দ্বিতীয় অর্থ করা হইল।

৩। ১নং ও ২নং টীকা মনোরমশব্দের অর্থ 'মনোরমাভিধানে' অর্থাৎ মনোরমনামক অর্থ করিয়াছেন। Dr. Jacobi তাঁহার অনুবাদেও এই অর্থ গ্রহণ করিয়াছেন। কিন্তু ১নং টীকাকার মনোরমশব্দকে চৈত্যশব্দের বিশেষণ করিয়া মনোজ্ঞ অর্থ করিয়াছেন। টীকাকারগণ পরবর্তী ১০নং সূত্রের সহিত ইহার সম্বন্ধ থাকা সত্ত্বেও ১০নং সূত্রে মনোরম শব্দের 'মনোরম নামক' অর্থ গ্রহণ না করিয়া সাধারণ মনোহর অর্থ গ্রহণ করায় ১নং টীকাকেই অনুসরণ করা হইল।

(দ্বিতীয় অর্থ)

মিহিলাএ (মিথিলাতে) মণোরমে (মনোরম) পত্তপুপ্ফফলোবেএ (পত্র-পুষ্পফলোপেত) বচ্ছে (বৃক্ষের দ্বারা) সীয়চ্ছাএ (শীতলছায়াযুক্ত) সয়া (সদা) বহূণং (বহুর=বহুপক্ষীর) বহুগুণে (বহু গুণকারক=প্রভূত উপকারজনক) চেইএ (উদ্যান) (আছে) ॥৯॥

মিথিলাতে মনোরম, পত্রপুষ্পফলোপেত বৃক্ষের শীতলছায়াযুক্ত, বহু পক্ষিগণের সদা প্রভূত উপকারজনক একটী উদ্যান আছে ॥৯॥

বাএণ হীরমাণংমি, চেইয়ংমি[১] মণোরমে।
দুহিয়া অসরণা অত্তা, এএ কংদংতি ভো খগা ॥১০॥

ভো (হে ব্রাহ্মণ) (সেই) মণোরমে (মনোরম) চেইয়ংমি (চৈত্য=বৃক্ষ অথবা উদ্যান) বাএণ (বায়ুর দ্বারা) হীরমাণংমি (হ্রিয়মান্ হইলে=বিতাড়িত হইলে, ইতস্ততঃ বিক্ষিপ্ত হইলে) এএ (এই সকল) খগা (পক্ষিগণ) অসরণা (অশরণ=আশ্রয়স্থান হইতে চ্যুত) (হওয়ার জন্য) দুহিয়া (দুঃখিত) অত্তা (আর্ত) (হইয়া) কংদংতি (ক্রন্দন করিতেছে) ॥১০॥

হে ব্রাহ্মণ, সেই মনোরম বৃক্ষ বায়ুর দ্বারা বিতাড়িত হইলে এই সকল পক্ষিগণ আশ্রয়চ্যুত, দুঃখিত ও আর্ত হইয়া ক্রন্দন করিতেছে। (এস্থলে নমিরাজা নিজকে আশ্রয়ভূত বৃক্ষের সহিত ও আত্মীয়স্বজনাদিকে পক্ষীর সহিত তুলনা করিয়াছেন) ॥১০॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেঊকারণচোইও।
তও ণমীং রায়রিসিং, দেবিংদো ইণমব্ববী ॥১১॥

শব্দার্থ পূর্ববৎ। দেবেন্দ্র নমিরাজর্ষিকে বলিলেন ॥১১॥

এস অগ্গী য় বাউ য়, এয়ং ডজ্ঝই মংদিরং।
ভয়বং অংতেউরং তেণং, কীসণং নাবপেক্খহ ॥১২॥

১। ৯নং সূত্রে চৈত্যশব্দের অর্থ টীকাকারগণ 'উদ্যান' করিয়াছেন। কিন্তু ১০নং সূত্রের চৈত্যশব্দের অর্থ টীকাকারগণ বৃক্ষ করিয়াছেন। তদনুযায়ী ১০নং সূত্রের চৈত্যশব্দের অর্থ উদ্যান না করিয়া বৃক্ষই করা হইল। ৯নং সূত্রে 'বচ্ছে' শব্দের অর্থ তৃতীয়াবিভক্তিযুক্ত 'বৃক্ষৈঃ' না করিয়া প্রথমার একবচনযুক্ত 'বৃক্ষ' অর্থ করিলে ১০নং সূত্রের সহিত অর্থ ও ভাবের সঙ্গতি রক্ষিত হয়। তজ্জন্য ৯নং সূত্রের প্রথম অর্থে প্রথমা বিভক্তিযুক্ত 'বৃক্ষ' অর্থ করা হইল।

ভয়বং (ভগবান্) এস (এই) অগ্গী (অগ্নি) য় (ও) বাউ (বায়ু) এয়ং (এই, আপনার) মংদিরং (মন্দির=প্রাসাদ) ডজ্ঝই (দহন করিতেছে) তেণং (আপনার) অংতেউরং (অন্তঃপুরকে=রাজ্ঞীগণকে) কীসণং (কেন) নাবপেক্খহ (দেখিতেছেন না=রক্ষা করিবার উপায় অবলম্বন করিতেছেন না) ॥১২॥

হে ভগবান্, অগ্নি ও বায়ুর দ্বারা আপনার প্রাসাদ দগ্ধ হইতেছে। আপনি আপনার রাজ্ঞীগণকে রক্ষা করিবার উপায় অবলম্বন করিতেছেন না কেন ? ॥১২॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেঊকারণচোইও।
তও ণমী রায়রিসী, দেবিংদং ইণমব্ববী ॥১৩॥

শব্দার্থ পূর্ববৎ। নমি রাজর্ষি দেবেন্দ্রকে উত্তর দিলেন ॥১৩॥

[১]সুহং বসামো জীবামো, জেসিং মো নত্থি কিংচণং।
মিহিলাএ ডজ্ঝমাণীএ, ন মে ডজ্ঝই কিংচণং ॥১৪॥

সুহং (সুখে) বসামো (বাস করিতেছি) (এবং) জীবামো (জীবনধারণ করিতেছি) জেসিং (যেহেতু) মো (আমার) কিংচণং (কিছুই=কোন বস্তুই) নত্থি (নহে) মিহিলাএ (মিথিলা) ডজ্ঝমাণীএ (দগ্ধমান) (হইলে) মে (আমার) কিংচণং (কিছুমাত্রও) ন ডজ্ঝই (দগ্ধ হয় না) ॥১৪॥

হে ব্রাহ্মণ, আমি সুখে আছি এবং সুখেই জীবনধারণ করিতেছি, যেহেতু কোন বস্তুই আমার নহে। মিথিলা দগ্ধ হইলে আমার কিছুই দগ্ধ হয় না ॥১৪॥

চত্তপুত্তকলত্তস্স, ণিব্বাবারস্স ভিক্খুণো।
পিয়ং ন বিজ্জই[২] কিংচি, অপ্পিয়ংপি ন বিজ্জই[৩] ॥১৫॥

---

১ তুলনা—"সুসুখং বত জীবামি যস্স মে নাস্তি কিঞ্চন।
মিথিলায়াং প্রদীপ্তায়াং ন মে দহ্যতি কিঞ্চন" ॥ মহাভারত, শান্তিপর্ব, মাণ্ডব্যজনক সংবাদ, ২৭৫ ॥৪॥ (তর্করত্ন সংস্করণ),"মিথিলায়াং প্রদীপ্তায়াং ন মে দহ্যতি কিঞ্চন" বৃহদারণ্যকোপনিষদ্, শঙ্কর ভাষ্যের পৃঃ ৩৪৬ (দুর্গাচরণ সংস্করণ)

"আহেদং মিথিলানাথ মুমূক্ষুর্নির্মম পুরা।
মিথিলায়াং প্রদগ্ধায়াং ন মে দহ্যতি কিঞ্চন" ॥ খণ্ডনখাদ্য

২। 'বিজ্জএ' টীকা ২।

৩। 'বিজ্জএ' টীকা ২।

চত্তপুত্তকলত্তস্স (ত্যক্তপুত্রকলত্র=যে স্ত্রীপুত্র ত্যাগ করিয়াছে তাহার) ণিব্বাবারস্স (নির্ব্যাপার=যাহার কোন প্রকার ব্যাপার অর্থাৎ ব্যবসায়াদি কার্য নাই তাহার) ভিক্খুণো (ভিক্ষুর) কিংচি (কিছুই) পিয়ং (প্রিয়) ন বিজ্জঈ (থাকে না=নাই) (বা) অপ্পিয়ংপি (অপ্রিয়ও) ন বিজ্জঈ (থাকে না) ॥১৫॥

স্ত্রীপুত্রপরিত্যাগী নিরারম্ভ ভিক্ষুর কোন বস্তুই প্রিয় বা অপ্রিয় থাকে না ॥১৫॥

বহুং খু মুণিণো ভদ্দং, অণগারস্স ভিক্খুণো।
সব্বও বিপ্পমুক্কস্স, এগংতমণুপস্সও[১] ॥১৬॥

সব্বও (সমস্ত স্থান হইতে=সমস্ত পরিগ্রহ হইতে) বিপ্পমুক্কস্স (বিপ্রমুক্ত) এগংতমণুপস্সও (একান্ত বিচার সম্পন্ন='আমি একা এইরূপ একত্ববিচার

১। কর্মের আগমনকে প্রতিরোধ করিবার জন্য এবং আত্মার বিকাশে সহায়তা পাইবার জন্য দ্বাদশ প্রকার ভাবনা বা অনুপ্রেক্ষা জিনশাস্ত্রে উপদিষ্ট আছে। একত্ব ভাবনা এই দ্বাদশ প্রকারের মধ্যে একটী। এই ভাবনাগুলির সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইল।

১ম অনিত্যভাবনা—শরীর, জীবন, যৌবন, ধনসম্পত্তি আদি-সমস্তই অনিত্য। এইসকলের বিনাশ আছে। তজ্জন্য এই সমস্ত বস্তুর বিয়োগে দুঃখ করা এবং এই সমস্ত বস্তুর প্রতি আসক্তি করা অনুচিত। এইরূপ চিন্তনকে অনিত্য ভাবনা বলে।

২য় অশরণভাবনা—যেমন সিংহ ব্যাঘ্রাদির কবলে পতিত মৃগের কোন শরণ নাই অর্থাৎ তাহাকে রক্ষা করিতে কেহই সমর্থ হয় না তদ্রূপ আধি, ব্যাধি ও উপাধির কবলে পতিত মনুষ্যের একমাত্র ধর্ম ব্যতীত অন্য কোনও শরণ অর্থাৎ রক্ষাকর্তা নাই। এইরূপ চিন্তনকে অশরণ ভাবনা বলে।

৩য় সংসারভাবনা—এই জন্মমরণরূপ সংসার চক্রে প্রকৃতপক্ষে আমার আত্মীয়, বন্ধু কিম্বা শত্রু কেহ নাই। কেননা প্রত্যেক জীবের সহিত অনন্ত জন্মজন্মান্তরে নানা প্রকার সম্বন্ধে সম্বন্ধিত হইয়াছি। সংসারের এই বৈচিত্র্য একমাত্র কর্মেরই ফল এবং এই কর্মের দ্বারা বিবশ হইয়া প্রাণিগণ দেব, মনুষ্য, তির্যক্ ও নরকগতিতে পরিভ্রমণ করিতেছে। এইরূপ বৈরাগ্য উৎপাদক ভাবনাকে সংসারভাবনা বলে।

৪র্থ একত্বভাবনা—আমি একাকী জন্ম গ্রহণ করি ও একাই মৃত্যু প্রাপ্ত হই। আমার নিজের কৃতকর্মের জন্য সুখদুঃখাদি ফল আমাকে একাকীই ভোগ করিতে হইবে। স্ত্রী, পুত্র, আত্মীয়, স্বজন কেহই এই সুখদুঃখের অংশভাগী হইতে পারে না। এইরূপ ভাবনাকে একত্বভাবনা বলে।

সম্পন্ন) অণগারস্স (অনগার=গৃহশূন্য) ভিক্খুণো (ভিক্ষোপজীবী) মুণিণো (মুনির) বহুং খু (নিশ্চয়ই=প্রচুর) ভদ্দং (ভদ্র=সুখ, কল্যাণ) (থাকে) ॥১৬॥

সমস্ত পরিগ্রহ হইতে বিমুক্ত, একত্ব বিচার সম্পন্ন, গৃহশূন্য, ভিক্ষোপজীবী মুনির নিশ্চয়ই প্রচুর সুখ থাকে অর্থাৎ তিনি সব সময়েই সুখে নিমগ্ন থাকেন ॥১৬॥

৫ম অন্যত্বভাবনা—আমার শরীর ও আত্মা পৃথক্। শরীর জড় কিন্তু আত্মা চেতন। শরীর স্থূল কিন্তু আমি সূক্ষ্ম। এইরূপে শরীরের প্রতি আত্মার মিথ্যা আরোপ দূর করিবার জন্য শরীর ও আত্মাকে ভিন্ন বলিয়া চিন্তন করাকে অন্যত্বভাবনা বলে।

৬ষ্ঠ অশুচিভাবনা—এই শরীর অশুচি পদার্থের দ্বারা নির্মিত। ইহাকে স্নানাদির দ্বারা যতই বাহ্যিকভাবে পরিষ্কার করা যায় না কেন অভ্যন্তরে ইহা মলমূত্রাদি অশুচি পদার্থেই পরিপূর্ণ। এইভাবে শরীরের প্রতি আসক্তি দূর করিবার জন্য শরীরকে অশুচিরূপে চিন্তন করাকে অশুচি ভাবনা বলে।

৭ম আস্রবভাবনা—যে কারণসমূহের দ্বারা আত্মার সহিত মিলিত হইবার জন্য কর্মপুদ্গলের আগমন হয় সেই কারণগুলি হইতে নিবৃত্ত না হইয়া ইন্দ্রিয়াদি বিষয়ে আসক্ত হইলে যে অনিষ্ট পরিণাম হয় তাহা চিন্তন করাকে আস্রব ভাবনা বলে।

৮ম সংবরভাবনা—দুষ্প্রবৃত্তি বা আস্রবকে নিরোধ করিবার জন্য মন, বচন ও কায়কে একাগ্র করিয়া সচ্চিন্তা করাকে সংবর ভাবনা কহে।

৯ম নির্জরা ভাবনা—আত্মার সহিত বদ্ধ কর্মকে নির্জরা অর্থাৎ আত্মা হইতে বিচ্যুত করিবার অভিপ্রায়ে কর্মের নানা প্রকার বিপাকের বিষয় চিন্তা করিয়া তপস্যা ও ধ্যানাদির দ্বারা কর্মক্ষয় করিবার জন্য যে সদ্ভাবনা করা হয় তাহাকে নির্জরা ভাবনা বলে।

১০ম লোকভাবনা—অধঃ, মধ্য ও উর্দ্ধ এই ত্রিভাগ সমন্বিত সম্পূর্ণ লোক অর্থাৎ বিশ্বের স্বরূপের চিন্তন করা ও বিশ্ব অনাদি এবং অনন্ত, সমস্ত জীব ও জড়পদার্থ ইহার মধ্যে অবস্থিত ইত্যাদি লোকস্বভাবের চিন্তন করাকে লোক ভাবনা কহে।

১১শ বোধিদুর্লভ ভাবনা—অনন্ত প্রপঞ্চময় সংসারে তীব্র মোহের দ্বারা আচ্ছন্ন জীবের সম্যক্ দর্শন ও সম্যক্ চারিত্র প্রাপ্ত হওয়া অত্যন্ত দুর্লভ এবং সম্যক্ দর্শন ও চারিত্র না হইলে মুক্তি প্রাপ্ত হওয়া সম্ভব নহে ইত্যাদি সম্যক্ দর্শন ও সম্যক্ চারিত্র প্রাপ্তির জন্য যে চিন্তন তাহাকে বোধিদুর্লভ ভাবনা কহে।

১২শ ধর্ম ভাবনা—জন্ম জরা ও মরণরূপ দুঃখময় অনন্ত সংসারে ধর্মই একমাত্র অবলম্বন। ধর্মানুষ্ঠানই প্রাণিগণের একমাত্র কল্যাণের স্থান। এইরূপে ধর্মের প্রতি মন স্থির করিবার জন্য ধর্মের উৎকর্ষতার যে চিন্তন তাহাকে ধর্মভাবনা কহে।—তত্ত্বার্থ-সূত্র ৯।৭।

এয়মট্ঠং ণিসামিত্তা, হেঊকারণচোইও।
তও ণমিং রায়রিসিং, দেবিংদো ইণমব্ববী ॥১৭॥

দেবেন্দ্র নমি রাজর্ষিকে এইরূপ বলিলেন ॥১৭॥

পাগারং কারইত্তাণং, গোপুরট্টালগাণি য়।
উস্সূলগসয়গ্ঘিও,[১] তও গচ্ছসি খত্তিয়া ॥১৮॥

খত্তিয়া (হে ক্ষত্রিয়) পাগারং (প্রাকার=নগরের চতুর্দিকের প্রাচীর) গোপুর (প্রাকারের দ্বার) অট্টালগাণি (অট্টালক=প্রাকারের উপরিস্থিত ক্ষুদ্র প্রকোষ্ঠ যেস্থানে অস্ত্রশস্ত্র সঞ্চয় করিয়া দুর্গরক্ষিগণ উপর হইতে যুদ্ধ করে) উস্সূলগ (পরিখা) সয়গ্ঘীও (শতঘ্নীশস্ত্রসকল) কারইত্তাণং (করাইয়া=প্রস্তুত করাইয়া) তও (তৎপরে) গচ্ছসি (গমন করিবে=দীক্ষাগ্রহণ করিবে) ॥১৮॥

হে ক্ষত্রিয়, নগরের চতুর্দিকের প্রাকার, অর্গল সহিত প্রাকারের দৃঢ় দ্বার, প্রাকারের উপরিস্থ অস্ত্র রাখিবার ও যুদ্ধ করিবার প্রকোষ্ঠ সকল, প্রাকারের চতুষ্পার্শ্বে পরিখা ও শতঘ্নী শস্ত্রাদি প্রস্তুত করাইয়া পরে দীক্ষাগ্রহণ করিবেন ॥১৮॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেঊকারণচোইও।
তও ণমী রায়রিসী, দেবিংদং ইণমব্ববী ॥১৯॥

রাজর্ষি নমি দেবেন্দ্রকে উত্তর দিলেন ॥১৯॥

সদ্ধং ণগরং[২] কিচ্চা, তরসংবরমগ্গলং।[৩]
খংতিং[৪] ণিউণ পাগারং, তিগুত্তং দুপ্পধংসয়ং ॥২০॥

১। 'উচ্ছূলগ' টীকা ২।

২। 'ণগরিং' টীকা ৩।

৩। 'তবসংযমমগ্গলং' টীকা ১। সংবর—যে সমস্ত ক্রিয়ার দ্বারা কর্মের আস্রব বা আগমনকে নিরোধ করা হয় তাহাকে সংবর বলে। ইহা আস্রবের বিপরীত তত্ত্ব। মন, বচন ও কায়ের সংযম, শুভ ধ্যান, ইচ্ছার নিরোধ, ক্ষমা, কোমলতা, সরলতা, শৌচ, সত্য, সংযম, তপস্যা, ত্যাগ, নির্মমত্ব, ব্রহ্মচর্য, নির্লোভতা প্রভৃতি শুভ ক্রিয়াতে প্রবৃত্ত থাকিলে কর্মের আগমন নিরুদ্ধ হইয়া সংবর সাধিত হয়।

৪। 'খংতী' টীকা ২

সদ্ধং (শ্রদ্ধাকে) ণগরং (নগর) কিচ্চা (করিয়া) তবসংবরং (তপ ও সংবরকে) অগ্‌গলং (অর্গল=প্রাকারের দ্বারের অর্গল) খংতিং (ক্ষান্তিকে) ণিউণ পাগারং (নিপুণপ্রাকার=শত্রু হইতে রক্ষা করিতে সমর্থ দৃঢ় প্রাকার) (এবং) তিগুত্তং (ত্রিগুপ্ত=প্রাকারের পক্ষে প্রকোষ্ঠ, পরিখা ও শতঘ্নী এই তিন প্রকারে রক্ষিত ও সাধুর পক্ষে মন বচন ও কায়ার গুপ্তি দ্বারা রক্ষিত) (ও) দুপ্পধংসয়ং (দুপ্রধর্ষক=দুরভিভবনীয়, যাহাকে ধ্বংস করা যায় না) (করিয়া) ॥২০॥

শ্রদ্ধাকে নগর, তপ ও সংবরকে গোপুরের অর্গল, ক্ষমাকে দৃঢ় প্রাকার এবং সেই প্রাকারকে তিনগুপ্তিরূপ তিন প্রকারের উপায় অর্থাৎ প্রকোষ্ঠ, পরিখা এবং শতঘ্নী সমন্বিত ও দুরাক্রমণীয় করিয়া ॥২০॥

ধণুং পরক্কমং কিচ্চা, জীবং চ ইরিয়ং[১] সয়া।
ধিইং চ কেয়ণং[২] কিচ্চা, সচ্চেণং পলিমংথএ[৩] ॥২১॥

পরক্কমং (পরাক্রমকে=ধার্মিক ক্রিয়াতে উৎসাহকে) ধণুং (ধনু) কিচ্চা (করিয়া) ইরিয়ং (ঈর্যা সমিতিকে=পঞ্চসমিতিকে, একটী সমিতির উল্লেখ থাকায় অন্যান্য সমিতিও বুঝাইতেছে) সয়া (সদা) জীবং চ (জীব=ধনুকের গুণ) (করিয়া) ধিইং চ (ধৃতিকে=ধৈর্যকে) কেয়ণং (কেতন=ধনুর মধ্যে কাষ্ঠময় মুষ্টি, মুঠ) কিচ্চা (করিয়া) সচ্চেণং (সত্যের দ্বারা=সত্যরূপ স্নায়ুর দ্বারা) পলিমংথএ (বন্ধন করিবে) ॥২১॥

ধার্মিক ক্রিয়ায় উৎসাহকে ধনু করিয়া, ঈর্যা প্রভৃতি সমিতিকে জ্যা করিয়া, ধৈর্যকে মুষ্টি করিয়া সত্যরূপ স্নায়ুর দ্বারা (জ্যা) বন্ধন করিবে ॥২১॥

তবণারায়জুত্তেণং, ভিত্তূণং[৪] কম্মকংচুয়ং।
মুণী বিগয়সংগামো, ভবাও পরিমুচ্চঈ ॥২২॥

(পরাক্রমরূপ ধনুতে) তবণারায়জুত্তেণং (তপরূপ নারাচবাণ যুক্ত করিয়া)

১। ঈর্যা সমিতি—সমিতির বিবরণের জন্য ৮।৯ সূত্রের ২নং পাদটীকা দ্রষ্টব্য।

২। "কেতনং শৃঙ্গময়ধনুর্মধ্যে কাষ্ঠময়মুষ্টিকাত্মকং, নমু তদুপরি স্নায়ুনা নিবধ্যতে" টীকা ৩।

৩। "বধ্নীয়াৎ" টীকা ৩।

৪। "ভেত্তুণং" টীকা ৩।

কম্মকংচুয়ং (কর্মরূপ কঞ্চুককে=কর্মরূপী বর্মকে) ভিত্তূণং (ভেদ করিয়া= বিদারণ করিয়া) বিগয়সংগামো (বিগতসংগ্রাম=শত্রুকে পরাজিত করিয়া সংগ্রাম হইতে বিরত) মুণী (মুনি) ভবাও (ভব হইতে=সংসার হইতে) পরিমুচ্চঈ (পরিমুক্ত হন=মুক্তি প্রাপ্ত হন) ॥২২॥

পরাক্রমরূপ ধনুতে তপরূপ নারাচবাণযুক্ত করিয়া অষ্টপ্রকার কর্মরূপ বর্মকে বিদারণপূর্বক কর্মযুক্ত আত্মারূপ শত্রুজয়ান্তে সংগ্রাম হইতে বিরত মুনি সংসার হইতে মুক্ত হয়। (যেমন যোদ্ধা ধনুতে নারাচবাণ যুক্ত করিয়া শত্রুর বর্ম বিদারণপূর্বক যুদ্ধে জয়লাভ করতঃ যুদ্ধ হইতে বিরত হয় তদ্রূপ মুনি আত্মবীর্যের দ্বারা তপশ্চরণ করিয়া অষ্টকর্মের ধ্বংস সাধনপূর্বক সংসার হইতে মুক্ত হয়) ॥২২॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেঊকারণচোইও।
তও ণমিং রায়রিসিং, দেবিংদো ইণমব্ববী ॥২৩॥

নমি রাজর্ষিকে দেবেন্দ্র বলিলেন ॥২৩॥

পাসাএ কারয়িত্তাণং, বদ্ধমাণগিহাণি[১] য়।
বালগগপোইয়াও[২] য়, তও গচ্ছসি খত্তিয়া ॥২৪॥

খত্তিয়া (হে ক্ষত্রিয়) পাসাএ (প্রাসাদসমূহ) বদ্ধমাণগিহাণি য় (বর্দ্ধমান-গৃহসমূহ=বাস্তবিদ্যায় নিরূপিত নানাপ্রকার বর্দ্ধমান গৃহসমূহ) য় (ও) বালগ্গপোইয়াও (বালাগ্রপোতিকা=গৃহের উপরিস্থ চতুর্দিক খোলা ছোট গৃহ, অথবা জলমধ্যস্থিত গৃহ=জলমন্দির) কারয়িত্তাণং (করাইয়া) তও (তৎপরে) গচ্ছসি (গমন করিবে=দীক্ষা গ্রহণ করিবে) ॥২৪॥

হে ক্ষত্রিয়, সুন্দর প্রাসাদসমূহ, বর্দ্ধমান নামক গৃহসকল ও জলমন্দির সমুদয় প্রস্তুত করাইয়া তৎপরে সংসার ত্যাগ করিয়া গমন করিবেন ॥২৪॥

১। "অনেকধাবাস্তুবিদ্যানিরূপিতানি বর্দ্ধমানগৃহাণি" টীকা ১।

"শ্রেষ্ঠং নন্দ্যাবর্ত্তং সর্বেষাং বর্দ্ধমানসংজ্ঞং চ।
স্বস্তিকরুচকে মধ্যে শেষং শুভদং নৃপাদীনাম্" ॥

বৃহৎ সংহিতা ৫২, ৩৬ (কাশী সংস্করণ)

২। "বলভীঃ কারয়িত্বা, গৃহোপরিবংগলারাউটীপ্রমুখাঃ অথবা বালাগ্রপোতিকা জলমধ্য-মন্দিরাণি" টীকা ১। "জলমন্দির তলাব আদি মে বনবায়া জাতা ছোটা প্রাসাদ, বলভী, অট্টালিকা" পা. স. ম.

এয়মট্ঠং ণিসামিত্তা, হেউকারণচোইও।
তও ণমী রায়রিসী, দেবিংদং ইণমব্ববী ॥২৫॥

রাজর্ষি নমি দেবেন্দ্রকে উত্তর দিলেন ॥২৫॥

সংসয়ং খলু সো কুণঈ, জো মগ্গে কুণঈ ঘরং।
জত্থেব গংতু মিচ্ছিজ্জা, তত্থ কুব্বিজ্জ সাসয়ং ॥২৬॥

জো (যেব্যক্তি) মগ্গে (মার্গে=রাস্তায়) ঘরং (ঘর=গৃহ) কুণঈ (করে=প্রস্তুত করে) যো (যে) খলু (নিশ্চয়) সংসয়ং কুণঈ (সংশয় করে অর্থাৎ তাহার মনে সংশয় থাকে যে সে গন্তব্যস্থানে পৌছিতে পারিবে না তজ্জন্য পথিমধ্যে গৃহ করে) জত্থেব (যেস্থানে) গংতুং (যাইতে) ইচ্ছিজ্জা (ইচ্ছা করিবে) তত্থ (সেখানে) সাসয়ং (শাশ্বত) (গৃহ) কুব্বিজ্জ (করিবে) ॥২৬॥

যাহার মনে গন্তব্যস্থানে পৌছিতে সমর্থ হইব কিনা তদ্বিষয়ে সন্দেহ থাকে সে মার্গে গৃহ নির্মাণ করে, আর যে নিঃসন্দেহ সে যেখানে যাইতে ইচ্ছা করে সেই গন্তব্য স্থানে উপস্থিত হইয়া চিরস্থায়ী গৃহ প্রস্তুত করে (অর্থাৎ আমি মুক্তিস্থানে উপস্থিত হইয়া শাশ্বতকাল সেই স্থানেই অবস্থান করিব) ॥২৬॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেউকারণচোইও।
তও ণমিং রায়রিসিং, দেবিংদো ইণমব্ববী ॥২৭॥

রাজর্ষি নমিকে দেবেন্দ্র বলিলেন ॥২৭॥

আমোসে[১] লোমহারে[২] য়, গংঠিভেএ য় তক্করে।
ণগরস্স খেমং কাউণং তও গচ্ছসি খত্তিয়া ॥২৮॥

খত্তিয়া (হে ক্ষত্রিয়) আমোসে (লুণ্ঠনকারী চোর হইতে) য় (ও) লোমহারে (প্রাণঘাতক দস্যু হইতে) গংঠিভেএ (গ্রন্থিভেদক=গাঁটকাটা হইতে) য় (ও) তক্করে (তস্কর সিঁদেল চোর হইতে) ণগরস্স (নগরের) খেমং (ক্ষেম=মঙ্গল) কাউণং (করিয়া) তও (তৎপরে) গচ্ছসি (যাইবেন=দীক্ষা গ্রহণ করিবেন ॥২৮॥

১। "আ সমন্তান্মুষ্ণন্তি চোরযন্তি ইতি" টীকা ১।

২। "লোম্না তন্তুনা পট্টসূত্রময়পাশেন প্রাণান্ হরন্তীতি লোমহারাঃ পাশবাহকাঃ" টীকা ১।

হে ক্ষত্রিয়, লুণ্ঠনকারী, প্রাণঘাতক দস্যু, গাঁটকাটা ও সিঁদেল চোর হইতে নগরকে রক্ষা করিয়া দীক্ষা গ্রহণ করিবেন ॥২৮॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেঊকারণচোইও।
তও ণমী রায়রিসী, দেবিংদং ইনমব্ববী ॥২৯॥

রাজর্ষি নমি দেবেন্দ্রকে উত্তর দিলেন ॥২৯॥

অসইং তু মণুস্সেহিং, মিচ্ছাদংডো পউংজই।
অকারিণোঽত্থ বজ্ঝংতি, মুচ্চঈ কারও জণো ॥৩০॥

মনুস্সেহিং (মনুষ্যগণের দ্বারা) অসইং তু (বারম্বার) মিচ্ছাদংডো (মিথ্যাদণ্ড =অজ্ঞানতাবশত নিরপরাধীর প্রতি দণ্ড) পউংজই (প্রযুক্ত হয়)। অত্থ (এই সংসারে) অকারিণো (যে করে নাই=যে অপরাধ করে নাই) (সেই) বজ্ঝংতি (বদ্ধ হয়=ধৃত হয়) (এবং) কারও জণো (অপরাধকারী ব্যক্তি) মুচ্চঈ (মুক্ত হয়) ॥৩০॥

হে ব্রাহ্মণ, মনুষ্যগণ বারম্বার নিরপরাধীকেই দণ্ড প্রদান করে। এই সংসারে যে দোষ করে নাই সেই ধৃত হয় এবং যে দোষ করিয়াছে সে মুক্তি পায় (অতএব আমি নিশ্চয়তাপূর্বক কি প্রকারে দস্যুতস্করাদিকে দণ্ড দিতে পারি ?) ॥৩০॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেঊকারণচোইও।
তও ণমিং রায়রিসিং, দেবিংদো ইণমব্ববী ॥৩১॥

রাজর্ষি নমিকে দেবেন্দ্র বলিলেন ॥৩১॥

জে কেই পত্থিবা তুব্ভং[১], ণাণমংতি[২] নরাহিবা।
বসে তে ঠাবইত্তাণং, তও গচ্ছসি খত্তিয়া ॥৩২॥

খত্তিয়া (হে ক্ষত্রিয়) ণরাহিবা (হে নরাধিপ) তুব্ভং (তোমাকে) জে কেই (যে কেহ) পত্থিবা (পার্থিব=রাজা, ভূপাল) ণাণমংতি (নমস্কার না করে=

১। 'তুজ্জং' টীকা ১ ও ৪।

২। তুলনা—"যো সহস্সং সহস্সেন সঙ্গামে মানুসে জিনে। একং চ জেয়্যমত্তানং স বে সঙ্গামজুত্তমো ॥" ধম্মপদ ১০৩।

অধীনতা স্বীকার না করে) তে (তাহাদিগকে) বসে (বশে=আয়ত্তে) ঠাবইত্তা ণং (স্থাপন করিয়া=আনিয়া) তও (তৎপরে) গচ্ছসি (দীক্ষাগ্রহণ করিবেন) ॥৩২॥

হে ক্ষত্রিয়, হে নরাধিপ, যে কোন রাজা আপনার অধীনতা স্বীকার করে না তাহাদিগকে আয়ত্তাধীনে আনয়ন করিয়া তৎপরে প্রব্রজ্যা গ্রহণ করিবেন ॥৩২॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেঊকারণচোইও
তও ণমী রায়রিসী, দেবিংদং ইণমব্ববী ॥৩৩॥

রাজর্ষি নমি দেবেন্দ্রকে উত্তর দিলেন ॥৩৩॥

জো[১] সহস্সং সহস্সাণং, সংগামে দুজ্জএ জিণে।
এগং জিণেজ্জ[২] অপ্পাণং, এস সে পরমো জও ॥৩৪॥

জো (যে ব্যক্তি) দুজ্জএ (দুর্জয়) সংগামে (সংগ্রামে) সহস্সাণং সহস্সং (সহস্রের সহস্র=দশ লক্ষ, সহস্র সহস্র) (সৈন্যকে) জিণে (জয় করে) (তদপেক্ষা যে) এগং (একমাত্র) অপ্পাণং (নিজেকে) জিণেজ্জ (জয় করে) এস (এই=আত্মবিজয়) সে (তাহার) পরমো (শ্রেষ্ঠ) জও (জয়) ॥৩৪॥

যে দুর্জয় সংগ্রামে সহস্র সহস্র সৈন্যকে জয় করে তদপেক্ষা যে একমাত্র নিজকে জয় করে, তাহার সেই আত্মবিজয় সংগ্রামে সেনাজয় অপেক্ষা শ্রেষ্ঠ জয় (সহস্র সহস্র সৈন্যকে জয় করা অপেক্ষা নিজের মনকে জয় করা শ্রেষ্ঠ) ॥৩৪ ॥

অপ্পাণমেব[৩] জুজ্ঝাহি, কিং তে জুজ্ঝেণ বজ্ঝও।
অপ্পণা চেব অপ্পাণং[৪], জইত্তা[৫] সুহমেহএ ॥৩৫॥

(হে ব্রাহ্মণ) অপ্পাণমেব (আত্মার সহিত=নিজের মনের সহিত) জুজ্ঝাহি

১। 'নো' টীকা ১। 'ন' টীকা ২।

২। 'জিণিজ্জ' টীকা ২।

৩। তুলনা—"অত্তা হ বে জিতং সেয্যো যা চায়ং ইতরা পজা। অত্তদন্তস্স পোসস্স নিচ্চং সঞ্ঞতচারিণো" ॥ ধম্মপদ ১০৪।

৪। 'অপ্পাণমেব অপ্পাণং' টীকা ৩। 'অপ্পাণমেবমপ্পাণং' টীকা ৪।

৫। 'জিনিত্তা' টীকা ৩।

(যুদ্ধ কর) তে (তোমার) বজ্ঝও (বাহ্যের সহিত=বাহ্যশত্রুর সহিত) জুজ্ঝেণ (যুদ্ধের) কিং (কি প্রয়োজন) অপ্পণা চেব (আত্মার দ্বারাই) অপ্পাণং (আত্মাকে) জইত্তা (জয় করিয়া) (মনুষ্য) সুহং (সুখ) এহএ (এধতে=লাভ করে) ॥৩৫॥

হে ব্রাহ্মণ, নিজের সহিত যুদ্ধ কর, বাহ্যশত্রুর সহিত যুদ্ধ করিবার কি প্রয়োজন ? আত্মার দ্বারাই আত্মাকে জয় করিয়া মনুষ্য সুখপ্রাপ্ত হয় ॥৩৫॥

পংচিংদিয়াণি কোহং, মাণং মায়ং তহেব লোহং চ।
দুজ্জয়ং চেব অপ্পাণং, সব্বমপ্পে জিএ জিয়ং ॥৩৬॥

অপ্পাণং চেব (আত্মাই=মনই) দুজ্জয়ং (দুর্জয়) পংচিংদিয়াণি (পঞ্চ ইন্দ্রিয়) কোহং (ক্রোধ) মাণং (মান) মায়ং (মায়া) তহেব চ (ও) লোহং (লোভ) সব্বং (এই সমস্ত) অপ্পে (আত্মা=মন) জিএ (জিত হইলে) জিয়ং (জিত হয়) ॥৩৬॥

মনই দুর্জয়, পঞ্চ ইন্দ্রিয়, ক্রোধ, মান, মায়া ও লোভ, এই সমস্তই মন বিজিত হইলে জিত হয় ॥৩৬॥

এয়মট্ঠং নিসামিত্তা, হেউকারণচোইও।
তও ণমিং রায়রিসিং, দেবিংদো ইণমব্ববী ॥৩৭॥

দেবেন্দ্র নমি রাজর্ষিকে বলিলেন ॥৩৭॥

জইত্তা বিউলে জগ্গে, ভোইত্তা সমণমাহণে।
দচ্চা ভুচ্চা[১] য় জট্ঠা[২] য়, তও গচ্ছসি খত্তিয়া ॥৩৮॥

খত্তিয়া (হে ক্ষত্রিয়) বিউলে (বিপুল) জগ্গে (যজ্ঞ) জইত্তা (অনুষ্ঠান করাইয়া) সমণমাহণে (শ্রমণ ও ব্রাহ্মণগণকে) ভোইত্তা (ভোজন করাইয়া) দচ্চা (দান করিয়া=গবাদি দান করিয়া) ভুচ্চা (ভোগ করিয়া=স্বয়ং বিষয়াদি ভোগ করিয়া) য় (এবং) জট্ঠা (ইষ্ট্বা=স্বয়ং যজ্ঞ করিয়া) তও (তৎপরে গচ্ছসি (যাইবেন=প্রব্রজ্যা গ্রহণ করিবেন) ॥৩৮॥

হে ক্ষত্রিয়, বিপুল যজ্ঞ অনুষ্ঠান করাইয়া, শ্রমণ ও ব্রাহ্মণগণকে ভোজন

১। 'ভোচ্চা' টীকা ৩।

২। 'ইট্ঠা' টীকা ২।

করাইয়া, গবাদি দান করিয়া, বিষয়াদি ভোগ করিয়া, এবং স্বয়ং যজ্ঞ করিয়া তৎপরে দীক্ষাগ্রহণ করিবেন ॥৩৮॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেউকারণচোইও।
তও ণমী রায়সিসী, দেবিংদং ইণমব্ববী ॥৩৯॥

রাজর্ষি নমি দেবেন্দ্রকে উত্তর দিলেন ॥৩৯॥

[১]জো সহস্সং সহস্সাণং, মাসে মাসে গবং দএ।
তস্সাবি সংজমো সেও, অদিংতস্স বি কিংচণং ॥৪০॥

জো (যে) মাসে মাসে (প্রত্যেক মাসে) সহস্সাণং সহস্সং (সহস্রের সহস্র= দশ লক্ষ, সহস্র সহস্র) গবং দএ (গোদান করে) তস্সাবি (তাহা হইতেও) কিংচণং বি (কিছুমাত্রও) অদিংতস্স (যে দান করিতে পারে না তাহার) (এমন ভিক্ষুর) সংজমো (সংযম) সেও (শ্রেয়) ॥৪০॥

হে ব্রাহ্মণ, যে প্রত্যেক মাসে সহস্র সহস্র গোদান করে তাহা হইতেও কিছুমাত্র দান করিতে পারে না এইরূপ ভিক্ষুর সংযম শ্রেয় ॥৪০॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেউকারণচোইও।
তও ণমিং রায়রিসিং দেবিংদো ইণমব্ববী ॥৪১॥

রাজর্ষি নমিকে দেবেন্দ্র বলিলেন ॥৪১॥

ঘোরাসমং[২] চইত্তাণং, অণ্ণং পত্থেসি আসমং।
ইহেব পোসহরও[৩], ভবাহি মণুয়াহিবা ॥৪২॥

মণুয়াহিবা (হে মনুজাধিপ) ঘোরাসমং (ঘোরাশ্রম=কঠিন আশ্রম, যে আশ্রমের নিয়ম পালন করা অত্যন্ত কঠিন, গৃহস্থাশ্রম) চইত্তাণং (ত্যাগ করিয়া) অণ্ণং (অন্য=অপর) আসমং (আশ্রম=সন্ন্যাস আশ্রম) পত্থেসি (প্রার্থনা করিতেছেন) (তাহা আপনার ন্যায় বীর পুরুষের পক্ষে উচিত

১। তুলনা—"মাসে মাসে সহস্সেন যো যজেথ সতং সমং। একঞ্চ ভাবিতত্তানং মুহুত্তমপি পূজয়ে। সা চেব পূজনা সেয্যো যং চে বস্সসতং হুতং" ॥ ধম্মপদ ১০৬।

২। "ঘোরঃ অত্যন্তদুরনুচরঃ...ঘোরাশ্রমঃ গার্হস্থং তস্যৈবাল্পসত্ত্বৈর্দুষ্করত্বাৎ" টীকা ৩।

৩। পৌষধ শব্দের ব্যাখ্যার জন্য ৫।২৩ সূত্রের ৩নং পাদটীকা দ্রষ্টব্য।

নহে)। ইহেব (এই গৃহস্থাশ্রমে থাকিয়াই) পোসহরও (পৌষধরত= পৌষধব্রত ধারণপূর্বক স্থিত) ভবাহি (হউন) ॥৪২॥

হে মনুজাধিপ, আপনি কঠিন গৃহস্থাশ্রম পরিত্যাগ করিয়া অন্য আশ্রম অর্থাৎ সন্ন্যাসাশ্রম প্রার্থনা করিতেছেন (তাহা আপনার ন্যায় বীরপুরুষের যোগ্য নহে)। এই গৃহস্থাশ্রমে থাকিয়াই পৌষধব্রত ধারণ করিয়া থাকুন ॥৪২॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেঊকারণচোইও
তও ণমী রায়রিসী, দেবিংদং ইণমব্ববী ॥৪৩॥

রাজর্ষি নমি দেবেন্দ্রকে উত্তর দিলেন ॥৪৩॥

[১]মাসে মাসে উ জো বালো, কুসগ্গেণং তু ভুংজএ।
ন সো সুয়ক্খায়ধম্মস্স[২], কলং অগ্ঘই সোলসিং ॥৪৪॥

জো (যে) বালো (বাল=অবিবেকী) মাসে মাসে উ (মাসে মাসেও=প্রত্যেক মাসান্তেও) কুসগ্গেণং তু (কুশাগ্রের দ্বারাও) ভুংজএ (ভোজন করে) (তাহা হইলেও) সো (সেই ব্যক্তি) সুয়ক্খায়ধম্মস্স (স্বাখ্যাত ধর্ম সম্পন্ন সাধুর=তীর্থঙ্করাদি দ্বারা কথিত ধর্মাবিলম্বী সাধুর) সোলসিং (ষোড়শতম) কলং (কলার=ভাগের) (ও) ন অগ্ঘই (ন অর্হতি=যোগ্য হয় না) ॥৪৪॥

যে অবিবেকী ব্যক্তি প্রত্যেক মাসান্তে কুশাগ্রের উপরে স্থিত অন্ন মাত্র ভোজন করে তথাপি সেই ব্যক্তি জিনোক্ত সংযমালম্বী সাধুর ষোড়শতম ভাগেরও যোগ্য হয় না ॥৪৪॥

এয়মট্ঠং ণিসামিত্ত, হেঊকারণচোইও।
তও ণমিং রায়রিসিং, দেবিংদো ইণমব্ববী ॥৪৫॥

রাজর্ষি নমিকে দেবেন্দ্র বলিলেন ॥৪৫॥

১। তুলনা—"মাসে মাসে কুসগ্গেন বালো ভুঞ্জেথ ভোজনং। ন সো সংখতধম্মানং কলং অগ্ঘতি সোলসিং ॥" ধম্মপদ ৭০।

২। 'সুক্খায়ধম্মস্স' টীকা ৩। "সুষ্ঠু শোভনো নিরবদ্যত্বাদাখ্যাতোঽ র্হদাদিভি র্ধর্ম্মো যস্য স স্বাখ্যাতধর্ম্মস্তস্য মুনেঃ" টীকা ২।

হিরণ্ণং[১] সুবণ্ণং[২] মণিমুত্তং[৩], কংসং দূসং চ বাহণং।
কোসং চ বড্ঢয়িত্তাণং[৪], তও গচ্ছসি খত্তিয়া ॥৪৬॥

খত্তিয়া (হে ক্ষত্রিয়) হিরণ্ণং (হিরণ্য=স্বর্ণের দ্বারা প্রস্তুত মুদ্রাদি) সুবন্নং (সুবর্ণ=অঘটিত স্বর্ণ) মণিমুত্তং (মণি ও মুক্তা) কংসং (কাংস্য=কাংস্য-ভাজনাদি) দূসং (দূষ্য=বস্ত্রাদি) বাহণং (বাহন=যানবাহন, রথাশ্বাদি) চ (ও) কোসং (কোষ=ভাণ্ডার) বড্ঢইত্তাণং (বর্ধন করিয়া, বাড়াইয়া) তও (তৎপরে) গচ্ছসি (গমন করিবেন) ॥৪৬॥

হে ক্ষত্রিয়, হিরণ্য, সুবর্ণ, মণি, মুক্তা, কাংস্যপাত্র, বস্ত্র, যানবাহন ও রাজ-কোষ বর্ধন করিয়া পরে প্রব্রজ্যা লইয়া গমন করিবেন ॥৪৬॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেঊকারণচোইও।
তও ণমী রায়রিসী, দেবিংদং ইণমব্ববী ॥৪৭॥

রাজর্ষি নমি দেবেন্দ্রকে উত্তর দিলেন ॥৪৭॥

"সুবণ্ণরূপস্স উ[৬] পব্বয়াভবে, সিয়া হু কেলাসসমা অসংখয়া।
ণরস্স লুব্ধস্স ন তেহি[৭] কিংচি, ইচ্ছা হু আগাসসমা অণংতিয়া[৮] ॥৪৮॥

সিয়া (কদাচিৎ) সুবণ্ণরূপস্স (সুবর্ণ ও রৌপ্যের) কেলাসসমা হু (কৈলাস সম=কৈলাস পর্বতের ন্যায়) অসংখয়া (অসংখ্য) পব্বয়া (পর্বত) ভবে

১। "হিরণ্যং ঘটিতস্বর্ণং" টীকা ১।
২। "সুবর্ণমঘটিতং" টীকা ১
৩। 'মোত্তং' টীকা ৩
৪। 'বড্ঢাবইত্তাণং' টীকা ১।
৫। তুলনা—"পব্বতস্স সুবণ্ণস্স জাতরূপস্স কেবলো।
দ্বিত্তা ব নালমেকস্স ইতি বিদ্বা সমঙ্করে ॥" সংযুক্তানিকায়, ৪. ২. ১০. ৬
পর্বতোঽপি সুবর্ণস্য সমো হিমবতা ভবেৎ।
নালমেকস্য তদ্বিত্তমিতি বিদ্বান্ সমাচরেৎ ॥ দিব্যাবদান,
কেম্ব্রিজ বিদ্যালয় প্রেস, পৃঃ ২২৪
৬। 'য' টীকা ৩।
৭। 'তেহিং' টীকা ১ ও ২।
৮। 'অণংতয়া' টীকা ৩।

(হয়) (তথাপি) লুদ্ধস্স (লুব্ধ=লোভী) ণরস্স (মনুষ্যের) তেহি (সেই কৈলাসসম অসংখ্য পর্বতপ্রমাণ স্বর্ণ রৌপ্যের দ্বারা) ন কিংচি (কিঞ্চিন্মাত্রও না=কিঞ্চিন্মাত্রও তৃপ্তি হয় না) ও (কারণ) ইচ্ছা (ইচ্ছা=কামনা) আগাসসমা (আকাশের ন্যায়) অণংতিয়া (অনন্তিকা=অনন্ত) ॥৪৮॥

যদি কখনও অসংখ্য কৈলাস পর্বতপ্রমাণ সুবর্ণ ও রৌপ্যের রাশি একত্রিত করা হয় তাহা হইলেও লোভী পুরুষের সেই রাশীকৃত স্বর্ণরৌপ্যের দ্বারা কিঞ্চিন্মাত্রও তৃপ্তি হয় না কেননা কামনা আকাশের ন্যায় অনন্ত ॥৪৮॥

[১]পুঢ়বী সালী জবা চেব, হিরণ্ণং পসুভিস্সহ।
পড়িপুণ্ণং নালমেগস্স, ইই বিজ্জা তবং চরে ॥৪৯॥

পুঢ়বী (পৃথিবী=সসাগরা পৃথিবী) সালী (তণ্ডুল) জবা (যব) চেব (এবং অন্যান্য ধান্য) হিরণ্ণং (স্বর্ণ) পসুভিস্সহ (সমস্ত পশুর সহিত) পড়িপুণ্ণং (পরিপূর্ণ) এগস্স (একজন লোকের) (ও তৃপ্তির জন্য) নালং (যথেষ্ট নহে) ইই (ইহা) বিজ্জা (জানিয়া) তবং (তপস্যা) চরে (আচরণ করিবে) ॥৪৯॥

সসাগরা পৃথিবী, তণ্ডুল, যবাদি ধান্য, সুবর্ণ, পশু এই সমস্ত একত্রিত করিলেও একজনের তৃপ্তি সাধন করিতে যথেষ্ট নয়, ইহা জানিয়া তপশ্চরণ করিবে ॥৪৯॥

(দ্বিতীয় অর্থ)

সালী (তণ্ডুল) জবা (যব) হিরণ্ণং (হিরণ্য) চেব (ও) পসুভিস্সহ (সমস্ত পশুর সহিত) পড়িপুণ্ণং (পরিপূর্ণ) পুঢ়বী (পৃথিবী) এগস্স (একজন লোকের) ইত্যাদি পূর্ববৎ ॥৪৯॥

তণ্ডুল, যব, স্বর্ণ ও সমস্ত পশুর সহিত পরিপূর্ণ পৃথিবী একজন লোকেরও তৃপ্তিসাধনের জন্য যথেষ্ট নহে···ইহা জানিয়া তপশ্চরণ করিবে ॥৪৯॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেঊকারণচোইও।
তও ণমিং রায়রিসিং, দেবিংদো ইণমব্ববী ॥৫০॥

রাজর্ষি নমিকে দেবেন্দ্র বলিলেন ॥৫০॥

১। যৎ পৃথিব্যাং ব্রীহিযবং হিরণ্যং পশবঃ স্ত্রিয়ঃ।
একস্যাপি ন পর্যাপ্তং তদিত্যতিতৃষং ত্যজেৎ ॥ বিষ্ণুপুরাণ ৪. ১০. ১০.

অচ্ছেরগমত্তুয়এ, ভোএ চয়সি[১] পত্থিবা।
অসংতে কামে পত্থেসি, সংকপ্পেণ বিহন্নসি[২] ॥৫১॥

পত্থিবা (হে পার্থিব=রাজন্) অত্তুয়এ (অদ্ভুত=অসাধারণ) ভোএ (ভোগ সমূহকে) চয়সি (পরিত্যাগ করিতেছেন)। (এবং) অসংতে (অসৎ= অবিদ্যমান) কামে (সুখভোগকে) পত্থেসি (প্রার্থনা করিতেছেন=অভিলাষ করিতেছেন) (ইহা) অচ্ছেরগং (আশ্চর্য) (কিন্তু) সংকপ্পেণ (সংকল্পের দ্বারা) বিহন্নসি (দুঃখ প্রাপ্ত হইবেন) ॥৫১॥

হে রাজন্, আপনি অনন্যসাধারণ বিষয়সুখকে প্রাপ্ত হইয়াও পরিত্যাগ করিতেছেন এবং অবিদ্যমান সুখভোগের অর্থাৎ স্বর্গাপবর্গ সুখের অভিলাষ করিতেছেন ইহা আশ্চর্য কিন্তু এই সঙ্কল্পের জন্য আপনি দুঃখপ্রাপ্ত হইবেন ॥৫১॥

এয়মট্ঠং ণিসামিত্তা, হেউকারণচোইও।
তও ণমী রায়রিসী, দেবিংদং ইণমব্ববী ॥৫২॥

রাজর্ষি নমি দেবেন্দ্রকে বলিলেন ॥৫২॥

সল্লং কামা বিসং কামা, কামা আসীবিসোবমা[৩]।
কামে পত্থেমাণা, অকামা জংতি দুগ্গইং ॥৫৩॥

কামা (কাম=কামভোগ, বিষয়সুখ) সল্লং (শল্য=শল্যবৎ) কামা (বিষয়-সুখ) বিসং (বিষ=বিষবৎ) কামা (কামভোগ) আসীবিসোবমা (আশী-বিষোপমা=সর্পবৎ) কামে (কামভোগকে) পত্থেমানা (প্রার্থয়মানা=প্রার্থনা করিলে) অকামা (অপ্রাপ্তকাম=বিষয়সুখ অপ্রাপ্ত) (হইয়া) দুগ্গইং (দুর্গতিতে=নরকাদি দুর্গতিতে) জংতি (যায়=গমন করে) ॥৫৩॥

বিষয়সুখ শল্যবৎ পীড়াদায়ক, বিষবৎ সদ্য প্রাণঘাতক, আশীবিষবৎ দেখিতে সুন্দর কিন্তু পরিণামে ভয়ঙ্কর। যাহারা কামভোগের ইচ্ছা করে তাহারা ঈপ্সিত সুখ প্রাপ্ত না হইয়াই নরকাদি দুর্গতিতে গমন করে ॥৫৩॥

অহে বয়ই কোহেণং, মাণেণং অহমা গঈ।
মায়া গইপড়িগ্ঘাও, লোহাও দুহও ভয়ং ॥৫৪॥

১। 'জহিত্তু' টীকা ৩।
২। 'বিহন্মসি' টীকা ৩।
৩। 'আসীবিসোপমা' টীকা ৩।

কোহেণং (ক্রোধের দ্বারা) অহে (অধঃ=নরকাদি অধোগতিতে) বয়ই (ব্রজতি=যায়, গমন করে) মাণেণং (মানের দ্বারা=অভিমানের দ্বারা) অহমা (অধম=নিকৃষ্ট পশ্বাদি) গঈ (গতি=জন্ম) (হয়) মায়া (মায়ার দ্বারা=কপটাচরণের দ্বারা) গইপড়িগ্‌ঘাও (গতিপ্রতিঘাত=সুগতির বিনাশ) (হয়) লোহাও (লোভের দ্বারা) দুহ্‌ও (উভয় প্রকারের=ইহলোকের ও পরলোকের) ভয়ং (ভয়) (হয়) ॥৫৪॥

ক্রোধের দ্বারা নরকাদি অধোগতি, মানের দ্বারা নিকৃষ্ট পশুগতি, কপটাচরণের দ্বারা সদ্‌গতির অর্থাৎ স্বর্গাদি গতির ব্যাঘাত ও লোভের দ্বারা ঐহিক ও পারত্রিক ভয় হয় ॥৫৪॥

অবউজ্ঝিউণ মাহণরূবং, বিউব্বিউণ[১] ইংদত্তং।
বংদই অভিত্থুণংতো, ইমাহি[২] মহুরাহি[৩] বগ্‌গূহিং ॥৫৫॥

মাহণরূবং (ব্রাহ্মণরূপ) অবউজ্ঝিউণ (পরিত্যাগ করিয়া) ইংদত্তং (ইন্দ্রত্ব=ইন্দ্রের রূপ) বিউব্বিউণ (ধারণ করিয়া) ইমাহি (এইরূপ) মহুরাহি (মধুর) বগ্‌গূহিং (বাক্যের দ্বারা) অভিত্থুণংতো (অভিস্তবন করিয়া=স্তুতি করিয়া) (নমিরাজাকে) বংদই (বন্দনা করিলেন=প্রণাম করিলেন) ॥৫৫॥

ইন্দ্র ব্রাহ্মণরূপ পরিত্যাগ করিয়া ও নিজের ইন্দ্রত্বরূপ ধারণ করিয়া নমিরাজাকে নিম্নলিখিতভাবে সুমধুর বাণীর দ্বারা স্তুতি করতঃ প্রণাম করিলেন ॥৫৫॥

অহো তে ণিজ্জিও কোহো, অহো মাণো পরাইও[৪]।
অহো তে ণিরক্কিয়া মায়া, অহো লোহো বসীকও ॥৫৬॥

অহো (অহো) তে (আপনার দ্বারা) কোহো (ক্রোধ) নিজ্জিও (নির্জিত হইয়াছে=জিত হইয়াছে) অহো (অহো) মাণো (অভিমান) পরাইও (পরাজিত হইয়াছে) অহো (অহো) তে (আপনার দ্বারা) মায়া (মায়া=

১। 'বিউরূব্বিউণ' টীকা ১ ও ৩।
২। 'ইমাহিং' টীকা ১ ও ২।
৩। 'মহুরাহিং' টীকা ১ ও ৩।
৪ 'পরাজিও' টীকা ১ ও ২।

মমতা) নিরক্কিয়া (নিরাকৃত হইয়াছে=দূরীকৃত হইয়াছে) অহো (অহো) লোহো (লোভ) বসীকও (বশীকৃত হইয়াছে) ॥৫৬॥

হে রাজন্, আপনার ক্রোধ নির্জিত হইয়াছে, মান পরাজিত হইয়াছে। মায়া নিরাকৃত হইয়াছে ও লোভ বশীভূত হইয়াছে। ইহা অত্যন্ত আশ্চর্য ॥৫৬॥

অহো তে অজ্জবং সাহু, অহো তে সাহু মদ্দবং।
অহো তে উত্তমা খংতী, অহো তে মুত্তি উত্তমা ॥৫৭॥

অহো (অহো) তে (আপনার) সাহু (সাধু=শোভন, সুন্দর) অজ্জবং (আর্জব=সরলতা) অহো (অহো) তে (আপনার) সাহু (সুন্দর) মদ্দবং (মার্দব=মৃদুতা, দয়ালুতা) অহো (অহো) তে (আপনার) উত্তমা (উত্তম =শ্রেষ্ঠ) খংতী (ক্ষান্তি=ক্ষমা) অহো (অহো) তে (আপনার) উত্তমা (উত্তম) মুত্তি (মুক্তি=নির্লোভতা) ॥৫৭॥

হে রাজন্, আশ্চর্য আপনার সুন্দর সরলতা, আশ্চর্য আপনার সুন্দর দয়ালুতা, আশ্চর্য আপনার উত্তম ক্ষমা ও আশ্চর্য আপনার উত্তম নির্লোভতা ! ॥৫৭॥

ইহং সি উত্তমো ভংতে, পেচ্চা[১] হোহিসি উত্তমো।
লোগুত্তমুত্তমং ঠাণং, সিদ্ধিং[২] গচ্ছসি ণীরও ॥৫৮॥

ভংতে (হে ভদন্ত=হে পূজ্য) (আপনি) ইহং (ইহজন্মে) উত্তমো (উত্তম= উত্তম গুণযুক্ত, প্রধান) অসি (আছেন) পেচ্চা (প্রেত্য=পরলোকে) উত্তমো (শ্রেষ্ঠ) হোহিসি (হইবেন) (এবং) ণীরও (নীরজ=কর্মশূন্য) (হইয়া) লোগুত্তমং (লোকোত্তম=লোকের উপরিস্থিত) উত্তমং (প্রধান) [অথবা] লোগুত্তমুত্তমং (লোকোত্তমোত্তমং=লোকের মধ্যে উত্তমোত্তম) সিদ্ধিং (সিদ্ধি=মুক্তি) ঠাণং (স্থানে) গচ্ছসি (যাইবেন) ॥৫৮॥

হে ভগবান্, আপনি ইহজন্মে উত্তমগুণযুক্ত, পরলোকেও উত্তম গুণসম্পন্ন হইবেন এবং কর্মশূন্য হইয়া লোকের সর্বোপরিস্থিত শ্রেষ্ঠ সিদ্ধিস্থানে গমন করিবেন ॥৫৮॥

১। 'পিচ্চা' টীকা ১। 'পচ্ছা' টীকা ৪।

২। সিদ্ধি বা মুক্তি স্থানের জন্য ৬।১৪ সূত্রের ১ নং পাদটীকা দ্রষ্টব্য।

এবং অভিত্থুণংতো, রায়রিসিং উত্তমাএ সদ্ধাএ।
পায়াহিণং[১] কুণংতো[২], পুণো পুণো বংদএ[৩] সক্কো ॥৫৯॥

এবং (এইরূপে) উত্তমাএ (উত্তম) সদ্ধাএ (শ্রদ্ধাপূর্বক) রায়রিসিং (রাজর্ষি নমিকে) অভিত্থুণংতো (স্তুতি করিয়া) পায়াহিণং (প্রদক্ষিণ) কুণংতো (করিতে করিতে) সক্কো (শক্র=ইন্দ্র) পুণো পুণো (বারংবার) বংদএ (বন্দনা করিলেন=প্রণাম করিলেন) ॥৫৯॥

এইরূপে রাজর্ষি নমিকে উত্তম শ্রদ্ধাপূর্বক স্তুতি ও প্রদক্ষিণ করিতে করিতে ইন্দ্র বারংবার বন্দনা করিতে লাগিলেন ॥৫৯॥

তো বংদিউণ পাএ, চক্কংকুসলক্খণে মুণিবরস্স।
আগাসেণুপ্পইও, ললিয়চবলকুংডল কিরীড়ী ॥৬০॥

তো (তৎপরে) মুণিবরস্স (মুনিবরের) চক্কংকুসলক্খণে (চক্রাঙ্কুশলক্ষণযুক্ত =চক্র ও অঙ্কুশ লক্ষণযুক্ত) পাএ (পদে) বংদিউণ (বন্দনা করিয়া) ললিয়-চবলকুংডলকিরীড়ী (ললিতচপলকুণ্ডলকিরীটী=মনোহর ও চঞ্চল কর্ণাভরণ এবং মুকুটধারী) (ইন্দ্র) আগাসেণুপ্পাইও (আকাশে উৎপতিত হইলেন= আকাশে উত্থিত হইলেন) ॥৬০॥

তৎপরে মুনিবরের চক্রাঙ্কুশ লক্ষণযুক্ত পদে বন্দনা করিয়া মনোহর ও চঞ্চল কর্ণাভরণ এবং কিরীটধারী ইন্দ্র আকাশে উৎপতিত হইলেন ॥৬০॥

ণমী ণমেই অপ্পাণং, সক্খং সক্কেণ চোইও।
চইউণ গেহং বেদেহী, সামণ্ণে পজ্জুবট্ঠিও ॥৬১॥

বেদেহী (বিদেহদেশাধিপতি) ণমী (নমি রাজর্ষি) সক্খং (সাক্ষাৎ=প্রত্যক্ষ) সক্কেণ (ইন্দ্রের দ্বারা) চোইও (প্রেরিত=পরীক্ষিত) (হইয়া) অপ্পাণং (নিজকে) ণমেই (নত করিলেন=বিনীত ভাব ধারণ করিলেন) গেহং (গৃহ) চইউণ (ত্যাগ করিয়া) সামণ্ণে (শ্রামণ্যে=শ্রমণ ধর্মে, সাধুধর্মে) পজ্জুবট্ঠিও (পর্যুপস্থিত হইলেন=অনুরক্ত হইলেন) ॥৬১॥

১। 'পয়াহিণং' টীকা ২।
২। 'করেংতো' টীকা ৩। 'করিংতো' টীকা ২।
৩ 'বংদতী' টীকা ৩। 'বংদঈ' টীকা ৪।

বিদেহাধিপতি নমি সাক্ষাৎ ইন্দ্রের দ্বারা পরীক্ষিত হইয়া (গর্বানুভব না করিয়া) বিনীতভাব অবলম্বন করিলেন এবং গৃহ পরিত্যাগ করিয়া শ্রমণধর্মে অনুরক্ত হইলেন ॥৬১॥

এবং করিংতি সংবুদ্ধা, পংডিয়া পবিয়ক্খণা।
বিণিয়ট্টংতি ভোগেস্থ, জহা সে ণমী রায়রিসী ॥৬২॥ ত্তি বেমি ॥

সংবুদ্ধা (সংবুদ্ধ=তত্ত্বজ্ঞ) পংডিয়া (পণ্ডিত) পবিয়ক্খণা (প্রবিচক্ষণ=বিচক্ষণ, প্রবীণ) (পুরুষগণ) এবং (এইরূপ) করিংতি (করেন) (এবং) ভোগেস্থ (কামভোগ হইতে) বিণিয়ট্টংতি (বিনিবর্ত্তন্তে=নিবৃত্ত হন) জহা (যেমন) সে (সেই) ণমী রায়রিসী (রাজর্ষি নমি) (নিবৃত্ত হইয়াছিলেন ॥৬২॥ ত্তি বেমি (এইরূপ বলিতেছি) ॥

তত্ত্বজ্ঞ পণ্ডিত ও বিচক্ষণ পুরুষগণ এইরূপে রাজর্ষি নমির ন্যায় কামভোগ হইতে নিবৃত্ত হন ॥৬২॥ এইরূপ বলিতেছি ॥

ইতি নমিপ্রব্রজ্যা, নবম অধ্যয়ন

দ্রুমপত্রক*

দশম অধ্যয়ন

দুমপত্তএ পংডুরএ[১], জহা ণিবড়ই রাইগণাণ অচ্চএ।
এবং মণুয়াণ জীবিয়ং, সময়ং[২] গোয়ম[৩] মা পমায়এ ॥১॥

জহা (যেমন) রাইগণাণ (রাত্রিগণ=রাত্রিসমূহ, দিবসরাত্রিসমূহ) অচ্চএ (অত্যয়ে=অতিক্রান্ত হইলে, গত হইলে) পংডুরএ (পাণ্ডুরক=পাণ্ডুর, শ্বেত, পক্ক) দুমপত্তএ (দ্রুমপত্রক=বৃক্ষের পত্র) নিবড়ই (নিপততি=পতিত হয়) এবং (সেই প্রকারে) মণুয়াণ (মনুষ্যগণের) জীবিয়ং (জীবন=আয়ু) (নির্দিষ্ট দিবসরাত্রি অতিক্রান্ত হইলে বিনষ্ট হয়)। (ইহা জানিয়া) গোয়ম (হে গৌতম) সময়ং (এক সময় মাত্র কাল=অতি অল্পক্ষণ) (ও) মা পমায়এ (প্রমাদ করিও না) ॥১॥

যেমন দিবসরাত্রি অতিক্রান্ত হইলে বৃক্ষের পক্ক পত্র ভূমিতে নিপতিত হয় তদ্রূপ মনুষ্যগণের জীবন ও নির্দিষ্ট দিবসরাত্রি (কাল) গত হইলে বিনাশ প্রাপ্ত হয়। ইহা জানিয়া হে গৌতম, অল্পক্ষণের জন্যও প্রমাদ করিবে না ॥১॥

কুসগ্গে জহ ওসবিংদুএ[৪], থোবং চিট্ঠই লংবমাণএ।
এবং মণুয়াণ জীবিয়ং, সময়ং গোয়ম মা পমায়এ ॥২॥

জহ (যেমন) কুসগ্গে (কুশাগ্রে=কুশের অগ্রভাগে) লংবমাণএ (লম্বমান=

---

* এই অধ্যয়নটী ভগবান্ মহাবীরের উক্তি বলিয়া প্রসিদ্ধ।

১। 'পংডুয়এ' টীকা ৩ ও ৪।

২। সময়—জৈন দর্শনে সময় শব্দ বিশিষ্ট অর্থে ব্যবহৃত হয়। যেমন জড় পদার্থের সূক্ষ্মতম অবিভাজ্য অংশকে পরমাণু বলা হয় তদ্রূপ কালের সূক্ষ্মতম অবিভাজ্য অংশকে সময় বলা হয়। যেমন এক দুই করিয়া পরমাণু গণনা করা হয় সেই ভাবে এক দুই করিয়া সময়ও গণনা করা হয় এবং এক সময় বলিতে কালের সূক্ষ্মতম একটী অংশকেই বুঝায়। এস্থলে সময় শব্দ দ্বারা ঐরূপ এক সময় বুঝাইতেছে এরূপ টীকাকারগণ আভাস দিয়াছেন।

৩। গৌতম—ইঁহার সম্পূর্ণ নাম ইন্দ্রভূতি গৌতম। গৌতম ইহার গোত্র। ইনি মহাবীরের প্রথম শিষ্য ও প্রথম গণধর। ইঁহাকে উদ্দেশ করিয়াই মহাবীর উপদেশ প্রদান করিতেন।

৪। 'উসবিংদুএ' টীকা ২।

যাহা ঝুলিতেছে) ওসবিংদুএ (কুয়াসার বিন্দু) থোবং (স্তোকং=অল্পকাল) চিট্‌ঠই (থাকে) এবং (তদ্রূপ) মণুয়াণ জীবিয়ং (মনুষ্যের জীবন) গোয়ম (হে গৌতম ইত্যাদি ১নং সূত্রবৎ) ॥২॥

যেমন কুশের অগ্রভাগে স্থিত কুয়াসার বিন্দু অতি অল্পকাল মাত্র থাকিয়া পতিত হয় তদ্রূপ মনুষ্যের জীবনও ক্ষণস্থায়ী। হে গৌতম ইহা জানিয়া অতি অল্পক্ষণের জন্যও প্রমাদগ্রস্ত হইবে না ॥২॥

ইই ইত্তরিয়ংমি আউএ, জীবিয়এ বহুপচ্চবায়এ।
বিয়ুণাহি রয়ং পুরে[১] কড়ং, সময়ং গোয়ম মা পমায়এ ॥৩॥

ইই (অতএব) ইত্তরিয়ংসি (ইত্বর=অল্পক্ষণস্থায়ী) আউএ (আয়ুতে) বহু-পচ্চবায়এ (বহুপ্রত্যবায়যুক্ত=বহুবিঘ্নযুক্ত) জীবিয়এ (জীবনে) পুরেকড়ং (পুরাকৃত=পূর্বে কৃত) রয়ং (রজ=কর্মমল) বিয়ুণাহি (বিধুনীহি=পৃথক্ কর=দূর কর) সময়ং (সময় মাত্রও) হে গৌতম ইত্যাদি পূর্ববৎ ॥৩॥

অতএব অল্পকালস্থায়ী আয়ু ও বহু বিঘ্নসংকুল জীবনে পূর্বকৃত কর্মমল বিদূরিত কর। হে গৌতম, সময়মাত্রও প্রমাদগ্রস্ত হইয়া থাকিবে না ॥৩॥

দুল্লহে খলু মাণুসে ভবে, চিরকালেণ বি সব্বপাণিণং।
গাঢ়া য় বিবাগ কম্মুণো, সময়ং গোয়ম মা পমায়এ ॥৪॥

খলু (নিশ্চয়ই) সব্বপাণিণং (সর্বপ্রাণির পক্ষে) চিরকালেণ বি (চিরকালেও= বহুকাল পরেও) মাণুসে ভবে (মনুষ্যভব=মনুষ্যজন্ম) দুল্লহেয় (দুর্লভ) (কারণ) কম্মুণো (কর্মের) বিবাগ (বিপাক=ফল) গাঢ়া (গাঢ়=কঠিন, যাহাকে প্রতিহত করিতে পারা যায় না) হে গৌতম ইত্যাদি ॥৪॥

নিশ্চয়ই সকল প্রাণীর পক্ষে বহুকাল পরেও মনুষ্যজন্ম প্রাপ্ত হওয়া সুদুর্লভ। কারণ কর্মের ফল প্রতিহত করা অসম্ভব। অতএব হে গৌতম ইত্যাদি ॥৪॥

পুঢ়বিক্কায়মইগও,[২] উক্কোসং[৩] জীবো উ সংবসে।
কালং সংখাঈয়ং[৪], সময়ং গোয়ম মা পমায়এ ॥৫॥

জীবো উ (জীব=প্রাণী) পুঢ়বিক্কায়মইগও (পৃথ্বীকায়মতিগত=মৃত্তিকা যে জীবের শরীর তাহাকে পৃথ্বীকায় বলে এবং মরিয়া মরিয়া বারংবার মৃত্তিকা-

---

১। 'পুরাকড়ং' টীকা ৩।

২। "পৃথী কঠিনরূপা সৈব কায়ঃ শরীরং পৃথীকায় স্তমতিশয়েন মৃত্বা মৃত্বা তদুৎপত্তিলক্ষণেন

শরীরসম্পন্ন জীব রূপে যে জন্মগ্রহণ করে সে পৃথ্বীকায়াতিগত) (হইলে) উক্কোসং (উৎকৃষ্ট রূপে) সংখাঈয়ং (সংখ্যাতীত = অসংখ্য, অসংখ্য উৎসর্পিণী[৫] ও অবসর্পিণী পরিমিত) কালং (কাল) সংবসে (অবস্থান করে)। (ইহা জানিয়া) হে গৌতম···ইত্যাদি ॥৫॥

গতঃ প্রাপ্তঃ অতিগতঃ" টীকা ৩। পৃথ্বীকায়ের ব্যাখ্যার জন্য ৫।৮ সূত্রের ৩নং পাদটীকা দ্রষ্টব্য।

৩। "উৎকর্ষত উৎকৃষ্টকালং" টীকা ১। উৎকৃষ্ট ও জঘন্যের ব্যাখ্যার জন্য ৫।৩ সূত্রের ২নং পাদটীকা দ্রষ্টব্য।

৪। কালের পরিমাণকে তিন প্রকারে ব্যক্ত করা হয়। যথা সংখ্যাত অসংখ্যাত ও অনন্ত। যে সংখ্যা অঙ্কদ্বারা প্রকাশ করা যায় তাহাকে সংখ্যাত বা সংখ্যেয় কাল বলে। একক হইতে আরম্ভ করিয়া আটাশটী অঙ্ক পর্যন্ত যে সংখ্যা হয় তাহা সংখ্যাতকালের অন্তর্গত। ইহার অতিরিক্ত হইলে তাহা অসংখ্যাত বা অসংখ্যেয় কাল বলিয়া গণনা করা হয়। অসংখ্যাত কাল সংখ্যাদ্বারা ব্যক্ত করা যায় না বলিয়া উপমার দ্বারা ব্যক্ত করা হয় যথা, পল্যোপম ও সাগরোপম। কিন্তু অসংখ্যাত কালও অসীম বা অনন্ত নহে। ইহাও নির্দিষ্ট সীমার অন্তর্গত, এই সীমার অতিরিক্ত হইলে যখন উপমার দ্বারাও ব্যক্ত করা সম্ভব হয় না তখন তাহাকে অনন্ত কহে। সংখ্যাত, অসংখ্যাত ও অনন্তের জঘন্য, মধ্যম ও উৎকৃষ্ট এই তিন প্রকার করিয়া বিভাগ আছে; এই বিভাগগুলির মধ্যে কোন কোনটীর প্রবিভাগও আছে এবং এই বিষয়ে বিভিন্ন মতও আছে, তাহা স্থানাঙ্গ, কর্মগ্রন্থাদি হইতে অবগত হওয়া যাইতে পারে। কালের ন্যায় অন্যান্য দ্রব্যের পরিমাণও এইভাবে সংখ্যাত ও অনন্ত বলিয়া গণনা করা হয়।

৫। জৈন শাস্ত্রে কালকে দুই ভাগে বিভক্ত করা হইয়াছে যথা, উৎসর্পিণী ও অবসর্পিণী। অন্যান্য শাস্ত্রে যেমন সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি নামক চারি যুগ ধরা হয় তদ্রূপ জৈন শাস্ত্রে প্রত্যেক অবসর্পিণী ও উৎসর্পিণীকে ছয় ভাগে বা যুগে বিভক্ত করা হয়। এই রূপ বিভাগের প্রত্যেককে আর বা আরা বলা হয়। একটি চক্রের যেমন অর অর্থাৎ পাখী (spoke) থাকে তদ্রূপ এক একটি অর বা আরা কালরূপ চক্রের পাখীর ন্যায়। অবসর্পিণী কালে এই ছয়টী বিভাগের নাম যথাক্রমে ১। সুখং সুখং অর্থাৎ একান্ত সুখময়, ২। সুখং—অর্থাৎ একান্ত সুখের চেয়ে কিছু কম কিন্তু দুঃখশূন্য ৩। সুখংদুঃখং—অর্থাৎ যাহাতে সুখের পরিমাণ বেশী ও দুঃখের পরিমাণ কম ৪। দুঃখংসুখং—অর্থাৎ যাহাতে দুঃখের পরিমাণ বেশী ও সুখের পরিমাণ কম ৫। দুঃখং—অর্থাৎ দুঃখপূর্ণ এবং সুখের অভাবযুক্ত ৬। দুঃখং দুঃখং—অর্থাৎ একান্ত দুঃখময়। উৎসর্পিণী কালে এই নামগুলি বিপরীত দিক্ হইতে আরম্ভ হইবে অর্থাৎ প্রথমে দুঃখং দুঃখং হইয়া সর্বশেষে সুখং সুখং হইবে। অবসর্পিণী কালে আয়ু, বল, সুখ, শরীরের পরিমাণ ক্রমশঃ হ্রাস প্রাপ্ত হইতে থাকিবে এবং উৎসর্পিণী কালে তৎসমস্ত ক্রমশঃ বৃদ্ধি প্রাপ্ত হইতে থাকিবে। অবসর্পিণীর পর উৎসর্পিণীও উৎসর্পিনীর পর অবসর্পিণী এই ভাবে অনাদি কাল হইতে কালচক্র চলিয়া আসিতেছে। বর্তমান সময়ে অবসর্পিণীর পঞ্চম অর্থাৎ দুঃখ আরা চলিতেছে।

পৃথ্বীকায়রূপে উৎপন্ন জীব মৃত্যু প্রাপ্ত হইয়া যদি বারংবার সেই পৃথ্বীকায়েতেই উৎপন্ন হয়, তবে সেই জীব উৎকৃষ্টভাবে (maximum) অসংখ্য বর্ষ পর্যন্ত সেই পৃথ্বীকায়েতে অবস্থান করিতে থাকিবে। হে গৌতম, ইহা জানিয়া সময় মাত্রের জন্যও প্রমাদ করিবে না ॥৫॥

আউক্কায়মইগও, উক্কোসং জীবো উ সংবসে।
কালং সংখাঈয়ং, সময়ং গোয়ম মা পমায়এ ॥৬॥

তেউক্কায়মইগও, উক্কোসং জীবো উ সংবসে।
কালং সংখাঈয়ং, সময়ং গোয়ম মা পমায়এ ॥৭॥

বাউক্কায়মইগও, উক্কোসং জীবো উ সংবসে।
কালং সংখাঈয়ং, সময়ং গোয়ম মা পমায়এ ॥৮॥

আউক্কায়মইগও (অপ্‌কায়মতিগত=জল যে জীবের শরীর তাহা অপ্‌কায় মৃত্যুপ্রাপ্ত হইয়া বারংবার জলযুক্ত শরীরসম্পন্ন জীব রূপে যে জন্মগ্রহণ করে সে অপ্‌কায়াতিগত) তেউক্কায়মইগও (তেজস্কায়মতিগত=অগ্নি যে জীবের শরীর তাহা অগ্নিকায় বা তেজস্কায়, মৃত্যুপ্রাপ্ত হইয়া বারংবার অগ্নিযুক্ত শরীরসম্পন্ন জীব রূপে যে জন্মগ্রহণ করে সে তেজস্কায়াতিগত) বাউক্কায়মইগও (বায়ুকায়মতিগত=বায়ু যে জীবের শরীর তাহা বায়ুকায়, মৃত্যুপ্রাপ্ত হইয়া পুনঃ পুনঃ বায়ুযুক্ত শরীরসম্পন্ন জীব রূপে যে জন্মগ্রহণ করে সে বায়ুকায়াতিগত) ॥৮॥

অপ্‌কায়, তেজস্কায়, বায়ুকায় রূপে উৎপন্ন জীব মৃত্যুপ্রাপ্ত হইয়া যদি পুনঃ পুনঃ সেই জল, অগ্নি ও বায়ু কায়েতেই উৎপন্ন হয় তবে উৎকৃষ্টভাবে অসংখ্য বর্ষ পর্যন্ত সেই জল, অগ্নি ও বায়ু কায়েতেই অবস্থান করিতে থাকিবে। হে গৌতম, ইহা জানিয়া সময় মাত্রের জন্যও প্রমাদ করিবে না ॥৬॥৭॥৮॥

বণস্‌সই কায়মইগও[১], উক্কোসং জীবো উ সংবসে।
কালমণং[২]তদুরংতং[৩], সময়ং গোয়ম মা পমায়এ ॥৯॥

১। বৃক্ষ, লতা, গুল্ম, শৈবাল, ছত্রক আদিকে বনস্পতিকায় কহে। বনস্পতিকায়কে দুইভাগে বিভক্ত করা হইয়াছে। যথা সাধারণ ও প্রত্যেক। সাধারণ বিভাগের বনস্পতিকে

বণস্সইকায়মইগও (বনস্পতিকায়মতিগত=বনস্পতি যে জীবের শরীর এবং মৃত্যুপ্রাপ্ত হইয়া বারংবার বনস্পতিশরীরসম্পন্ন জীবরূপে যে জন্মগ্রহণ করে সে বনস্পতিকায়াতিগত) কালমণংতদুরংতং (অনন্ত ও দুরন্ত কাল পর্যন্ত=অনন্তকাল পর্যন্ত এবং যাহার পরিণাম অত্যন্ত দুঃখ-জনক) ॥৯॥

বনস্পতিকায়রূপে উৎপন্ন জীব মৃত্যুপ্রাপ্ত হইয়া যদি বারংবার সেই বনস্পতিকায়েতেই উৎপন্ন হয় তবে সেই জীব উৎকৃষ্টভাবে (maximum) অনন্ত বর্ষ পর্যন্ত সেই বনস্পতিকায়েতে অবস্থান করিতে থাকিবে এবং তাহার পরিণামও অত্যন্ত দুঃখজনক হইবে ইহা জানিয়া, হে গৌতম, সময়মাত্রের জন্য ও প্রমাদ করিবে না ॥৯॥

অনন্তকায় বলে অর্থাৎ একটী শরীরে অনন্ত জীব সেই একমাত্র শরীরকেই আশ্রয় করিয়া থাকে। অনন্তকায় বনস্পতি দুইপ্রকার—সূক্ষ্ম ও বাদর। বাদর শব্দের অর্থ স্থূল। সূক্ষ্ম বনস্পতিকায় আমাদের দৃষ্টিগোচরে আসে না। যেমন একটী কৌটায় কাজল সম্পূর্ণ ভরিয়া দিলে তাহা ঐ কৌটার অন্তর্গত সমস্ত স্থান ব্যাপিয়া থাকে তদ্রূপ সূক্ষ্ম অনন্তকায় জীবের দ্বারা সম্পূর্ণ লোক ব্যাপ্ত হইয়া থাকে। এই সূক্ষ্ম বনস্পতিকায় সমস্ত প্রাণীর আকর স্বরূপ। স্বাভাবিক জন্ম মরণের দ্বারা কর্মক্ষয় হইতে হইতে ইহারা অত্যন্ত মন্দগতিতে ক্রমশঃ বিকাশের দিকে অগ্রসর হইতে থাকে। যাহার এক শরীরে একটীমাত্র জীব থাকে তাহাকে প্রত্যেকবনস্পতি বলে। একটী বৃক্ষে ফল, ফুল, বল্কল, কাষ্ঠ, মূল, পত্র এবং বীজ এই সাতটী পৃথক পৃথক শরীর ও প্রত্যেক শরীরে পৃথক পৃথক এক একটি জীব থাকে। প্রত্যেকবনস্পতির সূক্ষ্ম ও বাদর এই দুই প্রকার বিভাগ নাই। তাহারা কেবল মাত্র বাদর। এই স্থলে যে বনস্পতিকায়াতিগত বিশেষণ ব্যবহার করা হইয়াছে তাহা সাধারণবনস্পতিকায়কে লক্ষ্য করিয়াই বলা হইয়াছে। প্রত্যেকবনস্পতি মৃত্যুপ্রাপ্ত হইয়া পুনঃ পুনঃ প্রত্যেকবনস্পতিকায়েই যদি উৎপন্ন হয় তবে সর্বোৎকৃষ্ট ভাবে অসংখ্যাত বর্ষের অধিক সেই বনস্পতিকায়ের মধ্যে অবস্থান করিতে পারে না কিন্তু সাধারণ বনস্পতি মৃত্যুপ্রাপ্ত হইয়া পুনঃপুনঃ সাধারণবনস্পতিকায়েই উৎপন্ন হইলে অনন্তকাল পর্যন্ত সেই বনস্পতিকায়ে অবস্থান করিতে পারে। বনস্পতিকায়ের বিশেষ বিবরণের জন্য শান্তিসূরি প্রণীত 'জীববিচার' প্রকরণের ৮-১৪ সূত্র দ্রষ্টব্য।

২। অনন্ত শব্দের ব্যাখ্যার জন্য এই অধ্যয়নের ৫ম সূত্রের ৪নং পাদটীকা দ্রষ্টব্য।

৩। "দুষ্টোঽন্তোঽস্যেতি দুরন্তস্তম্ ইদমপি সাধারণাপেক্ষয়ৈব। তে হ্যত্যন্তাল্পবোধতয়া তত উদ্ধৃতা অপি ন প্রায়ো বিশিষ্টং মানুষাদিভবমাপ্নুবন্তি" টীকা ৩।

বেইংদিয়কায়মইগও[১], উক্কোসং জীবো উ সংবসে।
কালং সংখিজ্জসণ্ণিয়ং[২], সময়ং গোয়ম মা পমায় এ ॥১০॥

তেইংদিয়কায়মইগও[৩], উক্কোসং জীবো উ সংবসে।
কালং সংখিজ্জসণ্ণিয়ং, সময়ং গোয়ম মা পমায়এ ॥১১॥

চউরিংদিয়কায়মইগও, উক্কোসং জীবো উ সংবসে।
কালং সংখিজ্জসণ্ণিয়ং, সময়ং গোয়ম মা পমায়এ ॥১২॥

জীবো উ (জীব) বেইংদিয়কায়মইগও (দ্বীন্দ্রিয়কায়মতিগত=দুইটী ইন্দ্রিয়, স্পর্শ ও রসেন্দ্রিয়বিশিষ্ট যোনিতে গত) (হইলে) উক্কোসং (উৎকৃষ্টরূপে) সংখিজ্জসণ্ণিয়ং (সংখ্যাত সংজ্ঞিত=সংখ্যাত নামক) কালং (কাল) সংবসে (অবস্থান করে) গোয়ম ইত্যাদি পূর্ববৎ (জীব) তেইংদিয়কায়মইগও (ত্রীন্দ্রিয়কায়মতিগত=তিনটী ইন্দ্রিয়; স্পর্শ, রস, ও ঘ্রাণেন্দ্রিয় বিশিষ্ট যোনিতে উৎপন্ন) ইত্যাদি পূর্ববৎ (জীব) চউরিংদিয়কায়মইগও (চতুরিন্দ্রিয়-কায়মতিগত=চারিটী ইন্দ্রিয়; স্পর্শ, রস, ঘ্রাণ ও দর্শনেন্দ্রিয়, বিশিষ্ট যোনিতে উৎপন্ন) ইত্যাদি পূর্ববৎ ॥১২॥

জীব দ্বীন্দ্রিয় ত্রীন্দ্রিয় ও চতুরিন্দ্রিয় যোনিতে উৎপন্ন হইয়া যদি বারংবার সেই সেই যোনিতেই উৎপন্ন হইতে থাকে তবে সর্বোৎকৃষ্টরূপে সংখ্যাত বর্ষ পর্যন্ত সেই সেই যোনিতে অবস্থান করিবে। হে গৌতম ইত্যাদি ॥১০॥ ১১॥১২॥

পংচিংদিয়কায়মইগও[৪], উক্কোসং জীবো উ সংবসে।
সত্তট্ঠভবগ্গহণে, সময়ং গোয়ম মা পমায়এ ॥১৩॥

জীবো উ (জীব) পংচিংদিয়কায়মইগও (পঞ্চেন্দ্রিয়কায়মতিগত=পাঁচটী ইন্দ্রিয়, স্পর্শ, রস, দর্শন ও শ্রবণেন্দ্রিয় বিশিষ্ট যোনিতে উৎপন্ন) (হইলে)

১। 'বেংদিয়' টীকা ১ ও ৪।

২। এই অধ্যয়নের পঞ্চম সূত্রের ৪ নং পাদটীকা দ্রষ্টব্য।

৩। 'তেংদিয়' টীকা ১ ও ৪।

৪। পঞ্চেন্দ্রিয় জীব বলিলে মনুষ্য, দেব, নারক ও তির্যক জীবকে বুঝায়, কিন্তু পরবর্তী সূত্রে দেব ও নারকের বিষয় লিখিত হওয়ায় এইস্থলে কেবলমাত্র মনুষ্য ও তির্যগ্‌যোনিগত জীবকে বুঝাইতেছে।

উক্কোসং (উৎকৃষ্টভাবে) সত্তট্ঠভবগগহণে (সপ্তাষ্টভবগ্রহণে=সাত কিংবা আট জন্মগ্রহণ পর্যন্ত) সংবসে (অবস্থান করে) হে গৌতম ইত্যাদি ॥১৩॥

জীব পঞ্চেন্দ্রিয় অর্থাৎ মনুষ্য, পশু ও পক্ষী আদি তির্যক যোনিতে উৎপন্ন হইয়া যদি বারংবার সেই সেই যোনিতেই উৎপন্ন হইতে থাকে তবে সর্বোৎকৃষ্ট-ভাবে সাত কিংবা আট জন্ম পর্যন্ত সেই সেই যোনিতে অবস্থান করিবে। হে গৌতম ইত্যাদি ॥১৩॥

দেবে ণেরইয়ে[১] য় অইগও, উক্কোসং জীবো উ সংবসে।
ইক্কিক্কভবগ্গহণে[২], সময়ং গোয়ম মা পমায়এ ॥১৪॥

জীবো উ (জীব) দেবে (দেবযোনিতে) য় (ও) ণেরইয়ে (নারক যোনিতে) অইগও (অতিগত=উৎপন্ন) (হইয়া) উক্কোসং (উৎকৃষ্টরূপে) ইক্কিক্ক-ভবগ্গহণে (একৈকভবগ্রহণ=একবার মাত্র জন্মগ্রহণ করিয়া) সংবসে (অবস্থান করে) হে গৌতম ইত্যাদি ॥১৪॥

জীব দেবযোনি কিংবা নরকযোনিতে উৎপন্ন হইয়া মাত্র একজন্মই অবস্থান করিতে পার (দ্বিতীয়বার সেই যোনিতে আর জন্ম হইবে না)। হে গৌতম ইত্যাদি ॥১৪॥

এবং ভবসংসারে, সংসরই সুহাসুহেহিং কম্মেহিং।
জীবো পমায়বহুলো[৩], সময়ং গোয়ম মা পমায়এ ॥১৫॥

এবং (এইরূপে) পমায়বহুলো (প্রমাদবহুল=প্রমাদযুক্ত) জীবো (জীব) ভবসংসার (এই সংসারে) সুহাসুহেহিং (শুভাশুভ) কম্মেহিং (কর্মের দ্বারা) সংসরই (পরিভ্রমণ করিতেছে) (ইহা জানিয়া) হে গৌতম ইত্যাদি ॥১৫॥

প্রমাদগ্রস্ত জীব এইরূপে শুভাশুভ কর্মের দ্বারা প্রেরিত হইয়া সংসারে পরিভ্রমণ করে। হে গৌতম ইত্যাদি ॥১৫॥

১। 'নেরইমইগও' টীকা ১।; 'নেরইএ য়মইগও' টীকা ৪।; 'নরএ য় গও' টীকা ৩।

২। 'এক্কেক্ক' টীকা ৩।; 'ইক্কেক্ক' টীকা ১ ও ৪।

৩। প্রমাদশব্দের জন্য চতুর্থ অধ্যায়ের ১ নং সূত্রের ২ নং পাদটীকা দ্রষ্টব্য।

লদ্ধূণ বি মাণুসত্তণং, আয়রিয়ত্তং[১] পুণরাবি দুল্লহং।
বহবে দস্যুয়া[২] মিলক্খুয়া[৩], সময়ং গোয়ম মা পমায়এ ॥১৬॥

মাণুসত্তণং (মনুষ্যজন্ম) লদ্ধূণ বি (প্রাপ্ত হইয়া ও) পুণরাবি (পুনরায়= আরও) আয়রিয়ত্তং (আর্যত্ব=আর্যকুলে জন্ম, মগধাদি আর্যদেশে উৎপন্ন) দুল্লহং (দুর্লভ) (কারণ) বহবে (অনেকেই) দস্যুয়া (দস্যু) (ও) মিলক্-খুয়া (ম্লেচ্ছ) (অতএব) হে গৌতম ইত্যাদি ॥১৬॥

মনুষ্যজন্ম প্রাপ্ত হইয়াও আর্যদেশে জন্মগ্রহণ করা আরও দুর্লভ। কারণ অনেকেই দস্যু ও ম্লেচ্ছ কুলোদ্ভব (অর্থাৎ ধর্মাধর্ম জ্ঞানশূন্য), ইহা জানিয়া হে গৌতম ইত্যাদি ॥১৬॥

লদ্ধূণ বি আয়রিয়ত্তণং, অহীণ পংচিংদিয়য়া হু দুল্লহা।
বিগলিংদিয়য়া হু দীসঈ, সময়ং গোয়ম মা পমায়এ ॥১৭॥

আয়রিয়ত্তণং (আর্যত্ব) লদ্ধূণ বি (প্রাপ্ত হইয়াও) হু (নিশ্চয়ই) অহীণ পংচিংদিয়য়া (অহীনপঞ্চেন্দ্রিয়তা=যাহার পাঁচটী ইন্দ্রিয়ই নিখুঁত) দুল্লহা (দুর্লভ) হু (যেহেতু) বিগলিংদিয়য়া (বিকলেন্দ্রিয়তা=একটী বা অধিক ইন্দ্রিয়হীনতা) দীসঈ (দেখা যায়) (ইহা জানিয়া) হে গৌতম ইত্যাদি ॥১৭॥

আর্যদেশে জন্মপ্রাপ্ত হইলেও সম্পূর্ণ পাঁচটি ইন্দ্রিয় প্রাপ্ত হওয়া দুর্লভ কারণ হীনেন্দ্রিয়যুক্ত ব্যক্তিও দৃষ্ট হইয়া থাকে, ইহা জানিয়া হে গৌতম ইত্যাদি ॥১৭॥

অহীণপংচিংদিয়ত্তং পি সে লহে, উত্তমধম্মসুঈ হু দুল্লহা।
কুতিথিণিসেবএ[৪] জণে, সময়ং গোয়ম মা পমায়এ ॥১৮॥

১। 'আয়রিত্তণং' টীকা ৩।

২। টীকাকারগণ দস্যুশব্দের অর্থ 'চোর' করিয়াছেন কিন্তু ইহার পরের ম্লেচ্ছশব্দ ম্লেচ্ছ জাতি বা ম্লেচ্ছ দেশোৎপন্ন বলিয়াই টীকাকারগণ ব্যাখ্যা করিয়াছেন। ইহাতে মনে হয় 'দস্যুয়া' শব্দের অর্থ ও ঋগ্বেদাদিতে বর্ণিত দাস বা দস্যু অথবা তদ্রূপ হীন কৃষ্টিসম্পন্ন জাতিকে বুঝাইতেছে।—"The term *dāsa* or *dasyu*, properly the designation of the dark aborigines of India contrasted with their fair aryan conquerors is frequently used in the sense of demons or fiends" Macdonell, A History of Sanskrit Literature, p.113. also p161.

৩। 'মিলেক্খুয়া' টীকা ৩।

৪। "পুলিন্দা নাহলা নেষ্টা শবরা বরটা ভটাঃ।
মালাভিল্লাঃ কিরাতাশ্চ সর্বেঽপি ম্লেচ্ছজাতয়ঃ ॥" টীকা ১। 'মিচ্ছও নিসেবএ' টীকা ৩।

সে (সেই জীব) পি (কদাচিৎ) অহীণপংচিংদিয়ত্তং (অহীনপঞ্চেন্দ্রিয়ত্ব) লহে (প্রাপ্ত হয়) (তথাপি) উত্তমধম্মসুঈ (উত্তমধর্মশ্রুতি=উত্তমধর্মের শ্রবণ, জিনধর্মশ্রবণ) হু (নিশ্চয়ই) দুল্লহা (দুর্লভ) (কারণ) জনে (অনেক লোক) কুতিথিণিসেবএ (কুতীর্থনিষেবক=যাহারা কুতীর্থ অর্থাৎ অন্যধর্মাবলম্বীর আরাধন করে) (ইহা জানিয়া) হে গৌতম ইত্যাদি ॥ ১৮ ॥

সেই জীব সম্পূর্ণ পঞ্চেন্দ্রিয় প্রাপ্ত হইলেও তাহার পক্ষে উত্তম ধর্মশ্রবণ করিবার সুযোগ প্রাপ্ত হওয়া অত্যন্ত দুর্লভ। কেননা অনেক লোক অন্যধর্মাবলম্বিগণের উপাসক। ইহা জানিয়া হে গৌতম ইত্যাদি ॥১৮॥

লদ্ধূণ বি উত্তমং সুইং, সদ্দহণা পুণরাবি দুল্লহা।
মিচ্ছওণিসেবএ[১] জণে, সময়ং গোয়ম মা পমায়এ ॥১৯॥

উত্তমং (উত্তম=শ্রেষ্ঠ ধর্মের) সুইং (শ্রুতি=শ্রবণ) লদ্ধূণ বি (প্রাপ্ত হইয়াও) পুণরাবি (আবার) সদ্দহণা (শ্রদ্ধান=শ্রদ্ধা) দুল্লহা (দুর্লভ) (কারণ) জণে (লোকসকল) মিচ্ছওণিসেবএ (মিথ্যাত্বনিষেবক=মিথ্যাত্বের আরাধক, কুদেব, কুগুরু ও কুধর্মের আরাধক) (ইহা জানিয়া) হে গৌতম ইত্যাদি ॥১৯॥

শ্রেষ্ঠ ধর্ম শ্রবণের সুযোগ প্রাপ্ত হইলেও আবার শ্রদ্ধা দুর্লভ। কারণ অনেক লোকই মিথ্যাত্বগ্রস্ত অর্থাৎ সুদেব, সুগুরু ও সুধর্মের প্রতি শ্রদ্ধাসম্পন্ন না হইয়া তদ্বিপরীত কুদেব, কুগুরু ও কুধর্মের আরাধক। ইহা জানিয়া হে গৌতম ইত্যাদি ॥১৯॥

ধম্মং পি হু সদ্দহংতয়া, দুল্লহয়া কাএণ ফাসয়া।
ইহ কামগুণেসু[২] মুচ্ছিয়া, সময়ং গোয়ম মা পমায়এ ॥২০॥

ধম্মং (জিনধর্ম) সদ্দহংতয়া পি (শ্রদ্ধা করিতে থাকিয়াও) কাএণ (কায়ের দ্বারা=মন, বচন ও কায়ের দ্বারা) ফাসয়া (স্পর্শকা=স্পর্শকারী, অনুষ্ঠানকারী) দুল্লহয়া (দুর্লভ) (কারণ) ইহ (এই সংসারে) (জীবগণ) কামগুণেসু (কামভোগে) মুচ্ছিয়া (মূর্ছিত=অত্যাসক্ত) (ইহা জানিয়া) হে গৌতম ইত্যাদি ॥২০॥

১। 'মিচ্ছিত্ত' টীকা ২।

২। 'কামগুণেহিং' টীকা ৩।

জিন ধর্মের প্রতি শ্রদ্ধাবান্ হইলেও মন বচন ও কায়েরা দ্বারা ধর্মানুষ্ঠান কারক ব্যক্তি দুর্লভ, কেননা এই সংসারে অনেকেই কামভোগে অত্যন্ত আসক্ত। ইহা জানিয়া হে গৌতম ইত্যাদি ॥২০॥

পরিজূরই তে সরীরয়ং, কেসা পংডুরয়া হবংতি তে।
সে সোয়বলে য় হায়ঈ, সময়ং গোয়ম মা পমায়এ ॥২১॥

(হে গৌতম) তে (তোমার) সরীরয়ং (শরীর) পরিজূরই (পরিজীর্ণ=অত্যন্ত জীর্ণ হয়) তে (তোমার) কেসা (কেশসমূহ) পংডুরয়া (পাণ্ডুর=শ্বেত হংবতি (হয়) সে (সেই) সোয়বলে য় (শ্রোত্রবলও=শ্রবণশক্তিও) হায়ঈ (নাশ প্রাপ্ত হয়) (ইহা জানিয়া) হে গৌতম ইত্যাদি ॥২১॥

হে গৌতম, তোমার শরীর অত্যন্ত জীর্ণ হইয়া যাইবে, কেশ পাণ্ডুবর্ণ ধারণ করিবে, এবং শ্রবণশক্তিও বিলুপ্ত হইবে। ইহা জানিয়া হে গৌতম ইত্যাদি ॥ ২১ ॥

পরিজূরই তে সরীরয়ং, কেসা পংডুরয়া হবংতি তে।
সে চক্খুবলে য় হায়ঈ, সময়ং গোয়ম মা পমায়এ ॥২২॥

পরিজূরই তে সরীরয়ং, কেসা পংডুরয়া হবংতি তে।
সে ঘাণবলে য় হায়ঈ, সময়ং গোয়ম মা পমায়এ ॥২৩॥

পরিজূরই তে সরীরয়ং, কেসা পংডুরয়া হবংতি তে।
সে জিব্ভবলে য় হায়ঈ, সময়ং গোয়ম মা পমায়এ ॥২৪॥

পরিজূরই তে সরীরয়ং, কেসা পংডুরয়া হবংতি তে।
সে ফাসবলে য় হায়ঈ, সময়ং গোয়ম মা পমায়এ ॥২৫॥

পরিজূরই তে সরীরয়ং কেসা পংডুরয়া হবংতি তে।
সে সব্ববলে য় হায়ঈ, সময়ং গোয়ম মা পমায়এ ॥২৬॥

চক্খুবলে (চক্ষুর শক্তি) ঘাণবলে (ঘ্রাণশক্তি) জিব্ভবলে (জিহ্বার শক্তি=আস্বাদন ও বাক্শক্তি) ফাসবলে (স্পর্শশক্তি) সব্ববলে (সম্পূর্ণ শরীরের শক্তি) ॥২২-২৬॥

হে গৌতম, তোমার শরীর অত্যন্ত জীর্ণ হইয়া যাইবে, কেশ পাণ্ডুবর্ণ ধারণ করিবে। দর্শনশক্তি, ঘ্রাণশক্তি, আস্বাদন, বাক্শক্তি ও স্পর্শশক্তি এমন কি

সম্পূর্ণ শরীরের শক্তি বিনাশ প্রাপ্ত হইবে। অতএব হে গৌতম ইত্যাদি ॥২২-২৬॥

অরঈ গংডং বিসূইয়া, আয়ংকা বিবিহা ফুসংতি তে।
বিবড়ই[১] বিদ্ধংসই তে শরীরয়ং, সময়ং গোয়ম মা পামায়এ ॥২৭॥

অরঈ (অরতি=বাতপ্রকোপজনিত রোগ) গংডং (বিস্ফোটক) বিসূইয়া (বিসূচিকা) বিবিহা (বিবিধ প্রকারের) আয়ংকা (আতঙ্ক=রোগসমূহ) তে (তোমাকে) ফুসংতি (স্পর্শ করে) তে (তোমার) সরীরয়ং (শরীর) বিবড়ই (বলক্ষয়ের দ্বারা নষ্ট হয়) (ও) বিদ্ধংসই (ধ্বংস প্রাপ্ত হয়) (ইহা জানিয়া) হে গৌতম ইত্যাদি ॥২৭॥

বাতপ্রকোপ জনিত রোগ, বিস্ফোটক, বিসূচিকা প্রভৃতি বিবিধ রোগের দ্বারা তোমার শরীর আক্রান্ত হইবে ও বলক্ষয় হইয়া বিনাশ প্রাপ্ত হইবে। ইহা জানিয়া হে গৌতম ইত্যাদি ॥২৭॥

বোচ্ছিংদ[২] সিণেহমপ্পণো, কুমুয়ং[৩] সারইয়ং ব পাণিয়ং।
সে সব্বসিণেহবজ্জিএ, সময়ং গোয়ম মা পমায়এ ॥২৮॥

(যেমন) কুমুয়ং (কুমুদপুষ্প) সারইয়ং (শারদীয়) পাণিয়ং ব (জলের ন্যায় জলে থাকিয়াও জল হইতে পৃথক্ থাকে তদ্রূপ) (হে গৌতম) অপ্পণো (নিজের=নিজের শরীরের) সিণেহং (স্নেহ) বোচ্ছিংদ (দূর কর) সে (তৎপরে) সব্বসিণেহবজ্জিএ (সর্বস্নেহবর্জিত=সমস্ত বিষয়াদি হইতে নিরাসক্ত) (হইয়া) হে গৌতম সময় ইত্যাদি ॥২৮॥

যেমন কুমুদপুষ্প শারদীয় জলে উৎপন্ন হইয়াও জল হইতে পৃথক্ থাকে তদ্রূপ তুমি নিজের প্রতি স্নেহকে দূর কর এবং সর্বস্নেহশূন্য হইয়া হে গৌতম ইত্যাদি ॥২৮॥

চিচ্চাণ ধণং চ ভারিয়ং, পব্বইও হি সি অণগারিয়ং।
মা বংতং পুণো বি আইএ[৪], সময়ং গোয়ম মা পমায়এ ॥২৯॥

১। 'বিহড়ই' টীকা ৩। ও ৪; "বিপততি বিশেষেণ বলাপচয়াদপৈতি" টীকা ৩।
২। 'বুচ্ছিংদ' টীকা ১ ও ৩।
৩। "চন্দ্রোদ্যোতবিকাশ্যুৎপলমিব" টীকা ৩। "কুমুদং কমলম্" টীকা ১।
৪। 'পায়এ' টীকা ১। 'আবিএ' টীকা ৩।

(হে গৌতম) হি (যেহেতু) ধণং (ধন) চ (ও) ভারিয়ং (ভার্যা) চিচ্চাণ (পরিত্যাগ করিয়া) অণগারিয়ং (অনগারিত্ব=সাধুত্ব) পব্বইও (প্রব্রজিত= প্রাপ্ত) সি (অসি=হইয়াছ) (অতএব) বংতং (বান্ত= উদ্গীর্ণ, যাহা বমন করা হইয়াছে) পুণো বি (পুনরায়) মা আইএ (পান করিও না) হে গৌতম ইত্যাদি ॥২৯॥

যেহেতু ধন ও স্ত্রী পরিত্যাগ করিয়া তুমি সাধুত্ব পরিগ্রহণ করিয়াছ অতএব যে বিষয়াদি একবার বমন করিয়াছি তাহা আর পুনরায় পান করিও না। হে গৌতম ইত্যাদি ॥২৯॥

অবউজ্ঝিয় মিত্তবংধবং, বিউলং চেব ধণোহসংচয়ং।
মা তং বিইয়ং গবেসএ, সময়ং গোয়ম মা পমায়এ ॥৩০॥

মিত্তবংধবং (মিত্র ও বান্ধব) চেব (এবং) বিউলং (বিপুল) ধণোহসংচয়ং (ধনৌঘসঞ্চয়=রাশিকৃত ধনের সঞ্চয়) অবউজ্ঝিয় (ত্যাগ করিয়া) তং (তাহাকে) বিইয়ং (দ্বিতীয়বার) মা গবেসএ (অন্বেষণ করিও না=ইচ্ছা করিও না) হে গৌতম ইত্যাদি ॥৩০॥

মিত্র ও বান্ধব এবং বিপুল ধনসম্পত্তি তুমি একবার পরিত্যাগ করিয়াছ তাহা আবার ইচ্ছা করিও না। হে গৌতম ইত্যাদি ॥৩০॥

ন হু জিণে অজ্জ দীসঈ, বহুমএ দীসঈ মগ্গদেসিএ।
সংপই ণেয়াউএ পহে, সময়ং গোয়ম মা পমায়এ ॥৩১॥

অজ্জ (অদ্য=বর্তমানকালে) জিণে (জিন=তীর্থঙ্কর বা কেবলজ্ঞানসম্পন্ন পুরুষ) ন হু দীসঈ (দৃষ্ট হন না) বহুমএ (বহুমত=বহুলোকের দ্বারা শ্রদ্ধিত) মগ্গদেসিএ (মার্গদেশিত=জিনের দ্বারা কথিত মুক্তিমার্গ) দীসঈ (দৃষ্ট হইতেছে) গোয়ম (হে গৌতম) সংপই (সম্প্রতি=আমার বর্তমান সময়ে, আমি বর্তমান থাকিতে) ণেয়াউএ (নৈয়ায়িক=যুক্তিযুক্ত) পহে (পথে= জিনমার্গে) সময়ং (সময় মাত্রের জন্যও) মা পমায়এ (প্রমাদ করিও না) ॥৩১॥

'বর্তমান সময়ে তীর্থঙ্কর বা কেবলজ্ঞানী দৃষ্ট হন না, কিন্তু বহুজনমান্য জিনকথিত মার্গ রহিয়াছে', এইরূপ বিচার করিয়া ভবিষ্যৎকালে ধার্মিক পুরুষ-গণ কেবলজ্ঞানীর অভাবসত্ত্বেও জিন কথিত ধর্মে শ্রদ্ধা রাখিয়া সংযম মার্গ অবলম্বন করিবে। কিন্তু, হে গৌতম, সম্প্রতি আমার উপস্থিতিতে যুক্তিযুক্ত জিন কথিত মার্গে এক সময়ের জন্যও প্রমাদ করিও না ॥৩১॥

(দ্বিতীয় অর্থ)

(যদিও) অজ্জ (অদ্য = বর্তমানে) (তুমি) জিণে (জিন = কেবলজ্ঞানসম্পন্ন) ন হু দীসঈ (দৃষ্ট হও না = অর্থাৎ যদিও তুমি এখনও কেবলজ্ঞান প্রাপ্ত হও নাই) (তথাপি) বহুমএ (বহুজনমান্য) মগ্‌গদেসিএ (আমার দ্বারা উপদিষ্ট মার্গ) দীসঈ (তুমি দেখিতেছ = তুমি অবগত আছ) (অতএব) গোয়ম (হে গৌতম) সংপই (সম্প্রতি = আমি বর্তমান থাকিতে) ইত্যাদি পূর্ববৎ ॥৩১॥

হে গৌতম, যদিও বর্তমান সময়ে তুমি কেবলজ্ঞান প্রাপ্ত হও নাই তথাপি আমার উপদিষ্ট বহুজনমান্য মুক্তিমার্গ তুমি অবগত আছ অতএব আমি বর্তমান থাকিতে মুক্তিমার্গে সময় মাত্রের জন্যও প্রমাদ করিও না। (টীকা ১। দ্বিতীয় ব্যাখ্যানুযায়ী এই ব্যাখ্যা করা হইল) ॥৩১॥

(তৃতীয় অর্থ)

…মগ্‌গদেসিএ (মার্গোপদেশক)…ইত্যাদি প্রথম অর্থানুযায়ী ॥

বর্তমান সময়ে তীর্থঙ্কর বা কেবলী দৃষ্ট হন না কিন্তু বহুজনমান্য মার্গোপদেশক রহিয়াছেন অতএব সম্প্রতি যুক্তিযুক্ত পথে থাকিয়া হে গৌতম, সময় মাত্রের জন্যও প্রমাদ করিও না। Dr. Jacobiর অনুবাদ অনুযায়ী এই ব্যাখ্যা করা হইল।*

---

*Dr. Jacobi এই সূত্রটীকে প্রক্ষিপ্ত বলিয়াছেন কারণ এই অধ্যয়নকে স্বয়ং মহাবীরের উক্তি বলিয়া স্থির করিলে এই সূত্রটী এইস্থলে সম্পূর্ণ অসঙ্গত হইয়া পড়ে। টীকাকারগণও এই সূত্রের ভিন্ন ভিন্ন ভাবে একাধিক অর্থ করিয়াছেন। এই অধ্যয়নের প্রথম হইতে ২৭ নং সূত্র পর্যন্ত যেরূপ ভাষা ও ভাব দৃষ্ট হয় ২৮ নং সূত্র হইতে তাহার যেন ব্যতিক্রম হইয়াছে বলিয়া মনে হয়। ২৯ নং ও ৩০ নং সূত্র পাঠ করিলে মনে হয় যে গৌতম সংযমমার্গে সংশয়ান্বিত হওয়ায় ভগবান্ মহাবীর তাঁহাকে উপদেশ প্রদান করিয়া স্থির করিতেছেন। যদিও মহাবীর সাধারণ ভাবে উপদেশ প্রদান করিবার সময় গৌতমকেই উদ্দেশ করিয়া বলিতেন তথাপি প্রথম ২৭ নং বা ২৮ নং সূত্রে কথিত সাধারণ ভাবের উপদেশ হইতে পরবর্তী সূত্রের উপদেশগুলি অন্যরূপ বলিয়াই ধারণা হয়। গৌতম মহাবীরের প্রথম শিষ্য। প্রথম গণধর এবং বিশিষ্টরূপে মানিত। তাঁহার মনে যে কখনও সামান্য সংশয়ও হইয়াছিল এরূপ উল্লেখ অন্য কোনও স্থানে নাই। বিশেষতঃ শেষ সূত্রে লিখিত আছে যে ভগবান্ মহাবীরের এই উপদেশ শ্রবণ করিয়া রাগদ্বেষকে ছিন্ন করিয়া গৌতম সিদ্ধিগতি প্রাপ্ত হইলেন কিন্তু গৌতম মহাবীরের নির্বাণের অল্পক্ষণ পরে কেবলজ্ঞান লাভ করেন ও দ্বাদশ বর্ষ কেবলী রূপে জীবিত থাকিয়া বীর নির্বাণের দ্বাদশ বর্ষ পরে সিদ্ধিগতি প্রাপ্ত হন। এই সমস্ত বিষয় পর্যালোচনা করিয়া ইহা অনুমিত হয় যে ২৮ নং কিংবা ২৯ নং সূত্র হইতে পরবর্তী সমস্ত সূত্রগুলি পরে কোনও সময়ে রচিত হইয়া সন্নিবিষ্ট হইয়াছে বা সূত্র প্রথম লিপিবদ্ধ হওয়ার সময় ভ্রমক্রমে অন্য কোনও সূত্রের অংশ এই অধ্যয়নের সহিত সম্মিলিত করা হইয়াছে।

অবসোহিয় কংটগাপহং,[১] ওইগ্গোসি[২] পহং মহালয়ং।
গচ্ছসি মগ্গং বিসোহিয়া[৩], সময়ং গোয়ম মা পমায়এ ॥৩২॥

কংটগাপহং (কণ্টকপথ=কণ্টকাকীর্ণ পথ=অন্যধর্মাবলম্বিগণের মার্গ, অথবা সংসারাশ্রম) অবসোহিয় (অবশোধ্য=পরিহার করিয়া) মহালয়ং (মহালয়=মহান্ অর্থাৎ সম্যক্ জ্ঞান দর্শন ও চারিত্র সম্পন্ন আলয় অর্থাৎ আশ্রয়, মহান্ আশ্রয়) পহং (পথ=মার্গ) ওইগ্গোসি (অবতীর্ণ হইয়াছে=প্রাপ্ত হইয়াছে) গোয়ম (হে গৌতম) বিসোহিয়া (ইহা স্থির করিয়া) মগ্গং (সেই মার্গে=পাপশূন্য জিন মার্গে) গচ্ছসি (যাও) সময় মাত্রের জন্যও প্রমাদ করিও না ॥৩২॥

হে গৌতম, কণ্টকাকীর্ণ সংসার মার্গ পরিত্যাগ করিয়া মহান্ মুক্তিমার্গ প্রাপ্ত হইয়াছ। ইহা নিশ্চয় জানিয়া সেই মুক্তিমার্গে বিচরণ কর। সময় মাত্রের জন্যও প্রমাদ করিও না ॥৩২॥

অবলে জহ ভারবাহএ, মা মগ্গে বিসমে বগাহিয়া।
পচ্ছা পচ্ছাণুতাবএ, সময়ং গোয়ম মা পমায়এ ॥৩৩॥

জহ (যেমন) অবলে (দুর্বল) ভারবাহএ (ভারবাহক) বিসমে (বিষম=অসমান) মগ্গে (মার্গে) বগাহিয়া (প্রবেশ করিয়া) পচ্ছা (পশ্চাৎ) পচ্ছানুতাবএ (পশ্চাদনুতাপক=পশ্চাত্তাপকারক) (হয় তদ্রূপ) গোয়ম (হে গৌতম) মা (না=করিও না)। অতএব সময় মাত্রের জন্যও প্রমাদ করিও না ॥৩৩॥

যেমন দুর্বল ভারবাহক অসমান মার্গে প্রবেশ করিয়া পশ্চাত্তাপ করে তদ্রূপ হে গৌতম তুমি জিন কথিত মুক্তিমার্গ পরিত্যাগ করিয়া কণ্টকাকীর্ণ মার্গে পুনঃপ্রবেশ পূর্বক পশ্চাত্তাপ করিও না। অতএব সময় মাত্রের জন্যও প্রমাদ করিও না ॥৩৩॥

তিণ্ণো[৪] হু সি অণ্ণবং মহং, কিং পুণ চিট্ঠসি তীরমাগও।
অভিতুর পারং গমিত্তএ, সময়ং গোয়ম মা পমায়এ ॥৩৪॥

১। 'কণ্টয়াপহং' টীকা ২।
২। 'উত্তিণ্ণোসি' টীকা ১ ও ২।
৩। 'বিসোহিয়ং' টীকা ১।
৪। 'তিন্নো' টীকা ২।

মহং (মহা) অণ্ণবং (অর্ণব=সাগর, ভবসাগর) তিণ্ণো হু সি (প্রায় উত্তীর্ণ হইয়াছ) কিং পুণ (তবে কেন) তীরমাগও (তীরমাগত=তীরে আসিয়া) চিট্ঠসি (অবস্থান করিতেছ=নিশ্চেষ্টতা অবলম্বন করিতেছ) পারং গমিত্তএ (পরপারে যাইতে=ভবার্ণবের পরপারে মুক্তিপদে যাইতে) অভিতুর (অভিত্বরস্ব=ত্বরান্বিত হও) হে গৌতম ইত্যাদি ॥৩৪॥

হে গৌতম, তুমি মহান্ ভবার্ণব উত্তীর্ণপ্রায় হইয়াছ, তবে কেন তীরে আসিয়া নিশ্চেষ্টতা অবলম্বন করিতেছ? ভবসাগরের পরপারে অর্থাৎ মুক্তিপদে যাইতে ত্বরান্বিত হও। সময় মাত্রের জন্যও প্রমাদ করিও না ॥৩৪॥

অকলেবর[১]সেণিমুস্সিয়া[২], সিদ্ধিং গোয়ম লোয়ং[৩] গচ্ছসি।
খেমং চ সিবং অণুত্তরং, সময়ং গোয়ম মা পমায়এ ॥৩৫॥

গোয়ম (হে গৌতম) অকলেবরসেণিং (অকলেবরশ্রেণী=অশরীরিশ্রেণী, অশরীরী=সিদ্ধ, মুক্ত, তাহার শ্রেণী=উত্তরোত্তর শুভপরিণাম প্রাপ্তিরূপ শ্রেণী, ক্ষপক[৪] শ্রেণী) উস্সিসা (উচ্ছি্ত্য=উন্নত করিয়া, অবলম্বন করিয়া) খেমং (ক্ষেম=কল্যাণময়) সিবং (শিব=মঙ্গলময়) চ (ও) অণুত্তর (অনুত্তর=সর্বোৎকৃষ্ট) সিদ্ধিং লোয়ং (সিদ্ধিলোকে) গচ্ছসি (যাইবে) (অতএব) হে গৌতম ইত্যাদি ॥৩৬॥

১। "অবিদ্যমানং কলেবর মেষামকলেবরাঃ সিদ্ধা স্তেষাং শ্রেণিরিব শ্রেণির্যয়োত্তরোত্তর-শুভপরিমাণপ্রাপ্তিরূপয়া তে সিদ্ধিপদ মারোহন্তি ক্ষপকশ্রেনিমিত্যর্থঃ" টীকা ৩।

২। "উচ্ছি্ত্যোচ্ছি্ত্যউত্তরোত্তরসংযমস্থানাবাপ্ত্যা তামুচ্ছি্তামিবকৃত্বা" টীকা ৩। "উৎসৃজ্য উত্তরোত্তরসংযমস্থানপ্রাপ্ত্যোন্নতিমেবকৃত্বা" টীকা ১। 'উন্নত, উঁচা কিয়া হুয়া' পা, স, ম।

৩। সিদ্ধিলোকের ব্যাখ্যার জন্য ৬।১৪ সূত্রের ১নং পাদটীকা দ্রষ্টব্য।

৪। জৈনশাস্ত্রে আধ্যাত্মিক বিকাশের ভূমিকাকে চতুর্দশভাগে বিভক্ত করিয়া চতুর্দশ গুণস্থান বলিয়া অভিহিত করা হয়। জীব ঘোর মিথ্যাত্ব হইতে যখন আধ্যাত্মিক বিকাশের দিকে অগ্রসর হইতে থাকে তখন উত্তরোত্তর বিশুদ্ধতর পরিণামের দ্বারা ক্রমশঃ নিম্ন ভূমিকা হইতে উচ্চতর ভূমিকা প্রাপ্ত হয়। এইভাবে অষ্টম ভূমিকা বা গুণস্থান প্রাপ্ত হইয়া জীব দুই প্রকারে সঞ্চিত কর্মকে অভিভূত করিয়া অগ্রসর হয়। প্রথম প্রকারে সঞ্চিত মোহনীয় কর্মরাশিকে উপশম করিয়া জীব বিকাশের মার্গে অগ্রসর হয়। ইহাকে উপশম শ্রেণী কহে, উপশম শ্রেণীতে কর্মপুদ্গলকে বিশেষ করিয়া মোহনীয় কর্মকে দমন করিয়া আত্মার বিকাশ হইতে থাকে কিন্তু কর্মপুদ্গল নষ্ট না হইয়া সত্তায় থাকিয়া যায় এবং উচ্চতর বিকাশের মার্গে আরোহণ করিতে করিতে একাদশ ভূমিকা পর্যন্ত এই উপশান্তমোহ জীব উঠিতে পারে কিন্তু এই সময়ে সত্তায়

হে গৌতম, অশরীরী অর্থাৎ সিদ্ধাবস্থা প্রাপ্তির সময়ে কর্মক্ষয়ের জন্য উত্তরোত্তর শুভ পরিণাম প্রাপ্তিরূপ ক্ষপকশ্রেণী অবলম্বন করিয়া কল্যাণময়, মঙ্গলময় ও সর্বোৎকৃষ্ট সিদ্ধিলোকে গমন। করিবে অতএব সময় মাত্রের জন্যও প্রমাদ করিও না ॥৩৫॥

বুদ্ধে পরিণিব্বুড়ে[১] চরে, গামগএ ণগরে ব সংজএ।
সংতিমগ্গং চ বূহএ, সময়ং গোয়ম মা পমায়এ ॥৩৬॥

গামগএ (গ্রামগত=গ্রামে থাকিলে) ণগরে ব (নগরেও=নগরে থাকিলে, যে কোন স্থানে থাকিলে) সংজএ (সংযত) বুদ্ধে (বুদ্ধ=তত্ত্বজ্ঞ) পরিণিব্বুড়ে (পরিণির্বৃত=কষায়াদি উপশম করিয়া, শান্ত হইয়া, শান্তিরসপ্লুত চিত্ত হইয়া) চরে (বিচরণ কর=সংযম পালন কর) চ (এবং) সংতিমগ্গং (শান্তিমার্গকে) বূহএ (বৃদ্ধি কর) গোয়ম (হে গৌতম) ইত্যাদি ॥৩৬॥

গ্রামে, নগরে বা যে কোন স্থানে অবস্থান কর না কেন সংযত, বুদ্ধ ও উপশান্ত হইয়া বিচরণ কর এবং শান্তিমার্গের বা মুক্তিমার্গের উন্নতি করিতে থাক। হে গৌতম ইত্যাদি ॥৩৬॥

স্থিত সঞ্চিত কর্ম পুনরায় উদিত হইয়া সেই জীবকে সেই উচ্চ ভূমিকা হইতে অধঃপতিত করে। একাদশ ভূমিকাটী অধঃপতনেরই, কেননা এই ভূমিকাতে আগত জীবকে পতিত হইতেই হইবে। অবশ্য অধঃপতিত অবস্থা হইতে সে পুনরায় বিকাশমার্গে আরোহণ করিতে সমর্থ হয়। দ্বিতীয় প্রকারে জীব মোহনীয় কর্মকে ক্ষয় করিয়া অগ্রসর হইতে থাকে ইহাকে ক্ষপক শ্রেণী কহে। এই শ্রেণী অবলম্বন করিয়া বিকাশের মার্গে অগ্রসর জীব উত্তরোত্তর উচ্চতর ভূমিকায় আরোহণ করিতে করিতে দশম ভূমিকা হইতে একেবারে দ্বাদশ ভূমিকায় উপস্থিত হইয়া মোহনীয় কর্মকে সম্পূর্ণ ক্ষয় করে এবং সেই সঙ্গে সঙ্গে জ্ঞানাবরণীয়, দর্শনাবরণীয় ও অন্তরায় কর্মকেও সম্পূর্ণ রূপে ক্ষয় করিয়া আত্মার স্বাভাবিক অনন্ত জ্ঞান ও অনন্তদর্শন প্রাপ্ত হয়। ইহাকেই ত্রয়োদশ ভূমিকা বা গুণস্থান বলে এবং এই গুণস্থানে স্থিত পুরুষকে কেবলী বলে। ক্ষপক শ্রেণী হইতে কখনও পতন হয় না। পরবর্তী ভূমিকায় অর্থাৎ চতুর্দশ গুণ স্থানে কেবল জ্ঞান সম্পন্ন পুরুষ মন, বচন ও কায়ের যোগকে সম্পূর্ণ রূপে নিরুদ্ধ করিয়া শরীর ত্যাগপূর্বক নির্বাণ প্রাপ্ত হয়। চতুর্দশগুণস্থানের বিশেষ বিবরণের জন্য শ্রীআত্মানন্দ জৈন পুস্তক প্রচারক মণ্ডল, আগ্রা হইতে প্রকাশিত পণ্ডিত সুখলালজী কর্তৃক সম্পাদিত "কর্মস্তব" নামক দ্বিতীয় কর্মগ্রন্থ ও ষড়শীতি নামক চতুর্থ কর্মগ্রন্থ এবং চতুর্থ কর্ম গ্রন্থের প্রস্তাবনা পৃঃ ১০—৩১ দ্রষ্টব্য।

১। 'পরিণিব্ব' টীকা ৩।

বুদ্ধস্স্ণিসম্ম ভাসিয়ং[১], সুকহিয়মট্ঠপওবসোহিয়ং।
রাগং দোসং চ ছিংদিয়া, [২]সিদ্ধিগইং গএ গোয়মে[২] ॥৩৭॥
ত্তি বেমি ॥

বুদ্ধস্স্ (বুদ্ধের=ভগবান্ মহাবীরের) সুকহিয়ং (সুকথিত=সুন্দর উপমাদি দ্বারা বিশেষভাবে উপদিষ্ট) অট্ঠপওবসোহিয়ং (অর্থপদোপশোভিত= বিশেষার্থযুক্ত পদের দ্বারা শোভিত) ভাসিয়ং (ভাষিত=কথিত উপদেশ) ণিসম্ম (শ্রবণ করিয়া) রাগং (রাগ=অনুরাগ) দোসং চ (ও দ্বেষ) ছিংদিয়া (ছিন্ন করিয়া) গোয়মে (গৌতম=প্রথম গণধর ইন্দ্রভূতি গৌতম) সিদ্ধিগইং (সিদ্ধিগতি মুক্তি) গয়ে (গমন করিলেন=প্রাপ্ত হইলেন) ॥৩৭॥ ত্তি বেমি (এইরূপ বলিতেছি) ॥

ভগবান্ মহাবীরের সুকথিত গম্ভীর অর্থ ও পদের দ্বারা শোভিত উপদেশ শ্রবণ করিয়া রাগদ্বেষকে পরিচ্ছিন্ন করিয়া গৌতম সিদ্ধিগতিতে গমন করিলেন ॥৩৭॥ এইরূপ বলিতেছি ॥

ইতি দ্রুমপত্রক, দশম অধ্যয়ন

১। 'সুভাসিয়ং' টীকা ১।

২। 'সিদ্ধিং গএ ভয়বং গোয়ম' টীকা ১।

একাদশ অধ্যয়ন

সংজোগা বিপ্পমুক্কস্স, অণগারস্স ভিক্খুণো।
আয়ারং[১] পাউকরিস্সামি, আণুপুব্বিং সুণেহ মে ॥১॥

সংজোগা (সংযোগ হইতে=আসক্তি হইতে) বিপ্পমুক্কস্স (বিপ্রমুক্ত) অণগারস্স (অনগার) ভিক্খুণো (ভিক্ষুর) আয়ারং (আচার) (বা আকার=পরিচয়) আণুপুব্বিং (অনুক্রমে) পাউকরিস্সামি (প্রকট করিব) মে (আমার) (বচন) সুণেহ (শ্রবণ কর) ॥১॥

আসক্তিশূন্য অনগার সাধুর আচার অথবা সাধু কীদৃশ তাহার পরিচয় ক্রমান্বয়ে বলিতেছি, শ্রবণ কর ॥১॥

জে য়াবি হোই ণিব্বিজ্জে, থদ্ধে লুদ্ধে অণিগ্গহে।
অভিক্খণং উল্লবঈ, অবিণীএ অবহুস্সুএ ॥২॥

জে (যে কেহ) ণিব্বিজ্জে (নির্বিদ্য=শাস্ত্রজ্ঞানশূন্য) হোই (হয়) থদ্ধে (স্তব্ধ=অহঙ্কারযুক্ত, গর্বিত) লুদ্ধে (লুব্ধে=লোলুপ, লোভী) অণিগ্গহে (অনিগ্রহ=অসংযত) য়াবি (ও) অভিক্খণং (অভীক্ষ্ণ=সর্বদা, বারংবার) উল্লবঈ (উল্লপতি=অসম্বদ্ধ ভাষণ করে) (সে) অবিণীএ (অবিনীত) (ও) অবহুস্সুএ (অবহুশ্রুত=অজ্ঞানী) (কথিত হয়) ॥২॥

যে কেহ শাস্ত্রজ্ঞানশূন্য, অহঙ্কৃত, বিষয়লোলুপ, অসংযত ও বারংবার অসম্বদ্ধভাষী হয় তাহাকে অবিনীত ও অবহুশ্রুত বা অজ্ঞানী বলা হয় ॥২॥

অহ পংচহিং ঠাণেহিং, জেহিং সিক্খা ন লব্ভঈ।
থংভা কোহা পমাএণং, রোগেণালস্সএণ[২] য় ॥৩॥

অহ (আর) জেহিং (যে সকল) পংচহিং ঠাণেহিং (পাঁচটী স্থানে=পাঁচ প্রকারে) সিক্খা (শিক্ষা (ন লব্ভঈ (প্রাপ্ত হয় না) (সেই পাঁচটী

১। "আচারং সাধুযোগ্যক্রিয়াং বহুশ্রুতপূজারূপং বহুশ্রুতস্বরূপজ্ঞানমথবা সাধোরাচারমাকারং বহুশ্রুতস্যাকারং বহুশ্রুতঃ কীদৃগ্ স্যাৎ তৎ" টীকা ১।

২। 'আলস্সেণ' টীকা ১ ও ৩।

প্রকার এইরূপ) থংভা (স্তম্ভেন=অহঙ্কার দ্বারা) কোহা (ক্রোধের দ্বারা) পমাএণং (প্রমাদের দ্বারা) রোগেণ (রোগের দ্বারা) য় (ও) আলস্সএণ (আলস্যের দ্বারা) ॥৩॥

অহঙ্কার, ক্রোধ, প্রমাদ, রোগ ও আলস্য এই পাঁচ কারণের দ্বারা সংশিক্ষা লাভ করিতে পারা যায় না ॥৩॥

অহ অট্ঠহিং ঠাণেহিং সিক্খাসীলি ত্তি বুচ্চঈ।
অহস্সিরে সয়া দংতে, ন য় মম্মমুদাহরে[১] ॥৪॥

নাসীলে ন বিসীলে, ন সিয়া অইলোলুএ।
অকোহণে সচ্চরএ, সিক্খাসীলি ত্তি বুচ্চঈ ॥৫॥

অহ (আবার) অট্ঠহিং ঠাণেহিং (আট স্থানে=আট প্রকারে) সিক্খাসীলি ত্তি (শিক্ষাশীল ইতি) বুচ্চই (কথিত হয়) (যথা) অহস্সিরে (অহসনশীল= যে হাস্য করে না) সয়া দংতে (সদা দান্ত=সর্বদা জিতেন্দ্রিয়) য় (এবং) ন মম্মমুদাহরে (যে মর্ম কথা বলে না=অপরের নিন্দা করে না) নাসীলে (যে অশীল নয়=কদাচারী নয়) ন বিসীলে (বিরুদ্ধাচারী নয়) অইলোলুএ ন সিয়া (অতি লোলুপ নয়=বিষয়ে অত্যন্ত আসক্ত নয়) অকোহণে (অক্রোধন=ক্রোধরহিত) সচ্চরএ (সত্যরত=সত্যনিষ্ঠ) (সে) সিক্খাসীলি ত্তি (শিক্ষাশীল) বুচ্চঈ (কথিত হয়) ॥৪॥৫॥

আবার আটপ্রকারের গুণসম্পন্ন ব্যক্তিকে শিক্ষাশীল বলা হয়। যথা, যে হাস্য করে না, যে সর্বদা জিতিন্দ্রিয়, যে পরনিন্দা করে না, যে কদাচারী বা বিরুদ্ধাচারী নয়, যে অত্যন্ত লোলুপ নয়, যে কোপনস্বভাবযুক্ত নয় এবং যে সত্যনিষ্ঠ এইরূপ ব্যক্তিকে শিক্ষাশীল বলা হয় ॥৪॥৫॥

অহ চউদসহিং[২] ঠাণেহিং, বট্টমাণে উ সংজএ।
অবিণীএ বুচ্চঈ সো উ, ণিব্বাণং চ ন গচ্ছই ॥৬॥

অহ (আবার) চউদসহিং (চতুর্দশ) ঠাণেহিং (স্থানে) বট্টমাণে উ (বর্তমান=স্থিত) সংজএ (সংযত=সাধু) অবিণীএ (অবিণীত) বুচ্চঈ

১। 'মম্মমুয়া হরে' টীকা ৩।

২। 'চউদ্দসহিং' টীকা ১। 'চোদ্দসহিং' টীকা ৩।

(কথিত হয়) উ (এবং) সো (সে) নিব্বাণং চ (নির্বাণ ও) ন গচ্ছই (প্রাপ্ত হয় না) ॥৬॥

আবার নিম্নলিখিত চতুর্দশস্থানে স্থিত সংযত সাধু অবিনীত বলিয়া কথিত হয় এবং সে নির্বাণ প্রাপ্ত হয় না ॥৬॥

অভিক্খণং কোহী হবই, পবংধং চ পকুব্বঈ।
মিত্তিজ্জমাণো[১] বমই, সুয়ং লদ্ধূণ মজ্জঈ ॥৭॥

অবি পাবপরিক্খেবী, অবি মিত্তেসু কুপ্পঈ।
সুপ্পিয়স্সাবি মিত্তস্স, রহে ভাসই পাবগং ॥৮॥

পইণ্ণবাঈ[২] দুহিলে, অদ্ধে লুদ্ধে অণিগ্গহে।
অসংবিভাগী অবিয়ত্তে,[৩] অবিণীএ ত্তি বুচ্চঈ ॥৯॥

অভিক্খণং (অভিক্ষণ=বারংবার) কোহী (ক্রোধী) হবই (হয়) চ (এবং) পবংধং পকুব্বঈ (প্রবন্ধ করে=ক্রোধের বৃদ্ধি করে, কুপিত হইলে মৃদু বচনের দ্বারাও শান্ত হয় না, বরং আরও ক্রুদ্ধ হয়) মিত্তিজ্জমাণো (মিত্রীয়মাণো= মিত্রতা করিয়াও) বমই (বমন করে=ত্যাগ করে) সুয়ং লদ্ধূণ (শ্রুতজ্ঞান প্রাপ্ত হইয়া) মজ্জঈ (মাদ্যতি=গর্বিত হয়) অবি (কখনও) পাব পরিক্খেবী (পাপ পরিক্ষেপী=কাহারও সামান্য দোষ দেখিলেই তিরস্কার করে, পরচ্ছিদ্রান্বেষী) অবি (কখনও) মিত্তেসু (মিত্রের প্রতি) কুপ্পঈ (কুপিত হয়) সুপিয়স্স (সুপ্রিয়) অবি মিত্তস্স (মিত্রেরও) রহে (গোপনে) পাবগং (পাপক=নিন্দাবাক্য) ভাসই (ভাষণ করে=বলে) পইণ্ণবাঈ (প্রকীর্ণবাদী=অসম্বদ্ধভাষী) দুহিলে (দ্রোহী=অনিষ্ঠাচরণকারী) থদ্ধে (স্তব্ধ=অহঙ্কারী) লুদ্ধে (লুব্ধ) অণিগ্গহে (অজিতেন্দ্রিয়) অসংবিভাগী (অসংবিভাগী=যে আহারাদি আনয়ন করিয়া অন্য সাধুকে বণ্টন না করিয়া সমস্ত স্বয়ং ভোগ করে) (ও) অবিয়ত্তে (অপ্রীতিকর) অবিণীএ ত্তি (অবিনীত এইরূপ) বুচ্চঈ (উচ্যতে=কথিত হয় ॥৭-৯॥

১। "মিত্রীয্যমাণোঽপি মিত্রং মমায়মস্তিতীয়্যমাণোঽপি" টীকা ২ ও ৩।

২। "প্রকীর্ণমসম্বদ্ধং বদতীতি প্রকীর্ণবাদী অথবা প্রতিজ্ঞয়া চ ইদমিত্থমেবেত্যাদি নিশ্চয়-ভাষণশীলঃ" টীকা ১।

৩। "অপ্রীতিকরঃ দর্শনেন বচনেন অপ্রীতিমুৎপাদযতি" টীকা ১। 'অচিয়ত্তে' টীকা ৩।

যে বারংবার ক্রোধী হয়, ক্রুদ্ধ হইলে সহজে শান্ত হয় না, মিত্রতা করিয়া তাহা ভঙ্গ করে, শ্রুতজ্ঞান প্রাপ্ত হইয়া গর্বিত হয়, পরের ছিদ্র অন্বেষণ করে, মিত্রের প্রতি কুপিত হয়, প্রিয় মিত্রেরও গোপনে নিন্দা করে, অসম্বদ্ধভাষণ করে, মিত্রের অনিষ্ট করে, অহঙ্কার করে, লোভ করে, ইন্দ্রিয় দমন করে না, ভিক্ষাপ্রাপ্ত অন্ন বণ্টন না করিয়া একাই ভোজন করে ও সকলের অপ্রিয় কার্য করে এইরূপ সাধুকে অবিনীত বলা হয় ॥৭-৯॥

অহ পণ্ণরসহিং ঠাণেহিং, সুবিণীএ ত্তি বুচ্চঈ।
ণীয়াবত্তী[১] অচবলে, অমাঈ অকুউহলে[২] ॥১০॥

অপ্পং চ অহিক্খিবঈ, পবংধং চ ন কুব্বঈ।
মিত্তিজ্জমাণো ভয়ঈ[৩], সুয়ং লদ্ধুং ন মজ্জঈ ॥১১॥

ন য় পাবপরিক্খেবী, ন য় মিত্তেসু কুপ্পঈ।
অপ্পিয়স্সাবি মিত্তস্স, রহে কল্লাণ ভাসঈ ॥১২॥

কলহডমরবজ্জএ[৪], বুদ্ধে অভিজাইএ[৫]।
হিরিমং পড়িসংলীণে[৬], সুবিণীএ ত্তি বুচ্চঈ ॥১৩॥

অহ (আবার) পণ্ণরসহিং (পঞ্চদশ) ঠাণেহিং (স্থানে=প্রকারে) সুবিণীএ ত্তি (সুবিনীত) বুচ্চঈ (কথিত হয়) ণীয়াবত্তী (নীচবর্তী=গুরুর আসন ও শয্যা হইতে নিম্নে অবস্থানকারী=নম্র) অচবলে (অচপল=স্থির) অমাঈ (অমায়ী=অবঞ্চক) অকুউহলে (অকুতূহল=যে ইন্দ্রজাল নাটকাদি দেখিতে উৎসুক নয়) অপ্পং অহিক্খিবঈ (অল্প অধিক্ষিপতি=যে কাহাকেও ভর্ৎসনা করে না) চ (ও) পবংধং (ক্রোধের বৃদ্ধি) ন কুব্বঈ (করে না) মিত্তিজ্জমাণো (মিত্রতা করিয়া) ভয়ঈ (ভজতে=উপকার করে) সুয়ং লদ্ধুং (শ্রুত জ্ঞান লাভ করিয়া) ন মজ্জঈ (গর্ব করে না) য় (এবং) ন

১। 'ণীয়াবিত্তী' টীকা ৩।

২। 'অকুতূহলে' টীকা ১ ও ২।

৩। 'ভজতি' টীকা ৩।

৪। "কলহং বাক্যযুদ্ধং ডমরং চপেটামুষ্টিলত্তাদিভির্যুদ্ধং তয়োরুভয়োর্বর্জুকঃ" টীকা ১।

৫। 'অভিআইএ' টীকা ৩।

৬। "প্রতিসংলীনো গুরুপার্শ্বেঽন্যত্র বা কার্যং বিনা নেতস্ততশ্চেষ্টতে" টীকা ২।

পাবপরিক্‌খেবী (পরছিদ্রান্বেষী নয়) য় (ও) মিত্তেস্থ (মিত্রের প্রতি) ন কুপ্পঈ (কুপিত হয় না) অপিয়স্‌স (অপ্রিয়) অবি মিত্তস্‌স (মিত্রেরও) রহে (গোপনে) কল্লাণ ভাসঈ (গুণবর্ণনা করে=তাহার কোন দোষ থাকিলেও তাহা প্রকাশ করে না) কলহডমরবজ্জএ (কলহডমরবর্জক=বাক্‌যুদ্ধ ও হাতাহাতি, এই উভয় প্রকার ঝগড়া হইতে বিরত) বুদ্ধে (বুদ্ধিমান্) অভিজাইএ (অভিজাতিগ=কুলীন) হিরিমং (হ্রীমান্=লজ্জাবান্) পড়িসং-লীণে (প্রতিসংলীন=কারণ ছাড়া কোন কার্যের চেষ্টা যে করে না) (সে) সুবিণীএ ত্তি (সুবিনীত বলিয়া) বুচ্চঈ (কথিত হয়) ॥১০-১৩॥

আবার পঞ্চদশ প্রকার লক্ষণযুক্তকে সুবিনীত বলে যথা—গুরুর আসনের নিম্নে অবস্থান করা, অচপল, অবঞ্চক, অকুতূহল, যে কাহাকেও ভৎর্সনা করে না, যাহার ক্রোধ সহজে শান্ত হয়, মিত্রের উপকারকারী, শ্রুতজ্ঞান প্রাপ্ত হইয়া যে গর্ব করে না, যে পরের ছিদ্রান্বেষণ করে না, যে মিত্রের প্রতি কুপিত হয় না, যে অপ্রিয় মিত্রেরও গোপনে দোষোদ্ঘাটন করে না, যে বাক্যের দ্বারা বিবাদ ও হাতাহাতি করে না, যে বুদ্ধিমান্, কুলীন, লজ্জাশীল ও যে অকারণে কার্যের চেষ্টা করে না এইরূপ সাধুকে সুবিনীত বলে ॥ ১০-১৩ ॥

বসে গুরুকুলে ণিচ্চং, জোগবং উবহাণবং[১] ।
পিয়ংকরে পিয়ংবাঈ, সে সিক্‌খং লদ্ধুমরিহঈ ॥১৪॥

(যে) ণিচ্চং (নিত্য) গুরুকুলে (গুরুকুলে=গুরুর নিকটে, গুরুর আজ্ঞানুবর্তী হইয়া) বসে (বাস করে) জোগবং (যোগবান্) উবহাণবং (উপধানবান =শাস্ত্র পাঠ করিবার সময় যে বিশেষ প্রকার তপস্যা করিতে হয় তাহাকে উপধান বলে) পিয়ংকরে (প্রিয়ঙ্কর=সকলের প্রিয়কারী) পিয়ংবাঈ (প্রিয়-বাদী) সে (সেই ব্যক্তি) সিক্‌খং (শিক্ষা) লদ্ধুং (লাভ করিতে) অরিহঈ (অর্হতি=যোগ্য হয়) ॥১৪॥

যে নিত্য গুরুর আজ্ঞানুবর্তী হইয়া তাঁহার নিকটে বাস করে, যোগ ও উপধান আচরণ করে, সকলের প্রিয়কারী ও প্রিয়বাদী সে শিক্ষা প্রাপ্ত হইবার যোগ্য বিবেচিত হয় ॥১৪॥

১। "উপধানমংগোপাংগাদীনাং সিদ্ধান্তানাং পঠনারাধনার্থমাচাম্লোপবাসনির্বিকৃত্যাদিলক্ষণং তপোবিশেষঃ স বিদ্যতে যস্য স উপধানবান্ সিদ্ধান্তারাধনতপোযুক্ত ইত্যর্থঃ" টীকা ১।

জহা সংখংমি পয়ং ণিহিয়ং[১], দুহওঁ[২] বি বিরায়ই।
এবং বহুস্সুএ ভিক্খূ, ধম্মো কিত্তী[৩] তহা সুয়ং ॥১৫॥

জহা (যেমন) সংখংমি (শঙ্খে) ণিহিয়ং (নিহিত=রক্ষিত) পয়ং (দুগ্ধ) দুহও বি (দ্বিপ্রকারে=শঙ্খে দুগ্ধ রাখিলে শঙ্খের শ্বেতবর্ণ ও দুগ্ধের শ্বেতবর্ণ মিলিত হইয়া অত্যন্ত শুভ্র দেখায় এবং অম্লও হয় না, এই দুই প্রকারে) বিরায়ই (বিরাজতে=শোভিত হয়) এবং (তদ্রূপ) বহুস্সুএ (বহুশ্রুত) ভিক্খূ (সাধু) ধম্মো (ধর্ম) কিত্তী (কীর্তি) তহা (তথা) সুয়ং (শ্রুতজ্ঞান) (দ্বারা শোভিত হন) ॥১৫॥

যেমন শঙ্খতে দুগ্ধ রাখিলে তাহা দুই প্রকারে শোভিত হয় অর্থাৎ অত্যন্ত শুভ্র দেখায় ও অম্লত্ব প্রাপ্ত হয় না তদ্রূপ বহুশ্রুত সাধু ধর্ম কীর্তি ও শ্রুতজ্ঞানের দ্বারা শোভিত হন ॥১৫॥

জহা সে কংবোআণং, আইণ্ণে[৪] কংথএ[৫] সিয়া।
আসে জবেণ পবরে, এবং হবই বহুস্সুএ ॥ ১৬ ॥

জহা (যেমন) সে (সেই) কংবোআণং (কম্বোজদেশোৎপন্ন) আইণ্ণে (আকীর্ণ=শীলাদিগুণযুক্ত, শালিহোত্রশাস্ত্রোক্তগুণযুক্ত, জাতিসম্পন্ন) কংথএ (কংথক=শ্রেষ্ঠ, যুদ্ধাদিতে নির্ভীক) আসে (অশ্ব) জবেণ (বেগে=গতিতে) পবরে (প্রবর=শ্রেষ্ঠ) সিয়া (হয়) এবং (এইরূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হন) ॥১৬॥

যেমন কম্বোজদেশোৎপন্ন জাতিসম্পন্ন ও নির্ভীক অশ্ব শ্রেষ্ঠ গতিযুক্ত হইয়া শোভিত হয়, তদ্রূপ বহুশ্রুত সাধু জ্ঞান ক্রিয়াদ্বারা শোভিত হন ॥১৬॥

১। 'নিহিতং' টীকা ১ ও ২।

২। "দ্বিধাপি স্বগুণাশ্রয়গুণলক্ষণেন প্রকারদ্বয়েনাপি বিরাজতে কালুষ্যান্নপরিশ্রবাভাবাৎ" টীকা ২।

৩। "কীর্ত্তির্গুণশ্লাঘা যশঃ সর্বত্র প্রসিদ্ধত্বম্" টীকা ১।

৪। 'আকীর্ণঃ শীলাদিগুণৈর্ব্যাপ্তো বিশুদ্ধমাতৃপিতৃযোনিজত্বেন সম্যগাচারঃ স্বামিভক্ত্যাদি-শালিহোত্রশাস্ত্রোক্তগুণপ্রযুক্তঃ" টীকা ১।

৫। "কংথকঃ লঘুপাষাণভৃতকুতুপবিপতনসঞ্জাতশব্দান্ন ত্রস্যতি অথবা শস্ত্রাদীনাং প্রহারাদ্রণে নির্ভীকঃ কংথক উচ্যতে" টীকা ১।

জহাইণ্ণসমারূঢ়ে, সূরে দঢ়পরক্কমে
উভও ণংদিঘোসেণং, এবং হবই বহুস্সুএ ॥১৭॥

জহা (যেমন) আইণ্ণ সমারূঢ়ে (আকীর্ণসমারূঢ়=জাতিসম্পন্ন শিক্ষিত অশ্বে আরূঢ়) দঢ় পরক্কমে (দৃঢ় পরাক্রম=অত্যন্ত পরাক্রমশালী) সূরে (শূর=বীর-পুরুষ) উভও (উভয়দিক্ হইতে=বাম ও দক্ষিণ পার্শ্ব হইতে) ণংদিঘোসেণং (নান্দী ঘোষের দ্বারা=স্তুতিবাক্যের দ্বারা) (শোভিত হয়) এবং (এইরূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হন=শোভিত হন) ॥১৭॥

যেমন জাতিসম্পন্ন শিক্ষিত অশ্বে আরূঢ় অত্যন্ত পরাক্রমশালী বীরপুরুষ দক্ষিণ ও বাম দিক হইতে বন্দিগণের দ্বারা স্তুত হইয়া শোভিত হয় তদ্রূপ পরবাদী বিজয়ে সমর্থ জ্ঞানী বহুশ্রুত সাধু শিষ্যগণের দ্বারা স্তুত হইয়া শোভিত হন ॥১৭॥

জহা করেণুপরিকিণ্ণে, কুংজরে সট্ঠিহায়ণে।
বলবংতে অপ্পড়িহএ, এবং হবই বহুস্সুএ ॥১৮॥

জহা (যেমন) করণুপরিকিণ্ণে (হস্তিনী পরিবৃত) সট্ঠিহায়ণে (ষষ্টিহায়ন=ষাট বৎসরের) কুঞ্জরে (হস্তী) অপ্পড়িহএ (অপ্রতিহত) বলবংতে (বলশালী) (হয়) এবং (তদ্রূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হন) ॥১৮॥

যেমন হস্তিনী পরিবৃত ষাট বৎসর বয়স্ক হস্তী অপ্রতিহত বলশালী হয় তদ্রূপ বিদ্যা ও বুদ্ধিসম্পন্ন বহুশ্রুত সাধু শাস্ত্রার্থবলসম্পন্ন হইয়া প্রতিবাদীর দ্বারা পরাভূত হন না ॥১৮॥

জহা সে তিক্খসিংগে, জায়ক্খংধে বিরাযঈ।
বসহে[১] জূহাহিবঈ[২], এবং হবঈ বহুস্সুএ ॥১৯॥

জহা (যেমন) সে (সেই) তিক্খসিংগে (তীক্ষ্ণ শৃঙ্গবিশিষ্ট) জায়ক্খংধে (জাতস্কন্ধ=পুষ্ট ককুদযুক্ত) জূহাহিবঈ (যূথাধিপতি) বসহে (বৃষভ) বিরাযঈ (বিরাজমান হয়=শোভিত হয়) এবং (তদ্রূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবঈ (হয়) ॥১৯॥

১। 'বসভে' টীকা ৩।
২। "জুহাহিবতী" টীকা

যেমন তীক্ষ্ণ শৃঙ্গবিশিষ্ট, উপচিতককুদ্‌যুক্ত, যূথাধিপতি বৃষভ শোভিত হয় তদ্রূপ সঙ্ঘের পরিচালনার ভার গ্রহণে সমর্থ সাধুগণের অধিপতি বহুশ্রুত আচার্য শোভিত হন ॥১৯॥

জহা সে তিক্‌খদাঢ়ে, উদগ্‌গে[১] দুপ্পহংসএ[২]।
সীহে মিয়াণ[৩] পবরে, এবং হবই বহুস্‌সুএ ॥২০॥

জহা (যেমন) সে (সেই) তিক্‌খদাঢ়ে (তীক্ষ্ণদংষ্ট্রাবিশিষ্ট) উদগ্‌গে (উদগ্র=উগ্র) দুপ্পহংসএ (দুপ্রধর্ষক=দুর্ধর্ষ) সীহে (সিংহ) মিয়াণ (মৃগদিগের মধ্যে=অরণ্যজন্তুগণের মধ্যে) পবরে (প্রবর=প্রধান) (হয়) এবং (এইরূপ) বহুস্‌সুএ (বহুশ্রুত) হবই (হন) ॥২০॥

যেমন তীক্ষ্ণ দংষ্ট্রাবিশিষ্ট, উগ্রবীর্য, দুর্ধর্ষ সিংহ পশুদিগের মধ্যে শ্রেষ্ঠ তদ্রূপ তীক্ষ্ণতর্কের দ্বারা প্রতিপক্ষের সিদ্ধান্ত ছিন্ন করিতে সমর্থ, অপরাজেয়, বহুশ্রুত আচার্য অন্যতীর্থিকগণের মধ্যে শ্রেষ্ঠ ॥২০॥

জহা সে বাসুদেবে[৪], সংখচক্কগয়াধরে।
অপ্পড়িহয়বলে জোহে, এবং হবই বহুস্‌সুএ ॥২১॥

জহা (যেমন) সে (সেই) সংখচক্কগয়াধরে (শঙ্খচক্রগদাধারী) বাসুদেবে

১। "ওদগ্‌গে" টীকা ৩।

২। 'দুপ্পধংসগে' টীকা ২।

৩। 'মিগাণ' টীকা ২।

৪। জৈন শাস্ত্রানুসারে যেমন প্রত্যেক অবসর্পিণী ও উৎসর্পিণীতে ২৪ জন করিয়া তীর্থঙ্কর হন তদ্রূপ বারজন করিয়া চক্রবর্তী রাজা, নয়জন করিয়া বাসুদেব রাজা, নয়জন বলদেব ও নয়জন প্রতিবাসুদেব প্রাদুর্ভূত হইয়া থাকেন। ভারতবর্ষকে ছয় খণ্ডে বিভক্ত করা হয়। ভারতবর্ষের বর্তমান সীমা অপেক্ষা পুরাকালে হয়ত ইহার সীমা আরও বিস্তৃত ছিল। এই সম্পূর্ণ ছয়খণ্ড ভারতকে জয় করিয়া যিনি নিজের অধীনে আনয়ন করিতে সমর্থ হন তাঁহাকে চক্রবর্তী বলে। বাসুদেব অর্ধ ভারত বা তিনখণ্ড ভারতকে নিজের অধীন করিতে সমর্থ হন। প্রতিবাসুদেব প্রথমে এই তিনখণ্ড ভারতবর্ষ জয় করেন কিন্তু পরে বাসুদেব প্রাদুর্ভূত হইয়া প্রতিবাসুদেবকে নিহত করিয়া সেই তিনখণ্ড ভারতবর্ষের অধিপতি হন। চক্রবর্তীর যেমন চক্র থাকে তদ্রূপ প্রতিবাসুদেব এবং বাসুদেব উভয়েরই চক্র থাকে। প্রতিবাসুদেব যুদ্ধে বাসুদেবকে নিহত করিবার জন্য চক্র নিক্ষেপ করেন। কিন্তু বাসুদেব সেই চক্রকেই ধরিয়া লইয়া সেই চক্রের দ্বারা প্রতিবাসুদেবকেই সংহার করেন। বাসুদেবের চক্রের নাম সুদর্শন ও শঙ্খের নাম পাঞ্চজন্য। বলদেব বাসুদেবের বড় ভ্রাতা। এবং ইঁহাদের উভয়ের মধ্যে অত্যন্ত

(বাসুদেব) অপ্পড়িহয়বলে (অপ্রতিহতবলবিশিষ্ট) জোহে (যোদ্ধা) (হয়) এবং (তদ্রূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হন) ॥২১॥

যেমন শঙ্খচক্রগদাধারী অপ্রতিহতবলবিশিষ্ট যোদ্ধা বাসুদেব শত্রুকে জয় করিতে সমর্থ, তদ্রূপ জ্ঞানদর্শনচারিত্রযুক্ত বহুশ্রুত সাধু কামক্রোধাদি অন্তরিপুবর্গকে জয় করিতে সমর্থ হন ॥২১॥

জহা সে চাউরংতে[১], চক্কবট্টী[২] মহিড্ঢিএ।
চোদ্দসরয়ণাহিবঈ[৩], এবং হবই বহুস্সুএ ॥২২॥

প্রীতি। প্রত্যেক বলদেবই সেই জন্মে মুক্তি প্রাপ্ত হইয়াছেন। বর্তমান অবসর্পিণীতে যে সমস্ত চক্রবর্তী, বাসুদেব, বলদেব ও প্রতিবাসুদেব হইয়াছেন তাঁহাদের নাম প্রদত্ত হইল।

চক্রবর্তী	বাসুদেব	বলদেব	প্রতিবাসুদেব
১। ভরত	১। ত্রিপৃষ্ঠ	১। অচল	১। অশ্বগ্রীব
২। সগর	২। দ্বিপৃষ্ঠ	২। বিজয়	২। তারক
৩। মঘব	৩। স্বয়ম্ভু	৩। ভদ্র	৩। মেরক
৪। সনৎকুমার	৪। পুরুষোত্তম	৪। সুপ্রভ	৪। মধু
৫। শান্তিনাথ	৫। পুরুষসিংহ	৫। সুদর্শন	৫। নিশুম্ভ
৬। কুন্থুনাথ	৬। পুরুষপুণ্ডরীক	৬। আনন্দ	৬। বলি
৭। অরনাথ	৭। দত্ত	৭। নন্দন	৭। প্রহ্লাদ
৮। সুভূম	৮। লক্ষ্মণ	৮। রাম	৮। দশগ্রীব বা রাবণ
৯। মহাপদ্ম	৯। কৃষ্ণ	৯। বলভদ্র	৯। জরাসন্ধ
১০। হরিষেণ			
১১। জয়			
১২। ব্রহ্মদত্ত			

৫, ৬ ও ৭ চক্রবর্তী রাজ্যভোগ করিবার পর দীক্ষাগ্রহণ করিয়া তীর্থঙ্কর হন। ইঁহারা ষোড়শতম সপ্তদশতম ও অষ্টাদশতম তীর্থঙ্কর। চব্বিশজন তীর্থঙ্কর, দ্বাদশ চক্রবর্তী, নয়জন বাসুদেব, নয়জন বলদেব ও নয়জন প্রতিবাসুদেব সর্বসমেত ৬৩ জন মহাপুরুষগণের জীবনচরিত হেমচন্দ্রাচার্যকৃত ত্রিষষ্টিশলাকা পুরুষচরিত্রে বর্ণিত আছে।

১। চতস্বঘপি দিক্ষ্বন্তঃ পর্যন্ত একত্র হিমবানন্যত্র চ দিক্ত্রয়ে সমুদ্রঃ স্বসম্বন্ধিতয়াঽস্যেতি চতুরন্তঃ চতুর্ভির্বা হয়গজরথনরাত্মকৈরন্তঃ শত্রুবিনাশাত্মকো যস্য" টীকা ৩।

২। "চক্রবর্ত্তী ষট্খণ্ডভরতাধিপঃ টীকা ৩।

৩। ১ সেনাপতি ২ গাথাপতি (গৃহপতি) ৩ পুরোহিত ৪ গজ ৫ হয় ৬ বর্দ্ধকি (সূত্রধারা) ৭ স্ত্রী ৮ চক্র ৯ ছত্র ১০ চর্ম ১১ মণি ১২ কাকিনী রত্ন ১৩ খড়্গ ও ১৪ দণ্ড চক্রবর্তীর এই চতুর্দশ রত্ন থাকে। 'চউদস' টীকা ২।

জহা (যেমন) সে (সেই) চাউরংতে (চাতুরন্ত = হয়, গজ, রথ ও পদাতি রূপ চারি প্রকার সৈন্যের দ্বারা যে শত্রুকে অন্ত বা বিনাশ করে, অথবা তিন দিকে সমুদ্র ও উত্তরে হিমালয় এই চতুঃসীমান্তবর্তী সম্পূর্ণ ভারতবর্ষের একচ্ছত্র অধিপতি) মহিড্ঢিএ (মহর্দ্ধিক = বিস্তৃত সমৃদ্ধি সম্পন্ন) চোদ্দসরয়ণাহিবঈ (চতুর্দশ রত্নাধিপতি) চক্কবট্টী (চক্রবর্তী = চক্রবর্তী সম্রাট) (যেমন শোভিত হয়) এবং (তদ্রূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হন) ॥২২॥

যেমন আসমুদ্রহিমাচল পর্যন্ত সম্পূর্ণ ভারতবর্ষের একাচ্ছত্রাধিপতি, বিস্তৃত সমৃদ্ধিসম্পন্ন ও চতুর্দশ রত্নের প্রভু চক্রবর্তী সম্রাট শোভিত হন তদ্রূপ দান, শীল, তপ ও ভাবনা রূপ চারিপ্রকার ধর্ম ও চতুর্দশ পূর্ব শাস্ত্রের জ্ঞান সম্পন্ন বহুশ্রুত আচার্য শোভিত হন ॥২২॥

জহা সে সহস্সক্খে, বজ্জপাণী পুরংদরে।
সক্কে দেবাহিবঈ, এবং হবই বহুস্সুএ ॥২৩॥

জহা (যেমন) সে (সেই) সহস্সক্খে (সহস্রাক্ষ) বজ্জপাণী (বজ্রপাণি) পুরংদরে (পুরন্দর = দৈত্যনগর বিধ্বংসক) দেবাহিবঈ (দেবাধিপতি) সক্কে (শক্র = প্রথম দেবলোকের অধিপতি শক্র) (শোভিত হন) এবং (তদ্রূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হন) ॥২৩॥

যেমন সহস্রাক্ষ, বজ্রপাণি, পুরন্দর, প্রথম দেবলোকের অধিপতি শক্র শোভিত হন তদ্রূপ বিস্তৃত শ্রুতজ্ঞানরূপ চক্ষুসম্পন্ন সাধুগণের অধিপতি বহুশ্রুত আচার্য শোভিত হন ॥২৩॥

জহা সে তিমিরবিদ্ধংসে, উত্তিট্ঠংতে দিবায়রে[১]।
জলংতে ইব তেএণং, এবং হবই বহুস্সুএ ॥২৪॥

জহা (যেমন) সে (সেই) তিমিরবিদ্ধংসে (তিমিরবিধ্বংস = অন্ধকার বিনাশকারী) উত্তিট্ঠংতে (উদীয়মান) দিবায়রে (সূর্য) তেএণং (তেজের দ্বারা) জলংতে ইব (জাজ্বল্যমান হইয়া) (শোভিত হয়) এবং (তদ্রূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হয়) ॥২৪॥

১। 'দিবাগরে' টীকা ৩।

যেমন অন্ধকারবিনাশকারী উদীয়মান সূর্য তেজের দ্বারা জাজ্বল্যমান হইয়া শোভিত হয় তদ্রূপ অজ্ঞানতিমির বিনাশকারী বহুশ্রুত আচার্য তপস্যার তেজের দ্বারা দেদীপ্যমান হইয়া শোভিত হন ॥২৪॥

জহা সে উডুবঈ চংদে, ণক্খত্তপরিবারিএ।
পড়িপুন্নে পুন্নমাসিএ[১], এবং হবই বহুস্সুএ ॥২৫॥

জহা (যেমন) সে (সেই) উডুবঈ (উডুপতি=নক্ষত্রপতি) ণক্খত্তপরিবারিএ (নক্ষত্র পরিবারিত=গ্রহনক্ষত্রাদি দ্বারা বেষ্টিত) পড়িপুন্নে (প্রতিপূর্ণ=ষোলকলার দ্বারা পরিপূর্ণ) চংদে (চন্দ্র) পুন্নমাসিএ (পূর্ণমাসীতে) (শোভিত হয়) এবং (তদ্রূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হন) ॥২৫॥

যেমন গ্রহনক্ষত্রাদিদ্বারা পরিবৃত ষোড়শকলাযুক্ত উডুপতি চন্দ্র পূর্ণমাসীতে শোভিত হয় তদ্রূপ সাধুসমূহের দ্বারা পরিবৃত সমস্তপ্রকারের জ্ঞানকলার দ্বারা যুক্ত বহুশ্রুত আচার্য শোভিত হন ॥২৫॥

জহা সে সামাইয়াণং[২], কোট্ঠাগারে সুরক্খিএ।
ণাণাধণ্ণপড়িপুন্নে, এবং হবই বহুস্সুএ ॥২৬॥

জহা (যেমন) সে (সেই) সামাইয়াণং (সামাজিকদিগের=এক সমাজে স্থিত লোক সমূহের) সুরক্খিএ (সুরক্ষিত) ণাণাধণ্ণপড়িপুন্নে (নানাধান্য পরিপূর্ণ) কোট্ঠাগারে (কোষ্ঠাগার=পাকা গুদাম) (শোভিত হয়) এবং (তদ্রূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হন) ॥২৬॥

যেমন বড় গৃহস্থের নানা ধান্য পরিপূর্ণ সুরক্ষিত কোষ্ঠাগার বা পাকাগুদাম শোভিত হয় তদ্রূপ অঙ্গোপাঙ্গাদিশ্রুতজ্ঞানসম্পন্ন বহুশ্রুত আচার্য শোভিত হন ॥২৬॥

১। 'পুন্নিমাসীএ' টীকা ৩।

২। "সামাজিকানাং মহাগৃহস্থানাং..... সমাজো জনসমূহস্তমর্হন্তীতি সামাজিকাঃ, তেষাং সামাজিকাণাং কৌটুম্বিকাণাম্" টীকা ১।

জহা সা দুমাণ পবরা, জংবু[১] ণাম সুদংসণা[২]
অণাঢ়িয়স্স[৩] দেবস্স, এবং হবই বহুস্সুএ ॥২৭॥

জহা (যেমন) সা (সেই) অণাঢ়িয়স্স (অনাদৃত বা অনার্দ্ধিক নামক) দেবস্স (দেবতার দ্বারা) (অধিষ্ঠিত) জংবু নাম (জম্বু নামক) দুমাণ (দ্রুম অর্থাৎ বৃক্ষদিগের মধ্যে) সুদংসণা (সুদর্শন নামক বৃক্ষ) পবরা (প্রবর=শ্রেষ্ঠ) (হয়) এবং (তদ্রূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হন) ॥২৭॥

যেমন জম্বুনামক বৃক্ষসমূহের মধ্যে অনাদৃত ব্যন্তর দেবাধিষ্ঠিত সুদর্শনাভিধেয় বৃক্ষ শ্রেষ্ঠ বলিয়া গণ্য হয় তদ্রূপ সাধুগণের মধ্যে বহুশ্রুত আচার্য শ্রেষ্ঠ বলিয়া পূজিত হন ॥২৭॥

জহা সা ণঈণ পবরা, সলিলা সাগরংগমা।
সীয়া ণীলবংতপ্পবহা[৪] এবং হবই বহুস্সুএ ॥২৮॥

জহা (যেমন) সা (সেই) সলিলা (সলিলপূর্ণা) সাগরংগমা (সাগরগামিনী) ণীলবংবতপ্পবহা (নীলরঙপ্রবহা বা নীলবৎপ্রভবা=নীলবৎ পর্বত

১। আমরা যে পৃথ্বীতে বাস করিতেছি তাহাকে জম্বুদ্বীপ বলে। এই পৃথ্বীর মধ্যস্থলে মেরুপর্বত অধিষ্ঠিত ও তাহার সন্নিকটে জম্বুবৃক্ষ আছে। এই জম্বুবৃক্ষগুলির মধ্যে যেটী শ্রেষ্ঠ তাহাকে সুদর্শন নামে অভিহিত করা হয়। অনাদৃত নামক ব্যন্তর দেবতা এই বৃক্ষে অবস্থান করেন। এই দেব জম্বুদ্বীপের অধিষ্ঠায়ক দেবতা ও এই জম্বুবৃক্ষের নামে এই পৃথ্বীর জম্বুদ্বীপ নামকরণ করা হইয়াছে। এই জম্বুদ্বীপ মধ্যলোকের মধ্যভাগে কুম্ভকারের চক্রের ন্যায় গোলাকার এবং ইহার চতুর্দিক লবণসমুদ্রের দ্বারা পরিবেষ্টিত। ইহার ব্যাস পূর্ব পশ্চিমে ও উত্তর দক্ষিণে ১ লক্ষ যোজন করিয়া, ইহার মধ্যে ভারতবর্ষ, হৈমবতবর্ষ, হরিবর্ষ, বিদেহবর্ষ, রম্যকবর্ষ, হৈরণ্যবতবর্ষ ও ঐরবতবর্ষ নামক সাতটী ক্ষেত্র আছে। এই ক্ষেত্রদিগকে পৃথক্ করিয়া পূর্ব হইতে পশ্চিমে বিস্তৃত হিমবান্, মহাহিমবান্, নিষধ, নীল, রুক্মী ও শিখরী নামক ছয়টী পর্বত আছে যাহাদিগকে বর্ষধর পর্বত বলে। তত্ত্বার্থাধিগমসূত্র ৩।৭-১১

২। "সুদর্শনেত্যপরাভিধানা" টীকা ২।

৩। "অনার্দ্ধিকস্য জম্বুদ্বীপাধিষ্ঠাতৃদেবস্য" টীকা ১। "অনাদৃতস্য অনাদৃতনাম্নো দেবস্য জম্বুদ্বীপাধিপতের্ব্যন্তরস্যুরস্য" টীকা ৩।

৪। "শীতানাম্নী নীলবান্ মেরোরুত্তরস্যাং দিশি বর্ষধরপর্বতস্ততঃ...প্রভবতি পাঠান্তরতঃ প্রবহতি বা নীলবৎপ্রভবা নীলবৎপ্রবহা বা" টীকা ৩। নীলপর্বতের সংস্থানাদির জন্য উপরে ১নং পাদটীকা দ্রষ্টব্য। 'পবহা' টীকা ১ ও ৩

হইতে উৎপন্না) সীয়া (শীতা নাম্নী নদী) নঈণ (নদীদিগের মধ্যে) পবরা (শ্রেষ্ঠ) এবং (এইরূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হন) ॥২৮॥

যেমন নীলবৎপর্বতোৎপন্না স্বচ্ছসলিলা সাগরগামিনী শীতানাম্নী নদী সমস্ত নদীদিগের মধ্যে শ্রেষ্ঠ তদ্রূপ নির্মলসিদ্ধান্ত জ্ঞানসম্পন্ন মুক্তিগামী বহুশ্রুত আচার্য সাধুগণের মধ্যে শ্রেষ্ঠ ॥২৮॥

জহা সে ণগাণ পবরে, সুমহং মংদরে গিরী।
ণাণোসহীপজ্জলিএ[১], এবং হবই বহুস্সুএ ॥২৯॥

জহা (যেমন) সে (সেই) সুমহং (সুমহান্) ণাণোসহীপজ্জলিএ (নানৌষধি প্রজ্জ্বলিত=নানাপ্রকার ঔষধির দ্বারা দীপ্তিমান্) মংদরে গিরী (মন্দর গিরি= মেরু পর্বত) ণগাণ (পর্বতসমূহের মধ্যে) পবরে (প্রবর=শ্রেষ্ঠ) (হয়) এবং (তদ্রূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হন) ॥২৯॥

যেমন নানাপ্রকার ঔষধির দ্বারা দীপ্তিমান্ সুমহান্ মন্দর বা মেরুপর্বত অন্যান্য পর্বত সমূহের মধ্যে শ্রেষ্ঠ তদ্রূপ নানাপ্রকার লব্ধি, সিদ্ধি আদি শক্তি সম্পন্ন, স্থিরধী, বহুশ্রুত আচার্য অন্য তীর্থিকদিগের মধ্যে শ্রেষ্ঠ ॥২৯॥

জহা সে সয়ংভূরমণে[২], উদহী অক্খওদএ।
ণাণারয়ণপড়িপুণ্ণে, এবং হবই বহুস্সুএ ॥৩০॥

জহা (যেমন) সে (সেই) ণাণারয়ণপড়িপুণ্ণে (নানা রত্নপ্রতিপূর্ণ) অক্খওদএ (অক্ষয়োদক=অক্ষয় জলরাশি পরিপূর্ণ) সয়ংভূরমণে (স্বয়ম্ভূরমণ নামক)

১। "নানাপ্রকারাভির্ৌষধিভিঃ শল্যবিশল্যাসঞ্জীবনীসংরোহিণীচিত্রাবল্লীসুধাবল্লীবিষাপহারিণীশস্ত্রনিবারিণীভূতনাগদমন্যাদিভির্মূলীভিঃ প্রজ্বলিতো জাজ্বল্যমানঃ" টীকা ১।

২। এই অধ্যয়নের ২৭ সূত্রের ১নং পাদটীকায় বলা হইয়াছে যে **জম্বুদ্বীপ** লবণ সমুদ্রের দ্বারা পরিবেষ্টিত। এই লবণ সমুদ্রের চতুর্দিকে বলয়াকার ধাতকীখণ্ড নামক দ্বীপ ও তাহার চতুর্দিকে কালোদধি নামক সমুদ্র আছে। কালোদধির চতুর্দিকে পুষ্করবর নামক বলয়াকার দ্বীপ ও তাহার চতুর্দিকে পুষ্করোদধি নামক বলয়াকার সমুদ্র আছে। এইরূপে দ্বীপের পর সমুদ্র ও সমুদ্রের পর বলয়াকার দ্বীপ অবস্থিত আছে, যাহা সংখ্যায় অসংখ্যেয়। এই অসংখ্যেয় দ্বীপ ও সমুদ্রের পর শেষ সমুদ্রের নাম স্বয়ম্ভুরমণ। তৃতীয় দ্বীপ পুষ্করবরের মধ্যস্থলে এক বলয়াকার পর্বত আছে যাহা এই দ্বীপকে দুইভাগে বিভক্ত করে। এই পর্বতকে মানুষোত্তর পর্বত বলে। ইহার পরে মনুষ্যের বসতি নাই। জম্বুদ্বীপ, ধাতকীখণ্ড ও অর্ধেক পুষ্করবর দ্বীপ—এই আড়াই দ্বীপে মনুষ্যের বসতি। তত্ত্বার্থসূত্র ৩।১২-১৪।

উদহী (উদধি=মহাসমুদ্র) (শোভিত হয়) এবং (তদ্রূপ) বহুস্সুএ (বহুশ্রুত) হবই (হন) ॥৩০॥

যেমন নানারত্নপরিপূর্ণ অক্ষয় জলরাশিযুক্ত স্বয়ম্ভূরমণ নামক মহাসমুদ্র শোভিত হয় তদ্রূপ সম্যক্ জ্ঞানাদি সম্পন্ন, সর্বশাস্ত্রের আধার, বহুশ্রুত আচার্য শোভিত হন ॥৩০॥

সমুদ্দগংভীরসমা দুরাসয়া[১], অচক্কিয়া কেণই দুপ্পহংসয়া।
সুয়স্স পুণ্ণা বিউলস্স তাইণো, খবিত্তু কম্মং গইমুত্তমং গয়া ॥৩১॥

সমুদ্দগংভীরসমা (সমুদ্রের ন্যায় গম্ভীর) দুরাসয়া (দুরাশ্রয়=যাঁহাকে কেহ বঞ্চিত করিতে পারে না) অচক্কিয়া (অচকিত=যিনি কষ্ট ও উপসর্গাদির দ্বারা ত্রাস প্রাপ্ত হন না, নির্ভীক) কেণই (কাহারও দ্বারা) দুপ্পহংসয়া (দুষ্প্রধর্ষক =যিনি কাহারও কর্তৃক পরাভূত হন না, অপরাজেয়) বিউলস্স (বিপুল= বিস্তীর্ণ) সুয়স্স (শ্রুতজ্ঞানের দ্বারা) পুণ্ণা (পূর্ণ) তাইণো (ত্রাণকারক) (বহুশ্রুত) কম্মং (কর্মকে) খবিত্তু (ক্ষয় করিয়া) উত্তমং (উত্তম=শ্রেষ্ঠ) গইং (গতি) গয়া (প্রাপ্ত হন) ॥৩১॥

সমুদ্রের ন্যায় গম্ভীর, যাহাকে কেহ বঞ্চিত করিতে পারে না, নির্ভীক, অপরাজেয়, বিস্তীর্ণ শ্রুত-শাস্ত্রের জ্ঞানসম্পন্ন, সমস্ত জীবের ত্রাণকর্তা, বহুশ্রুত জ্ঞানী কর্মক্ষয় করিয়া উত্তম গতি অর্থাৎ মুক্তিপ্রাপ্ত হন ॥৩১॥

তম্হা সুয়মহিট্ঠিজ্জা, উত্তমট্ঠগবেসএ।
জেণপ্পাণং পরং চেব, সিদ্ধিং সংপাউণিজ্জাসি ॥৩২॥ ত্তি বেমি ॥

তম্হা (সেই জন্য) উত্তমট্ঠগবেসএ (উত্তমার্থ গবেষক=মোক্ষার্থী) সুয়ং (শ্রুত=সিদ্ধান্তশাস্ত্র) অহিট্ঠিজ্জা (অধিতিষ্ঠেৎ=অধ্যয়ন, শ্রবণ, চিন্তনাদির দ্বারা অভ্যাস করিবে) জেণ (যাহার দ্বারা) অপ্পাণং (নিজকে) পরং চেব (ও পরকে) সিদ্ধিং (সিদ্ধি=মুক্তি) সংপাউণিজ্জাসি (সংপ্রাপয়েৎ=সংপ্রাপ্ত করাইবে) ॥৩২॥ এইরূপ বলিতেছি ॥

তজ্জন্য মোক্ষাভিলাষী পুরুষ শ্রুতশাস্ত্রের অভ্যাস করিবে যাহার দ্বারা স্বয়ং মুক্তিপ্রাপ্ত হইবে এবং অপরকেও মুক্তিপ্রাপ্ত করাইবে ॥৩২॥ এইরূপ বলিতেছি ॥

ইতি বহুশ্রুতপূজা, একাদশ অধ্যয়ন

১। "দুরাশ্রয়া কেনাপি বঞ্চিতুমশক্যা ইত্যর্থঃ" টীকা ১।

হরিকেশীয়

দ্বাদশ অধ্যয়ন

সোবাগকুলসংভূও, গুণুত্তরধরো[১] মুণী।
হরিএসবলো* ণাম, আসি ভিক্খূ জিইংদিয়ো ॥১॥

সোবাগকুলসংভূও (শ্বপাক কুল সম্ভূত=চণ্ডাল কুলোৎপন্ন) গুণুত্তরধরো (গুণোত্তরধর=শ্রেষ্ঠ গুণসম্পন্ন, জ্ঞানদর্শন চারিত্র সম্পন্ন) মুণী (মুনি=সংসার হইতে বিরত) জিইংদিয়ো (জিতেন্দ্রিয়) হরিএসবলো ণাম (হরিকেশবল নামক) ভিক্খূ (ভিক্ষু) আসি (ছিলেন) ॥১॥

চণ্ডাল কুলোৎপন্ন, জ্ঞানদর্শনাদি শ্রেষ্ঠ গুণ সম্পন্ন, সংসারত্যাগী, জিতেন্দ্রিয় হরিকেশবল নামক ভিক্ষু ছিলেন ॥১॥

১। "গুণত্রয়ধরঃ জ্ঞানদর্শনচারিত্রাখ্যং ধরতীতি গুণত্রয়ধরঃ" টীকা ১।

* গঙ্গাতটে হরিকেশ নামক জনপদের অধিপতি বলকোষ্ট নামক চণ্ডালের পুত্ররূপে হরিকেশবল জন্মগ্রহণ করেন; ইঁহার নাম বল এবং হরিকেশ দেশে জন্ম বলিয়া হরিকেশবল আখ্যা প্রাপ্ত হইয়াছিলেন। বাল্যকালে ইনি অত্যন্ত দুর্দান্ত ছিলেন। বয়োবৃদ্ধির সহিত পূর্বজন্মের সুকৃত বশে ইঁহার জাতিস্মরণ জ্ঞান উৎপন্ন হয়, এবং সংসার ত্যাগ করিয়া শ্রমণদীক্ষা গ্রহণ করেন। হরিকেশবল ঘোর তপস্যা আচরণ করিয়া বিচরণ করিতে করিতে একদা বারাণসী নগরীতে উপস্থিত হইলেন, এবং সেই নগরীর উপকণ্ঠে তিন্দুকবনের মধ্যস্থিত মণ্ডিক নামক যক্ষের মন্দিরে থাকিয়া তপস্যা ও ধ্যান করিতে লাগিলেন। সেই মুনির তপস্যার প্রভাবে যক্ষ তাঁহার প্রতি অত্যন্ত সন্তুষ্ট ও সহানুভূতিসম্পন্ন হইলেন। একদা কোশলদেশের রাজার ভদ্রা নামক পুত্রী সখীগণসহ যক্ষকে পূজা করিবার জন্য সমাগত হইল ও সেই স্থলে তপস্যার দ্বারা কৃশ শরীর ও মলিনবস্ত্রধারী কুরূপ মুনিকে দেখিয়া তাঁহাকে তিরস্কার ও অপমান করিল। ভদ্রার এইরূপ কুৎসিত ব্যবহারে যক্ষ কুপিত হইয়া ভদ্রার শরীরে প্রবিষ্ট হইলেন এবং তজ্জন্য ভদ্রা মূর্ছা প্রাপ্ত হইল। রাজা নানাপ্রকার চিকিৎসা ও মন্ত্রাদির উপচার করিয়াও তাহাকে সুস্থ করিতে সমর্থ হইলেন না। তখন সেই যক্ষ ভদ্রার মুখ দিয়া প্রকাশ করিলেন যে এই কন্যা মহামুনিকে অপমান করিয়াছে অতএব যদি ইহাকে সেই মুনির সহিত বিবাহ দেন তবেই এই কন্যা সুস্থ হইবে। রাজা বাধ্য হইয়া সম্মত হইলেন ও কন্যা তৎক্ষণাৎ সুস্থ হইয়া উঠিল। রাজা তৎপরে ভদ্রাকে বস্ত্রালঙ্কার দ্বারা বিভূষিত করিয়া যক্ষের মন্দিরে সেই সাধুর সহিত পরিণীত হইতে প্রেরণ করিলেন কিন্তু হরিকেশবল সংসার ত্যাগ করিয়া ব্রহ্মচর্য ধারণ করিয়াছেন বলিয়া সেই কন্যাকে প্রত্যাখ্যান করিলেন। সাধু কর্তৃক প্রত্যাখ্যাত হইলে সাধুর সহিত

ইরিএসণভাসাএ[১], উচ্চারসমিঈসু য।
জও আয়াণণিক্খেবে, সংজও সুসমাহিও ॥২॥

(হরিকেশবল) ইরিএসণভাসাএ (ঈর্যা এষণা ভাষা, ঈর্যা=গমনাগমন, এষণা =আহারগ্রহণ, ভাষা=ভাষার ব্যবহার) উচ্চার (উচ্চার=মলমূত্রাদি নিক্ষেপণ) সমিঈসু (সমিতিতে=সম্যক্ ব্যবহারে) য (ও) আয়াণ-ণিক্খেবে (আদান নিক্ষেপে=গ্রহণ ও স্থাপন বিষয়ে, বস্ত্র পাত্রাদি উপকরণ গ্রহণ ও স্থাপন বিষয়ে) জও (যত=যত্নবান্) সংজও (সংযত) সুসমাহিও (সুসমাহিত) (ছিলেন) ॥২॥

হরিকেশবল মুনি ঈর্যা, এষণা, ভাষা, উচ্চার ও আদাননিক্ষেপ এই পাঁচ প্রকার সমিতি অর্থাৎ সম্যক্ ব্যবহারে যত্নবান্, সংযত ও সুসমাহিত ছিলেন ॥২॥

মণগুত্তো[২] বয়গুত্তো, কায়গুত্তো জিইংদিও।
ভিক্খট্ঠা বংভইজ্জংমি, জণ্ণবাড়মুবট্ঠিও ॥৩॥

মণগুত্তো (মনোগুপ্ত=মনোগুপ্তির দ্বারা গুপ্ত, যাহার মন নিয়ন্ত্রিত হইয়াছে) বয়গুত্তো (বাগ্‌গুপ্ত=যাহার বচন নিয়ন্ত্রিত) কায়গুত্তো (কায়গুপ্ত=যাহার শরীরের ক্রিয়া নিয়ন্ত্রিত) জিইংদিও (জিতেন্দ্রিয়) (মুনি) ভিক্খট্ঠা

বিবাহের জন্য উৎসৃষ্ট কন্যার কে পাণিগ্রহণ করিবে এই বলিয়া রাজা চিন্তিত হইলেন এবং কি করা কর্তব্য তাহা পুরোহিতকে জিজ্ঞাসা করিলে পুরোহিত কোন ব্রাহ্মণকে সম্প্রদান করিবার উপদেশ প্রদান করেন। রাজা সোমদেব নামক সেই রাজপুরোহিতকেই কন্যা সম্প্রদান করিলেন। সোমদেব পুরোহিত কোন সময়ে যজ্ঞ করিবার জন্য ব্রাহ্মণগণকে আমন্ত্রণ করিয়া আনিলেন ও প্রভূত ভোজন সামগ্রী প্রস্তুত করাইলেন। ইত্যবসরে হরিকেশবল মুনি একমাস উপবাসের পর পারণের জন্য ভিক্ষার্থে সেই যজ্ঞস্থলে উপনীত হইলেন। ইহার পরের বৃত্তান্ত মূলসূত্রে লিখিত আছে।

১। পাঁচ প্রকার সমিতির বিবরণ ৮ অধ্যায়ের ৯ম সূত্রের ২নং পাদটীকা দ্রষ্টব্য।

২। গুপ্তি তিনপ্রকার যথা—মন, বচন ও কায় গুপ্তি। গুপ্তিশব্দের অর্থ মন, বচন ও কায়ের যোগের প্রশস্ত নিগ্রহ অর্থাৎ বুদ্ধি ও শ্রদ্ধাপূর্বক মন বচন ও কায়কে উন্মার্গ হইতে প্রতিরোধ করিয়া সন্মার্গে প্রবর্তন করা। দুষ্ট ও সদসৎ অর্থাৎ মিশ্রিত সঙ্কল্পকে ত্যাগ করিয়া প্রশস্ত সঙ্কল্প অবলম্বন করাকে মনোগুপ্তি, বচনের নিয়ন্ত্রণ বা প্রয়োজন হইলে মৌনাবলম্বন করা কিংবা সত্য ও প্রিয়ভাষণকে বচনগুপ্তি এবং প্রত্যেক শারীরিক ক্রিয়াতে স্বচ্ছন্দতা পরিহার করিয়া নিয়মাধীনভাবে উত্থান ও অবস্থানাদি শারীরিক ক্রিয়াসম্পন্ন করাকে কায়গুপ্তি বলে। তত্ত্বার্থসূত্র ৯।৪।

(ভিক্ষার্থ=ভিক্ষার জন্য) বংভইজ্জংমি (ব্রাহ্মণেজ্যাতে=ব্রাহ্মণগণের যজ্ঞে) জণ্ণবাড়ম্ (যজ্ঞপাটে=যজ্ঞস্থলে) উবট্ঠিও (উপস্থিত হইলেন) ॥৩॥

মন বচন ও কায়ের গুপ্তিযুক্ত জিতেন্দ্রিয় হরিকেশ মুনি ব্রাহ্মণগণের যজ্ঞস্থলে ভিক্ষার জন্য উপস্থিত হইলেন ॥৩॥

তং পাসিউণমিজ্জংতং[১], তবেণ পরিসোসিয়ং।
পংতোবহিউবগরণং[২], উবহসংতি অণারিয়া ॥৪॥

তবেণ (তপস্যার দ্বারা) পরিসোসিয়ং (পরিশোষিত=কৃশ) পংতোবহি-উবগরণং (প্রান্তোপধ্যুপকরণ=অত্যন্ত জীর্ণবস্ত্র ও উপকরণ যুক্ত) তং (সেই মুনিকে) ইজ্জংতং (আসিতে) পাসিউণং (দেখিয়া) অণারিয়া (অনার্য=অনার্যের ন্যায় আচরণকারী) (ব্রাহ্মণগণ) উবহসংতি (উপহাস করিতে লাগিলেন) ॥৪॥

তপস্যার দ্বারা পরিশুষ্ক শরীর, অত্যন্ত জীর্ণ ও মলিন বস্ত্রাদি উপকরণ সমন্বিত সেই মুনিকে আগত দেখিয়া অশিষ্ট প্রকৃতি ব্রাহ্মণগণ তাঁহাকে উপহাস করিতে লাগিল ॥৪॥

জাঈময়পড়িথদ্ধা[৩], হিংসগা অজিইংদিয়া।
অবংভচারিণো বালা, ইমং বয়ণমব্ববী ॥৫॥

জাঈময়পড়িথদ্ধা (জাতিমদপ্রতিস্তব্ধ=জাতিমদের দ্বারা দৃপ্ত) হিংসগা (হিংসক=জীবহিংসাকারী) অজিইংদিয়া (অজিতেন্দ্রিয়) অবংভচারিণো (অব্রহ্মচারী) বালা (বাল=অজ্ঞান, বিবেকশূন্য) (ব্রাহ্মণগণ) ইমং (এইরূপ) বয়ণং (বচন=বাক্য) অব্ববী (বলিলেন) ॥৫॥

জাতিমদের দ্বারা দৃপ্ত, জীবহিংসাকারী, অজিতেন্দ্রিয়, অব্রহ্মচারী ও বিবেকশূন্য ব্রাহ্মণগণ এইরূপ বলিতে লাগিলেন ॥৫॥

১। 'এজ্জংতং' টীকা ১।

২। "প্রান্তো জীর্ণমলিণত্বাদিভিরসার উপধির্বর্ষকল্পাদিরৌধিক উপকরণং চ দণ্ডকাদ্যৌপ-গ্রহিকং যস্য স" টীকা ২।

৩। 'জাইময়ং' টীকা ৩। "জাভিমদেন ব্রাহ্মণ্যাভবত্বেন যোমদোঽহংকার স্তেন প্রতিস্তব্ধা অনম্রা জাতিমদপ্রতিস্তব্ধাঃ' টীকা ১।

কয়রে আগচ্ছই[১] দিত্তরূবে, কালে বিকরালে ফোক্কণাসে[২]।
ওমচেলএ পংসুপিসায়ভূএ, সংকরদূসং[৩] পরিহরিয়[৪] কংঠে ॥৬॥

দিত্তরূবে (দীপ্তরূপ=বীভৎসরূপ) কালে (কাল=কৃষ্ণবর্ণ) বিকরালে (বিকরাল=অতিভীষণ আকৃতি বিশিষ্ট) ফোক্কণাসে (ফোক্কনাস=অগ্রে স্থূল ও পশ্চাতে চেপ্টা নাসিকা বিশিষ্ট) ওমচেলএ (অবমচেলক=অত্যন্ত জীর্ণবস্ত্রধারী) পংসুপিসায়ভূএ (পাংশুপিশাচভূত=ধূলির দ্বারা পিশাচীভূত, যে ধূলি ও মলিনতার দ্বারা পিশাচের ন্যায় হইয়াছে) সংকরদূসং (সঙ্করদূষ্য=অত্যন্ত নিকৃষ্ট ও অন্যের দ্বারা পরিত্যক্ত বস্ত্র) কংঠে (কণ্ঠে) পরিহরিয় (পরিধৃত্য=নিক্ষেপ করিয়া) কয়রে (কে) আগচ্ছই (আসিতেছে) ॥৬॥

বীভৎসরূপবিশিষ্ট, ঘোর কৃষ্ণবর্ণ, ভীষণমূর্তি, প্রশস্ত ও অনুচ্চ (চেপ্টা) নাসিকা সমন্বিত, অতিজীর্ণবস্ত্রধারী, ধূলি ও মলিনতার দ্বারা পিশাচবৎ প্রতীয়মান, অত্যন্ত নিকৃষ্ট ও পরিত্যক্ত বস্ত্র কণ্ঠে নিক্ষেপ করিয়া এ কে আসিতেছে? (এইরূপ ব্রাহ্মণগণ পরস্পর আলোচনা করিল) ॥৬॥

কয়রে তুমং ইয়[৫] অদংসণিজ্জে, কাএ ব আসা ইহমাগওসি।
ওমচেলগা পংসুপিসায়ভূয়া, গচ্ছ ক্খলাহি[৬] কিমিহং ঠিওসি ॥৭॥

ওমচেলগা (জীর্ণবস্ত্রধারী) পংসুপিসায়ভূয়া (মলিন পিশাচবৎ প্রতীয়মান) অদংসণিজ্জে (অদর্শনীয়=কুদর্শন) কয়রে তুমং (কে তুই) কাএ ব (কি) আসা (আশায়) ইহমাগওসি (ইহমাগতোসি=এখানে আসিয়াছিস্) গচ্ছ (চলিয়া যা) খলাহি (বাহির হইয়া যা=দূর হ) কিমিহং (কেন এখানে) ঠিওসি (স্থিতোসি=দাঁড়াইয়া আছিস্) ॥৭॥

১। 'আগচ্ছঈ' টীকা ৩।

২। 'পোক্কনাসে' টীকা ১। 'ফুক্কনাসে' টীকা ৩। "পোক্কা অগ্রে স্থূলোন্নতা মধ্যে নিম্না চিপ্পটা নাসা যস্য" টীকা ১।

৩। "সঙ্করঃ সচেহ প্রস্তাবাত্তৃণভস্মগোময়াঙ্গারাদিমীলকউক্কুরুড়িকেতি যাবৎ তত্র দূষ্যং বস্ত্রং সঙ্করদূষ্যং, তত্রহি যদত্যন্তনিকৃষ্টং নিরুপযোগি তল্লোকৈরুৎসৃজ্যতে" টীকা ৩।

৪। 'পরিহিয়' টীকা ২। "পরিবৃত্য নিক্ষিপ্যেত্যর্থঃ" টীকা ৩। "পরিধৃত্য নিক্ষিপ্য" টীকা ২।

৫। 'ইই' টীকা ২।

৬। "দেশীয়পদমপসরেত্য স্যার্থে বর্ত্ততে" টীকা ৩।

জীর্ণবস্ত্রধারী, মলিন পিশাচবৎ প্রতীয়মান, কুদর্শন তুই কে? কি আশায় এখানে আসিয়াছিস্? চলিয়া যা! দূর হ! কেন এখানে দাঁড়াইয়া আছিস্? ॥৭॥

জক্খো তহিং তিংদুয়রুক্খবাসী[১], অণুকংপও[২] তস্স মহামুণিসস্।
পচ্ছায়ইত্তা[৩] ণিয়গং সরীরং, ইমাইং বয়ণাইমুদাহরিত্থা ॥৮॥

তহিং (সেই সময়ে) তস্স (সেই) মহামুণিস্স (মহামুনির) অণুকংপও (অনুকম্পক=অনুকম্পাকারী, সেবক, সহানুভূতিসম্পন্ন) তিংদুয়রুক্খবাসী (তিন্দুকবৃক্ষবাসী) জক্খো (যক্ষ) ণিয়গং (নিজের) সরীরং (শরীর) পচ্ছায়ইত্তা (প্রচ্ছাদ্য=প্রচ্ছন্ন করিয়া, অর্থাৎ সাধুর শরীরে প্রবেশ করিয়া) ইমাইং (এইরূপ=নিম্নলিখিত মত) বয়ণাইং (বচন) উদাহরিত্থা (বলিলেন) ॥৮॥

সেই সময়ে সেই মহামুনির প্রতি সহানুভূতিসম্পন্ন তিন্দুকবৃক্ষবাসী যক্ষ নিজের শরীরকে প্রচ্ছন্ন করিয়া অর্থাৎ সাধুর শরীরে প্রবেশ করিয়া এইরূপ বলিলেন ॥৮॥

সমণো অহং সংজও বংভয়ারী, বিরও ধণপয়ণপরিগ্গহাও।
পরপ্পবিত্তসস্ উ ভিক্খকালে, অণ্ণস্স অট্ঠা ইহমাগওমি ॥৯॥

(হে ব্রাহ্মণগণ) অহং (আমি) সমণো (শ্রমণ) সংজও (সংযত) বংভয়ারী (ব্রহ্মচারী) ধণপয়ণপরিগ্গহাও (ধনপচন পরিগ্রহ হইতে, ধন=গো-মহিষাদি পশু, পচন=আহারাদি পাক=রন্ধন করা, পরিগ্রহ=দ্রব্যাদিতে আসক্তি তাহা হইতে) বিরও (বিরত=নিবৃত্ত) ভিক্খকালে (ভিক্ষাকালে=ভিক্ষার সময়ে) পরপ্পবিত্তস্স উ (পরপ্রবৃত্তস্য=অন্যের জন্য কৃত) অণ্ণস্স (অন্নের) অট্ঠা (অর্থে=জন্য) ইহমাগওসি (এখানে আসিয়াছি) ॥৯॥

হে ব্রাহ্মণগণ, আমি শ্রমণ, সংযত, ব্রহ্মচারী, ধন পরিগ্রহ ও আহারাদি

১। তিন্দুক বনে একটী বৃহৎ তিন্দুক বৃক্ষে এই যক্ষ বাস করিত এবং সেই বৃক্ষের তলায় সেই যক্ষের মন্দিরে সাধু ধ্যান করিতেন তজ্জন্য ঐ যক্ষ সাধুর প্রতি সহানুভূতি সম্পন্ন হইয়াছিল।

২। "অনরূপং কম্পতে চেষ্টতে ইত্যনুকংপকঃ সাধোঃ সেবক ইত্যর্থঃ" টীকা ১।

৩। "প্রচ্ছাদ্য স্বশরীরং প্রচ্ছন্নং বিধায় সাধুশরীরে প্রবেশং কৃত্বা" টীকা ১।
"তদ্দেহ এবানুপ্রবিশ্য স্বয়মনুপলক্ষ্য সন্" টীকা ২।

রন্ধন হইতে বিরত, এবং ভিক্ষার সময়ে পরের জন্য কৃত অন্ন ভিক্ষা করিতে এখানে আসিয়াছি ॥৯॥

বিয়রিজ্জই খজ্জই ভুজ্জঈ য়, অণ্ণং পভূয়ং ভবয়াণমেয়ং।
জাণাহি মে জায়ণজীবিণুত্তি, সেসাবসেসং লহউ[১] তবস্সী ॥১০॥

ভবয়াণং (আপনাদের) এয়ং (এই) পভূয়ং (প্রভূত) অণ্ণং (অন্ন) বিয়রিজ্জই (বিতরিত হইতেছে) খজ্জই (খাদ্যতে=ভক্ষিত হইতেছে, ঘৃত পূরাদি সশব্দে ভক্ষিত হইতেছে) য় (এবং) ভুজ্জঈ (ভুজ্যতে=ভোজন করা হইতেছে, ভাত দাল প্রভৃতি ভোজন করা হইতেছে) মে (আমাকে) জায়ণজীবিণুত্তি (যাচনজীবী বলিয়া) জাণাহি (জানিবেন) তবস্সী (তপস্বী) সেসাবসেসং (শেষাবশেষ=সর্বশেষে যাহা অবশিষ্ট আছে তাহা) লহউ (প্রাপ্ত হউক) ॥১০॥

আপনাদের এই প্রভূত অন্ন বিতরিত হইতেছে, মিষ্টান্নাদি ভক্ষিত ও অন্ন-ব্যঞ্জনাদি ভুক্ত হইতেছে। আমাকে ভিক্ষোপজীবী বলিয়া জানিবেন এই তপস্বী সর্বশেষে যাহা অবশিষ্ট থাকে তাহা প্রাপ্ত হউক ॥১০॥

উবক্খড়ং[২] ভোয়ণ মাহণাণং, অত্তট্ঠিয়ং সিদ্ধমিহেগপক্খং।
ন উ বয়ং এরিসমণ্ণপাণং, দাহামু তুব্ভং[৩] কিমিহং ঠিওসি ॥১১॥

ইহ (এই স্থলে=এই যজ্ঞস্থলে) উবক্খড়ং (উপস্কৃত=লবণাদির দ্বারা সংস্কৃত) ভোয়ণ (ভোজন) এগপক্খং (একপক্ষ=কেবলমাত্র) মাহণাণং (ব্রাহ্মণ-গণের) অত্তট্ঠিয়ং (আত্মার্থিক=নিজের জন্য) সিদ্ধং (সিদ্ধ=প্রস্তুত) (হইয়াছে) বয়ং (আমরা) এরিসং (এই) অণ্ণপাণং (অন্ন ও পানীয়) তুব্ভং (তোমাকে) ন উ দাহামু (দিব না) কিমিহং (কিসের জন্য এখানে) ঠিওসি (দাঁড়াইয়া আছ) ॥১১॥

(ব্রাহ্মণগণ বলিলেন যে) এই যজ্ঞমণ্ডপে ঘৃতলবণাদির দ্বারা নিষ্পন্ন ভোজন কেবলমাত্র ব্রাহ্মণগণের নিজের জন্যই প্রস্তুত হইয়াছে। আমরা এই অন্ন পানীয় তোমাকে দিব না) এখানে কেন দাঁড়াইয়া আছ ? ॥১১॥

১। 'লহও' টীকা ৩।
২। "লবণাদি সংস্কৃতং" টীকা ২।
৩। 'তুব্ভং' টীকা ৩।

থলেসু বীয়াইং ববংতি[১] কাসয়া,[২] তহেব ণিণ্ণেসু য় আসসাএ।
এয়াই সদ্ধাই দলাহি[৩] মজ্ঝং, আরাহএ পুণ্ণমিণং খু খিত্তং ॥১২॥

কাসয়া (কর্ষকগণ=কৃষকগণ) থলেসু (স্থলে=উচ্চভূমিতে) তহেব (তদ্রূপ) ণিণ্ণেসু য় (নিম্নভূমিতে ও) আসসাএ (আশংসাতে=ফল প্রাপ্তির প্রত্যাশাতে) বীয়াইং (বীজ সকল) ববংতি (বপন করে) এয়াই (এই প্রকার) সদ্ধাই (শ্রদ্ধাতে) মজ্ঝং (আমাকে) দলাহি (দান করুন) (এবং) ইণং (এই) পুণ্ণং (পুণ্য=পবিত্র) খিত্তং (ক্ষেত্রকে=পাত্রকে) খু (নিশ্চয়ই) আরাইএ (আরাধন করুন=লাভ করুন, অর্থাৎ পুণ্যোপার্জন করুন) ॥১২॥

(যক্ষ উত্তর করিলেন) কৃষকগণ যেমন ফসল প্রাপ্তির আশায় উচ্চ ও নিম্নভূমিতে বীজবপন করে, সেই প্রকার শ্রদ্ধায় আমার ন্যায় এই পবিত্র পাত্রকে দান করিয়া পুণ্য উপার্জন করুন (কৃষকগণ যেমন প্রচুর বর্ষা হইলে উচ্চভূমিতে ও অল্প বর্ষা হইলে নিম্নভূমিতে ফসলপ্রাপ্তির আশায় উচ্চ ও নিম্ন উভয় প্রকার ভূমিতে বীজ বপন করে তদ্রূপ আপনারা ব্রাহ্মণগণ উর্বর নিম্নভূমির ন্যায় হইলেও আমাকে অনুর্বর উচ্চভূমি মনে করিয়া ও আমার ন্যায় পাত্রকে দান করিয়া পুণ্যোপার্জন করুন।) ॥১২॥

খিত্তাণি[৪] অম্হং বিইয়াণি লোএ, জহিং পকিণ্ণা বিরুংহতি পুণ্ণা।
জে মাহণা জাইবিজ্জোববেয়া, তাইং তু খিত্তাইং সুপেসলাইং ॥১৩॥

(ব্রাহ্মণগণ বলিলেন) লোএ (লোকে=সংসারে) খিত্তাণি (ক্ষেত্র=পাত্র) অম্হং (আমাদিগের) বিইয়াণি (বিদিত আছে) জহিং (যেখানে) পকিণ্ণা (প্রকীর্ণ=উপ্ত, প্রদত্ত) (বীজ বা দান) পুণ্ণা (পূর্ণরূপে) বিরুহংতি (উদ্‌গত হয়=ফলদায়ক হয়) জে (যে সকল) মাহণা (ব্রাহ্মণগণ) জাইবিজ্জোববেয়া (জাতিবিদ্যোপপেত=জাতি ও বিদ্যাসম্পন্ন) তাইং (তাহারা) তু (নিশ্চয়ই) সুপেসলাইং (সুপেশল=সুন্দর, প্রশান্ত) খিত্তাইং (ক্ষেত্র=পাত্র) ॥১৩॥

(ব্রাহ্মণগণ বলিলেন) এই সংসারে যেখানে বীজবপন বা দান করিলে

১। 'বয়ংতি' টীকা ৩।
২। 'কাসগা' ৪নং।
৩। 'দলাহ' টীকা ৩।
৪। 'খেত্তাণি' টীকা ১।

সম্পূর্ণরূপে ফলদায়ক হয় সেই ক্ষেত্র বা পাত্র আমাদের নিকট বিদিত আছে। জাতি ও বিদ্যাসম্পন্ন যে সকল ব্রাহ্মণগণ আছেন তাঁহারাই প্রশস্ত পাত্র ॥১৩॥

কোহো য় মাণো য় বহো য় জেসিং[১], মোসং অদত্তং চ পরিগ্‌গহং চ।
তে মাহণা জাইবিজ্জাবিহীণা, তাইং তু ক্ষিত্তাইং সুপাবয়াইং ॥১৪॥

(যক্ষ বলিলেন) জেসিং (যাহাদের মধ্যে) কোহো য় (ক্রোধ) মাণো য় (মান=মায়া ও লোভে) বহো য় (বধও=জীবহিংসাও) মোসং (মৃষ ভাষণ) অদত্তং চ (অদত্তাদান=চৌর্য) পরিগ্‌গহং চ (পরিগ্রহ ও= সম্পত্তির প্রতি আসক্তিও) (আছে) তে মাহণা (সেই ব্রাহ্মণগণ) জাই-বিজ্জাবিহীণা (জাতি ও বিদ্যা বিহীন) তাইং (তাহারা) তু (নিশ্চয়ই) সুপাবয়াইং (সুপাপক=অশোভন, নিকৃষ্ট) খিত্তাইং (ক্ষেত্র=পাত্র) ॥১৪॥

(যক্ষ বলিলেন) যাহাদের মধ্যে ক্রোধ, মান, জীবহিংসা, মিথ্যাভাষণ চৌর্য ও পরিগ্রহ আছে সেই ব্রাহ্মণগণ জাতি ও বিদ্যাবিহীন—নিশ্চয়ই তাহারা নিকৃষ্ট পাত্র ॥১৪॥

তুব্ভেত্থ[২] ভো ভারহরা গিরাণং, অট্ঠং ন জাণাহ[৩] অহিজ্জ বেএ।
উচ্চাবয়াইং মুণিণো চরংতি, তাইং তু খিত্তাইং সুপেসলাইং ॥১৫॥

ভো (হে ব্রাহ্মণগণ) ইত্থ (এই সংসারে) তুব্ভ (আপনারা) গিরাণং (গিরের=বেদবাক্যের) ভারহরা (ভারহরা=ভারবহনকারী) (কারণ) বেএ (বেদসকল) অহিজ্জ (অধ্যয়ন করিয়া) (ও) অট্ঠং (অর্থ) ন জাণাহ (জ্ঞাত হও নাই) মুণিণো (মুনিগণ) উচ্চাবয়াইং (উচ্চাবচানি=উত্তম ও অধম গৃহে অথবা উচ্চব্রতানি=মহাব্রতসমূহ) চরংতি (বিচরণ করেন=ভিক্ষার জন্য বিচরণ করেন পালন করেন) তাইং (সেই মুনিগণ) তু (নিশ্চয়ই) সুপেসলাইং (প্রশান্ত) খেত্তাইং (ক্ষেত্র=পাত্র) ॥১৫॥

হে ব্রাহ্মণগণ, এই সংসারে আপনারা বেদবাক্যের ভারবাহক মাত্র কেননা আপনারা বেদ অধ্যয়ন করিয়াও তাহার অর্থ অবগত হন নাই।

১। 'জেহিং' টীকা ২।
২। 'তুত্তিত্থ' টীকা ৩।
৩। 'য়াণাহ' টীকা ২ ও ৩।

মুনিগণ উত্তম ও অধমকুলে ভিক্ষার জন্য বিচরণ করিয়া সংযম পালন করেন (অথবা মুনিগণ পঞ্চমহাব্রত পালন করেন) তাঁহারাই প্রশস্ত পাত্র ॥১৫॥

অজ্ঝাবয়াণং পড়িকূলভাসী, পভাসসে কিং তু[১] সগাসি অম্হং।
অবি এয়ং বিণস্সউ অন্নপাণং, ন য ণং দাহামু[২] তুমং ণিয়ংঠা ॥১৬॥

(ব্রাহ্মণগণের শিষ্যগণ বলিলেন) অজ্ঝাবয়াণং (অধ্যাপকগণের) পড়িকূলভাসী (প্রতিকূলভাষী=বিরুদ্ধবাদী) (তুই) অম্হং (আমাদের) সগাসি (সকাশে=সম্মুখে) কিং তু (কি এরূপ) পভাসসে (প্রভাষণ করিতেছিস্=বলিতেছিস্) এয়ং (এই) অন্নপাণং (অন্ন ও পানীয়) অবি বিণস্সউ (যদি বিনষ্টও হয়) (তথাপি) ণিয়ংঠা (রে নির্গ্রন্থ=রে দরিদ্র) তুমং (তোমাকে) ন য দাহামু (নিশ্চয়ই দিব না) ॥১৭॥

(যক্ষের উপরোক্ত বাক্য শ্রবণ করিয়া ব্রাহ্মণগণের শিষ্যগণ ক্রোধান্বিত হইয়া বলিলেন) আমাদের অধ্যাপকগণের বিরুদ্ধবাদী তুই আমাদের সম্মুখে কি বকিতেছিস্? রে নির্গ্রন্থ, এই অন্ন ও পানীয় যদি বিনষ্টও হইয়া যায় তথাপি তোমাকে কিছুতেই দিব না ॥১৬॥

সমিঈহিং মজ্ঝং সুসমাহিয়স্স, গুত্তিহি গুত্তস্স, জিইংদিয়স্স।
জই মে ন দাহিথ[৩] অহেসণিজ্জং[৪], কিমজ্জ জণ্ণাণ লভিত্থ
লাভং ॥১৭॥

(যক্ষ বলিলেন) সমিঈহিং (পঞ্চ সমিতিদ্বারা) সুসমাহিয়স্স (সুসমাহিত=সমাধিযুক্ত) গুত্তিহি (তিন গুপ্তি দ্বারা) গুত্তস্স (গুপ্ত=নিয়ন্ত্রিত) জিইংদিয়স্স (জিতেন্দ্রিয়) মজ্ঝং (আমাকে) (জানিবেন) জই (যদি) মে (আমাকে) এসণিজ্জং (এসণীয়=শুদ্ধ অন্নাদি) ন দাহিত্থ (না দেন) অহ (তাহা হইলে) অজ্জ (অদ্য) জণ্ণাণ (যজ্ঞের) কিং (কি) লাভং লভিত্থ (প্রাপ্ত হইবে) ॥১৭॥

পঞ্চসমিতির দ্বারা সুসমাহিত তিন গুপ্তির দ্বারা নিয়ন্ত্রিত ও জিতেন্দ্রিয়

১। 'নু' টীকা ২।
২। 'দদামো' টীকা ১।
৩। দাইজ্জই" টীকা ১।
৪। 'এসণিজ্জং' টীকা ১।

বলিয়া আমাকে জানিবেন। যদি শুদ্ধ আহার আমাকে না দেন তবে আজ এই যজ্ঞে কি লাভ প্রাপ্ত হইবেন? ॥১৭॥

কে ইত্থ খত্তা উবজোইয়া[১] বা, অজ্ঝাবয়া বা সহ খংডিএহিং।
এয়ং খু দংডেণ ফলেণ[২] হংতা, কংঠংমি ঘিত্তুণ খলেজ্জ জো ণং ॥১৮॥

ইত্থ (এইখানে) কে (কে) খত্তা (ক্ষত্রিয়) বা (অথবা) উবজোইয়া (উপজ্যোতিষ্কা=সূপকার, পাচক) বা (অথবা) খংডিএহিং সহ (ছাত্রদিগের সহিত) অজ্ঝাবয়া (অধ্যাপকগণ) (আছে) জো (যাহারা) এয়ং (ইহাকে =এই ভিখারীকে) দংডেণ (দণ্ডের দ্বারা) ফলেণ (মুষ্টি প্রহারের দ্বারা) হংতা (মারিয়া) কংঠংমি (কণ্ঠে) ঘিত্তুণ (গ্রহণ করিয়া) খলেজ্জ (নিষ্কাশন করিয়া দেয়) ॥১৮॥

(প্রধান ঋত্বিক্ বলিলেন) এখানে ক্ষত্রিয়, পাচক অথবা ছাত্রগণের সহিত অধ্যাপকগণ কে আছে যে এই ভিক্ষুককে দণ্ডের দ্বারা বা মুষ্টিদ্বারা প্রহার করিয়া কণ্ঠ ধরিয়া নিষ্কাশন করিয়া দেয় ॥১৮॥

অজ্ঝাবয়াণং[৩] বয়ণং সুণিত্তা, উদ্ধাইয়া তত্থ বহূ কুমারা।
দংডেহিং বিত্তেহিং[৪] কসেহিং চেব, সমাগয়া তং ইসিং তালয়ংতি[৫] ॥১৯॥

অজ্ঝাবয়াণং (প্রধান অধ্যাপকের) বয়ণং (বচন আদেশ) সুণিত্তা (শ্রবণ করিয়া) বহূ (বহু) কুমারা (কুমারগণ=তরুণ ছাত্রগণ) উদ্ধাইয়া (উদ্ধাবিত হইয়া=ধাবিত হইয়া, দৌড়াইয়া) তত্থ (সেই স্থলে=যেখানে উক্ত মুনি দণ্ডায়মান ছিলেন সেই স্থলে) সমাগয়া (সমাগত হইল) (এবং) দংডেহিং (দণ্ডের দ্বারা=যষ্টির দ্বারা) বিত্তেহিং (বেত্রের দ্বারা) চেব (এবং) কসেহিং (কশার দ্বারা=চাবুকের দ্বারা) তং (সেই) ইসিং (ঋষিকে) তালয়ংতি (তাড়ন করিতে লাগিল) ॥১৯॥

১। "উপজ্যোতিষঃ অগ্নেরুপ সমীপে অগ্নিসমীপবর্ত্তিনঃ পাকস্থানস্থাঃ" টীকা ১। "উপজ্যোতিষ্কাঃ অগ্নিসমীপবর্ত্তিনো মহানসিকা ঋত্বিজো বা" টীকা ৩।

২। "ফলেন চ মুষ্টিপ্রহারেণেতি বৃদ্ধাঃ" টীকা ৩।

৩। "অধ্যাপকানাং উপাধ্যায়ানাং একত্বেপি পূজ্যত্বাদ্বহুবচনং" টীকা ৩।

৪। 'বেত্তেহিং' টীকা ১।

৫। 'তাড়য়ংতি' টীকা ১।

প্রধান অধ্যাপকের আদেশ শ্রবণ করিয়া তরুণ ছাত্রগণ ধাবিত হইয়া সেই মুনি যেখানে ছিলেন সেইস্থলে সমাগত হইল এবং যষ্টি, বেত ও চাবুকের দ্বারা সেই ঋষিকে তাড়ন করিতে লাগিল ॥১৯॥

রণ্ণো তহিং কোসলিয়স্স ধূয়া, ভদ্দত্তি ণামেণ অণিংদিয়ংগী।
তং পাসিয়া সংজয়[১] হম্মমাণং[২], কুদ্ধে কুমারে পরিণিব্ববেই ॥২০॥

তহিং (সেই যজ্ঞস্থলে) কোসলিয়স্স (কোশল দেশের) রণ্ণো (রাজার) অণিংদিয়ংগি (অনিন্দিতাঙ্গী=যাহার শরীর সুন্দর) ভদ্দত্তি নামেণ (ভদ্রা নামে) ধূয়া (কন্যা) তং (সেই) সংজয় (সংযত মুনিকে) হম্মমাণং (হন্যমান =প্রহৃত হইতে) পাসিয়া (দেখিয়া) কুদ্ধে (ক্রুদ্ধ) কুমারে (কুমারগণকে) পরিণিব্ববেই (পরিনির্বাপয়তি=উপশান্ত করিল) ॥২০॥

কোশলদেশের অধিপতির ভদ্রা নাম্নী অনিন্দিতাঙ্গী কন্যা সেই মুনিকে প্রহৃত হইতে দেখিয়া ক্রুদ্ধ তরুণ ছাত্রগণকে উপশান্ত করিল ॥২০॥

দেবাভিওগেণ ণিওইএণং, দিণ্ণা মু রণ্ণা মণসা ন ঝায়া।
ণরিংদদেবিংদভিবংদিএণং, জেণামি বংতা ইসিণা স এসো ॥২১॥

(ভদ্রা ছাত্রগণকে বলিল) দেবাভিওগেণ (দেবাভিযোগের দ্বারা=যক্ষদেব কর্তৃক বলপূর্বক) ণিওইএণং (নিয়োজিত=প্রেরিত) রণ্ণা (রাজার দ্বারা) মু (আমি) দিণ্ণা (দত্তা=প্রদত্তা) (হইলেও যে) মণসা (মনের দ্বারাও) ন ঝায়া (ন ধ্যাতা=অভিলাষ করেন নাই) (এবং সেই) ণরিংদদেবিংদভিবং-দিএণং (নরেন্দ্রদেবেন্দ্রাভিবন্দিত=নরেন্দ্র ও দেবেন্দ্রের দ্বারা অভিবন্দিত) জেণ (যে) ইসিণা (ঋষির দ্বারা) আমি (আমি) বংতা (বান্তা=ত্যক্তা) (হইয়া-ছিলাম) স এসো (এ সেই) (মুনি) ॥২১॥

(ভদ্রা ছাত্রগণকে বলিল) যক্ষদেব কর্তৃক বলপূর্বক নিয়োজিত হইয়া আমার পিতা রাজা আমাকে প্রদান করিলেও যিনি মনের দ্বারাও আমাকে গ্রহণ করিতে ইচ্ছা করেন নাই এবং নরেন্দ্র ও দেবেন্দ্র কর্তৃক পূজিত যে ঋষির দ্বারা আমি ত্যক্তা হইয়াছিলাম সেই ঋষিই এই ॥২১॥

১। 'সংজয়ং' টীকা ১।

২। 'হস্সমাণং'; 'হন্তমানং' টীকা ১।

এসো হু সো উগ্‌গতবো মহপ্পা, জিইংদিও সংজও বংভয়ারী।
জো মে তয়া নেচ্ছই[১] দিজ্জমাণিং, পিউণা সয়ং কোসলিএণ রণ্ণা ॥২২॥

এসো (এই) হু (নিশ্চয়ই) সো (সেই) উগ্‌গতবো (উগ্রতপা=কঠোর তপস্যা আচরণকারী) মহপ্পা (মহাত্মা) জিইংদিও (জিতেন্দ্রিয়) সংজও (সংযত) বংভয়ারী (ব্রহ্মচারী) জো (যিনি) কোসলিএণ (কোশলিকেন =কোশল দেশের) রণ্ণা (রাজা) পিউণা (পিতা কর্তৃক) সয়ং (স্বয়ং) দিজ্জমাণিং (প্রদত্ত হইলেও) তয়া (তদা=সেই সময়ে) মে (আমাকে) নেচ্ছই (ইচ্ছা করেন নাই) ॥২২॥

কোশলদেশের রাজা আমার পিতা স্বয়ং আমাকে সম্প্রদান করিলেও সে সময়ে যিনি আমাকে গ্রহণ করিবার ইচ্ছা করেন নাই নিশ্চয়ই এই সেই উগ্রতপা, জিতেন্দ্রিয়, সংযত, ব্রহ্মচারী মহাত্মা ॥২২॥

মহাজসো এস মহাণুভাগো[২], ঘোরব্বও ঘোরপরক্কমো য়।
মা এয়ং হীলহ অহীলণিজ্জং, মা [৩]সব্বে তেএণ ভে ণিদ্দহিজ্জা[৩] ॥২৩॥

এস (এই মুনি) মহাজসো (মহাযশা=মহাযশস্বী) মহাণুভাগো (মহানুভাগ= অচিন্ত্য শক্তি সম্পন্ন) ঘোরব্বও (ঘোরব্রত) (এবং) ঘোর পরক্কমো (ঘোর পরাক্রম=রৌদ্র মনোবলযুক্ত) (ইনি) অহীলণিজ্জং (অহীলনীয়=অপমানিত হইবার অযোগ্য) এয়ং (ইহাকে) মা হীলহ (অপমান করিও না) ভে (তোমরা) সব্বে (সকলে) তেএণ (তেজের দ্বারা=তপস্তেজের দ্বারা) মা নিদ্দহিজ্জা (মা নির্ধাক্ষীৎ=ভস্মসাৎ হইও না) ॥২৩॥

এই মুনি মহাযশস্বী অচিন্ত্যশক্তিসম্পন্ন, ঘোর ব্রতধারী ও রৌদ্রমনোবলযুক্ত, ইনি অপমানিত হইবার অযোগ্য, ইহাকে অপমান করিবে না। তোমরা সকলে ইহার তপস্তেজের দ্বারা নিজেদেরে ভস্মীভূত হইতে দিও না ॥২৩॥

এয়াইং তীসে বয়ণাই সুচ্চা, পত্তীই ভদ্দাই সুভাসিয়াইং।
ইসিস্‌স বেয়াবড়িয়ট্ঠয়াএ, জক্‌খা কুমারে বিণিবারয়ংতি ॥২৪॥

তীসে (সেই) পত্তীই (পত্নীর=সোমদেব পুরোহিতের পত্নীর) ভদ্দাই (ভদ্রার)

১। 'নিচ্ছই' টীকা ৩।
২। 'মহানুভাবো' টীকা ১।
৩। 'মা ভে সব্বাণ দহিজ্জ এস' টীকা ১।

এয়াইং (পূর্বোক্ত) সুভাসিয়াইং (সুভাষিত) বয়ণাই (বচন) সুচ্চা (শ্রবণ করিয়া) ইসিস্‌স (ঋষির) বেয়াবড়িয়ট্ঠয়াএ (বৈয়াবৃত্ত্যার্থক = সেবা করিবার জন্য) জক্‌খা (যক্ষগণ) কুমারে (কুমারগণকে) বিণিবারযংতি (নিবারণ করিলেন) ॥২৪॥

সোমদেব পুরোহিতের পত্নী সেই ভদ্রার পূর্বকথিত সুভাষিত বচন শ্রবণ করিয়া ঋষিকে রক্ষা করিবার জন্য যক্ষগণ ছাত্রগণকে নিবারণ করিলেন ॥২৪॥

তে ঘোররূবা ঠিয়ে অংতলিক্‌খে, অসুরা[১] তহিং তং জণং তালয়ংতি।
তে ভিণ্ণদেহে রুহিরং বমংতে, পাসিত্তু, ভদ্দা ইণমাহু ভুজ্জো ॥২৫॥

তে (সেই যক্ষগণ) ঘোররূবা (উগ্ররূপধারণ করিয়া) অংতলিক্‌খে (অন্তরীক্ষে) ঠিয় (স্থিত হইয়া) অসুরা (অসুরভাবান্বিত = ক্রোধান্বিত) (হইয়া) তহিং (সেইখানে) তং (সেই) জণং (জনগণকে = ছাত্রগণকে) তালয়ংতি (তাড়ন করিতে লাগিল) তে (সেই ছাত্রগণকে) ভিণ্ণদেহে (বিদারিত দেহ) রুহিরং বমংতে (রুধির বমন করিতে) পাসিত্তু (দেখিয়া) ভদ্দা (ভদ্রা) ভুজ্জো (পুনরায়) ইণং (নিম্নলিখিত মত) আহু (বলিল) ॥২৫॥

সেই যক্ষগণ ঘোররূপ ধারণ করিয়া, অসুরের ন্যায় ক্রোধান্বিত হইয়া, অন্তরীক্ষে অবস্থান পূর্বক ছাত্রগণকে প্রহার করিল। সেই ছাত্রগণের শরীর বিদারিত হইতে ও রুধির বমন করিতে দেখিয়া ভদ্রা পুনরায় নিম্নোক্তরূপ বলিল ॥২৫॥

গিরিং ণহেহিং খণহ, অয়ং দংতেহিং খায়হ।
জায়তেয়ং[২] পায়েহিং হণহ, জে ভিক্‌খুং অবমণ্ণহ ॥ ২৬ ॥

জে (তোমরা) ভিক্‌খুং (ভিক্ষুকে) অবমণ্ণহ (অপমান করিতেছ) (তাহা) গিরিং (গিরি = পর্বত) ণহেহিং (নখের দ্বারা) খণহ (খনন করিতেছ) (বলিয়া মনে হয়) অয়ং (লৌহকে) দংতেহিং (দন্তের দ্বারা) খায়হ (খাইতেছ) (বলিয়া মনে হয়) জায়তেয়ং (জাততেজকে = অগ্নিকে) পায়েহিং (পাদের দ্বারা) হণহ (তাড়ন করিতেছ) (বলিয়া মনে হয় = নির্বাপিত করিতেছ বলিয়া মনে হয়) ॥২৬॥

১। 'অয়ুগ্‌গা অত্যুগ্রা' টীকা ১।

২। 'জায়বেযং' টীকা ১।

তোমরা যে ভিক্ষুকে অপমান করিতেছ তাহা পর্বতকে নখের দ্বারা খনন করিবার ন্যায় লৌহকে দাঁতের দ্বারা চর্বণ করিবার ন্যায় এবং অগ্নিকে পায়ের দ্বারা নির্বাপিত করিবার অনুরূপ কার্য বলিয়া মনে হয় ॥২৬॥

আসীবিসো উগ্গতবো মহেসী, ঘোরব্বও ঘোর পরক্কমো য়।
অগণিং ব পক্খংদ পয়ংগসেণা, জে ভিক্খুয়ং ভত্তকালে
বহেহ ॥২৭॥

মহেসী (মহর্ষি) আসীবিসো (আশীবিষ=সর্প, শাপপ্রদানে সমর্থ) উগ্গতবো (উগ্রতপস্বী) ঘোরব্বও (ঘোর ব্রত) য় (এবং) ঘোর পরক্কমো (ঘোর পরাক্রম সম্পন্ন) জে (যে) ভিক্খুয়ং (ভিক্ষুককে) ভত্তকালে (ভোজন সময়ে=উপবাসের পারণ সময়ে) বহেহ (প্রহার করিতেছ) (তাহা) পয়ংগসেনা ব (পতঙ্গসেনার ন্যায়=পতঙ্গগণের ন্যায়) অগণিং (অগ্নিকে) পক্খংদ (প্রস্কন্দথ=আক্রমণ করিতেছ) (বলিয়া মনে হয়) ॥২৭॥

এই মহর্ষি শাপদানে সমর্থ, উগ্রতপস্বী, ঘোরব্রতধারী ও রৌদ্রপরাক্রম-বিশিষ্ট। তোমরা এই ভিক্ষুকে ভোজনসময়ে প্রহার করিতেছ তাহা পতঙ্গগণের ন্যায় অগ্নিকে আক্রমণ করিতেছ বলিয়া মনে হয় অর্থাৎ পতঙ্গগণ যেমন অগ্নিকে আক্রমণ করিয়া বিনাশ প্রাপ্ত হয়, তদ্রূপ তোমরাও বিনাশ প্রাপ্ত হইবে ॥২৭॥

সীসেণ এয়ং সরণং, উবেহ, সমাগয়া সব্বজণেণ তুম্হে[১]।
জই ইচ্ছহ[২] জীবিয়ং বা ধণং বা, লোগং পি এসো কুবিও
ডহিজ্জা ॥২৮॥

জই (যদি) তুম্হে (তোমরা) জীবিয়ং (জীবন) বা (অথবা) ধণং (ধন) ইচ্ছহ (ইচ্ছা কর=অভিলাষ কর) (তবে) সব্বজণেণ (সমস্ত লোক) সমাগয়া (সমাগত হইয়া=মিলিত হইয়া) সীসেণ (মস্তকের দ্বারা) (প্রণাম করিয়া) এয়ং (এই মুনির) সরণং (শরণ) উবেহ (স্বীকার কর) এসো (এই মুনি) কুবিও (কুপিত) (হইলে) লোগং পি (সম্পূর্ণ লোককে) ডহিজ্জা (দহন করিবেন) ॥২৮॥

যদি তোমরা জীবন ও ধনের অভিলাষ কর তবে সকলে মিলিত হইয়া এই

১। 'তুত্তে' টীকা ১।

২। 'ইচ্ছই' টীকা ১।

মুনিকে মস্তকের দ্বারা প্রণাম করিয়া তাঁহার শরণ গ্রহণ কর। কেননা এই মুনি কুপিত হইলে সম্পূর্ণ লোককে দহন করিতে সমর্থ ॥২৮॥

অবহেড়িয়পিট্ঠিসউত্তমংগে[১], পসারিয়াবাহু অকম্মচিট্ঠে।
ণিত্তেরিয়চ্ছে রুহিরং বমংতে, উড্ঢংমুহে[২] ণিগ্‌গয়জীহণিত্তে[৩] ॥ ২৯ ॥

তে পাসিয়া খংডিয় কট্ঠভূএ, বিমণো বিসণ্ণো[৪] অহ মাহণো সো।
ইসিং পসাএই সভারিয়াও, হীলং চ ণিংদং চ সমাহভংতে ॥৩০॥

অহ (তৎপরে) তে (সেই সকল) খংডিয় (ছাত্রগণকে) অবহেড়িয়পিট্ঠি-সউত্তমংগে (অবহেঠিতপৃষ্ঠসদুত্তমাঙ্গ=যাহাদের মস্তক পৃষ্ঠদেশে নামিয়া গিয়াছে অর্থাৎ পৃষ্ঠদেশের সহিত সংলগ্ন হইয়াছে, অথবা যাহাদের পৃষ্ঠ ও মস্তক নিম্নে নমিত হইয়াছে বা উপুড় হইয়া পড়িয়া আছে) পসারিয়াবাহু অকম্মচিট্ঠে (যাহাদের বাহু প্রসারিত হইয়াছে ও কর্মচেষ্টা লুপ্ত হইয়াছে অর্থাৎ সংজ্ঞাশূন্য হইয়া পড়িয়া আছে) ণিত্তেরিয়চ্ছে (প্রসারিত নেত্র) রুহিরং বমংতে (যাহারা রুধির বমন করিতেছে) উড্ঢংমুহে (ঊর্দ্ধমুখ হইয়া পড়িয়া আছে) ণিগ্‌গয়-জীহণিত্তে (নির্গত জিহ্বনেত্র=যাহাদের জিহ্বা ও নেত্র নির্গত হইয়া পড়িয়া আছে) কট্ঠভূএ (যাহারা কাষ্ঠভূত=হইয়া পড়িয়া আছে) (তাহা) পাসিয়া (দেখিয়া) সো (সেই) মাহণো (ব্রাহ্মণ) বিমণো (বিমনা=উদ্বিগ্ন) বিসণ্ণো (বিষণ্ণ) (হইয়া) সভারিয়াও (ভার্যার সহিত=ভদ্রার সহিত) ইসিং (ঋষিকে) পসাএই (প্রসন্ন করিতে লাগিলেন) ভংতে (ভদন্ত=পূজ্য) হীলং (হীলা=অপমান) চ (ও) ণিংদং (নিন্দা) খমাহ (ক্ষমা করুন) ॥৩০॥

তৎপরে সেই ছাত্রগণকে পৃষ্ঠ ও মস্তক নিম্ন করিয়া, উপুড় হইয়া, বাহু প্রসারিত করিয়া, সংজ্ঞাশূন্য হইয়া, বিস্ফারিত চক্ষু হইয়া, রুধির বমন করিতে থাকিয়া, ঊর্দ্ধমুখ হইয়া, নির্গত জিহ্বা ও নেত্র হইয়া এবং কাষ্ঠের ন্যায় অসাড়ে পড়িয়া থাকিতে দেখিয়া সেই রাজপুরোহিত সোমদেব ব্রাহ্মণ উদ্বিগ্ন ও বিষণ্ণ

১। "অবহেঠিতানি পৃষ্ঠং যাবৎ নামিতানি পৃষ্ঠং গত্বা লগ্নানি সন্তি শোভনান্যুত্তমাঙ্গানি মস্তকানি যেষাং তে অবহেঠিতপৃষ্ঠসদুত্তমাঙ্গস্তান্ পশ্চাৎভগ্নপৃষ্ঠদেশসংলগ্নমস্তকান্" টীকা ১।

২। 'উদ্ধং' টীকা ১।

৩। 'জীহনেত্তে' টীকা ১ ও ৪।

৪। 'বিখিন্নো' টীকা ১।

হইয়া ভদ্রা ভার্যার সহিত ঋষিকে প্রসন্ন করিবার জন্য বলিলেন, হে পূজ্য, অপমান ও নিন্দা ক্ষমা করুন ॥৩০॥

বালেহিং মূঢ়েহিং অয়াণএহিং, জং হীলিয়া তস্স খমাহ ভংতে।
মহপ্পসায়া ইসিণো হবংতি, ন হু মুণী কোবপরা হবংতি ॥৩১॥

ভংতে (হে পূজ্য) মূঢ়েহিং (মূঢ়) অয়াণএহিং (অজ্ঞান) বালেহিং (বালকগণের দ্বারা) জং (যে) হীলিয়া (অপমান করিয়াছে) তস্স (তাহা) খমাহ (ক্ষমা করুন) (যেহেতু) ইসিণো (ঋষিগণ) মহপ্পসায়া (মহাপ্রসাদ=অত্যন্ত ক্ষমাপরায়ণ) হবংতি (হইয়া থাকেন) হু (নিশ্চয়ই) মুণী (মুনিগণ) কোবপরা (কোপপরায়ণ) ন হবংতি (হন না) ॥৩১॥

হে পূজ্য, মূঢ় ও অজ্ঞান, বালকগণ যে আপনার অপমান করিয়াছে তাহা ক্ষমা করুন। ঋষিগণ অতীব ক্ষমাপরায়ণ হইয়া থাকেন। মুনিগণ নিশ্চয়ই কোপপরায়ণ হন না ॥৩১॥

পুব্বিং চ ইহ্হিং চ অণাগয়ং চ, মণপ্পওসো ন মে অত্থি কোই।
জক্খা হু বেয়াবড়িয়ং করিংতি, তম্হা হু এএ ণিহয়া কুমারা ॥৩২॥

(মুনি বলিলেন) মে (আমার) পুব্বিং চ (পূর্ব্বেও) ইহ্হিং চ (ইদানীং চ=এখনও) অণাগয়ং চ (অনাগত কালেও=ভবিষ্যৎকালেও) কোই (কোন-প্রকার=অল্প ও) মণপ্পওসো (মনঃপ্রদ্বেষ=মনে দ্বেষ) ন অত্থি (নাই)। হু (যেহেতু) জক্খা (যক্ষগণ) (আমার) বেয়াবড়িয়ং (বৈয়াবৃত=সেবা) করিংতি (করিতেছে) তম্হা (তজ্জন্য) হু (নিশ্চয়ই) (যক্ষগণের দ্বারা) এএ (এইসকল) কুমারা (ছাত্রগণ) ণিহয়া (নিহত হইয়াছে=প্রহৃত হইয়াছে) ॥৩২॥

(মুনি বলিলেন হে ব্রাহ্মণ) পূর্বেও এখনও এবং পরবর্তীকালেও আমার মনে অল্পমাত্রও দ্বেষ ছিল না বা নাই। যে সকল যক্ষ আমার সেবা করিতেছে নিশ্চয়ই তাহারা এই ছাত্রগণকে প্রহার করিয়াছে ॥৩২॥

অত্থং চ ধম্মং চ বিয়াণমাণা, তুব্ভে ন বি কুপ্পহ ভূইপণ্ণা।
তুব্ভং তু পাএ সরণং উবেমো, সমাগয়া সব্বজণেণ অম্হে ॥৩৩॥

(ব্রাহ্মণ বলিলেন)) ভূইপণ্ণা (ভূতিপ্রজ্ঞ=জীব রক্ষা বিষয়ে প্রাজ্ঞ (আপনি) অত্থং চ (অর্থ=শাস্ত্রের অর্থ বা তত্ত্ব) ধম্মং চ (ও ধর্ম) বিয়াণামাণা

(বিজানন্ত=বিশেষ প্রকারে অবগত আছেন) তুব্ভে (আপনি) ন বি কুপ্পহ (কুপিত হইবেন না) অম্হে (আমরা) সব্বজণেণ (সকলে) সমাগয়া (সমাগত=মিলিত) (হইয়া) তুব্ভং তু (আপনারই) পাএ (পাদে=চরণে) সরণং (শরণ) উবেমো (গ্রহণ করিতেছি=স্বীকার করিতেছি) ॥৩৩॥

(ব্রাহ্মণ বলিলেন) হে জীবরক্ষা বিষয়ে প্রাজ্ঞ, আপনি সর্বশাস্ত্রের তত্ত্ব ও ধর্ম অবগত আছেন। আপনি কুপিত হইবেন না। আমরা সকলে মিলিত হইয়া আপনার চরণে শরণ গ্রহণ করিতেছি ॥৩৩॥

অচ্চেমু তে মহাভাগ, ন তে কিংচি[১] ন অচ্চিমো[১]।
ভুংজাহি সালিমং কূরং, ণাণাবংজণসংজুয়ং ॥৩৪॥

মহাভাগ (হে মহাভাগ) তে (আপনাকে) অচ্চেমু (অর্চন করিতেছি=পূজা করিতেছি) তে (আপনার) কিংচি (কিছুমাত্রও চরণধূলি মাত্রও) ন অচ্চিমো (পূজা করিব না) (এরূপ) ন (নহে) ণাণাবংজণসংজুয়ং (নানা ব্যঞ্জন সংযুক্ত) সালিমং (শালিময়=শালি ধান্য নিষ্পন্ন) কূরং (কূর=ভাত) ভুংজাহি (ভোজন করুন) ॥৩৪॥

হে মহাভাগ, আপনার পূজা করিতেছি, আপনার কিছুমাত্রও—চরণধূলি মাত্রও—পূজা করিব না এরূপ হইতে পারে না অর্থাৎ আপনার চরণধূলিও পূজা করিব। নানাপ্রকার ব্যঞ্জন সংযুক্ত শালি ধান্যের ভাত প্রস্তুত আছে, ভোজন করুন ॥৩৪॥

ইমং চ মে অত্থি পভূয়মণ্ণং, তং ভুংজসূ অম্হ অণুগ্গহট্ঠা।
বাঢ়ং তি পড়িচ্ছই ভত্তপাণং মাসস্স উ পারণএ মহপ্পা ॥৩৫॥

মে (আমার) ইমং চ (এই সকল) পভূয়মণ্ণং (প্রভূত অন্ন) অত্থি (আছে) অম্হং (আমাদিগকে) অণুগ্গহট্ঠা (অনুগ্রহার্থ=অনুগ্রহ করিবার জন্য) তং (সেই অন্নাদি) ভুংজসূ (ভোজন করুন)। মহপ্পা (মহাত্মা) মাসস্স উ (এক মাসের) পারণএ (পারণ করিবার জন্য=এক মাসের উপবাসের পর পারণের জন্য) বাঢ়ংতি (বাঢ়ং বলিয়া=তথাস্তু এইরূপই করিব বলিয়া) ভত্তপাণং (আহার ও পানীয়) পড়িচ্ছই (প্রতীচ্ছতি=স্বীকার করিলেন, গ্রহণ করিলেন) ॥৩৫॥

১। 'কিংচন নাচ্চিমো' টীকা ৩।

আমার এই সকল প্রভূত অন্নাদি প্রস্তুত আছে, আমাদিগকে অনুগ্রহ করিবার জন্য তাহা ভোজন করুন। ব্রাহ্মণের এইরূপ বাক্য শ্রবণ করিয়া সেই মহাত্মা একমাসের উপবাসের পারণ করিবার জন্য তথাস্তু বলিয়া অন্ন ও পানীয় গ্রহণ করিলেন ॥৩৫॥

তহিয়ং গংধোদয়পুপ্ফবাসং, দিব্বা তহিং বসুহারা য বুট্ঠা।
পহয়াও দুংদুহীও সুরেহিং, আগাসে অহো দাণং চ ঘুট্ঠং ॥৩৬॥

তহিয়ং (সেই স্থলে=যজ্ঞমণ্ডপে) আগাসে (আকাশে) (স্থিত) সুরেহিং (দেবগণের দ্বারা) গংধোদয়পুপ্ফবাসং (গন্ধোদক পুষ্প বর্ষা=সুগন্ধি জল ও পুষ্পের বর্ষা) (হইল) তহিং (সেই স্থলে) দিব্বা (দিব্য=স্বর্গীয়, শ্রেষ্ঠ) বসুহারা (বসুধারা=বসুর অর্থাৎ স্বর্ণাদি ধনের ধারা) য (ও) বুট্ঠা (বৃষ্টা=বর্ষিত হইল) দুংদুহীও (দুন্দুভি) পহয়াও (প্রহত হইল=বাদিত হইল) চ (এবং) অহো দাণং (অহো দান=আশ্চর্য দান) ঘুট্ঠং (ঘুষ্ট হইল=ঘোষিত হইল) ॥৩৬॥

(মুনি আহার গ্রহণ করিলে) আকাশে স্থিত দেবগণের দ্বারা সেই যজ্ঞস্থলে সুগন্ধিত জল ও পুষ্পবর্ষা হইল, স্বর্গীয় স্বর্ণাদি ধন বর্ষিত হইল, দুন্দুভি নিনাদিত হইল এবং 'আশ্চর্য দান, আশ্চর্য দান' শব্দ উদ্ঘোষিত হইল ॥৩৬॥

সক্খং খু দীসই তবোবিসেসো, ন দীসঈ জাইবিসেস কোই।
সোবাগপুত্তং হরিএসসাহুং, জস্সেরিসা ইড্ঢি মহাণুভাগা ॥৩৭॥

খু (নিশ্চয়ই) তবোবিসেসো (তপোবিশেষ=তপস্যার বৈশিষ্ট্য বা মাহাত্ম্য) সক্খং (সাক্ষাৎ=প্রত্যক্ষ) দীসই (দেখা যাইতেছে) কোই (কোন প্রকার) জাইবিসেস (জাতিবৈশিষ্ট্য=জাতিমাহাত্ম্য) ন দীসঈ (দৃষ্ট হয় না) সোবাগপুত্তং (শ্বপাকপুত্র=চণ্ডালপুত্র) হরিএসসাহুং (হরিকেশ সাধুকে) (দেখ) জস্স (যাঁহার) এরিসা (এই প্রকার) মহাণুভাগা (মহানুভাগ=মহা মাহাত্ম্য সহিত) ইড্ঢি (ঋদ্ধি=তপঃশক্তি) ॥৩৭॥

(উপস্থিত সকলে বলিতে লাগিল) নিশ্চয়ই তপস্যার মাহাত্ম্য প্রত্যক্ষ দেখা যাইতেছে, কোন প্রকার জাতিমাহাত্ম্য দৃষ্ট হয় না। এই চণ্ডালপুত্র হরিকেশ-বল সাধুকে দেখ, ইঁহার কিরূপ মাহাত্ম্যপূর্ণ তপঃশক্তি ! ॥৩৭॥

কিং মাহণা জোইসমারভংতা, উদএণ সোহিং বহিয়া বিমগ্গহ[১]।
জং মগ্গহা বাহিরিয়ং বিসোহিং, ন তং সুদিট্ঠং কুসলা বয়ংতি ॥৩৮॥

মাহণা (হে ব্রাহ্মণগণ) জোইসমারভংতা (জ্যোতিসমারম্ভ করিতে থাকিয়া= অগ্নিদ্বারা যজ্ঞ করিতে থাকিয়া) উদএণ (উদকের দ্বারা=জলের দ্বারা) বহিয়া (বাহ্য) সোহিং (শুদ্ধি) কিং (কেন) বিমগ্গহ (বিমার্গয়থ=প্রার্থনা করিতেছেন, মনে করিতেছেন) জং (যে) বাহিরিয়ং (বাহ্য) বিসোহিং (বিশুদ্ধি) মগ্গহা (প্রার্থনা করিতেছেন) তং (তাহা) কুসলা (কুশল= জ্ঞাততত্ত্ব) (ব্যক্তিগণ) সুদিট্ঠং (সুদৃষ্ট=উচিত, প্রশস্ত) ন বয়ংতি (বলেন না) ॥৩৮॥

(মুনি বলিলেন) হে ব্রাহ্মণগণ, অগ্নির দ্বারা যজ্ঞ করিতে থাকিয়া জলের দ্বারা বাহ্যশুদ্ধি কেন প্রার্থনা করিতেছেন? অর্থাৎ স্নানাদির দ্বারা শুদ্ধি হয় তাহা কেন মনে করিতেছেন? আপনারা যে বাহ্য বিশুদ্ধি হয় বিবেচনা করেন তাহা জ্ঞাততত্ত্ব ব্যক্তিগণ প্রশস্ত বলিয়া স্বীকার করেন না ॥৩৮॥

কুসং চ জূবং তণকট্ঠমগ্গিং, সায়ং চ পায়ং উদয়ং ফুসংতা।
পাণাইং ভূয়াইং বিহেড়য়ংতা, ভুজ্জো বি মংদা পকরেহ পাবং ॥৩৯॥

কুসং (কুশ) জূবং (যূপ=যজ্ঞস্তম্ভ) তণকট্ঠমগ্গিং (তৃণ, কাষ্ঠ ও অগ্নি) (ব্যবহার করিয়া) সায়ং (সন্ধ্যাকালে) চ (ও) পায়ং (প্রাতে) উদয়ং (উদক=জল) ফুসংতা (স্পর্শ করিয়া=অর্থাৎ আচমন করিয়া) পাণাইং (প্রাণসমূহকে=দ্বীন্দ্রিয়াদি প্রাণিগণকে) ভূয়াইং (ভূতগণকে=বনস্পতি আদি স্থাবর জীবগণকে) বিহেড়য়ংতা (বিহেটয়ন্ত=বিনাশ করিতে থাকিয়া) মংদা (মন্দ=মূর্খ, হে মূর্খগণ) ভুজ্জো বি (বারংবার) পাবং (পাপ=পাপ-কর্ম) পকরেহ (করিতেছ=উপার্জন করিতেছ) ॥৩৯॥

কুশ, যূপ, তৃণ, কাষ্ঠ ও অগ্নি ব্যবহার করিয়া, সন্ধ্যা ও প্রাতঃকালে জলের দ্বারা আচমনাদি করিয়া, প্রাণ ও ভূতগণকে অর্থাৎ ত্রস ও স্থাবর জীবগণকে বিনাশ করিয়া, হে মূর্খগণ, বারংবার পাপ উপার্জন করিতেছ ॥৩৯॥

১। "বিচারয়থ" টীকা ১। "বিমার্গয়থান্বেষয়থ" টীকা ২।

কহং চরে ভিক্খু বয়ং জয়ামো, পাবাইং কম্মাইং পণুল্লয়ামো[১]।
অক্খাহি ণো[২] সংজয় জক্খপূইয়া, কহং সুজট্ঠং কুশলা বয়ংতি ॥৪০॥

ভিক্খু (হে ভিক্ষু) বয়ং (আমরা) কহং (কি প্রকারে) চরে (আচরণ করিব) (কি প্রকারে) জয়ামো (যজামো=যজ্ঞ করিব) (কি প্রকারে) পাবাইং (পাপ) কম্মাইং (কর্ম) পণুল্লয়ামো (প্রণুল্লয়ামঃ=বিশেষভাবে বিনাশ করিব) জক্খপূইয়া (যক্ষপূজিত) সংজয় (সংযত) ণো (আমাদিগকে) অক্খাহি (বলুন) কহং (কাহাকে) কুসলা (তত্ত্বজ্ঞ ব্যক্তিগণ) সুজট্ঠং (সু-ইষ্ট=শোভন যজ্ঞ) বয়ংতি (বলেন) ॥৪০॥

(ব্রাহ্মণগণ বলিলেন) হে ভিক্ষু, আমরা কি প্রকারে আচমণাদি আচরণ করিব? কি প্রকাকে যজ্ঞ করিব? কি প্রকারেই বা পাপকর্মকে বিনাশ করিব? হে যক্ষপূজিত সংযত, আমাদের বলুন যে তত্ত্বজ্ঞ ব্যক্তিগণ কাহাকে প্রশস্ত যজ্ঞ বলেন ॥৪০॥

ছজ্জীবকায়ে অসমারভংতা, মোসং অদত্তং চ অসেবমাণা।
পরিগ্গহং ইত্থিও মাণমায়ং, এয়ং পরিণ্ণায় চরংতি দংতা ॥৪১॥

(মুনি বলিলেন) দংতা (দান্ত=জিতেন্দ্রিয় ব্যক্তিগণ) ছজ্জীবকায়ে (ষট্‌জীব কায়কে=পাঁচ প্রকার স্থাবর ও ত্রস এই ছয়[৩] প্রকার প্রাণীকে) অসমারভংতা (সমারম্ভ না করিয়া=হিংসা না করিয়া) মোসং (মৃষা=মৃষাবাদ) চ (ও) অদত্তং (অদত্তাদান=যাহা প্রদত্ত হয় নাই তাহা গ্রহণ করা, চৌর্য) অসেবমাণা (সেবন না করিয়া=আচরণ না করিয়া) পরিগ্গহং (পরিগ্রহ=বাহ্য বস্তুতে আসক্তি) ইত্থিও (স্ত্রী) মাণমায়ং (মান ও মায়া =ক্রোধ, মান, মায়া ও লোভ) এয়ং (এই সমস্তকে) পরিণ্ণায় (পরিজ্ঞায় =সম্যক্ প্রকারে জানিয়া ও পরিত্যাগ করিয়া) চরংতি (আচরণে প্রবৃত্ত হন) ॥৪১॥

জিতেন্দ্রিয় ব্যক্তিগণ ছয়প্রকার প্রাণীর হিংসা না করিয়া, মিথ্যা ও

১। "প্রণুল্লয়ামঃ প্রণুদামঃ প্রকর্ষেণ স্ফেটয়ামঃ" টীকা ১। 'পুণোল্লয়ামো' টীকা ৪।

২। 'ণে' টীকা ৩।

৩। ত্রস ও স্থাবর জীবের বিবরণের জন্য ৫।৮ সূত্রের ২ ও ৩ নং পাদটীকা দ্রষ্টব্য।

চৌর্য আচরণ না করিয়া, পরিগ্রহ, স্ত্রী, ক্রোধ, মান, মায়া ও লোভ এই সমস্তকে পরিত্যাগ করিয়া আচরণে প্রবৃত্ত হন ॥৪১॥

সুসংবুড়া পংচহিং সংবরেহিং[১], ইহ জীবিয়ং অণবকংখমাণা[২]।
বোসট্ঠকায়া[৩] সুইচত্তদেহা[৪], মহাজয়ং জয়ই জণ্ণসিট্ঠং ॥৪২॥

পংচহিং সংবরেহিং (পাঁচ প্রকার সংবরের দ্বারা=হিংসা, মৃষাবাদ, চৌর্য, মৈথুন ও পরিগ্রহ হইতে বিরতি রূপ পাঁচ প্রকার সংবরের দ্বারা) সুসংবুড়া (সুসংবৃত=পাপকর্ম হইতে নিবৃত্ত) ইহ (এই জন্মে) জীবিয়ং (জীবিত=জীবন, অসংযত জীবন) অণবকংখমাণা (আকাঙ্ক্ষা না করিতে থাকিয়া) বোসট্ঠকায়া (ব্যুৎসৃষ্টকায়=সংযম আরাধনের জন্য উৎসর্গীকৃত শরীর) সুই (শুচি=নির্মল ব্রত সম্পন্ন) চত্তদেহা (ত্যক্তদেহা=শরীরের শুশ্রূষা পরিত্যাগকারী) মহাজয়ং (মহাজয়=মহাজয়যুক্ত=যাহাতে কর্মরূপ শত্রুর বিনাশ হয় এরূপ মহাজয়-সম্পন্ন) জণ্ণসিট্ঠং (শ্রেষ্ঠ যজ্ঞ) জয়ই (যজন করেন=অনুষ্ঠান করেন) ॥৪২॥

পাঁচ প্রকার সংবরের দ্বারা পাপকর্ম হইতে বিরত, এই সংসারে জীবনের আকাঙ্ক্ষা রহিত, সংযমারাধনার জন্য উৎসর্গীকৃত শরীর, নির্মল ব্রতসম্পন্ন, দেহশুশ্রূষা হইতে নিবৃত্ত পুরুষগণ কর্মশত্রুর বিনাশরূপ মহান্ জয়সম্পন্ন শ্রেষ্ঠ যজ্ঞের অনুষ্ঠান করেন ॥৪২॥

কে তে জোঈ কে ব তে জোইঠাণং[৫], কা তে সুয়া[৬] কিংচ তে
কারিসংগং।
এহা য তে কয়রা সন্তি ভিক্খু, কয়রেণ হোমেণ হুণাসি জোইং ॥৪৩॥

ভিক্খূ (হে ভিক্ষু) তে (আপনার) জোঈ (জ্যোতি=অগ্নি) কে (কি) ব (এবং) তে (আপনার) জোইঠাণং (জ্যোতিস্থান=অগ্নিকুণ্ড) কে (কি) তে (আপনার) সুয়া (স্রুচঃ=দর্বি, হাতা, যাহার দ্বারা ঘৃতাদি নিক্ষেপ

১। সংবর শব্দের ব্যাখ্যার জন্য ৯।২০ সূত্রের ২নং পাদটীকা দ্রষ্টব্য।
২। 'মাণো' টীকা ৩।
৩। 'কায়ো' টীকা ৩।
৪। 'দেহো' টীকা ৩।
৫। 'জোঈঠাণং' টীকা ৩।;
৬। 'সূয়া' টীকা ৩।

করা যায়) কা (কি) চ (এবং) তে (আপনার) কারিসংগং (করীষাঙ্গং=করীষ, ঘুঁটে) কিং (কি) য (ও) তে (আপনার) এহা (এধা=সমিধ, যজ্ঞকাষ্ঠ) (কি) (আপনার) সংতি (শান্তি=শান্তিমন্ত্র) কয়রা (কতরা=কি) (আপনারা) কয়রেণ (কি প্রকার) হোমেণ (হোমের দ্বারা) জোইং (অগ্নিকে) হুণাসি (হবন করিতেছেন) ॥৪৩॥

(ব্রাহ্মণগণ বলিলেন) হে ভিক্ষু, আপনার অগ্নি কি? অগ্নিকুণ্ডই বা কি? আপনার দর্বি কি? এবং অগ্নি প্রজ্বালন করিবার করীষ কি? আপনার যজ্ঞকাষ্ঠ কি? এবং শান্তিমন্ত্রই বা কি? আপনি কি প্রকার হোমের দ্বারা অগ্নিতে হবন করেন ॥৪৩॥

তবো জোঈ জীবো জোইঠাণং, জোগা সুয়া সরীরং কারিসংগং।
কম্মং[১] এহা[২] সংজম জোগ সংতী, হোমং হুণামি ইসিণং পসত্থং ॥৪৪॥

তবো (তপস্যা) জোঈ (অগ্নি) জীবো (জীব) জোইঠাণং (অগ্নিকুণ্ড) জোগা (যোগ=মন, বচন ও কায়ের যোগ) সুয়া (দর্বি) সরীরং (শরীর) কারিসংগং (করীষাঙ্গ) কম্মং (কর্ম=অষ্টবিধ কর্ম) এহা (যজ্ঞকাষ্ঠ) সংজম জোগ (সংযমের আচরণ=সপ্তদশ[৪] প্রকার সংযম) সংতী (শান্তিমন্ত্র) (এইরূপ) ইসিণং (ঋষিদিগের) পসত্থং (প্রশস্ত) হোমং (হোমের দ্বারা) হুণামি (হবন করি) ॥৪৪॥

(মুনি বললেন) হে ব্রাহ্মণ, আমাদিগের তপস্যা অগ্নি, প্রাণীই অগ্নিকুণ্ড, মন, বচন ও কায়ের যোগ দর্বি, শরীর করীষ, কর্ম, কাষ্ঠ ও সংযমাচরণ শান্তিমন্ত্র। ঋষিদিগের যোগ্য এইরূপ শ্রেষ্ঠ হোমের দ্বারা আমরা হবন করিয়া থাকি। (অর্থাৎ প্রাণীই অগ্নিকুণ্ড, মন বচন কায়ের শুভ ব্যাপাররূপ ঘৃতের দ্বারা শরীররূপ করীষের সাহায্যে তপস্যারূপ অগ্নি প্রজ্বলিত করিয়া অষ্ট কর্মরূপ ইন্ধনকে ভস্মসাৎ করিলে আত্মা নির্মল হয় ও সপ্তদশ প্রকার সংযম, সর্বপ্রকার শান্তি আনয়ন করে। আমরা ঋষিদিগের এইরূপ প্রশস্ত যজ্ঞেরই অনুষ্ঠান করিয়া থাকি) ॥৪৪॥

১। 'কম্ম' টীকা ৩। 'কম্মেহা' টীকা ৪।

২। হিংসা, মিথ্যা চৌর্য, অব্রহ্ম ও পরিগ্রহ এই পাঁচপ্রকার আশ্রবের পরিত্যাগ, পাঁচ ইন্দ্রিয়ের বিষয়ের প্রতি আসক্ত না হওয়া; ক্রোধ, মান, মায়া ও লোভ এই চারি কষায়কে ও মন, বচন এবং কায়ের অশুভ বৃত্তিকে দমন করা—ইহাই সপ্তদশ প্রকার সংযম বা চারিত্র।

কে তে হরএ কে য় সংতিতিত্থে, কহিংসি হ্ণাও ব রয়ং জহাসি।
আয়ক্খ ণো সংজয় জক্খপূইয়া, ইচ্ছামু ণাউং ভবও সগাসে ॥৪৫॥

সংজয় (হে সংযত) জক্খপূইয়া (যক্ষপূজিত) ণো (আমাদিগকে) আয়ক্খ (বলুন) (যে) তে (আপনার) হরএ (হ্রদ) কে (কি) য় (এবং) তে (আপনার) সংতিতিত্থে (শান্তিতীর্থ=যে তীর্থে স্নান করিলে শান্তি হয়) কে (কি) ব (এবং) কহিংসি (কোথায়) হ্ণাও (স্নাত=স্নান করিয়া) রয়ং (রজ=মল, কর্মমল) জহাসি (ত্যাগ করেন) ভবাও (আপনার) সগাসে (সকাশে=নিকটে) ণাউং (জানিতে) ইচ্ছামু (ইচ্ছা করি) ॥৪৫॥

হে যক্ষপূজিত সংযত, আপনার হ্রদ অর্থাৎ স্নান করিবার জলাশয় কি? আপনাদের তীর্থ কি যেখানে দানাদি করিলে পাপ শান্তি হয়, কোথায় স্নান করিয়া কর্মমল ধৌত করেন? তাহা আপনার নিকট জানিতে ইচ্ছা করি ॥৪৫॥

ধম্মে হরএ বংভে সংতিতিত্থে, অণাবিলে অত্তপসণ্ণলেসে।[১]
জহিংসি হ্ণাও বিমলো বিমুদ্ধো, সুসীইভূও পজহামি দোসং ॥৪৬॥

ধম্মে (ধর্ম) হরএ (হ্রদ) বংভে (ব্রহ্মচর্য) অণাবিলে (অনাবিল=নির্মল) অত্তপসণ্ণলেসে (আত্মপ্রসন্নলেশ্যাযুক্ত=আত্মপ্রসাদযুক্ত) সংতিতিত্থি (শান্তিতীর্থ) জহিংসি (যেখানে) হ্ণাও (স্নান করিয়া) বিমলো (বিমলা=ভাবমলরহিত) বিসুদ্ধো (বিশুদ্ধ=নিষ্কলঙ্ক) সুসীইভূও (সুশীতীভূত=রাগদ্বেষাদিরহিত হইয়া শীতলীভূত) (হইয়া) দোসং (দোষ=কর্ম) পজহামি পরিত্যাগ করি) ॥৪৬॥

মুনি বলিলেন, হে ব্রাহ্মণগণ আমাদের ধর্মই হ্রদ, ব্রহ্মচর্যই নির্মল ও আত্মপ্রসাদযুক্ত শান্তিতীর্থ, যেখানে স্নান করিয়া বিমল, বিশুদ্ধ ও রাগদ্বেষাদি রূপ উষ্ণতা পরিহার করতঃ শীতলীভূত হইয়া কর্মমলকে পরিত্যাগ করি ॥৪৬॥

১। "আত্মপ্রসন্নলেশ্যে আত্মনঃ প্রসন্না নির্মলত্বকারণং লেশ্যা যস্মিন্ স আত্মপ্রসন্নলেশ্য স্তস্মিন্ আত্মনির্মলত্বকারণং তেজঃপদ্মশুক্লাদিলেশ্যাত্রয়ং তেন সহিতে ইত্যর্থঃ" টীকা ১। লেশ্যার বিবরণের জন্য পরবর্তী চতুস্ত্রিংশৎ অধ্যয়ন দ্রষ্টব্য।

এয়ং সিণাণং কুসলেহি[১] দিট্ঠং, মহাসিণাণং ইসিণং পসত্থং।
জহিংসি হ্ণায়া[২] বিমলা বিসুদ্ধা, মহারিসীং উত্তমঠাণং[৩] পত্ত[৪] ॥৪৭॥

ত্তি বেমি

এয়ং (এইরূপ) সিণাণং (স্নান) কুসলেহি (কুশল পুরুষগণের দ্বারা=তত্ত্বজ্ঞ ব্যক্তির দ্বারা) দিট্ঠং (দৃষ্ট=কথিত হইয়াছে) (ইহাই) ইসিণং (ঋষিদিগের) পসত্থং (প্রশস্ত) মহাসিণাণং (মহাস্নান=শ্রেষ্ঠ স্নান) জহিংসি (যে স্নানে) হ্ণায়া (স্নাত হইয়া) বিমলা (বিগতকর্মমল) (ও) বিসুদ্ধা (বিশুদ্ধ) (হইয়া) মহারিসী (মহর্ষিগণ) উত্তমঠাণং (উত্তমস্থান=মোক্ষস্থান) পত্ত (প্রাপ্ত) (হন) ॥৪৭॥ ত্তি বেমি (এইরূপ বলিতেছি) ॥

হে ব্রাহ্মণগণ, তত্ত্বজ্ঞ পুরুষগণ উপরোক্তরূপ স্নানের বিষয় অবগত হইয়া উপদেশ করিয়াছেন। ইহাই ঋষিগণের প্রশংসিত মহাস্নান—যেরূপ স্নান করিয়া কর্মমল রহিত ও বিশুদ্ধ হইয়া মহর্ষিগণ সর্বোত্তম মোক্ষস্থান প্রাপ্ত হন ॥৪৭॥ এইরূপ বলিতেছি।

ইতি হরিকেশীয়, দ্বাদশ অধ্যয়ন

১। 'কুসলেণ' টীকা ১। 'কুসলেহিং' টীকা ২।
২। 'জহিং সিণায়া' টীকা ৪।
৩। 'উত্তমট্ঠাণং' টীকা ২।
৪। 'পত্তে' টীকা ১। 'পত্তি' টীকা ৩।

চিত্রসম্ভূতীয়*

ত্রয়োদশ অধ্যয়ন

জাঈপরাজিও খলু, কাসি নিয়াণং তু হত্থিণপুরংমি।
চুলণীই বংভদত্তো, উববন্নো পউমগুল্মাও ॥১॥

খলু (নিশ্চয়ই) জাঈপরাজিও (জাতিপরাজিত=জাতির জন্য অপমানিত) (হইয়া) হত্থিণপুরংমি (হস্তিনাপুরে) নিয়াণং (নিদান=ক্রোধবশীভূত হইয়া 'যদি আমার তপস্যার প্রভাব থাকে তবে পরজন্মে চক্রবর্তী রাজা হইব' এইরূপ সংকল্প) কাসি (অকার্ষীৎ=করিয়াছিল) (সেই চিত্রের ছোটভাই সম্ভূত) পউমগুল্মাও (পদ্মগুল্ম হইতে=নলিনীগুল্ম নামক প্রথম স্বর্গের বিমান হইতে) (চ্যুত হইয়া) চুলণীই (চুলনী হইতে=ব্রহ্ম নামক রাজার স্ত্রী চুলনীর গর্ভ হইতে) বংভদত্তো (ব্রহ্মদত্ত=ব্রহ্মদত্ত নামক পুত্ররূপে) উববন্নো (উৎপন্ন হইল) ॥১॥

---

* কাশীদেশে চণ্ডালবংশোদ্ভব চিত্র ও সম্ভূত নামক দুই ভ্রাতা ছিল। উভয়ের মধ্যে অত্যন্ত প্রীতি ছিল। সেই জন্মের পূর্বেও তাহারা দাস, মৃগ ও হংসরূপে উভয়ে পরস্পর অত্যন্ত প্রীতিসম্পন্ন ভ্রাতা হইয়াই জন্মগ্রহণ করিয়াছিল। সেই সময়ে সেই দেশের রাজার নমুচি নামক প্রধান মন্ত্রী, অত্যন্ত বুদ্ধিমান্, সঙ্গীতশাস্ত্র পারদর্শী কিন্তু ব্যভিচারী ছিল। রাজার অন্তঃপুরে ব্যভিচার করায় নমুচি মৃত্যুদণ্ডে দণ্ডিত হয় এবং চিত্র ও সম্ভূতের পিতা ভূতদিন্ন চণ্ডালের নিকট ফাঁসি দিবার জন্য অর্পিত হয়। ভূতদিন্ন তাহার প্রতি দয়াপরবশ হইয়া তাহার প্রাণদণ্ড না দিয়া তাহাকে নিজের গৃহে আনিয়া লুক্কায়িত রাখে। চিত্র ও সম্ভূত নমুচির নিকট সঙ্গীতবিদ্যা শিক্ষা করিয়া বিশেষ পারদর্শী হইয়া উঠে। নমুচি কুঅভ্যাসবশতঃ চণ্ডালের গৃহেও ব্যভিচার করিয়া তথা হইতে পলায়ন করে। পরিভ্রমণ করিতে করিতে ক্রমে হস্তিনাপুরে উপনীত হয় এবং ধীশক্তি প্রভাবে তথাকার রাজার প্রধান অমাত্যপদ প্রাপ্ত হয়। এদিকে চিত্র ও সম্ভূতের সঙ্গীত প্রবীণতা কাশীদেশের জনসাধারণকে আকর্ষণ করে কিন্তু রাজসভার সঙ্গীতজ্ঞগণের ষড়যন্ত্রে চণ্ডালজাতির জন্য তাহারা কাশীনগর হইতে প্রহৃত হইয়া বহিষ্কৃত হয়। মনের দুঃখে উভয় ভ্রাতা আত্মহত্যা করিবার জন্য এক পর্বতে আরোহণ করে কিন্তু তথায় এক জৈন মুনির দর্শনলাভ করিয়া সংসার ত্যাগপূর্বক দীক্ষা গ্রহণ করে। ঘোর তপস্যা ও শুদ্ধ সংযম পালন করিতে করিতে তাহাদের নানাপ্রকার যোগলব্ধ শক্তি উৎপন্ন হয় এবং পরিভ্রমণ করিতে করিতে ক্রমে হস্তিনাপুরে উপনীত হয়। ভিক্ষার জন্য নগরে প্রবেশ করিলে নমুচি তাহাদিগকে চিনিতে পারে এবং নিজের রহস্যোদ্‌ঘাটনের ভয়ে উভয় ভ্রাতাকে অপমানিত করিয়া নগর হইতে

পূর্বজন্মে চণ্ডাল জাতির জন্য অপমানিত হইয়া ক্রোধবশে তপস্যার প্রভাবে চক্রবর্তী রাজা হইব, হস্তিনাপুরে এরূপ প্রতিজ্ঞা করিয়া সম্ভূত অনশন পূর্বক প্রাণত্যাগ করতঃ নলিনীগুল্ম নামক স্বর্গের বিমানে দেবরূপে উৎপন্ন হয় এবং সেখানকার আয়ুভোগ করিয়া তথা হইতে চ্যুত হইয়া ব্রহ্মনামক রাজার স্ত্রী চুলনীর গর্ভ হইতে ব্রহ্মদত্ত নামক পুত্ররূপে উৎপন্ন হইল ॥১॥

বহিষ্কৃত করিয়া দেয়। চিত্র এই অপমান শান্ত চিত্তে সহন করে, কিন্তু সম্ভূত সহ্যগুণ হারাইয়া অত্যন্ত ক্রোধান্বিত হয়। সম্ভূত ক্রোধবশে সমস্ত নগরকে ভস্মসাৎ করিবার অভিপ্রায়ে যৌগিক শক্তিদ্বারা মুখ হইতে ধূম বহির্গত করিতে থাকে। তদানীন্তন হস্তিনাপুরের রাজা সনৎকুমার চক্রবর্তী এই বৃত্তান্ত অবগত হইয়া রাজকীয় বৈভবের সহিত মুনিকে শান্ত করিতে আগমন করিলেন। সম্ভূত রাজার অনুনয়ে শান্ত হইল না কিন্তু চিত্রের সান্ত্বনা বচনে শান্ত হয়। চক্রবর্তীর বিশাল বৈভব দেখিয়া সে মোহিত হয় এবং 'যদি আমার তপস্যার প্রভাব থাকে তবে চক্রবর্তী রাজা হইব' এইরূপ প্রতিজ্ঞা করিয়া অনশন পূর্বক দেহত্যাগ করে। চিত্রও ভ্রাতার সহিত অনশন করিয়া এক সঙ্গেই দেহত্যাগ করে ও সৌধর্ম নামক প্রথম দেবলোকে অবস্থিত নলিনীগুল্ম বিমানে উভয় ভ্রাতা দেবরূপে উৎপন্ন হয়। তথাকার দেব আয়ু ভোগ করিয়া চিত্র পুরিমতাল নগরে এক ধনবান্ বণিকের গৃহে ও সম্ভূত কাম্পিল্যপুরে ব্রহ্মরাজার পুত্র ব্রহ্মদত্ত রূপে জন্মগ্রহণ করে।

ব্রহ্মদত্ত বয়প্রাপ্ত হইয়া নানাপ্রকার অবস্থা বিপর্যয়ের মধ্য দিয়া ক্রমে রাজ্যলাভ করিয়া চক্রবর্তী রাজা হয়। কোন সময়ে নৃত্যগীত শ্রবণ ও পুষ্পগুচ্ছ দেখিয়া জাতিস্মরণ জ্ঞান হয়, এবং পূর্বজন্মগুলি স্মৃতিপথে আসে। ভ্রাতার কথা স্মরণ করিয়া ভ্রাতার বিরহে অত্যন্ত দুঃখিত হয়, এবং ভ্রাতার সহিত মিলিত হইবার অভিপ্রায়ে একটী শ্লোকের প্রথম চরণ রচনা করে। যথা—

আসী দাসা মিয়া হংসা চংডালা অমরা জহা।

এবং এইরূপ প্রচার করে যে যে ব্যক্তি ইহার দ্বিতীয় চরণ পূরণ করিতে পারিবে তাহাকে অর্ধ রাজ্য প্রদান করিব। রাজ্যের লোভে অনেক লোকেই এই প্রথম চরণটী মুখস্থ করিয়া লইল। এই দিকে চিত্রও বয়প্রাপ্ত হইয়া জাতিস্মরণ জ্ঞান লাভ করে এবং সংসার ত্যাগ করিয়া শ্রমণ দীক্ষা অঙ্গীকার করে। বিচরণ করিতে করিতে ক্রমে কাম্পিল্যপুরে সমাগত হইয়া এক উদ্যানে ধ্যান মগ্ন হইয়া থাকে। সেখানে উদ্যানপালকের মুখে শ্লোকের প্রথম চরণটি শ্রবণ করিয়া চিত্র সমস্ত বুঝিতে পারে এবং নিম্নমত দ্বিতীয় চরণটী রচনা করিয়া উদ্যানপালককে বলিয়া দেয়।

ইমা ণো ছট্ঠিয়া জাঈ, অন্নমন্নেণ জা বিণা।

উদ্যানপালক দ্বিতীয় চরণটীও মুখস্থ করিয়া ফেলিল এবং অর্ধরাজ্যপ্রাপ্তির লোভে হৃষ্টমনে রাজার নিকট উপস্থিত হইয়া দ্বিতীয় চরণটীর আবৃত্তি করিল। রাজা ইহা শুনিয়াই মূর্ছিত হইয়া পড়ে এবং সভাসদ্‌গণ সেই উদ্যানপালককে ধৃত করিয়া আবদ্ধ করে। রাজা জ্ঞানলাভ করিয়া উদ্যানপালকের নিকট সমস্ত বৃত্তান্ত অবগত হয় এবং অত্যন্ত সম্মানের সহিত সেই মুনিকে প্রাসাদে আনয়ন করে। উভয়ের মধ্যে যে বার্তালাপ হয় তাহা সূত্রেই বর্ণিত আছে।

কংপিল্লে[১] সংভূও, চিত্তো পুণ জাও পুরিমতালংমি[২]।
সিট্ঠিকুলংমি বিসালে, ধম্মং সোউণ পব্বঈও ॥২॥

সংভূও (সম্ভূত) কংপিল্লে (কাম্পিল্য নগরে) (জন্মগ্রহণ করিল) পুণ (আর) চিত্তো (চিত্র=সম্ভূতের জ্যেষ্ঠভ্রাতা চিত্র) পুরিমতালংমি (পুরিমতাল নগরে) বিসালে (বিশাল=বিস্তৃত পরিবার সমন্বিত) সিট্ঠিকুলংমি (শ্রেষ্ঠিকুলে) জাও (জাত হইল=উৎপন্ন হইল)। (বয়প্রাপ্ত হইয়া) ধম্মং (ধর্ম) সোউণ (শ্রবণ করিয়া) পব্বঈও (প্রব্রজিত হইল) ॥২॥

সম্ভূত কাম্পিল্য নগরে ব্রহ্মদত্ত চক্রবর্তী রাজারূপে জন্মগ্রহণ করিল। আর তাহার জ্যেষ্ঠভ্রাতা চিত্র পুরিমতাল নগরে এক বিস্তৃত পরিবার সমন্বিত শ্রেষ্ঠিকুলে উৎপন্ন হইল। বয়প্রাপ্ত হইয়া ধর্ম শ্রবণ পূর্বক চিত্র প্রব্রজ্যা গ্রহণ করিল ॥২॥

কংপিল্লংমি য় ণয়রে, সমাগয়া দোবি চিত্তসংভূয়া।
সুহদুক্খফলবিবাগং, কহিংতি তে এক্কমেক্কস্স[৩] ॥৩॥

কংপিল্লংমি য় ণয়রে (কাম্পিল্য নগরে) চিত্তসংভূয়া (চিত্র ও সম্ভূত= পূর্ব-জন্মের চিত্র ও সম্ভূত নামক উভয় ভ্রাতা) দোবি (উভয়েই) সমাগয়া (সমাগত) (হইয়া) তে (তাহারা) এক্কমেক্কস্স (একে অন্যের=পরস্পরের) সুহদুক্খফলবিবাগং (সুখদুঃখফলবিপাক=শুভ কর্ম ও অশুভ কর্মের ফলের স্বরূপ, সুখদুঃখের স্বরূপ) কহিংতি (কহিতে লাগিল) ॥৩॥

কাম্পিল্য নগরে চিত্র ও সম্ভূত উভয় ভ্রাতা মিলিত হইয়া পরস্পরের সুকর্ম ও দুষ্কর্মের ফলের স্বরূপ বলিতে লাগিল ॥৩॥

চক্কবট্টী[৪] মহড্ঢীও, বংভদত্তো মহাযসো।
ভায়রং বহুমাণেণং, ইমং বয়ণমব্ববী ॥৪॥

১। অধুনা এই নগরকে কংপিলা বলে। ইহা ফরক্কাবাদ হইতে ২৫ মাইল ও কায়মগঞ্জ স্টেশন হইতে ৬ মাইল উত্তর পশ্চিমে বুঢ়ীগঙ্গাতটে অবস্থিত। এক সময়ে কাম্পিল্য দক্ষিণ পাঞ্চালের রাজধানী ছিল। কল্যাণবিজয়গণি কৃত ভগবান্ মহাবীর, পৃঃ ৩৬১।

২। পুরিমতালকে কেহ কেহ প্রয়াগের প্রাচীন নাম বলিয়া উল্লেখ করেন কিন্তু জৈন শাস্ত্র মতে ইহা অযোধ্যার শাখানগর। ভগবান্ মহাবীর পৃঃ ৩৭৬।

৩। 'ইক্কমিক্কস্স' টীকা ১ ও ৩।

৪। চক্রবর্তীর বিবরণের জন্য ১১।২১ সূত্রের ৬ নং পাদটীকা দ্রষ্টব্য।

মহড্‌ঢীও (মহর্দ্ধিক=মহা সমৃদ্ধি সম্পন্ন) মহাযসো (মহাযশা) বংভদত্তো (ব্রহ্মদত্ত) চক্কবট্টী (চক্রবর্তী রাজা) ভায়রং (ভ্রাতাকে=পূর্বজন্মের ভ্রাতাকে) বহুমাণেণং (বহুমানের সহিত=অত্যন্ত সম্মানের সহিত) ইমং বয়ণং (এই বচন=নিম্নবর্ণিত বাক্য) অব্ববী (বলিল) ॥৪॥

মহা সমৃদ্ধিশালী ও মহাযশস্বী ব্রহ্মদত্ত চক্রবর্তী পূর্বজন্মের ভ্রাতাকে অত্যন্ত সম্মানের সহিত নিম্নলিখিত বাক্য বলিল ॥৪॥

আসিমো ভায়রা দো বি, অন্নমন্নবসাণুগা।
অন্নমন্নমণুরত্তা, অন্নমন্নহি এসিণো ॥৫॥

মো (আমরা) দো বি (উভয়) ভায়রা (ভ্রাতা) অন্নমন্নবসাণুগা (অন্যোন্য-বশানুগ=পরস্পরের অনুগত) অন্নমন্নমণুরত্তা (অন্যোন্যানুরক্ত=পরস্পরের প্রতি অনুরক্ত) (ও) অন্নমন্নহি এসিণো (পরস্পরের হিতৈষী) আসি (ছিলাম) ॥৫॥

আমরা উভয় ভ্রাতা পরস্পরের অনুগত, পরস্পরের প্রতি অনুরক্ত ও পরস্পরের হিতৈষী ছিলাম ॥৫॥

দাসা দসন্নয়ে[১] আসী, মিআ কালিংজরে ণগে।
হংসা ময়ংগতীরাএ, সোবাগা[২] কাসিভূমিএ ॥৬॥

দেবা য় দেবলোগংমি, আসি অম্হে মহিড্‌ঢিআ।
ইমা ণো ছট্টিয়া জাঈ, অন্নমন্নেণ জা বিণা ॥৭॥

(আমরা) দসন্নয়ে (দশার্ণ দেশে) দাসা (দাস) আসী (হইয়াছিলাম) কালিংজরে ণগে (কালিঞ্জর পর্বতে) মিআ (মৃগ) (হইয়াছিলাম) ময়ংগ-তীরাএ (মৃত গঙ্গাতীরে) হংসা (হংস) (হইয়াছিলাম) কাসিভূমিএ (কাশীভূমিতে=কাশীদেশে) সোবাগা (চণ্ডাল) (হইয়াছিলাম) অম্হে (আমরা) দেবলোগংমি (দেবলোকে=সৌধর্মনামক প্রথম দেবলোকের নলিনী-গুল্ম নামক বিমানে) মহড্‌ঢিআ (মহর্ধিক) দেবা (দেব) আসি (হইয়া-

---

১। 'দসন্নে' টীকা ১ ও ২। বর্তমান ভূপাল রাজ্যের সহিত পূর্ব মালব প্রদেশ দশার্ণদেশ নামে খ্যাত ছিল। মৌর্যকালে ইহার রাজধানীর নাম চৈত্যগিরি ছিল। কিন্তু পরবর্তী সময়ে তাহা বিদিশা, বর্তমান ভিলসাতে স্থানান্তরিত হয়। ভগবান মহাবীর, পৃষ্ঠা ৩৭২।

২। 'চংডালা' টীকা ২

ছিলাম) ণো (আমাদের) ইমা (এই=উপস্থিত) অন্নমন্নেণ (পরস্পরের সহিত) বিণা (ব্যতিরেকে) জা (যে) ছট্ঠিয়া (ষষ্ঠিকা=ষষ্ঠ) জাঈ (জাতি =জন্ম) ॥৬॥৭॥

আমরা দশার্ণ দেশে দাস ছিলাম, কালিঞ্জর পর্বতে মৃগ হইয়াছিলাম, মৃতগঙ্গাতীরে হংস হইয়াছিলাম, কাশীদেশে চণ্ডাল হইয়াছিলাম, প্রথম দেবলোকে মহা সমৃদ্ধিশালী দেব হইয়াছিলাম এবং আমরা এই ষষ্ঠ জন্মে পরস্পরের সহিত বিচ্ছিন্ন হইয়াছি ॥৬॥৭॥

কম্মা [১]ণিয়াণপগড়া, তুমে রায় বিচিংতিয়া।
তেসিং ফলবিবাগেণ, বিপ্পওগমুবাগয়া ॥৮॥

(মুনি বলিলেন) রায় (হে রাজন্) তুমে (তোমার দ্বারা) ণিয়াণপগড়া (নিদানপ্রকৃত=নিদানের দ্বারা প্রকৃষ্টরূপে কৃত, সংকল্পের জন্য বদ্ধ) কম্মা (কর্ম) বিচিংতিয়া (বিচিন্তিত হইয়াছিল) তেসিং (তাহার=সেই সংকল্পবদ্ধ কর্মের) ফলবিবাগেণ (ফলবিপাকের দ্বারা=ফলের উদয়ের দ্বারা) (আমাদের) বিপ্পওগং (বিপ্রয়োগ=বিয়োগ, বিরহ) উবাগয়া (উপাগত হইয়াছে) ॥৮॥

মুনি বলিলেন হে রাজন্, তুমি দুষ্ট সংকল্পের দ্বারা কর্মের বন্ধন করিয়াছ, তাহারই ফলোদয়ে আমাদের বিরহ উপস্থিত হইয়াছে ॥৮॥

সচ্চসোয়প্পগড়া[২], কম্মা মএ পুরা কড়া।
তে অজ্জ পরিভুংজামো, কিংণু চিত্তে বি সে তহা ॥৯॥

(রাজা বলিল) মএ (আমার দ্বারা) পুরা (পূর্বে=পূর্বজন্মে) সচ্চসোয়প্পগড়া সত্য শৌচ প্রকট=সত্য ও অকপট অনুষ্ঠানের দ্বারা প্রসিদ্ধ, শুভপ্রকৃতি-বিশিষ্ট) কম্মা (কর্ম) কড়া (কৃত হইয়াছিল) তে (তাহা) অজ্জ (অদ্য= অধুনা) পরিভুংজামো (পরিভোগ করিতেছি=উপভোগ করিতেছি) চিত্তে (হে চিত্র) সে (সেইরূপ ভোগ) তহা (সেই প্রকার) কিংণু (কেন না) (ভোগ করিতেছ ?) ॥৯॥

১। 'নিয়াণপ্পগড়া' টীকা ১ ও ৩। 'নিদানং সাভিষঙ্গপ্রার্থনারূপং তেন প্রকর্ষেণ কৃতানি বিহিতানি নিদানপ্রকৃতানি নিদানবশনিবদ্ধানীতি" টীকা ৩।

২। "সত্যং মৃষাভাষাপরিহাররূপং শৌচং অমায়মনুষ্ঠানং তাভ্যাং প্রকটানি প্রখ্যাতানি কর্ম্মাণি প্রক্রমাচ্ছুভানুষ্ঠানানি শুভপ্রকৃতিরূপাণি বা" টীকা ৩।

রাজা বলিল, আমি পূর্বজন্মে সত্য ও অকপটরূপে শুভ কর্ম করিয়াছিলাম তাহার ফল এখন ভোগ করিতেছি। হে চিত্র, তুমি কেন সেইরূপ ঐশ্বর্য ভোগ করিতেছ না ॥৯॥

সব্বং সুচিণ্ণং সফলং ণরাণং, কড়াণ কম্মাণ ন মোক্‌খু[১] অত্থি।
অত্থেহিং কামেহিং য উত্তমেহিং, আয়া মমং পুণ্ণফলোববেএ[২] ॥১০॥

(মুনি বলিলেন) ণরাণং (মনুষ্যগণের) সব্বং (সর্ব) সুচিণ্ণং (সুচীর্ণ= সম্যক্ প্রকারে কৃত সংযম তপস্যাদি) সফলং (সফল) (হইয়া থাকে) (কেননা) কড়াণ (কৃত=অনুষ্ঠিত) কম্মাণ (কর্ম হইতে) মোক্‌খু (মোক্ষ= মুক্তি, অব্যাহতি) ন অত্থি (নাই) মমং (আমার) আয়া (আত্মা) উত্তমেহিং (উত্তম=প্রধান) অত্থেহিং (অর্থের দ্বারা) য (ও) কামেহিং (কামের দ্বারা) পুণ্ণফলোববেএ (পুণ্যফলোপপেত) (হইয়াছিল) ॥১০॥

মুনি বলিলেন, হে রাজন্, মনুষ্যগণের সম্যক্‌প্রকারে আচরিত সংযম তপস্যাদি ক্রিয়া সফলই হইয়া থাকে কেননা কৃত কর্ম হইতে অব্যাহতি নাই। কৃত কর্মের ফল অবশ্যই ভুগিতে হইবে। আমার আত্মাও শ্রেষ্ঠ অর্থ ও কামরূপ পুণ্য ফলযুক্ত হইয়াছিল অর্থাৎ আমি উত্তম অর্থ ও কাম প্রাপ্ত হইয়াছিলাম ॥১০॥

জাণাহি সংভূয় মহাণুভাগং, মহড্‌ঢিয়ং[৩] পুণ্ণফলোববেয়ং।
চিত্তং পি জাণাহি তহেব রায়ং, ইড্‌ঢী জুঈ তস্‌স বি য প্পভূয়া ॥১১॥

সংভূয় (হে সম্ভূত) (তুমি নিজকে যেরূপ) মহাণুভাগং (মহানুভাগ=বিশাল মাহাত্ম্যযুক্ত) মহড্‌ঢিয়ং (মহর্দ্ধিক=বিস্তীর্ণ সমৃদ্ধি সমন্বিত) পুণ্ণফলোববেয়ং (পুণ্যফলোপপেত) (বলিয়া) জাণাহি (জান) রায়ং (হে রাজন্) তহেব (তদ্রূপ) চিত্তংপি (চিত্রকেও=আমাকেও) জাণাহি (জানিবে) তস্‌স বি (তাহারও=চিত্রেরও) প্পভূয়া (প্রভূত) ইড্‌ঢী (ঋদ্ধি) জুঈ (দ্যুতি) (ছিল) ॥১১॥

হে সম্ভূত, যেমন তুমি নিজেকে বিশাল মাহাত্ম্য ও সমৃদ্ধিসম্পন্ন এবং

১। 'মুক্‌খ' টীকা ১; 'মুক্‌খু' টীকা ৩; 'মোক্‌খো' টীকা ৪।

২। 'ফলোববেও' টীকা ৩।

৩। 'মহিড্‌ঢিয়ং' টীকা ৩ ও ৪।

পুণ্যফলোপেত বলিয়া মনে কর, হে রাজন, তদ্রূপ এই চিত্রকেও জানিবে, তাহারও বিস্তীর্ণ সমৃদ্ধি ও দীপ্তি ছিল ॥১১॥

মহত্থরূবা[১] বয়ণপ্পভূয়া[২], গাহাণুগীয়া ণরসংঘমজ্ঝে।
জং ভিক্খুণো সীলগুণোববেয়া, ইহজ্জয়ংতে সমণোম্হি[৩] জাও ॥১২॥

মহত্থরূবা (মহার্থরূপা=গম্ভীর অর্থযুক্ত) বয়ণপ্পভূয়া (বচণাপ্রভূত=অপ্রভূত বচনযুক্ত, স্তোকাক্ষরসমন্বিত) গাহা (গাথা) (যাহা) ণরসংঘমজ্ঝে (মনুষ্য সভামধ্যে) অণুগীয়া (অনুগীত হইয়াছিল=তীর্থঙ্করাদিদ্বারা উপদিষ্ট হইয়াছিল) জং (যাহা) (শ্রবণ করিয়া) ভিক্খুণো (সাধুগণ) সীলগুণোববেয়া (শীলগুণোপপেত=জ্ঞান ও চারিত্রসম্পন্ন হইয়া) ইহ (এই জিন প্রবচনে) জয়ংতে (যত্নবান্ হয়) (সেই গাথা শ্রবণ করিয়া আমিও) সমণো (শ্রমণ) জাওম্হি (হইয়াছি) ॥১২॥

গম্ভীর অর্থযুক্ত ও স্তোকাক্ষর বিশিষ্ট যে গাথা মনুষ্যগণের সভামধ্যে তীর্থঙ্করাদি দ্বারা অনুগীত হইয়াছিল এবং যাহা শ্রবণ করিয়া ভিক্ষুগণ জ্ঞান ও চারিত্রযুক্ত হইয়া ধর্মাচরণে যত্নবান্ হয় সেইরূপ গাথা শ্রবণ করিয়া আমি শ্রমণ হইয়াছি ॥১২॥

[৪]উচ্চোদয়ে মহু ককে্ক য বংভে[৪], পবেইয়া আবসহা য রম্মা।
ইমং গিহং চিত্ত[৫] ধণপ্পভূয়ং, পসাহি পংচালগুণোববেয়ং[৬] ॥১৩॥

(রাজা বলিল) চিত্ত (হে চিত্র) উচ্চোদএ (উচ্চ ও উদয়) মহু (মধু) ককে্ক (কর্ক) য (ও) বংভে (ব্রহ্মা) (আমার এই পাঁচটী) রম্মা (রম্য)

১। "মহতো বাহর্থান্ জীবাদিতত্ত্বরূপান্ রূপয়তি দর্শয়তীতি মহার্থরূপা" টীকা ৩।

২। "বচনেনাপ্রভূতা স্তোকাক্ষরেত্যর্থঃ" টীকা ২। "বচনৈর্ণয়ভেদৈঃ প্রভূতা বচনপ্রভূতা অল্পাক্ষরা বহ্বর্থেত্যর্থঃ" টীকা ১।

৩। "ইহং জয়ংতে সমণোম্হি" টীকা ১। 'ইহংজয়ংতে সমণো মি' টীকা ৪।

৪। "উচ্চ, উদয়, মধু, কর্ক, ব্রহ্ম এতে পঞ্চ প্রাসাদা যত্র চক্রিণো রোচন্তে তত্রৈব বার্ধকিরত্নেন চক্রিসূত্রধারেণ বিধীয়ন্তে ইতি বৃদ্ধা আহুঃ" টীকা ১। চক্রবর্তী রাজার জন্য বিশেষ প্রকারে নির্মিত পাঁচটী প্রাসাদের নাম।

৫। "হে চিত্র ত্বমিমমিদং প্রভূতধনং প্রচুরধনসহিতং। অথবা চিত্তধনপ্পভূয়ং ইত্যেকমেবপদং গৃহবিশেষণং চিত্রং নানাপ্রকারং প্রভূতং প্রচুরং ধনং যস্মিন্ তচ্চিত্রপ্রভূতধনং" টীকা ১।

৬। "পঞ্চালেষু যানি বিশিষ্টবস্তূনি তেষাং সর্বেষাং তত্র সদ্ভাবাৎ" টীকা ২।

আবসহা (আবসথ=প্রাসাদ সকল) পবেইয়া (প্রবেদিত আছে=প্রকীর্তিত আছে, বিখ্যাত আছে) (তুমি) ইমং (এই) ধণপ্পভূয়ং (প্রভূত ধনবিশিষ্ট) পংচালগুণোববেয়ং (পঞ্চালগুণোপপেত=পঞ্চাল দেশের সমস্ত বিশিষ্ট বস্তুর দ্বারা পরিপূর্ণ) গিহং (গৃহ) পসাহি (প্রসাধি=প্রসন্ন মনে ভোগ কর) ॥১৩॥

রাজা বলিল হে চিত্র, উচ্চ, উদয়, মধু, কর্ক ও ব্রহ্ম নামক আমার রমণীয় পাঁচটী প্রাসাদ বিখ্যাত আছে। প্রভূত ধনসম্পত্তি সমন্বিত ও পঞ্চাল দেশের বিশিষ্ট দ্রব্যসমূহের দ্বারা পরিপূর্ণ আমার এই গৃহ তুমি প্রসন্নমনে ভোগ কর ॥১৩॥

> ণট্টেহি[১] গীএহি[২] য় বাইএহিং, ণারীজণাহিং পরিবারয়ংতো।
> ভুংজাহি ভোগাইং ইমাইং ভিক্খু, মম রোয়ঈ পব্বজ্জা হু দুক্খং ॥১৪॥

ভিক্খু (হে ভিক্ষু) ণট্টেহি (নাট্যের দ্বারা) গীএহি (গীতের দ্বারা) বাইএহিং (বাদিত্রের দ্বারা) (এবং) ণারীজণাহিং (নারীগণের দ্বারা) পরিবারয়ংতো (পরিবৃত হইয়া) ইমাইং (এই সমস্ত) ভোগাইং (ভোগ) ভুংজাহি (ভোগ কর) হু (নিশ্চয়ই) মম (আমার নিকট) পব্বজ্জা (প্রব্রজ্যা) দুক্খং (দুঃখময়) রোয়ঈ (প্রতিভাত হইতেছে) ॥১৪॥

হে ভিক্ষু, নারীগণের দ্বারা পরিবৃত হইয়া নাট্য, গীত ও বাদিত্রের দ্বারা এই কামভোগ সেবন কর। আমার নিকট প্রব্রজ্যা দুঃখপূর্ণ বলিয়াই প্রতিভাত হয় ॥১৪॥

> তং পুব্বণেহেণ কয়াণুরাগং, ণরাহিবং কামগুণেসু গিদ্ধং।
> ধম্মস্সিও[৩] তস্স হিয়াণুপেহী, চিত্তো ইমং বয়ণমুদাহরিত্থা ॥১৫॥

তং (সেই) পুব্বণেহেণ (পূর্বস্নেহের দ্বারা=পূর্বজন্মের দ্বারা) কয়াণুরাগং (কৃতানুরাগ=অনুরক্ত) কামগুণেসু গিদ্ধং (বিষয়সুখে লোলুপ) ণরাহিবং (নরাধিপকে) তস্স্ (তাহার=সেই রাজার) হিয়াণুপেহী (হিতানুপ্রেক্ষী=

১। নট্টেহিং' টীকা ২।
২। 'গীএহিং টীকা ২।
৩। 'ধম্মংসিও' টীকা ২।

হিতাকাংক্ষী) ধম্মস্সিও (ধর্মাশ্রিত=ধর্মে স্থিত, ধর্মপালনকারী) চিত্তো (চিত্র) ইমং বয়ণং (এইরূপ বাক্য) উদাহরিত্থা (বলিলেন) ॥১৫॥

পূর্বজন্মের ভ্রাতৃস্নেহের দ্বারা অনুরক্ত ও বিষয়সুখে লোলুপ রাজাকে তাহার হিতাকাঙ্ক্ষী শুদ্ধধর্মপালনকারী চিত্র এইরূপ বলিলেন ॥১৫॥

সব্বং বিলবিয়ং গীয়ং, সব্বং ণট্টং বিড়ংবণা[১] ।
সব্বে আভরণা ভারা, সব্বে কামা দুহাবহা ॥১৬॥

(মুনি বলিলেন) সব্বং (সমস্ত) গীয়ং (গীত) বিলবিয়ং (বিলপিত=বিলাপের ন্যায়) সব্বং ণট্টং (সমস্ত নাট্য) বিড়ংবণা (বিড়ম্বনার ন্যায়) সব্বে (সমস্ত) আভরণা (আভরণ) ভারা (ভাররূপ) (ও) সব্বে (সমস্ত) কামা (কাম=বিষয় ভোগ) দুহাবহা (দুঃখবাহ=দুঃখদায়ক) ॥১৬॥

মুনি বলিলেন, হে রাজন্, সমস্ত গানবাদ্য বিলাপের ন্যায়, সমস্ত নাট্যাদি বিড়ম্বনাতুল্য, সমস্ত আভরণ ভাররূপ ও সমস্ত বিষয়ভোগ দুঃখাবহ বলিয়া প্রতীয়মান হইতেছে ॥১৬॥

বালাভিরামেসু দুহাবহেসু, ন তং সুহং কামগুণেসু রায়ং ।
বিরত্তকামাণ তবোহণাণং[২], জং ভিক্খুণং সীলগুণে রয়াণং ॥১৭॥

রায়ং (হে রাজন্) বিরত্তকামাণ (বিরক্তকাম=বিষয়পরাঙ্মুখ) সীলগুণে রয়াণং (শীলগুণে রত=সচ্চারিত্র সম্পন্ন) তবোহণাণং (তপোধন=তপস্যাই যাহার ধন, তপস্যারত) ভিক্খুণং (ভিক্ষুদিগের) জং (যেরূপ) (সুখ) তং সুহং (সেইরূপ সুখ) বালাভিরামেসু (বালাভিরাম=অবিবেকিগণের প্রীতিদায়ক) দুহাবহেসু (দুঃখাবহ) কামগুণেসু (কামগুণে=বিষয়সুখে) ন (না=হয় না) ॥১৭॥

হে রাজন্, বিষয়পরাঙ্মুখ, সচ্চারিত্রসম্পন্ন, তপস্যারত ভিক্ষুদিগের যেরূপ সুখ, তদ্রূপ সুখ বিষয়সুখে হয় না। তাহা অবিবেকিগণের প্রীতিদায়ক কিন্তু দুঃখাবহ ॥১৭॥

ণরিংদ জাঈ অহমাণরাণং, সোবাগজাঈ দুহও গয়াণং ।
জহিং বয়ং সব্বজণস্স বেসা, বসীয় সোবাগণিবেসণেসু ॥১৮॥

১। 'বিড়ংবিয়ং' টীকা ১ ও ৪।

২ 'তবোধণাণং' টীকা ১ ও ২।

ণরিংদ (হে নরেন্দ্র) ণরাণং (মনুষ্যগণের মধ্যে) সোবাগজাঈ (শ্বপাক জাতি) অহমা (অধম) জাঈ (জাতি) (বলিয়া গণ্য হয়) (সেই অধম জাতিতে) দুহও (উভয়ে=আমরা উভয়ে) গয়াণং (গত হইয়াছিলাম=জন্ম-গ্রহণ করিয়াছিলাম) জহিং (যেখানে) বয়ং (আমরা) সব্বজণস্স (সর্বজনের) বেসা (দ্বেষ্য=অপ্রীতিজনক) (হইয়াছিলাম) (এবং) সোবাগণিবেসণেসু (শ্বপাক নিবেশে=চণ্ডালগৃহে) বসীয় (বাস করিতাম) ॥১৮॥

হে নরেন্দ্র, মনুষ্যগণের মধ্যে চণ্ডালজাতি সর্বাপেক্ষা অধম জাতি বলিয়া গণ্য। আমরা উভয়ে সেখানে জন্মগ্রহণ করিয়াছিলাম। সেখানে আমরা সকলেরই অপ্রীতিজনক হইয়াছিলাম এবং চণ্ডালগণের কদর্য গৃহে বাস করিতাম ॥১৮॥

তীসে য় জাঈই উ পাবিয়াএ, বুচ্ছা[১] মু সোবাগণিবেসণেসু।
সব্বস্স লোগস্স দুগংছণিজ্জা, ইহং তু কম্মাইং পুরাকড়াইং[২] ॥১৯॥

য় (এবং) তীসে (সেই) পাবিয়াএ (পাপিষ্ঠ=নীচ, কুৎসিৎ) জাঈই (জাতিতে) সব্বস্স লোগস্স (সমস্ত লোকের) দুগংছণিজ্জা (জুগুপ্সনীয়=নিন্দিত, অবহেলিত) (হইয়া) মু (আমরা) সোবাগণিবেসণেসু (চণ্ডাল বসতিতে) বুচ্ছা (বাস করিতাম) তু (কিন্তু) ইহং (ইহজন্মে) পুরাকড়াইং (পুরাকৃত=পূর্বকৃত) কম্মাইং (কর্ম=শুভকর্ম) (প্রকট (হইয়াছে) ॥১৯॥

এবং সেই কুৎসিৎ জাতিতে সমস্ত লোক কর্তৃক অবহেলিত হইয়া আমরা চণ্ডাল বসতিতে বাস করিতাম কিন্তু ইহজন্মে পূর্বকৃত শুভকর্মের ফল উদিত হইয়াছে ॥১৯॥

সো দাণিসিং রায় মহাণুভাগো মহড্ঢিও পুণ্ণফলোববেও।
চইত্তু ভোগাইং অসাসয়াইং, আদাণহেউং[৩] অভিণিক্খমাহি ॥২০॥

সো (সেই সম্ভূত) দাণিসিং (অধুনা) মহাণুভাগো (বিশাল মাহাত্ম্যযুক্ত) মহড্ঢিও (মহা সমৃদ্ধিসম্পন্ন) পুণ্ণফলোববেও (পুণ্যফলোপপেত) রায় (রাজা)

১। 'বচ্ছামু' টীকা ১।
২। 'পুরেকড়াইং' টীকা ১ ও ৩।
৩। 'আয়াণহেউং' টীকা ৩।

(হইয়াছে অতএব) অসাসয়াইং (অশাশ্বত) ভোগাইং (বিষয়ভোগ) চইত্তু (পরিত্যাগ করিয়া) আদাণহেউং (আদানহেতু=চারিত্রধর্মের জন্য) অভিণিক্খমাহি (অভিনিষ্ক্রাম=গৃহ পরিত্যাগ করিয়া দীক্ষাগ্রহণ কর) ॥২০॥

সেই পূর্বজন্মের সম্ভূত এখন বিশাল মাহাত্ম্যযুক্ত, প্রভূত সমৃদ্ধিসম্পন্ন, পুণ্যফলযুক্ত রাজা হইয়াছে। অতএব অশাশ্বত বিষয়ভোগ পরিত্যাগ করিয়া চারিত্রধর্মের জন্য দীক্ষাগ্রহণ কর ॥২০॥

ইহ জীবিএ রায় অসাসয়ংমি, ধণিয়ং তু পুণ্ণাই অকুব্বমাণো।
যে সোয়ঈ মচ্চুমুহোবণীএ, ধম্মং অকাউণ পরংমি লোএ[১] ॥২১॥

রায় (হে রাজন্) ইহ (এই সংসারে) ধণিয়ং তু (অত্যন্ত) অসাসয়ংমি (অশাশ্বত) জীবিএ (জীবনে) পুণ্ণাই (পুণ্য) অকুব্বমাণো (না করিয়া) ধম্মং (ধর্ম) অকাউণ (না করিয়া) সে (সেই ব্যক্তি) মচ্চুমুহোবণীএ (মৃত্যুমুখোপনীত=মৃত্যুপ্রাপ্ত) (হইয়া) পরংমি লোএ (পরলোকে) (যাইয়া) সোয়ঈ (পরিতাপ করে) ॥২১॥

হে রাজন্, এই সংসারের অত্যন্ত অশাশ্বত জীবনে যে পুণ্যোপার্জন ও ধর্মানুষ্ঠান না করিয়া মৃত্যুমুখে পতিত হয় সে পরলোকে নরকাদিতে যাইয়া পরিতাপ করে ॥২১॥

জাহেহ সীহো ব মিয়ং গহায়, মচ্চু ণরং ণেই হু অংতকালে।
ন তস্স মায়া ব পিয়া ব ভায়া, কালংমি তম্মিং[২] সহরা[৩] ভবংতি ॥২২॥

জহা (যথা) ইহ (এ সংসারে) সীহো (সিংহ) মিয়ং (মৃগকে) গহায় (গ্রহণ করিয়া=ধরিয়া) (স্ববশে আনয়ন করে) (তদ্রূপ) হু (নিশ্চয়ই) মচ্চু (মৃত্যু) অংতকালে (অন্তকালে=মরণ সময়ে) ণরং (মনুষ্যকে) ণেই (নয়তি=আনয়ন করে, স্ববশে আনয়ন করে) তম্মিং কালংমি (সেই সময়ে) তস্স (তাহার=সেই মনুষ্যের) মায়া (মাতা) ব (ও) পিয়া (পিতা) ব (ও) ভায়া (ভ্রাতা) অংসহরা (অংশধরা=নিজের জীবনের অংশ দিয়া রক্ষাকর্তা) ন ভবংতি (হয় না) ॥২২॥

১। 'লোগে' টীকা ৩।

২। 'তংমংসহরা' টীকা ৩।

৩। "অংশং স্বজীবিতব্যভাগং ধারয়ন্তি মৃত্যুনা নীয়মানং নরং রক্ষন্তীত্যংশধরাঃ স্বজীবিতব্যদায়কাঃ" টীকা ১।

যেমন এ সংসারে সিংহ মৃগকে ধরিয়া স্ববশে আনয়ন করে তদ্রূপ মৃত্যু মনুষ্যের অন্তকালে নিশ্চয়ই তাহাকে স্ববশে আনয়ন করে। মৃত্যু সময়ে তাহার মাতা, পিতা ও ভ্রাতা কেহই নিজের জীবনের অংশ দিয়া তাহার রক্ষাকর্তা হয় না ॥২২॥

ন তস্স দুক্খং বিভয়ংতি ণাইও, মিত্তবগ্গা ন সুয়া ন বংধবা।
ইক্কো সয়ং পচ্চণুহোই দুক্খং, কত্তারমেবং অণুজাই কম্মং ॥২৩॥

তস্স (সেই মৃত্যুমুখে উপনীত মনুষ্যের) দুক্খং (দুঃখ) ণাইও (জ্ঞাতিগণ) মিত্তবগ্গা (মিত্রবর্গ) সুয়া (সুতগণ=পুত্রগণ) বংধবা (বান্ধবগণ) ন বিভয়ংতি (বিভাগ করিয়া লয় না) ইক্কো (একমাত্র) সয়ং (স্বয়ং) দুক্খং (দুঃখ) পচ্চণুহোই (ভোগ করে) কম্মং (কর্ম) কত্তারং এবং (কর্তাকেই) অণুজাই (অনুগমন করে) ॥২৩॥

সেই মৃত্যুমুখে উপনীত মনুষ্যের দুঃখ, জ্ঞাতি, মিত্র, পুত্র বা বান্ধবগণ কেহই বিভাগ করিয়া লইতে সমর্থ হয় না। তাহাকে একাকী স্বয়ং দুঃখভোগ করিতে হয়। কর্ম কর্তারই অনুগমন করে ॥২৩॥

চিচ্চা দুপয়ং চ চউপ্পয়ং চ, খিত্তং গিহং ধণধণ্ণং চ সব্বং।
কম্মপ্পবীও[১] অবসো পয়াঈ, পরং ভবং সুংদর পাবগং বা ॥২৪॥

কম্মপ্পবীও (কর্মাত্মদ্বিতীয়=যাহার আত্মার কর্মই দ্বিতীয় সঙ্গী, কর্মসহিত) (জীব) দুপয়ং (দ্বিপদ) চউপ্পয়ং (চতুষ্পদ) চ (এবং) খিত্তং (ক্ষেত্র) গিহং (গৃহ) ধণধণ্ণং (ধন ও ধান্য) চ (ও) সব্বং (সর্ব=সমস্ত পদার্থ) চিচ্চা (পরিত্যাগ করিয়া) অবসো (অবশ=পরাধীন) (হইয়া) সুংদর (সুন্দর=দেবলোকাদি স্থান) বা (অথবা) পাবগং (কুৎসিত=নরকাদি) পরং ভবং (পরভবে=অন্য জন্মে) পয়াঈ (প্রয়াণ করে) ॥২৪॥

যাহার কর্মই একমাত্র সঙ্গী সেই কর্মযুক্ত জীব দ্বিপদ, চতুষ্পদ, ক্ষেত্র, গৃহ, ধন ও ধান্য প্রভৃতি সমস্ত পরিত্যাগ করিয়া সুন্দর অর্থাৎ স্বর্গাদি, বা কুৎসিত অর্থাৎ নরকাদি পরভবে কর্মের পরাধীন হইয়া প্রয়াণ করে ॥২৪॥

১। 'সকম্মপ্পবীও টীকা ১। "স্বস্যকর্ম্ম স্বকর্ম স্বকর্ম এবাত্মনো দ্বিতীয়ং যস্য স স্বকর্মাত্ম-দ্বিতীয়ঃ, স্বকর্মসহিতঃ" টীকা ১। "কর্মৈবাত্মনো দ্বিতীয়মস্যেতি কর্মাত্মদ্বিতীয়ঃ" টীকা ২।

তং ইক্কগং তুচ্ছসরীরগং সে, চিঈগয়ং দহিয়[১] উ পাবগেণ।
ভজ্জা য় পুত্তোবি[২] য় ণায়ও য়, দায়ারমণ্ণং অণুসংকমংতি ॥২৫॥

সে (সেই মৃত ব্যক্তির) তং (সেই ত্যক্ত) ইক্কগং (একক=কেবলমাত্র, প্রাণরহিত) তুচ্ছসরীরগং (তুচ্ছ শরীরকে=অসার শরীরকে) চিঈগয়ং (চিতিগত=চিতাগত, চিতায় স্থাপিত) (করিয়া) উ (ও) পাবগেণ (পাবকের দ্বারা=অগ্নির দ্বারা) দহিয় (দহন করিয়া) (তাহার) ভজ্জা (ভার্যা) য় (ও) পুত্তোবি (পুত্র ও) য় (এবং) ণায়ও (জ্ঞাতৃগণ=স্বজনগণ) অণ্ণং (অন্য=অপর) দায়ারং (দাতাকে=জীবিকা প্রদানকারীকে) অণুসংকমংতি (অনুসংক্রামন্তি=অনুসরণ করে, সেবা করে) ॥২৫॥

সেই মৃত ব্যক্তির ত্যক্ত প্রাণরহিত অসার শরীরকে চিতায় স্থাপিত করিয়া ও অগ্নির দ্বারা দগ্ধ করিয়া তাহার স্ত্রী, পুত্র ও স্বজনগণ অন্য জীবিকা প্রদানকারীর অনুগত হয় ॥২৫॥

উবণিজ্জঈ জীবিয়মপ্পমায়ং, বণ্ণং জরা হরই ণরস্স রায়ং।
পংচালরায়া বয়ণং সুণাহি, মা কাসি কম্মাইং মহালয়াইয়ং ॥২৬॥

রায়ং (হে রাজন্) ণরস্স (মনুষ্যের) জীবিয়ং (জীবিত=জীবন) অপ্পমায়ং (অপ্রমাদরূপে=নির্ভুলরূপে) উবণিজ্জঈ (উপনীত করে=মৃত্যুর নিকট উপনীত করে) জরা (জরা) বণ্ণং (বর্ণ=শরীর সৌন্দর্য) হরই (হরণ করে) পংচালরায়া (হে পঞ্চালরাজ) বয়ণং (বচন=বাক্য) সুণাহি (শ্রবণ কর) মহালয়াইং (মহালয়=মহা আরম্ভযুক্ত, হিংসাযুক্ত) কম্মাইং (কর্ম) মা কাসি (করিও না) ॥২৬॥

হে রাজন্, মনুষ্যের জীবন নির্ভুলরূপে (নিরন্তর) মৃত্যুর নিকট উপনীত হইতেছে, জরা শরীর সৌন্দর্য হরণ করে। হে পঞ্চালরাজ, আমার কথা শ্রবণ কর, হিংসাদি মহা আরম্ভযুক্ত কার্য করিও না ॥২৬॥

অহং পি জাণামি জহেহ সাহূ, জং মে তুমং সাহসি বক্কমেয়ং।
ভোগা ইমে সংগকরা ভবংতি, জে দুজ্জয়া অজ্জো অম্হারিসেহিং ॥২৭॥

(রাজা বলিল) সাহূ (হে সাধু) জং (যে) মে (আমাকে) বক্কমেয়ং

১। 'দহিও' টীকা ২।

২। 'পুত্তাবি' টীকা ৩।

(এইরূপ বাক্য) তুমং (তুমি) সাহসি (সাধয়সি = বিশেষ করিয়া বলিতেছ) ইহ (এ সংসারে) জহা (যেরূপ) (অবস্থা ঘটে তাহা) অহংপি (আমিও) জাণামি (জানি) ইমে (এই সকল) ভোগা (ভোগ = বিষয়ভোগ) সংগকরা (সঙ্গকর = আসক্তিকারক) ভবংতি (হয়) (কিন্তু) অজ্জো (হে আর্য) জে (যে ভোগ) অম্হারিসেহিং (আমাদিগের ন্যায়) (ব্যক্তির পক্ষে) দুজ্জয়া (দুর্জয় = দুস্ত্যাজ্য) ॥২৭॥

রাজা বলিলেন হে সাধু, তুমি যে কথা আমাকে বিশেষ করিয়া বলিতেছ, এই সংসারের সেইরূপ দশা আমিও জানি। এই সমস্ত বিষয়ভোগ আসক্তিজনক, কিন্তু হে আর্য, আমাদের ন্যায় ব্যক্তির পক্ষে ইহা ত্যাগ করা অত্যন্ত কঠিন ॥২৭॥

হত্থিণপুরংমি চিত্তা, দট্ঠূণং ণরবইং মহিড্ঢিয়ং।
কামভোগেসু গিদ্ধেণং, নিয়াণমসুহং[১] কড়ং ॥২৮॥

চিত্তা (হে চিত্র) হত্থিণপুরংমি (হস্তিনাপুরে) মহিড্ঢিয়ং (মহা সমৃদ্ধিসম্পন্ন) ণরবইং (নরপতিকে = সনৎকুমার নামক চক্রবর্তী রাজাকে) দুট্ঠূণং (দেখিয়া) কামভোগেসু (বিষয়ভোগে) গিদ্ধেণং (গৃদ্ধ = লোলুপ) (আমার দ্বারা অসুহং) (অশুভ) নিয়াণং (নিদান = সংকল্প) কড়ং (কৃত হইয়াছিল) ॥২৮॥

হে চিত্র, হস্তিনাপুরে মহাসমৃদ্ধিশালী সনৎকুমার নামক চক্রবর্তী রাজাকে দেখিয়া আমি বিষয়ভোগে লোলুপ হইয়া অশুভ সংকল্প করিয়াছিলাম ॥২৮॥

তস্স মে অপ্পড়িকংতস্স[২], ইমং এয়ারিসং ফলং।
জাণমাণো বি জং ধম্মং, কামভোগেসু মুচ্ছিও ॥২৯॥

মে (আমার দ্বারা) তস্স (সেই সংকল্পের) অপ্পড়িকংতস্স (অপ্রতিক্রান্ত হওয়ায় = প্রতিক্রমণ না করায়, সেই অশুভ সংকল্পের জন্য পশ্চাত্তাপ করিয়া তাহা হইতে নিবৃত্ত না হওয়ায়) ইমং (এই = বিষয়সুখ ভোগরূপ) এয়ারিসং (এতাদৃশ) ফলং (ফল) (হইয়াছে) জং (যে) ধম্মং (ধর্ম) জাণমাণো বি (জানিয়াও) কামভোগেসু (কামভোগে) মুচ্ছিও (মুর্চ্ছিত = আসক্ত, গৃদ্ধ) (হইয়াছি) ॥২৯॥

১। 'অসুভং' টীকা ৩।

২। 'অপড়িক্কংতস্স' টীকা ২।; 'অপ্পড়িক্কংতস্স' টীকা ২।; অপড়িকংতস্স' টীকা ৪। "অপ্রতিক্রান্তস্য অপ্রতিনিবৃত্তস্য" টীকা ৩।

আমি সেই অশুভ সংকল্পের জন্য পশ্চাত্তাপ করিয়া তাহা হইতে নিবৃত্ত না হওয়ায় এইরূপ ফল হইয়াছে যে আমি ধর্ম জানিয়াও বিষয়ভোগে গৃদ্ধ হইয়াছি ॥২৯॥

> ণাগো জহা পংকজলাবসগ্গো, দট্ঠুং থলং ণাতিসমেই তীরং।
> এবং বয়ং কামগুণেসু গিদ্ধা, ন ভিক্খুণো মগ্গমণুব্বয়ামো ॥৩০॥

জহা (যেমন) পংকজলাবসগ্গো (পঙ্কজলাবসক্ত=পঙ্কযুক্ত জলে নিমগ্ন) ণাগো (হস্তী) থলং (স্থল) দট্ঠুং (দেখিয়াও) তীরং (তীর) ণাভিসমেই (নাভি-সমেতি=প্রাপ্ত হয় না) এবং (তদ্রূপ) বয়ং (আমরা=আমি) কামগুণেসু (কামভোগে) গিদ্ধা (গৃদ্ধ) (হইয়া) ভিক্খুণো (সাধুগণের) মগ্গং (মার্গ =আচার) ন অণুব্বয়ামো (ন অনুব্রজামঃ=অনুসরণ করিতেছি না, স্বীকার করিতেছি না) ॥৩০॥

হস্তী যেমন পঙ্কযুক্ত জলে আবদ্ধ হইয়া স্থল দেখিতে পাইয়াও তীরে যাইতে সমর্থ হয় না, তদ্রূপ আমিও বিষয়সুখে গৃদ্ধ হইয়া সাধুদিগের সদাচাররূপ মার্গ জানিয়াও তাহা অনুসরণ করিতে সমর্থ হইতেছি না ॥৩০॥

> অচ্চেই কালো তূরংতি রাঈও, ন য়াবি ভোগা পুরিসাণ ণিচ্চা।
> উবিচ্চ ভোগা পুরিসং চয়ংতি, দুমং জহা খীণফলং ব পক্খী ॥৩১॥

(মুনি বলিলেন হে রাজন্) কালো (কাল=আয়ুষ্কাল) অচ্চেই (অত্যেতি= অতিক্রান্ত হইতেছে) রাঈও (রাত্রি=রাত্রি ও দিন) তূরংতি (ত্বরন্তে=শীঘ্র অতিবাহিত হইতেছে) পুরিসাণ (পুরুষগণের=মনুষ্যগণের) ভোগা (ভোগ =বিষয়ভোগ) ণিচ্চা (নিত্য) ন য়াবি (ন চাপি=নহে) ভোগা (বিষয়ভোগ) উবিচ্চ (উপেত্য=আসিয়া) পুরিসং (মনুষ্যগণকে) চয়ংতি (ত্যাগ করে) জহা (যেমন) পক্খী (পক্ষী) খীণফলং (ক্ষীণফল=যাহার ফল শেষ হইয়া গিয়াছে) দুমং (দ্রুম=বৃক্ষ) (ত্যাগ করে) ॥৩১॥

মুনি বলিলেন, হে রাজন্, আয়ু অতিক্রান্ত হইতেছে, দিনরাত্রিও শীঘ্র গত হইতেছে। মনুষ্যের বিষয়ভোগও নিত্য নহে। পক্ষী যেমন বৃক্ষের ফল শেষ হইয়া গেলে সেই বৃক্ষকে পরিত্যাগ করিয়া চলিয়া যায় তদ্রূপ বিষয়ভোগও মনুষ্যগণের নিকট আসিয়াও স্বয়ং চলিয়া যায় ॥৩১॥

জই[১] তং সি ভোএ[২] চইউং অসত্তো, অজ্জাই[৩] কম্মাই[৪] করেই রায়ং।
ধম্মে ঠিও সব্বপয়াণুকংপী, তো হোহিসি দেবো ইও বিউব্বী[৫] ॥৩২॥

জই (যদি) তং (তুমি) ভোএ (ভোগ = বিষয়ভোগ) চইউং (ত্যাগ করিতে) অসত্তো সি (অশক্ত হও = অসমর্থ হও) রায়ং (হে রাজন্) (তবে) অজ্জাই (আর্যজনোচিত) কম্মাই (কার্য) করেই (কর) ধম্মে (ধর্মে = গৃহস্থধর্মে) ঠিও (স্থিত হইয়া) সব্বপয়াণুকংপী (সর্বপ্রজানুকম্পী = সমস্ত প্রাণীর প্রতি দয়াবান্) (হও) তো (তবে) ইও (ইতঃ = ইহার পরে, এই জন্মের পরজন্মে) বিউব্বী (বৈক্রিয় শরীর সম্পন্ন) দেবো (দেব = দেবতা) হোহিসি (হইবে) ॥৩২

হে রাজন্, যদি তুমি বিষয়ভোগ পরিত্যাগ করিতে অসমর্থ হও তবে আর্যজনোচিত কার্য কর, গৃহস্থধর্ম অঙ্গীকার করিয়া সমস্ত প্রাণীর প্রতি দয়াবান্ হও তাহা লইলে পরজন্মে বিক্রিয় শরীর বিশিষ্ট দেবতা হইবে ॥৩২॥

ন তুজ্ঝ ভোগে চইউণ বুদ্ধী, গিদ্ধোসি আরংভপরিগ্‌গহেসু।
মোহং কও ইত্তিয়[৬] বিপ্পলাবো, গচ্ছামি রায়ং আমংতি[৭] ও সি ॥৩৩॥

ভোগে (ভোগ) চইউণ (ত্যাগ করিবার) বুদ্ধী (বুদ্ধি) তুজ্ঝ (তোমার) ন (নাই) (তুমি) আরংভপরিগ্‌গহেসু (আরম্ভপরিগ্রহে = হিংসাত্মক কার্য ও ধনধান্যদিতে) গিদ্ধোসি (গৃদ্ধ হইয়াছ) ইত্তিয় (এতাবান্ = এতগুলি) বিপ্পলাবো (বিপ্রলাপ = বাক্যবিন্যাস) মোহং (মোঘ = নিরর্থক) কও (কৃত হইল) রায়ং (হে রাজন্) গচ্ছামি (যাইতেছি) আমংতিওসি (আমন্ত্রিতোসি = তোমার আদেশ লইলাম, বিদায় গ্রহণ করিলাম) ॥৩৩॥

বিষয়ভোগ ত্যাগ করিবার বুদ্ধি তোমার নাই, তুমি হিংসাত্মক কার্য ও

১। 'তুরযংতি' টীকা ১।
১। 'জঈসি' টীকা ৩।;
২। 'ভোগে' টীকা ৩।
৩। 'অজ্জাইং' টীকা ৩।
৪। 'কম্মাইং' টীকা ৩।
৫। "বৈক্রিয়শরীরবান্ ইতি বৃদ্ধাঃ" টীকা ৩ ; "বৈক্রিয়শক্তিমান্" টীকা ১
৬। 'ইত্তিও' টীকা ১। 'ইত্তিউ'—টীকা ৩।
৭। "আমন্ত্রিতঃ সম্ভাষিতঃ অনেকার্থত্বাদ্ধাতূনাং পৃষ্ঠো বা অসিভবসি" টীকা ৩।
"আমন্ত্রিতোসি ময়া ত্বং পৃষ্ঠোসি" টীকা ১।

ধনধান্যাদিতে গৃদ্ধ হইয়াছ। আমার এতগুলি বাক্য নিরর্থকই হইল। হে রাজন্, আমি যাইতেছি, তোমার আদেশ গ্রহণ করিলাম ॥৩৩॥

পংচালরায়া বি য় বংভদত্তো, সাহুস্স তস্স[১] বয়ণং অকাউং।
অণুত্তরে ভুংজিয় কামভোএ, অণুত্তরে সো ণরোএ[২] পবিট্ঠো ॥৩৪॥

পংচালরায়া বি (এবং পঞ্চাল রাজা) বংভদত্তো (ব্রহ্মদত্ত) তস্স (সেই) সাহুস্স (সাধুর) বয়ণং (বচন=উপদেশ) অকাউং (না করিয়া=স্বীকার না করিয়া) অণুত্তরে (অনুত্তর=সর্বোৎকৃষ্ট) কামভোএ (কামভোগকে) ভুংজিয় (ভোগ করিয়া) সো (সে) অণুত্তরে (অনুত্তর=সর্বশেষে অবস্থিত বা সমস্ত নরকের মধ্যে শ্রেষ্ঠ) ণরএ (নরকে) পবিট্ঠো (প্রবিষ্ট হইল= উৎপন্ন হইল) ॥৩৪॥

এবং পঞ্চালরাজ ব্রহ্মদত্ত সেই সাধুর উপদেশ স্বীকার না করিয়া সর্বোৎকৃষ্ট বিষয়াদি ভোগ করিয়া সর্বশেষে অবস্থিত সপ্তম নরকে উৎপন্ন হইল ॥৩৪॥

চিত্তোবি কামেহি বিরত্তকামো, উদগ্গচারিত্ততবো[৩] মহেসী।
অণুত্তরং সংজম পালইত্তা, অণুত্তরং সিদ্ধিগইং[৪] গও ॥৩৫॥ ত্তি বেমি ॥

কামেহি (বিষয়ভোগ হইতে) বিরত্তকামো (বিরক্তকাম=অননুরক্ত) উদগ্-গচারিত্ততবো (উদগ্রচারিত্রতপ=প্রধান চারিত্র ও তপস্যা সমন্বিত) মহেসী (মহর্ষি) চিত্তোবি (চিত্রও) অণুত্তরং (অনুত্তর=সর্বোৎকৃষ্ট) সংজম (সংযম) পালইত্তা (পালন করিয়া) অণুত্তরং (সর্বোৎকৃষ্ট বা সর্বোপরি স্থিত=লোকাগ্রে স্থিত) সিদ্ধিগইং (সিদ্ধিগতি=মুক্তিস্থান) গও (গত হইল=প্রাপ্ত হইল) ॥৩৫॥ এইরূপ বলিতেছি ॥

বিষয়ভোগ হইতে নিবৃত্ত, শ্রেষ্ঠ চারিত্র ও তপস্যা সমন্বিত মহর্ষি চিত্রও সর্বোৎকৃষ্ট সংযম পালন করিয়া সর্বোপরি স্থিত মুক্তিস্থান প্রাপ্ত হইলেন ॥৩৫॥ এইরূপ বলিতেছি ॥

ইতি চিত্রসম্ভূতীয়, ত্রয়োদশ অধ্যয়ন

১। 'তস্সা' টীকা ১ ও ২।

২। সপ্ত নরকের বর্ণনার জন্য ৫।১২ সূত্রের ১নং পাদটীকা দ্রষ্টব্য।

৩। 'উদত্তচারিত্ততবো' টীকা ৩।

৪। লোকাগ্রেস্থিত সিদ্ধিস্থানের বিবরণের জন্য ৬।১৪ সূত্রের ১ ও ২ নং পাদটীকা দ্রষ্টব্য।

ইষুকারীয়

চতুর্দশ অধ্যয়ন

দেবা ভবিত্তাণ পুরে ভবংমি, কেঈ চুয়া এগবিমাণবাসী।
পুরে পুরাণে ইসুয়ারণামে, খাএ সমিদ্ধে সুরলোয়রম্মে[১] ॥১॥

সকম্মসেসেণ পুরাকএণং, কুলেসুদগ্‌গেসু[২] য় তে পসূয়া।
ণিব্বিণ্ণসংসারভয়া জহায়, জিণিংদমগ্‌গং সরণং পবণ্ণা ॥২॥

কেঈ (কয়েকজন) পুরে ভবংমি (পূর্বভবে) এগবিমাণবাসী (একবিমানবাসী= এক স্বর্গের অধিবাসী, একই নলিনীগুল্ম বিমানবাসী) দেবা (দেব) ভবিত্তাণ (হইয়া) চুয়া (চ্যুত হইয়া) পুরাকএণং (পুরাকৃত=পূর্বজন্মে কৃত) সকম্ম-সেসেণ (স্বকর্মশেষের দ্বারা=অবশিষ্ট পুণ্যকর্ম প্রভাবে) পুরাণে (পুরাতন) খাএ (খ্যাত) সমিদ্ধে (সমৃদ্ধ) সুরলোয়রম্মে (সুরলোকরম্য=সুরলোকের ন্যায় রমণীয়) ইসুয়ারনামে (ইষুকার নামক) পুরে (পুরে=নগরে) উদগ্‌গেসু (উদগ্র=উচ্চ) কুলেসু (কুলে=বংশে) তে (সেই দেবগণ) পসূয়া (প্রসূত হইল) নিব্বিণ্ণসংসারভয়া (সংসার ভয়ে নির্বিণ্ণ অর্থাৎ উদ্বিগ্ন হইয়া) জহায় (পরিত্যাগ করিয়া=বিষয়ভোগ পরিত্যাগ করিয়া) জিণিংদমগ্‌গং (জিনেন্দ্রমার্গ =তীর্থঙ্করগণের দ্বারা কথিত মুক্তিমার্গের) সরণং (শরণ) পবণ্ণা (প্রপন্না= প্রাপ্ত হইল, গ্রহণ করিল) ॥১॥২॥

কয়েকজন মনুষ্য পূর্বজন্মে একই স্বর্গের অধিবাসী দেবতা হইয়া সেই দেবের আয়ু পূর্ণ হইলে তথা হইতে চ্যুত হইয়া পূর্বজন্মে কৃত অবশিষ্ট পুণ্যপ্রভাবে বিখ্যাত, সুরলোকসদৃশ রমণীয়, সমৃদ্ধ ও পুরাতন ইষুকার নামক নগরে উচ্চ বংশে উৎপন্ন হইল। পরে জন্মজরামরণরূপ সংসারের ভয়ে উদ্বিগ্ন হইয়া বিষয়ভোগ পরিত্যাগ পূর্বক তীর্থঙ্করগণের দ্বারা কথিত মুক্তিমার্গের শরণ গ্রহণ করিল ॥১॥২॥

১। 'সুরলোগরম্মে' টীকা ৩।

২। 'উগ্‌গেসু', 'দত্তেসু' টীকা ৩।

পুমত্তমাগম্ম কুমার দো বি, পুরোহিও তস্স জসা য পত্তী।
বিসালকিত্তী য তহেস্সুয়ারো[১], রায়থ দেবী কমলাবঈ য ॥৩॥

(সেই ছয়জন দেবের মধ্যে) দো বি (দুইজন) পুমত্তমাগম্ম (পুংস্ত্ব প্রাপ্ত হইয়া = পুরুষরূপে বা মনুষ্যরূপে জন্মগ্রহণ করিয়া) কুমার (কুমার = পুরোহিতের কুমার অর্থাৎ অবিবাহিত পুত্র হইল) (একজন) পুরোহিও (পুরোহিত = ভৃগু নামক পুরোহিত) য (এবং) (আর একজন) তস্স (সেই পুরোহিতের) জসা পত্তী (যশা নামক পত্নী) (হইল) য (ও) (পঞ্চম জন) বিসালকিত্তী (বিশালকীর্তি = বিশাল কীর্তি যাহার) তথা (এইরূপ) ইস্সুয়ারো (ইষুকার নামক) রায় (রাজা) (হইল) য (এবং) (ষষ্ঠজন) অথ (অত্র = সেই স্থলে) কমলাবঈ (কমলাবতী) (নাম্নী) দেবী (দেবী = রাজার রাজ্ঞী) (হইল) ॥৩॥

(স্বর্গ হইতে চ্যুত ছয়জনের মধ্যে) মনুষ্যরূপে জন্ম গ্রহণ করিয়া দুইজন পুরোহিতের অবিবাহিত পুত্র হইল, তৃতীয়জন ভৃগু নামক পুরোহিত, চতুর্থজন যশা নামক পুরোহিতের পত্নী, পঞ্চমজন বিশাল কীর্তিসম্পন্ন ইষুকার নামক রাজা ও ষষ্ঠজন সেই রাজার কমলাবতী নাম্নী পট্টরাজ্ঞী হইল ॥৩॥

জাঈজরামচ্চুভয়াভিভূয়া, বহিংবিহারাভিণিবিট্ঠচিত্তা[২]।
সংসারচক্কস্স বিমুক্খণট্ঠা, দট্ঠুণ তে কামগুণে বিরত্তা ॥৪॥

জাঈজরামচ্চুভয়াভিভূয়া (জাতিজরামৃত্যুভয়াভিভূত = জন্মজরামরণের ভয়ে ভীত হইয়া) বহিংবিহারাভিণিবিট্ঠচিত্তা (বহির্বিহারাভিনিবিষ্টচিত্ত = বহিঃ = সংসার হইতে বাহিরের, বিহার = স্থানের প্রতি অর্থাৎ মুক্তির প্রতি যাহাদের চিত্ত অভিনিবিষ্ট হইয়াছে) সংসারচক্কস্স (সংসারচক্র হইতে) বিমুক্খণট্ঠা (বিমোক্ষণার্থ = বিমুক্তি পাইবার জন্য) দট্ঠুণ (দেখিয়া = সাধুগণকে দেখিয়া) তে (পুরোহিতের সেই দুইজন কুমার) কামগুণে (বিষয়ভোগে) বিরত্তা (বিরক্ত হইল) ॥৪॥

জন্মজরামরণের ভয়ে ভীত ও মুক্তির প্রতি অভিনিবিষ্টচিত্ত হইয়া সংসার-

---

১। 'তহোস্সুয়ারো' টীকা ২।

২। "বহিঃ সংসারাদ্ বিহারঃ স্থানং বহির্বিহারোঽর্থান্মোক্ষস্তত্রাভিনিবিষ্টং চিত্তং যয়ো স্তৌ" টীকা ২।

চক্র হইতে নিষ্কৃতি পাইবার জন্য পুরোহিতের সেই দুইজন কুমার সাধুগণকে দেখিয়া বিষয়ভোগ হইতে বিরক্ত হইল ॥৪॥

দ্বিতীয় অর্থ

জাঈজরামচ্চুভয়াভিভূয়া (জন্ম, জরা ও মরণের ভয়ে ভীত হইয়া) সংসারচক্কস্স (সংসারচক্র হইতে) বিমুক্কণট্ঠা (বিমুক্তি পাইবার জন্য) বহিংবিহারাভিণিবিট্ঠচিত্তা (বহিঃ=গৃহ হইতে বাহিরে, বিহার=বিচরণের প্রতি অর্থাৎ গৃহত্যাগ করিয়া দীক্ষাগ্রহণের প্রতি অভিনিবিষ্টচিত্ত হইয়া) দট্ঠূণ (সাধুগণকে দেখিয়া) ইত্যাদি পূর্ববৎ ॥৪॥

জন্ম, জরা ও মরণের ভয়ে ভীত হইয়া সংসারচক্র হইতে নিষ্কৃতি পাইবার জন্য গৃহত্যাগ করিয়া দীক্ষাগ্রহণ পূর্বক বিচরণ করিতে আগ্রহান্বিত হইয়া পুরোহিতের সেই দুইজন কুমার সাধুগণকে দেখিয়া বিষয়ভোগ হইতে বিরক্ত হইল ॥৪॥

পিয়পুত্তগা দুন্নিবি[১] মাহণস্স, সকম্মসীলস্স পুরোহিয়স্স।
সরিত্তু পোরাণিয় তত্থ জাইং, তহা সুচিণ্ণং তব সংজমং চ ॥৫॥

সকম্মসীলস্স (স্বকর্মশীল=যজন যাজনাদি স্বকীয় আচারে নিরত) পুরোহিয়স্স (পুরোহিত) মাহণস্স (ব্রাহ্মণের) দুন্নি বি (দুই=উভয়) পিয় পুত্তগা (প্রিয়পুত্র) তত্থ (সেই গ্রামে) পোরাণিয় (পুরাতন=পূর্বভবের) জাইং (জাতি=জন্ম) তহা (তথা) সুচিণ্ণং (সুচীর্ণ=সুচরিত, সম্যক্‌রূপে আচরিত) তব (তপ=তপস্যা) চ (ও) সংজমং (সংযম) সরিত্তু (স্মরণ করিয়া=জাতিস্মরণ জ্ঞান প্রাপ্ত হইয়া তদ্দ্বারা পূর্বভবের সংযমাদি স্মরণ করিয়া) (কামভোগে বিরক্ত হইল) ॥৫॥

যজনযাজনাদি স্বকীয় আচারনিষ্ঠ পুরোহিত ব্রাহ্মণের উভয় প্রিয় পুত্র পূর্বভবের জন্ম ও সেই জন্মে সম্যক্ রূপে আচরিত তপস্যা ও সংযম জাতিস্মরণ জ্ঞানদ্বারা স্মরণ করিয়া কামভোগে বিরক্ত হইল ॥৫॥

তে কামভোগেসু অসজ্জমাণা,[২] মাণুস্সএসুং জে য়াবি দিব্বা।
মুক্খাভিকংখী অভিজায়সদ্ধা, তাতং উবাগম্ম ইমং উদাহু ॥৬॥

১। 'দুন্ন বি' টীকা ২।

২। "অসজন্তৌ সঙ্গমকুর্বন্তৌ" টীকা ২।

তে (পুরোহিতের সেই দুই কুমার) মাণুস্সএসুং (মনুষ্য সম্বন্ধীয়) য়াবি (অপি=আবার) জে (যে) দিব্বা (দিব্য=দেব সম্বন্ধীয়) কামভোগেসু (বিষয় ভোগে) অসজ্জমাণা (আসক্ত না হইয়া) মুক্খাভিকংখী (মোক্ষাভিকাঙ্ক্ষী=মোক্ষাভিলাষী) অভিজায়সদ্ধা (অভিজাতশ্রদ্ধা=শ্রদ্ধাসম্পন্ন) (হইয়া) তাতং (পিতার নিকট) উবাগম্ম (উপাগম্য=উপস্থিত হইয়া) ইমং (এইরূপ) উদাহু (বলিল) ॥৬॥

পুরোহিতের সেই দুই কুমার মনুষ্য ও দেব সম্পর্কীয় বিষয়ভোগে অনাসক্ত এবং মোক্ষাভিলাষী ও শ্রদ্ধাসম্পন্ন হইয়া পিতার নিকট যাইয়া এইরূপ বলিল ॥৬॥

অসাসয়ং দট্ঠু ইমং বিহারং[১], বহুঅংতরায়ং ন য় দীহমাউং।
তম্হা গিহংসি[২] ন রইং লভামো, আমংতয়ামো চরিস্সামু[৩] মোণং[৪] ॥৭॥

ইমং (এই) বিহারং (মনুষ্যজন্ম) অসাসয়ং (অশাশ্বত) বহুঅংতরায়ং (বহু অন্তরায়যুক্ত=বহু রোগাদি বিঘ্নসমেত) য় (এবং) ন দীহমাউং (আয়ুও দীর্ঘ নয়) দট্ঠু (দেখিয়া) গিহংসি (গৃহে) রইং (রতি=সুখ) ন লভামো (প্রাপ্ত হইতেছি না) তম্হা (তজ্জন্য) মোণং (মৌন=মুনির ব্রত, সংযম) চরিস্সামু (আচরণ করিব) আমংতয়ামো (আদেশ লইতেছি=বিদায় লইতেছি) ॥৭॥

এই মনুষ্যজন্ম অশাশ্বত, রোগাদি বহু বিঘ্নসমেত এবং আয়ুও দীর্ঘ নয়। ইহা দেখিয়া গৃহে সুখ পাইতেছি না। তজ্জন্য মুনিব্রত আচরণ করিব। আপনার আদেশ লইতেছি ॥৭॥

অহ তায়ও[৫] তথ মুনীণ তেসিং, তবস্স বাঘায়করং বয়াসী।
ইমং বয়ং বেয়বিও[৬] বয়ংতি, জহা ন হোঈ[৭] অসুআণ লোগো ॥৮॥

১। "বিহারং মনুষ্যত্বে নাবস্থানং" টীকা ২ ও ৩।
২। 'গিহিংসিং' টীকা ১। 'গিহংসিং' টীকা ৩।
৩। 'চরিসামু' টীকা ৩।
৪। "মৌনং মুনিভাবং সংযমমিতি" টীকা ৩।
৫। 'তায়গো' টীকা ১ ও ২।
৬। 'বেয়বিড্ড' টীকা ২। 'বেদবিদো' টীকা ১।
৭। 'হোহী' টীকা ২।

অহ (তৎপরে) তায়ও (তাতক=তাত, পিতা) তথ (সেইস্থলে) মুনীণ (মুনিগণকে=মুনিধর্মে দীক্ষিত হইবার ইচ্ছাসম্পন্ন কুমারগণকে) তেসিং (তাহাদিগের) তবস্স (তপস্যার) বাঘায়করং (ব্যাঘাতকর=বাধাজনক) (বচন) বয়াসী (বলিল) (যে) বেয়বিও (বেদবিৎপণ্ডিতগণ) ইমং (এইরূপ) বয়ং (বচন) বয়ংতি (বলেন) জহা (যথা) অস্সুআণ (অস্সুতকগণের=অপুত্রকগণের) লোগো (লোক=পরলোক, গতি) ন হোঈ (হয় না) ॥৮॥

তৎপরে সেই কুমারগণের পিতা মুনি ধর্মাভিলাষী পুত্রগণকে তাহাদিগের তপস্যার ব্যাঘাতকর বচন বলিল। 'বেদবেত্তা পণ্ডিতগণ এইরূপ বলেন যে অপুত্রকের গতি নাই' ॥৮॥

অহিজ্জ বেএ পরিবিস্স বিপ্পে, পুত্তে পরিট্ঠপ্প[১] গিহংসি জায়া।
ভুচ্চা ণ ভোএ[২] সহ ইত্থিয়াহিং, আরণ্ণগা[৩] হোহ মুণী পসত্থা ॥৯॥

জায়া (হে জাত=হে পুত্রগণ) বেএ (বেদসমূহ) অহিজ্জ (পাঠ করিয়া) বিপ্পে (বিপ্রগণকে) পরিবিস্স (পরিবেষ্য=ভোজন করাইয়া) গিহংসি (গৃহে) পুত্তে (পুত্রগণকে) পরিট্ঠপ্প (স্বামিত্বে স্থাপন করিয়া=ভারার্পণ করিয়া) ইত্থিয়াহিং সহ (স্ত্রীগণের সহিত) ভোএ (ভোগ সমূহ=বিষয়সুখ) ভুচ্চা ণ (ভোগ করিয়া (পরে) আরণ্ণগা (আরণ্যক=অরণ্যবাসী, বানপ্রস্থাবলম্বী) (হইয়া) (তৎপরে) পসত্থা (প্রশস্ত=শ্রেষ্ঠ) মুণী (মুনি =যতি) হোহ (হইও) ॥৯॥

হে পুত্রগণ, বেদ অধ্যয়ন করিয়া, বিপ্রগণকে ভোজন করাইয়া, গৃহের ভার পুত্রগণকে অর্পণ করিয়া, স্ত্রীগণের সহিত বিষয়সুখ ভোগ করিয়া পরে বানপ্রস্থাবলম্বী হইয়া তৎপরে শ্রেষ্ঠ মুনি হইও ॥৯॥

১। 'পরিঠপ্প' টীকা ১ ও ২।

২। 'ভোগে' টীকা ১ ও ২।

৩। 'আরণ্ণয়া' টীকা ১। 'আরন্নয়া' টীকা ২।

সোঅগ্‌গিণা আয়গুণিংধণেণং[১], মোহাণিলা[২] পজ্জলণাহিএণং।
সংতত্তভাবং[৩] পরিতপ্পমাণং[৪], লালপ্পমাণং[৫] বহুহা বহুং চ ॥১০॥

পুরোহিয়ং কমসোণুণংতং, ণিমংতয়ংতং চ সুএ ধণেণং।
জহক্কমং কামগুণেহিং চেব, কুমারগা তে পসমিক্‌খ[৬] বক্কং ॥১১॥

আয়গুণিংধণেণং (আত্মগুণেন্ধন=রাগদ্বেষাদি আত্মগুণ যাহাতে ইন্ধনবৎ হইয়াছে) মোহণিলাপজ্জলণাহিএণং (মোহানিলপ্রজ্বলনাধিক=মোহরূপ বায়ুরদ্বারা অধিকাধিক প্রজ্বলন হইয়াছে যাহাতে) (এরূপ) সোঅগ্‌গিণা (শোকাগ্নির দ্বারা) সংতত্তভাবং (সন্তপ্তভাব প্রাপ্ত হইয়া=প্রজ্বলিতচিত্ত হইয়া, অত্যন্ত ক্লিষ্ট হইয়া) পরিতপ্পমাণং (পরিতপ্যমান=শোকের দ্বারা শরীরে দাহ উৎপন্ন হওয়ায়, পরিতাপ করিতে থাকিয়া) বহুহা (বহুধা=নানা প্রকারে) বহুং চ (এবং বারংবার) লালপ্পমাণং (লালপ্যমান=দীন বচন উচ্চারণ করিতে থাকিয়া) কমসোণুণংতং (ক্রমশঃ অনুনয় করিতে থাকিয়া) চ (এবং) সুএ (পুত্রগণকে) ধণেণং (ধনের দ্বারা) ণিমংতয়ংতং (নিমন্ত্রণ করিতে থাকিয়া=ধনভোগ করিতে আহ্বান করিতে থাকিয়া) জহক্কমং (যথাক্রমে) কামগুণেহিং চেব (কামগুণের দ্বারাও=বিষয়ভোগের জন্যও) (আহ্বান করিতে থাকিয়া) (এইরূপ) পুরোহিয়ং (পুরোহিতকে) পসমিক্‌খ (প্রসমীক্ষ্য=বিশেষ ভাবে দেখিয়া, অজ্ঞানাচ্ছাদিতমতি দেখিয়া) তে কুমারগা (সেই কুমারগণ) বক্কং (বাক্য) (বলিল) ॥১০॥১১॥

রাগদ্বেষাদিরূপ ইন্ধন ও মোহরূপ বায়ুর প্রভাবে অত্যন্ত প্রজ্বলিত হইয়াছে এরূপ শোকাগ্নির দ্বারা অত্যন্ত ক্লিষ্ট হইয়া ও পরিতাপ করিতে থাকিয়া সেই পুরোহিত বারংবার নানাপ্রকার দীনবচন উচ্চারণ করিয়া

১। 'আয়গুণেংধণেণং' টীকা ১। 'আত্মনো গুণা "অনাদিকালসহচরিতত্বেন রাগাদয়স্তে ইন্ধনমিবেন্ধনমুদ্দীপকতয়া যস্য স তথা তেন" টীকা ২।

২। 'মোহানিল' টীকা ২। "মোহানিলাদজ্ঞানপবনাদধিকং প্রজ্বলনমস্যেতি মোহানিলা-প্রজ্বলন স্তেনাজ্ঞানপবনাধিকজাজ্বল্যমানেন প্রাকৃতত্বাদধিকশব্দস্য পরনিপাতঃ" টীকা ১।

৩। "সন্তপ্তভাবং শোকবহ্নিনা প্রজ্বলিতচিত্তং" টীকা ১।

৪। "পরিতপ্যমানং দহ্যমানং শোকাচ্ছরীরে দাহস্যাপ্যুৎপত্তেঃ" টীকা ২।

৫। 'লোলুপ্পমাণং' টীকা ৩।

৬। "প্রসমীক্ষ্য প্রকর্ষেণাজ্ঞানাচ্ছাদিতমতিমালোচ্য" টীকা ৩।

পুত্রদ্বয়কে ক্রমশঃ অনুনয় করিতে লাগিল এবং যথাক্রমে ধন ও বিষয়সুখ ভোগের জন্য আহ্বান করিতে লাগিল। পিতাকে এরূপ অজ্ঞানাচ্ছাদিতমতি হইতে দেখিয়া সেই কুমারগণ বলিল ॥১০॥১১॥

বেয়া অহীয়া ন হবংতি তাণং, ভুত্তা দিয়া ণিংতি তমং তমেণং।
জায়া য পুত্তা ন হবংতি তাণং, কো ণাম তে অণুমন্নিজ্জ এয়ং ॥১২॥

(কুমারগণ বলিল) বেয়া (বেদসমূহ) অহীয়া (অধীত) (হইলে) তাণং (ত্রাণ=রক্ষাকর্তা) ন হবংতি (হয় না) দিয়া (দ্বিজগণ) ভুত্তা (ভুক্ত হইলে) তমং তমেণং (তমস্তমতে=অন্ধকার হইতে অন্ধকারে, ঘোর নরকে) ণিংতি (লইয়া যায়) য (এবং) পুত্তা (পুত্রগণ) জায়া (জাত=উৎপন্ন হইলে) তাণং (ত্রাণকর্ত্তা) ন হবংতি (হয় না) কো ণাম (কে) তে (তোমার) এয়ং (এই=এই বাক্য) অণুমন্নিজ্জ (অনুমোদন করিবে) ॥১২॥

পুত্রগণ বলিল, হে পিতা বেদ অধ্যয়ন করিলে সংসার হইতে রক্ষা পাওয়া যায় না, ব্রাহ্মণকে ভোজন করাইলে ঘোর নরকে যায়, পুত্র উৎপন্ন হইলে ও ত্রাণ পাওয়া যায় না। তোমার এই বাক্য কে স্বীকার করিবে? ॥১২॥

খণমিত্তসোক্খা[১] বহুকালদুক্খা, পগামদুক্খা অণিকামসোক্খা[২]।
সংসারমুক্খস্স বিপক্খভূয়া, খাণী অণত্থাণ উ কামভোগা ॥১৩॥

কামভোগা (বিষয়ভোগ) খণমিত্তসোক্খা (ক্ষণমাত্র সৌখ্য সম্পন্ন=অল্প-ক্ষণস্থায়ী সুখসম্পন্ন) বহুকালদুক্খা (বহুকালব্যাপী দুঃখযুক্ত) পগামদুক্খা (প্রকামদুঃখযুক্ত=অত্যন্ত দুঃখদায়ক) অণিকামসোক্খা (অনিকাম সৌখ্য সম্পন্ন=অপ্রকৃষ্ট সুখসম্পন্ন, তুচ্ছসুখদায়ক) সংসারমুক্খস্স (সংসারমোক্ষের=সংসার হইতে মুক্তি পাইবার) বিপক্খভূয়া (বিপক্ষভূত=প্রতিকূল) উ (এবং) অণত্থাণ (অনর্থের=ঐহিক ও পারলৌকিক দুঃখের) খাণী (খনি=আকর) ॥১৩॥

হে পিতা, বিষয়ভোগ অল্পক্ষণস্থায়ী সুখসম্পন্ন কিন্তু বহুকালব্যাপী দুঃখযুক্ত অর্থাৎ পরিণামে বহুকালব্যাপী নরকাদির দুঃখযুক্ত, অত্যন্ত দুঃখদায়ক কিন্তু তুচ্ছ সুখসম্পন্ন, সংসার হইতে বিমুক্তি পাইবার পক্ষে প্রতিকূল ও অনর্থের আকর ॥১৩॥

১। 'খণমিত্তসুক্খা' টীকা ১ ও ৩।

২। 'অণিগামসুক্খা' টীকা ৩।

পরিব্বয়ংতে অণিয়ওকামে, অহো য় রাউ[১] পরিতপ্পমাণে।
অন্নপ্পমত্তে ধণমেসমাণে পপ্পোতি[২] মচ্চুং পুরিসে[৩] জরং চ ॥১৪॥

পরিব্বয়ংতে (পরিব্রজন্=বিষয়সুখের জন্য ইতস্ততঃ ভ্রমণ করিতে থাকিয়া) অণিয়ত্তকামে (অনিবৃত্তকাম=অতৃপ্ত ইচ্ছা সম্পন্ন) অহো য় রাউ (দিন ও রাত্রি) পরিতপ্পমাণে (পরিতপ্যমান=পরিতাপগ্রস্ত হইতে থাকিয়া) অন্নপ্পমত্তে (অন্যপ্রমত্ত=অন্যের জন্য প্রমত্ত, স্ত্রীপুত্রাদি অন্যজনের কার্যে আসক্ত) ধণমেসমাণে (ধনের ইচ্ছা করিতে থাকিয়া) পুরিসে (পুরুষ) মচ্চুং (মৃত্যু) জরং চ (ও জরা) পপ্পোতি (প্রাপ্ত হয়) ॥১৪॥

বিষয়সুখের জন্য ইতস্ততঃ ভ্রমণ করিতে থাকিয়া, অতৃপ্ত ইচ্ছাযুক্ত, দিনরাত্রি পরিতাপগ্রস্ত হইতে থাকিয়া, স্ত্রীপুত্রাদির কার্যে আসক্তিযুক্ত হইয়া, ও ধনের বাঞ্ছা করিতে থাকিয়া মনুষ্যগণ জরা ও মৃত্যু প্রাপ্ত হয় ॥১৪॥

ইমং চ মে অত্থি ইমং চ নত্থি, ইমং চ মে কিচ্চ ইমং অকিচ্চং।
তং এবমেবং লালপ্পমাণং, হরা[৪] হরংতি ত্তি কহং পমাএ[৫] ॥১৫॥

ইমং চ (ইহা) মে (আমার) অত্থি (আছে) ইমং চ (ইহা) নত্থি (নাই) ইমং চ (ইহা) মে (আমার) কিচ্চ (কৃত্য) ইমং (ইহা) অকিচ্চং (অকৃত্য) এবমেবং (এইরূপ) লালপ্পমাণং (যে প্রলাপ বচন বলিতে থাকে) তং (তাহাকে) হরা (কাল=দিনরাত্রিরূপ কাল) হরংতি ত্তি (হরণ করে=আয়ুহরণ করে) কহং (কেন) পমাএ (প্রমাদ) (করিতেছ) ॥১৫॥

আমার ইহা আছে ও ইহা নাই, ইহা আমার কৃত্য ও ইহা অকৃত্য এইরূপ প্রলাপ বাক্য উচ্চারণকারী পুরুষকে কাল সংহার করে। কেন প্রমাদ করিতেছ? ॥১৫॥

১। 'রত্তি' টীকা ১ ও ৩।

২। 'পপ্‌পুতি' টীকা ৩। 'পপুত্তি' টীকা ১।

৩। 'পুরিসো' টীকা ১ ও ৩।

৪। "হরাঃ দিনরজন্যাদয় ব্যাধিবিশেষা বা" টীকা ৩। "হরাঃ কালা দিবসরজন্যাদয়ঃ" টীকা ১।

৫। 'পমাও' টীকা ৩।

ধণং পভূয়ং সহ ইত্থিয়াহিং, সয়ণা তহা কামগুণা পগামা।
তবং কএ তপ্পই জস্স লোগো, তং সব্ব সাহীণমিহেব তুত্তং[১] ॥১৬॥

(পুরোহিত বলিল) ইত্থিয়াহিং (স্ত্রীগণের) সহ (সহিত) পভূয়ং (প্রভূত) ধণং (ধন) সয়ণা (স্বজনগণ) তহা (তথা=এবং) পগামা (প্রকাম=প্রচুর) কামগুণা (বিষয়ভোগের বস্তু) (রহিয়াছে) লোগো (লোকসকল=মনুষ্যগণ) জস্স (যাহার) কএ (কৃতে=নিমিত্ত, জন্য) তবং (তপ=তপস্যা) তপ্পই (তপ্যতে=অনুষ্ঠান করে) তং সব্ব (সেই সমস্ত) ইহেব (এখানে=আমাদিগের গৃহে) তুত্তং (তোমাদিগের) সাহীণং (স্বাধীন=আয়ত্তাধীন) (আছে) ॥১৬॥

পুরোহিত বলিল হে পুত্রগণ, স্ত্রীগণের সহিত প্রভূত ধন, আত্মীয় স্বজনগণ ও প্রচুর বিষয়ভোগের বস্তু গৃহে রহিয়াছে। মনুষ্যগণ যাহা প্রাপ্তির নিমিত্ত তপস্যানুষ্ঠান করে তৎসমস্ত আমাদিগের গৃহে তোমাদের আয়ত্তাধীনে আছে। (অতএব এ সমস্ত ভোগ কর) ॥১৬॥

ধণেণ কিং ধম্মধুরাহিগারে, সয়ণেণ বা কামগুণেহিং চেব।
সমণা ভবিস্সামু গুণোহধারী, বহিংবিহারা[২] অভিগম্ম ভিক্খং ॥১৭॥

(কুমারগণ বলিল) ধম্মধুরাহিগারে (ধর্মধুরাধিকারে=ধর্মবহনাধিকারে, ধর্মাচরণের প্রস্তাবে) ধণেণ (ধনের দ্বারা) সয়ণেণ (স্বজনের দ্বারা) বা (বা) কামগুণেহিং চেব (বিষয়সুখের দ্বারাও) কিং (কি=কি প্রয়োজন ?) গুণোহধারী (গুণৌঘধারী=জ্ঞানদর্শন চারিত্ররূপ গুণসমূহের ধারক) বহিং-বিহারা (বহির্বিহার=গৃহ হইতে বাহিরে বিচরণকারী) ভিক্খং (ভিক্ষা) অভিগম্ম (অভিগম্য=আশ্রয় করিয়া) সমণা (শ্রমণ) ভবিস্সামু (হইব) ॥১৭॥

কুমারগণ বলিল হে পিতা, ধর্ম্মাচরণের প্রস্তাবে ধন, আত্মীয়স্বজন বা বিষয়সুখের কি প্রয়োজন ? আমরা জ্ঞান, দর্শন ও চারিত্ররূপ গুণসমূহের

১। 'তুজ্ঝং' টীকা ১ ও ৩।

২। "বহির্গ্রামাদিভ্যো বহির্বর্ত্তিত্বাদ্ দ্রব্যতো ভাবতশ্চ ক্বচিদ প্রতিবদ্ধত্বাদ্ বিহারঃ যয়োস্তৌ বহির্বিহারৌ" টীকা ২।

ধারক। গৃহাদি হইতে বাহিরে বিচরণকারী ও ভিক্ষোপজীবী শ্রমণ হইব ॥১৭॥

জহা য় অগ্‌গী অরণী[১] অসংতো, খীরে ঘয়ং তিল্লমহা তিলেস্থ।
এমেব জায়া সরীরংমি সত্তা, সংমুচ্ছঈ[২] ণাসই নাবচিট্‌ঠে[৩] ॥১৮॥

(পুরোহিত বলিল) জায়া (হে পুত্রগণ) জহা য় (যেমন) অগ্‌গী (অগ্নি) অরণী (মন্থন কাষ্ঠ হইতে) অসংতো (অবিদ্যমান) (থাকিয়াও) ঘয়ং (ঘৃত) খীরে (দুগ্ধে) (অবিদ্যমান থাকিয়াও) অহা (অথ=এবং) তিল্লং (তৈল) তিলেস্থ (তিলেস্থ) (তিলে) (অবিদ্যমান থাকিয়াও) সংমুচ্ছঈ (সংমূর্চ্ছতি=উৎপন্ন হয়) এমেব (এইরূপে) সত্তা (সত্ত্ব=প্রাণ) সরীরংমি (শরীরে) (অবিদ্যমান থাকিয়াও উৎপন্ন হয়) ণাসই (বিনষ্ট হয়) (ও পরে) নাবচিট্‌ঠে (থাকে না=অস্তিত্ব থাকে না) ॥১৮॥

হে পুত্রগণ, অগ্নি যেমন অরণি কাষ্ঠে, ঘৃত দুগ্ধে এবং তৈল তিলে অবিদ্যমান থাকিয়াও উৎপন্ন হয় তদ্রূপ শরীরে প্রাণ অবিদ্যমান থাকিয়াও উৎপন্ন হয়, বিনষ্ট হয় এবং কিছুই অবশিষ্ট থাকে না (যেমন অরণি কাষ্ঠে অগ্নি অবিদ্যমান থাকিয়াও স্বয়মেব উৎপন্ন হয়, দুগ্ধে ঘৃত না থাকিয়াও উৎপন্ন হয় এবং তিলে তৈল না থাকিয়াও উৎপন্ন হয় তদ্রূপ শরীরে প্রাণ স্বয়মেব উৎপন্ন হয়, শরীর বিনষ্ট হইবার সঙ্গে প্রাণও বিনষ্ট হয় এবং কিছুই অবশিষ্ট থাকে না) ॥১৮॥

নো ইংদিয়গ্‌গিজ্ঝা অমুত্তভাবা, অমুত্তভাবা বি[৪]য় হোই ণিচ্চো।
অজ্জথহেউংং[৫] ণিয়য়স্‌স বংধো, সংসারহেউং চ বয়ংতি বংধং ॥১৯॥

(কুমারগণ বলিল) (আত্মা) অমুত্তভাবা (অমূর্ত্তভাবের জন্য) ইংদিয়গ্‌গিজ্ঝা (ইন্দ্রিয়গ্রাহ্য) (নো (নয়) য় (এবং) অমুত্তভাবা বি (অমূর্তভাবের জন্যও)

১। 'অরণীউহসংতো' টীকা ৩।

২। "সংমূর্চ্ছন্তে উৎপদ্যন্তে পৃথিব্যপ্তেজোবায্বাকাশানাং সমুদায়সংযোগাচ্চেতনা উৎপদ্যতে" টীকা ১।

৩। "ন পুনরবতিষ্ঠন্তে শরীরনাশে তন্নাশাদিতি" টীকা ২।

৪। 'চিয়' টীকা ৩।

৫। "আত্মন্যধিকৃত্য ভবতীত্যধ্যাত্মং মিথ্যাত্বাবিরতিকষায়যোগাদিকং তদেব হেতুঃ কারণং যস্য সোঽধ্যাত্মহেতুঃ অস্য জীবস্য যঃ শরীরে বন্ধো ভবতি স মিথ্যাত্বাদিভির্হেতুভিরেব স্যাদিতি" টীকা ১। মিথ্যাত্বাদির বিবরণের জন্য ৩।১১ সূত্রের ১ নং পাদটীকা দ্রষ্টব্য।

ণিচ্চো (নিত্য) হোই (হয়) অস্‌স (এই জীবের) বংধো (বন্ধ=কর্মের সহিত বন্ধ) ণিয়য় (নিশ্চিত) অজ্ঝত্থহেউং (অধ্যাত্মহেতু=অধ্যাত্ম=আত্মায় অবস্থিত মিথ্যাত্ব, অবিরতি, প্রমাদ, কষায় ও যোগ এই পঞ্চ কারণ হেতু=তাহার জন্য=মিথ্যাত্বাদি কারণের জন্য) চ (এবং) বংধং (বন্ধকে=কর্মের বন্ধনকে) সংসারহেউং (সংসারহেতু=চতুর্গতি ভ্রমণ রূপ সংসারের কারণ) বয়ংতি (বলে=বলা হইয়াছে) ॥১৯॥

কুমারগণ বলিল হে পিতা, আত্মা অমূর্ত বলিয়া ইন্দ্রিয়গ্রাহ্য নয়, এবং অমূর্ত বলিয়াই ইহা নিত্য। আত্মার কর্মের সহিত বন্ধন আত্মায় স্থিত মিথ্যাত্বাদি কারণের। এই কর্ম বন্ধকে চতুর্গতিরূপ সংসারের কারণ বলা হইয়াছে ॥১৯॥

জহা বয়ং ধম্মমজাণমাণা[১], পাবং পুরা কম্মমকাসি মোহা।
ওরুজ্ঝমাণা[২] পরিরক্খিয়ংতা[৩], তং নেব ভুজ্জো বি সমায়রামো ॥২০॥

জহা (যেমন) বয়ং (আমরা) ধম্মং (ধর্ম) অজাণমাণা (না জানিয়া) ওরুজ্ঝমাণা (অবরুধ্যমান হইয়া=অবরুদ্ধ অবস্থায় থাকিয়া, গৃহ হইতে বহির্গত হইতে না পারিয়া) পরিরক্খিয়ংতা (পরিরক্ষ্যমান হইয়া=ভৃত্যগণের দ্বারা রক্ষিত হইয়া) পুরা (পূর্বে) মোহা (মোহের জন্য=অজ্ঞানের জন্য) পাবং (পাপজনক) কম্মং (কর্ম) অকাসি (করিয়াছিলাম) তং (সেই পাপকর্ম) ভুজ্জো বি (পুনরায়) নেব সমায়রামো (সমাচরণ করিব না) ॥২০॥

আমরা ধর্ম না জানিয়া ও ভৃত্যগণের দ্বারা পরিরক্ষিত হইয়া গৃহের বাহিরে যাইতে অসমর্থ অবস্থায় পূর্বে অজ্ঞানবশে পাপজনক কার্য করিয়াছি কিন্তু পুনরায় সেই পাপকর্ম আচরণ করিব না। (পুত্রগণ সংসার ত্যাগ করিয়া শ্রমণ হইবে, এইরূপ দৈবজ্ঞের নিকট অবগত হইয়া পুরোহিত তাহাদিগকে গৃহের বাহিরে যাইতে দিতেন না, হঠাৎ একদিন সুবিধা পাইয়া বাহিরে যায় এবং সাধু দেখিয়া পূর্ব জন্মের স্মৃতি উদয় হয় ও সংসার ত্যাগ করিয়া শ্রমণধর্ম অঙ্গীকার করিতে ইচ্ছুক হইয়া পিতার আদেশ যাচ্ঞা করে।) ॥২০॥

১। 'ধম্মযাণমাণা' টীকা ২।

২। 'ওরজ্ঝমাণা' টীকা ২। 'ওরুরভমানা' টীকা ৪।

৩। 'পরিরক্খযংতা' টীকা ৩।

অব্‌ভাহয়ংমি লোগংমি, সব্বও পারিবারিএ।
অমোহাহিং পড়ংতীহিং, গিহংসি ন রইং লভে ॥২১॥

অমোহাহিং (অমোঘ) (শস্ত্রধারার) পড়ংতীহিং (পতনের দ্বারা) অব্‌ভাহয়ংমি (অভ্যাহত=আঘাতপ্রাপ্ত) (এবং) সব্বও (চতুর্দিকে) পরিবারিএ (পরিবেষ্টিত) লোগংমি (লোকের মধ্যে=সংসারের মধ্যে) গিহংসি (গৃহে) রইং (রতি=সুখ) ন লভে (পাইতেছি না) ॥২১॥

অমোঘ শস্ত্রধারা পতনের দ্বারা আঘাতপ্রাপ্ত এবং চতুর্দিকে পরিবেষ্টিত সংসারের মধ্যে থাকিয়া গৃহে সুখ পাইতেছি না। (পরবর্তী সূত্রগুলিতে এই সূত্রের অর্থ স্পষ্ট হইয়া যাইবে) ॥২১॥

কেণ অত্তাহও লোও, কেণ বা পরিবারিও।
কা বা অমোহা বুত্তা, জায়া চিংতাবরো হুমি ॥২২॥

(পুরোহিত বলিল) জায়া (হে পুত্রগণ) লোও (লোক=সংসার) কেণ (কাহার দ্বারা) অত্তাহও (আঘাতপ্রাপ্ত=আহত) বা (অথবা) কেণ (কাহার দ্বারা) পরিবারিও (পরিবেষ্টিত) বা (বা) কা (কি) অমোহা (অমোঘ শস্ত্র) বুত্তা (উক্ত হয়=কথিত হয়) (আমি) চিংতাবরো (চিন্তাপর=চিন্তিত) হুমি (হইয়াছি) ॥২২॥

পুরোহিত বলিল, হে পুত্রগণ, এই সংসার কাহার দ্বারা আঘাত প্রাপ্ত হইতেছে, কাহার দ্বারা পরিবেষ্টিত হইতেছে আবার অমোঘ শস্ত্রধারাই বা কি? আমি জানিবার জন্য চিন্তিত হইয়াছি ॥২২॥

মচ্চুণাত্তাহও লোও, জরাএ পরিবারিও।
অমোহা রয়ণী বুত্তা, এবং তায় বিয়াণহ ॥২৩॥

(কুমারগণ উত্তর করিল) তায় (হে তাত) লোও (সংসার) মচ্চুণা (মৃত্যুর দ্বারা) অত্তাহও (আঘাতপ্রাপ্ত=পীড়িত) জরাএ (জরার দ্বারা) পরিবারিও (পরিবেষ্টিত) রয়ণী (রজনী=দিবসরজনী) অমোহা (অমোঘ শস্ত্রধারা) (বলিয়া) বুত্তা (কথিত) এবং (এইরূপ) বিয়াণহ (জানিবে) ॥২৩॥

কুমারগণ উত্তর করিল, সংসার মৃত্যুর দ্বারা পীড়িত ও জরার দ্বারা পরিবেষ্টিত। দিবসরজনী অমোঘ শস্ত্রধারা বলিয়া কথিত। হে তাত, ইহাকে এইরূপ বলিয়া জানিবে (ব্যাধ যেমন মৃগগণকে জালের দ্বারা পরিবেষ্টিত

করিয়া শস্ত্রের প্রহারে আঘাত করিতে থাকে তদ্রূপ মৃত্যু সংসারকে আধি-ব্যাধি রূপ জরার দ্বারা আচ্ছাদন করিয়া দিবসরজনীরূপ কাল শস্ত্রের দ্বারা সংহার করিতেছে। অর্থাৎ প্রত্যেক সময়ে জীব মরণপ্রাপ্ত হইতেছে।) ॥২৩॥

জা জা বচ্চই রয়ণী, ন সা পড়িণিয়ওঈ।
অহম্মং কুণমাণস্স, অহলা[১] জংতি রাঈও ॥২৪॥

জা জা (যে যে) রয়ণী (রজনী=দিবসরজনী) বচ্চই (ব্রজতি=অতিক্রান্ত হয়) সা (সেই=সেই সমস্ত দিনরাত্রি) ন পড়িণিয়ওঈ (পুনরাগমন করে না) অহম্মং (অধর্ম) কুণমাণস্স (আচরণ কারক) (পুরুষের) রাঈও (সেই সকল দিবসরজনী) অহলা (অফলা=নিষ্ফল) জংতি (যায়) ॥২৪॥

হে পিতা, যে সমস্ত দিবস রজনী অতিক্রান্ত হয় তাহা পুনরাগমন করে না।। অধর্ম আচরণকারী পুরুষের পক্ষে সেই সমস্ত দিনরাত্রি নিষ্ফলভাবেই ব্যতীত হয় ॥২৪॥

জা জা বচ্চই রয়ণী, ন সা পড়িণিয়ওঈ।
ধম্মং চ কুণমাণস্স, সহলা[২] জংতি রাঈও ॥২৫॥

জা জা (যে যে) রয়ণী (দিবসরজনী) বচ্চই (অতিক্রান্ত হয়) সা (তাহা) ন পড়িণিয়ওঈ (পুনরাগমন করে না) চ (কিন্তু) ধম্ম (ধর্ম) কুণমাণস্স (আচরণকারী) (পুরুষের) রাঈও (দিবসরাত্রি) সহলা (সফলা) জংতি (যায়) ॥২৫॥

যে সমস্ত দিবসরজনী ব্যতিক্রান্ত হয় তাহা পুনরাগমন করে না কিন্তু ধর্মাচরণকারী পুরুষের পক্ষে তাহা সফলভাবেই অতিক্রান্ত হয় ॥২৫॥

এগও সংবসিত্তাণং, দুহওও সম্মত্তসংজুয়া।
পচ্ছা জায়া গমিস্সামো, ভিক্খমাণা কুলে কুলে ॥২৬॥

(পুরোহিত বলিল) জায়া (হে পুত্র) দুহওও (উভয়ে=আমরা উভয়ে—সম্ভবতঃ দুই পুত্রের মধ্যে একজন বলিতেছিল বলিয়া দুই শব্দ ব্যবহার করা হইয়াছে

১। 'অফলা' টীকা ১ ও ৪।

২। 'সফলা' টীকা ৪।

অথবা পিতা একপক্ষ ও দুইপুত্র অন্যপক্ষ ধরিয়া দুই বলা হইয়াছে।) সম্মত্তসংজুয়া (সম্যক্ত্বসংযুক্ত=দেশবিরতিরূপ গৃহস্থধর্ম অঙ্গীকার করিয়া) এগও (একত্রে) সংবসিত্তাণং (বাস করিয়া) পচ্ছা (পরে=বৃদ্ধাবস্থায়) কুলে কুলে (গৃহে গৃহে) ভিক্খমাণা (ভিক্ষা করিতে করিতে) গমিস্সামো (গমন করিয়া=দীক্ষাগ্রহণ করিয়া চলিয়া যাইব) ॥২৬॥

পুরোহিত বলিল, হে পুত্র, আমরা সকলে গৃহস্থধর্ম অঙ্গীকারপূর্বক গৃহে একত্রে বাস করিবার পর বৃদ্ধাবস্থায় দীক্ষাগ্রহণ করিয়া গৃহে গৃহে ভিক্ষা করিব ॥২৬॥

জস্সত্থি মচ্চুণা সক্খং, জস্স চত্থি[১] পলায়ণং।
জো জাণই ন মরিস্সামি, সো হু কংখে স্বএ সিয়া ॥২৭॥

(কুমারগণ বলিল) জস্স (যাহার) মচ্চুণা (মৃত্যুর সহিত) সক্খং (সখ্য=মিত্রতা) অত্থি (আছে) চ (এবং) জস্স (যাহার) পলায়ণং অত্থি (পলায়ন আছে=যে মৃত্যুর নিকট হইতে পলায়ন করিতে সমর্থ) জো (যে) জাণই (জানে) (যে আমি) ন মরিস্সামি (মরিব না) হু (নিশ্চয়) সো (সেই) স্বএ (আগামীকল্য) সিয়া (হইবে) (এরূপ) কংখে (আকাঙ্ক্ষা করে) ॥২৭॥

কুমারগণ বলিল, হে পিতা, যাহার মৃত্যুর সহিত মিত্রতা আছে, যে মৃত্যুর নিকট হইতে দূরে পলায়ন করিতে সমর্থ, যে জানে যে আমি মরিব না সেই আগামী কল্য হইবে এরূপ আকাঙ্ক্ষা করিতে পারে অর্থাৎ আগামী কল্যের জন্য অপেক্ষা করিতে পারে ॥২৭॥

অজ্জেব ধম্মং পড়িবজ্জয়ামো, জহিং পবন্না ন পুণব্ভবামো।
অণাগয়ং[২] নেবয় অত্থি কিংচী, সদ্ধাখমং[৩] নো বিণইত্তু রাগং ॥২৮॥

১। 'বত্থি' টীকা ১ ও ৩।

২। "অনাগতম্ অপ্রাপ্তং নৈব চাস্তি কিঞ্চিদিতি মনোরমমপি বিষয়সৌখ্যাদি অনাদৌ সংসারে সর্বস্য প্রাপ্তপূর্বত্বাত্ততো ন তদর্থমপি গৃহাবস্থানং যুক্তমিতি ভাবঃ" টীকা ৩।

৩। "শ্রদ্ধাক্ষমং শ্রদ্ধয়া তত্ত্বরুচ্যা ক্ষমো যোগ্যস্তং যতোহি সাধুধর্মে স্নেহঃ সর্বথা নিবার্য্যঃ তত্ত্বরুচিশ্চ কার্য্যা, তয়াহীনো সাধুধর্ম নিষ্ফলঃ" টীকা ১।

"শ্রদ্ধা অভিলাষঃ ক্ষমংযুক্তমিহলোকপরলোকয়োঃ শ্রেয়ঃপ্রাপ্তিনিমিত্তমনুষ্ঠানং কর্ত্তুমিতি শেষঃ" টীকা ৩।

অজ্জেব (অদ্যই) ধম্মং (ধর্ম) পড়িবজ্জয়ামো (অঙ্গীকার করি) জহিং (যাহাকে) পবন্না (প্রপন্ন=আশ্রয় করিলে) ন পুণব্ভবামো (পুনরায় জন্ম-গ্রহণ করিব না) কিংচী (কিঞ্চিৎ=কিছুমাত্র, কোনও বস্তু) অণাগয়ং (অনাগত=অপ্রাপ্ত) নেব অথি (নাই) (অতএব) নো (আমাদিগের) রাগং (রাগ=স্বজনগণের প্রতি প্রেম, আসক্তি) বিণইত্তু (বিনীয়=ত্যাগ করিয়া) সদ্ধাখমং (শ্রদ্ধাক্ষম, শ্রদ্ধা=তত্ত্বরুচির ক্ষম=যোগ্য, তত্ত্বরুচির যোগ্য অথবা শ্রদ্ধা=অভিলাষ ক্ষম=যুক্ত, ইহলোক পরলোকে শ্রেয় প্রাপ্তির অভিলাষ সম্পন্ন) (হওয়া উচিত) ॥২৮॥

যে ধর্মকে আশ্রয় করিলে পুনরায় জন্ম গ্রহণ করিতে হইবে না এরূপ ধর্মকে অদ্যই অঙ্গীকার করি। এ সংসারে এমন কিছুই নাই যাহা পূর্বপূর্ব জন্মে প্রাপ্ত হয় নাই। অতএব আসক্তি ত্যাগ করিয়া ইহলোক ও পরলোকে শ্রেয় প্রাপ্তির অভিলাষী হইয়া তদনুযায়ী অনুষ্ঠান করা উচিত ॥২৮॥

পহীণপুত্তস্স হু নত্থি বাসো, বাসিট্ঠি ভিক্খায়রিয়াই কালো।
সাহাহি রুক্খো লহএ[১] সমাহিং[২], ছিন্নাহিং সাহাহিং তমেব থাণুং ॥২৯॥

(পুরোহিত তাহার স্ত্রীকে বলিল) বাসিট্ঠি (হে বাশিষ্ঠি=হে বশিষ্ঠ কুলোৎ-পন্না) হু (নিশ্চয়) পহীণপুত্তস্স (প্রহীণপুত্রের=পুত্র কর্তৃক ত্যক্ত ব্যক্তির) (গৃহে) বাসো (বাস=অবস্থান) নত্থি (নাই=উচিত নহে) (আমার) ভিক্খায়রিয়াই (ভিক্ষাচর্যার=দীক্ষাগ্রহণের) কালো (কাল=সময়) (উপস্থিত হইয়াছে) রুক্খো (বৃক্ষ) সাহাহি (শাখার দ্বারা) সমাহিং (সমাধি=শোভা) লহএ (প্রাপ্ত হয়) তমেব (সেই বৃক্ষই) সাহাহিং ছিন্নাহিং (শাখা ছিন্ন হইলে) থাণুং (স্থাণু=খুঁটি) (বলিয়া কথিত হয়) ॥২৯॥

পুরোহিত তাহার স্ত্রীকে বলিল হে বাশিষ্ঠি, পুত্র কর্তৃক ত্যক্ত ব্যক্তির গৃহে অবস্থান করা উচিত নহে, আমারও সন্ন্যাস গ্রহণের সময় উপস্থিত হইয়াছে। শাখার দ্বারাই বৃক্ষের শোভা হয়। সেই বৃক্ষেরই শাখা ছিন্ন হইলে তাহাকে তখন খুঁটি বলা হয় ॥২৯॥

১। 'লহঈ' টীকা ৩।

২। "সমাধিং স্বাস্থ্যং শোভাং বা" টীকা ১।

পংখাবিহূণো ব জহেব পক্খী, ভিচ্চব্বিহূণো[১] ব রণে ণরিংদো।
বিবণ্ণসারো[২] বণিউব্ব পোএ, পহীণপুত্তোমি তহা অহংপি ॥৩০॥

জহেব (যথা) পংখাবিহূণো (পক্ষবিহীন) পক্খী (পক্ষী) (মৃত্যুভয়ে বিষণ্ণ হয়) ব (এবং) রণে (রণে=সংগ্রামে) ভিচ্চব্বিহূণো (ভৃত্যবিহীন=সৈন্যবিহীন) ণরিংদো (নরেন্দ্র=রাজা) (পরাজয়ের ভয়ে বিষণ্ণ হয়) পোএ (পোতে=অর্ণবযান) (ভগ্ন হইলে) বিপণ্ণসারো (বিপন্নসার=বিনষ্ট দ্রব্য) বণিউব্ব (বণিক্ যেমন) (বিষাদগ্রস্ত হয়) তহা (তথা=তদ্রূপ) অহংপি (আমিও) পহীণপুত্তোমি (পুত্র কর্তৃক ত্যক্ত হইয়া) (বিষাদগ্রস্ত হইয়াছি) ॥৩০॥

যেমন পক্ষী পক্ষবিহীন হইয়া মৃত্যুভয়ে বিষণ্ণ হয়, রাজা সংগ্রামে সৈন্য-বিহীন হইয়া পরাজয়ের ভয়ে বিষণ্ণ হয়, এবং পোত ভগ্ন হইলে বিনষ্টদ্রব্য বণিক্ বিষাদিত হয় তদ্রূপ আমি পুত্রগণ কর্তৃক ত্যক্ত হইয়া বিষাদগ্রস্ত হইয়াছি ॥৩০॥

সুসংভিয়া কামগুণা ইমে তে, সংপিংডিয়া অগ্গরসপ্পভূয়া[৩]।
ভুংজামু তা কামগুণে পগামং, পচ্ছা গমিস্সামু পহাণমগ্গং ॥৩১॥

(পুরোহিতের স্ত্রী বলিল) তে (তোমার) ইমে (এই সমস্ত=গৃহে রক্ষিত) সুসংভিয়া (সুসংভৃত=সজ্জীকৃত) সংপিংডিয়া (সংপিণ্ডিত=পুঞ্জীকৃত) অগ্গরসপ্পভূয়া (প্রভূত অগ্র্যরসযুক্ত=প্রভূত প্রধান রসযুক্ত) কামগুণা (বিষয়ভোগের বস্তুসমূহ) (আছে) তা (সেই সমস্ত) কামগুণে (বিষয়-ভোগের বস্তুকে) পগামং (যথেচ্ছ=প্রচুররূপে) ভুংজামু=ভোগ করিব) পচ্ছা (পরে) পহাণমগ্গং (প্রধান মার্গে=মুক্তিমার্গে) গমিস্সামু (যাইব) ॥৩১॥

পুরোহিতের স্ত্রী পুরোহিতকে বলিল তোমার গৃহে সজ্জীকৃত, পুঞ্জীকৃত, ও প্রভূত প্রধান রসযুক্ত অর্থাৎ অত্যন্ত আনন্দদায়ক বিষয়ভোগের বস্তুসমূহ আছে। সেই সমস্ত বিষয়ভোগের বস্তুসমূহকে যথেচ্ছ ভোগ করিব, পরে বৃদ্ধাবস্থায় মুক্তিমার্গে গমন করিব অর্থাৎ সন্ন্যাস ব্রত অবলম্বন করিব ॥৩১॥

১। 'ভিচ্চবিহীনুব্ব' টীকা ২।

২। "বিপন্নসারো বিগতসর্বদ্রব্যভাণ্ডঃ টীকা" ১। "বিপন্নসারো বিনষ্টহেমরত্নাদিসারঃ" টীকা ২।

৩। 'অগ্গরসা পভূয়া' টীকা ৩।

ভুত্তা রসা ভোঈ[১] জহাই ণে বও, ন জীবিয়ট্ঠা পজহামি ভোএ।
লাভং অলাভং চ সুহং চ দুক্খং, সংবিক্খমাণো[২] চরিসামি[৩]
মোণং ॥৩২॥

ভোঈ (হে যশা) রসা (রস=বিষয়সুখ) ভুত্তা (ভুক্ত হইয়াছে=আমরা ভোগ করিয়াছি) ণে (আমাদিগকে) বও (বয়=আয়ু) জহাই (ত্যাগ করিতেছে) ভোএ (ভোগকে=বিষয়ভোগকে) জীবিয়ট্ঠা (জীবনের জন্য=অসংযত জীবনের জন্য) ন পজহামি (ত্যাগ করিতেছি না) (কিন্তু) লাভং অলাভং চ (লাভ ও অলাভ) সুহং চ দুক্খং (সুখ ও দুঃখ) সংবিক্খমাণো (সমীক্ষমাণ=সমভাবে নিরীক্ষণ করিয়া) মোণং (মুনিধর্ম) চরিসামি (আচরণ করিব) ॥৩২॥

হে যশা, আমরা বিষয়সুখ অনেক ভোগ করিয়াছি। আয়ু আমাদিগকে প্রতিক্ষণে ত্যাগ করিয়া যাইতেছে। আমি বাঁচিয়া থাকিবার জন্য ভোগকে পরিত্যাগ করিতেছি না, কিন্তু লাভ ও ক্ষতি, সুখ ও দুঃখ সমস্ত সমভাবে বিচার করিয়া মুনিধর্মই অবলম্বন করিব স্থির করিয়াছি ॥৩২॥

মা হু তুমং সোয়রিয়ান[৪] সংভরে, জুণ্ণো ব হংসো পড়িসুত্তগামী[৫]।
ভুংজাহি ভোগাইং মএ সমাণং, দুক্খং খু ভিক্খায়রিয়া বিহারো ॥৩৩॥

(পুরোহিতের স্ত্রী বলিল) পড়িসুত্তগামী (প্রতিস্রোতগামী=স্রোতের প্রতিকূলে গমনকারী) জুণ্ণো (জীর্ণ=বৃদ্ধ) হংসো ব (হংসের ন্যায়) তুমং (তুমি) সোয়রিয়াণ (সহোদর ভ্রাতৃগণকে) মা সংভরে (স্মরণ করিও না) মএ (আমার) সমাণং (সহিত) ভোগাইং (বিষয়সুখ) ভুংজাহি (ভোগ কর) (কারণ) ভিক্খায়রিয়া (ভিক্ষাচর্যা=ভিক্ষাবৃত্তি) (ও) বিহারো (বিহার=গ্রামাদিতে বিচরণ করা) খু (নিশ্চয়ই) দুক্খং (দুঃখজনক) ॥৩৩॥

পুরোহিতের স্ত্রী বলিল, যেমন স্রোতের প্রতিকূলে গমনকারী বৃদ্ধ হংস অগ্রসর হইতে অসমর্থ হইয়া স্রোতের অনুকূলে যাইবার সুখ স্মরণ করে তদ্রূপ

১। 'ভোই' টীকা ২ ও ৩। "হে ভগবতি" টীকা ১। "হে ভবতি" টীকা ২ ও ৩।
২। 'সংচিক্খমাণো' টীকা ৩।
৩। 'চরিস্সামি' টীকা ১ ও ২।
৪। 'সোদরিয়াণ' টীকা ৩।
৫। 'পড়িসোয়গামী' টীকা ৩।

তুমি সংসার ত্যাগ করিয়া কঠোর শ্রমণমার্গে অগ্রসর হইতে অপারগ হইয়া পুনরায় সহোদর ভ্রাতৃগণ, আত্মীয়স্বজন ও গৃহস্থাশ্রমের সুখকে স্মরণ করিয়া ভ্রষ্ট হইও না। অতএব আমার সহিত সুখভোগ কর, কারণ ভিক্ষাবৃত্তি অবলম্বন করিয়া গ্রামাদিতে বিচরণ করা অত্যন্ত দুঃখজনক ॥৩৩॥

জহা য় ভোঈ তণুয়ং ভুয়ংগো, ণিম্মোয়ণিং[১] হিচ্চ পলেই[২] মুত্তো।
এমেএ জায়া পয়হংতি[৩] ভোএ, তে হং কহং নাণুগমিস্সমিক্কো ॥৩৪॥

ভোঈ (হে স্ত্রী) জহা য় (যেমন) ভুয়ংগো (ভুজঙ্গ) তণুয়ং (তনুজ=শরীর হইতে উৎপন্ন) ণিম্মোয়ণিং (নির্মোচনী=নির্মোক, কঞ্চুক) হিচ্চ (ত্যাগ করিয়া) মুত্তো (মুক্ত হইয়া=কঞ্চুকের প্রতি আসক্তিশূন্য হইয়া) পলেই (চলিয়া যায়) এমেএ (তদ্রূপ এই) জায়া (পুত্রগণ) ভোএ (ভোগ) পয়হংতি (ত্যাগ করিতেছে) হং (আমি) তে (তাহাদিগকে) ইক্কো (একাকী হইয়া=নিঃসঙ্গ হইয়া) কহং (কেন) ন অণুগমিস্সং (অনুসরণ করিব না) ॥৩৪॥

হে যশা, ভুজঙ্গ যেমন নিজের শরীরে উৎপন্ন কঞ্চুক ত্যাগ করিয়া তৎপ্রতি আসক্তিশূন্য হইয়া চলিয়া যায়, তদ্রূপ এই পুত্রগণ বিষয়ভোগ ত্যাগ করিতেছে। আমিও কেন নিঃসঙ্গ হইয়া ইহাদের অনুগামী হইব না? ॥৩৪॥

ছিংদিত্তু জালং অবলং ব রোহিয়া, মচ্ছা জহা কামগুণে পহায়।
ধোরেয়সীলা[৪] তবসা উদারা, ধীরা হু ভিক্খায়রিয়ং চরংতি ॥৩৫॥

জহা (যেমন) রোহিয়া (রোহিত) মচ্ছা (মৎস্য) অবলং (অবল=জীর্ণ) জালং (জাল) ছিংদিত্তু (ছেদন করিয়া) (সুখে বিচরণ করে) (তদ্রূপ) ধোরেয়সীলা (ধৌরেয়শীল সংযমের ভারোদ্বহনে সমর্থ) তবসা উদারা (উদার তপস্যাচরণকারী) ধীরা (ধীর) (পুরুষগণ) হু (নিশ্চয়ই) ভিক্খায়রিয়ং (ভিক্ষাবৃত্তি) চরংতি (আচরণ করে) ॥৩৫॥

১। 'নিম্মোইণিং' টীকা ২।

২। 'পলাই' টীকা ১ ও ৩।

৩। 'পজহংতি' টীকা ৩।

৪। "ধোরেয়শীলাঃ ধোরেয়াণাং ধুরংধরাণামিব শীলং দৃঢ়ভারোদ্বহনসামর্থ্যং যেষাং তে" টীকা ১। "ধুরি বহন্তি ধৌরেয়াস্তেষামিব শীলম্ উৎক্ষিপ্তভারবাহিতালক্ষণং স্বভাবো যেষাং তে ধৌরেয়শীলাঃ" টীকা ৩।

যেমন রোহিত মৎস্য জীর্ণ জাল ছিন্ন করিয়া সুখে বিচরণ করে তদ্রূপ সংযমের ভারোদ্বহনে সমর্থ উদার তপস্যাচরণকারী ধীর পুরুষগণ নিশ্চয়ই ভিক্ষাবৃত্তি আচরণ করে ॥৩৫॥

ণহেব কুংচা সমইক্কমংতা, তয়াণি জালাণি দলিত্তু হংসা।
পলিংতি[১] পুত্তা য পঈ য মজ্ঝং, তে হং কহং নাণুগমিস্সমিক্কা ॥ ৩৬ ॥

(পুরোহিতের স্ত্রী বলিল) তয়াণি (তত=বিস্তীর্ণ) জালানি (জাল) দলিত্তু (দলন করিয়া=ছিন্ন করিয়া) কুংচা (ক্রৌঞ্চ পক্ষী) ব (ও) হংসা (হংস) ণহে (নভে=আকাশে) সমইক্কমংতা (সমতিক্রম করিতে থাকিয়া) পলিংতি (পলায়ন করে) (সেইরূপ) পুত্তা (পুত্রগণ) য (এবং) পঈ (পতি) মজ্ঝং (আমাকে) (ত্যাগ করিয়া চলিয়া যাইতেছে) হং (আমি) তে (তাহাদিগকে) কহং (কেন) নাণুগমিস্সমিক্কো (একাকী হইয়া অনুগমন করিব না) ॥৩৬॥

পুরোহিতের স্ত্রী বলিল, যেমন বিস্তারিত জাল ছিন্ন করিয়া ক্রৌঞ্চ ও হংসগণ আকাশ অতিক্রমণ করিয়া চলিয়া যায় তদ্রূপ আমার পুত্রগণ ও পতি আমাকে পরিত্যাগ করিয়া চলিয়া যাইতেছে অতএব আমিও কেন একাকিনী হইয়া ইহাদিগের অনুগমন করিব না ॥৩৬॥

পুরোহিয়ং তং সসুয়ং সদারং, সুচ্চাভিণিক্খম্ম পহায় ভোএ।
কুডুংবসারং[২] বিউলুত্তমং তং, রায়ং অভিক্খং সমুবায় দেবী॥৩৭॥

সসুয়ং (সসুত=পুত্রের সহিত) সদারং (সদার=স্ত্রীর সহিত) ভোএ (ভোগ) পহায় (পরিত্যাগ করিয়া) তং (সেই) পুরোহিয়ং (পুরোহিতকে) অভিণিক্খম্ম (গৃহ ত্যাগ করিয়া) (শ্রমণ দীক্ষা গ্রহণ করিতেছে) সুচ্চা (শ্রবণ করিয়া) (ও) তং (সেই সকল=পুরোহিতের ত্যক্ত) বিউলুত্তমং (বিপুল ও উত্তম) কুডুংবসারং (কুটুম্বসার=ধনধান্যাদি) (রাজা কর্তৃক গৃহীত হইতেছে জানিয়া) দেবী (দেবী=রাজ্ঞী কমলাবতী) রায়ং (রাজাকে) অভিক্খং (অভীক্ষ্ণং=বারংবার) সমুবায় (সমুবাচ=বলিতে লাগিল) ॥৩৭॥

সমস্ত বিষয়ভোগ পরিত্যাগ করিয়া পুত্র ও স্ত্রীর সহিত গৃহ ত্যাগ পূর্বক সেই পুরোহিত শ্রমণ দীক্ষা গ্রহণ করিতেছে তাহা শ্রবণ করিয়া ও

১। 'পলংতি' টীকা ১।

২। "কুটুম্বসারং ধনধান্যাদি" টীকা ৩।

পুরোহিতের ত্যক্ত বিপুল ও উত্তম ধনধান্যাদি সম্পত্তি রাজা কর্তৃক গৃহীত হইতেছে জানিয়া রাজ্ঞী কমলাবতী রাজাকে বারংবার বলিতে লাগিল ॥৩৭॥

বংতাসী পুরিসো রায়ং, ন সে হোই পসংসিও।
মাহণেণ পরিচত্তং, ধণং আদাউমিচ্ছসি[১] ॥৩৮॥

রায়ং (হে রাজন্) (যে) বংতাসী (বান্তাশী=অন্য কর্তৃক উদ্‌গীর্ণ অন্ন ভোজনকারী) পুরিসো (পুরুষ) সো (সে) পসংসিও (প্রশংসিত) ন হোই (হয় না) মাহণেণ (ব্রাহ্মণের দ্বারা) পরিচত্তং (পরিত্যক্ত) ধণং (ধন) আদাউং (আদাতুং=গ্রহণ করিতে) ইচ্ছসি (ইচ্ছা করিতেছ) (তজ্জন্য তুমিও উদ্‌গীর্ণ অন্ন ভোজনকারীর ন্যায় প্রশংসিত হইবে না) ॥৩৮॥

হে রাজন্, উদ্‌গীর্ণ অন্নভোজনকারী পুরুষ যেমন প্রশংসিত হয় না তদ্রূপ তুমিও ব্রাহ্মণের পরিত্যক্ত ধনাদি গ্রহণ করিতে ইচ্ছা করিয়াছ বলিয়া প্রশংসিত হইবে না ॥৩৮॥

সব্বং জগং জই তুহং[২], সব্বং বা বি ধণং ভবে।
সব্বং পি তে অপজ্জত্তং, নেব তাণায় তং তব ॥৩৯॥

জই (যদি) সব্বং (সমস্ত) জগং (জগৎ) তুহং (তোমার) (হয়) বা (অথবা) সব্বং (সমস্ত) ধণং বি (ধনসম্পত্তি ও) (তোমার) ভবে (হয়) (তাহা হইলে ও) তে (সেই) সব্বং পি (সমস্ত ও) (তোমার পক্ষে) অপজ্জত্তং (অপর্যাপ্ত=অপ্রচুর, ইচ্ছা পূরণে অসমর্থ) (হইবে এবং) তং (তৎসমস্ত) তব (তোমার) তাণায় (ত্রাণ করিবার জন্য=মরণভয় হইতে রক্ষা করিবার জন্য) নেব (হইবে না) ॥৩৯॥

যদি সমস্ত জগৎ তোমার আয়ত্তাধীনে আসে আবার সমস্ত স্বর্ণরত্নাদি ধনও তোমার অধিকারে আসে তথাপি সেই সমস্ত জগৎ ও ধন তোমার ইচ্ছা পূরণের পক্ষে পর্যাপ্ত হইবে না এবং সেই সমস্ত তোমাকে মরণভয় হইতে ত্রাণ করিতে সমর্থ হইবে না ॥৩৯॥

১। 'আয়াউ' টীকা ১। 'আয়উ' টীকা ২।

২। 'তুম্হং' টীকা ১।

মরিহিসি রায়ং জয়া তয়া বা, মণোরমে কামগুণে পহায়।
এক্কো[১] হু ধম্মো ণরদেব তাণং, ন বিজ্জঈ অণ্ণমিহেহ কিংচি ॥৪০॥

রায়ং (হে রাজন্) মণোরমে (মনোরম) কামগুণে (বিষয়ভোগ) পহায় (পরিত্যাগ করিয়া) জয়া তয়া বা (যদা তদা বা=যে কোন সময়ে) মরিহিসি (মরিবে=মরণ প্রাপ্ত হইবে) ণরদেব (হে নরদেব) এক্কো (একমাত্র) ধম্মো হু (ধর্মই) তাণং (ত্রাণ=ত্রাণকর্তা) ইহ (এই সংসারে) ইহ (এই মৃত্যু হইতে) অণ্ণং কিংচি (অন্য কিছুই) (ত্রাণকর্তা) ন বিজ্জঈ (ন বিদ্যতে=নাই) ॥৪০॥

হে রাজন্, মনোহর বিষয়ভোগ পরিত্যাগ করিয়া যে কোন সময়ে মরণ প্রাপ্ত হইবে। হে নরদেব, একমাত্র ধর্মই ত্রাণ করিতে সমর্থ, এই সংসারে অন্য কিছুই এই মৃত্যু হইতে রক্ষা করিতে সমর্থ হয় না ॥৪০॥

নাহং রমে পক্খিণি পংজরে বা, সংতাণছিণ্ণা[২] চরিসামি[৩] মোণং।
অকিংচণা উজ্জুকড়া ণিরামিসা[৪], পরিগ্গহারংভণিয়ত্তদোসা ॥৪১॥

পংজরে (পিঞ্জরে) পক্খিণি বা (পক্ষিণীর ন্যায়) অহং (আমি) (এ সংসারে) ন রমে (তৃপ্তি পাইতেছি না) সংতাণছিণ্ণা (ছিন্নসংতানা=বিনাশিত স্নেহসন্ততি, স্নেহসমূহ বিনষ্ট হইয়াছে) অকিংচণা (অকিঞ্চন=নিঃস্ব) উজ্জুকড়া (ঋজুকৃতা=মায়া কাপট্যাদি রহিত, মরণভাবাপন্ন) ণিরামিসা (নিরামিষ=আমিষ অর্থাৎ বিষয়াদিতে লোলুপতা তাহা হইতে রহিত) পরিগ্গহারংভণিয়ত্তদোসা (পরিগ্রহারম্ভদোষনিবৃত্তা=পরিগ্রহ ও আরম্ভরূপ দোষ হইতে নিবৃত্ত, সঞ্চয় ও হিংসাত্মক কার্য হইতে নিবৃত্ত) (হইয়া) মোণং (শ্রমণ ধর্ম) চরিসামি (আচরণ করিব=গ্রহণ করিব) ॥৪১॥

পক্ষিণী যেমন পিংজরে আবদ্ধ হইয়া সুখপ্রাপ্ত হয় না আমিও তদ্রূপ এ সংসারে সুখপ্রাপ্ত হইতেছি না। আমি বিগতস্নেহ, নিঃস্ব, সরলভাবাপন্ন,

---

১। 'ইক্কো' টীকা ৩।

২। "বিনাশিতস্নেহসন্ততিঃ সতী" টীকা ২।

৩। 'চরিস্সামি' টীকা ১ ও ২।

৪। "নিষ্ক্রান্তা আমিষাদ্ গৃদ্ধিহেতোরভিলষিতবিষয়াদেঃ নির্গতং বা আমিষমস্যা ইতি নিরামিষা" টীকা ৩।

অনাসক্ত এবং সঞ্চয় ও হিংসাত্মক কার্য হইতে নিবৃত্ত হইয়া শ্রমণ ধর্ম আচরণ করিব ॥৪১॥

দব্বগ্‌গিণা জহা রণ্ণে, ডজ্ঝমাণেসু জংতুসু।
অণ্ণে সত্তা পমোয়ংতি, রাগদ্দোসবসং গয়া ॥৪২॥

এবমেব বয়ং মূঢ়া, কামভোগেসু মুচ্ছিয়া।
ডজ্ঝমাণং ন বুজ্ঝামো, রাগদ্দোসগ্‌গিণা জগং ॥৪৩॥

জহা (যেমন) রণ্ণে (অরণ্যে) দব্বগ্‌গিণা (দাবাগ্নির দ্বারা) জংতুসু (জন্তুগণ) ডজ্ঝমাণেসু (দগ্ধ হইতেছে) (দেখিয়া) রাগদ্দোসবসং গয়া (রাগদ্বেষবশংগত=রাগদ্বেষের বশীভূত) অণ্ণে (অন্য) সত্তা (সত্ত্ব=প্রাণিগণ) পমোয়ংতি (হৃষ্ট হয়) এবমেব (সেইরূপ) মূঢ়া (মূঢ়=অবিবেকী) বয়ং (আমরা) কামভোগেসু (কামভোগে) মুচ্ছিয়া (মূর্ছিত হইয়া) রাগদ্দোসগ্‌গিণা (রাগদ্বেষ রূপ অগ্নির দ্বারা) জগং (জগৎ) ডজ্ঝমাণং (দগ্ধ হইতেছে) (দেখিয়াও) ন বুজ্ঝামো (জানি না) ॥৪৩॥

যেমন অরণ্যে দাবানলের দ্বারা জন্তুগণ দগ্ধ হইতেছে দেখিয়া রাগদ্বেষের বশীভূত অন্য প্রাণিগণ প্রমোদিত হয় তদ্রূপ কামভোগে মূর্ছিত হইয়া মূঢ়াত্মা আমরা সমস্ত জগৎ রাগদ্বেষ রূপ অগ্নির দ্বারা দগ্ধ হইতেছে দেখিয়াও দেখিতেছি না ॥৪২॥৪৩॥

ভোগে ভুচ্চা বমিত্তা য়, লহুভূয়বিহারিণো।
আমোয়মাণা গচ্ছংতি, দিয়া কামকমা[১] ইব ॥৪৪॥

ভোগে (ভোগ=বিষয়সুখ) ভুচ্চা (ভোগ করিয়া) য় (পরে) বমিত্তা (বমন করিয়া=ত্যাগ করিয়া) লহুভূয়বিহারিণো (লঘুভূতবিহারী=বিষয়ের আসক্তি পরিত্যাগ করিয়া বায়ুর ন্যায় লঘু হইয়া যে বিচরণ করে, অপ্রতিবদ্ধবিহারী) আমোয়মাণা (সন্তুষ্ট হইয়া) কামকমা (কামক্রমা=স্বচ্ছন্দবিহারী) দিয়া (দ্বিজগণ=পক্ষিগণ) ইব (ন্যায়) গচ্ছংতি (বিচরণ করে) ॥৪৪॥

বিষয়সুখ ভোগ করিয়া ও পরে তাহা ত্যাগ করিয়া অপ্রতিবদ্ধবিহারী ও সন্তুষ্টচিত্ত হইয়া স্বেচ্ছাচারী পক্ষিগণের ন্যায় বিচরণ করে (সেই ধন্য) ॥৪৪॥

১। 'কামক্কমা' টীকা ১।

ইমে য় বদ্ধা ফংদংতি[১], মম হত্থজ্জমাগয়া।
বয়ং চ সত্তা কামেসু, ভবিস্সামো জহা ইবে ॥৪৫॥

অজ্জ (হে আর্য) ইমে (এই সমস্ত বিষয়সুখ) মম (আমার=আমাদের) হত্থজ্জমাগয়া (হস্তগত) য় (ও) বদ্ধা (বদ্ধ=সুরক্ষিত) (হইয়াও) ফংদংতি (সত্বর চলিয়া যায়) চ (কিন্তু) বয়ং (আমরা) কামেসু (বিষয়ভোগে) সত্তা (সক্ত=আসক্ত) (হইয়াছি) (অতএব) ইমে (ইহারা=পুরোহিতাদি) জহা (যেরূপ) (হইয়াছে তদ্রূপ) ভবিস্সামো (হইব) ॥৪৫॥

হে আর্য, এই সমস্ত বিষয়সুখ আমাদের হস্তগত ও সুরক্ষিত হইয়াও সত্বর চলিয়া যায় কিন্তু সেই অস্থির বিষয়সুখে আমরা আসক্ত হইয়াছি অতএব এই পুরোহিত ও তাহার স্ত্রীপুত্রাদির ন্যায় আমরাও হইব অর্থাৎ সংসার ত্যাগ করিয়া শ্রমণধর্ম গ্রহণ করিব ॥৪৫॥

সামিসং কুললং দিস্স[২], বজ্ঝমাণং ণিরামিসং।
আমিসং[৩] সব্বমুজ্ঝিত্তা, বিহরিস্সামো ণিরামিসা[৪] ॥৪৬॥

সামিসং (সামিষ=আমিষের সহিত, মাংসযুক্ত) কুললং (গৃধ্র পক্ষীকে) বজ্ঝমাণং (বধ্যমান=পীড়াপ্রাপ্ত হইতেছে) দিস্স (দেখিয়া) ণিরামিসং (নিরামিষ=মাংসশূন্য) (পক্ষীকে পীড়াপ্রাপ্ত হইতে না দেখিয়া) (আমরা) সব্বং (সমস্ত) আমিসং (আমিষ=আসক্তির হেতু, ধনধান্যাদি) উজ্ঝিত্তা (ত্যাগ করিয়া) ণিরামিসা (নিরামিষ=নিরাসক্ত) (হইয়া) বিহরিস্সামো (বিচরণ করিবে) ॥৪৬॥

আমিষাহারী মাংসসহিত গৃধ্র পক্ষী বা অন্য পক্ষী কর্তৃক মাংস ছিনাইয়া লইবার জন্য পীড়াপ্রাপ্ত হইতেছে ও যাহার নিকট মাংস নাই এইরূপ পক্ষী অন্য পক্ষী দ্বারা পীড়াপ্রাপ্ত হইতেছে না দেখিয়া আমরা সমস্ত আসক্তির হেতু ধনধান্যাদি ত্যাগ করিয়া নিরাসক্ত হইয়া বিচরণ করিব ॥৪৬॥

১। "অস্থিরধর্মতয়া গত্বরা দৃশ্যন্তে সুরক্ষিতাপি যাস্তীত্যর্থঃ" টীকা ১।
২। 'দিস্সা' টীকা ৩।
৩। "আমিষমভিষঙ্গহেতুং ধনধান্যাদি সর্বং" টীকা ২।
৪। "নিরামিষা ত্যক্তাভিষঙ্গহেতুঃ" টীকা ২।

দ্বিতীয় অর্থ

সামিষং (আমিষ খাইতে লোভী) কুললং (গৃধ্র পক্ষীকে) বজ্ঝমানং (পীড়া প্রাপ্ত হইতেছে) দিস্‌স (দেখিয়া) ণিরামিষং (নিরামিষাহারী বা নির্লোভ) (পক্ষীকে) পীড়া প্রাপ্ত হইতে না দেখিয়া আমরা) সব্বং (সমস্ত) ইত্যাদি পূর্ববৎ ॥৪৬॥

মাংসাহারী লোভী গৃধ্র পক্ষী মাংসের লোভে জালে বদ্ধ হইয়া পীড়া প্রাপ্ত হইতেছে ও নির্লোভ পক্ষী জালে বদ্ধ না হওয়াতে পীড়া প্রাপ্ত হইতেছে না, দেখিয়া ইত্যাদি পূর্ববৎ ॥৪৬॥

গিদ্ধোবমে য় ণচ্চাণং, কামে সংসার বড্ঢণে।
উরগো সুবণ্ণপাসিব্ব, সংকমাণো তণুং চরে ॥৪৭॥

গিদ্ধোবমে (গৃধ্রের উপমা) ণচ্চাণং (জ্ঞাত হইয়া) কামে (বিষয়সুখকে) সংসার বড্ঢণে (সংসার বর্ধনকারী=সংসার বৃদ্ধির হেতু) (জ্ঞাত হইয়া) সুবণ্ণপাসিব্ব উরগো (সুপর্ণ পার্শ্বে উরগের ন্যায়=গরুড়সমীপে সর্পের ন্যায়) সংকমাণো (শঙ্কাযুক্ত হইয়া) তণুং (ধীরে ধীরে) চরে (বিচরণ করে) (তদ্রূপ আমরাও বিষয়সুখকে ভয় করিতে থাকিয়া তাহার নিকট হইতে ক্রমশঃ সরিয়া যাইব) ॥৪৭॥

উপরোক্ত গৃধ্রের উপমা জ্ঞাত হইয়া ও বিষয়সুখকে সংসার বৃদ্ধির হেতু মনে করিয়া সর্প যেমন গরুড়ের নিকট হইতে ভয়ে ভয়ে অল্প অল্প করিয়া সরিয়া যায় তদ্রূপ আমরাও বিষয়সুখ হইতে ক্রমশঃ সরিয়া যাইব ॥৪৭॥

ণাগুব্ব[১] বংধণং ছিত্তা, অপ্পণো বসহিং বএ।
এয়ং[২] পথং মহারায়[২], উসুয়ারি ত্তি মে সুয়ং ॥৪৮॥

ণাগুব্ব (নাগ যেমন=হস্তী যেমন) বংধণং (বন্ধন) ছিত্তা (ছিন্ন করিয়া) অপ্পণো (নিজের) বসহিং (বসতিতে=নিবাসস্থানে) বএ (চলিয়া যায়) (তদ্রূপ তুমিও আসক্তিরূপ বন্ধন ছিন্ন করিয়া মুক্তিরূপ স্বস্থানে গমন কর) উসুয়ারি মহারায় (হে ইষুকারি মহারাজা) এয়ং (এই) পথং (পথ্য =হিতকারী) (বাক্য) মে (আমার কর্তৃক) সুয়ং (শ্রুত হইয়াছে) ॥৪৮॥

১। 'নাগোব্ব' টীকা ১ ও ৪।

২। 'ইতি এখং মহারায়ং' টীকা ৩। 'এয়ং পচ্ছং মহারায়ং' টীকা ৪।

হস্তী যেমন বন্ধন ছিন্ন করিয়া অটবীরূপ নিজের আবাসস্থানে চলিয়া যায় তদ্রূপ তুমিও আসক্তির বন্ধন ছিন্ন করিয়া মুক্তিরূপ স্বস্থানে গমন কর। হে ইষুকার মহারাজা, এইরূপ কল্যাণকারী বচন আমি শুনিয়াছি তাহাই তোমাকে বলিলাম ॥৪৮॥

চইত্তা বিউলং[১] রজ্জং, কামভোগে য দুচ্চএ[২]।
নিব্বিসয়া ণিরামিসা, ণিণ্হেহা ণিপ্পরিগ্গহা[৩] ॥৪৯॥

সম্মং[৪] ধম্মং বিয়াণিত্তা, চিচ্চা কামগুণে বরে[৫]।
তবং পগিজ্ঝহক্খায়ং, ঘোরং ঘোরপরক্কমা ॥৫০॥

বিউলং (বিপুল) রজ্জং (রাজ্য) য (ও) দুচ্চএ (দুস্ত্যাজ্য) কামভোগে (বিষয়সুখ) চইত্তা (ত্যাগ করিয়া) নিব্বিসয়া (নির্বিষয়=বিষয়াভিলাষরহিত) ণিরামিসা (নিরামিষ=নিরাসক্ত) ণিণ্হেহা (নিঃস্নেহ) ণিপ্পরিগ্গহা (নিষ্পরিগ্রহ=সর্বপ্রকার সম্পত্তিশূন্য) (হইয়া) সম্মং (সম্যক্) ধম্মং (ধর্ম) বিয়াণিত্তা (জানিয়া) বরে (বর=শ্রেষ্ঠ) কামগুণে (বিষয়ভোগ) চিচ্চা (ত্যাগ করিয়া) অহক্খায়ং (যথাখ্যাত=অর্হদাদির দ্বারা যেরূপ আখ্যাত হইয়াছে তদ্রূপ) ঘোরং (ঘোর=যাহা দুঃখে আচরণ করা যায় এরূপ) ঘোরপরক্কমা (ঘোরপরাক্রম=উগ্রশক্তিসম্পন্ন) তবং (তপ=তপস্যা) পগিজ্ঝ (স্বীকার করিয়া) (রাজা ও রাণী উভয়ে শ্রমণ দীক্ষা গ্রহণ করিল) ॥৪৯॥৫০॥

বিপুল রাজ্য ও দুস্ত্যাজ্য বিষয়সুখ ত্যাগ করিয়া বিষয়াভিলাষরহিত, নিরাসক্ত, নিঃস্নেহ, এবং সর্বপ্রকার সম্পত্তিশূন্য হইয়া রাজা ও রাণী উভয়ে সম্যগ্‌রূপে ধর্ম অবগত হইয়া ও শ্রেষ্ঠ বিষয়ভোগ পরিত্যাগ করিয়া অর্হদাদির দ্বারা আখ্যাত উগ্রশক্তিসম্পন্ন ঘোর তপস্যা অবলম্বনপূর্বক শ্রমণ দীক্ষা গ্রহণ করিল ॥৪৯॥৫০॥

এবং তে কমসো বুদ্ধা, সব্বে ধম্মপরায়ণা।
জম্মমচ্চুভউব্বিগ্গা, দুক্খস্সংতগবেসিণো ॥৫১॥

১। 'বিপুলং' টীকা ৩।
২। 'দুজ্জএ' টীকা ২।
৩। 'নিপরিগ্গহা' টীকা ২।
৪। "সম্যক্ প্রকারেণ" টীকা ১। "সম্যক্" টীকা ২ ও ৩।
৫। 'চরে' টীকা ৩।

এবং (এইরূপে) তে সব্বে (তাহারা সকলে=পুরোহিত, তাহার স্ত্রী, দুই পুত্র এবং রাজা ও রাণী এই ছয়জন) ধম্মপরায়ণা (ধর্মপরায়ণ) জম্মমচ্চুভউব্বিগ্গা (জন্মমৃত্যুভয়োদ্বিগ্না) দুক্খস্সংতগবেসিণো (দুঃখস্যান্তগবেষী=দুঃখের অন্ত গবেষণাকারী, মোক্ষাভিলাষী) (হইয়া) কমসো (ক্রমশ) বুদ্ধা (প্রতিবোধ প্রাপ্ত হইল) ॥৫১॥

এইরূপে পুরোহিত আদি ছয় ব্যক্তি ধর্মপরায়ণ, জন্মমরণের ভয়ে ভীত ও দুঃখের অন্ত করতঃ মোক্ষপ্রাপ্তির জন্য অভিলাষযুক্ত হইয়া তাহারা সকলে ক্রমে ক্রমে প্রতিরোধ প্রাপ্ত হইল ॥৫১॥

সাসণে[১] বিগয়মোহাণং, পুব্বিং ভাবণভাবিয়া[২] ।
অচিরেণেব কালেণং, দুক্খস্সংতমুবাগয়া ॥৫২॥

পুব্বিং (পূর্বে=পূর্বজন্মে) বিগয়মোহাণং (বিগতমোহগণের=বীতরাগগণের, অর্হদ্‌গণের) সাসণে (শাসনে=অনুশাসনে) ভাবণভাবিয়া (দ্বাদশবিধ ভাবনার দ্বারা রঞ্জিতাত্মা হইয়াছিল বলিয়া) (তাহারা) অচিরেণেব কালেণং (অচির কালেই=স্বল্পকালেই) দুক্খস্সংতমুবাগয়া (দুঃখস্যান্তমুপাগতা=দুঃখের অন্ত প্রাপ্ত হইল, মোক্ষ প্রাপ্ত হইল) ॥৫২॥

পূর্বজন্মে বীতরাগগণের অনুশাসনে তাহাদিগের আত্মা দ্বাদশ প্রকার ভাবনার দ্বারা রঞ্জিত হইয়াছিল বলিয়া অল্পকালেই তাহারা দুঃখের অন্ত অর্থাৎ মোক্ষ প্রাপ্ত হইল ॥৫২॥

রায়া সহ দেবীএ, মাহণো য় পুরোহিও ।
মাহণী দারগা চেব, সব্বে তে পরিণিব্বুড়া[৩] ॥৫৩॥ ত্তি বেমি ॥

দেবীএ সহ (দেবীর সহিত=রাজ্ঞী কমলাবতীর সহিত) রায়া (রাজা ইষুকার) য় (ও) পুরোহিও মাহণো (পুরোহিত ব্রাহ্মণ ভৃগু) মাহণী (ব্রাহ্মণী যশা)

১। 'সাসণি' টীকা ৩। "শাসনে তীর্থে" টীকা ১। "শাসনে দর্শনে" টীকা ২ ও ৩। শাসন শব্দের দ্বারা তীর্থঙ্করগণের সাধুসঙ্ঘে বা শ্রাবকসঙ্ঘে অবস্থিতি করা বা তাঁহাদের প্রচারিত ধর্মানুবর্তী হইয়া থাকা বুঝায়। তাঁহাদের অনুশাসনে বা অনুজ্ঞায় থাকা। "দ্বাদশাঙ্গী, আগম, সিদ্ধান্ত শাস্ত্র"—পা. স. ম।

২। "ভাবনয়া সম্যক্‌ক্রিয়াভ্যাসরূপয়া দ্বাদশবিধমনঃপরিণতিরূপয়া ভাবিতা রঞ্জিতাত্মানঃ" টীকা ১। দ্বাদশপ্রকার ভাবনার বিবরণের জন্য ৯।১৬ সূত্রের ৩ নং পাদটীকা দ্রষ্টব্য।

৩। 'পরিনিব্বড়ি' টীকা ৩।

দারগা চেব (এবং দুই পুত্র) তে সব্বে (তাহারা সকলে) পরিণিব্বুড়া (পরিনির্বৃত হইল=পরিনির্বাণ প্রাপ্ত হইল, মুক্তি প্রাপ্ত হইল) ॥৫৩॥ এইরূপ বলিতেছি ॥

দেবী কমলাবতীর সহিত রাজা ইষুকার, পুরোহিত ব্রাহ্মণ ভৃগু, ব্রাহ্মণী যশা ও তাহার দুইপুত্র—সকলে পরিনির্বাণ প্রাপ্ত হইল ॥৫৩॥ এইরূপ বলিতেছি ॥

ইতি ইষুকারীয়, চতুর্দশ অধ্যয়ন

সভিক্ষু

পঞ্চদশ অধ্যয়ন

মোণং চরিস্সামি সমিচ্চ ধম্মং, সহিএ উজ্জুকড়ে ণিয়াণছিন্নে[১]।
সংথবং জহিজ্জ অকামকামো[২], অণ্ণায়এসী পরিব্বএ স ভিক্খূ ॥১॥

মোণং (মুনির ধর্ম) চরিস্সামি (আচরণ করিব) (এইরূপ মনোভাব যুক্ত হইয়া) ধম্মং (ধর্ম) সমিচ্চ (স্বীকার করিয়া=দীক্ষা গ্রহণ করিয়া) সহিএ (সহিত=অন্য সাধুগণের সহিত) (অবস্থান করিয়া) উজ্জুকড়ে (ঋজুকৃত=সরলভাবাপন্ন) ণিয়াণছিন্নে (ছিন্ননিদান=আসক্তিশূন্য) সংথবং (সংস্তব=কুটুম্বস্নেহ) জহিজ্জ (পরিত্যাগ করিয়া) অকামকামো (সর্বপ্রকার অভিলাষ রহিত) অণ্ণায়এসী (অজ্ঞাতৈষী=অপরিচিত স্থান হইতে ভিক্ষাগ্রহণকারী) (হইয়া যে) পরিব্বএ (বিচরণ করে) স (সেই) ভিক্খূ (ভিক্ষু) ॥১॥

মুনিধর্ম আচরণ করিব এইরূপ মনোভাবযুক্ত হইয়া দীক্ষা গ্রহণ পূর্বক সাধুগণের সমভিব্যহারে অবস্থানকারী, সরল ভাবাপন্ন, আসক্তিশূন্য, কুটুম্বগণের স্নেহ পরিত্যাগ করিয়া, সর্বপ্রকার অভিলাষ রহিত, অপরিচিত স্থান হইতে ভিক্ষাগ্রহণকারী হইয়া যে বিবরণ করে সেই ভিক্ষু ॥১॥

রাগোবরয়ং[৩] চরিজ্জ লাঢ়ে, বিরএ বেয়বিয়ায়রক্খিএ[৪]।
পণ্ণে অভিভূয় সব্বদংসী[৫], জে কম্হিচি[৬] ন মুচ্ছিএ স ভিক্খূ ॥২॥

লাঢ়ে (প্রধান সাধু) রাগোবরয়ং (রাগোপরত=রাগরহিত, আসক্তিরহিত হইয়া) চরিজ্জ (বিচরণ করে) বিরএ (বিরত=সংযমে রত) বেয়বিয়ায়-

---

১। "ছিন্নং নিদানং বিষয়াভিষঙ্গরূপং যেন স তথা" টীকা ২।

২। "ন বিদ্যতে কামস্য কামোঽভিলাষো যস্য সোঽকামকামঃ কামাভিলাষরহিতঃ" টীকা ১।

৩। 'রাওবরয়ং' টীকা ৩।

৪। "বেদ্যতে জ্ঞায়তেঽর্থোঽনেনেতি বেদঃ সিদ্ধান্তস্তস্য বেদনং বিদ্জ্ঞানং বেদবিৎসিদ্ধান্ত-জ্ঞানং তেনাত্মারক্ষিতো দুর্গতিপতনাদ্যেন স বেদবিদাত্মরক্ষিতঃ" টীকা ১।

৫। "সর্বপ্রাণিগণমাত্মবৎপশ্যতীতি সর্বদর্শী" টীকা ১।

৬। 'কম্হিবি' টীকা ১ ও ৩।

রক্‌খিএ (বেদবিদাত্মরক্ষিত=বেদবিদ্ অর্থাৎ সিদ্ধান্তের জ্ঞান, তাহা দ্বারা যাহার আত্মা রক্ষিত হইয়াছে, সিদ্ধান্তজ্ঞানসম্পন্ন) পণ্ণে (প্রাজ্ঞ) অভিভূয় (পরাজয় করিয়া=পরীষহসমূহকে জয় করিয়া) (যে অবস্থান করে) সব্বদংসী (সর্বদর্শী=সমস্ত প্রাণিগণকে যে নিজের ন্যায় জ্ঞান করে) জে (যে) কম্‌হিচি (কোন বস্তুতেও) ন মুচ্ছিএ (মূর্চ্ছিত হয় না=লোলুপ হয় না) স (সেই) ভিক্‌খূ (ভিক্ষু) ॥২॥

শ্রেষ্ঠ সাধু আসক্তিশূন্য হইয়া বিচরণ করে। যে সংযমে রত, সিদ্ধান্তজ্ঞানের দ্বারা যাহার আত্মা রক্ষিত হইয়াছে, যে প্রাজ্ঞ, যে পরীষহকে জয় করিয়াছে, যে সমস্ত প্রাণিগণকে আত্মবৎ অবলোকন করে এবং যে কোন বস্তুতেও লোলুপিত হয় না সেই ভিক্ষু ॥২॥

অক্কোসবহং বিদিত্তু ধীরে, মুণী চরে লাঢ়ে ণিচ্চমায়গুত্তে।
অব্বগ্‌গমণে অসংপহিট্‌ঠে, জে কসিণং অহিআসএ স ভিক্‌খূ ॥৩॥

লাঢ়ে (প্রধান) মুণী (মুনি) অক্কোসবহং (আক্রোশবধ=আক্রোশ ও বধ=তর্জন ও প্রহার) বিদিত্তু (জানিয়া=নিজের কর্মফলে হইয়াছে জানিয়া) ধীরে (ধীর=সহিষ্ণু) (ও) ণিচ্চমায়গুত্তে (নিত্যমাত্মগুপ্ত=যে সর্বদা নিজেকে অর্থাৎ মন, বচন ও কায়কে বশীভূত করিয়া রাখে, বশীকৃতাত্মা) (হইয়া) চরে (বিচরণ করে) অব্বগ্‌গমণে (অব্যগ্রমনা=অব্যাকুলচিত্ত) অসংপহিট্‌ঠে (অসম্প্রহৃষ্ট=যে হৃষ্ট হয় না, যে হর্ষ ও রোষ প্রাপ্ত হয় না) (ও) জে (যে) কসিণং (কৃৎস্ন=সমস্ত, আক্রোশবধাদি) অহিয়াসহে (সহ্য করে) স (সে) ভিক্‌খূ (ভিক্ষু) ॥৩॥

শ্রেষ্ঠ মুনি তর্জন ও প্রহরাদি নিজের কর্মফলে হইয়াছে জানিয়া ধীরভাবে সহন করে ও নিজকে বশীভূত করিয়া বিচরণ করে। যে ব্যাকুল হয় না, হৃষ্ট ও রুষ্ট হয় না এবং আক্রোশবধাদি সমস্ত সহ্য করে সেই ভিক্ষু ॥৩॥

পংতং সয়ণাসণং ভইত্তা সীউহ্নং[১] বিবিহং চ দংসমসগং।
অব্বগ্‌গমণে অসংপহিট্‌ঠে[২], জে কসিণং অহিয়াসহে স ভিকখূ ॥৪॥

১। 'সীউহ্নংপি' টীকা ১।

২। "শীতাদ্ব্যপদ্রবরহিতস্থানলাভাৎ তথা দংশমশকাদিরহিতস্থানলাভাসংপ্রহৃষ্টো ভবতি হর্ষিতো ন ভবতি সমসুখদুঃখো ভবতি" টীকা ১।

পংতং (প্রান্ত=অসার, তুচ্ছ) সয়ণাসণং (শয়নাসন=শয্যা ও আসন) ভইত্তা (সেবন করিয়া=ভোগ করিয়া) সীউহ্নং (শীতোষ্ণ) চ (এবং) বিবিহং (বিবিধ=বিবিধপ্রকারের) দংসমসগং (দংশমশক=ডাঁশ ও মশা) (দ্বারা দষ্ট হইয়া) অব্বগ্গমনে (অব্যাকুলচিত্ত) অসংপহিট্ঠে (যে হৃষ্ট ও রুষ্ট হয় না=সুখ ও দুঃখে সমভাবাপন্ন) জে (যে) কসিণং (সমস্ত দুঃখ কষ্ট) অহিয়াসহে (সহ্য করে) স (সে) ভিক্খূ (ভিক্ষু) ॥৪॥

তুচ্ছ শয্যা ও আসন ভোগ করিয়া শীত ও উষ্ণ, এবং বিবিধ প্রকারের ডাঁশ ও মশকের দ্বারা দষ্ট হইয়া যে অব্যাকুলচিত্ত ও সুখ এবং দুঃখে সমভাবাপন্ন হইয়া সমস্ত দুঃখ কষ্ট সহ্য করে সে ভিক্ষু ॥৪॥

নো সক্কিয়মিচ্ছঈ ন পূয়ং নো বি য় বংদণগং কুও পসংসং।
সে সংজএ সুব্বএ তবস্সী, সহিএ[১] আয়গবেসএ স ভিক্খূ ॥৫॥

(যে) সক্কিয়ং (সৎকৃত=সৎকার সম্মান) নো ইচ্ছঈ (অভিলাষ করে না) পূয়ং (পূজা) ন (অভিলাষ করে না) বংদণগং নো বি য় (বন্দনারও অভিলাষ করে না) কুও পসংসং (কোথায় প্রশংসা অর্থাৎ প্রশংসারও অভিলাষ করে না) সে (সেই) সংজএ (সংযত) সুব্বএ (সুব্রত) তবস্সী (তপস্বী) সহিএ (স-হিত=সর্বজীবের হিতাকাঙ্ক্ষী) আয়গবেসএ (আত্মগবেষক) স (সে) ভিক্খূ (ভিক্ষু) ॥৫॥

যে সৎকার বা সম্মান পাইবার ইচ্ছা করে না, পূজা ও বন্দনা পাইবারও ইচ্ছা করে না এবং প্রশংসা পাইবারও অভিলাষ রাখে না ,এরূপ সংযত সুব্রত, তপস্বী, সর্বজীবের হিতাকাঙ্ক্ষী ও আত্মগবেষক সেই ভিক্ষু ॥৫॥

জেণ পুণ[২] জহাই জীবিয়ং, মোহং বা কসিণং ণিয়চ্ছঈ[৩]।
ণরণারিং পজহে[৪] সয়া তবস্সী, ন য় কোউহলং[৫] উবেই[৬] স ভিক্খূ ॥৬॥

পুণ (আবার) জেণ (যাহার দ্বারা) জীবিয়ং (জীবন=সংযম জীবন, সংযম-

১। "সহিতঃ সর্বজীবেষু হিতান্বেষী অথবা জ্ঞানদর্শনাভ্যাং সহিতঃ" টীকা ১।
২। 'পুণো' টীকা ৩।
৩। "বধ্নাতি" টীকা ৩।
৪। 'পয়হে' টীকা ৩।
৫। 'কউহল্লং' টীকা ২। "স্ত্র্যাদিবিষয়মথবা নাটকেন্দ্রজালাদিকৌতুকম্" টীকা ১।
৬। 'উবসেবঈ' টীকা ১।

রূপ জীবন) জহাই (ত্যাগ করিতে হয়) বা (অথবা) কসিণং (কৃৎস্ন=সম্পূর্ণ, সমস্ত) মোহং (মোহ=মোহনীয় কর্ম) ণিয়চ্ছই (বদ্ধ হয়) (এরূপ) ণরণারিং (পুরুষ ও স্ত্রীকে) (যে) পজহে (পরিত্যাগ করে) (যে) সয়া (সদা) তবস্সী (তপস্বী=যে তপস্যাচরণ করে) য় (এবং) (যে) কোউহলং (কুতূহল=নাটক ইন্দ্রজালাদি কৌতুক) ন উবেই (প্রাপ্ত হয় না) স (সে) ভিক্খূ (ভিক্ষু) ॥৬॥

যাহার দ্বারা সংযম নষ্ট হয় বা মোহনীয় কর্ম বদ্ধ হয় এরূপ পুরুষ ও স্ত্রীকে যে পরিত্যাগ করে, যে সর্বদা তপস্যাচরণ করে ও যে নাটক ইন্দ্রজালাদিতে কুতূহলী হয় না সে ভিক্ষু ॥৬॥

ছিণ্ণং সরং ভোমমংতলিক্খং, সুবিণং[১] লক্খণদংডবত্থুবিজ্জং[১]।
অংগবিয়ারং[২] সরস্স বিজয়ং, জো বিজ্জাহিং ন জীবঈ স ভিকখূ ॥৭॥

জো (যে) ছিণ্ণং (ছিন্ন=নূতন বস্ত্র কি ভাবে ছিন্ন হয় তাহা দেখিয়া শুভাশুভ বিচার করা) সরং (স্বর=স্বরবিদ্যা, সঙ্গীতবিদ্যা) ভোমং (ভৌম=ভূবিদ্যা, ভূকম্পনাদির লক্ষণ দেখিয়া শুভাশুভ বিচারবিদ্যা) অংতলিক্খং (অন্তরীক্ষ বিদ্যা=আকাশের বর্ণাদি কিংবা উল্কাপাতাদি দেখিয়া শুভাশুভ বিচারবিদ্যা) সুবিণং (স্বপ্ন বিদ্যা) লক্খণং (স্ত্রী পুরুষের কিংবা অশ্বগজাদির অঙ্গপ্রত্যঙ্গাদি দেখিয়া শুভাশুভ নির্ণয় বিদ্যা) দংডং (বংশ কি যষ্টীর পর্বের সংখ্যা দেখিয়া শুভাশুভ নির্ণয় বিদ্যা) বত্থুবিজ্জং (বাস্তবিদ্যা) অংগবিয়ারং (অঙ্গবিচার=নেত্রাদির স্ফুরণের দ্বারা শুভাশুভ বিচার) সরস্স বিজয়ং (স্বরের জ্ঞান=শৃগালাদির শব্দ দ্বারা শুভাশুভ নির্ণয়) (এই সমস্ত) বিজ্জাহিং (বিদ্যা দ্বারা) ন জীবঈ (জীবিকা উপার্জন করে না) স (সেই) ভিক্খূ (ভিক্ষু) ॥৭॥

নূতন বস্ত্রাদি ছিন্ন হইলে তাহা দ্বারা শুভাশুভ নির্ণয় করিবার বিদ্যা, সঙ্গীতবিদ্যা, ভূবিদ্যা, আকাশবিদ্যা, স্বপ্নবিদ্যা, স্ত্রীপুরুষাদির শারীরিক লক্ষণের দ্বারা শুভাশুভ নির্ণয়ের বিদ্যা, যষ্টী দণ্ডাদির পর্বের সংখ্যা দ্বারা শুভাশুভ নির্ণয়ের বিদ্যা, বাস্তবিদ্যা, অঙ্গস্ফুরণের দ্বারা শুভাশুভ বিচার করিবার বিদ্যা, শৃগালাদির শব্দের দ্বারা শুভাশুভ নির্ণয় করিবার বিদ্যা এই সমস্ত বিদ্যার দ্বারা যে জীবিকা উপার্জন করে না সেই ভিক্ষু ॥৭॥

১। 'সুবিণলক্খণদংডং বত্থুবিজ্জং' টীকা ২। 'সুবিণং লক্খণং দংড বত্থ বিজ্জং' টীকা ৩।
২। 'অংগবিগারং' টীকা ৩।

মংতং মূলং বিবিহং বিজ্জচিংতং, বমণবিরেয়ণধূমণিত্তসিণাণং।
আউরে সরণং তিগিচ্ছিয়ং[১] চ, তং পরিণ্ণায় পরিব্বএ স ভিক্খূ ॥৮॥

(যে) মংতং (মন্ত্র) মূলং (মূল=বৃক্ষাদির মূলের দ্বারা রোগ নাশ করা) বিবিহং (বিবিধ=বিবিধ প্রকারের) বিজ্জচিংতং (বৈদ্যচিন্তা=ঔষধাদির প্রয়োগ) বমণং (বমন) বিরেয়ণং (বিরেচন) ধূমং (ধূম=ধূমের দ্বারা রোগ আরোগ্য করা) ণিত্তং (নেত্র=নেত্রের রোগ আরোগ্য করা) সিণাণং (স্নান=মন্ত্রৌষধাদির দ্বারা সংস্কৃত জলে স্নান করান) আউরে সরণং (আতুরের স্মরণ=রোগাক্রান্ত হইয়া হা হুতাশ করা) চ (এবং) তিগিচ্ছিয়ং (চিকিৎসিত=নিজের রোগ প্রতীকারের চিন্তা) তং (তৎসমস্তকে) পরিণ্ণায় (জানিয়া এবং পরিত্যাগ করিয়া) পরিব্বএ (বিচরণ করে=সংযম মার্গে বিচরণ করে) স (সে) ভিক্খূ (ভিক্ষু) ॥৮॥

মন্ত্রপ্রয়োগ, বৃক্ষাদির মূল ধারণ করাইয়া রোগ নাশ করা, নানাপ্রকারের ঔষধাদির প্রয়োগ, বমন, বিরেচন ও ধূম প্রয়োগের দ্বারা রোগ আরোগ্য করা, নেত্রের অঞ্জনাদির প্রয়োগ, মন্ত্রৌষধাদির দ্বারা সংস্কৃত জলে স্নান করান, রোগাতুর হইলে হা হুতাশ করা ও নিজের চিকিৎসার বিষয়ের চিন্তা যে জ্ঞাত হইয়া ও পরিত্যাগ করিয়া সংযম পালন করে সেই সাধু ॥৮॥

খত্তিয়গণউগ্গরায়পুত্তা, মাহণভোইয়[২] বিবিহা য় সিপ্পিণো।
নো তেসিং বয়ই সিলোগপূয়ং, তং পরিণ্ণায় পরিব্বএ স ভিক্খূ ॥৯॥

খত্তিয়গণউগ্গরায়পুত্তা (ক্ষত্রিয়গণউগ্ররাজপুত্র, ক্ষত্রিয়=রাজাগণ=মল্লাদি কুলোৎপন্ন, উগ্র=উগ্র কুলোৎপন্ন, রাজপুত্র=রাজার পুত্র) মাহণ (ব্রাহ্মণ) ভোইয় (ভোগিক=ভোগকুলোৎপন্ন) য় (এবং) বিবিহা (বিবিধ) সিপ্পিণো (শিল্পিগণ) তেসিং (তাহাদিগের) সিলোগপূয়ং (শ্লোক পূজা, শ্লোক=প্রশংসাবাক্য, পূজা=সম্মান সূচক বাক্য) নো বয়ই (বলে না) তং (সেই প্রশংসা ও সম্মান সূচক বাক্য) পরিণ্ণায় (জ্ঞাত হইয়া ও পরিত্যাগ করিয়া) পরিব্বএ (সংযম পালন করে) স (সে) ভিক্খূ (ভিক্ষু) ॥৯॥

ক্ষত্রিয় বা রাজগণ মল্লবংশোদ্ভব, উগ্রবংশোদ্ভব, রাজপুত্র, ব্রাহ্মণ ও ভোগকুলোৎপন্ন এই সমস্ত উচ্চবংশীয় ব্যক্তিগণের এবং বিবিধ শিল্পিগণের

১। 'আয়তিগিচ্ছিয়ং' টীকা ১; "আত্মনো রোগপ্রতীকাররূপং" টীকা ৩।

২। 'ভোঈ য়' টীকা ৩। "ভোগিনো ভোগবংশোদ্ভবাঃ অথবা বিষয়ভোক্তারঃ" টীকা ১।

পূজা ও প্রশংসাব্যঞ্জক বাক্য বলিবে না। এই সমস্ত প্রশংসা ও পূজাবাক্যকে বিশেষভাবে জানিয়া ও পরিত্যাগ করিয়া যে সংযম পালন করে সে ভিক্ষু। (মল্লবংশ, উগ্রবংশ, ভোগবংশ ইত্যাদিকে জৈন শাস্ত্রে উচ্চ ক্ষত্রিয় বংশ বলা হইয়াছে) ॥৯॥

গিহিণো জে পব্বইএণ দিট্ঠা, অপ্পবইএণ ব সংথুয়া হবিজ্জা[১]।
তেসিং ইহলোইয়প্ফলট্ঠা[২], জো সংথবং ন করেই স ভিক্খূ ॥১০॥

পব্বইএণ (প্রব্রজিতের দ্বারা=দীক্ষাগ্রহণের পর) জে (যে) গিহিণো (গৃহস্থগণ) দিট্ঠা (দৃষ্ট=পরিচিত) ব (ও) অপ্পব্বইএণ (অপ্রব্রজিত অবস্থায়) (যে গৃহস্থগণ) সংথুয়া (সংস্তুতা=পরিচিত) হবিজ্জা (হয়) তেসিং (সেই গৃহস্থগণের সহিত) ইহলোইয়প্ফলট্ঠা (ইহলৌকিকফলার্থ= সাংসারিক সুখের জন্য, বস্ত্রাদিলাভের জন্য) জো (যে) সংথবং (পরিচয়) ন করেই (করে না) স (সে) ভিক্খূ (ভিক্ষু) ॥১০॥

দীক্ষা গ্রহণের পর যে গৃহস্থগণের সহিত পরিচিত হয় ও দীক্ষা গ্রহণের পূর্বে যে গৃহস্থগণের সহিত পরিচিত ছিল সেই সমস্ত গৃহস্থগণের সহিত সাংসারিক সুখ ও সুবিধার জন্য পরিচয় বা বাক্যালাপ যে করে না সে ভিক্ষু ॥১০॥

সয়ণাসণপাণভোয়ণং[৩], বিবিহং খাইমসাইমং পরেসিং।
অদএ পড়িসেহিএ[৪] ণিয়ংঠে, জে তথ ন পউস্সঈ[৫] স ভিক্খূ ॥১১॥

সয়ণাসণপাণভোয়ণং (শয়নাসনপানভোজন=শয্যা, আসন, পানীয়দ্রব্য জলাদি ও ভোজন তণ্ডুলাদি) বিবিহং (বিবিধ) খাইমসাইমং (খাদিম স্বাদিম=খাদিম অর্থাৎ নারিকেল খর্জুরাদি, স্বাদিম অর্থাৎ এলালবঙ্গাদি) পরেসিং (পরের দ্বারা=গৃহস্থগণের দ্বারা) অদএ (অদত্ত হইলে) (ও) পড়িসেহিএ (প্রতিষিদ্ধ =নিবারিত হইলে) জে (যে) ণিয়ংঠে (নির্গ্রন্থ) তথ (তাহার প্রতি= সেই গৃহস্থের প্রতি) ন পউস্সঈ (প্রদ্বেষ না করে) স (সে) ভিক্খূ ভিক্ষু) ॥১১॥

১। 'হবিজ্জ' টীকা ২।
২। 'ইহলোয়ফলট্ঠয়াএ' টীকা ৩।
৩। 'সরণাসণভোয়ণং' টীকা ২।
৪। 'পড়িসেহএ' টীকা ২।
৫। 'পওসঈ' টীকা ৩।

শয্যা, আসন, পানীয়দ্রব্য, ভোজ্যদ্রব্য ও বিবিধপ্রকারের খাদিম অর্থাৎ নারিকেল খর্জুরাদি বা স্বাদিম অর্থাৎ এলাচ লবঙ্গাদি কোন গৃহস্থ দান না করিলে বা ভিক্ষার জন্য আসিতে বারণ করিলে যে নিগ্রন্থ সাধু সেই গৃহস্থের প্রতি দ্বেষভাবাপন্ন হয় না সে ভিক্ষু ॥১১॥

জং কিংচাহার[১]পাণগং[২] বিবিহং, খাইমসাইমং পরেসিং লদ্ধুং।
জো তং তিবিহেণ নাণুকংপে, মণবয়কায়সুসংবুড়ে স[৩] ভিক্খূ ॥১২॥

জং কিংচ (যাহা কিছু) আহারপাণগং (আহার্য ও পানীয়) বিবিহং (বিবিধ) খাইমসাইমং (খর্জুরাদি ও লবঙ্গাদি) পরেসিং (অন্য লোকের নিকট হইতে) লদ্ধুং (প্রাপ্ত হইয়া) জো (যে) তং (সেই খাদ্যদ্রব্যকে) তিবিহেণ (ত্রিবিধ প্রকারে=মন বচন ও কায়ের দ্বারা) নাণুকংপে (অনুকংপা করে না=পীড়িত, বৃদ্ধ বা বালক সাধুগণকে ভাগ বিতরণ না করে) (সে ভিক্ষু নয়) মণবয়কায়সুসংবুড়ে (যাহার মন, বচন ও কায় সুসংযত, বা যে পীড়িত সাধুর প্রতি অনুকংপা করিয়া ভাগ দেয়) স (সে) ভিক্খূ (ভিক্ষু) ॥১২॥

যাহা কিছু আহার্য, পানীয় ও বিবিধ প্রকারের খাদ্য ও আস্বাদনীয় বস্তু গৃহস্থগণের নিকট প্রাপ্ত হইয়া যে মন বচন ও কায়ের দ্বারা অন্য পীড়িত বা বৃদ্ধ সাধুকে অনুকংপা করিয়া ভাগ না দেয় সে ভিক্ষু নয় কিন্তু যাহার মন, বচন ও কায় সুসংযত বা যে অন্য সাধুর প্রতি অনুকংপা করে সে ভিক্ষু ॥১২॥

আয়ামগং[৪] চেব জবোদণং চ, সীয়ং সোবীরং চ[৫] জবোদগং চ।
নো হীলএ পিংডং ণীরসং তু অংত[৬], পংতকুলাইং পরিব্বএ
স ভিক্খূ ॥১৩॥

আয়ামগং (আচামক=ভাতের মাড় কিংবা দাইলের জল হইতে প্রস্তুত এক-

১। 'কিংচি আহার' টীকা ২।

২। 'পাণং' টীকা ২।

৩। 'জে স' টীকা ৩।

৪। "অবস্রাবণং" টীকা ২।৩। গুজরাটী ভাষায় 'ওসামন' বলে।

৫। ভাত ভিজান জল বা দালের দ্বারা প্রস্তুত বড়া প্রভৃতি ভিজান জল কিছু টক হইলে তদ্দ্বারা প্রস্তুত এক প্রকার পানীয় যাহাকে গুজরাটী ভাষায় 'কাঞ্জি' বলে। 'সুরীরং' টীকা ২।

৬। 'অংত' শব্দটী ১নং, ৩নং বা ৪নং টীকায় নাই কিন্তু টীকা ২নংএ আছে।

প্রকার ঝোল, ওসামন) চ (ও) জবোদণং (যবোদন=যবের ভাত) সীয়ং (শীত=শীতল, ঠাণ্ডা) সোবীরং (সৌবীর=ভাত ভিজান জল হইতে প্রস্তুত এক প্রকার টক পানীয়, কাঞ্জি) চ (ও) জবোদগং (যবোদক=যব ধোয়া জল) (এই সমস্ত) ণীরসং (নীরস) পিংডং (পিণ্ড=খাদ্য) নো হীলএ (অবহেলা করে না=নিন্দা করে না) তু (কিন্তু) অংতপংতকুলাইং (অন্ত-প্রান্তকুলে=দরিদ্রকুলে) পরিব্বএ (পরিব্রজন করে=ভিক্ষার জন্য গমন করে) স (সে) ভিক্খূ (ভিক্ষু) ॥১৩॥

ওসামন, যবের ভাত, শীতল কাঞ্জি ও যব ধোয়া জল প্রভৃতি নীরস খাদ্য-দ্রব্যকে যে অবহেলা বা নিন্দা করে না কিন্তু দরিদ্রকুলে ভিক্ষার জন্য বিচরণ করে সে ভিক্ষু ॥১৩॥

সদ্দা বিবিহা ভবংতি লোএ, দিব্বা মাণুস্সয়া[১] তিরিচ্ছা[২] ।
ভীমা ভয়ভেরবা উরালা, জে সুচ্চা ন বিহিজ্জঈ[৩] স ভিক্খূ ॥১৪॥

লোএ (লোকে=সংসারে) দিব্বা (দিব্য=দেবতাগণের দ্বারা কৃত) মানুস্সয়া (মনুষ্যগণের দ্বারা কৃত) তিরিচ্ছা (তির্যগ্‌গণ বা পশু প্রভৃতির দ্বারা কৃত) ভীমা (ভীম=রৌদ্রা) ভয়ভেরবা (ভয়ভৈরব=অত্যন্ত ভয়োৎপাদক) উরালা (উদার=মহৎ, উৎকট) বিবিহা (বিবিধ) সদ্দা (শব্দ) ভবংতি (হয়) (তাহা) সুচ্চা (শ্রবণ করিয়া) জে (যে) ন বিহিজ্জঈ (ব্যথা প্রাপ্ত না হয় =ভীত না হয়) স (সে) ভিক্খূ (ভিক্ষু) ॥১৪॥

এই সংসারে দেবতাগণের, মনুষ্যগণের ও পশুপক্ষিগণের দ্বারা কৃত বিবিধ প্রকারের রৌদ্র, অত্যন্ত ভয়োৎপাদক বা উৎকট শব্দ হয় তাহা শ্রবণ করিয়া যে ভীত না হয় সে ভিক্ষু ॥১৪॥

বায়ং বিবিহং সমিচ্চ লোএ, সহিএ খেয়াণুগএ[৪] য় কোবিয়প্পা ।
পগ্গে অভিভূয় সব্বদংসী, উবসংতে অবিহেড়এ স ভিক্খূ ॥১৫॥

১। 'মাণুসয়া' টীকা ৩। 'মাণুস্সগা' টীকা ৪।

২। 'তেরিচ্ছা' টীকা ২।

৩। "নব্যথতে ন বিভেতি" টীকা ৩।

৪। "খেদয়তি মন্দীকরোতি কর্মানেনেতি খেদঃ সংযমঃ তেনানুগতঃ খেদানুগতঃ সপ্তদশ-বিধসংযমরতঃ" টীকা ১।

লোএ (লোকে) বিবিহং (বিবিধ) বায়ং (বাদ=দর্শনশাস্ত্র) সমিচ্চ (জানিয়া) সহিএ (সহিত=জ্ঞান, দর্শন ও চরিত্রযুক্ত) খেয়াণুগএ (খেদানুগত=সংযমযুক্ত) কোবিয়প্পা (কোবিদাত্মা=শাস্ত্রজ্ঞ) পণ্ণে (প্রাজ্ঞ) অভিভূয় (অভিভূত=যে পরীষহাদিকে পরাজিত করিয়াছে) সব্বদংসী (সর্বপ্রাণীর প্রতি সমভাবাপন্ন) উবসংতে (উপশান্ত=যাহার কষায় উপশান্ত হইয়াছে) অবিহেড়এ (অবিহেঠক=যে কাহাকেও বাধা বা কষ্ট প্রদান করে না) স (সে) ভিক্খূ (ভিক্ষু) ॥১৫॥

যে সংসারের বিবিধ মতবাদ জ্ঞাত হইয়া জ্ঞান, দর্শন ও চারিত্র সমন্বিত, সংযমযুক্ত, শাস্ত্রজ্ঞ, প্রাজ্ঞ, পরীষহজয়ী, সর্বভূতাত্মদর্শী, উপশান্ত ও যে কাহাকেও কষ্ট প্রদান করে না সে ভিক্ষু ॥১৫॥

অসিপ্পজীবী অগিহে অমিত্তে, জিইংদিএ সব্বও বিপ্পমুক্কে।
অণুক্কসাঈ লহু অপ্পভক্খী, চিচ্চাগিহং এগচরে[১] স ভিক্খূ ॥১৬॥
॥ ত্তি বেমি ॥

অসিপ্পজীবী (অশিল্পজীবী=যে শিল্পকার্যের দ্বারা জীবিকা নির্বাহ করে না) অগিহে (অগৃহ=যাহার গৃহ নাই, যাহার স্ত্রী আদি নাই) অমিত্তে (অমিত্র=শত্রুমিত্ররহিত) জিইংদিএ (জিতেন্দ্রিয়) সব্বও বিপ্পমুকে (সর্বতঃ বিপ্রমুক্ত=সর্বপ্রকার পরিগ্রহ হইতে বিমুক্ত) অণুক্কসাঈ (অণুকষায়ী=অল্প কষায়যুক্ত) লহু অপ্পভক্খী (লঘু ও অল্পভক্ষী=অসার ও অল্প আহার করে যে) (এরূপ হইয়া যে) গিহং (গৃহ) চিচ্চা (পরিত্যাগ করিয়া) এগচরে (রাগদ্বেষ রহিত হইয়া বিচরণ করে) স (সে ভিক্খূ (ভিক্ষু) ॥১৬॥ ত্তি বেমি (এইরূপ বলিতেছি)॥

যে কোন প্রকার শিল্পের দ্বারা জীবিকা উপার্জন করে না, যে স্ত্রীপুত্রাদি ত্যাগ করিয়া অগৃহ হইয়াছে, যাহার শত্রু ও মিত্র নাই, যে জিতেন্দ্রিয়, যে সর্বপ্রকার পরিগ্রহ হইতে বিমুক্ত যে ক্রোধ, মান, মায়া ও লোভ রূপ কষায় রহিত, যে অসার দ্রব্য ও অল্পমাত্রায় ভক্ষণ করে, যে গৃহত্যাগ করিয়া ও রাগ এবং দ্বেষ দ্বারা বিরহিত হইয়া বিচরণ করে সে ভিক্ষু ॥১৬॥ এইরূপ বলিতেছি ॥

ইতি সভিক্ষু, পঞ্চদশ অধ্যয়ন

১। "একো রাগদ্বেষরহিতশ্চরতীত্যেকচরঃ" টীকা ২।

ব্রহ্মচর্যসমাধিস্থান

ষোড়শ অধ্যয়ন

সুয়ং মে আউসং, তেণং ভগবয়া এবমক্খায়ং। ইহ খলু থেরেহিং[১] ভগবংতেহিং দস বংভচেরসমাহিঠাণা পণ্ণত্তা। জে ভিক্খূ সুচ্চা ণিসম্ম সংজমবহুলে[২] সংবরবহুলে[৩] সমাহিবহুলে গুত্তে গুত্তিংদিএ গুত্তবংভয়ারী সয়া অপ্পমত্তে বিহরিজ্জা॥

আউসং (হে আয়ুষ্মন্) মে (আমা কর্তৃক) সুয়ং (শ্রুত হইয়াছে) তেণং (সেই) ভগবয়া (ভগবান্ কর্তৃক=মহাবীর কর্তৃক) এবং (এইরূপ) অক্খায়ং (আখ্যাত হইয়াছে) (যথা) ইহ (জিন প্রবচনে) খলু (নিশ্চয়) থেরেহিং ভগবংতেহিং (ভগবান্ স্থবিরগণের দ্বারা) দস (দশ=দশ প্রকার) বংভচেরসমাহিঠাণা (ব্রহ্মচর্যসমাধিস্থান=ব্রহ্মচর্যে চিত্তস্থির করিবার কারণ বা উপায়) পণ্ণত্তা (প্রজ্ঞপ্ত হইয়াছে=উক্ত হইয়াছে) জে (যাহা) ভিক্খূ (ভিক্ষু) সুচ্চা (শ্রবণ করিয়া) ণিসম্ম (নিশম্য=ধারণা করিয়া) সংযম-বহুলে (সংযমবহুল=যে বিশুদ্ধ হইতে বিশুদ্ধতর সংযম আচরণ করে) সংবর-বহুলে (সংবরবহুল=যাহার উত্তরোত্তর অধিকতর সংবর বা আস্রব নিরোধ হইয়াছে) সমাহিবহুলে (সমাধিবহুল=উত্তরোত্তর অধিকতর চিত্তসমাধিযুক্ত) গুত্তে (গুপ্ত=সংযত) গুত্তিংদিএ (গুপ্তেন্দ্রিয়=সংযতেন্দ্রিয়) গুত্তবংভয়ারী (গুপ্তব্রহ্মচারী=স্থির ব্রহ্মচর্যধারক) সয়া (সদা) অপ্পমত্তে (অপ্রমত্ত=প্রমাদশূন্য) (হইয়া) বিহরিজ্জা (বিচরণ করে)॥

সুধর্ম জম্বুকে বলিতেছেন, হে আয়ুষ্মন্, সেই ভগবান্ মহাবীর এরূপ বলিয়াছেন তাহা আমি শ্রুত হইয়াছি। জৈন প্রবচনে নিশ্চয় স্থবির ভগবানগণ কর্তৃক ব্রহ্মচর্যে চিত্তস্থির করিবার দশপ্রকার উপায় কথিত হইয়াছে, যাহা শ্রবণ ও ধারণা করিয়া ভিক্ষুগণ বিশুদ্ধতর সংযম, সংবর ও চিত্তসমাধিযুক্ত এবং সংযত, সংযতেন্দ্রিয়, স্থির ব্রহ্মচর্য ও সদা অপ্রমাদী হইয়া বিচরণ করে॥

১। স্থবিরের ব্যাখ্যার জন্য ২।৩৩ সূত্রের ২ নং পাদটীকা দ্রষ্টব্য।

২। "বিশুদ্ধবিশুদ্ধতরং পুনঃ পুনঃ সংযমং করোতীতি সংযমবহুলঃ" টীকা ৩।

৩। সংবরের ব্যাখ্যার জন্য ৯।২০ সূত্রের ২ নং পাদটীকা দ্রষ্টব্য।

কয়রে খলু তে থেরেহিং ভগবংতেহিং দস বংভচেরসমাহিঠাণা পণ্ণত্তা ? জে[১] ভিক্খু সুচ্চা ণিসম্ম সংজমবহুলে সংবরবহুলে সমাহিবহুলে গুত্তে গুত্তিংদিএ গুত্তবংভয়ারী সয়া অপ্পমত্তে বিহরিজ্জা[১]। ইমে খলু তে থেরেহিং[২] ভগবংতেহিং দস বংভচেরসমাহিঠাণা পণ্ণত্তা জে ভিক্খু সুচ্চা ণিসম্ম সংজমবহুলে সংবরবহুলে সমাহিবহুলে গুত্তে গুত্তিংদিএ গুত্তবংভয়ারী সয়া অপ্পমত্তে[২] বিহরিজ্জা। তং জহা, বিবিত্তাইং[৩] সয়ণাসণাইং সেবিত্তা হবই সে ণিগ্গংথে। নো ইত্থী-পসুপংডগসংসত্তাইং সয়ণাসণাইং সেবিত্তা হবই সে[৪] ণিগ্গংথে। তং কহমিতি চে। আয়রিয় আহ—ণিগ্গংথস্স খলু ইত্থিপসুপংডগসংসত্তাইং সয়ণাসণাইং সেবমাণস্স বংভয়ারিস্স বংভচেরে সংকা বা কংখা বা বিতিগিচ্ছা[৫] বা সমুপ্পজ্জিজ্জা, ভেয়ং বা লভিজ্জা, উম্মায়ং বা পাউণিজ্জা, দীহকালিযং বা রোগায়ংকং[৬] হবিজ্জা, কেবলিপণ্ণত্তাও ধম্মাও বা ভংসিজ্জা, তম্হা নো ইত্থি-পসুপংডগসংসত্তাইং সয়ণাসণাইং সেবিত্তা হবই সে ণিগ্গংথে ॥১॥

কয়রে খলু (কি কি) তে (সেই) থেরেহিং ভগবংতেহিং (ভগবান্ স্থবির-গণের দ্বারা) ইত্যাদি বিহরিজ্জা পর্যন্ত পূর্ববৎ। ইমে খলু (ইহা এই) তে থেরেহিং ইত্যাদি বিহরিজ্জা পর্যন্ত পূর্ববৎ। তং জহা (যথা) বিবিত্তাইং (একান্ত=স্ত্রী, পশু ও নপুংসক শূন্য) সয়ণাসণাইং (শয়ন ও আসন) সেবিত্তা হবই (সেবন করে=ব্যবহার করে) সে (সে) ণিগ্গংথে (নিগ্রন্থ) ইত্থিপসুপংডগসংসত্তাইং (স্ত্রী, পশু ও পণ্ডক সংসক্ত=স্ত্রী, পশু ও নপুংসক-গণের দ্বারা ব্যবহৃত) সয়ণাসণাইং (শয়ন ও আসন) সেবিত্তা হবই (ব্যবহার করে) সে ণিগ্গংথে নো (সে নিগ্রন্থ নয়)। (শিষ্য প্রশ্ন করিল) তং কহমিতি চে (তাহা কিরূপ ?) আয়বিয় আহ (আচার্য বলিলেন) খলু

১। 'জে ভিক্খু' হইতে 'বিহরিজ্জা' পর্যন্ত টীকা ৩। এ নাই।

২। 'থেরেহিং' হইতে 'অপ্পমত্তে' পর্যন্ত টীকা ৩। এ নাই, তৎপরিবর্তে 'জাব' শব্দ আছে।

৩। "স্ত্রীপশুপণ্ডগাদিভির্বিরহিতানি" টীকা ১।

৪। 'সে নিগ্গন্থে' টীকা ২। এ নাই।

৫। "ধর্মং প্রতি চিত্তবিপ্লুতিঃ" টীকা ৩। "ময়া ব্রহ্মচর্যপালনে এতাবন্মহৎকষ্টং বিধীয়তে তস্য ব্রহ্মচর্যকষ্টস্য ফলং ভবিষ্যতি ন বা তস্মাদ্বরমেতেষাং সেবনং এতেষাং সেবনে সাম্প্রতং মম সুখং জায়তে এতাদৃশী মতিঃ" টীকা ১।

৬। "রোগো দাহজ্বরাদিঃ আতঙ্কঃ শীঘ্রঘাতীশূলাদিঃ" টীকা ১।

(নিশ্চয়) ইত্থিপসুপংডকসংসক্তাইং (স্ত্রী, পশু ও নপুংসকগণের দ্বারা ব্যবহৃত) সয়ণাসণাইং (শয্যা ও আসন) সেব্বমাণস্স (সেবন করিলে=ব্যবহার করিলে) নিগগংথস্স (নিগ্রন্থ) বংভয়ারিস্স (ব্রহ্মচারীর) বংভচেরে (ব্রহ্মচর্যে) সংকা (শঙ্কা) বা (অথবা) কংখা (কাঙ্ক্ষা=আকাঙ্ক্ষা, স্ত্রীর আকাঙ্ক্ষা) বা (বা) বিতিগিচ্ছা (বিচিকিৎসা=ধর্মের প্রতি অশ্রদ্ধা, ব্রহ্মচর্য পালনের কষ্ট স্বীকার করিয়াও কোন ফল হইবে কি না, অতএব মৈথুন সেবন করাই শ্রেয়, এইরূপ ভাবনা) সমুপ্পজ্জিজ্জা (উৎপন্ন হয়) ভেয়ং বা (অথবা ভেদ=বিনাশ, চারিত্রধর্মের বিনাশ) লভিজ্জা (প্রাপ্ত হয়) উম্মায়ং বা (বা উন্মাদ=কামোন্মাদ) পাউণিজ্জা (প্রাপ্ত হয়) দীহকালিয়ং বা (বা দীর্ঘকালিক=দীর্ঘকালস্থায়ী) রোগায়ংয়ং (রোগাতঙ্ক=জ্বরাদিরোগ ও শূলাদির আতঙ্ক) হবিজ্জা (হইবে) বা (অথবা) কেবলিপন্নত্তাও (কেবল-জ্ঞানসম্পন্ন জিনের দ্বারা কথিত) ধম্মাও (ধর্ম হইতে) ভংসিজ্জা (ভ্রষ্ট হইবে) তম্হা (তজ্জন্য) ইত্থিপসুপংডগপসংসত্তাইং সয়ণাসণাইং (স্ত্রী, পশু ও নপুংসক দ্বারা ব্যবহৃত শয্যা ও আসন) সেবিত্তা হবই (ব্যবহার করে) সে নো ণিগ্গন্থে (সে নিগ্রন্থ নয়) ॥১॥

শিষ্য জিজ্ঞাসা করিল স্থবির ভগবানগণ কি কি দশপ্রকার ব্রহ্মচর্যে চিত্ত স্থির করিবার উপায় বলিয়াছেন যাহা শ্রবণ ও ধারণা করিয়া ভিক্ষুগণ বিশুদ্ধতর সংযম, সংবর ও চিত্তসমাধিযুক্ত, সংযত, সংযতেন্দ্রিয়, স্থিরব্রহ্মচর্য ও সদা অপ্রমত্ত হইয়া বিচরণ করে। আচার্য উত্তর করিলেন, স্থবির ভগবানগণ নিম্নলিখিতরূপ দশপ্রকার ব্রহ্মচর্যের উপায়ের বর্ণনা করিয়াছেন যাহা ভিক্ষুগণ শ্রবণ ও ধারণা করিয়া·····বিচরণ করে। যথা, যে স্ত্রী, পশু ও নপুংসক বিরহিত শয্যা ও আসন ব্যবহার করে সেই নিগ্রন্থ। যে স্ত্রী আদির দ্বারা ব্যবহৃত শয্যা ও ব্যবহার করে সে নিগ্রন্থ নয়। শিষ্য প্রশ্ন করিল, তাহা কিরূপ? আচার্য উত্তর করিলেন, স্ত্রী আদির দ্বারা ব্যবহৃত শয্যা ও আসন ব্যবহার করিলে নিগ্রন্থ ব্রহ্মচারীর ব্রহ্মচর্যে শঙ্কা, স্ত্রীর প্রতি আকাঙ্ক্ষা বা ধর্মের প্রতি অশ্রদ্ধা উৎপন্ন হয়, অথবা বিনাশ প্রাপ্ত হয়, বা উন্মাদ হয় বা দীর্ঘকালস্থায়ী রোগ উৎপন্ন হয় বা কেবল জ্ঞান সম্পন্ন জিনগণের কথিত ধর্ম হইতে ভ্রষ্ট হয়। অতএব স্ত্রী প্রভৃতি দ্বারা ব্যবহৃত শয্যা ও আসন যে ব্যবহার করে সে নিগ্রন্থ নয় ॥১॥ প্রথম সমাধিস্থান।

নো ইত্থীণং কহং কহিত্তা হবই সে ণিগ্গংথে। তং কহমিতি চে আয়রিয়

আহ—ণিগ্‌গংথস্‌স খলু ইত্থীণং কহং কহেমাণস্‌স বংভয়ারিস্‌স বংভচেরে সংকা বা কংখা বা বিতিগিচ্ছা বা সমুপ্পজ্জিজ্জা, ভেয়ং বা লভিজ্জা, উম্মায়ং বা পাউণিজ্জা, দীহকালিযং বা রোগায়ংকং হবিজ্জা, কেবলিপণ্ণত্তাও বা ধম্মাও ভংসিজ্জা, তম্‌হা নো ইত্থীণং কহং কহিজ্জা ॥২॥

ইত্থিণং (স্ত্রীর) কহং (কথার) কহিত্তা হবই (কথক হয়) সে নো ণিগ্‌গংথে (সে নিগ্রন্থ নয়) তং কহমিতি চে (তাহা কিরূপ) আয়রিয় আহ (আচার্য বলিলেন) খলু (নিশ্চয়) ইত্থীণং (স্ত্রীর) কহং কহেমাণস্‌স (কথা বলিতে থাকিলে) ণিগ্‌গংথস্‌স বংভয়ারিস্‌স (নিগ্রন্থ ব্রহ্মচারীর) বংভচেরে (ব্রহ্মচর্যে) সংকা.....ভংসিজ্জা (পূর্ববৎ) তম্‌হা (তজ্জন্য) ইত্থীণং (স্ত্রীর) কহং নো কহিজ্জা (কথা কহিবে না) ॥২॥

যে স্ত্রীর কথা বলে সে নিগ্রন্থ নয়, শিষ্য প্রশ্ন করিল, তাহা কিরূপ? আচার্য বলিলেন স্ত্রীর কথা বলিলে নিগ্রন্থ ব্রহ্মচারীর ব্রহ্মচর্যে শঙ্কা..... ভ্রষ্ট হয়। অতএব স্ত্রীর কথা বলিবে না ॥২॥ দ্বিতীয় সমাধিস্থান।

নো ইত্থীণং সদ্ধিং সন্নিসিজ্জাগএ বিহারিত্তা হবই সে ণিগ্‌গংথে। তং কহমিতি চে আয়রিয় আহ—ণিগ্‌গংথস্‌স খলু ইত্থীহিং সদ্ধিং সন্নিসিজ্জাগয়স্‌স বংভয়ারিস্‌স বংভবচেরে সংকা বা কংখা বা বিতিগিচ্ছা বা সমুপ্পজ্জিজ্জা, ভেয়ং বা লভিজ্জা উম্মায়ং বা পাউণিজ্জা, দীহকালিয়ং বা রোগায়ংকং হবিজ্জা, কেবলি পণ্ণত্তাও বা ধম্মাও ভংসিজ্জা, তম্‌হা খলু নো নিগ্‌গংথে ইত্থীহিং সদ্ধিং সন্নিসিজ্জাগএ বিহরিজ্জা ॥৩॥

ইত্থীণং সদ্ধিং (স্ত্রীর সহিত) সন্নিসিজ্জাগএ (সন্নিষিদ্যাগত=একাসনে উপবিষ্ট) (হইয়া) বিহারিত্তা হবই (অবস্থান করে) সে নো ণিগ্‌গংথে (সে নিগ্রন্থ নয়) তং কহমিতি চে (তাহা কিরূপ) আয়ারিয় আহ (আচার্য উত্তর করিলেন) খলু ইত্থীহিং সদ্ধিং (স্ত্রীর সহিত) সন্নিসিজ্জাগয়স্‌স (একাসনে উপবিষ্ট হইলে) ণিগ্‌গংথস্‌স বংভয়ারিস্‌স (নিগ্রন্থ ব্রহ্মচারীর) (ইত্যাদি) ভংসিজ্জা (ভ্রষ্ট হয়) পর্যন্ত পূর্ববৎ) তম্‌হা (অতএব) খলু (নিশ্চয়) ণিগগংথে (নিগ্রন্থ সাধু) ইত্থীহিং সদ্ধিং সন্নিসিজ্জাগএ নো বিহরিজ্জা (স্ত্রীর সহিত একাসনে উপবিষ্ট হইবে না) ॥৩॥

যে স্ত্রীর সহিত একাসনে উপবিষ্ট হয় সে নিগ্রন্থ নয়। তাহা কিরূপ? আচার্য উত্তর করিলেন, নিগ্রন্থ ব্রহ্মচারী স্ত্রীর সহিত একাসনে উপবিষ্ট হইলে

ব্রহ্মচর্যে ইত্যাদি ভ্রষ্ট হইবে পর্যন্ত পূর্ববৎ। অতএব নিগ্রর্ন্থ স্ত্রীর সহিত একাসনে ঔপবিষ্ট হইবে না ॥৩॥ তৃতীয় সমাধিস্থান।

নো ইত্থীণং ইংদিআইং মণোহরাইং[১] মণোরমাইং[২] আলোইত্তা নিজ্ঝাইত্তা হবই সে ণিগ্‌গংথে। তং কহমিতি চে আয়রিয় আহ ণিগ্‌গংথস্স খলু ইত্থীণং ইংদিয়াইং মণোহরাইং মণোরমাইং আলোয়মাণস্স নিজ্ঝায়মাণস্স বংভচেরে সংকা বা কংখা বা বিতিগিচ্ছা বা সমুপ্পজ্জিজ্জা, ভেয়ং বা লভিজ্জা, উম্মায়ং বা পাউণিজ্জা, দীহকালিয়ং বা রোগায়ংকং হবিজ্জা, কেবলিপন্নত্তাও বা ধম্মাও ভংসিজ্জা। তম্হা খলু নো ণিগ্‌গংথে ইত্থীণং ইংদিয়াইং মণোহরাইং মণোরমাইং আলোএজ্জা নিজ্ঝাইজ্জা ॥৪॥

ইত্থীণং (স্ত্রীর) মণোহরাইং (মনোহর) মণোরমাইং (মনোরম) ইংদিআইং (ইন্দ্রিয়সমূহ=নয়নাদি ইন্দ্রিয়) আলোইত্তা (অবলোকনকারী) নিজ্ঝাইত্তা (অনুচিন্তনকারী) হবই (হয়) সে নো ণিগ্‌গংথে (সে নিগ্রর্ন্থ নয়) তং কহমিতি চে (তাহা কিরূপ?) আয়রিয় আহ (আচার্য উত্তর করিলেন) খলু (নিশ্চয়) ইত্থীণং (স্ত্রীর) মণোহরাইং (মনোহর) মণোরমাইং (মনোরম) ইংদিয়াইং (ইন্দ্রিয়সমূহ) আলোয়মাণস্স (অবলোকনকারী) নিজ্ঝায়মাণস্স (অনুচিন্তনকারী) ণিগ্‌গংথস্স বংভয়ারিস্স (নিগ্রর্ন্থ ব্রহ্মচারীর) (ইত্যাদি) ভংসিজ্জা (ভ্রষ্ট হয়) (পর্যন্ত পূর্ববৎ) তম্হা খলু (অতএব) ণিগ্‌গংথে (নিগ্রর্ন্থ সাধু) ইত্থীণং (স্ত্রীর) মণোহরাইং মণোরমাইং ইংদিয়াইং (মনোহর ও মনোরম ইন্দ্রিয়সমূহ) নো আলোএজ্জা নিজ্ঝাইজ্জা (অবলোকন বা অনুচিন্তন করিবে না) ॥৪॥

স্ত্রীর মনোহর ও মনোরম নয়নাদি ইন্দ্রিয়সমূহ যে অবলোকন ও অনুচিন্তন করে সে নিগ্রর্ন্থ নয়। তাহা কিরূপ? আচার্য বলিলেন, স্ত্রীর মনোহর ও মনোরম ইন্দ্রিয়সমূহ অবলোকন ও অনুচিন্তন করিলে নিগ্রর্ন্থ ব্রহ্মচারীর ব্রহ্মচর্যে শঙ্কা ইত্যাদি ভ্রষ্ট হয় পর্যন্ত পূর্ববৎ। অতএব নিগ্রর্ন্থ স্ত্রীর মনোহর ও মনোরম ইন্দ্রিয়াদি অবলোকন ও অনুচিন্তন করিবে না ॥৪॥ চতুর্থ সমাধিস্থান।

১। "মনোহরন্তি দৃষ্টমাত্রাণ্যাপ্যাক্ষিপন্তীতি মনোহরাণি" টীকা ২।

২। "মনো রময়ন্তি দর্শনানন্তরমনুচিন্ত্যমানান্যাহ্লাদয়ন্তীতি মনোরমাণি" টীকা ২।

নো ইত্থীণং কুড্ডংতরংসি[১] বা দূসতংরসি বা ভিত্তিঅংতরংসি বা কূইয়সদ্দং[২] বা রুইয়সদ্দং বা গীয়সদ্দং বা হসিয়সদ্দং বা থণিয়সদ্দং[৩] বা কংদিয়সদ্দং বা বিলবিয়সদ্দং বা সুণিত্তা হবই সে ণিগ্‌গংথে। তং কহমিতি চে আয়রিয় আহ—ইত্থীণং কুড্ডংতরংসি বা দূসংতরংসি বা ভিত্তিঅংতরংসি বা কূইয়সদ্দং বা রুইয়সদ্দং বা গীয়সদ্দং বা হসিয়সদ্দং বা থণিয়সদ্দং বা কংদিয়সদ্দং বা বিলবিয়সদ্দং বা সুণমাণস্‌স বংভয়ারিস্‌স বংভচেরে সংকা বা কংখা বা বিতিগিচ্ছা বা সমুপ্পজ্জিজ্জা, ভেয়ং বা লভিজ্জা, উম্মায়ং বা পাউণিজ্জা, দীহকালিয়ং বা রোগায়ংকং হবিজ্জা, কেবলিপণ্ণত্তাও বা ধম্মাও ভংসিজ্জা। তম্‌হা খলু নো ণিগ্‌গংথে ইত্থীণং কুড্ডংতরংসি বা দূসংতরংসি বা ভিত্তিঅংতরংসি বা কূইয়সদ্দং বা রুইয়সদ্দং বা গীয়সদ্দং বা হসিয়সদ্দং বা থণিয়সদ্দং বা কংদিয়সদ্দং বা বিলবিয়সদ্দং বা সুণেমাণে[৪] বিহরিজ্জা ॥৫॥

কুড্ডংতরংসি (কুড্যান্তরে=খড়ের নির্মিত যবনিকার অন্তরালে) দূসংতরংসি বা (অথবা দূষ্যান্তরে=বস্ত্রনির্মিত যবনিকার অন্তরালে) ভিত্তিঅংতরংসি বা (ভিত্তির অন্তরে বা=বা ইষ্টকাদিনির্মিত ভিত্তির অন্তরালে) (অবস্থান করিয়া) ইত্থীণং (স্ত্রীর) কূইয়সদ্দং (কূজিতশব্দ=পক্ষীর কূজনের ন্যায় শব্দ) রুইয়সদ্দং বা (বা রুদিতশব্দ=রোদনের শব্দ) গীয়সদ্দং (বা গীতশব্দ =বা গানের শব্দ) হসিয়সদ্দং বা (বা হসিতশব্দ=বা হাস্যের শব্দ) থণিয়সদ্দং বা (বা স্তনিত শব্দ=বা খিল খিল করিয়া হাসার শব্দ) কংদিয়সদ্দং বা (বা ক্রন্দনের শব্দ) বিলবিয়সদ্দং বা (বা বিলপিত শব্দ) সুণিত্তা হবই (শ্রোতা হয়=শ্রবণ করে) সে নো ণিগ্‌গংথে (সে নির্গ্রন্থ নয়)। তং কহমিতি চে (তাহা কেন?) আয়রিয় আহ (আচার্য বলিলেন) কুড্ডংতরংসি…… বিলবিয়সদ্দং বা পূর্ববৎ সুণমাণস্‌স (শ্রবণকারী) বংভয়ারিস্‌স (ব্রহ্মচারীর) বংভচেয়ে……ভংসিজ্জা পূর্ববৎ। তম্‌হা খলু……বিহরিজ্জা পর্যন্ত পূর্ববৎ ॥৫॥

খড়ের নির্মিত বা বস্ত্রের নির্মিত যবনিকার অন্তরালে বা ভিত্তির অন্তরালে স্থিত হইয়া স্ত্রীর কূজন শব্দ বা রোদন শব্দ বা গানের শব্দ বা হাস্যের শব্দ বা

১। "কুড্যং পাষাণরচিতঃ তেনান্তরং ব্যবধানং কুড্যান্তরং তস্মিন্" টীকা ১। "কুড্যং লেষ্ট্রকাদিরচিতং" টীকা ২। "খটিকাদি রচিতং" টীকা ৩।

২। "সুরতসময়ে কোকিলাদিপক্ষিভাষারূপং কূজিতশব্দং" টীকা ২।

৩। "ভোগসময়ে দূরতরঘনগর্জনানুকারি শব্দং" টীকা ১।

৪। 'সুণমাণে' টীকা ১। 'সুণমাণো' টীকা ২।

খিল খিল করিয়া হাসার শব্দ বা আক্রন্দনের শব্দ বা বিলাপের শব্দ (রতি সময়ে কৃত নানাপ্রকার শব্দ) যে শ্রবণ করে সে নিগ্রর্ন্থ নয়। তাহা কেন? আচার্য বলিলেন যবনিকার অন্তরালে স্থিত হইয়া স্ত্রীর কূজনাদি শব্দের শ্রবণকারী ব্রহ্মচারীর ব্রহ্মচর্যে শঙ্কা প্রভৃতি পূর্ববৎ। অতএব নিগ্রর্ন্থ সাধু স্ত্রীর কূজনাদি শব্দ শ্রবণ করিবে না ॥৫॥ পঞ্চম সমাধিস্থান।

নো পুব্বরযং পুব্বকীলিয়ং অণুসরিত্তা হবই সে ণিগ্গংথে। তং কহমিতি চে আয়রিয় আহ—ণিগ্গংথস্স খলু ইত্থীণং পুব্বরযং পুব্বকীলিয়ং অণুসরমাণস্স বংভয়ারিস্স বংভচেরে সংকা বা কংখা বা বিতিগিচ্ছা বা সমুপ্পজ্জিজ্জা, ভেয়ং বা লভিজ্জা, উম্মায়ং বা পাউণিজ্জা, দীহকালিয়ং বা রোগায়ংকং হবিজ্জা কেবলিপন্নত্তাও বা ধম্মাও ভংসিজ্জা, তম্হা খলু নো ণিগ্গংথে ইত্থীণং পূব্বরয়ং পুব্বকীলিয়ং অণুসরিজ্জা ॥৬॥

পুব্বরয়ং (পূর্বরত=গৃহস্থাবাস কালে স্ত্রীর সহিত কৃত বিষয়ানুভব) পুব্বকীলিয়ং (পূর্বক্রীড়িত=গৃহস্থাবাসে স্ত্রী আদির সহিত কৃত দ্যূতাদিক্রীড়া) অণুসরিত্তা হবই (অনুস্মর্তা হয়=স্মরণ করে) সে নো ণিগ্গংথে (সে নিগ্রর্ন্থ নয়) তং.....আহ (পূর্ববৎ) খলু (নিশ্চয়) ইত্থীণং (স্ত্রীর) পুব্বরয়ং (পূর্বরতি) পুব্বকীলিয়ং (পূর্বক্রীড়া) অণুসরমাণস্স (স্মরণকারী) ণিগ্গংথস্স বংভয়ারিস্স (নিগ্রর্ন্থ ব্রহ্মচারীর) বংভচেরে.....ভংসিজ্জা (পূর্ববৎ) তম্হা (অতএব) খলু (নিশ্চয়) ণিগ্গংথে (নিগ্রর্ন্থ ইত্থীণং.....পুব্বকীলিয়ং (পূর্ববৎ) নো অণুসরিজ্জা (স্মরণ করিবে না) ॥৬॥

গৃহস্থাবাস কালে আচরিত স্ত্রীর সহিত বিষয়ানুভব ও ক্রীড়া যে স্মরণ করে সে নিগ্রর্ন্থ নয়। তাহা কেন? আচার্য কহিলেন, স্ত্রীর সহিত পূর্বরতি ও পূর্বক্রীড়া স্মরণকারী নিগ্রর্ন্থ ব্রহ্মচারীর ব্রহ্মচর্যে শঙ্কা ইত্যাদি পূর্ববৎ। অতএব নিগ্রর্ন্থ সাধু স্ত্রীর সহিত পূর্বরতি ও পূর্বক্রীড়া স্মরণ করিবে না ॥৬॥ ষষ্ঠ সমাধিস্থান।

নো পণীয়ং[১] আহারং আহারিত্তা হবই সে ণিগ্গংথে। তং কহমিতি চে আয়রিয় আহ—ণিগ্গংথস্স খলু পণীয়ং পাণভোয়ণং আহারেমাণস্স বংভয়ারিস্স বংভচেরে সংকা বা কংখা বা বিতিগিচ্ছা বা সমুপ্পজ্জিজ্জা, ভেয়ং বা

১। "প্রণীতং গলদ্ঘৃতাদি বিন্দুকং উপলক্ষণত্বাদন্যদপি সরসমত্যুষ্ণধাতুবৃদ্ধিকরং কামোদ্দীপক মাহারং" টীকা ১।

লভিজ্জা, উম্মায়ং বা পাউণিজ্জা, দীহকালিয়ং বা রোগায়ংকং হবিজ্জা, কেবলিপণ্ণত্তাও বা ধম্মাও ভংসিজ্জা। তম্হা খলু নো ণিগ্‌গংথে পণীয়ং আহারং আহারিজ্জা ॥ ॥

পণীয়ং (প্রণীত=অত্যন্ত ঘৃতযুক্ত, সরস) আহারং (আহার) আহারিত্তা (ভোজনকারী) হবই (হয়) সে নো ণিগ্‌গংথে (সে নির্গ্রন্থ নয়) তং····· খলু (পূর্ববৎ) পণীয়ং (সরস) পাণভোয়ণং (পানভোজন) আহারেমাণস্স (আহারকারী) বংভয়ারিস্স·····ভংসিজ্জা (পূর্ববৎ)। তম্হা···ণিগ্‌গংথে (পূর্ববৎ) পণীয়ং (প্রণীত=সরস) আহারং (আহার) নো আহারিজ্জা (ভোজন করিবে না) ॥৭॥

অত্যন্ত ঘৃতযুক্ত সরস আহার যে ভোজন করে সে নির্গ্রন্থ নয়। সরস পান ও ভোজ্যদ্রব্য আহার করিলে নির্গ্রন্থ ব্রহ্মচারী···ভ্রষ্ট হয়। অতএব সাধু সরস আহার ভোজন করিবে না ॥৭॥ **সপ্তম সমাধিস্থান** ॥

নো অইমায়াএ পাণভোয়ণং আহারিত্তা হবই সে ণিগগংথে। তং কহমিতি যে আয়রিয় আহ—ণিগ্‌গংথস্স খলু অইমায়াএ পাণভোয়ণং আহারেমাণস্স বংভয়ারিস্স বংভচেরে সংকা বা কংখা বা বিতিগিচ্ছা বা সমুপ্পজ্জিজ্জা, ভেয়ং বা লভিজ্জা, উম্মায়ং বা পাউণিজ্জা, দীহকালিয়ং বা রোগায়ংকং হবিজ্জা, কেবলিপণ্ণত্তাও বা ধম্মাও ভংসিজ্জা। তম্হা খলু নো ণিগ্‌গংথে অইমায়াএ পাণভোয়ণং আহারেজ্জা ॥৮॥

অইমায়াএ (অতিমাত্রায়) ইত্যাদি পূর্ববৎ ॥৮॥

অতিমাত্রায় যে পানভোজন করে সে নির্গ্রন্থ নয়। অতিমাত্রায় পানভোজন করিলে নির্গ্রন্থ ব্রহ্মচারী·····ভ্রষ্ট হয়। অতএব নির্গ্রন্থ সাধু অতি মাত্রায় পানভোজন করিবে না। (অন্যান্য পূর্ববৎ) ॥৮॥ অষ্টম সমাধিস্থান।

নো বিভূসাণুবাঈ[১] হবই সে ণিগ্‌গংথে। তং কহমিতি চে আয়রিয় আহ—বিভূসাবত্তিএ বিভূসিয়সরীরে ইত্থিজণস্স অভিলসণিজ্জে হবই। তও ণং তস্স ইত্থিজণেণং অভিলসিজ্জমাণসস্ বংভয়ারিস্স বংভচেরে সংকা বা কংখা বা বিতিগিচ্ছা বা সমুপ্পজ্জিজ্জা, ভেয়ং বা লভিজ্জা, উম্মায়ং বা পাউণিজ্জা

১। "বিভূষাং শরীরশোভানুবর্ত্তয়িতুমনুপতিতুং বিধাতুং শীলমস্যেতি বিভূষানুবর্ত্তী বিভূষানুপাতী বা। শরীরশোভাকরণোপকরণৈঃ স্নানদন্তধাবনাদিভিঃ সংস্কারকর্ত্তা" টীকা ১।

দীহকালিয়ং বা রোগায়ংকং হবিজ্জা কেবলিপণ্ণত্তাও বা ধম্মাও ভংসিজ্জা, তম্হা খলু নো ণিগ্গংথে বিভূসাণুবাঈ সিয়া ॥৯॥

বিভূসাণুবাঈ (বিভূষাণুপাতী=বিভূষাবিধানকারী, শরীরশোভাবিধানকারী) হবই (হয়) সে নো ণিগ্গংথে (সে নিগ্রন্থ নয়)। তং···আহ (পূর্ববৎ) বিভূসাবত্তিএ (বিভূষাবর্তিক=বিভূষা করিবার অভ্যাস যাহার) বিভূসিয়-সরীরে (বিভূষিতশরীর) (হইলে) ইত্থিজণস্স (স্ত্রীলোকের) অভিলসণিজ্জে (অভিলষণীয়=প্রার্থনীয়) হবই (হয়) তও ণং (তৎপরে) ইত্থিজণেণং (স্ত্রীজনের) অভিলসিজ্জমাণস্স (অভিলষণীয় হইলে) তস্স (সেই) বংভয়ারিস্স (ব্রহ্মচারীর) বংভচেরে (ব্রহ্মচর্যে) সংকা···ভংসিজ্জা। তম্হা খলু ণিগ্গংথে (অতএব নিগ্রন্থ) বিভূসাণুবাঈ নো সিয়া (বিভূষাবিধানকারী হইবে না ॥৯॥

যে শরীরকে বিভূষিত করে সে নিগ্রন্থ নয়। শরীরের বিভূষা করিলে স্ত্রীলোকের অভিলষণীয় হয় এবং স্ত্রীলোকের অভিলষণীয় হইলে ব্রহ্মচারীর ব্রহ্মচর্যে শঙ্কা ইত্যাদি হইয়া ধর্ম হইতে ভ্রষ্ট হয়। অতএব নিগ্রন্থ সাধু শরীরের বিভূষাবিধানকারী হইবে না। (অন্যান্য পূর্ববৎ) ॥৯॥ নবম সমাধিস্থান।

নো সদ্দরূবরসগংধফাসাণুবাই হবই সে ণিগ্গংথে। তং কহমিতি চে আয়রিয় আহ—ণিগ্গংথস্স খলু সদ্দরূবরসগংধফাসাণুবাইস্স বংভয়ারিস্স বংভচেরে সংকা বা কংখা বা বিতিগিচ্ছা বা সমুপ্পজ্জিজ্জা, ভেয়ং বা লভিজ্জা, উম্মায়ং বা পাউণিজ্জা, দীহকালিয়ং বা রোগায়ংকং হবিজ্জা, কেবলি-পণ্ণত্তাও ধম্মাও বা ভংসেজ্জা, তম্হা খলু নো সদ্দরূবরসগংধফাসাণুবাঈ[১] হবই সে ণিগ্গংথে। দসমে বংভচেরসমাহিধাণে হবই ॥১০॥

সদ্দরূবরসগংধফাসাণুবাঈ (শব্দরূপরসগন্ধস্পর্শানুপাতী=শব্দ অর্থাৎ মধুর শব্দ, রূপ অর্থাৎ স্ত্রী আদির লাবণ্য, রস অর্থাৎ মধুরাদি মিষ্ট রস, গন্ধ অর্থাৎ চন্দনাদির গন্ধ স্পর্শ অর্থাৎ ত্বগিন্দ্রিয়ের সুখোৎপাদক কোমলাদি স্পর্শ, যে সেবন করে) ইত্যাদি পূর্ববৎ ॥১০॥

শব্দ, রূপ, রস, গন্ধ ও স্পর্শে যে আসক্ত সে নিগ্রন্থ নয়। শব্দ, রূপ, গন্ধ ও স্পর্শে আসক্ত হইলে নিগ্রন্থ ব্রহ্মচারীর ব্রহ্মচর্যে শংকা ইত্যাদি পূর্ববৎ। অতএব নিগ্রন্থ সাধু শব্দাদি বিষয়ে আসক্ত হইবে না ॥১০॥ দশম ব্রহ্মচর্য সমাধিস্থান।

১। 'সদ্দাই অণুবাঈ' টীকা ২।

ভবংতি ইত্থ সিলোগা, তং জহা

এখানে শ্লোক আছে, যথা

জং বিবিত্তমণাইণ্ণং[১], রহিয়ং থীজণেণ য।
বংভচেরস্স রক্খট্ঠা, আলয়ং তু ণিসেবএ ॥১॥

বংভচেরস্স (ব্রহ্মচর্যের) রক্খট্ঠা (রক্ষার্থ=রক্ষা করিবার জন্য) (নিগ্রন্থ সাধু) জং (যাহা) বিবিত্তং (বিবিক্ত=একান্ত) অণাইণ্ণং (অনাকীর্ণ=গৃহস্থের গৃহ হইতে দূরবর্তী) য (এবং) থীজণেণ (স্ত্রীজনের দ্বারা) রহিয়ং (রহিত) আলয়ং (আলয়=বাসস্থান, উপাশ্রয়) ণিসেবএ (সেবন করিবে=ব্যবহার করিবে) ॥১॥

ব্রহ্মচর্যের রক্ষা করিবার জন্য নিগ্রন্থ সাধু যাহা একান্ত, গৃহস্থ গৃহ হইতে দূরবর্তী এবং যেখানে স্ত্রীলোক থাকে না এরূপ বাসস্থান (উপাশ্রয়) ব্যবহার করিবে ॥১॥

মণপহ্লায়জণণী, কামরাগবিবড্ঢণী।
বংভচেররও ভিক্খূ, থীকহং তু বিবজ্জএ ॥ ২ ॥

বংভচেররও (ব্রহ্মচর্যরত) ভিক্খূ (ভিক্ষু) মণপহ্লায়জণণী (মনপ্রহ্লাদজননী=মনের হর্ষোৎপাদনকারী) কামরাগবিবড্ঢণী (কামরাগবিবর্দ্ধনী=বিষয়াসক্তির বর্দ্ধনকারী) থীকহং তু (স্ত্রীকথা) বিবজ্জএ (বর্জন করিবে) ॥২॥

ব্রহ্মচর্যরত ভিক্ষু মনের হর্ষোৎপাদনকারী ও বিষয়াসক্তি বর্দ্ধনকারী স্ত্রীর বিষয়ে আলাপ বর্জন করিবে ॥২॥

সমং চ সংথবং থীহিং, সংকহং চ অভিক্খণং।
বংভচেররও ভিক্খূ, ণিচ্চসো পরিবজ্জএ ॥৩॥

বংভচেররও (ব্রহ্মচর্যরত) ভিক্খূ (ভিক্ষু) থীহিং সমং (স্ত্রীলোকের সহিত) সংথবং (সংস্তব=পরিচয়) চ (ও) অভিক্খণং (অভিক্ষণ=বারংবার) সংকহং (সংকথা=আলাপ) ণিচ্চসো (নিত্যশ=নিত্য, সর্বদা) পরিবজ্জএ (বর্জন করিবে) ॥৩॥

ব্রহ্মচর্যরত ভিক্ষু স্ত্রীলোকের সহিত পরিচয় ও বারংবার আলাপ সর্বদা পরিবর্জন করিবে ॥৩॥

১। "অনাকীর্ণো গৃহস্থানাং গৃহাদ্ দূরবর্ত্তী" টীকা ১।

অংগপচ্চংগসংঠাণং, চারুল্লবিয়পেহিয়ং[১]।
বংভচেররও থীণং, চক্খুগিজ্ঝং বিবজ্জএ ॥৪॥

বংভচেররও (ব্রহ্মচর্যরত) (সাধু) থীণং (স্ত্রীর) অংগপচ্চংগসংঠাণং (অঙ্গ-প্রত্যঙ্গের সংস্থান=অঙ্গপ্রত্যঙ্গের আকার) চারুল্লবিয়পেহিয় (চারুল্লপিত-প্রেক্ষিত, চারু=মনোহর, উল্লপিত=বাক্য অর্থাৎ বলিবার সময় মুখভঙ্গী, প্রেক্ষিত=কটাক্ষাদি=মনোহর মুখভঙ্গী ও কটাক্ষ) চক্খুগিজ্ঝং (চক্ষুগ্রাহ্য=দৃষ্টিবিষয়ে আগত হইলে) বিবজ্জএ (বর্জন করিবে) ॥৪॥

ব্রহ্মচর্যরত ভিক্ষু স্ত্রীর অঙ্গপ্রত্যঙ্গের আকার, মনোহর মুখভঙ্গী ও কটাক্ষাদি দৃষ্টিপথে আসিলেও তাহা বর্জন করিবে অর্থাৎ তাহা বারংবার নিরীক্ষণ করিবে না ॥৪॥

কূইয়ং রুইয়ং গীয়ং, হসিয়ং থণিয়ং কংদিয়ং।
বংভচেররও থীণং, সোয়গিজ্ঝং বিবজ্জএ ॥৫॥

বংভচেররও (ব্রহ্মচর্যরত) (সাধু) থীণং (স্ত্রীর) কূইয়ং (কূজন) রুইয়ং (রোদন) গীয়ং (গীত) হসিয়ং (হাস্য) থণিয়ং (স্তনিত) কংদিয়ং (ক্রন্দন) সোয়গিজ্ঝং (শ্রোত্রগ্রাহ্য=কর্ণের বিষয়ভূত হইলে) (ও) বিবজ্জএ (বর্জন করিবে) ॥৫॥

ব্রহ্মচর্যরত সাধু স্ত্রীর কূজন, রোদন, গীত, হাস্য, স্তনিত ও ক্রন্দনের শব্দ কর্ণগোচরে আসিলেও বর্জন করিবে অর্থাৎ ইচ্ছা করিয়া বারংবার শ্রবণ করিবে না ॥৫॥

হাসং কিড্ডং রইং দপ্পং, সহসা বিত্তাসিয়াণি[২] য়।
বংভচেররও থীণং, নাণুচিংতে কয়াই বি ॥৬॥

বংভচেররও (ব্রহ্মচর্যরত) (ভিক্ষু) থীণং (স্ত্রীর) হাসং (হাস্য) কিড্ডং (ক্রীড়া) রইং (রতি) দপ্পং (দর্প=মানজনিত গর্ব) সহসা (হঠাৎ)

১। "চারু শোভনং উল্লপিতং চ মন্মনভাষিতাদি তৎসহগতমুখাদিবিকারোপলক্ষণমেতৎ" টীকা ৩।

২। "সহসা কস্মাদাগত্য পশ্চাৎ পরাঙ্মুখস্থিতানাং স্ত্রীণাং নেত্রে হস্তাভ্যাং নিরুদ্ধ্য ভয়োৎপাদনহাস্যোৎপাদনানি সহসা বিত্রাসিতাণি" টীকা ১। 'সহসাবত্তাসিয়াণি' টীকা ৩। 'বিত্তাসণাণি' টীকা ৪।

বিত্তাসিয়াণি (বিত্রাসিত=ভয়প্রদর্শন) কয়াইবি (কখনও) নাণুচিংতে (চিন্তা করিবে না=স্মরণ করিবে না) ॥৬॥

ব্রহ্মচর্যরত সাধু স্ত্রীর হাস্য, ক্রীড়া, রতি, মানজনিত গর্ব ও অকস্মাৎ ভয়-প্রদর্শন কখনও চিন্তা করিবে না অর্থাৎ গৃহস্থাবাস কালে আচরিত উপরোক্ত কার্যগুলি স্মরণ করিবে না ॥৬॥

পণীয়ং ভত্তপাণং তু, খিপ্পং ময়বিবড্ঢণং।
বংভচেররও ভিক্খূ, ণিচ্চসো পরিবজ্জএ॥৭॥

বংভচেররও (ব্রহ্মচর্যরত) ভিক্খূ (ভিক্ষু) খিপ্পং (ক্ষিপ্র=শীঘ্র) ময়বিবড্ঢণং (মদবিবর্দ্ধন=কামোদ্দীপক) পণীয়ং (প্রণীত=সরস) ভত্তপাণং (আহার্য ও পানীয়) তু (ও) নিচ্চসো (নিত্য) পরিবজ্জএ (পরিবর্জন করিবে) ॥৭॥

ব্রহ্মচর্যরত সাধু শীঘ্র কামোদ্দীপক, সরস আহার্য ও পানীয় দ্রব্য, নিত্য পরিবর্জন করিবে ॥৭॥

ধম্মং[১] লদ্ধং[১] মিয়ং কালে, জত্তথং পণিহাণবং।
নাইমত্তং তু ভুংজিজ্জা, বংভচেররও সয়া ॥৮॥

বংভচেররও (ব্রহ্মচর্যরত) পণিহাণবং (প্রণিধানবান্=চিত্তস্থৈর্যযুক্ত) (সাধু) সয়া (সর্বদা) ধম্মং (ধর্ম্য=ধর্মের দ্বারা অর্থাৎ সদুপায়ের দ্বারা) লদ্ধং (প্রাপ্ত) মিয়ং (মিত=পরিমিত) (আহার্য) কালে (যথাকালে=নির্দিষ্ট সময়ে) জত্তথং (যাত্রার্থ=শরীরযাত্রা নির্বাহের জন্য) ভুংজিজ্জা (ভোজন করিবে) তু (কিন্তু) অইমত্তং (অতিমাত্র=অতিরিক্ত মাত্রায়) ন (ভোজন করিবে না) ॥৮॥

ব্রহ্মচর্যরত, চিত্তস্থৈর্যযুক্ত সাধু সর্বদা সদুপায়ে প্রাপ্ত পরিমিত আহার্য দ্রব্য নির্দিষ্ট সময়ে শরীরযাত্রা নির্বাহের জন্য আহার করিবে। কিন্তু অতিরিক্ত মাত্রায় আহার করিবে না ॥৮॥

বিভূসং পরিবজ্জিজ্জা, সরীরপরিমংডণং।
বংভচেররও ভিক্খূ, সিংগারত্থং ন ধারএ ॥৯॥

বংভচেররও ভিক্খূ (ব্রহ্মচর্যরত ভিক্ষু) বিভূসং (বিভূষা=বস্ত্রাদির দ্বারা

১। 'ধম্মলদ্ধং' টীকা ১ ও ৩।

শরীর ভূষিত করণ) পরিবজ্জিজ্জা (পরিবর্জন করিবে) সিংগারত্থং (শৃঙ্গারের জন্য=বিলাসের জন্য) সরীরপরিমংডণং (শরীরপরিমণ্ডন=নখকেশাদির সংস্কার) ন ধারএ (ধারণ করিবে না=করিবে না) ॥৯॥

ব্রহ্মচর্যরত ভিক্ষু বস্ত্রাদির দ্বারা শরীরের শোভা বিধান করিবে না। বিলাসের জন্য নখকেশাদির সংস্কার করিবে না ॥৯॥

সদ্দে রুবে য় গংধে য়, রসে ফাসে তহেব য়।
পংচবিহে কামগুণে, ণিচ্চসো পরিবজ্জএ ॥১০॥

সদ্দে (শব্দ=কর্ণের সুখদ শব্দ) য় (ও) রুবে (রূপ=নেত্রের প্রীতিকর রূপ) য় (ও) গংধে (গন্ধ=নাসিকার সুখকারী সুরভি গন্ধ) তহেব (তথা) রসে (রস=মধুরাদি রস) ফাসে (স্পর্শ=ত্বকের সুখোৎপাদনকারী স্পর্শ) পংচবিহে (পঞ্চপ্রকার) কামগুণে (কামগুণ=কামের সাধন=বিষয়ের সাধন) ণিচ্চসো (নিত্য) পরিবজ্জএ (পরিবর্জন করিবে) ॥১০॥

শব্দ, রূপ, গন্ধ, রস ও স্পর্শ এই পাঁচপ্রকার বিষয়ের সাধন পরিবর্জন করিবে ॥১০॥

আলও থীজণাইণ্ণো, থীকহা য় মণোরমা।
সংথবো চেব ণারীণং, তাসিং ইংদিয় দংসণং[১] ॥১১॥

কুইয়ং রুইয়ং গীয়ং, হসিয়ং ভুত্তাসিয়াণি[২] য়।
পণীয়ং ভত্তপাণং চ, অয়িমায়ং[৩] পাণভোয়ণং ॥১২॥

গত্তভূষণমিট্ঠং চ, কামভোগা য় দুজ্জয়া।
ণরস্সত্তগবেসিস্স, বিসং তালউড়ং[৪] জহা ॥১৩॥

থীজণাইণ্ণো (স্ত্রীজনাকীর্ণ) আলও (আলয়=উপাশ্রয়) য় (ও) মণোরমা (মনোরম) থীকহা (স্ত্রীকথা) চেব (ও) ণারীণং (নারীর) সংথবো (পরিচয়=স্ত্রীর সহিত একাসনে উপবেশন করিয়া পরিচয় করণ) তাসিং

১। 'দরিসণং' টীকা ২ ও ৩।
২। 'ভুত্তাসণাণি' টীক ।১।
৩। 'অইমাণং' টীকা ২।
৪। "তালপুটং বিষং তালুকস্পর্শনমাত্রাদেব ত্বরিতং হন্তি" টীকা ১।

(তাহাদিগের=স্ত্রীর) ইংদিয়দংসণং (ইন্দ্রিয়দর্শন) কুইয়ং (কূজন) রুইয়ং (রোদন) গীয়ং (গীত) হসিয়ং (হাস্য) য় (ও) ভুত্তাসিয়াণি (ভুক্তাসিত=স্ত্রীর সহিত এক আসনে উপবেশন করিয়া ভোজন করা) পণীয়ং ভত্তপাণং চ (সরস খাদ্য ও পানীয় দ্রব্য) অইমায়ং পাণভোয়ণং (অতিমাত্রায় পানভোজন) চ (ও) গত্তভুষণমিট্ঠং (গাত্রভূষণমিষ্ট=ইষ্ট অর্থাৎ বাঞ্ছিত গাত্রভূষণ) দুজ্জয়া (দুর্জয়) কামভোগা (কামভোগ) (এই সমস্ত) অত্তগবেসিস্স (আত্মগবেষক) ণরস্স (নরের) তালউড়ং (তালপুট= সদ্যঘাতী একপ্রকার বিষ) বিসং জহা (বিষ যথা=বিষের ন্যায়) ॥ ১১-১৩ ॥

স্ত্রীজনাকীর্ণ বাসস্থান, মনোরম স্ত্রীকথা, স্ত্রীর সহিত একাসনে উপবেশন করিয়া পরিচয় করা, স্ত্রীর নয়নাদি ইন্দ্রিয় দর্শন, কূজন, রোদন, গান ও হাস্য শ্রবণ, স্ত্রীর সহিত একাসনে উপবেশন করিয়া ভোজন করা, সরস আহার, অতিরিক্ত মাত্রায় পানভোজন, বাঞ্ছিত গাত্রভূষণ, দুর্জয় কামভোগ এই সমস্ত বিষয় আত্মার্থী নরের পক্ষে তালপুট বিষের ন্যায় ॥ ১১-১৩ ॥

দুজ্জএ কামভোগে য়, ণিচ্চসো পরিবজ্জএ।
সংকাঠাণাণি সব্বাণি, বজ্জিজ্জা পণিহাণবং ॥১৪॥

পণিহাণবং (প্রণিধানবান্=একাগ্রচিত্ত) (ভিক্ষু) দুজ্জএ কামভোগে (দুর্জয় কামভোগ) ণিচ্চসো (নিত্য) পরিবজ্জএ (পরিবর্জন করিবে) (ও) সব্বাণি (সমস্ত=দশপ্রকার) সংকাঠাণাণি (শঙ্কাস্থান=পূর্বোক্ত দশপ্রকার স্থান) বজ্জিজ্জা (বর্জন করিবে) ॥১৪॥

একাগ্রচিত্ত ভিক্ষু দুর্জয় কামভোগ নিত্য পরিবর্জন করিবে ও পূর্বোক্ত দশপ্রকার শঙ্কাস্থান বর্জন করিবে ॥১৪॥

ধম্মারামে[১] চরে ভিক্খূ, ধিইমং ধম্মসারহী।
ধম্মারামরএ[২] দংতে, বংভচেরসমাহিএ ॥১৫॥

বংভচেরসমাহিএ (ব্রহ্মচর্যসমাধিমান্=ব্রহ্মচর্যে স্থির) ধিইমং (ধৃতিমান্)

১। "ধর্ম আরাম ইব দুঃখসন্তাপতপ্তানাং জন্তূনাং নিবৃত্তিহেতুতয়া বাঞ্ছিতফলপ্রদানতশ্চ ধর্মারামঃ তস্মিন্" টীকা ২।

২। "ধর্মে আরমন্তে ইতি ধর্মারামাঃ সুসাধবস্তেষু রত আসক্তিমান্ ধর্মারামরতো ন ত্বেকাকী" টীকা ২।

ধম্মসারহী (ধর্মসারথি=অন্যকে ধর্মে প্রবর্তন করিতে সমর্থ) ধম্মারামরএ (ধর্মারামরত=ধর্মে রমণ করে যে সে ধর্মারাম অর্থাৎ সাধু, তাহাতে রত অর্থাৎ অনুরক্ত, অন্যান্য সাধুর প্রতি অনুরক্ত) দংতে (দান্ত) ভিক্খূ (ভিক্ষু) ধম্মারামে (ধর্মারামে=ধর্মরূপ আরামে অর্থাৎ উদ্যানে) চরে (বিচরণ করে) ॥১৫॥

ব্রহ্মচর্যে স্থির, ধৃতিমান্, ধর্মসারথি, ধর্মে রত সাধুগণের প্রতি অনুরক্ত ও দান্ত ভিক্ষু ধর্মরূপ উদ্যানে বিচরণ করে ॥১৫॥

দেবদাণবগংধব্বা জক্খরক্খসকিংণরা[১] ।
বংভয়ারিং ণমংসংতি দুক্করং জে করিংতি তং ॥১৬॥

জে (যে) দুক্করং (দুষ্কর=যাহা দুঃখে আচরণ করা যায়, কষ্টসাধ্য) (ব্রহ্মচর্য ব্রত) করিংতি (করে=আচরণ করে) তং (সেই) বংভয়ারিং (ব্রহ্মচারীকে) দেবদাণবগংধব্বা (দেব, দানব ও গন্ধর্বগণ) জক্খরক্খসকিংণরা যক্ষ, রাক্ষস ও কিন্নরগণ) নমংসংতি (নমস্কার করে) ॥১৬॥

যে কষ্টসাধ্য ব্রহ্মচর্য ব্রত পালন করে সেই ব্রহ্মচারীকে দেব, দানব, গন্ধর্ব, যক্ষ, রাক্ষস ও কিন্নরগণ নমস্কার করে ॥১৬॥

এস ধম্মে ধুবে ণিচ্চে,[২] সাসএ জিণদেসিএ ।
সিদ্ধা সিজ্ঝংতি চাণেণং, সিজ্ঝিস্সংতি তহাবরে ॥১৭॥ ত্তি বেমি ॥

এস (এই=পূর্বোল্লিখিত) জিণদেসিএ (জিনদেশিত=জিন অর্থাৎ তীর্থঙ্করের দ্বারা উপদেশিত) ধম্মে (ধর্ম) ধুবে (ধ্রুব) ণিচ্চে (নিত্য) সাসএ (শাশ্বত) অণেণং (ইহার দ্বারা) সিদ্ধা (হইয়াছেন=মুক্তিপ্রাপ্ত হইয়াছেন) চ (ও) সিজ্ঝংতি (সিদ্ধ হইতেছেন) তহা (তথা) অবরে (অপরে=অন্য ব্যক্তি) সিজ্ঝিস্সংতি (সিদ্ধি প্রাপ্ত হইবেন) ॥১৭॥ এইরূপ বলিতেছি ॥

তীর্থঙ্করের দ্বারা উপদিষ্ট পূর্বোল্লিখিত ব্রহ্মচর্য ধর্ম ধ্রুব, নিত্য ও শাশ্বত। ইহার প্রভাবে অতীতকালে অনেকে সিদ্ধ হইয়াছে, বর্তমানে সিদ্ধ হইতেছেন ও ভবিষ্যতে সিদ্ধ হইবেন ॥১৭॥ এইরূপ বলিতেছি ॥

ইতি ব্রহ্মচর্যসমাধিস্থান, ষোড়শ অধ্যয়ন

১। 'জক্খরক্খস্সকিংনরা' টীকা ২।

২। 'নিত্তে' টীকা ১। 'নিয়এ' টীকা ৩।

পাপশ্রমণীয়

সপ্তদশ অধ্যয়ন

জে কেই উ পব্বইএ ণিয়ংঠে, ধম্মং সুণিত্তা বিণওববণ্ণে।
সুদুল্লহং লহিউং বোহিলাভং, বিহরিজ্জ পচ্ছা য় জহাসুহং তু ॥১॥

জে কেই (যে কেহ) পব্বইএ (প্রব্রজিত=দীক্ষাপ্রাপ্ত) ণিয়ংঠে (নিগ্রর্ন্থ) ধম্মং সুণিত্তা (ধর্ম শ্রবণ করিয়া) বিণওববণ্ণে (বিনয়োপপন্ন=জ্ঞান, দর্শন ও চারিত্র যুক্ত) (হইয়াছে) (এবং) সুদুল্লহং (সুদুর্লভ) বোহিলাভং লহিউং (বোধি লাভ করিয়া=জিনধর্ম প্রাপ্ত হইয়া) পচ্ছা (পশ্চাৎ=পরে) তু (কিন্তু) জহাসুহং (যথাসুখ=যথেচ্ছ প্রকারে=নিগ্রর্ন্থ ধর্মের নিয়ম পালন না করিয়া) বিহরিজ্জ (বিচরণ করে) ॥১॥

যে কেহ দীক্ষাপ্রাপ্ত নিগ্রর্ন্থ সাধু ধর্ম শ্রবণ করিয়া জ্ঞান, দর্শন ও চারিত্রযুক্ত হইয়াছে এবং সুদুর্লভ বোধি প্রাপ্ত হইয়াছে, পরে যদি সে নিয়মানুযায়ী আচরণ না করিয়া যথেচ্ছ প্রকারে বিচরণ করে (তাহাকে প্রমাদগ্রস্ত বলে) ॥১॥

সিজ্জা[১] দঢ়া পাউরণং মে অত্থি, উপ্পজ্জঈ ভুত্তু তহেব পাউং।
জাণামি জং বট্টই[২] আউসু ত্তি, কিং ণাম[৩] কাহামি সুএণ ভংতে ॥২॥

সিজ্জা (শয্যা=বাস করিবার স্থান, উপাশ্রয়) দঢ়া (দৃঢ়=বর্ষাতপ নিবারণের পক্ষে সুদৃঢ়) মে (আমার=আমার নিকট) পাউরণং (প্রাবরণ=গাত্রবস্ত্র) অত্থি (আছে) ভুত্তু (ভোজন করিবার জন্য) (খাদ্যদ্রব্য) তহেব (তথা) পাউং (পান করিবার জন্য) (পানীয় দ্রব্য) উপ্পজ্জঈ (প্রাপ্ত হইতেছে) আউসু (হে আয়ুষ্মন্) জং (যাহা) বট্টই (বর্ততে=এখন আছে অর্থাৎ জীব অজীব আদি পদার্থ যাহা সংসারে আছে তাহা) জানামি (জ্ঞাত আছি)

১। "শয্যোপাশ্রয়ো বসতিঃ" টীকা ১।
২। "যদ্বর্ত্তমানং জীবাদিবস্তু বর্ত্ততে" টীকা ১।
৩। 'নামু' টীকা ২।

ভংতে (হে ভদন্ত=হে পূজ্য) সুএণ (শ্রুতের দ্বারা=শ্রুতশাস্ত্র অধ্যয়ন করিয়া) কিং নাম (কি) কাহামি (করিব) ॥২॥

সুদৃঢ় উপাশ্রয় (আবাসস্থান) আছে। আমার গাত্রবস্ত্র আছে। খাদ্য ও পানীয় দ্রব্য প্রাপ্ত হইতেছি। হে আয়ুষ্মন্, জীবাদি পদার্থ যাহা আছে তাহাও জানি। অতএব হে ভদন্ত, শ্রুতশাস্ত্র অধ্যয়ন করিয়া কি করিব? ॥২॥

জে কেই উ পব্বইএ, নিদ্দাসীলে পগামসো।
ভুচ্চা পিচ্চা সুহং সুবঈ, পাবসমণি ত্তি বুচ্চঈ ॥৩॥

জে কেই (যে কেহ) পব্বইএ উ (প্রব্রজিত হইয়া ও) পগামসো (অত্যন্ত) ভুচ্চা (ভোজন করিয়া) পিচ্চা (পান করিয়া) নিদ্দাসীলে (নিদ্রাশীল) (হইয়া) সুহং (সুখে) সুবঈ (শয়ন করে) (সে) পাবসমণ ইত্তি (পাপ-শ্রমণ=পাপিষ্ঠ সাধু বলিয়া) বুচ্চই (কথিত হয়) ॥৩॥

যে কেহ দীক্ষা গ্রহণ করিয়াও অত্যন্ত ভোজন ও পান করিয়া নিদ্রাশীল হইয়া সুখে শয়ন করে তাহাকে পাপিষ্ঠ সাধু বলে ॥৩॥

আয়রিয় উবজ্ঝাএহিং, সুয়ং বিণয়ং চ গাহিএ।
তে চেব খিংসঈ বালে, পাবসমণিত্তি বুচ্চঈ ॥৪॥

আয়রিয়উবজ্ঝাএহিং (আচার্যোপাধ্যায়ের দ্বারা=আচার্য ও উপাধ্যায়ের দ্বারা) সুয়ং (শ্রুত শাস্ত্র) বিণয়ং চ (ও বিনয়=ও সাধুর আচার) গাহিএ (গ্রাহিত=শিক্ষিত) (হইয়াও যে) বালে (মূর্খ) তে চেব (তাঁহাদিগকেই= আচার্যাদিকেই) খিংসঈ (খিংসতি=নিন্দা করে) (সে) পাবসমণিত্তি (পাপিষ্ঠ শ্রমণ বলিয়া) বুচ্চঈ (কথিত হয়) ॥৪॥

আচার্য ও উপাধ্যায়ের দ্বারা শাস্ত্র ও সাধ্বাচার শিক্ষাপ্রাপ্ত হইয়াও যে মূর্খ তাঁহাদিগেরই নিন্দা করে সে পাপিষ্ঠ শ্রমণ বলিয়া কথিত হয় ॥৪॥

আয়রিয়উবজ্ঝায়াণাং, সম্মং নো পড়িতপ্পঈ[১]।
অপ্পড়িপূয়এ থদ্ধে, পাবসমণিত্তি বুচ্চঈ ॥৫॥

(যে) আয়রিয়উবজ্ঝায়াণাং (আচার্য ও উপাধ্যায়ের) সম্মং (সম্যক্=

১। "ন পরিতৃপ্যতি প্রীতিং ন বিদধাতি" টীকা ১। "ন পরিতপ্যতে ন তত্তৃপ্তিং ভক্তাদিচিন্তাং করোতি" টীকা ২।

সম্যক্ প্রকারে) নো পড়িতপ্পই (পরিতৃপ্তি সাধন না করে) অপ্পড়িপূয়এ (অপ্রতিপূজক=যে অর্হদাদির বা গুরুজনের যথোপযুক্ত পূজা ও সম্মান না করে, যে অপ্রতিপূজক) থদ্ধে (স্তব্ধ=অহংকারী) (সে) পাবসমণিত্তি (পাপিষ্ঠ শ্রমণ বলিয়া) বুচ্চঈ (কথিত হয়) ॥৫॥

যে আচার্য ও উপাধ্যায়ের সম্যক্ প্রকারে তৃপ্তি সাধন না করে বা যথোপযুক্ত সম্মান না করে এবং যে অহংকারী সে পাপিষ্ঠ শ্রমণ বলিয়া কথিত হয় ॥৫॥

সম্মদ্দমাণে পাণাণি, বীয়াণি হরিয়াণি য়।
অসংজএ সংজয় মন্নমাণে, পাবসমণিত্তি বুচ্ছঈ ॥৬॥

(যে) পাণাণি (প্রাণকে=দ্বীন্দ্রিয়াদি প্রাণীকে) বীয়াণি (বীজকে=ধান্যাদিকে) হরিয়াণি য় (ও হরিতকে=সবুজ দুর্বাদি ঘাস ও ফলপুষ্পাদিকে) সম্মদ্দমাণে (সংমর্দমান=সংমর্দন করিতে থাকে, বিনাশ করিতে থাকে) অসংজএ (অসংযত) (হইয়াও নিজকে) সংজয়মন্নমাণে (সংযত মনে করে) (সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পাপিষ্ঠ শ্রমণ বলিয়া কথিত হয়) ॥৬॥

যে দ্বীন্দ্রিয়াদি প্রাণিগণকে, ধান্যাদি ও সবুজ দুর্বাদি ঘাস ও ফলপুষ্পাদি একেন্দ্রিয় জীবকে বিনাশ করিতে থাকে এবং অসংযত হইয়াও নিজকে সংযত মনে করে সে পাপিষ্ঠ শ্রমণ বলিয়া কথিত হয় ॥৬॥

সংথারং[১] ফলগং[২] পীঢ়ং[৩], ণিসিজ্জং[৪] পায়কংবলং[৫]।
অপ্পমজ্জিয়মারুহই, পাবসমণিত্তি বুচ্চঈ ॥৭॥

(যে) সংথারং (সংস্তারক=বিছাইবার কম্বলাদি শয্যা) ফলগং (ফলক=শয়ন করিবার জন্য কাঠের চৌকি) পীঢং (পীঠ=আসন) ণিসিজ্জং (নিষিদ্যা=স্বাধ্যায় করিবার ভূমি) পায়কংবলং (পাদকম্বল=পাদপুঞ্ছন, পাদ পরিষ্কার করিবার বস্ত্র) অপ্পমজ্জিয়ং (অপ্রমার্জিত=প্রমার্জন না করিয়া, রজোহরণের

১। "সংস্তারং কম্বলাদিকম্" টীকা ১।
২। "ফলকং পট্টিকাদিকং" টীকা ১। "ফলকং দারুময়ম্" টীকা ২।
৩। "পীঠং আসনং" টীকা ২ ও ৩। "সিংহাসনাদিকং" টীকা ১।
৪। "নিষিদ্যা স্বাধ্যায়ভূমিঃ" টীকা ২।
৫। "পাদপুঞ্ছনম্" টীকা ২।

দ্বারা ঝাড়িয়া না লইয়া) আরুহই (আরোহণ করে ব্যবহার করে) (সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পাপিষ্ঠ শ্রমণ বলিয়া কথিত হয়) ॥৭॥

যে শয্যা, শয়ন করিবার চৌকি, আসন, স্বাধ্যায়ের ভূমি ও পাদ পুঞ্ছন, প্রমার্জন না করিয়া ব্যবহার করে সে পাপ শ্রমণ বলিয়া কথিত হয় ॥৭॥

দবদবস্স[১] চরঈ, পমত্তে য অভিক্খণং।
উল্লংঘণে[২] য চংডে য পাবসমণিত্তি বুচ্চঈ ॥৮॥

(যে) দবদবস্স (জোরে পা ফেলিয়া, দব্ দব্ শব্দ করিয়া) চরঈ (বিচরণ করে) য (ও) অভিক্খণং (বারংবার) পমত্তে (প্রমাদগ্রস্ত=যে কোন প্রকার সমিতি[৩] আচরণ না করে) (হয়) য (ও) উল্লংঘণে (সাধুর আচার উল্লঙ্ঘন করিয়া চলে বা অন্য সাধু ভিক্ষার জন্য দণ্ডায়মান থাকিলে তাহাকে অতিক্রম করিয়া ভিক্ষার জন্য অগ্রসর হয়) য (ও) চংডে (চণ্ড=কোপনস্বভাব বিশিষ্ট) (সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পূর্ববৎ) ॥৮॥

যে পায়ের দ্বারা দব্ দব্ শব্দ করিয়া চলে, যে বারংবার ঈর্যা সমিতি প্রভৃতি সাধুর আচার পালন না করিয়া প্রমাদগ্রস্ত হয়, যে গৃহস্থ গৃহে অন্য সাধু ভিক্ষার্থ দণ্ডায়মান থাকিলে তাহাকে উল্লঙ্ঘন করিয়া অগ্রসর হয় ও যে কোপনস্বভাববিশিষ্ট সে পাপিষ্ঠ শ্রমণ বলিয়া কথিত হয় ॥৮॥

পড়িলেহেই[৪] পমত্তে, অবউজ্ঝই পায়কংবলং।
পড়িলেহা অণাউত্তে, পাবসমণিত্তি বুচ্চঈ ॥৯॥

(যে) পমত্তে (প্রমত্ত=অনবধান) (হইয়া) পড়িলেহেই (প্রতিলেখন করে =বস্ত্র পাত্রাদি নিরীক্ষণ করে) পায়কংবলং (পাদকম্বল=পাদপুঞ্ছন) অবউজ্ঝই (যেখানে সেখানে নিক্ষেপ করে) পড়িলেহা (প্রতিলেখনে) অণাউত্ত (অনাযুক্ত=অমনোযোগী) (সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পূর্ববৎ) ॥৯॥

১। "যদা ব্রজতি তদা দব দব ইতি ঘাতিঃ পৃথিবীং কুট্টয়ন্ শীঘ্রং ব্রজতি" টীকা ১।

২। "উল্লঙ্ঘয়ত্যজ্ঞানিনামথবা বালানাং হাস্যাদ্যবিনয়কর্তৃণাং ভাপয়ন্ স্বকীয়মাচারমতিক্রাময়তীত্যুল্লঙ্ঘনঃ" টীকা ১। ১।৩৩ সূত্রের 'লংঘিত্তা' শব্দের সহিত তুলনীয়।

৩। পাঁচ প্রকার সমিতির ব্যাখ্যার জন্য ৮।৯ সূত্রের ২নং পাদটীকা দ্রষ্টব্য।

৪। সাধুর বস্ত্রপাত্রাদি সমস্ত উপকরণে কোনপ্রকার কীটাদি জীব আছে কিনা তাহা ভাল করিয়া নিরীক্ষণ করিয়া যদি কীটাদি থাকে তাহাকে রজোহরণের দ্বারা ধীরে ধীরে সরাইয়া দেওয়াকে 'পড়িলেহন' বা প্রতিলেখন কহে।

যে বস্ত্রপাত্রাদি অনবধান হইয়া নিরীক্ষণ করে, পাদপুঞ্ছনাদি যেখানে সেখানে নিক্ষেপ করে এবং অন্যান্য উপকরণ মনোযোগ না দিয়া নিরীক্ষণ করে সে পাপিষ্ঠ শ্রমণ বলিয়া কথিত হয় ॥৯॥

পড়িলেহেই পমত্তে, সে কিংচি হু ণিসামিআ।
গুরুং পরিভাবএ[১] ণিচ্চং, পাবসমণিত্তি বুচ্চঈ ॥১০॥

(যে) পমত্তে (প্রমত্ত) (হইয়া) পড়িলেহেই (প্রতিলেখন করে) (এবং) কিংচি (কোন কিছু) ণিসামিআ (শ্রবণ করিয়া=প্রতিলেখনের সময় কাহারও কোন বাক্য শ্রবণ করিয়া তাহাতে বিক্ষিপ্তচিত্ত হইয়া) (থাকে) (ও) ণিচ্চং (নিত্য) গুরুং (গুরুর) পরিভাবএ (তাচ্ছিল্যকারী) (হয়) সে (সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পূর্ববৎ) ॥১০॥

যে অনবধান হইয়া প্রতিলেখন করে এবং যাহার প্রতিলেখনের সময় কোন কথাবার্তার দ্বারা মন বিক্ষিপ্ত হয় এবং যে নিত্য গুরুকে তাচ্ছিল্য করে সে পাপ শ্রমণ বলিয়া কথিত হয় ॥১০॥

বহুমাঈ পমুহরে[২], থদ্ধে লুদ্ধে অণিগ্গহে।
অসংবিভাগী অচিয়ত্তে, পাবসমণিত্তি বুচ্চঈ ॥১১॥

(যে) বহুমাঈ (বহুমায়ী=অত্যন্ত কপটাচারী) পমুহরে (প্রমুখর=বাচাল) থদ্ধে (স্তব্ধ=অহংকারী) লুদ্ধে (লুব্ধ=লোভী) অণিগ্গহে (অনিগ্রহ=যাহার ইন্দ্রিয় নিগৃহীত হয় নাই, অসংযতেন্দ্রিয়) অসংবিভাগী (অসংবিভাগী=যে গুরু বা পীড়িত সাধুকে আহারাদি ভাগ করিয়া দেয় না) অচিয়ত্তে (গুর্বাদির প্রতি অপ্রীতিমান্) (সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পূর্ববৎ) ॥১১॥

যে অত্যন্ত কপটাচারী, বাচাল, অহংকারী, লোভী, অসংযতেন্দ্রিয়, যে অন্য সাধুকে আহারের ভাগ দেয় না ও যে গুর্বাদির প্রতি প্রীতিমান্ নয় সে পাপিষ্ঠ শ্রমণ বলিয়া কথিত হয় ॥১১॥

১। "পরাভবতি সন্তাপয়তি" টীকা ১। 'পরিভবঈ' টীকা ১।

২। 'পমুহরী' টীকা ১, ২ ও ৩।

বিবায়ং চ উঈরেই[১], অহম্মে[২] অত্তপগ্গহা[৩]।
বুগ্‌গহে[৪] কলহে রত্তে, পাবসমণিত্তি বুচ্চঈ ॥১২॥

(যে) বিবায়ং (বিবাদ=কলহ) উঈরেই (উদ্দীপনা করে) অহম্মে (অধর্ম=অসদাচারী) অত্তপগ্গহা (আপ্তপ্রজ্ঞহা=তত্ত্ববুদ্ধিহন্তা, কুতর্কের দ্বারা বুদ্ধিবিপর্যয়কারী) বুগ্‌গহে (ব্যুদ্‌গ্রহে=দণ্ডাদির দ্বারা বিগ্রহে বা বিরোধে) কলহে (কলহে=বাক্‌কলহে) রত্তে (রক্ত=আসক্ত) (সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পূর্ববৎ) ॥১২॥

যে বিবাদ উদ্দীপিত করে, যে অসদাচারী ও কুতার্কিক, যে দণ্ডাদির দ্বারা বিরোধে ও বাক্‌কলহে রত সে পাপিষ্ঠ শ্রমণ বলিয়া কথিত হয় ॥১২॥

অথিরাসণে কক্‌কুঈএ, জত্থ তত্থ নিসীয়ঈ।
আসণংমি অণাউত্তে, পাবসমণিত্তি বুচ্চঈ ॥১৩॥

(যে) অথিরাসণে (অস্থিরাসন=স্থির হইয়া বসিতে পারে না) কক্‌কুঈএ (কুৎকুচ=স্পন্দক, উপবেশন করিয়া অঙ্গপ্রত্যঙ্গাদি স্পন্দন করিতে থাকে) জত্থ তত্থ (যেখানে সেখানে) নিসীয়ঈ (উপবেশন করে) আসণংমি (আসনে) অণাউত্তে (অসাবধান) পাবসমণিত্তি বুচ্চঈ (পূর্ববৎ) ॥১৩॥

যে আসনে স্থির হইয়া বা অঙ্গপ্রত্যঙ্গ স্পন্দন না করিয়া বসিতে পারে না, যে যেখানে সেখানে বসিয়া যায় ও যে আসনে অসাবধান হইয়া বসে সে পাপিষ্ঠ শ্রমণ বলিয়া কথিত হয় ॥১৩॥

সসরক্‌খপাউ সুবই[৫], সিজ্জং ন পড়িলেহএ।
সংথারএ অণাউত্তে, পাবসমণিত্তি বুচ্চঈ ॥১৪॥

(যে) সসরক্‌খপাউ (সরজস্কপাদ=ধূলিলিপ্ত পাদে) সুবঈ (শয়ন করে) সিজ্জং (শয্যা) ন পড়িলেহএ (প্রতিলেখন করে না) সংথারএ (সংস্তারকে

১। 'উদীরেই' টীকা ৩।

২। 'অধম্মে' টীকা ৩।

৩। "আপ্তাং সদ্বোধরূপতয়া হিতাং প্রজ্ঞাং স্বস্যান্যেষাং বা বুদ্ধিং কুতর্কব্যাকুলীকরণতো হন্তীত্যাপ্তপ্রজ্ঞহা" টীকা ২।

৪। "দণ্ডাদিপ্রহারজনিতযুদ্ধং ব্যুদ্‌গ্রহস্তস্মিন্" টীকা ১।

৫। 'সুয়ঈ' টীকা ১।

=কম্বলাদিতে) অণাউত্তে (অসাবধান হইয়া) (শয়ন করে সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পূর্ববৎ)

যে ধূলিলিপ্তপাদে শয়ন করে, শয্যাকে প্রতিলেখন না করিয়াই শয়ন করে, কম্বলাদিতে অসাবধান হইয়া শয়ন করে সে পাপ শ্রমণ বলিয়া কথিত হয় ॥১৪॥

দুদ্ধদহীবিগঈও, আহারেই অভিক্খণং।
অরএ য় তবোকম্মে, পাবসমণিত্তি বুচ্চঈ ॥১৫॥

(যে) দুদ্ধদহীবিগঈও (দুগ্ধ, দধি ও তাহাদের বিকৃতি অর্থাৎ ঘৃতাদি) অভিক্খণং (বারংবার) আহারেই (আহার করে) য় (ও) তবোকম্মে (তপঃকর্ম=তপস্যাতে) অরএ (অরত=রত নয়) (সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পূর্ববৎ) ॥১৫॥

যে দুগ্ধ দধি ও তৎবিকৃতিজনিত ঘৃতাদি বারংবার ভক্ষণ করে ও তপস্যায় রত হয় না সে পাপ শ্রমণ বলিয়া কথিত ॥১৫॥

অত্থংতংমি য় সুরংমি, আহারেই অভিক্খণং।
চোইও পড়িচোএই, পাবসমণি ত্তি বুচ্চঈ ॥১৬॥

(যে) সুরংমি (সূর্য) অত্থংতংমি (অস্তান্ত পর্যন্ত=সূর্য উদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত) অভিক্খণং (বারংবার) আহারেই (আহার করে) চোইও (চোদিত =উপদেশ দিলে, অনুযোগ করিলে) পড়িচোএই (উল্টা অনুযোগ করে) (সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পূর্ববৎ) ॥১৬॥

দ্বিতীয় অর্থ

(যে) সুরংমি অত্থংতংমি (সূর্য অস্তগত হইবার পর=সূর্যাস্তের পর) ইত্যাদি পূর্ববৎ ॥১৬॥

যে সূর্যোদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত অথবা সূর্যাস্তের পর বারংবার আহার করে এবং অনুযোগ করিলে পাল্টা অনুযোগ করে সে পাপ শ্রমণ বলিয়া কথিত হয় ॥১৬॥

আয়রিয়পরিচ্চাঈ, পরপাসংডসেবএ।
গাণংগণিএ[১] দুব্ভূএ[২], পাবসমণিত্তি বুচ্চঈ ॥১৭॥

(যে) আয়রিয়পরিচ্চাঈ (আচার্যপরিত্যাগী=যে আহার লোলুপতার জন্য আচার্যের সঙ্গ পরিত্যাগ করে) পরপাসংডসেবএ (পরপাষণ্ডসেবক=অন্যধর্ম অবলম্বন করে) গাণংগণিএ (গাণংগণিক=যে একগণ অর্থাৎ এক আচার্যের সমূহ পরিত্যাগ করিয়া অন্য আচার্যের গণে বা সম্প্রদায়ে গমন করিতে থাকে) দুব্ভূএ (দুর্ভূত=দুরাচারের জন্য যে নিন্দনীয় হয়) (সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পূর্ববৎ) ॥১৭॥

যে আহার লোলুপতার জন্য নিজের আচার্যের সঙ্গ পরিত্যাগ করে ও অন্যধর্মাবলম্বীর সংঘে প্রবিষ্ট হয়, যে স্বসম্প্রদায়েরও একগণ পরিত্যাগ করিয়া অন্যগণে গমন করিতে থাকে ও যে দুরাচারের জন্য নিন্দিত হয় সে পাপ শ্রমণ বলিয়া কথিত হয় ॥১৭॥

সয়ংগেহং পরিচ্চজ্জ, পরগেহংসি বাবড়ে।
ণিমিত্তেণ য় ববহরঈ[৩] পাবসমণিত্তি বুচ্চঈ ॥১৮॥

(যে) সয়ং (স্বক=নিজের) গেহং (গৃহ) পরিচ্চজ্জ (পরিত্যাগ করিয়া অর্থাৎ দীক্ষাগ্রহণ করিয়া) পরগেহংসি (পরগৃহে=অন্য গৃহস্থের গৃহে) বাবড়ে (ব্যাপৃত হয়=আহারের জন্য সেই গৃহস্থের কার্য করিয়া দেয়) য় (ও) ণিমিত্তেণ (নিমিত্ত কথনের দ্বারা=শুভ, অশুভ, লাভ ও ক্ষতি ইত্যাদি ভবিষ্যৎ কথনের দ্বারা) ববহরঈ (ব্যবহার করে=উপার্জন করে) (সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পূর্ববৎ) ॥১৮॥

যে নিজের গৃহ পরিত্যাগ করিয়া অর্থাৎ দীক্ষাগ্রহণ করিয়াও অন্য গৃহস্থের গৃহে কার্য করে, যে শুভাশুভ কথন করিয়া ধনোপার্জন করে সে পাপ শ্রমণ বলিয়া কথিত হয় ॥১৮॥

১। "স্বেচ্ছয়া যন্মাসাভ্যন্তরমেব গণাদ্গণং সংক্রামতীতি গাণংগণিকঃ ইত্যাগমিকী ভাষা" টীকা ২।

২। "দুর্ভূতো দুর্নিন্দিতং ভূতং ভবনমস্যেতি দুর্ভূতো দুরাচারতয়া নিন্দ্যো ভূত ইত্যর্থঃ" টীকা ২।

৩। 'ববহরে' টীকা ২।

সন্নাইপিংডং জেমেই, নেচ্ছঈ সামুদাণিয়ং[১]।
গিহিণিসিজ্জং চ বাহেঈ, পাবসমণিত্তি বুচ্চঈ ॥১৯॥

(যে) সন্নাইপিংডং (স্বজ্ঞাতিপিণ্ড=গৃহস্থাশ্রমের স্বজনগণের দ্বারা প্রদত্ত সরস আহার) জেমেই (ভোজন করে) সামুদাণিয়ং (সামুদানিক=বহু গৃহ হইতে ভিক্ষালব্ধ) (আহার) নেচ্ছঈ (ইচ্ছা করে না=পছন্দ করে না) গিহিণিসিজ্জং (গৃহিনিষিদ্যা=গৃহস্থের শয্যা) বাহেঈ (বাহয়তি=আরোহণ করে, ব্যবহার করে) (সে) পাবসমণিত্তি বুচ্চঈ (পূর্ববৎ) ॥১৯॥

যে নিজ জ্ঞাতিগণের প্রদত্ত সরস আহার ভোজন করে, যে বহু গৃহস্থের গৃহ হইতে আনীত ভিক্ষায় তুষ্ট হয় না, যে গৃহস্থগণের শয্যা ব্যবহার করে সে পাপ শ্রমণ বলিয়া কথিত হয় ॥১৯॥

এয়ারিসে পংচকুসীলসংবুড়ে[২] রুবংধরে মুণিপবরাণ[৩] হিট্ঠিমে।
অয়ংসি লোএ বিসমেব গরহিএ, ন সে ইহং নেব পরত্থ লোএ ॥২০॥

এয়ারিসে (এতাদৃশ=পূর্বোক্ত) পংচকুসীলসংবুড়ে (পঞ্চকুশীলসংবৃত=পাঁচ প্রকার অসদাচারযুক্ত) রুবংধরে (রূপধর=যে সাধুর বেশ ধারণ করে কিন্তু প্রকৃত পক্ষে সাধু নয়, বেশধারী মাত্র) মুণিপবরাণ (মুনিপ্রবরগণের) হিট্ঠিমে (অধোবর্তী=নিকৃষ্ট) অয়ংসি লোএ (এ জগতে) বিসমেব (বিষের ন্যায়) গরহিএ (গর্হিত) সে (সে) ইহং ন (ইহলোকেও না=ইহলোকও থাকে না) পরত্থ লোএ নেব (পরলোকেও না=পরলোকও থাকে না, অর্থাৎ ইহলোক ও পরলোক উভয়ত ভ্রষ্ট হয়) ॥২০॥

এইরূপ পূর্বোক্ত পাঁচ প্রকার অসদাচারযুক্ত, বেশধারী ও মুনিগণের মধ্যে

১। "সমুদানানি ভিক্ষাস্তেষাং সমূহ: সামুদানিকং বহুগৃহস্থসম্বন্ধিনং ভিক্ষাসমূহমজ্ঞাতোঞ্ছমিত্যর্থঃ" টীকা ২।

২। "পঞ্চসংখ্যঃ কুৎসিতং শীলমেষাং কুশীলাঃ পার্শ্বস্থাদয়ঃ সমাহৃতাঃ পঞ্চকুশীলং তদ্বদসংবৃতঃ অনিরুদ্ধাশ্রবদ্বারঃ পঞ্চকুশীলাসংবৃতঃ" টীকা ৩। "পঞ্চকুশীলৈঃ সংবৃতঃ সহিতঃ যাদৃশা জিনমতে পঞ্চকুশীলাস্তন্মধ্যবর্ত্তীত্যর্থঃ যদুক্তং ওসন্নো পাসত্থো হোই কুশীলো তহে সংসত্তো। অহছংদোবিয় এএ অবংদণিজ্জা জিণময়ংমি" টীকা ১। ওসন্নো=রসলোলুপ, পাসত্থো=পতিত, শিথিলাচারী, অহছংদো=স্বেচ্ছাচারী, কুশীলো=অসদাচারী, সংসত্তো=আসক্ত।

৩। 'মুণিপবরাণি' টীকা ২।

নিকৃষ্ট হইয়া সে এ সংসারে বিষবৎ নিন্দিত হয় এবং সে ইহলোক ও পরলোক উভয়তঃ ভ্রষ্ট হয় ॥২০॥

জে বজ্জএ[১] এএ[২] সয়া উ দোসে, সে সুব্বএ হোই মুণীণ মজ্ঝে।
অয়ংসি লোএ অমুয়ং[৩] ব পূইএ, আরাহএ[৪] লোগমিণং তহাপরং[৫] ॥২১॥
ত্তি বেমি ॥

জে (যে) এএ (এই সমস্ত=উপরোক্ত সমস্ত) দোসে (দোষ) সয়া (সদা=সর্বদা) বজ্জএ (বর্জন করে) সে (সে) মুণীণ মজ্ঝে (মুনিগণের মধ্যে) সুব্বএ (সুব্রত=প্রশস্ত ব্রতসম্পন্ন) হোই (হয়) অয়ংসি লোএ (এই লোকে =এই সংসারে) (সে) অমুয়ং ব (অমৃতের ন্যায়) পূইএ (পূজিত হয়) (এবং সে) ইণং লোগং (ইহ লোকে) আরাহএ (আরাধক হয়=সফলতা প্রাপ্ত হয়) তহা (তথা) পরং (পরলোকে) (সফলতা প্রাপ্ত হয়) ॥২১॥ এইরূপ বলিতেছি ॥

যে উপরোক্ত দোষসমূহ সর্বদা বর্জন করে সে মুনিগণের মধ্যে প্রশস্তব্রত সম্পন্ন বলিয়া কথিত হয়, সে এ সংসারে অমৃতের ন্যায় পূজিত হয় এবং তাহার ইহলোক ও পরলোক সফল হয় ॥২১॥ এইরূপ বলিতেছি ॥

ইতি পাপশ্রমণীয়, সপ্তদশ অধ্যয়ন

১। 'বজ্জ' টীকা ৩।
২। 'এয়' টীকা ২।
৩। 'অমিয়ং' টীকা ১।
৪। 'আরাহএ দুহও লোগমিণং' টীকা ৩।
৫। 'তহা পরং' এই দুইটী শব্দ টীকা ৩-এ নাই।

সঞ্জয়ীয়

অষ্টাদশ অধ্যয়ন

কংপিল্লে[১] ণয়রে রায়া, উদিণ্ণবলবাহণে।
ণামেণ সংজএ[২] ণাম, মিগব্বং উবণিগ্‌গএ ॥১॥

কংপিল্লে (কাম্পীল্য) ণয়রে (নগরে) উদিণ্ণবলবাহণে (উদীর্ণবলবাহন= যাহার চতুর্বিধ সৈন্য ও রথাদি বাহন প্রস্তুত আছে, সৈন্যসামন্তরথাদিযুক্ত) ণামেণ (নামের দ্বারা) সংজএ ণাম (সঞ্জয় নামক) রায়া (রাজা) মিগব্বং (মৃগয়াতে) উপণিগ্‌গএ (উপনির্গত হইল=বহির্গত হইল) ॥১॥

কাম্পীল্য নগরের সৈন্যসামন্ত রথাদিসম্পন্ন সঞ্জয় নামক রাজা মৃগয়ার জন্য নগর হইতে নির্গত হইল ॥১॥

হয়াণীএ গয়াণীএ, রহাণীএ তহেব য।
পায়ত্তাণীএ মহয়া, সব্বও পরিবারিএ ॥২॥

মিএ ছুভিত্তা[৩] হয়গও, কংপিল্লুজ্জাণকেসরে।
ভিএ সংতে[৪] মিএ[৫] তত্থ[৬], বহেই রসমুচ্ছিএ ॥৩॥

হয়াণীএ (হয়ানীকের দ্বারা=অশ্বারোহী সৈন্যের দ্বারা) গয়াণীএ (গজানীকের দ্বারা=গজারোহী সৈন্যের দ্বারা) রহাণীএ (রথানীকের দ্বারা=রথারূঢ় সৈন্যের দ্বারা) তহেব য (এবং) মহয়া (মহতা=অনেক, প্রচুর) পায়ত্তাণীএ (পাদাত্যনীকের দ্বারা=পদাতি সৈন্যের দ্বারা) সব্বও (সর্বত=চতুর্দিকে) পারিবারিএ (পরিবারিত হইয়া=পরিবৃত হইয়া) হয়গও (হয়গত=অশ্বারূঢ়) (হইয়া) কংপিল্লুজ্জাণকেসরে (কেসর নামক কাম্পীল্য নগরের উদ্যানে)

১। দক্ষিণ পাঞ্চালের রাজধানী। ১৩।২ সূত্রের ১নং পাদটীকা দ্রষ্টব্য।

২। 'সংজও' টীকা ৩।

৩। "ক্ষিপ্ত্বা প্রেরয়িত্বা অশ্বেন ত্রাসয়িত্বা" টীকা ১।

৪। "গ্লানিপ্রাপ্তান্" টীকা ১। "সতঃ" টীকা ২ ও ৩।

৫। "মৃগান্" টীকা ১। "মিতান্ পরিমিতান্" টীকা ২ ও ৩।

৬। "তত্র তেষু মৃগেষু" টীকা ২ ও ৩।

মিএ (মৃগসমূহকে) ছুভিত্তা (তাড়াইয়া) মিএ (মৃগ) ভীএ (ভীত (ও) সংতে (শ্রান্ত) (হইলে) [অথবা ভিএ সংতে (ভীত হইলে) তথ (সেই মৃগগণের মধ্যে) মিএ (মিতকে = পরিমিতকে, কয়েকটীকে)] তথ (সে স্থলে) রসমুচ্ছিএ (রসমূর্ছিত = মৃগয়ার রসে আসক্ত হইয়া অথবা মৃগমাংসের লোভে গৃদ্ধ হইয়া) বহেই (বধ করিল) ॥২॥৩॥

অশ্বারোহী, গজারোহী, রথারোহী ও বৃহৎ পদাতিক সৈন্যের দ্বারা পরিবৃত হইয়া কেসর নামক কাম্পীল্য নগরের উদ্যানে অশ্বারূঢ় রাজা মৃগগণকে তাড়াইতে তাড়াইতে সেই মৃগগণের মধ্যে ভীত ও শ্রান্ত মৃগকে মৃগয়াসক্ত হইয়া সেইস্থলে বধ করিল ॥২॥৩॥

অহ কেসরংমি উজ্জাণে, অণগারে তবোধণে।
সজ্ঝায়জ্ঝাণসংজুত্তে[১], ধম্মজ্ঝাণং[২] ঝিয়ায়ই ॥৪॥

অহ (অথ = এদিকে) কেসংরমি উজ্জাণে (কেসর উদ্যানে) অণগারে (অনগার = গৃহত্যাগী) তপোধণে (তপোধন = তপস্বী মুনি) সজ্ঝায়জ্ঝাণ-সংজুত্তে (স্বাধ্যায় ও ধ্যানসংযুক্ত) (হইয়া) ধম্মজ্ঝাণং (ধর্মধ্যান) ঝিয়ায়ই (ধ্যান করিতেছিলেন) ॥৪॥

এদিকে উক্ত কেসরনামক উদ্যানে এবং গৃহত্যাগী তপস্বী স্বাধ্যায় ও ধ্যান সংযুক্ত হইয়া ধর্মধ্যান ধ্যান করিতেছিলেন ॥৪॥

১। 'সজ্ঝায়ঝাণজুত্তো' টীকা ৩।

২। ধ্যান চারি প্রকার যথা— আর্ত, রৌদ্র, ধর্ম ও শুক্ল। প্রথম দুইটী কর্মবন্ধনের হেতু ও শেষ দুইটী অর্থাৎ ধর্মধ্যান ও শুক্লধ্যান মুক্তিপ্রাপ্তির হেতু। অপ্রিয়বস্তু প্রাপ্ত হইয়া তাহা পরিত্যাগ করিবার, দুঃখ উপস্থিত হইলে তাহা দূর করিবার, প্রিয়বস্তুর বিয়োগ হইলে তাহা প্রাপ্ত হইবার ও অপ্রাপ্তবস্তু প্রাপ্ত হইবার চিন্তাকে আর্তধ্যান বলে। হিংসা, অসত্য, চৌর্য ও বিষয়াদি রক্ষণের জন্য উৎপন্ন চিন্তাকে রৌদ্রধ্যান বলে। ধর্মধ্যান চারি প্রকার। আজ্ঞাবিচয়, অপায়বিচয়, বিপাকবিচয় ও সংস্থানবিচয়। তীর্থঙ্করের আদেশ কি তাহা জ্ঞাত হইয়া তদ্বিষয়ে চিন্তা করাকে আজ্ঞাবিচয়, আপনার নিজের মধ্যে কি কি দোষ আছে তাহা অনুসন্ধান করিয়া তাহা দূর করিবার জন্য যে চিন্তা তাহাকে অপায়বিচয়, যে সমস্ত সুখ ও দুঃখাদি অনুভব করা যায় তাহা কোন্ কোন্ কর্মের বিপাক ইত্যাদি কর্মের বিপাকের বিষয়ে যে চিন্তা তাহাকে বিপাকবিচয় ও বিশ্বসংসারের স্বরূপের বিচারকে সংস্থানবিচয় ধর্মধ্যান বলে। শুক্লধ্যানও চারি প্রকার যথা—পৃথক্ত্ববিতর্ক-সবিচার, একত্ববিতর্কনির্বিচার, সূক্ষ্মক্রিয়াঅপ্রতিপাতি ও ব্যুপরতক্রিয়াঅনিবৃত্তি। ধ্যানের বিশেষ বিবরণের জন্য তত্ত্বার্থাধিগমসূত্রের নবম অধ্যায়ের ২৯-৪৬ সূত্র ও হেমচন্দ্রাচার্য বিরচিত যোগশাস্ত্র ১০ম ও ১১শ প্রকাশ দ্রষ্টব্য।

অপ্‌ফোবমংডবংমী[১], ঝায়ঈ[২] কৃখবিয়াসবে[৩]।
তস্‌সাগএ মিএ পাসং, বহেই সে ণরাহিবে ॥৫॥

অপ্‌ফোবমংডবংমী (বৃক্ষাদির দ্বারা সমাকীর্ণ মণ্ডপে = বৃক্ষনিকুঞ্জে) কৃখবিয়াসবে (ক্ষপিতাশ্রব = যাহার আশ্রব অর্থাৎ কর্মবন্ধের হেতু ক্ষয় হইয়াছে, নিরুদ্ধাশ্রব) ঝায়ঈ (ধ্যান করিতেছিলেন) তস্‌স (তাঁহার) পাসং (পার্শ্বে = সমীপে) আগএ (আগত) মিএ (মৃগকে) সে ণরাহিবে (সেই নরাধিপ = সেই সঞ্জয় রাজা) বহেই (বধ করিল) ॥৫॥

সেই উদ্যানের অন্তর্গত বৃক্ষনিকুঞ্জে কর্মবন্ধের হেতু হইতে রহিত একজন মুনি ধ্যান করিতেছিলেন এবং তাঁহার সমীপে আগত মৃগকে রাজা বধ করিল ॥৫॥

অহ আসগও রায়া, খিপ্পমাগম্ম সো তহিং।
হএ মিএ উ পাসিত্তা, অণগারং তথ পাসঈ ॥৬॥

অহ (তদনন্তর) সো আসগও (সেই অশ্বারূঢ়) রায়া (রাজা) তহিং (সেখানে) খিপ্পমাগম্ম (শীঘ্র আসিয়া) হএ (হত = নিহত) মিএ (মৃগকে) পাসিত্তা (দেখিয়া) তথ (সেস্থলে) অণগারং (অণগারকে = সাধুকে) পাসঈ (দেখিল) ॥৬॥

তদনন্তর সেই অশ্বারূঢ় রাজা সেখানে শীঘ্র আসিয়া নিহত মৃগকে দেখিয়া সাধুকেও দেখিতে পাইল ॥৬॥

অহ রায়া তথ সংভংতো, অণগারো মণাহও।
মএ উ মংদপুণ্ণেণ, রসগিদ্ধেণ ঘত্তুণা[৪] ॥৭॥

অহ (তদনন্তর) রায়া (রাজা) তথ (সেস্থলে) সংভংতো (সম্ভ্রান্ত = ভীত) (হইয়া চিন্তা করিতে লাগিল যে) মংদপুণ্ণেণ (মন্দপুণ্য = মন্দভাগ্য, হীনপুণ্য) রসগিদ্ধেণ (রসগৃদ্ধ) ঘত্তুণা (ঘাতক) মএ (ময়া = আমার দ্বারা)

১। "নাগবল্লীদ্রাক্ষাদিভির্বেষ্টিতে স্থানে বৃক্ষনিকুঞ্জে লতাবেষ্টিতে" টীকা ১।
২। 'ঝায়তী' টীকা ২।
৩। 'খবিয়াসবে' টীকা ১। 'ঝবিয়াসবে' টীকা ৩।
৪। 'ঘিত্তুণা' টীকা ১।

অণগারো (সাধু) মণাহও (মনাক্ হত=আর অল্প হইলেই নিহত হইতেন) ॥৭॥

তদনন্তর রাজা সেস্থলে ভীত হইয়া চিন্তা করিতে লাগিল যে আমার মত হীনপুণ্য, মাংসলোলুপ ঘাতকের দ্বারা আর অল্প হইলেই এই সাধু নিহত হইতেন ॥৭॥

আসং বিসজ্জইত্তাণং, অণগারস্স সো ণিবো।
বিণএণ বংদঈ পাএ, ভগবং ইত্থ মে খমে ॥৮॥

সো ণিবো (সেই নৃপ) আসং (অশ্বকে) বিসজ্জইত্তাণং (বিসর্জন করিয়া) বিণএণ (বিনয় পূর্বক) অণগারস্স (সাধুর) পাএ (পদদ্বয়ে) বংদঈ (বন্দনা করিল) (এবং বলিল) ভগবং (ভগবন্) ইত্থ (এই মৃগবধের জন্য) মে (আমার) (অপরাধ) খমে (ক্ষমা করুন) ॥৮॥

সেই নৃপতি অশ্ব পরিত্যাগ করিয়া বিনয়ে সাধুর পদদ্বয়ে বন্দনা করিল এবং বলিল যে ভগবান্, আমার মৃগবধের অপরাধ ক্ষমা করুন ॥৮॥

অহ মোণেণ সো ভগবং, অণগারে ঝাণমস্সিএ।
রায়াণং ন পড়িমংতেই, তও রায়া ভয়দ্দুও ॥৯॥

অহ (তদনন্তর) সো ভগবং (সেই ভগবান্) অণগারে (সাধু) মোণেণ মৌণাবলম্বন করিয়া) ঝাণমস্সিএ (ধ্যানমাশ্রিত=ধ্যানযুক্ত) (থাকায়) রায়াণং (রাজাকে) ন পড়িমংতেই (উত্তর দিলেন না) তও (তজ্জন্য (রাজা) ভয়দ্দুও (ভয়দ্রুত=ভয়ভ্রান্ত) (হইল) ॥৯॥

তদনন্তর সেই ভগবান্ সাধু মৌনাবলম্বন পূর্বক ধ্যানমগ্ন থাকায় রাজাকে কোন উত্তর দিলেন না, তজ্জন্য রাজা ভয়ভ্রান্ত হইল ॥৯॥

সংজও অহমস্সীতি, ভগবং বাহিরাহি মে।
কুদ্ধে তেএণ অণগারে, দহিজ্জ ণরকোড়িও ॥১০॥

অহং (আমি) সংজও (সঞ্জয়) অস্সীতি (আছি) ভগবং (হে ভগবান্) মে (আমাকে) বাহিরাহি (ব্যাহর=সম্ভাষণ করুন, কথা বলুন) অণগারে (সাধু) কুদ্ধে (ক্রুদ্ধ) (হইলে) তেএণ (তেজের দ্বারা=তপস্তেজের দ্বারা) ণরকোড়িও (নরকোটীকে=কোটী মনুষ্যকে) দহিজ্জ (দহন করেন=ভস্মসাৎ করেন) ॥১০॥

রাজা বলিল আমি সঞ্জয় নামক রাজা, হে ভগবান্ আমার সহিত বাক্যালাপ করুন। তপস্বী সাধু ক্রুদ্ধ হইলে তপস্তেজের দ্বারা কোটী কোটী মনুষ্যকে ভস্মসাৎ করিতে সমর্থ ॥১০॥

অভয়ং[১] পত্থিবা তুব্ভং[২], অভয়দায়া ভবাহি য়।
অণিচ্চে জীবলোগংমি, কিং হিংসাএ পসজ্জসি ॥১১॥

পত্থিবা (হে পার্থিব) তুব্ভং (তোমাকে) অভয়ং (অভয়) (দিলাম) য় (এবং তুমিও) অভয়দায়া (অভয়দাতা) ভবাহি (হও) অণিচ্চে (অনিত্য) জীবলোগংমি (জীবলোকে=সংসারে) হিংসাএ (হিংসাতে) কিং (কেন) পসজ্জসি (প্রসক্ত হইতেছ?) ॥১১॥

সাধু বলিলেন হে রাজন্ তোমাকে অভয় দিলাম, তুমিও অন্যান্য প্রাণীকে অভয় প্রধান কর। এই অনিত্য সংসারে তুমি কেন হিংসাতে আসক্ত হইতেছ? ॥১১॥

জয়া সব্বং পরিচ্চজ্জ, গংতব্বমবসস্স তে।
অণিচ্চে জীবলোগংমি, কিং রজ্জংমি পসজ্জসি ॥১২॥

জয়া (যখন) সব্বং (সমস্ত=স্ত্রীপুত্র ধনধান্যাদি) পরিচ্চজ্জ (পরিত্যাগ করিয়া) তে (তোমাকে) অবসস্স (অবশ হইয়া) গংতব্বং (যাইতে হইবে=পরলোকে গমন করিতে হইবে) (তখন) অণিচ্চে (অনিত্য) জীবলোগংমি (জীবলোকে=সংসারে) রজ্জংমি (রাজ্যতে) কিং পসজ্জসি (কেন আসক্ত হইতেছ?) ॥১২॥

যখন স্ত্রীপুত্ররাজ্যাদি সমস্ত পরিত্যাগ করিয়া ও বিবশ হইয়া পরলোকে যাইতে হইবে তখন এই অনিত্য সংসারে রাজ্যের প্রতি কেন আসক্ত হইতেছ? ॥১২॥

জীবিয়ং চেব রূবং চ, বিজ্জুসংপায়চংচলং।
জথ তং মুজ্ঝসী রায়ং, পেচ্চথং নাববুজ্ঝসী ॥১৩॥

রায়ং (হে রাজন্) জথ (যাহাতে) তং (তুমি) মুজ্ঝসী (মোহ প্রাপ্ত হইতেছ) (সেই) জীবিয়ং (জীবন) চেব (এবং) রূবং (রূপ)

১। 'অভও' টীকা ৩।

২। 'তুজ্ঝং' টীকা ৩।

বিজ্জুসংপায়চংচলং (বিদ্যুৎসম্পাত চঞ্চল=বিদ্যুতের আলোকের ন্যায় অস্থির) (তুমি) পেচ্চথং (প্রেত্যার্থ=পরলোকের প্রয়োজন) নাববুজ্ঝসী (বুঝিতে পারিতেছ না) ॥১৩॥

হে রাজন্, তুমি যাহাতে মোহিত হইয়া আছ সেই জীবন ও রূপ বিদ্যুতের আলোকের ন্যায় অস্থির। পরলোকের প্রয়োজন অর্থাৎ কি উপায়ে পরলোকে সুখ পাওয়া যাইবে তাহা তুমি জান না ॥১৩॥

দারাণি য সুয়া[১] চেব, মিত্তা য তহ বংধবা।
জীবংতমণুজীবংতি, মযং নাণুব্বযংতি[২] য ॥১৪॥

দারাণি (স্ত্রীগণ) য (ও) সুয়া (পুত্রগণ) চেব (এবং) মিত্তা (মিত্রগণ) তহ (তথা) বংধবা (আত্মীয়গণ) জীবংতমণুজীবংতি (জীবন্ত মনুষ্যের উপার্জনে জীবিকা নির্বাহ করে) য (কিন্তু) মযং (মৃতকে=সেই মনুষ্য মৃত হইলে) নাণুব্বযংন্তি (সঙ্গে গমন করে না) ॥১৪॥

কোন মনুষ্য জীবিত থাকিতে তাহার স্ত্রী, পুত্র, মিত্র ও বান্ধবাদি সকলে তাহার উপার্জনে জীবিকা নির্বাহ করে কিন্তু সে মৃত হইলে কেহই তাহার অনুগমন করে না ॥১৪॥

ণীহরংতি মযং পুত্তা, পিয়রং পরমদুক্খিয়া।
পিয়রো বি তহা পুত্তে, বংধূ রাযং তবং চরে ॥১৫॥

মযং (মৃত) পিয়রং (পিতাকে) পুত্তা (পুত্রগণ) পরমদুক্খিয়া (অত্যন্ত দুঃখিত হইয়াও) ণীহরংতি (নিষ্কাশন করিয়া দেয়=গৃহ হইতে বাহির করিয়া দেয়) পিয়রো বি (পিতা ও) তহা (তদ্রূপ) পুত্তে (পুত্রকে= মৃত পুত্রকে) (গৃহ হইতে বাহির করিয়া দেয়) বংধূ (বান্ধবগণ) (ও মৃত বান্ধবকে বাহির করিয়া দেয়) রাযং (হে রাজন্) (ইহা জানিয়া) তবং (তপস্যা) চরে (আচরণ কর) ॥১৫॥

মৃত পিতাকে পুত্রগণ পরম দুঃখিত হইয়াও গৃহ হইতে বাহির করিয়া দেয় তদ্রূপ পিতাও মৃত পুত্রকে এবং আত্মীয়গণও মৃত আত্মীয়গণকে বাহির করিয়া দেয়। অতএব হে রাজন্, তপস্যা আচরণ কর ॥১৫॥

১। 'সুতা' টীকা ২।

২। 'নাণুবয়ংতি' টীকা ২।

তও[১] তেণজ্জিএ দব্বে, দারে য পরিরক্খিএ।
কীলংতগ্গে[২] ণরা রায়ং[৩], হট্ঠতুট্ঠমলংকিয়া ॥১৬॥

রায়ং (হে রাজন্) তও (তৎপরে) তেণ (তাহার দ্বারা=সেই মৃত ব্যক্তির দ্বারা) অজ্জিএ (অর্জিত) দব্বে (দ্রব্যে) য (এবং) পরিরক্খিএ (পরিরক্ষিত=সংরক্ষিত) দারে (স্ত্রীতে=স্ত্রীর সহিত) অগ্গে (অন্য) ণরা (মনুষ্যগণ) হট্ঠতুট্ঠমলংকিয়া (হৃষ্টতুষ্ট ও অলঙ্কৃত হইয়া) কীলংত (ক্রীড়া করে=ভোগ করে) ॥১৬॥

হে রাজন্, তৎপরে সেই মৃত ব্যক্তির দ্বারা উপার্জিত ধনে ও তাহার সংরক্ষিত স্ত্রীর সহিত অন্য মনুষ্য হৃষ্ট, তুষ্ট ও বিভূষিত হইয়া ভোগ করে ॥১৬॥

তেণাবি জং কয়ং কম্মং, সুহং বা জই বা দুহং।
কম্মুণা তেণ সংজুত্তো, গচ্ছঈ[৪] উ পরং ভবং ॥১৭॥

তেণাবি (সেই মৃত মনুষ্যের দ্বারা) জং (যে সমস্ত) সুহং (শুভ=পুণ্য) জই বা (যদি বা=অথবা) দুহং (দুঃখপূর্ণ=পাপ, অশুভ) কম্মং (কর্ম) কয়ং (কৃত হইয়াছে) তেণ কম্মুণা (সেই সমস্ত কর্মের সহিত) সংজুত্তো (সংযুক্ত) (হইয়া) পরং ভবং (পরভবে) গচ্ছঈ (গমন করে) ॥১৭॥

সেই মৃত মনুষ্য জীবিত অবস্থায় যে সমস্ত পুণ্য ও পাপ কর্ম করিয়াছে সেই সকল কর্মের সহিত যুক্ত হইয়া সে পরলোকে গমন করে ॥১৭॥

সোঊণ তস্স সো ধম্মং, অণগারস্স অংতিএ।
মহয়া সংবেগণিব্বেয়ং[৫], সমাবণ্ণো ণরাহিবো ॥১৮॥

সো ণরাহিবো (সেই রাজা) তস্স (সেই) অণগারস্স (সাধুর) অংতিএ (অন্তিকে=নিকট) ধম্মং (ধর্ম) সোঊণ (শ্রবণ করিয়া) মহয়া (মহৎ=অত্যন্ত) সংবেগণিব্বেয়ং (সংবেগ ও নির্বেদ, সংবেগ=মুক্তিপ্রাপ্তির অভিলাষ, নির্বেদ=বৈরাগ্য) সমাবণ্ণো (সমাপন্ন=যুক্ত) (হইল) ॥১৮॥

১। 'ততো' টীকা ২।
২। 'কীলংতিগ্গে' টীকা ৪।
৩। 'রায়া' টীকা ২।
৪। 'গচ্ছতী' টীকা ২।
৫। "সংবেগো মোক্ষাভিলাষো নির্বেদঃ সংসারোদ্বিগ্নতা" টীকা ৩।

সেই নরাধিপ সাধুর নিকট ধর্ম শ্রবণ করিয়া অত্যন্ত বৈরাগ্য ও মোক্ষ প্রাপ্তির ইচ্ছা যুক্ত হইল ॥১৮॥

সংজও চইউং রজ্জং, ণিক্খংতো জিণসাসণে।
গদ্দভালিস্স[১] ভগবও, অণগারস্স অংতিএ ॥১৯॥

সংজও (সঞ্জয়) রজ্জং (রাজ্য) চইউং (ত্যাগ করিয়া) ভগবও (ভগবান্) গদ্দভালিস্স (গর্দভালি নামক) অণগারস্স (সাধুর) অংতিএ (নিকট) জিণসাসণে (জিনশাসনে=জৈন ধর্মে) ণিক্খংতো (নিষ্ক্রান্ত হইল=দীক্ষা গ্রহণ করিল) ॥১৯॥

সঞ্জয় রাজা রাজ্য ত্যাগ করিয়া ভগবান্ গর্দভালি নামক সাধুর নিকট জৈনধর্মে দীক্ষাগ্রহণ করিল ॥১৯॥

চিচ্চা রট্ঠং পব্বঈও ; খত্তিও পরিভাসঈ।
জহা তে দীসঈ রূবং, পসণ্ণং তে তহা মণে ॥২০॥

রট্ঠং (রাষ্ট্র) চিচ্চা (ত্যাগ করিয়া) পব্বঈও (প্রব্রজিত) খত্তিও (ক্ষত্রিয়= কোন ক্ষত্রিয় সাধু) (সঞ্জয় সাধুকে) পরিভাসঈ (প্রতিভাষণ করিল= সম্বোধন করিয়া বলিল) জহা (যেমন) তে (তোমার) রূবং (রূপ) দীসঈ (দৃষ্ট হইতেছে) তহা (তদ্রূপ) তে (তোমার) মণো (মন) পসণ্ণং (প্রসন্ন) ॥২০॥

রাজ্য ত্যাগ করিয়া দীক্ষাগৃহীত একজন ক্ষত্রিয় সাধু সঞ্জয় সাধুকে সম্বোধন করিয়া বলিল, হে সাধু তোমার বাহ্যাকৃতি যেমন দেখা যাইতেছে সেইরূপ তোমার মনও প্রসন্ন। (সঞ্জয় সাধু দীক্ষা গ্রহণের পর বিচরণ করিতে করিতে কোন সময়ে কোনস্থানে অন্য একজন ক্ষত্রিয় সাধু কর্তৃক সম্ভাষিত হইলেন) ॥২০॥

কিং ণামে কিং গুত্তে, কস্সট্ঠাএ ব মাহণে[২]।
কহং পড়িয়রসী বুদ্ধে, কহং বিণীয়ত্তি বুচ্চসি ॥২১॥

১। ধ্যানস্থ সাধু যাঁহার সহিত রাজার আলাপ হইতেছে তাঁহার নাম গর্দভালি।

২। "হিংসানিবৃত্তঃ প্রব্রজিত ইতি ভাবঃ" টীকা ২। "মা বধীত্যেবংরূপং মনোবাক্‌ক্রিয়াচ যস্যাসৌ মাহনঃ,...স চৈবংবিধঃ প্রব্রজিত এব সংভবত্যতঃ কিংবা প্রয়োজনমুদ্দিশ্য প্রব্রজিতঃ" টীকা ৩।

কিং ণামে (কি নাম ?) কিং গুত্তে (কি গোত্র ?) ব (ও) কস্সট্ঠাএ (কি প্রয়োজনে=কি কারণে ?) মাহণে (মাহন=মা হন অর্থাৎ হিংসা হইতে নিবৃত্ত, অথবা ব্রাহ্মণ, প্রব্রজিত) (হইয়াছ) কহং (কি প্রকারে ?) বুদ্ধে (বুদ্ধকে=আচার্যকে) পড়িয়রসী (সেবা করিতেছে) কহং (কি প্রকারে ?) বিণীয় ত্তি (বিনীত শাস্ত্রশিক্ষাপ্রাপ্ত) বুচ্চসি (কথিত হইতেছে) ॥২১॥

তোমার নাম কি ? গোত্র কি ? কি কারণে তুমি দীক্ষাগ্রহণ করিয়াছ ? কি প্রকারে তুমি আচার্যের সেবা কর ? এবং কেনই বা তুমি বিনীত বলিয়া কথিত হইতেছ ? ॥ ২১ ॥

সংজয়ো ণাম ণামেণং, তহা গুত্তেণ গোয়মো।
গদ্দভালী মমায়রিয়া, বিজ্জাচরণপারগা ॥২২॥

ণামেণং (নামে) সংজয়ো ণাম (সঞ্জয় নামধারী) তহা (তথা) গুত্তেণ (গোত্রে) গোয়মো (গৌতম) বিজ্জাচরণপারগা (বিদ্যাচরণপারগ=শ্রুত জ্ঞান ও চারিত্রের পারগামী) গদ্দভালী (গর্দভালী) মমায়রিয়া (আমার আচার্য) ॥২২॥

আমার নাম সঞ্জয় ও গোত্র গৌতম। শ্রুতজ্ঞান ও চারিত্রে পারগামী, গর্দভালী আমার আচার্য ॥২২॥

কিরিয়ং[১] অকিরিয়ং বিণয়ং, অণ্ণাণং[২] চ মহামুণী।
এএহিং চউহিং[২] ঠাণেহিং, মেয়ণ্ণে[৩] কিং পভাসঈ ॥২৩॥

১। "যে তাবৎ ক্রিয়াবাদিনস্তেঽস্তিক্রিয়াবিশিষ্টমাত্মানং মন্যমানা অপি বিভুরবিভুঃ কর্ত্তা অকর্ত্তা, মূর্ত্তোঽমূর্ত্তোঽসাবিত্যাদ্যেকান্তবাদমভ্যুপগতাঃ। কুৎসিতভাষণং চৈতৎ যুক্ত্যাগমবাধিতত্বাৎ। তথাহি বিভুত্বাদ্যঙ্গীকারে তল্লিঙ্গভূতচৈতন্যস্য সর্বতোপলম্ভপ্রসঙ্গঃ। অঙ্গুষ্ঠপর্বমাত্রাধিষ্ঠাতৃতায়াং স্বরূপাবিভুত্বৈকান্তে শরীরব্যাপি চৈতন্যানুপপত্তিরেবং কর্তৃত্বাদ্যনুপপত্তিরপি বাচ্যা। অক্রিয়াবাদিস্ত্বস্তিক্রিয়াবিশিষ্টমাত্মানং নেচ্ছন্ত্যেবৈতচ্চাসঙ্গততরম্। প্রত্যক্ষাদিপ্রমাণপ্রসিদ্ধত্বাৎ তস্য। বৈনয়িকবাদিনস্তু সুরনৃপতিযতিচতুষ্পদপক্ষিমকরাদিনমস্করণাবৃতিমভ্যুপগতাঃ। অন্যায্যং চৈতল্লোকে সময়ে চ গুণাধিকস্যৈব বিনয়যোগ্যত্বেন প্রসিদ্ধত্বাৎ, ইতরস্যাপ্রয়োজকত্বাৎ। অজ্ঞানবাদিনস্তু কীটসংখ্যাপরিজ্ঞানতুল্যেন কিমাত্মাদিজ্ঞানেন তপঃ প্রভৃতিকষ্টাদেবেষ্টসিদ্ধিরিতি প্রতিপন্নাঃ। ইদং চাত্যন্তম্ অযুক্তং, জ্ঞানং বিনা সৎপ্রবৃত্তেরপ্যনুপপত্তেঃ।

(ক্ষত্রিয় সাধু বলিলেন) মহামুণী (হে মহামুনি) কিরিয়ং (ক্রিয়া=আত্মার ও জীবাদি পদার্থের অস্তিত্ব স্বীকার করা) অকিরিয়ং (অক্রিয়া=আত্মার ও জীবাদি পদার্থের অস্তিত্ব স্বীকার না করা) বিণয়ং (বিনয়=সকলের প্রতি বিনয় অর্থাৎ নমস্কারাদি করিলেই মুক্তি হয় এরূপ একান্ত মত স্বীকার করা) অণ্ণাণং (অজ্ঞান=জ্ঞানের দ্বারা মুক্তি হয় না কিন্তু কেবলমাত্র তপস্যাদি কৃচ্ছ্রসাধনের দ্বারা মুক্তি হয় এরূপ একান্ত মত স্বীকার করা) এএহিং (এই) চউহিং (চারিপ্রকার) ঠাণেহিং (স্থানের দ্বারা=হেতুর দ্বারা) মেয়ণ্ণে (মেয়জ্ঞ=পদার্থজ্ঞ, যাহারা নিজের কল্পনানুসারে দ্রব্যের ব্যাখ্যা করে এইরূপ কুতীর্থ, অন্যমতাবলম্বী) কিং (কুৎসিত=তুচ্ছ) পভাসঈ (বলে) ॥২৩॥

ক্ষত্রিয় সাধু বলিলেন, হে মহামুনি, ক্রিয়া, অক্রিয়া, বিনয় ও অজ্ঞান এই চারিপ্রকার মতবাদ যাহা অন্য দার্শনিকগণ বলেন, তাহা তুচ্ছ অর্থাৎ তাহাদের সেই মত একান্তবাদ বলিয়া অগ্রাহ্য ॥২৩॥

অতঃ সর্বেধর্মী কুৎসিতং প্রভাষন্ত ইতি স্থিতম্" টীকা ২। জৈনশাস্ত্রে ক্রিয়াবাদ, অক্রিয়াবাদ, বিনয়বাদ ও অজ্ঞানবাদ এই চারিপ্রকার কুতীর্থিকদের মত উল্লিখিত আছে। ইহাদের সকলকেই একান্তবাদী ও ইহাদের মত গ্রাহ্য নহে এরূপ বলা হইয়াছে। ক্রিয়াবাদির ১৮০, অক্রিয়াবাদীর ৮৪, বিনয়বাদীর ৩২ এবং অজ্ঞানবাদীর ৬৭ প্রকার সর্বসমেত ৩৬৩ বিভেদ বা পাষণ্ডমতের কথা বলা হইয়াছে। বিস্তৃত বিবরণের জন্য সূত্রকৃদাঙ্গ, ১ শ্রুত, ১ অধ্যয়ন ১২ উদ্দেশ দ্রষ্টব্য। তুলনা—

কিরিয়া কিরিয়ং বেণইয়ণবাযং অণ্ণাণিযাণং পড়িয়চ্চ ঠাণং।
সে সব্ববায়ং ইতি বেয়ইত্তা উবট্ঠিএ সংজমদীহরায়ং ॥ সূত্রকৃদাঙ্গ,

১ শ্রুত, ৬ অধ্যয়ন, ২৭ শ্লোক। শ্রীযুক্ত জেকবী মহোদয় উত্তরাধ্যয়ন সূত্রের অনুবাদের ভূমিকায় ক্রিয়াবাদের মধ্যে জৈন, বৈশেষিক ও ন্যায়দর্শনকে অন্তর্ভুক্ত করিয়াছেন কিন্তু এই সূত্র ও পরবর্তী সূত্রগুলিতে ক্রিয়াবাদ, অক্রিয়াবাদ, বিনয়বাদ ও অজ্ঞানবাদকে একান্ত, মিথ্যাদর্শন ও নিরর্থক বলিয়া উল্লিখিত আছে, ইহাতে স্পষ্টই প্রতীয়মান হয় যে জৈনাচার্যগণ ক্রিয়াদিবাদকে জৈনদর্শনের অন্তর্ভুক্ত বলিয়া মনে করিতেন না।

২। 'চেব' টীকা ২।

৩। "মেয়ং প্রমেয়ং জীবাদি জানন্তীতি মেয়জ্ঞাঃ স্বাভিপ্রায়কল্পিতৈঃ ক্রিয়াদিভির্বস্তু-পরিচ্ছেদিন ইত্যর্থঃ" টীকা ২।

ইই পাউকরে বুদ্ধে, ণায়এ পরিণিব্বুএ[১]।
বিজ্জাচরণসংপণ্ণে, সচ্চে সচ্চপরক্কমে ॥২৪॥

ইই (এইরূপ) বুদ্ধে (বুদ্ধ) পরিণিব্বুএ (পরিনির্বৃত=যিনি কষায় অর্থাৎ রাগদ্বেষকে সম্পূর্ণরূপে শান্ত করিয়াছেন, রাগদ্বেষ রহিত) বিজ্জাচরণসংপণ্ণে (বিদ্যাচরণসম্পন্ন=জ্ঞানচারিত্রযুক্ত) সচ্চে (সত্য=সত্যভাষী) সচ্চপরক্কমে (সত্যপরাক্রম=সত্যবীর্যসম্পন্ন) ণায়এ (জ্ঞাতক=জ্ঞাতৃকুলোৎপন্ন, ভগবান্ মহাবীর) পাউকরে (বর্ণন করিয়াছেন।) ॥২৪॥

বুদ্ধ, রাগদ্বেষরহিত, জ্ঞান ও চারিত্রযুক্ত, সত্যভাষী ও সত্যবীর্যসম্পন্ন জ্ঞাতৃকুলোৎপন্ন ভগবান্ মহাবীর উক্ত প্রকারে ক্রিয়াদিবাদের বর্ণনা করিয়াছেন ॥২৪॥

পড়ংতি ণরএ ঘোরে, জে ণরা পাবকারিণো।
দিব্বং চ গইং গচ্ছংতি, চরিত্তা ধম্মমারিয়ং[২] ॥২৫॥

জে (যাহারা) পাবকারিণো (পাপকারী=অসত্য প্ররূপণকারী, অসত্য উপদেশ প্রদানকারী) ণরা (মনুষ্যগণ) (তাহারা) ঘোরে (ঘোর=ভীষণ) ণরএ (নরকে) পড়ংতি (পতিত হয়) চ (কিন্তু) আরিয়ং (আর্য=বীতরাগ-কথিত) ধম্মং (ধর্ম=সত্যপ্ররূপণরূপধর্ম, সত্যোপদেশ) চরিত্তা (আচরণ করিয়া) দিব্বং (দিব্য=স্বর্গ) গইং (গতি) গচ্ছংতি (গমন করে) ॥২৫॥

যাহারা ক্রিয়াবাদাদি অসত্য উপদেশ প্রদানকারী মনুষ্য তাহারা ভীষণ নরকে পতিত হয় কিন্তু যাহারা বীতরাগকথিত সত্যপ্ররূপণরূপ আর্যধর্ম পালন করে তাহারা স্বর্গতি প্রাপ্ত হয় ॥২৫॥

মায়াবুইয়মেয়ং[৩] তু, মুসাভাসা ণিরত্থিয়া।
সংজমোমাণো[৪] বি অহং, বসামি ইরিয়ামি য ॥২৬॥

এয়ং (এই=ক্রিয়াদিবাদিগণের) মায়াবুইয়ং (মায়োক্তং=কপটবাক্য) তু (কিন্তু) মুসাভাসা (মিথ্যাকথন) (ও) ণিরত্থিয়া (নিরর্থক=সত্যার্থরহিত)

১। 'পরিনিব্বুড়ে' টীকা ৩।
২। "ধর্মঃ শ্রুতধর্মাদিরনেকবিধঃ, ইহ চ সৎপ্ররূপণারূপঃ শ্রুতধর্ম এব তৎ" টীকা ৩।
৩। 'অবি সংজমমাণোত্তি' টীকা ১। "মায়য়া শাঠ্যেন বুইয়ংতি উক্তং মায়োক্তং" টীকা ৩।
৪। "সংযচ্ছন্নের উপরমন্নেব তদুক্ত্যাকর্ণনাদিভ্যঃ" টীকা ২।

অহং (আমি) সংজমমাণো (সংযত করিয়া=তাহাদের অসদুক্তি হইতে কর্ণাদিকে সংযত করিয়া) বসামি (অবস্থান করিতেছি) য (এবং) ইরিয়ামি (ভিক্ষার জন্য বিচরণ করি) ॥২৬॥

এই ক্রিয়াদিবাদিগণের কপটবাক্য অসত্য ও নিরর্থক। আমি ইহাদিগের অসদুক্তি হইতে কর্ণাদিকে সংযত করিয়া অবস্থান করি এবং ভিক্ষার জন্য বিচরণ করি ॥২৬॥

সব্বে তে বিইয়া মজ্ঝং, মিচ্ছাদিট্ঠী অণারিয়া।
বিজ্জমাণে পরে লোএ[১], সম্মং জাণামি অপ্পগং[২] ॥২৭॥

মজ্ঝং (আমার নিকট) তে সব্বে (তাহারা সকলে) মিচ্ছাদিট্ঠী (মিথ্যাদৃষ্টি= মিথ্যাদর্শনযুক্ত) (ও) অণারিয়া (অনার্য=সম্যক্ মার্গ হইতে চ্যুত) (বলিয়া) বিইয়া (বিদিত আছে) (আমি) পরেলোএ (পরলোকে) বিজ্জমাণে (বিদ্যমান) (আছে তাহা) সম্মং (সম্যক্ প্রকারে) জাণামি (জানি) অপ্পগং (আত্মাকে) (ও জানি) ॥২৭॥

সেই সকল ক্রিয়াদিবাদিগণ আমার নিকট মিথ্যাদর্শনযুক্ত ও সম্যক্মার্গ হইতে ভ্রষ্ট বলিয়া বিদিত আছে। পরলোক বিদ্যমান আছে তাহা আমি সম্যক্ প্রকারে জানি এবং আত্মা আছে তাহাও জানি ॥২৭॥

অহমাসী মহাপাণে[৩] জুইমং বরিসসওবমে[৪]।
জা সা পালী[৫], মহাপালী[৫] দিব্বা বরিসসওবমা ॥২৮॥

১। 'লোগে' টীকা ২।

২। 'অপ্পয়ং' টীকা ১।

৩। স্বর্গলোকের বিবরণের জন্য ৩।৩ সূত্রের ২নং পাদটীকা দ্রষ্টব্য।

৪। 'বাসসওবমে' টীকা ২।

৫। "পালিরিব পালিঃ...পল্যোপমপ্রমাণা মহাপালী 'সাগরোপমপ্রমাণা" টীকা ৩। পল্যোপম ও সাগরোপম ব্যাখ্যার জন্য ১০।৫ সূত্রের ৪নং পাদটীকা দ্রষ্টব্য। পঞ্চম স্বর্গের পূর্ণায়ু দশ সাগরোপম। "দশসাগরায়ুরহমাসমিত্যর্থঃ" টীকা ১।

"যোজনং বিস্তৃতঃ পল্যস্তথা যোজনমুৎসৃতঃ
সপ্তরাত্রপ্ররূঢ়াণাং কেশাগ্রাণাং সপূরিতঃ।
ততো বর্ষশতে পূর্ণে একৈকং কেশমুদ্ধরেৎ
ক্ষীয়তে যেন কালেন তৎ পল্যোপমমুচ্যতে ॥" টীকা ৩।

অহং (আমি) মহাপাণে (পঞ্চম স্বর্গ ব্রহ্মলোকের অন্তর্গত মহাপ্রাণ নামক বিমানে) জুইমং (দ্যুতিমান্) বরিসসওবমে (বর্ষশতোপম শতবর্ষজীবী মনুষ্যকে যেমন পরিপূর্ণ আয়ু ভোগ করিয়াছে বলা হয় তদ্রূপ সেই দেবলোকের পরিপূর্ণ আয়ুবিশিষ্ট) (দেবতা) আসী (ছিলাম) জা সা (যে) পালী মহাপালী (পল্যোপম ও সাগরোপম) (আয়ু তাহা) দিব্বা (দিব্য=দেব সম্বন্ধীয়) বরিসসওবমা (বর্ষশতোপমা মনুষ্যের শতবর্ষের ন্যায় পূর্ণায়ু) ॥২৮॥

আমি পঞ্চমস্বর্গে দ্যুতিমান্ ও পূর্ণায়ুবিশিষ্ট দেব ছিলাম, মনুষ্যের শতবর্ষের আয়ুকে যেমন পূর্ণায়ু বলা হয় তদ্রূপ দেবগণের আয়ুকে পল্যোপম ও সাগরোপম বলা হয়।

সে চুএ বংভলোগাও, মাণুস্সং ভবমাগএ।
অপ্পণো য় পরেসিং চ, আউং জাণে জহা তহা ॥২৯॥

সে (সেই আমি) বংভলোগাও (ব্রহ্মলোক হইতে=পঞ্চম স্বর্গ হইতে) চুএ (চ্যুত ইহয়া) মাণুস্সং ভবং (মনুষ্যভবে=মনুষ্যজন্মে) আগও (আগত) (হইয়াছি) অপ্পণো য় (আপনার=নিজের) পরেসিং চ (ও অন্যের) জহা (যেমন=যত বর্ষের) আউং (আয়ু) তহা (তেমন=সেই প্রকারে) জাণে (জানি) ॥২৯॥

আমি ব্রহ্মলোক হইতে চ্যুত হইয়া মনুষ্যজন্ম প্রাপ্ত হইয়াছি। আমি আমার নিজের ও অন্যের যাহার যে প্রকারের আয়ু তাহা ঠিক সেই প্রকারেই জানি অর্থাৎ যাহার যত বর্ষের আয়ু তাহা জানি ॥২৯॥

ণাণা রুইং[১] চ ছংদং[২] চ, পরিবজ্জিজ্জ সংজএ।
অণট্ঠা[৩] জেয় সব্বথা[৪], ইই বিজ্জামণুসংচরে ॥৩০॥

সংজএ (হে সঞ্জয়) ণাণা (নানাবিধ) রুইং (রুচি=ক্রিয়াবাদী প্রভৃতির মতের প্রতি অভিলাষ) চ (ও) ছংদং (ছন্দ=স্বকপোলকল্পিত মত)

১। "রুচিং চ প্রক্রমাৎ ক্রিয়াবাদ্যাদিমতবিষয়মভিলাষম্" টীকা ৩।

২। "ছন্দশ্চ স্বমতিকল্পিতমভিপ্রায়ম্" টীকা ৩।

৩। "নিষ্প্রয়োজনাঃ যে চ ব্যাপারা ইতি গম্যতে" টীকা ২। "অনর্থহেতবঃ" টীকা ৩।

৪। "সর্বত্র" টীকা ২। "সর্বার্থা অশেষহিংসাদয়ঃ" টীকা ১। "সর্বার্থা অশেষহিংসাদয়ঃ... যদ্বা সর্বত্র ক্ষেত্রাদৌ" টীকা ৩।

জে (যাহা) অণট্ঠা (অনর্থ=অনর্থের হেতু বা নিষ্প্রয়োজন) য় (ও) সব্বথা (সর্বার্থ=সমস্ত হিংসাদি অথবা সর্বত্র) পরিবজ্জিজ্জ (পরিবর্জন করিবে) ইই (এইরূপ) বিজ্জাং (বিদ্যা=সম্যক্ জ্ঞানরূপ বিদ্যা) অণুসংচরে (লক্ষ্য করিয়া চলিবে) ॥৩০॥

হে সঞ্জয়, ক্রিয়াবাদী প্রভৃতির নানাবিধ মতের প্রতি স্পৃহা ও স্বকপোল-কল্পনা এবং যাহা অনর্থের হেতু ও হিংসাত্মক ব্যাপার তাহা পরিত্যাগ করিবে। অথবা সর্বত্র নিষ্প্রয়োজন ব্যাপার পরিত্যাগ করিবে। এইরূপ সম্যক্ জ্ঞানকে লক্ষ্য করিয়া বিচরণ করিবে ॥৩০॥

পড়িক্কমামি পসিণাণং[১], পরমংতেহিং বা পুণো।
অহো উট্ঠিএ অহোরায়ং, ইই বিজ্জা তবং চরে ॥৩১॥

পসিণাণং (প্রশ্নসমূহ হইতে=শুভাশুভ সূচক নিমিত্ত শাস্ত্রের প্রশ্নসমূহ হইতে) বা পুণো (আবার) পরমংতেহিং (পরমন্ত্র হইতে=গৃহস্থাদির কার্যালোচনা হইতে) পড়িক্কমামি (নিবৃত্ত হইয়াছি) অহো (অহো) (যিনি) অহোরায়ং (অহোরাত্র) উট্ঠিএ (উত্থিত=ধর্মাচরণে উদ্যত) (তিনিই ধন্য) ইই (ইহা) বিজ্জা (জানিয়া) তবং চরে (তপস্যা আচরণ করিবে) ॥৩১॥

আমি নিমিত্তাদি শাস্ত্রের, শুভাশুভসূচক প্রশ্নাদি এবং গৃহস্থাদিগণের কার্যালোচনা হইতে নিবৃত্ত হইয়াছি। অহো, যিনি দিবারাত্র ধর্মকার্যে উদ্যত থাকেন তিনিই ধন্য। ইহা জানিয়া তপস্যা আচরণ করিবে ॥৩১॥

জং চ মে পুচ্ছসী কালে[২], সম্মং সুদ্ধেণ চেয়সা।
তাইং পাউকরে বুদ্ধে, তং ণাণং জিণসাসণে ॥৩২॥

(আয়ু সম্বন্ধীয় জ্ঞান আপনার কি প্রকারে হইল তাহা সঞ্জয় মুনি জিজ্ঞাসা করায় ক্ষত্রিয় বলিতেছেন) সম্মং (সম্যক্ প্রকার) সুদ্ধেণ (শুদ্ধ) চেয়সা (চিত্তে) জং চ (যে=যাহা) মে (আমাকে) কালে (কাল বিষয়ে=আয়ুর বিষয়ে) পুচ্ছসী (জিজ্ঞাসা করিতেছ) তাইং (তাহা) বুদ্ধে (সর্বজ্ঞ)

১। "শুভাশুভসূচকেভ্যোঽঙ্গুষ্ঠপ্রশ্নাদিভ্যঃ" টীকা ৩।

২। "কালে ইতি কালবিষয়মায়ুর্বিষয়ং জ্ঞানং" টীকা ১।

পাউকরে (প্রকট করিয়াছেন) তং (সেই) ণাণং (জ্ঞান) জিণসাসণে (জিনশাসনে=জিনধর্মে) (আছে) ॥৩২॥

হে সঞ্জয় মুনি, সম্যক্ প্রকার শুদ্ধচিত্তে যে আমাকে আয়ুজ্ঞান সম্বন্ধীয় প্রশ্ন করিয়াছ তদুত্তরে বলিতেছি যে তাহা সর্বজ্ঞ ভগবান্ কর্তৃক প্রকটিত হইয়াছে এবং সেই জ্ঞান জৈন শাস্ত্রে আছে ॥৩২॥

কিরিয়ং[১] চ রোয়এ[২] ধীরো, অকিরিয়ং[৩] পরিবজ্জএ।
দিট্ঠীএ[৪] দিট্ঠিসংপণ্ণো[৫], ধম্মং চর সুদুচ্চরং ॥৩৩॥

ধীরো (ধীর ব্যক্তি) কিরিয়ং (ক্রিয়া=আত্মার অস্তিত্ব অথবা মোক্ষমার্গ সাধনে আবশ্যক প্রতিক্রমণাদি ক্রিয়া) রোয়এ (অভিলাষ করিবে= অবলম্বন করিবে) অকিরিয়ং (অক্রিয়া=আত্মার নাস্তিত্ব ধারণা অথবা মিথ্যাদৃষ্টিগণের দ্বারা অনুষ্ঠিত অসম্যক্ ক্রিয়া, অজ্ঞান তপস্যাদি) পরিবজ্জএ (পরিবর্জন করিবে) দিট্ঠীএ (দৃষ্টির দ্বারা=সম্যক্ দর্শনরূপ দৃষ্টির দ্বারা, সম্যক্ দর্শনের দ্বারা) দিট্ঠিসংপণ্ণো (দৃষ্টিসম্পন্ন=সম্যক্ জ্ঞানাত্মিকা বুদ্ধি-সম্পন্ন, সম্যক্ জ্ঞান সম্পন্ন) (হইয়া) সুদুচ্চরং (সুদুশ্চর=যাহা আচরণ করা দুঃসাধ্য) ধম্মং (ধর্ম) চর (পালন কর) ॥৩৩॥

ধীর ব্যক্তি আত্মার অস্তিত্বে বিশ্বাস করিবে ও আত্মার নাস্তিত্বের ধারণা পরিত্যাগ করিবে। অথবা ধীর ব্যক্তি মোক্ষ সাধনে আবশ্যক প্রতিক্রমণাদি ক্রিয়া অবলম্বন করিবে ও মিথ্যাদৃষ্টিগণের আচরিত অসম্যক্ অনুষ্ঠানাদি পরিবর্জন করিবে। সম্যক্ দর্শন ও জ্ঞানাত্মিকা বুদ্ধিসম্পন্ন হইয়া সুদুশ্চর ধর্ম পালন কর ॥৩৩॥

১। "ক্রিয়াং জীবস্য বিদ্যমানতাং জীবসত্তাং অথবা ক্রিয়াং সম্যগনুষ্ঠানরূপাং প্রতিক্রমণ-প্রতিলেখনারূপাং মোক্ষমার্গসাধনভূতাং জ্ঞানসহিতাং ক্রিয়াম্" টীকা ১।

২। 'রোচএ' টীকা ১।

৩। "অক্রিয়াং জীবস্য নাস্তিত্বং জীবে জীবস্যাহবিদ্যমানতাং অথবা মিথ্যাত্বাদিভিঃ কল্পিতাং কষ্টক্রিয়ামজ্ঞানক্রিয়াম্" টীকা ১।

৪। "দৃষ্ট্যা সম্যগ্‌দর্শনাত্মিকয়া হেতুভূতয়া" টীকা ৩।

৫। "দৃষ্টিঃ বুদ্ধিঃ সা চেহ প্রস্তাবাৎসম্যগ্‌জ্ঞানত্মিকা এবং চ সম্যগ্‌দর্শনজ্ঞানান্বিতঃ সন্" টীকা ৩।

এয়ং পুণ্ণপয়ং[১] সোচ্চা, অত্থধম্মোবসোহিয়ং।
ভরহো[২] বি ভারহং বাসং, চিচ্চা কামাইং পব্বএ ॥৩৪॥

অত্থধম্মোবসোহিয়ং (অর্থধর্মোপশোভিত=মুক্তিরূপ অর্থ ও ধর্মের দ্বারা সুশোভিত) এয়ং (এইরূপ=পূর্বোক্তরূপ) পুণ্ণপয়ং (পুণ্যপদ=পবিত্র জিনাগম, জিনাগমের উপদেশ) সোচ্চা (শ্রবণ করিয়া) ভরহো বি (ভরত ও=প্রথম চক্রবর্তী ভরত ও) কামাইং (বিষয়ভোগ) (ও) ভারহং বাসং (ভারতবর্ষ=ভারতবর্ষের রাজ্য) চিচ্চা (পরিত্যাগ করিয়া) পব্বএ (প্রব্রজিত হইয়াছিলেন) ॥৩৪॥

মুক্তিরূপ অর্থ ও ধর্মের দ্বারা সুশোভিত পূর্বোক্তরূপ পবিত্র জিনাগমের উপদেশ শ্রবণ করিয়া ভরত চক্রবর্তী সমস্ত বিষয়ভোগ ও সম্পূর্ণ ভারতবর্ষের রাজ্য ত্যাগ করিয়া প্রব্রজ্যা গ্রহণ করিয়াছিলেন ॥৩৪॥

সগরো[৩] বি সাগরংতং, ভরহবাসং নরাহিবো।
ইস্সরিয়ং কেবলং হিচ্চা দয়াএ পরিণিব্বুড়ো ॥৩৫॥

১। "পুণ্যং চ তৎপদং চ পুণ্যপদং পুণ্যং পবিত্রমর্থান্নিষ্কলংকং নির্দূষণং অথবা পুণ্যং পুণ্য-হেতুভূতং এতাদৃশং পদং, পদ্যতে জ্ঞায়তে অর্থোনেনেতি পদং সূত্রং জিনোক্তমাগমম্" টীকা ১।

২। ভরত চক্রবর্তী—ইনি প্রথম তীর্থঙ্কর ভগবান্ ঋষভদেবের জ্যেষ্ঠপুত্র ও প্রথম চক্রবর্তী রাজা। রাজ্যভোগ করিতে করিতেই ইনি কেবলজ্ঞান প্রাপ্ত হন ও রাজ্য ত্যাগ করিয়া সংযম অবলম্বনপূর্বক মুক্তিলাভ করেন। ইঁহার নামেই ভারতবর্ষ নামকরণ হইয়াছে। শ্রীমদ্ভাগবতের উল্লিখিত জড়ভরতের উপাখ্যানের সহিত তুলনীয়। চক্রবর্তীর ব্যাখ্যার জন্য ১১।২১ সূত্রের ৬নং পাদটীকা দ্রষ্টব্য।

৩। অযোধ্যা নগরীর ইক্ষ্বাকুবংশীয় রাজা জিতশত্রুর বিজয়া নাম্নী রাজ্ঞীর গর্ভে উৎপন্ন পুত্রের নাম অজিত। ইনি পরে অজিতনাথ নামে দ্বিতীয় তীর্থঙ্কর হন। রাজা জিতশত্রুর সহোদর ভ্রাতা সুমিত্রের যশোমতী নাম্নী স্ত্রীর গর্ভে সগর নামক পুত্র উৎপন্ন হয়। অজিতনাথ দীক্ষাগ্রহণ করিবার সময় সগরকে রাজ্য প্রদান করেন। এই সগরই দ্বিতীয় চক্রবর্তী। ইঁহার ৬০ হাজার পুত্র ছিল, জ্যেষ্ঠের নাম জহ্নুকুমার। অষ্টাপদ পর্বতের চতুর্দিকে পরিখা খনন করিয়া গঙ্গানদীর প্রবাহ পরিবর্তন পূর্বক সেই জলের দ্বারা পরিখা পূর্ণ করিবার সময় দৃষ্টিবিষ সর্পের দৃষ্টির বিষে জহ্নুকুমার প্রমুখ ৬০ হাজার পুত্র ভস্মীভূত হয়। গঙ্গার প্লাবনে নিকটবর্তী ভূভাগ প্লাবিত হইলে সগর চক্রবর্তীর আদেশে তাঁহার পৌত্র জহ্নুকুমারের পুত্র ভগীরথ জলের গতি নিয়ন্ত্রণ করিয়া একদিকে প্রবাহিত ও সাগরে পাতিত করেন। সগর চক্রবর্তী পরে ভগীরথকে রাজ্য প্রদান করিয়া অজিতনাথের নিকট দীক্ষাগ্রহণ করেন ও মুক্তি প্রাপ্ত হন। ত্রিষষ্টি শলাকা পুরুষচরিত (ইংরেজী অনুবাদ) Vol. II, Chap. V ও VI দ্রষ্টব্য (গাইকোয়াড় ওরিয়েন্টেল সিরিজ) বাল্মীকি রামায়ণে উল্লিখিত সগর রাজার বৃত্তান্তের সহিত তুলনীয়।

সগরো (সগর=দ্বিতীয় চক্রবর্তী সগর) ণরাহিবো বি (নরাধিপ ও) সাগরংতং (সাগরান্ত=সমুদ্র পর্যন্ত) ভরহবাসং (ভারতবর্ষ) (ও) কেবলং (কেবল= পরিপূর্ণ) ইস্‌সরিয়ং (ঐশ্বর্য) হিচ্চা (ত্যাগকরিয়া) দয়াএ (দয়ার দ্বারা= সংযমের দ্বারা) পরিণিব্বুড়ো (পরিণিবৃত=মুক্ত) (হইলেন) ॥৩৫॥

দ্বিতীয় চক্রবর্তী সগর রাজাও আসমুদ্র ভারতবর্ষের রাজ্য ও পরিপূর্ণ ঐশ্বর্য ত্যাগ করিয়া সংযম গ্রহণপূর্বক মুক্ত হইলেন ॥৩৫॥

চইত্তা ভারহং বাসং, চক্কবট্টী মহড্‌ঢিও[১]।
পব্বজ্জামত্তুবগও[২], মঘবং[৩] ণাম মহাজসো ॥৩৬॥

মহাজসো (মহাযশ=মহাযশস্বী) মহড্‌ঢিও (মহর্দ্ধিক=মহাসমৃদ্ধিসম্পন্ন) মঘবং নাম (মঘব নামক) চক্কবট্টী (চক্রবর্তী=তৃতীয় চক্রবর্তী) ভারহং বাসং (ভারতবর্ষকে) চহিত্তা (ত্যাগ করিয়া) পব্বজ্জাং (প্রব্রজ্যা) অত্তুবগও (অভ্যুপগত=প্রাপ্ত) (হইলেন) ॥৩৬॥

মহাযশস্বী ও মহাসমৃদ্ধিসম্পন্ন মঘব নামক তৃতীয় চক্রবর্তী ভারতবর্ষের রাজ্য ত্যাগ করিয়া দীক্ষাগ্রহণ করিলেন ॥৩৬॥

সণংকুমারো[৪] মণুস্‌সিংদো, চক্কবট্টী মহড্‌ঢিও।
পুত্তং রজ্জে ঠবেঊণং[৫], সো বি রায়া তবং চরে ॥৩৭॥

মণুস্‌সিংদো (মনুষ্যেন্দ্র) মহড্‌ঢিও (মহর্দ্ধিক) চক্কবট্টী (চক্রবর্তী=চতুর্থ

১। 'মহিড্‌ঢিও' টীকা ৩।

২। 'পব্বজ্জমত্তুগও' টীকা ১ ও ৩।

৩। মঘব তৃতীয় চক্রবর্তী। ইঁহার পিতার নাম সমুদ্রবিজয় ও মাতা ভদ্রাদেবী। শ্রাবস্তী নগরীতে ইঁহার জন্ম হয়। ইনি চক্রবর্তী রাজা হন ও পরে পুত্রকে রাজ্য দিয়া দীক্ষাগ্রহণ করেন। আয়ুক্ষয়ে মৃত্যুপ্রাপ্ত হইয়া সনৎকুমার নামক তৃতীয় দেবলোকে দেবরূপে জন্মগ্রহণ করেন।

৪। ইনি চতুর্থ চক্রবর্তী, পিতার নাম অশ্বসেন, মাতা সহদেবী, কুরুজঙ্গল জনপদের অন্তর্গত হস্তিনাপুরে ইঁহার জন্ম হয় এবং পরে চক্রবর্তী রাজা হন। ইনি অত্যন্ত সুদর্শন ছিলেন। পরে রাজ্য ত্যাগ করিয়া দীক্ষা গ্রহণ করেন এবং পার্শ্বনাথ পাহাড়ে তপস্যা করিতে করিতে দেহ ত্যাগ করিয়া সনৎকুমার নামক তৃতীয় স্বর্গে দেবরূপে জন্ম গ্রহণ করেন। তথাকার আয়ু পূর্ণ হইলে মহাবিদেহ ক্ষেত্রে মনুষ্যরূপে জন্মগ্রহণ করিয়া মুক্তিপ্রাপ্ত হইবেন। তুলনা—ছান্দোগ্য উপনিষৎ, ৭, ১, ১, ২৬, ২।

৫। 'ঠবিত্তাণং' টীকা ৩।

চক্রবর্তী) সণংকুমারো (সনৎকুমার) পুত্তং (পুত্রকে) রজ্জে (রাজ্যে) ঠবেউণং (স্থাপন করিয়া) সো বি রায়া (সে রাজাও) তবং (তপস্যা) চরে (আচরণ করিলেন) ॥৩৭॥

মনুষ্যেন্দ্র, মহর্দ্ধিক, চতুর্থ চক্রবর্তী সনৎকুমার পুত্রকে রাজ্যে স্থাপন করিয়া সে রাজাও তপস্যা আচরণ করিলেন অর্থাৎ দীক্ষাগ্রহণ করিয়া তপস্যা করিতে লাগিলেন ॥৩৭॥

চইত্তা ভারহং বাসং, চক্কবট্টী মহড্ঢিও।
সংতি[১] সংতিকরো লোএ পত্তো গইমণুত্তরং ॥৩৮॥

মহড্ঢিও (মহাসমৃদ্ধিসম্পন্ন) লোএ (লোকে=মনুষ্যলোকে) সংতিকরো (শান্তিকর=শান্তিস্থাপনকারী) সংতি (শান্তি) চক্কবট্টী (চক্রবর্তী) ভারহংবাসং চইত্তা (পূর্ববৎ) অণুত্তরং গইং (অনুত্তরগতি=মুক্তি) পত্তো (প্রাপ্ত হইলেন) ॥৩৮॥

মহাসমৃদ্ধিসম্পন্ন, মনুষ্যলোকে শান্তি স্থাপনকারী শান্তি নামক চক্রবর্তী ভারতবর্ষের রাজ্য পরিত্যাগ করিয়া মুক্তিপ্রাপ্ত হইলেন ॥৩৮॥

ইক্খাগরায়বসভো, কুংথূ[২] ণাম ণরেসরো।
বিক্খায়কিত্তী ভয়বং[৩], পত্তো[৪] গইমণুত্তরম্[৫] ॥৩৯॥

ইক্খাগরায়বসভো (ইক্ষ্বাকুরাজবৃষভ=ইক্ষ্বাকুবংশীয় রাজগণের মধ্যে প্রধান) বিক্খায়কিত্তী (বিখ্যাতকীর্তি) ভয়বং (ভগবান্) কুংথূণাম (কুন্থু নামক)

১। ইনি পঞ্চম চক্রবর্তী ও ষোড়শ তীর্থঙ্কর। পিতার নাম বিশ্বসেন, মাতা অচিরা দেবী, হস্তিনাপুরে জন্মগ্রহণ করেন। প্রথমে চক্রবর্তী রাজা হন। তৎপরে রাজ্য ত্যাগ করিয়া তীর্থঙ্কর হন। জ্যৈষ্ঠ মাসের কৃষ্ণা ত্রয়োদশী দিনে পার্শ্বনাথ পর্বতে দেহত্যাগ করিয়া মুক্তিপ্রাপ্ত হন। জৈন শাস্ত্রে পার্শ্বনাথ পর্বত সম্মেত শিখর নামে পরিচিত।

২। ইনি ষষ্ঠ চক্রবর্তী ও সপ্তদশ তীর্থঙ্কর। পিতা হস্তিনাপুরের সূর নামক রাজা ও মাতা শ্রীদেবী। রাজ্যপ্রাপ্ত হইয়া সম্পূর্ণ ভারতবর্ষ জয় করিয়া চক্রবর্তী রাজা হন ও পরে দীক্ষা গ্রহণ করিয়া তীর্থঙ্কর হন। ইনি পার্শ্বনাথ পর্বতে মুক্তি প্রাপ্ত হন।

৩। 'ভগবং' টীকা ২। 'ধিইমং' টীকা ৩।

৪। 'মুক্খং' টীকা ৩।

৫। 'গও' টীকা ৩।

ণরেসরো (নরেশ্বর=চক্রবর্তী রাজা) অণুত্তরং গইং (অনুত্তরগতি=মুক্তি) পত্তো (প্রাপ্ত হইলেন) ॥৩৯॥

ইক্ষ্বাকুবংশের রাজগণের মধ্যে প্রধান, প্রথিতযশা, ভগবান্, কুন্থু নামক চক্রবর্তী রাজা মুক্তি প্রাপ্ত হইলেন ॥৩৯॥

সাগরংতং চইত্তাণং[১], ভরহং[২] ণরবরীসরো[৩]।
অরো[৪] য় অরয়ং[৫] পত্তো, পত্তো গইমণুত্তরং ॥৪০॥

সাগরংতং (সাগরান্ত) ভরহং (ভারতবর্ষ) চইত্তাণং (ত্যাগ করিয়া) ণরবরীসরো (নরবরেশ্বর=নরশ্রেষ্ঠ) অরো য় (অর ও) অরয়ং (অরত=রতিশূন্য, আসক্তিশূন্য অথবা অরজ=রজশূন্য, কর্মশূন্য) (অবস্থা) পত্তো (প্রাপ্ত হইলেন) (এবং) অণুত্তরং গইং (মুক্তি) পত্তো (প্রাপ্ত হইলেন) ॥৪০॥

আসমুদ্র ভারতবর্ষের রাজ্য পরিত্যাগ করিয়া নরশ্রেষ্ঠ অর নামক চক্রবর্তীও আসক্তিশূন্য অবস্থা প্রাপ্ত হইলেন এবং মুক্তি লাভ করিলেন ॥৪০॥

চইত্তা ভারহং[৬] বাসং[৬], চক্কবট্টী[৭] মহড্ঢিও[৭]।
চইত্তা[৮] উত্তমে ভোএ, মহাপউমো[৯] তবং চরে ॥৪১॥

১। 'জহিত্তাণং' টীকা ৩।

২। 'ভরহবাসং' টীকা ৩।

৩। 'নরেসরো' টীকা ৩।

৪। ইনি সপ্তম চক্রবর্তী ও অষ্টাদশ তীর্থঙ্কর। হস্তিনাপুরের সুদর্শন রাজার ঔরসে ও দেবীর গর্ভে জন্ম হয়। ইনি প্রথমে চক্রবর্তী রাজা হইয়া পরে তীর্থঙ্কর হন ও পার্শ্বনাথ পর্বতে মুক্তি লাভ করেন।

৫। "অরয়ং তি রতস্স রজসো বাহভাবরূপমরত মরজো বা" টীকা ৩।

৬। 'বিউলং রজ্জং' টীকা ৪।

৭। 'চইত্তা বলবাহণং' টীকা ৪।

৮। 'চিচ্চায়' টীকা ৩।

৯। মহাপদ্ম নবম চক্রবর্তী। হস্তিনাপুরে জন্ম, পিতা পদ্মোত্তর, মাতা জ্বালাদেবী। জ্যেষ্ঠভ্রাতার নাম বিষ্ণুকুমার। পিতা ও জ্যেষ্ঠভ্রাতা দীক্ষাগ্রহণ করিলে মহাপদ্ম রাজা হইয়া চক্রবর্তী হন। বিষ্ণুকুমার মুনি ঘোর তপস্যা করিয়া নানাপ্রকার যৌগিক বিভূতি সম্পন্ন হইয়াছিলেন। কোন সময়ে মহাপদ্ম তাঁহার ব্রাহ্মণ মন্ত্রী নমুচিকে রাজ্যপ্রদান করিয়া স্বয়ং অন্তঃপুরে থাকিতে লাগিলেন। নমুচি জৈনসাধুগণের উপর অত্যাচার আরম্ভ করিলে বিষ্ণুকুমার মুনি আসিয়া তাহাকে নিবৃত্ত করিতে চেষ্টা করিলেন কিন্তু সে নিবৃত্ত না হওয়ায় জৈন সাধুগণের

মহড্‌ঢিও (অত্যন্ত সমৃদ্ধিসম্পন্ন) মহাপউমো (মহাপদ্ম) চক্কবট্টী (চক্রবর্তী) ভারহং বাসং (ভারতবর্ষ) চইত্তা (ত্যাগ করিয়া) উত্তমে ভোএ (উত্তম বিষয়ভোগ) চইত্তা (ত্যাগ করিয়া) তবং (তপস্যা) চরে (আচরণ করিলেন) ॥৪১॥

মহা সমৃদ্ধিসম্পন্ন মহাপদ্ম নামক চক্রবর্তী রাজা ভারতবর্ষের রাজ্য ও উত্তম ভোগবিলাস পরিত্যাগ করিয়া দীক্ষাগ্রহণপূর্বক তপস্যা আচরণ করিলেন ॥৪১॥

এগছত্তং পসাহিত্তা, মহিং মাণণিসূরণো।
হরিসেণো[১] মণুস্‌সিংদো, পত্তো গইমণুত্তরং ॥৪২॥

মাণণিসূরণো (মাননিসূরণ=শক্রর অহঙ্কার দলনকারী) মণুস্‌সিংদো (মনুষ্যেন্দ্র= চক্রবর্তী) হরিসেণো (হরিষেণ নামক দশম চক্রবর্তী) মহিং (মহীকে= পৃথিবীকে) এগছত্তং (একছত্র=একছত্রাধীন) পসাহিত্তা (সম্পাদন করিয়া) অণুত্তরং গইং (অনুত্তরগতি=মুক্তি) পত্তো (প্রাপ্ত হইলেন ॥৪২॥

অরিমর্দন, মনুষ্যেন্দ্র হরিষেণ নামক দশম চক্রবর্তী পৃথিবীকে একছত্রাধীন করিয়া মুক্তিপ্রাপ্ত হইলেন ॥৪২॥

অণ্ণিও রায়সহস্‌সেহিং, সুপরিচ্চাঈ দমং চরে।
জয় ণামো[২] জিণক্‌খায়ং, পত্তো গইমণুত্তরং ॥৪৩॥

রায়সহস্‌সেহিং (সহস্র রাজগণের দ্বারা) অণ্ণিও (অন্বিত=যুক্ত, পরিবৃত)

অবস্থানের জন্য ত্রিপাদভূমি যাচনা করেন। নমুচি সম্মত হইলে ইনি নিজের শরীরকে বৃদ্ধি করিয়া প্রথম পাদে সমস্ত পৃথিবী, দ্বিতীয় ও তৃতীয়পাদে পূর্ব ও পশ্চিম সমুদ্র আচ্ছাদিত করিয়া নমুচিকে সিংহাসন হইতে ভূপাতিত করেন। মহাপদ্মের অনুনয়ে বিষ্ণুকুমার শান্ত হইলেন। রাজ্যভোগ করিবার পর মহাপদ্ম রাজ্যত্যাগ করিয়া দীক্ষাগ্রহণ করিলেন। বিষ্ণুপুরাণে বলী রাজার বৃত্তান্তের সহিত তুলনীয়।

১। কাম্পিল্য নগরে মহাহরি নামক রাজার ঔরসে মেরা দেবীর গর্ভে হরিষেণ জন্মগ্রহণ করেন। রাজ্যপ্রাপ্ত হইয়া দশম চক্রবর্তী হন। রাজ্য ভোগ করার পর পুত্রকে রাজ্য দিয়া দীক্ষা গ্রহণ করেন ও মুক্তিপ্রাপ্ত হন।

২। রাজগৃহ নগরে পিতা সমুদ্রবিজয় রাজা ও বপ্রা মাতার জয় নামক পুত্র হয়। ইনি একাদশ চক্রবর্তী হইয়া সম্পূর্ণ ভারতবর্ষের অধীশ্বর হইয়াছিলেন। পরে দীক্ষাগ্রহণ করিয়া মুক্তিপ্রাপ্ত হন। দ্বাদশজন চক্রবর্তীর মধ্যে এস্থলে দশ জনের নাম উল্লেখ করা হইয়াছে। অষ্টম সুভূম ও দ্বাদশ ব্রহ্মদত্ত দীক্ষাগ্রহণ করেন নাই বলিয়া তাঁহাদের নাম উল্লেখ করা হয় নাই।

সুপরিচ্চাঈ (সুপরিত্যাগী=ত্যাগী) জয় ণামো (জয় নামক একাদশ চক্রবর্তী) জিণক্খায়ং (জিনাখ্যাত=তীর্থঙ্করের কথিত) দমং (দম=সংযম) চরে (আচরণ করিলেন) (এবং) অণুত্তরং গইং (মুক্তি) পত্তো (প্রাপ্ত হইলেন) ॥৪৩॥

সহস্ররাজগণের দ্বারা পরিবৃত ত্যাগী জয় নামক একাদশ চক্রবর্তী রাজা তীর্থঙ্করের কথিত সংযম পালন করিলেন এবং মুক্তিপ্রাপ্ত হইলেন ॥৪৩॥

দসণ্ণরজ্জং মুইয়ং, চইত্তাণং মুণী চরে।
দসণ্ণভদ্দো[১] ণিক্খংতো, সক্খং সক্কেণ চোইও ॥৪৪॥

সক্খং (সাক্ষাৎ) সক্কেণ (শক্রের দ্বারা=ইন্দ্রের দ্বারা) চোইও (প্রেরিত) (হইয়া) মুইয়ং (মুদিত=সমৃদ্ধ) দসণ্ণরজ্জং (দশার্ণ রাজ্য) চইত্তাণং (ত্যাগ করিয়া) দসণ্ণভদ্দো (দশার্ণভদ্র রাজা) ণিক্খংতো (দীক্ষাগ্রহণ করিলেন) (এবং) মুণী (মুনি=তপস্বী) (হইয়া) চরে (বিচরণ করিলেন) ॥৪৪॥

সাক্ষাৎ ইন্দ্রের দ্বারা প্রেরণাপ্রাপ্ত হইয়া সমৃদ্ধ দশার্ণরাজ্য পরিত্যাগ-পূর্বক দশার্ণভদ্র রাজা দীক্ষাগ্রহণ করেন ও তপস্বী হইয়া বিচরণ করিতে লাগিলেন ॥৪৪॥

*ণমী ণমেই অপ্পাণং, সক্খং সক্কেণ চোইও।
চইউণ গেহং বইদেহী, সামণ্ণে পজ্জুবট্ঠিও ॥৪৫ ॥

(এই সূত্র নবম অধ্যয়নের ৬১ তম ও সে স্থলে ব্যাখ্যা করা হইয়াছে)

সাক্ষাৎ ইন্দ্রের দ্বারা প্রেরণাপ্রাপ্ত হইয়া বিদেহাধিপতি নমী রাজর্ষি নিজের আত্মাকে প্রণাম করিলেন এবং গৃহত্যাগ করিয়া শ্রমণধর্মে উদ্যুক্ত হইলেন ॥৪৫॥

১। দশার্ণদেশের রাজা দশার্ণভদ্র ভগবান্ মহাবীরের উপদেশে বৈরাগ্য প্রাপ্ত হইয়া রাজ্য ত্যাগ পূর্বক দীক্ষাগ্রহণ করেন। দশার্ণদেশের বিবরণের জন্য ১৩৬ সূত্রের ১নং পাদটীকা দ্রষ্টব্য।

* টীকা ৩। এই সূত্রটীকে প্রক্ষিপ্ত বলিয়াছেন।

করকংডু কলিংগেসু[১] পংচালেসু[২] য দুম্মুহো।
ণমীরায়া বিদেহেসু,[৩] গংধারেসু[৪] য ণগ্গঈ ॥৪৬॥

কলিংগেসু (কলিঙ্গদেশে) করকংডু (করকণ্ডূ রাজা) য (ও) পংচালেসু (পঞ্চাল দেশে) দুম্মুহো (দ্বিমুখ রাজা) বিদেহেসু (বিদেহ দেশে) ণমী রায়া (নমি রাজা) য (এবং) গংধারেসু (গান্ধার দেশে) ণগ্গঈ (নগাতি রাজা) (হইয়াছিলেন) ॥৪৬॥

কলিঙ্গদেশে করকণ্ডূ, পঞ্চালদেশে দ্বিমুখ, বিদেহদেশে নমি ও গান্ধারদেশে নগাতি নামক রাজা হইয়াছিলেন ॥৪৬॥

এএ ণরিংদবসভা, ণিকখংতা জিণসাসণে।
পুত্তে রজ্জে ঠবে[৫]ঊণ, সামণ্ণে পজ্জুবট্ঠিয়া ॥৪৭॥

এএ (এই চারিজন) ণরিংদবসভা (নরেন্দ্রবৃষভ=শ্রেষ্ঠরাজাগণ) জিণসাসণে জিনশাসনে=জৈন ধর্মে) ণিক্খংতা (নিক্রান্ত হইয়াছিলেন=দীক্ষাগ্রহণ করিয়া গৃহত্যাগ করিয়াছিলেন) (এবং) পুত্তে (পুত্রকে) রজ্জে (রাজ্যে) ঠবেঊণ (স্থাপন করিয়া) সামণ্ণে (শ্রামণ্যে=শ্রমণধর্মে) পজ্জুবট্ঠিয়া (পর্যুপস্থিত হইয়াছিলেন=উদ্যুক্ত হইয়াছিলেন) ॥৪৭॥

উক্ত চারিজন শ্রেষ্ঠ রাজাগণ জৈনমতে দীক্ষাগ্রহণ করিয়াছিলেন এবং পুত্রকে রাজ্যে স্থাপন করিয়া শ্রমণধর্মে উদ্যুক্ত হইয়াছিলেন ॥৪৭॥

সোবীররায়বসভো, চিচ্চা[৬] রজ্জং[৬] মুণী চরে।
উদায়ণো[৭] পব্বইও, পত্তো গইমণুত্তরং ॥৪৮॥

সোবীররায়বসভো (সৌবীর রাজ বৃষভ=সিন্ধুসৌবীর দেশের শ্রেষ্ঠ রাজা)

১। 'কলিংগাণং' টীকা ৩।

২। 'পংচালাণ' টীকা ৩।

৩। 'বিদেহাণং' টীকা ৩।

৪। 'গংধারাণ' টীকা ৩।

৫। 'ঠবিত্তাণং' টীকা ৩। এই চারিজন রাজাকে প্রত্যেকবুদ্ধ বলে।

৬। 'চইত্তাণ' টীকা ১ ও ৩।

৭। 'উদ্দায়ণো' টীকা ৩। ইনি সিন্ধু সৌবীর দেশের রাজা। সিন্ধুর দক্ষিণ ভাগে অবস্থিত কচ্ছদেশকে সৌবীর বলা হইত। সিন্ধু ও সৌবীর উভয়ে এক রাজার অধীনে থাকায় ইহাকে সিন্ধুসৌবীর বলা হইত। রাজধানীর নাম বীতভয়পুর। উদায়ন সিন্ধুসৌবীরাদি ষোড়শ প্রদেশের

উদায়ণো (উদায়ন) রজ্জং (রাজ্য) চিচ্চা (ত্যাগ করিয়া) পব্বইও (প্রব্রজিত হইলেন) (ও) মুণী চরে (মুনিধর্ম আচরণ করিলেন) (এবং) অণুত্তরংগইং (মোক্ষগতি) পত্তো (প্রাপ্ত হইলেন) ॥৪৮॥

সিন্ধুসৌবীর দেশের শ্রেষ্ঠ রাজা উদায়ন প্রব্রজিত হইয়া মুনিধর্ম আচরণ করিলেন ও মোক্ষগতি প্রাপ্ত হইলেন ॥৪৮॥

তহেব কাসীরায়া[১], সেও সচ্চপরক্কমো[২] ।
কামভোএ[৩] পরিচ্চজ্জ, পহণে কম্মমহাবণং ॥৪৯॥

তহেব (তদ্রূপ) সেওসচ্চপরক্কমো (শ্রেয়সত্যপরাক্রম=কল্যাণকারী সংযমে উদ্যমশীল) কাসীরায়া (নন্দন নামক সপ্তম বলদেব কাশীদেশের রাজা) কামভোএ (কামভোগ=বিষয়সুখ) পরিচ্চজ্জ (পরিত্যাগ কয়িয়া) কম্মমহাবণং (কর্মমহাবন=কর্মরূপ মহাবনকে) পহণে (উন্মূলন করিলেন) ॥৪৯॥

তদ্রূপ কল্যাণকারী সংযমে উদ্যমশীল কাশীদেশের রাজা নন্দন নামক সপ্তম বলভদ্র বিষয়ভোগ পরিত্যাগ করিরা কর্মরূপী ঘোর অরণ্যকে উন্মূলন করিলেন ॥৪৯॥

রাজা ছিলেন, এবং তাঁহার অধীনে দশজন সামন্ত রাজা ছিলেন। উদায়ন উজ্জয়িনীর রাজা চণ্ডপ্রদ্যোতকে যুদ্ধে পরাজিত ও ধৃত করিয়া রাজধানীতে লইয়া আসেন এবং কিছুকাল পরে ছাড়িয়া দেন। ভগবান্ মহাবীর বীতভয়পুরে আগমন করিলে উদায়ন রাজ্য ত্যাগ করিয়া তাঁহার নিকট দীক্ষাগ্রহণ করেন এবং তাঁহার ভাগিনেয় কেশিকুমারকে রাজ্য প্রদান করেন। বহুদিন যাবৎ সংযম পালন করিয়া কেবলজ্ঞান সম্পন্ন হইয়া মুক্তি প্রাপ্ত হন। পরে রাজধানী বীতভয়পুর ভস্মবৃষ্টি দ্বারা ধ্বংস প্রাপ্ত হয়। এই আখ্যায়িকার প্রথমার্ধের সহিত উল্লিখিত উদায়ন ও চণ্ডপ্রদ্যোতের আখ্যায়িকার কতক মিল দেখা যায়। শেষ অংশের সহিত দিব্যাবদান নামক বৌদ্ধগ্রন্থে উল্লিখিত রুদ্রায়নের আখ্যায়িকার কতক মিল দেখিতে পাওয়া যায়। অনুসন্ধিৎসু পাঠক জৈনমতে বর্ণিত উদায়নের আখ্যায়িকা উত্তরাধ্যায়নের ১নং ও ২নং টীকা হইতে এবং বৌদ্ধগ্রন্থে বর্ণিত উপাখ্যানগুলি তৎতৎ গ্রন্থ হইতে বিস্তৃতভাবে অবগত হইতে পারিবেন।

১। বারাণসী নগরীর অগ্নিশিখ নামক রাজার ঔরসে জয়ন্তী দেবীর গর্ভে নন্দন নামক পুত্র উৎপন্ন হয়। ইঁহার ভ্রাতা দত্ত বাসুদেব ছিলেন এবং ইনি বলদেব। নন্দন বলদেব দীক্ষা-গ্রহণ করেন, দীক্ষাগ্রহণ করিয়া কেবলজ্ঞান প্রাপ্ত হইয়া মুক্তি লাভ করেন। বাসুদেব ও বলদেবের বিবরণের জন্য ১১।২১ সূত্রের ৬নং পাদটীকা দ্রষ্টব্য।

২। "শ্রেয়সি অতিপ্রশস্তে সত্যে সংযমে পরাক্রমঃ সামর্থং যস্যাসৌ শ্রেয়ঃসত্যপরাক্রমঃ।"

৩। 'কামভোগে' টীকা ২ ও ৩।

তহেব বিজও[১] রায়া, আণট্ঠাকিত্তি[২] পব্বএ।
রজ্জং তু গুণসমিদ্ধং[৩], পয়হিত্তু[৪] মহাজসো ॥৫০॥

তহেব (তদ্রূপ) আণট্ঠাকিত্তি (আনষ্টাহকীর্তি=আনষ্ট অর্থাৎ বিনষ্ট হইয়াছে অকীর্তি যাহার, বিনষ্টাপযশ) মহাজসো (মহাযশ=মহাযশস্বী) বিজও রায়া (বিজয় রাজা) গুণসমিদ্ধং (গুণসমৃদ্ধ=কাম্যবিষয়ের দ্বারা পরিপূর্ণ) রজ্জং (রাজ্য) পয়হিত্তু (পরিত্যাগ করিয়া) পব্বএ (প্রব্রজ্যা গ্রহণ করিলেন) ॥৫০॥

তদ্রূপ বিনষ্টাপযশ, মহাযশস্বী বিজয় রাজা কাম্যবিষয়ের দ্বারা পরিপূর্ণ রাজ্য পরিত্যাগ করিয়া প্রব্রজ্যা গ্রহণ করিলেন ॥৫০॥

তহেবুগ্গং তবং কিচ্চা, অব্বক্খিত্তেণ চেয়সা।
মহাবলো[৫] রায়রিসী, অদ্দায়[৬] সিরসা সিরিং[৭] ॥৫১॥

তহেব (তদ্রূপ) অব্বক্খিত্তেণ (অব্যাক্ষিপ্ত=স্থির) চেয়সা (চিত্তের দ্বারা) উগ্গং (উগ্র) তবং (তপস্যা) কিচ্চা (করিয়া) মহাবলো (মহাবল নামক) রায়রিসী (রাজর্ষি) সিরসা (শিরসা=মস্তকের দ্বারা) সিরিং (শ্রী=চারিত্র-লক্ষ্মী অথবা মুক্তিরূপ শ্রী) অদ্দায় (প্রাপ্ত হইলেন) ॥৫১॥

১। 'বিজয়ও' টীকা ২। দ্বারাবতী নগরীতে ব্রহ্মরাজ নামক রাজার ঔরসে সুভদ্রা রাজ্ঞীর গর্ভে বিজয় উৎপন্ন হইয়াছিলেন। ইনি দ্বিপৃষ্ঠ নামক বাসুদেবের বড় ভ্রাতা। দীক্ষা গ্রহণ করিয়া মুক্তিলাভ করেন।

২। "আ সমন্তান্নষ্টা অকীর্ত্তির্যস্য স আনষ্টাকীর্ত্তিঃ অযশো রহিতঃ" টীকা ১।
"যদ্বা অনার্ত্তা সকলদোষবিগমতোঽবাধিতা কীর্ত্তিরস্যেত্যনার্ত্তকীর্ত্তিঃ" টীকা ৩।

৩। "গুণৈঃ সপ্তাঙ্গৈঃ পূর্ণং" স্বামী ১, অমাত্য ২, সুহৃৎ ৩, কোষ ৪, রাষ্ট্র ৫, দুর্গ ৬, বলানি ৭ চ রাজ্যাঙ্গানি, অথবা গুণৈরিন্দ্রিয়কামগুণৈঃ পূর্ণং" টীকা ১।

৪। 'পহিত্তু' টীকা ১।

৫। হস্তিনাপুরের বল নামক রাজা ও প্রভাবতী রাজ্ঞীর পুত্র মহাবল। ত্রয়োদশ তীর্থঙ্কর বিমলনাথের প্রপৌত্র ধর্মঘোষ আচার্যের নিকট দীক্ষা গ্রহণ করেন এবং সংযম ও তপস্যা আচরণ করিয়া দেহান্তে দেবতা হন। তথাকার আয়ুক্ষয় হইলে বাণিজ্যগ্রামে সুদর্শন নামক শ্রেষ্ঠী হন এবং ভগবান্ মহাবীরের নিকট দীক্ষা গ্রহণ করিয়া মুক্তিলাভ করেন। 'মহব্বলো' টীকা ১।

৬। 'আদায়' টীকা ১ ও ২। "অদ্দায় ত্তি আর্ষত্বাদ্ আদিতঃ গৃহীতবাংস্তদ্গমনে ন স্বীকৃতবান্" টীকা ৩।

৭। 'সিয়ং' টীকা ৩। "শ্রিয়ং সর্বোত্তমাং কেবললক্ষ্মীম্" টীকা ৩।

তদ্রূপ স্থিরচিত্তে উগ্র তপস্যাচরণ করিয়া মহাবল নামক রাজর্ষি মস্তকের দ্বারা অর্থাৎ বহুমান পূর্বক মুক্তিরূপ শ্রীকে প্রাপ্ত হইলেন ॥৫১॥

কহং ধীরো অহেউহিং[১], উম্মত্তো ব্ব মহিং চরে।
এএ বিসেসমাদায়[২], সূরা দঢ়পরক্কমা ॥৫২॥

এএ (এই সকল=উপরে লিখিত ভরতাদি পুরুষগণ) সূরা (শূর=ধৈর্যশালী) দঢ়পরক্কমা (দৃঢ়পরাক্রম=স্থিরবীর্য পুরুষগণ) বিসেসমাদায় (অন্যমত হইতে জিনমতের বৈশিষ্ট্য অবগত হইয়া) (জৈনদীক্ষা গ্রহণ করিয়াছিলেন অতএব) ধীরো (ধীরপুরুষ) অহেউহিং (অহেতুদ্বারা=ক্রিয়া, অক্রিয়াদি কুহেতু দ্বারা) উম্মত্তো ব্ব (উন্মত্তের ন্যায়) কহং (কেন) মহিং (পৃথিবীতে) চরে (বিচরণ করে) ॥৫২॥

উপরোক্ত ভরতাদি ধৈর্যশালী ও স্থিরবীর্য পুরুষগণ অন্যমত হইতে জিনমতের বৈশিষ্ট্য অবগত হইয়া জৈন দীক্ষা গ্রহণ করিয়াছিলেন। অতএব ধীর পুরুষ ক্রিয়াবাদ, অক্রিয়াবাদ প্রভৃতি বিপরীত ভাষণের দ্বারা উন্মত্তের ন্যায় পৃথিবীতে কেন বিচরণ করে ? ॥৫২॥

অচ্চংত[৩] ণিয়াণখমা, সচ্চা[৪] মে ভাসিয়া বঈ।
অতরিংসু তরিংতেগে, তরিস্সংতি অণাগয়া ॥৫৩॥

(হে সঞ্জয় মুনি) মে (আমার দ্বারা) সচ্চা (সত্য) বঈ (বাক্=বাণী) ভাসিয়া (কথিত হইয়াছে) (যাহা অবগত হইয়া) অচ্চংতণিয়াণখমা (অত্যন্ত-নিদানক্ষম=কর্মমলশোধনে সমর্থ) এগে (কতক পুরুষ) অতরিংসু (উত্তীর্ণ হইয়াছেন) তরিংতেগে (উত্তীর্ণ হইতেছেন) অণাগয়া (অনাগত কালে) তরিস্সংতি (উত্তীর্ণ হইবেন) ॥৫৩॥

হে সঞ্জয় মুনি, আমি সত্যভাষণ করিয়াছি, যাহা অবগত হইয়া কর্মমল

১। "অহেতুভিঃ ক্রিয়া অক্রিয়া বিনয় অজ্ঞানপ্রমুখৈঃ কুৎসিতহেতুভির্বিপরীতভাষণৈঃ" টীকা ১।

২। "বিশেষং বৈশিষ্ট্যমর্থান্মিথ্যাদর্শনেভ্যো জিনশাসনস্য" টীকা ২।

৩। "অত্যন্তনিদানক্ষমাঃ অত্যন্তং নিদানং কর্মমলশোধনং তত্র ক্ষমাঃ কর্মমলপ্রক্ষালন-সাবধানাঃ" টীকা ১।

৪। 'এসা' টীকা ৩।

শোধন করিতে সমর্থ পুরুষগণ সংসারসমুদ্র হইতে উত্তীর্ণ হইয়াছেন, উত্তীর্ণ হইতেছেন, এবং ভবিষ্যৎ কালেও উত্তীর্ণ হইবেন ॥৫৩॥

কহং ধীরো অহেঊহিং, অত্তাণং[১] পরিয়াবসে[২]।
সব্বসংগবিণিম্মুক্কে, সিদ্ধে হবই ণীরএ ॥৫৪॥ ত্তি বেমি।

ধীরো (ধীর ব্যক্তি) অহেঊহিং (অহেতুর=ক্রিয়াবাদাদি মিথ্যা কারণের) অত্তাণং (আত্মাকে) কহং (কেন) পরিয়াবসে (আবাস করে=আধার করে) সব্বসংগবিণিম্মুক্কে (সর্বসঙ্গবিনির্মুক্ত=সর্বপ্রকার আসক্তি শূন্য) ণীরএ (নীরজ=মলশূন্য, নির্মল, কর্মমলরহিত) (হইয়া) সিদ্ধে (সিদ্ধ) হবই (হয়) ॥৫৪॥ ত্তি বেমি (এইরূপ বলিতেছি)।

ধীর ব্যক্তি নিজের আত্মাকে ক্রিয়াবাদাদি মিথ্যা হেতুর আবাস কেন করে? যে মিথ্যা হেতুর আশ্রয়স্থল হয় না সে সর্বপ্রকার আসক্তি হইতে মুক্ত ও কর্মমলরহিত হইয়া সিদ্ধ হয় ॥৫৪॥ এইরূপ বলিতেছি।

ইতি সঞ্জয়ীয়, অষ্টাদশ অধ্যয়ন

১। 'অদ্দায়ং' টীকা ৩।

২। "কথং পর্য্যাবাসয়েৎ কুৎসিতহেতূনামাবাসমাত্মানং কথং কুর্য্যাৎ" টীকা ১।

মৃগাপুত্রীয়

একোনবিংশতিতম অধ্যয়ন

সুগ্‌গীবে ণয়রে রম্মে, কাণণুজ্জাণসোহিএ।
রায়া বলভদ্দ ত্তি, মিয়া তস্‌স্‌গ্‌গমাহিসী ॥১॥

কাণণুজ্জাণসোহিএ (কাননোদ্যানশোভিত=বন ও উদ্যানের দ্বারা শোভিত) রম্মে (রম্য=রমণীয়) সুগ্‌গীবে (সুগ্রীব নামক) ণয়রে (নগরে) বলভদ্দ ত্তি (বলভদ্র নামক) রায়া (রাজা) (ছিল এবং) তস্‌স (তাহার) অগ্‌গমাহিসী (অগ্রমহিষী=পট্টরাজ্ঞী) মিয়া (মৃগা নাম্নী) (ছিল) ॥.॥

বন ও উদ্যানের দ্বারা শোভিত রমণীয় সুগ্রীব নামক নগরে বলভদ্র নামক রাজা ও তাঁহার মৃগা নাম্নী পট্টরাজ্ঞী ছিল ॥১॥

তেসিং পুত্তে বলসিরী, মিয়াপুত্তে[১] ত্তি বিস্‌সুএ।
অম্মাপিউণ[২] দইএ, জুবরায়া দমীসরে[৩] ॥২॥

তেসিং (তাহাদের=রাজা ও রাজ্ঞীর) বলসিরী (বলশ্রী) (নামক) পুত্তে (পুত্র) (ছিল যে) মিয়াপুত্তে ত্তি (মৃগাপুত্র নামে) বিস্‌সুএ (বিশ্রুত=বিখ্যাত) (হইয়াছিল এবং যে) অম্মাপিউণ (মাতাপিতার) দইএ (দয়িত=বল্লভ) জুবরায়া (যুবরাজ) (ও) দমীসরে (দমীশ্বর=দমনকারিগণের অর্থাৎ রাজাগণের মধ্যে ঈশ্বর বা শ্রেষ্ঠ, রাজশ্রেষ্ঠ অথবা ভবিষ্যৎকালের অপেক্ষায় সংযমিগণের মধ্যে শ্রেষ্ঠ) (ছিল) ॥২॥

সেই রাজা ও রাজ্ঞীর বলশ্রী নামক পুত্র ছিল যে মৃগাপুত্র নামে বিখ্যাত হইয়াছিল এবং যে পিতামাতার অত্যন্ত প্রিয় ও রাজগণের বা বলবানগণের মধ্যে শ্রেষ্ঠ ও যুবরাজ ছিল ॥২॥

১। 'মিয়াপুত্তত্তি' টীকা ৩।

২। 'অম্মাপিউহিং' টীকা ৩।

৩। "দমিনঃ উদ্ধতদমনশীলাস্তে চ রাজানস্তেষামীশ্বরঃ প্রভুর্দমীশ্বরঃ যদ্বা দমিনঃ উপশমিনস্তেষাং সহজোপশমভাবত ঈশ্বরো দমীশ্বরঃ, ভাবিকালাপেক্ষং চৈতৎ" টীকা ৩।

ণংদণে[১] সো উ পাসাএ, কীলএ সহ ইত্থিহিং।
দেবো দোগুংদুগো[২] চেব, ণিচ্চং মুইয়মাণসো ॥৩॥

সো (সে=সেই মৃগাপুত্র) ণংদণে পাসাএ (নন্দন নামক প্রাসাদে) দোগুংদুগো দেবো চেব (দোগুন্দক দেবের ন্যায়) ণিচ্চং (নিত্য) মুইয়মাণসো (মুদিত-মানসো=হৃষ্টচিত্ত) (হইয়া) ইত্থিহিং সহ (স্ত্রীগণের সহিত) কীলএ (ক্রীড়া করিত) ॥৩॥

সেই মৃগাপুত্র নন্দন নামক প্রাসাদে হৃষ্টচিত্ত হইয়া দোগুন্দক দেবের ন্যায় নিত্য স্ত্রীগণের সহিত ক্রীড়া করিত ॥৩॥

মণিরয়ণকুট্টিমতলে, পাসায়ালোয়ণে ঠিও।
আলোএই[৩] ণগরস্স, চউক্কতিয়চচ্চরে[৪] ॥৪॥

মণিরয়ণকুট্টিমতলে (মণিরত্নকুট্টিমতলে=মণিরত্নজড়িত তল বা মেঝে বিশিষ্ট) পাসায়ালোয়ণে (প্রাসাদালোকনে সৌধ গবাক্ষে) ঠিও (স্থিত) (হইয়া) ণগরস্স (নগরের) চউক্কতিয়চচ্চরে (চতুষ্ক ত্রিক চত্বর=চতুষ্পথ, ত্রিপথ ও চত্বর) আলোএই (দেখিতে লাগিল) ॥৪॥

কোন সময়ে মণিরত্নজড়িততলযুক্ত প্রাসাদের গবাক্ষে বসিয়া মৃগাপুত্র নগরের চতুষ্পথ, ত্রিপথ ও চত্বরাদি দেখিতে লাগিল ॥৪॥

অহ তত্থ অইচ্ছংতং, পাসঈ সমণসংজয়ং।
তবণিয়মসংজমধরং, সীলড্ঢং গুণআগরং ॥৫॥

অহ (তদনন্তর) তত্থ (সেস্থলে) তবণিয়মসংজমধরং (তপ, নিয়ম ও সংযমধর) সীলড্ঢং (শীলাঢ্য=শীলসম্পন্ন, ব্রহ্মচর্যধারী) গুণআগরং (গুণাকর) সমণ-সংজয়ং (সংযত শ্রমণকে) অইচ্ছংতং (চলিয়া যাইতে) পাসঈ (দেখিল) ॥৫॥

১। "বিশিষ্টবাস্তুশাস্ত্রোক্তসম্যগ্‌লক্ষণোপেতে" টীকা ১।

২। "দোগুন্দকদেব ইব ত্রায়স্ত্রিংশৎসুর ইব ইন্দ্রস্য পূজ্যস্থানীয়া দেবাস্ত্রায়স্ত্রিংশকা দোগুন্দকা অপ্যুচ্যন্তে" টীকা ১। ইন্দ্রের মন্ত্রী বা পুরোহিতের কার্য যে সকল দেবগণ করে তাহাদিগকে ত্রায়স্ত্রিংশ বা দোগুন্দক দেব বলে। ইহারা অত্যন্ত ভোগপরায়ণ। "দোগুন্দকাশ্চ দেবা নিত্যং ভোগপরায়ণাঃ" টীকা ২।

৩। 'আলোইএ' টীকা ১।

৪। 'চউক্কত্তিয়চচ্চরে' টীকা ৪।

তৎপরে সেই মৃগাপুত্র তপ, নিয়ম ও সংযম ধর, শীলসম্পন্ন, গুণাকর, সংযত শ্রমণকে পথ অতিক্রমণ করিতে দেখিল ॥৫॥

তং দেহই[১] মিয়াপুত্তে, দিট্ঠীএ অণিমিস্‌সিএ[২]।
কহং মন্নেরিসং রূবং, দিট্ঠপুব্বং মএ পুরা ॥৬॥

মিয়াপুত্তে (মৃগাপুত্র) অণিমিস্‌সিএ (অনিমেষ) দিট্ঠীএ (দৃষ্টিতে) তং (সেই মুনিকে) দেহই (দেখিতে লাগিল) (এবং চিন্তা করিল যে) মন্নে (মন্যে=মনে হয়) মএ (আমার দ্বারা) এরিসং (এতাদৃশ) রূবং (রূপ=আকৃতি) পুরা (পূর্বজন্মে) কহং (কোথায়) দিট্ঠপুব্বং (দৃষ্টপূর্ব=পূর্বে দৃষ্ট হইয়াছে) ॥৬॥

মৃগাপুত্র অনিমেষ দৃষ্টিতে সেই মুনিকে দেখিতে লাগিল এবং চিন্তা করিল যে এরূপ আকৃতি পূর্বজন্মে আমি কোথায় দেখিয়াছি ॥৬॥

সাহুস্‌স দরিসণে তস্‌স, অজ্ঝবসাণংমি সোহণে।
মোহং গয়স্‌স, সংতস্‌স, জাঈসরণং সমুপন্নং ॥৭॥

সাহুস্‌স (সাধুর) দরিসণে (দর্শনে) তস্‌স (তাহার=মৃগাপুত্রের) সোহণে (শোভন=শুভ) অজ্ঝবসাণংমি (অধ্যবসায়ে) মোহং গয়স্‌স সংতস্‌স (মোহ প্রাপ্ত হইয়া=মূর্ছা প্রাপ্ত হইয়া) জাঈসরণং (জাতিস্মরণ জ্ঞান) সমুপন্নং (সমুৎপন্ন হইল) ॥৭॥

সাধুকে দেখিয়া সেই মৃগাপুত্রের শুভ অধ্যবসায়ের দ্বারা মূর্ছাপ্রাপ্ত হইয়া জাতিস্মরণ জ্ঞান সমুৎপন্ন হইল অর্থাৎ পূর্বজন্মের স্মৃতি জাগরিত হইল ॥৭॥

* জাঈসরণে সমুপ্পন্নে, মিয়াপুত্তে মহড্‌ঢিএ।
সরই পোরাণিয়ং জাইং, সামন্নং চ পুরা কয়ং[৩] ॥৮॥

জাঈসরণে (জাতিস্মরণ) সমুপ্পন্নে (সমুৎপন্ন হইল) মহড্‌ঢিএ (মহর্দ্ধিক)

১। 'পেহই' টীকা ৩।

২। 'অণিমিসাএ উ' টীকা ২ ও ৩।

* "দেবলোগচুও সংতো মাণুস্‌স ভবমাগও। সন্নিগাণে সমুপ্পন্নে জাইসরণং (জাইংসরই) পুরাণয়ং" ॥ সপ্তম সূত্রের পর এই সূত্রটী টীকা ১এ দেওয়া আছে। টীকা ৩। সূত্রটী দিয়া প্রক্ষিপ্ত বলিয়াছেন। কোন অর্থ করেন নাই।

৩। 'কড়ং' টীকা ১।

মহা সমৃদ্ধিসম্পন্ন) মিয়াপুত্তে (মৃগাপুত্র) পোরাণিয়ং (পৌরাণিকী=পুরাতন) জাইং (জাতি=জন্ম) চ (এবং) পুরা কয়ং (পূর্বকৃত=পূর্বাচরিত) সামণ্ণং (শ্রামণ্য=সাধুধর্ম, চারিত্র) সরই (স্মরণ করিল) ॥৮॥

জাতিস্মরণ জ্ঞান উৎপন্ন হইলে মহা সমৃদ্ধিসম্পন্ন মৃগাপুত্র পূর্বজন্ম এবং পূর্বাচরিত শ্রমণধর্ম স্মরণ করিল ॥৮॥

বিসএহিং[১] অরজ্জংতো, রজ্জংতো সংযমম্মি য়।
অম্মাপিয়য়ং উবাগম্ম, ইমং বয়ণমব্ববী ॥৯॥

বিসএহিং (বিষয়ে=ভোগবিষয়ে, ভোগ) অরজ্জংতো (আসক্তিবান্ না হইয়া) য় (ও) সংজমম্মি (সংযমে) রজ্জংতো (প্রীতিবান্ হইয়া) অম্মাপিয়রং (মাতাপিতার নিকট) উবাগম্ম (আগমন করিয়া) ইমং বয়ণং (এইরূপ বচন) অব্ববী (বলিল) ॥৯॥

ভোগে অনাসক্ত ও সংযমে প্রীতিবান্ হইয়া মৃগাপুত্র পিতামাতার নিকট আগমন করিয়া এইরূপ বচন বলিল ॥৯॥

সুআণি মে পংচ মহব্বয়াণি, ণরএসু দুক্খং চ তিরিক্খজোণিসু।
ণিব্বিণ্ণ কামোম্হি[২] মহণ্ণবাও, অণুজাণহ পব্বইস্সামি অম্মো ॥১০॥

অম্মো (হে মাতা) মে (আমাকর্তৃক) পংচ মহব্বয়াণি (পঞ্চ মহাব্রত) সুআণি (শ্রুত হইয়াছে=অন্যজন্মে শ্রুত হইয়াছে) ণরএসু (নরকে) চ (ও) তিরিক্খজোণিসু (তির্যগ্ যোনিতে) দুক্খং (দুঃখ) (শ্রুত হইয়াছে) মহণ্ণবাও (মহার্ণব হইতে=সংসার সমুদ্র হইতে) নিবিণ্ণকামোম্হি (নিবৃত্তাভিলাষ হইয়াছি=আমার আসক্তি নিবৃত্ত হইয়াছে) পব্বইস্সামি (প্রব্রজ্যা গ্রহণ করিব) অণুজাণহ (আজ্ঞা দেন) ॥১০॥

হে মাতা, আমি পূর্বজন্মে পঞ্চমহাব্রত কি তাহা শুনিয়াছি এবং নরক ও তির্যগ্ যোনির দুঃখের কথাও অবগত আছি। আমি সংসাররূপ মহাসমুদ্রের প্রতি বিগততৃষ্ণ হইয়াছি, আমি প্রব্রজ্যা গ্রহণ করিব, আমাকে আজ্ঞা দেন ॥১০॥

১। 'বিসএসু' টীকা ১ ও ৩।

২। 'মি' টীকা ২ ও ৩।

অম্মতায় মএ ভোগা, ভুত্তা বিসফলোবমা।
পচ্ছা কড়ুয়বিবাগা, অণুবংধদুহাবহা ॥১১॥

অম্মতায় (হে মাতাপিতা) বিসফলোবমা (বিষফলোপমা=বিষফলের ন্যায়) পচ্ছা (পশ্চাৎ) কড়ুয়বিবাগা (কটুকবিপাকা=পরিণামে দুঃখদায়ক) (ও) অণুবংধদুহাবহা (অনুবন্ধদুঃখাবহা=অনবচ্ছিন্ন দুঃখদায়ক) ভোগা (বিষয়-ভোগ) মএ (আমার দ্বারা) ভুত্তা (ভুক্ত হইয়াছে) ॥১১॥

হে মাতাপিতা বিষফলের ন্যায় আপাতমধুর অথচ পরিণামে দুঃখজনক ও অনবচ্ছিন্ন কষ্টদায়ক বিষয়ভোগ আমি ভোগ করিয়াছি ॥১১॥

ইমং সরীরং অণিচ্চং, অসুইং[১] অসুইসংভবং।
অসাসয়াবাসমিণং, দুক্খকেসাণ ভায়ণং ॥১২॥

ইমং (এই) সরীরং (শরীর) অণিচ্চং (অনিত্য) অসুইং (অশুচি) অসুইসংভবং (অশুচি সংভব=অপবিত্র শুক্রশোণিতাদি হইতে উৎপন্ন) (এবং) ইণং (ইহা) অসাসয়াবাসং (অশাশ্বতাবাস=যাহাতে অনিত্যকালের জন্য প্রাণ থাকে, ক্ষণভঙ্গুর) (ও) দুক্খকেসাণ (দুঃখ ক্লেশের) ভায়ণং (ভাজন) ॥১২॥

এই শরীর অনিত্য, অশুচি ও অপবিত্র পদার্থ হইতে উৎপন্ন এবং ইহা ক্ষণভঙ্গুর ও দুঃখক্লেশের ভাজন ॥১২॥

অসাসএ সরীরংমি, রইং নোবলভামহে[২]।
পচ্ছা পুরা ব চইয়ব্বে, ফেণবুব্বুয়সন্নিভে ॥১৩॥

পচ্ছা (পশ্চাৎ=বিষয়ভোগ ভোগ করিবার পর, বার্দ্ধক্যাদি অবস্থাতে) ব (ও) পুরা (পূর্ব=বিষয়ভোগ ভোগ করিবার পূর্বে বাল্যাদি অবস্থায়) চইয়ব্বে (ত্যক্তব্য=অবশ্য ত্যাজ্য) ফেণবুব্বুয়সন্নিভে (ফেণ বুদ্বুদ সন্নিভ=ফেন বুদ্বুদের ন্যায় ক্ষণস্থায়ী) অসাসএ (অশাশ্বত=ধ্বংসশীল) সরীরংমি (শরীরে) রইং (রতি=সুখ) ন উবল্‌ভামহে (প্রাপ্ত হইতেছি না) ॥১৩॥

যে শরীর পূর্বেই হউক বা পরেই হউক অবশ্য ত্যাগ করিতে হইবে

১। 'অসঈ' টীকা ১ ও ২।

২। 'নেবলভামিহং' টীকা ১। 'নোবল্‌ভামহং' টীকা ৩।

এবং যাহা ফেণবুদ্বুদের ন্যায় ক্ষণস্থায়ী এইরূপ ধ্বংসশীল শরীরে আমি সুখপ্রাপ্ত হইতেছি না ॥১৩॥

মাণুসত্তে অসারংমি, বাহীরোগাণ আলএ।
জরামরণঘথ্থংমি[১], খণংপি ন রমামহং[২] ॥১৪॥

অসারংমি (অসার) বাহীরোগাণ (ব্যাধি ও রোগের) আলএ (আলয়) জরামরণঘথ্থংমি (জরামরণগ্রস্ত=জরা ও মরণের দ্বারা আক্রান্ত) মাণুসত্তে (মনুষ্যত্বে=মনুষ্যজীবনে) খণংপি (ক্ষণকালের জন্যও) ন রমামহং (সুখ-প্রাপ্ত হইতেছি না) ॥১৪॥

অসার, ব্যাধি ও রোগের আধার ও জরামরণগ্রস্ত মনুষ্যজীবনে আমি ক্ষণকালের জন্যও প্রীতিপ্রাপ্ত হইতেছি না ॥১৪॥

জম্মং[৩] দুক্খং জরা দুক্খং, রোগাণি[৪] মরণাণি য়।
অহো দুক্খো হু সংসারো, জথ কীসংতি জংতুণো ॥১৫॥

জম্মং দুক্খং (জন্মদুঃখ=জন্মের দুঃখ) জরা দুক্খং (জরার জন্য দুঃখ) রোগাণি (রোগ) য় (ও) মরণাণি (মরণ) অহো (হায়) সংসারো (সংসার) দুক্খো হু (দুঃখময়) জথ (যেখানে) জংতুণো (প্রাণিগণ) কীসংতি (ক্লেশপ্রাপ্ত হইতেছে) ॥১৫॥

জন্মের দুঃখ, জরার দুঃখ, রোগ ও মরণের দুঃখ, হায়, এই সংসার দুঃখময় ; যেখানে প্রাণিগণ ক্লেশপ্রাপ্ত হইতেছে ॥১৫॥

খেত্তং বত্থুং হিরণ্ণং চ, পুত্তদারং চ বংধবা।
চইত্তাণং ইমং দেহং, গংতব্বমবসস্স মে ॥১৬॥

খেত্তং (ক্ষেত্র=ভূসম্পত্তি) বত্থুং (বাস্তু=গৃহ) হিরণ্ণং (স্বর্ণরৌপ্যাদি) চ (ও) পুত্তদারং (পুত্র ও স্ত্রী) চ (ও) বংধবা (ভ্রাতা প্রভৃতি আত্মীয়) ইমং (এই) দেহং (দেহ=শরীর) চইত্তাণং (ত্যাগ করিয়া) মে (আমাকে) অবসস্স (অবশ হইয়া=বিবশ হইয়া) গংতব্বং (যাইতে হইবে) ॥১৬॥

১। 'গথ্থংমি' টীকা ১।
২। 'রমামিহং' টীকা ১।
৩। 'জন্ম' টীকা ৩।
৪। 'রোগায়' টীকা ৩।

ভূসম্পত্তি, গৃহ, স্বর্ণরৌপ্যাদি, পুত্র, স্ত্রী, ভ্রাতাদি স্বজনগণ, এমনকি এই দেহও ত্যাগ করিয়া আমাকে বিবশ হইয়া যাইতে হইবে ॥১৬॥

জহা কিংপাগফলাণং, পরিণামো ন সুংদরো।
এবং ভুত্তাণ ভোগাণং, পরিণামো ন সুংদরো ॥১৭॥

জহা (যেমন) কিংপাগফলাণং (কিংপাক ফলের = বিষবৃক্ষের ফলের) পরিণামো (পরিণাম) ন সুংদরো (সুন্দর হয় না = সুখদায়ক হয় না) এবং (তদ্রূপ) ভুত্তাণ (ভুক্ত) ভোগাণং (বিষয়ভোগের) পরিণামো (পরিণাম) ন সুংদরো (সুখদায়ক নয়) ॥১৭॥

যেমন কিংপাক নামক বিষবৃক্ষের ফল সুস্বাদু হইলেও তাহার পরিণাম সুখদায়ক নয়, তদ্রূপ বিষয়ভোগ আপাতসুখদায়ক হইলেও তাহার পরিণাম সুখদায়ক নয় ॥১৭॥

অদ্ধাণং জো মহংতং তু, অপাহিজ্জো[১] পাবজ্জই।
গচ্ছংতো সে দুহী হোই, ছুহাতহ্হাই[২] পীড়িও ॥১৮॥

জো (যে) মহংতং (মহান্ত = দীর্ঘ) অদ্ধাণং (মার্গে) অপাহিজ্জো (অপাথেয় = পাথেয়রহিত, সম্বলরহিত) (হইয়া) পবজ্জই (গমন করে) সে (সে) গচ্ছংতো (যাইতে যাইতে) ছুহাতহ্হাই (ক্ষুধাতৃষ্ণার দ্বারা) পীড়িও (পীড়িত) (হইয়া) দুহী (দুঃখী) হোই (হয়) ॥১৮॥

যে দীর্ঘমার্গে সম্বলরহিত হইয়া গমন করে সে যাইতে যাইতে ক্ষুধাতৃষ্ণার দ্বারা পীড়িত হইয়া দুঃখ প্রাপ্ত হয় ॥১৮॥

এবং ধম্মং অকাউণং, জো গচ্ছই পরং ভবং।
গচ্ছংতো সে দুহী হোই, বাহীরোগেহিং পীড়িও ॥১৯॥

এবং (সেইরূপ) জো (যে) ধম্মং (ধর্ম) অকাউণং (না করিয়া) পরং ভবং (পর ভবে) গচ্ছই (গমন করে) সে (সে) গচ্ছংতো (যাইতে যাইতে) বাহীরোগেহিং (ব্যাধি ও রোগের দ্বারা) পীড়িও (পীড়িত) (হইয়া) দুহী হোই (দুঃখী হয়) ॥১৯॥

১। 'অপ্পহেও' টীকা ৪।

২। 'ছুহাতহ্হাহিং' টীকা ১।

সেইরূপ যে ধর্ম না করিয়া পরলোকে গমন করে সে যাইতে যাইতে ব্যাধি ও রোগের দ্বারা পীড়িত হইয়া দুঃখ প্রাপ্ত হয় ॥১৯॥

অদ্ধাণং জো মহংতং তু, সপাহিজ্জো[১] পবজ্জঈ।
গচ্ছংতো যে সুহী হোই, ছুহাতহ্হাবিবজ্জিও ॥২০॥

জো (যে) মহংতং অদ্ধাণং (দীর্ঘমার্গে) সপাহিজ্জো (পাথেয় সহিত) পবজ্জঈ (গমন করে) সে (সে) গচ্ছংতো (যাইতে যাইতে) ছুহাতহ্হা-বিবজ্জিও (ক্ষুধাতৃষ্ণাবিবর্জিত) (হইয়া) সুহী হোই (সুখী হয়) ॥২০॥

যে সম্বলসহিত দীর্ঘমার্গে গমন করে সে যাইতে যাইতে ক্ষুধাতৃষ্ণা বিবর্জিত হইয়া অর্থাৎ ক্ষুধাতৃষ্ণার দ্বারা পীড়িত না হইয়া সুখ প্রাপ্ত হয় ॥২০॥

এবং ধম্মংপি কাউণং, জো গচ্ছই পরং ভবং।
গচ্ছংতো সে সুহী হোই, অপ্পকম্মে অবেয়ণে ॥২১॥

এবং (সেইরূপ) ধম্মংপি কাউণং (ধর্ম করিয়া=ধর্মাচরণ করিয়া) জো (যে) পরং ভবং (পরভবে) গচ্ছই (গমন করে) সে (সে) গচ্ছংতো (যাইতে যাইতে) অপ্পকম্মে (অল্পকর্ম=অল্প পাপকর্মবিশিষ্ট) (ও) অবেয়ণে (অবেদন =বেদনা রহিত) (হইয়া) সুহী হোই (সুখী হয়) ॥২১॥

সেইরূপ ধর্মাচরণ করিয়া যে পরভবে গমন করে সে যাইতে যাইতে অল্প পাপকর্মবিশিষ্ট ও বেদনাশূন্য হইয়া সুখ প্রাপ্ত হয় ॥২১॥

জহা গেহে পলিত্তংমি, তস্স গেহস্স জো পহূ।
সারভংডাণি ণীণেই, অসারং অবউজ্ঝই ॥২২॥

জহা (যেমন) গেহে (গৃহ) পলিত্তংমি (প্রদীপ্ত হইলে=প্রজ্বলিত হইলে) তস্স গেহস্স (সেই গৃহের) জো (যে) পহূ (প্রভু) (সে) সারভংডাণি (সারভাণ্ডসমূহ=সারবস্তুসমূহ) ণীণেই (নিষ্কাশন করিয়া লয়=বাহির করিয়া লয়) অসারং (অকিঞ্চিৎকর দ্রব্য) অবউজ্ঝই (ত্যাগ করে) ॥২২॥

যেমন গৃহ প্রজ্বলিত হইলে সেই গৃহের প্রভু মূল্যবান্ দ্রব্যসমূহ বাহির করিয়া লয় ও অকিঞ্চিৎকর দ্রব্য ত্যাগ করে ॥২২॥

১। 'সপাহেও' টীকা ৪।

এবং লোএ পলিত্তংমি, জরাএ মরণেণ য়।
অপ্পাণং[১] তারইস্সামি, তুব্ভেহিং অণুমন্নিও ॥২৩॥

এবং (সেইরূপ) জরাএ (জরার দ্বারা) য় (ও) মরণেণ (মরণের দ্বারা) পলিত্তংমি (প্রজ্বলিত) লোএ (লোক হইতে=সংসার হইতে) তুব্ভেহিং (আপনাদের) অণুমন্নিও (অনুজ্ঞাপ্রাপ্ত হইলে) অপ্পাণং (আত্মাকে=আমার আত্মার ন্যায় সার পদার্থকে) তারইস্সামি (ত্রাণ করিব) ॥২৩॥

সেইরূপ জরা ও মরণের দ্বারা প্রজ্বলিত সংসার হইতে আপনাদের অনুজ্ঞা প্রাপ্ত হইলে আমার আত্মাকে পরিত্রাণ করিব ॥২৩॥

তং বিংতি[২] অম্মাপিয়রো,[২] সামণ্ণং পুও দুচ্চরং।
গুণাণং তু সহস্সাইং, ধরেয়ব্বাইং ভিক্খুণো[৩] ॥২৪॥

অম্মাপিয়রো (মাতাপিতা) তং (তাহাকে=মৃগাপুত্রকে) বিংতি (বলিল) পুও (হে পুত্র) সামণ্ণং (শ্রামণ্য=সাধুত্ব) দুচ্চরং (দুশ্চর=দুষ্কর) ভিক্খুণো (ভিক্ষুগণকে) সহস্সাইং (সহস্র) গুণাণং (গুণ) ধারেয়ব্বাইং (ধারণ করিতে হয়) ॥২৪॥

মাতাপিতা তাহাকে (মৃগাপুত্রকে) বলিল, হে পুত্র, সাধুধর্ম পালন করা দুষ্কর। ভিক্ষুগণকে সহস্র প্রকার সদ্‌গুণ ধারণ করিতে হয় ॥২৪॥

সময়া সব্বভূএসু, সত্তু মিত্তেসু বা জগে।
পাণাইবায়বিরঈ, জাবজ্জিবাএ দুক্করং ॥২৫॥

জগে (জগতে) সব্বভূএসু (সর্বভূতের প্রতি=সমস্ত জীবের প্রতি) বা (অথবা) সত্তুমিত্তেসু (শত্রু ও মিত্রের প্রতি) সময়া (সমতা=সমভাব) (ও) জাবজ্জিবাএ (যাবজ্জীব=আমরণ) পাণাইবায়বিরঈ (প্রাণাতিপাতবিরতি=জীবহিংসা হইতে বিরতি) দুক্করং (দুষ্কর) ॥২৫॥

হে পুত্র, ত্রিজগতের সমস্ত জীবের প্রতি বা শত্রু ও মিত্রের প্রতি সমভাব অবলম্বন করা ও যাবজ্জীবন জাবহিংসা হইতে বিরত হওয়া অত্যন্ত দুষ্কর ॥২৫॥

১। অপ্পাণে' টীকা ২।
২। 'বিংতহম্মাপিয়রো' টীকা ৩।
৩। 'ভিক্খুণা' টীকা ৩।

ণিচ্চকালপ্পমত্তেণং, মুসাবায়বিবজ্জণং।
ভাসিয়ব্বং হিয়ং সচ্চং, ণিচ্চাউত্তেণ দুক্করং ॥২৬॥

ণিচ্চকালপ্পমত্তেণং (নিত্যকালাপ্রমত্ত = নিত্যকাল অর্থাৎ সর্বদা অপ্রমত্ত অর্থাৎ প্রমাদশূন্য থাকিয়া) মুসাবায়বিবজ্জণং (মৃষাবাদ বিবর্জন = মিথ্যাভাষণ পরিত্যাগ) (এবং) ণিচ্চাউত্তেণ (নিত্যাযুক্ত, নিত্য = সদা, আযুক্ত = নিযুক্ত, সাবধান, সদা সাবধান থাকিয়া) হিয়ং (হিত = হিতকারী) সচ্চং (সত্য) ভাসিয়ব্বং (বলা) দুক্করং (দুষ্কর) ॥২৬॥

সর্বদা প্রমাদশূন্য থাকিয়া মিথ্যাভাষণ পরিত্যাগ এবং সদা সাবধান থাকিয়া হিতকারী সত্য কথা বলা দুষ্কর ॥২৬॥

দংতসোহণমাইস্স, অদত্তস্সবিবজ্জণং।
অণবজ্জেসণিজ্জস্স, গিহ্হণা অবি দুক্করং ॥২৭॥

দংতসোহণমাইস্স (দন্তশোধন আদি = দন্তকাষ্ঠ আদি) অদত্তস্স (অদত্ত দ্রব্যের) বিবজ্জণং (বিবর্জন) অণবজ্জেসণিজ্জস্স (অনবদ্যৈষণীয় = অনবদ্য অর্থাৎ নির্দোষ, এষণীয় অর্থাৎ আহার্য দ্রব্যাদি) গিহ্হণা অবি (গ্রহণও) দুক্করং (দুষ্কর) ॥২৭॥

দংতকাষ্ঠ (দাঁতন) আদি সামান্য দ্রব্যও প্রদত্ত না হইলে গ্রহণ না করা এবং নির্দোষ আহার্যদ্রব্যাদি গ্রহণ করা দুষ্কর ॥২৭॥

বিরঈ অবংভচেরস্স, কামভোগরসণ্ণুণা।
উগ্গং মহব্বয়ং বংভং, ধারেয়ব্বং সুদুক্করং ॥২৮॥

কামভোগরসণ্ণুণা (কামভোগরসজ্ঞের দ্বারা = যে পূর্বে কামভোগের রসাস্বাদন করিয়াছে এরূপ ব্যক্তির দ্বারা) অবংভচেরস্স (অব্রহ্মচর্যের = মৈথুনের) বিরঈ (বিরতি = পরিত্যাগ) (ও) উগ্গং (উগ্র = কঠোর) বংভং (ব্রহ্মচর্য) (রূপ) মহব্বয়ং (মহাব্রত) ধারেয়ব্বং (ধারণ করা) সুদুক্করং (সুদুষ্কর) ॥২৮॥

যে পূর্বে কামভোগের রসাস্বাদন করিয়াছে এরূপ কামভোগরসজ্ঞ ব্যক্তির দ্বারা মৈথুন হইতে বিরত হওয়া ও কঠোর ব্রহ্মচর্যরূপ মহাব্রত ধারণ করা অত্যন্ত দুষ্কর ॥২৮॥

ধণধণ্ণপেসবগ্গেসু, পরিগ্গহবিবজ্জণং।
সব্বারংভপরিচ্চাও, ণিম্মমত্তং সুদুক্করং ॥২৯॥

ধণধণ্ণপেসবগ্‌গেসু (ধনধান্যপ্রেষ্যবর্গে=ধন, ধান্য ও দাসদাসী প্রভৃতিতে) পরিগ্‌গহ (মোহবুদ্ধি=আসক্তি) বিবজ্জণং (বিবর্জন) (ও) সব্বারংভ-পরিচ্চাও (সর্বারম্ভপরিত্যাগ=সর্বপ্রকার ব্যাপারাদি পরিত্যাগ) ণিম্মমত্তং (নির্মমত্ব) সুদুক্করং (সুদুষ্কর) ॥২৯॥

ধন, ধান্য ও দাসদাসী প্রভৃতিতে আসক্তির বিবর্জন ও সর্বপ্রকার ব্যাপারাদি পরিত্যাগ এবং সম্পূর্ণ নির্মমত্ব অবলম্বন করা অত্যন্ত দুষ্কর ॥২৯॥

চউব্বিহে[১] বি আহারে, রাঈভোয়ণবজ্জণং[২] ।
সন্নিহীসংচও[৩] চেব, বজ্জেয়ব্বো সুদুক্করং ॥৩০॥

চউব্বিহে বি (চতুর্বিধ=চারিপ্রকার) আহারে (আহার্য দ্রব্যে) রাঈভোয়ণ-বজ্জণং (রাত্রিভোজন বর্জন) চেব (ও) সন্নিহীসংচও (সন্নিধিসঞ্চয়=ঘৃত-গুড় প্রভৃতি দ্রব্যকে নির্দিষ্টকালের অতিরিক্ত সময়ের জন্য রাখাকে সন্নিধি ও ভবিষ্যতের জন্য তাহা সঞ্চয় করা) বজ্জেয়ব্বো (বর্জন করা) সুদুক্করং (সুদুষ্কর) ॥৩০॥

চারিপ্রকার আহার্য দ্রব্যের রাত্রিকালে ভোজন পরিত্যাগ করা এবং নির্দিষ্টকালের অতিরিক্ত সময়ের জন্য রাখা ও সঞ্চয় করা রূপ কার্যের পরিত্যাগ অত্যন্ত দুষ্কর ॥৩০॥

ছুহা তহা য় সীউহ্হং, দংসমসগবেয়ণা[৪] ।
অক্কোসা দুক্কসিজ্জা য়, তণফাসা জল্লমেব য় ॥৩১॥

তাড়ণা তজ্জণা চেব, বহবংধপরীসহা ।
দুক্‌খং ভিক্‌খায়রিয়া, জায়ণা য় অলাভয়া[৫] ॥৩২॥

ছুহা (ক্ষুধা) তহা (তৃষ্ণা) সীউহ্হং (শীতোষ্ণ) দংসমসগবেয়ণা (দংশ ও

১। অশন, পান, খাদিম ও স্বাদিম এই চারি প্রকার খাদ্য। ভাত, রুটী প্রভৃতিকে অশন, দুগ্ধ জল প্রভৃতিকে পান, মিষ্টান্নাদিকে খাদিম ও লবঙ্গ এলাচ প্রভৃতিকে স্বাদিম বলা হয়।

২। 'বজ্জণা' টীকা ১ ও ৩।

৩। "ঘৃত গুড়াদেরুচিতকালাতিক্রমেণ স্থাপনং সন্নিধিঃ" টীকা ১।

৪। 'মসগা য়' টীকা ৩।

৫। 'অলাভ য়' টীকা ২।

মশক জনিত বেদনা) অক্কোসা (আক্রোশ=দুর্বচন) য় (ও) দুক্‌খসিজ্জা (দুঃখশয্যা=যে শয্যায় শয়ন করিলে দুঃখ প্রাপ্ত হয়, কঠিন, উচ্চ বা নীচ অসমান কষ্টদায়ক শয্যা) তণফাসা (তৃণস্পর্শ=তৃণের আসনে বসিলে তৃণ বিদ্ধ হওয়া) য় (ও) জল্লং এব (শরীরে মল সঞ্চয়) তাড়ণা (তাড়ন=চপেটাদির প্রহার) তজ্জণা (তর্জনা) বহবংধপরীসহা (বধ ও বন্ধরূপ পরীষহ, বধ=ষষ্ঠী প্রভৃতির দ্বারা প্রহার, বন্ধ=রজ্জু প্রভৃতির দ্বারা বন্ধন তদ্রূপ পরীষহ) ভিক্‌খায়রিয়া (ভিক্ষাচর্যাতে উৎপন্ন) দুক্‌খং (দুঃখ) জায়ণা (যাচনা) য় (ও) অলাভয়া (অলাভতা=ভিক্ষালাভ না করা) (এই সমস্ত পরীষহ হইতে উৎপন্ন দুঃখ সহ্য করা অত্যন্ত দুষ্কর) ॥৩১॥৩২॥

ক্ষুধা, তৃষ্ণা, শীতোষ্ণ, ডাঁশ ও মশক দংশন জনিত বেদনা, আক্রোশ, কষ্টদায়ক শয্যা, তৃণস্পর্শ, শরীরে মল সঞ্চয়, তাড়না, তর্জনা, প্রহার ও বন্ধন রূপ পরীষহ, ভিক্ষাচর্যার দুঃখ, যাচনা ও ভিক্ষালাভ না করা জনিত দুঃখ, এই সমস্ত সহ্য করা অত্যন্ত দুষ্কর।[১] ॥৩১॥৩২॥

কাবোয়া[২] জা ইমা বিত্তী, কেসলোও য় দারুণো।
দুক্‌খং বংভব্বয়ং ঘোরং, ধারেউং অ মহপ্পণা[৩] ॥৩৩॥

জা ইমা (যে ইহা) কাবোয়া (কাপোতী) বিত্তী (বৃত্তি=প্রাণধারণের উপায়) য় (ও) দারুণো (দারুণ=ভীষণ) কেসলোও (কেশলোচ=কেশোৎপাটন) ঘোরং (ঘোর) বংভব্বয়ং (ব্রহ্মব্রত=ব্রহ্মচর্যরূপ ব্রত) মহপ্পণা অ (মহাত্মাদের দ্বারা ও) ধারেউং (ধারণ করিতে=পালন করিতে) দুক্‌খং (দুঃখ=দুঃখজনক, দুষ্কর) (অথবা মহাত্মাদের আচরিত ব্রহ্মচর্য ধারণ করা অন্যান্য লোকের পক্ষে দুষ্কর, অথবা ঘোর ব্রহ্মচর্যব্রত পালন করা অমহাত্মা অর্থাৎ সামান্য লোকের পক্ষে দুষ্কর) ॥৩৩॥

এই যে কাপোতী বৃত্তি, ভীষণ কেশোৎপাটন ও ঘোর ব্রহ্মচর্যব্রত, মহাত্মাদের পক্ষেও পালন করা দুষ্কর ॥৩৩॥

১। এই সমস্ত পরীষেহর বিশেষ ব্যাখ্যার জন্য দ্বিতীয় পরীষহাধ্যয়ন দ্রষ্টব্য।

২। "কাপোতী যেয়ং বৃত্তির্নির্বহণোপায়ঃ। তে হি নিত্যং শঙ্কিতাঃ কণকীটাদিগ্রহণে প্রবর্ত্তন্তে, এবং ভিক্ষুরপ্যেষণাদোষশঙ্ক্যেব ভিক্ষাদৌ প্রবর্ত্ততে" টীকা ২।

৩। "অমহাত্মনা" টীকা ২। 'অমহপ্পণো' টীকা ২ ও ৩।

সুহোইও তুমং পুত্তা, সুকুমালো সুমজ্জিও।
ন হু সী পভূ তুমং পুত্তা, সামণ্ণং অণুপালিউং[১] ॥৩৪॥

পুত্তা (হে পুত্র) তুমং (তুমি) সুহোইও (সুখোচিত=সুখের যোগ্য, সুখভোগে অভ্যস্ত) সুকুমালো (সুকুমার=সুকোমল শরীর বিশিষ্ট) সুমজ্জিও (সুমজ্জিত=সুস্নাত, অথবা সুমার্জিত=সুপরিষ্কৃত) তুমং পুত্তা (হে পুত্র তুমি) সামণ্ণং (শ্রামণ্য=শ্রমণের ধর্ম) অণুপালিউং (অনুপালন করিতে=পালন করিতে) পভূ (প্রভু=সমর্থ) ন হু সী (নিশ্চয় হইবে না) ॥৩৪॥

হে পুত্র, তুমি সুখভোগে অভ্যস্ত, সুকোমল ও সুপরিষ্কৃত শরীর বিশিষ্ট। হে পুত্র, তুমি শ্রমণধর্ম পালন করিতে সমর্থ হইবে না ॥৩৪॥

জাবজ্জীবমবিস্সামো, গুণাণং তু মহত্তরো।
গুরুও লোহভারুব্ব, জো পুত্তা হোই দুব্বহো ॥৩৫॥

পুত্তা (হে পুত্র) জো (যাহা) জাবজ্জীবমবিস্সামো (যাবজ্জীবমবিশ্রাম=যাহাতে আজীবন বিশ্রাম পাওয়া যায় না এরূপ) গুণাণং (গুণসমূহ=যতি-ধর্মের নিয়ম সমূহ) মহত্তরো (মহাভারযুক্ত) লোহভারুব্ব (লৌহের ভারের ন্যায়) গুরুও (গুরু) দুব্বহো (দুর্বহ) হোই (হয়) ॥৩৫॥

হে পুত্র, যতিধর্মের নিয়ম পালন অত্যন্ত ভারযুক্ত অর্থাৎ কঠিন, লৌহের ভারের ন্যায় গুরু। ইহাতে আজীবন বিশ্রাম পাওয়া যায় না, ইহা অত্যন্ত দুর্বহ ॥৩৫॥

আগাসে[২] গংগসোউব্ব[২], পড়িসোউ ব্ব দুত্তরো।
বাহাহিং সাগরো চেব, তরিয়ব্বো গুণোদহী[৩] ॥৩৬॥

আগাসে (আকাশে) গংগসোউব্ব (গঙ্গাস্রোতের ন্যায়) (দুস্তর) (হিমালয় হইতে গঙ্গা প্রবাহ যে স্থলে ভূমিতে পতিত হইতে থাকে সে স্থলে তাহা পার হওয়া যেমন দুষ্কর) পড়িসোউব্ব (প্রতিস্রোতের ন্যায়=খরস্রোতের প্রতিকূলে পার হওয়া যেমন) দুত্তরো (দুস্তর) বাহাহিং (বাহুর দ্বারা) সাগরো চেব

১। 'সামণ্ণমণুপালিয়া' টীকা ৩ ও ৪।

২। "আকাশে গঙ্গায়াঃ স্রোতোবদ্ দুস্তরমিতি যোজ্যং যথা হিমাচলাৎপতদ্গঙ্গাপ্রবাহ-স্তরিতুমশক্যস্তথা সংযমো ধারিতুমশক্যঃ" টীকা ১। "আকাশে গঙ্গাস্রোতোবৎ দুস্তর ইতি যোজ্যতে লোকরূঢ্যা চৈতদুক্তং" টীকা ২।

৩। 'গুণোয়হী' টীকা ৩।

(সাগরের ন্যায়=সাগর পার হওয়া যেমন দুষ্কর) (তদ্রূপ) গুণোদহী (গুণোদধি=সংযমরূপ সমুদ্র) তরিয়ব্বো (পার হওয়া) (দুষ্কর) ॥৩৬॥

আকাশে গঙ্গাস্রোত যেমন দুস্তর অর্থাৎ হিমালয় হইতে পতিত হইবার স্থলে গঙ্গাস্রোত পার হওয়া যেমন দুষ্কর, খরস্রোতের প্রতিকূলে সন্তরণ দিয়া পার হওয়া যেমন দুষ্কর ও বাহুর দ্বারা সাগর পার হওয়া যেরূপ দুষ্কর তদ্রূপ সংযমরূপ সাগর পার হওয়া দুষ্কর ॥৩৬॥

বালুয়াকবলে চেব, ণিরস্সাএ উ সংজমে
অসিধারাগমণং চেব, দুক্করং চরিউং তবো[১] ॥৩৭॥

সংজমে (সংযম) বালুয়াকবলে চেব (বালুকাকবলের ন্যায়=বালুকার গ্রাসের ন্যায়) ণিরস্সাএ (নিরাস্বাদ=আস্বাদহীন) তবো (তপ=তপস্যা) চরিউং (আচরণ করা) অসিধারাগমণং চেব (অসিধারার উপর গমন করার ন্যায়) দুক্করং (দুষ্কর) ॥৩৭॥

সংযম বালুকার গ্রাসের ন্যায় আস্বাদহীন ও তপস্যা আচরণ করা অসিধারার উপর গমন করার ন্যায় দুষ্কর ॥৩৭॥

অহীবেগংতদিট্ঠীএ[২], চরিত্তে পুত্ত দুচ্চরে।
জবা লোহময়া চেব, চাবেয়ব্বা সুদুক্করং ॥৩৮॥

পুত্ত (হে পুত্র) অহীবেগংতদিট্ঠীএ (অহিরিবৈকান্তদৃষ্টিতে=সর্পের ন্যায় একদৃষ্টিতে অত্যন্ত একাগ্রতার সহিত) দুচ্চরে (দুশ্চর) চরিত্তে (চারিত্র=সংযম) লোহময়া (লৌহময়) জবা (যব) চাবেয়ব্বা চেব (চর্বণ করিবার ন্যায়) সুদুক্করং (সুদুষ্কর) ॥৩৮॥

হে পুত্র, সর্পের ন্যায় একদৃষ্টিতে অর্থাৎ অত্যন্ত একাগ্রতার সহিত দুরারাধ্য সংযম পালন লৌহময় যব চর্বণ করিবার ন্যায় অত্যন্ত দুষ্কর ॥৩৮॥

জহা অগ্গিসিহা দিত্তা, পাউং হোই সুদুক্করং।
তহ দুক্করং করেউং জে, তারুণ্ণে সমণত্তণং ॥৩৯॥

জহা (যেমন) দিত্তা (দীপ্ত=প্রদীপ্ত) অগ্গিসিহা (অগ্নিশিখা) পাউং (পান

১। 'তবে' টীকা ২।

২। "যথা সর্প একাগ্রদৃষ্ট্যা চলতি ইতস্ততশ্চ ন বিলোকয়তি তথা সাধুমার্গে সাধুশ্চরেৎ মোক্ষমার্গে দৃষ্টিং বিধায় চরেৎ" টীকা ১।

করা) সুদুক্করং (সুদুষ্কর) হোই (হয়) তহ (তদ্রূপ) জে (যে) তারুণ্ণে (তারুণ্যে=তরুণাবস্থায়) সমণত্তণং (শ্রমণত্ব=শ্রামণ্য, শ্রমণধর্ম) করেউং (করা=অঙ্গীকার করা) দুক্করং (দুষ্করং) ॥৩৯॥

যেমন প্রদীপ্ত অগ্নিশিখা পান করা অত্যন্ত দুষ্কর তদ্রূপ তরুণাবস্থায় শ্রমণধর্ম অঙ্গীকার করা দুষ্কর ॥৩৯॥

জহা দুক্খং ভরেউং জে, হোই বায়স্স কোত্থলো[১]।
তহা দুক্খং করেউং জে, কীবেণং সমণত্তণং ॥৪০॥

জহা (যেমন) কোত্থলো (বস্ত্রনির্মিত আধার বা থলে) বায়স্স (বায়ুর দ্বারা) ভরেউং (ভরা) দুক্খং (দুঃখজনক=দুষ্কর) তহা (তদ্রূপ) কীবেণ (ক্লীবের দ্বারা=হীনবীর্য পুরুষের দ্বারা) সমণত্তণং (শ্রমণধর্ম) করেউং (পালন করা) দুক্খং (দুঃখজনক) ॥৪০॥

যেমন বস্ত্রনির্মিত থলে বায়ুর দ্বারা পূরণ করা দুষ্কর তদ্রূপ হীনবীর্য পুরুষের দ্বারা শ্রমণধর্ম পালন করা দুষ্কর ॥৪০॥

জহা তুলাএ তোলেউং, দুক্করং মংদরো গিরি।
তহা ণিহুয়[২] ণিস্সংকং, দুক্করং সমণত্তণং ॥৪১॥

জহা (যেমন) মংদরো গিরি (মন্দর গিরি=মেরুপর্বত) তুলাএ (তুলাদণ্ডে) তোলেউং (তোলয়িতুং=ওজন করা, পরিমাপ করা) দুক্করং (দুষ্কর) তাহা (তদ্রূপ) ণিহুয় (নিভৃত=নিশ্চল, বিষয়াদির অভিলাষের দ্বারা যাহার চিত্ত বিক্ষুব্ধ হয় না) ণিস্সংকং (নিঃশঙ্ক=শঙ্কারহিত) (হইয়া) সমণত্তণং (শ্রমণত্ব=শ্রমণ ধর্ম) (পালন করা) দুক্করং (দুষ্কর) ॥৪১॥

যেমন মেরুপর্বতকে তুলাদণ্ডে পরিমাপ করা দুষ্কর তদ্রূপ বিষয়াদির দ্বারা অবিক্ষুব্ধ ও শঙ্কারহিত হইয়া শ্রমণধর্ম পালন করা দুষ্কর ॥৪১॥

জহা ভুয়াহিং তরিউং, দুক্করং রয়ণায়রো।
তহা অণুবসংতেণং, দুক্করং দমসায়রো ॥৪২॥

১। 'কুত্থলো' টীকা ১। "বস্ত্রময়ং ভাজনং" টীকা ১। হিন্দিতে 'কোথলা' বা 'কোথলী' বলে।

২। "নিভৃতং নিশ্চলং বিষয়াভিলাষাদিভিরক্ষোভ্যং" টীকা ৩।

জহা (যেমন) রয়ণায়রো (রত্নাকর=সমুদ্র) ভুয়াহিং (ভুজের দ্বারা=বাহুর দ্বারা) তরিউং (পার হওয়া) দুক্করং (দুষ্কর) তহা (তদ্রূপ) অণুবসংতেণং অনুপশান্ত ব্যক্তির দ্বারা=যাহার ক্রোধাদি কষায় উপশান্ত হয় নাই এরূপ ব্যক্তির দ্বারা) দমসায়রো (দমসাগর=দম অর্থাৎ ইন্দ্রিয়দমন, সংযমরূপ সাগর) পার হওয়া দুক্করং (দুষ্কর) ॥৪২॥

যেমন সমুদ্র বাহুর দ্বারা পার হওয়া দুষ্কর তদ্রূপ যাহার ক্রোধাদি কষায় উপশান্ত হয় নাই এরূপ ব্যক্তির দ্বারা সংযমরূপ সাগর পার হওয়া দুষ্কর ॥৪২॥

ভুংজ মাণুস্সএ ভোএ, পংচলক্খণএ তুমং।
ভুত্তভোগী তও জায়া, পচ্ছা ধম্মং চরিস্সসি ॥৪৩॥

জায়া (হে পুত্র) তুমং (তুমি) পংচলক্খণং (পঞ্চলক্ষণ=শব্দ, রূপ, রস, গন্ধ ও স্পর্শ এই পাঁচ প্রকার লক্ষণ বিশিষ্ট) মাণুস্সএ (মনুষ্য সম্বন্ধীয়) ভোএ (ভোগ=বিষয়সুখ) ভুংজ (ভোগ কর) ভুত্তভোগী (ভুক্তভোগী) (হইয়া) তও পচ্ছা (তাহার পরে) ধম্মং (ধর্ম) চরিস্সসি (আচরণ করিও) ॥৪৩॥

হে পুত্র, তুমি শব্দাদি পাঁচ প্রকার লক্ষণ বিশিষ্ট মনুষ্য সম্বন্ধীয় বিষয়সুখ ভোগ কর। বিষয়সুখ ভোগ করিয়া তাহার পরে ধর্ম আচরণ করিও ॥৪৩॥

সো বিংতম্মাপিয়রো, এবমেয়ং জহা ফুড়ং।
ইহ লোএ ণিপ্পিবাসস্স, নত্থি কিংচি বি দুক্করং ॥৪৪॥

সো (সে মৃগাপুত্র) বিংতি (বলিল) অম্মাপিয়রো (হে মাতাপিতা) জহা (যেমন) (আপনারা বলিয়াছেন তাহা) এবমেয়ং (এইরূপই) (এবং) ফুড়ং (স্ফুট=প্রকট, সত্য (কিন্তু) ণিপ্পিবাসস্স (ণিপ্পিপাস=নিস্পৃহ, বিগত-তৃষ্ণ) (ব্যক্তির) ইহ লোএ (এই সংসারে) কিংচি বি (কিছুমাত্রও) দুক্করং (দুষ্কর) নত্থি (নাই) ॥৪৪॥

মৃগাপুত্র বলিল, হে পিতামাতা, আপনারা যাহা বলিয়াছেন তাহা এইরূপই সত্য। কিন্তু বিগততৃষ্ণ ব্যক্তির পক্ষে এই সংসারে দুষ্কর কিছুই নাই ॥৪৪॥

সারীর মাণসা চেব বেয়ণাও অণংতসো।
মএ সোঢ়াও ভীমাও, অসইং দুক্খভয়াণি য ॥৪৫॥

মএ (আমার দ্বারা) সারীর মাণসা (শারীরিক ও মানসিক) ভীমাও (ভীষণ) বেয়ণাও (বেদনা) অণংতসো (অনন্তবার) সোঢ়াও (সহ্য হইয়াছে) য় (এবং) দুক্খভয়াণি (দুঃখ ও ভয়) অসইং (অসকৃৎ=বারংবার (সহ্য করা হইয়াছে) ॥৪৫॥

আমি শারীরিক ও মানসিক ভীষণ বেদনা অনন্তবার সহ্য করিয়াছি এবং দুঃখ ও ভয় বারংবার সহ্য করিয়াছি ॥৪৬॥

জরামরণকংতারে, চাউরংতে ভয়াগরে।
মএ সোঢ়াণি ভীমাণি, জন্মাণি মরণাণি য ॥৪৬॥

জরামরণকংতারে (জরামরণের ভীষণ বনে) ভয়াগরে (ভয়াকর=ভয়ানক বিপদসঙ্কুল) চাউরংতে (চাতুরন্ত সংসারে=দেব, মনুষ্য, নরক ও তির্যক্ এই চারি প্রকার গতিযুক্ত সংসারে) ভীমাণি (কষ্টপ্রদ) জন্মাণি (জন্ম) য (ও) মরণাণি (মরণ) মএ (আমার দ্বারা) সোঢ়াণি (সহ্য হইয়াছে) ॥৪৬॥

জরামরণের ভীষণ বনরূপ বিপদসঙ্কুল চতুর্গতি সংসারে কষ্টপ্রদ বহু জন্ম ও মরণ আমি সহ্য করিয়াছি ॥৪৬॥

জহা ইহং অগণী উহ্হো, ইত্তোণংতগুণো তহিং।
ণরএসু বেয়ণা উহ্হা[১], অস্সায়া[২] বেইয়া মএ ॥৪৭॥

জহা (যেমন) ইহং (এখানে=এই পৃথিবীতে) অগণী (অগ্নি) উহ্হো (উষ্ণ) (হয়) ইত্তো (ইহা অপেক্ষা) তহিং (সেই) ণরএসু (নরকে) অণংতগুণো (অনন্তগুণ) উহ্হা (উষ্ণ) অস্সায়া (অসাতা=দুঃখদায়ক) বেয়ণা (বেদনা) মএ (আমার দ্বারা) বেইয়া (বেদিতা=ভোগ করা হইয়াছে) ॥৪৭॥

যেমন এই পৃথিবীতে অগ্নি উষ্ণ তাহা অপেক্ষা অর্থাৎ সেই অগ্নির উষ্ণতা অপেক্ষা অনন্তগুণ উষ্ণতাজনিত দুঃখদায়ক বেদনা আমি নরকে সহ্য করিয়াছি ॥৪৭॥

১। প্রথম তিনটী নরকে জলবায়ু ও ভূমিতল অত্যন্ত উষ্ণ। তন্মধ্যে আবার প্রথম হইতে দ্বিতীয় ও দ্বিতীয় হইতে তৃতীয় নরক ক্রমশঃ উষ্ণতর। চতুর্থ নরকে উষ্ণতার আধিক্য ও শৈত্যের অল্পতা অর্থাৎ উষ্ণ শীত, পঞ্চমে শৈত্যের আধিক্য ও উষ্ণতার অল্পতা অর্থাৎ শীতোষ্ণ। ষষ্ঠে তীব্র শীত ও সপ্তমে তীব্রতর শীত। এই উষ্ণতা ও শৈত্যের দ্বারা নারকীয় জীব অত্যন্ত কষ্ট প্রাপ্ত হয়। নরকের বর্ণনার জন্য ৫।১২ সূত্রের ১নং পাদটীকা দ্রষ্টব্য।

২। 'অসায়া' টীকা ১।

জহা ইহং ইমং সীয়ং, ইত্তোণংতগুণং তহিং।
ণরএসু বেয়ণা সীয়া[১], অস্সায়া বেইয়া মএ ॥৪৮॥

জহা (যেমন) ইহং (এই পৃথিবীতে) ইমং (এই) সীয়ং (শীত) (অনুভূত হয়) ইত্তো (ইহা অপেক্ষা) অণংতগুণং (অনন্তগুণ) সীয়া (শীত) অস্সায়া (দুঃখদায়ক) বেয়ণা (বেদনা) তহিং ণরএসু (সেই নরকে) মএ (আমার দ্বারা) বেইয়া (অনুভূত হইয়াছে) ॥৪৮॥

যেমন এখানে শীত অনুভূত হয় তাহা অপেক্ষা অনন্তগুণ শৈত্যজনিত দুঃখদায়ক বেদনা আমি সেই নরকে অনুভব করিয়াছি ॥৪৮॥

কংদংতো কংদুকুংভীসু[২], উড্ঢপাও অহোসিরো।
হুয়াসণে জলংতংমি, পক্কপুব্বো অণংতসো ॥৪৯॥

(আমি) কংদংতো (ক্রন্দন করিতে করিতে) উড্ঢপাও (ঊর্ধ্বপাদ) অহোসিরো (অধঃশির) (হইয়া) কংদুকুংভীসু (কন্দুকুম্ভীতে=নরকে রক্ষিত এক বিশেষ প্রকারের লৌহময় ভাজনে) জলংতংমি (জ্বলন্ত) হুয়াসণে (হুতাশনে) অণংতসো (অনন্তবার) পক্কপুব্বো (পূর্বে পক্ক হইয়াছি) ॥৪৯॥

আমি চীৎকার করিতে করিতে ঊর্ধ্বপাদ ও অধঃশির হইয়া নরকে স্থিত কুম্ভী নামক লৌহময় বিশেষ ভাজনে জ্বলন্ত হুতাশনে পূর্বে অনন্তবার পক্ক হইয়াছি ॥৪৯॥

মহাদবগ্গিসংকাসে, মরুম্মি বইরবালুএ[৩]।
কলংব বালুয়াএ য, দড্ঢপুব্বো[৪] অণংতসো ॥৫০॥

(আমি) মহাদবগ্গিসংকাসে (মহাদাবাগ্নিসঙ্কাশ=ভীষণ দাবাগ্নির তুল্য) বইরবালুএ (বজ্রবালুকে=বজ্রের ন্যায় কঠিন বালুকাযুক্ত) মরুম্মি (মরুভূমিতে) কলংব বালুয়াএ (কদম্ববালুকানদীর পুলিনে) অণংতসো (অনন্তবার) দড্ঢপুব্বো (পূর্বে দগ্ধ হইয়াছি) ॥৫০॥

১। নরকের শৈত্যর জন্য উপরে ১ নং পাদটীকা দ্রষ্টব্য।

২। "কংদুকুংভীষু পাকভাজনবিশেষাসু লোহময়ীষু" টীকা ১।

৩। 'বয়রবালুএ' টীকা ১।

৪। 'ভট্ঠপুব্বো' টীকা ১। "ভ্রষ্টপূর্বঃ যথাত্র চণকাদিধান্যানি ভ্রাষ্টে ভুজ্যন্তে তথাহমপি বহুশো দগ্ধঃ" টীকা ১।

ভীষণ দাবাগ্নির ন্যায় উষ্ণ ও বজ্রের ন্যায় কঠোর বালুকাযুক্ত মরুভূমিতে কদম্ব বালুকা নামক নদীর পুলিনে আমি পূর্বে অনন্তবার দগ্ধ হইয়াছি ॥৫০॥

দ্বিতীয় অর্থ

মহাদবগগিসংকাসে (ভীষণদাবাগ্নির তুল্য) মরুম্মি (মরুভূমিতে) কলংব-বালুয়াএ (কদম্ব বালুকা নামক নদীর) বইরবালুএ (বজ্রবালুকা পুলিনে) তৎপরে পূর্ববৎ ॥৫০॥

মহাদাবাগ্নির ন্যায় উষ্ণ মরুভূমিতে কদম্ববালুকা নামক নদীর বজ্রের ন্যায় কঠোর বালুকাবিশিষ্ট পুলিনে আমি পূর্বে অনন্তবার দগ্ধ হইয়াছি ॥৫০॥

রসংতো কংদুকুংভীসু, উড্ঢং বদ্ধো অবংধবো।
করবত্তকরকয়াঈহিং, ছিণ্ণপুব্বো অণংতসো ॥৫১॥

কংদুকুংভীসু (কন্দুকুম্ভীতে) উড্ঢং (ঊর্ধ্বে) বদ্ধো (বদ্ধ) (হইয়া) অবংধবো (অবান্ধব=অসহায়) (ও) রসংতো (চিৎকার করিতে করিতে) করবত্ত-করকয়াহিং (করপত্রক্রকচাদি শস্ত্রের দ্বারা=করাত ও ক্রকচাদি শস্ত্রের দ্বারা) অণংতসো (অনন্তবার) ছিণ্ণপুব্বো (পূর্বে ছিন্ন হইয়াছি=পূর্বে আমাকে ছেদন করা হইয়াছে) ॥৫১॥

কন্দুকুম্ভীতে ঊর্ধ্বে বদ্ধ হইয়া চিৎকার করিতে করিতে অসহায় অবস্থায় করাত ও ক্রকচাদি শস্ত্রের দ্বারা পূর্বে অনন্তবার আমাকে ছেদন করা হইয়াছে ॥৫১॥

অইতিক্খকংটগাইণ্ণে[১], তুংগে সিংবলিপায়বে।
খেদিয়ং[২] পাসবদ্ধেণং, কড্ঢোকড্ঢাহিং দুক্করং ॥৫২॥

অইতিক্খকংটগাইণ্ণে (অতি তীক্ষ্ণ কণ্টকাকীর্ণ) তুংগে (তুঙ্গ=উচ্চ) সিংবলিপায়বে (শাল্মলী পাদপে) পাসবদ্ধেণং (পাশবদ্ধ হইয়া) (আমি) দুক্করং (দুষ্কর=দুঃসহ) কড্ঢোকড্ঢাহিং (কর্ষণাপকর্ষণের দ্বারা=আকর্ষণ ও বিপ্রকর্ষণের দ্বারা) খেদিয়ং (খিন্ন হইয়াছি=ক্লেশ অনুভব করিয়াছি) ॥৫২॥

১। 'কংটকাইণ্নে' টীকা ২। 'কংটয়াইণ্নে' টীকা ১।

২। 'খেবিয়ং' টীকা ১ ও ৩। "ক্ষেপিতং পূর্বোপার্জিতং কর্মানুভূতং ময়া যানি কর্মাণ্যু-পার্জিতানি তানি ভুক্তানীতি শেষঃ" টীকা ১। 'খবিয়ং' টীকা ২। "ক্ষপিতং নির্জীর্ণং পাপমিতি গম্যতে" টীকা ২।

অতি তীক্ষ্ণ কণ্টকাকীর্ণ, উচ্চ শাল্মলীবৃক্ষে রজ্জু দ্বারা বদ্ধ হইয়া পরমাধার্মিক দেবগণের কৃত দুঃসহ আকর্ষণ ও বিপ্রকর্ষণের দ্বারা আমি খেদ প্রাপ্ত হইয়াছি ॥৫২॥

মহাজংতেসু উচ্ছূ ব[১], আরসংতো সুভেরবং।
পীলিওমি সকম্মেহিং, পাবকম্মো অণংতসো ॥৫৩॥

পাবকম্মো (পাপকর্মা=পাপকর্মকারী) (আমি) সুভেরবং (সুভৈরব=ভয়ানক) আরসংতো (চিৎকার করিতে করিতে) সকম্মেহিং (স্বকৃত কর্মের প্রভাবে=স্বকৃত হিংসাদি পাপকর্মের প্রভাবে) মহাজংতেসু (মহাযন্ত্রে) উচ্ছূ ব (ইক্ষুর ন্যায়) অণংতসো (অনন্তবার) পীলিওমি (পীড়িত হইয়াছি=নিপীড়িত হইয়াছি, নিষ্পেষিত হইয়াছি) ॥৫৩॥

পাপকর্মকারী আমি ভয়ানক চিৎকার করিতে করিতে স্বকৃত পাপকর্মের ফলে মহাযন্ত্রে অনন্তবার ইক্ষুর ন্যায় নিষ্পেষিত হইয়াছি ॥৫৩॥

কূবংতো কোলসুণএহিং[২], সামেহিং[৩] সবলেহি[৩] য।
পাড়িও ফাড়িও ছিন্নো, বিপ্ফুরংতো অণেগসো ॥৫৪॥

কোলসুণএহিং (বরাহ ও কুকুরের রূপধারী) সামেহিং (শ্যাম নামক পরমাধার্মিক দেবের দ্বারা) য (ও) সবলেহি (শবল নামক পরমাধার্মিক দেবের দ্বারা) (আমি) কূবংতো (চিৎকার করিতে করিতে) (ও) বিপ্ফুরংতো (বিস্ফুরন্=ছটফট করিতে করিতে) অণেগসো (অনেকবার) পাড়িও

১। 'বা' টীকা ২ ও ৩।

২। "কোলশুনকৈর্বরাহকুর্কুররূপধারিভির্দেবৈঃ" টীকা ১।

৩। প্রথম তিনটি নরকে অসুর নিকায়ের এক বিশেষ প্রকারের দেবতা থাকে যাহারা নারকীয় জীবগণকে তীব্র যন্ত্রণা প্রদান করে এবং তাহাতেই আনন্দানুভব করে। নারকীয় জীবগণের অনপবর্তনীয় আয়ু থাকায় তাহাদিগকে করাতের দ্বারা ছেদন করিলেও তাহাদের মৃত্যু হয় না। তাহাদের শরীর পারদের ন্যায়, পুনরায় একত্রিত হইয়া যায়। পরমাধার্মিক দেবগণ পঞ্চদশ প্রকার যথা—অম্ব, অম্বরীষ, শ্যাম, শবল, রুদ্র, অপরুদ্র, কাল, মহাকাল, অসিপত্র, ধনু, কুম্ভ, বালুকা, বেদন, খরস্বর ও মহাঘোষ। ইহারা বরাহ, কুকুর প্রভৃতি নানাবিধ বীভৎস রূপধারণ করিয়া নারকীয় জীবগণকে নানা প্রকার যন্ত্রণা দেয়। তত্ত্বার্থাধিগম সূত্রের তৃতীয় অধ্যায়ের ৫ম সূত্রের ব্যাখ্যা ও টীকা ১। দ্রষ্টব্য।

(ভূমিতে পাতিত) ফাড়িও (স্ফাটিত=পুরাতন বস্ত্রের ন্যায় বিদারিত) (ও) ছিন্নো (ছিন্ন=শূকর ও কুকুরের দংষ্ট্রার দ্বারা ছিন্ন) (হইয়াছি) ॥৫৪॥

বরাহ ও কুকুরের রূপধারী শ্যাম ও শবল নামক পরমাধার্মিক দেবের দ্বারা আমি চিৎকার ও ছটফট করিতে করিতে অনেকবার ভূপাতিত, বিদারিত ও ছিন্ন হইয়াছি ॥৫৪॥

অসীহিং অয়সিবণ্ণাহিং, ভল্লীহিং পট্টিসেহি য ।
ছিন্নো ভিন্নো বিভিন্নো য, ওইন্নো[১] পাবকম্মুণা ॥৫৫॥

(আমি) পাবকম্মুণা (পাপকর্মের দ্বারা) ওইন্নো (অবতীর্ণ=নরকে উৎপন্ন হইয়া অথবা উদীর্ণ=প্রেরিত হইয়া) অয়সিবণ্ণাহিং (অতসীবর্ণের=অতসী-পুষ্পবর্ণের, পীত বর্ণের) অসীহিং (অসির দ্বারা=খড়্গের দ্বারা) ভল্লীহিং (ভল্লীর দ্বারা=ভল্ল বা বর্শার দ্বারা) য (ও) পট্টিসেহি (পট্টিশের দ্বারা=বিশেষ প্রকারের প্রহরণের দ্বারা) ছিন্নো (ছিন্ন=দ্বিধাকৃত, দুই খণ্ড করিয়া দেওয়া) ভিন্নো (ভিন্ন=বিদারিত) য (ও) বিভিন্নো (বিভিন্ন=খণ্ড খণ্ড করিয়া দেওয়া) (হইয়াছি) ॥৫৫॥

পাপকর্মের দ্বারা নরকে উৎপন্ন হইলে পীতবর্ণের অসি, ভল্ল ও পট্টিশ প্রভৃতি প্রহরণের দ্বারা আমার শরীরকে ছিন্ন, ভিন্ন ও খণ্ড খণ্ড করিয়া দেওয়া হইয়াছে ॥৫৫॥

অবসো লোহরহে জুত্তো, জলংতে সমিলাজুএ[২] ।
চোইও তোত্তজুত্তেহিং[৩], রোজ্ঝো[৪] বা জহ পাড়িও ॥৫৬॥

(আমি) অবসো (অবশ=পরবশ হইয়া) লোহরহে (লৌহরথে=লৌহ নির্মিত গাড়ীতে) জলংতে (জলন্ত) সমিলাজুএ (যুগ অর্থাৎ জোয়াল ও সমিলা অর্থাৎ তাহার ছিদ্রে দিবার কীলকে) জুত্তো (যোজিত হইয়াছি)

১। 'উববন্নো' টীকা ৩। "উদীর্ণঃ প্রেরিতঃ সন্" টীকা ১। "অবতীর্ণো নরকে ইতি গম্যতে" টীকা ২ ও ৩।

২। "সমিলা যুগরন্ধ্রক্ষেপণীয়কীলিকা যুগস্থ ধূসরঃ" টীকা ১।

৩। তোত্রাণি প্রাজনকানি পুরাণকাদীনি যোক্ত্রাণি নাসাপ্রোতবন্ধরজ্জুবন্ধনানি" টীকা ১।

৪। "রোজ্ঝো বা ইতি গবয়ব ইব" টীকা ১। "রোজ্ঝঃ পশুবিশেষঃ" টীকা ২।

তোত্তজুত্তেহিং (তোত্র ও যোক্তের দ্বারা=চাবুক ও নাকের দড়ি দিয়া) চোইও (প্রেরিত=পরিচালিত) (হইয়াছি) জহ (এবং) রোজ্ঝো বা (পশুর ন্যায়) পাড়িও (পাতিত হইয়াছি=প্রহারের দ্বারা ভূপাতিত করিয়াছে) ॥৫৬॥

আমি পরবশ হইয়া লৌহময় গাড়ীতে জ্বলন্ত জোয়াল ও কীলকে পরমাধার্মিক দেবগণের দ্বারা যোজিত হইয়াছি। চাবুকের প্রহার ও নাকে দড়ি দিয়া আমাকে চালাইয়াছে এবং প্রহার করিয়া পশুর ন্যায় ভূপাতিত করিয়াছে ॥৫৬॥

হুয়াসণে জলংতংমি, চিয়াসু মহিসো বিব।
দড্ঢো[১] পক্কো য় অবসো, পাবকম্মেহিং পাবিও[২] ॥৫৭॥

পাবকম্মেহিং (পাপকর্মের দ্বারা) পাবিও (প্রাবৃত=বেষ্টিত) (ও) অবসো (অবশ=পরবশ) (হইয়া আমি) চিয়াসু (চিতাতে) মহিসো বিব (মহিষের ন্যায়) জলংতংমি (জ্বলন্ত) হুয়াসণে (হুতাশনে) দড্ঢো (দগ্ধ) য় (ও) পক্কো (পক্ক) (হইয়াছি) ॥৫৭॥

পাপকর্মের দ্বারা বেষ্টিত ও পরবশ হইয়া আমি চিতাতে মহিষগণকে যেমন দগ্ধ করে তদ্রূপ জ্বলংত অগ্নিতে দগ্ধ ও পক্ক হইয়াছি ॥৫৭॥

বলা সংডাসতুংডেহিং, লোহতুংডেহিং পক্খিহিং।
বিলুত্তো[৩] বিলুবংতো[৪] হং, ঢংকগিদ্ধেহিং ণংতসো ॥৫৮॥

সংডাসতুংডেহিং (সন্দংশতুণ্ড=সাঁড়াশির ন্যায় মুখ বিশিষ্ট) (ও) লোহতুংডেহিং (লৌহতুণ্ড=লৌহের ন্যায় কঠোর মুখ অর্থাৎ চঞ্চু বিশিষ্ট) ঢংকগিদ্ধেহিং (ঢঙ্ক ও গৃধ্র) পক্খিহিং (পক্ষীদিগের দ্বারা) অহং (আমি) বিলুবংতো (বিলাপ করিতে করিতে) অণংতসো (অনন্তবার) বলা (বলপূর্বক) বিলুত্তো (বিশেষ প্রকারে ছিন্নভিন্ন) (হইয়াছি) ॥৫৮॥

১। 'দদ্ধো' টীকা ৩।

২। "প্রাবৃতো বেষ্টিতঃ সন্" টীকা ১। "পাবিতো ত্তি পাপমস্যাস্তীতি পাপিকঃ" টীকা ২ ও ৩।

৩। "বিশেষেণ লুপ্তো বিলুপ্তঃ, নাসানেত্রাস্ত্রকালেয়াদিষু চুষ্টিত ইত্যর্থঃ "টীকা ১। "বিলুপ্তো বিবিধং ছিন্নঃ" টীকা ২ ও ৩।

৪। 'বিলবংতো' টীকা ১ ও ৩।

সাঁড়াশীর ন্যায় মুখ ও লৌহের ন্যায় কঠিন চঞ্চু বিশিষ্ট ঢঙ্ক ও গৃধ্র পক্ষিগণের দ্বারা আমি বিলাপ করিতে করিতে অনন্তবার বলপূর্বক ছিন্নভিন্ন হইয়াছি ॥৫৮॥

তহাকিলংতো ধাবংতো, পত্তো বেয়রণিং ণইং।
জলং পাহিংতি[১] চিংতংতো, খুরধারাহিং[২] বিবাঈও ॥৫৯॥

তহাকিলংতো (তৃষ্ণাক্লান্ত) (হইয়া) ধাবংতো (দৌড়াইতে দৌড়াইতে) বেয়রণিং ণইং (বৈতরণী নদী) পত্তো (প্রাপ্ত=উপস্থিত হইয়া) জলং (জল) পাহিংতি (পান করিব এরূপ) চিংতংতো (চিন্তা করিতে করিতে) খুরধারাহিং (ক্ষুরধারার দ্বারা=ক্ষুরধারার ন্যায় নদীর জলোর্মির দ্বারা) বিবাঈও (ব্যাপাদিত) (হইলাম) ॥৫৯॥

তৃষ্ণার দ্বারা ক্লান্ত হইয়া দৌড়াইতে দৌড়াইতে বৈতরণী নদীতে উপস্থিত হইয়া জলপান করিব এরূপ চিন্তা করিতে করিতেই ক্ষুরধারার ন্যায় সেই নদীর জলোর্মির দ্বারা ব্যাপাদিত হইলাম ॥৫৯॥

উহাভিতত্তো সংপত্তো, অসিপত্তং মহাবণং।
অসিপত্তেহিং[৩] পড়ংতেহিং, ছিন্নপুব্বো অণংতসো[৪] ॥৬০॥

উহাভিতত্তো (উষ্ণাভিতপ্ত=গ্রীষ্মের দ্বারা পীড়িত) (হইয়া ছায়া পাইবার জন্য) অসিপত্তং (অসিপত্র নামক=যাহার বৃক্ষের পত্রগুলি অসির ন্যায় ধার বিশিষ্ট) মহাবণং (মহাবন=বৃহদরণ্য (সংপত্তো (সংপ্রাপ্ত) (হইলে) পড়ংতেহিং (পতিত হইতেছে এইরূপ) অসিপত্তেহিং (অসিপত্রের দ্বারা) অণংতসো (অনন্তবার) ছিন্নপুব্বো (পূর্বে ছিন্ন হইয়াছি=কর্তিত হইয়াছি) ॥৬০॥

গ্রীষ্মের দ্বারা পীড়িত হইয়া ছায়া প্রাপ্তির জন্য অসিপত্র নামক মহাবনে উপস্থিত হইলে বৃক্ষশাখা হইতে পতিত হইতেছে এইরূপ অসির ধারের ন্যায়

১। 'পিহংতি' টীকা ১। 'পাহংতি' টীকা ৩।

২। 'বৈতরণী নদ্যাঃ জলং হি ক্ষুরধারাপ্রায়ং গলচ্ছেকমস্তীতিভাবঃ" টীকা ১। "ক্ষুরধারা-ভিরিব ক্ষুরধারাভিঃ জলোর্ম্মিভিরিতি শেষঃ" টীকা ২।

৩। "অসয়ঃ খড়্গাস্তদ্বদ্ভেদকতয়া পত্রাণি যস্মিংস্তদসিপত্রম্" টীকা ২।

৪। 'অণেগসো' টীকা ৩।

তীক্ষ্ণ ধার বিশিষ্ট পত্রসমূহের দ্বারা পূর্ব পূর্ব জন্মে অনন্তবার কর্তিত হইয়াছি ॥৬০॥

মুগ্‌গরেহিং মুসংঢীহিং[১], সূলেহিং মুসলেহি য়।
গয়াসং ভগ্‌গগত্তেহিং, পত্তং দুক্‌খং অণংতসো ॥৬১॥

মুগ্‌গরেহিং (মুদ্‌গরের দ্বারা) মুসংঢীহিং (মুসংঢী নামক শস্ত্রের দ্বারা) সূলেহিং (শূলের দ্বারা) য় (ও) মুসলেহি (মুষলের দ্বারা) গয়াসং (গতাশ=হতাশ) (ও) ভগ্‌গগত্তেহিং (ভগ্নগাত্র) (হইয়া) অণংতসো (অনন্তবার) দুক্‌খং (দুঃখ) পত্তং (প্রাপ্ত) (হইয়াছি) (অথবা) গয়াসংভগ্‌গগত্তেহিং (গদার দ্বারা সংভগ্নগাত্র) (হইয়া—ইত্যাদি) ॥৬১॥

মূদ্‌গর, মুসংঢী, শূল, মুষল ও গদার দ্বারা সংভগ্নগাত্র হইয়া আমি অনন্তবার দুঃখ প্রাপ্ত হইয়াছি। (অথবা মুদ্গর, মুসংঢী, শূল ও মুষলের দ্বারা ভগ্নগাত্র ও হতাশ হইয়া অনন্তবার দুঃখপ্রাপ্ত হইয়াছি) ॥৬১॥

খুরেহিং তিক্‌খধারাহিং, ছুরিয়াহিং কপ্পণীহি য়।
কপ্পিও ফালিও ছিন্নো, উক্কিত্তো[২] য় অণেগসো ॥৬২॥

তিক্‌খধারাহিং (তীক্ষ্ণধারবিশিষ্ট) খুরেহিং (ক্ষুরের দ্বারা) ছুরিয়াহিং ছুরিকার দ্বারা) য় (ও) কপ্পণীহি (কল্পণীর দ্বারা=কর্তরীর দ্বারা) অণেগসো (অনেকবার) কপ্পিও (কল্পিত=কর্তিত) ফালিও (স্ফাটিত=বিদারিত) ছিন্নো (ছিন্ন=খণ্ডিত) য় (ও) উক্কিত্তো (উৎকৃত=চামড়া ছাড়ান হওয়া) (হইয়াছি) ॥৬২॥

তীক্ষ্ণধার ক্ষুর, ছুরিকা ও কর্তরীর দ্বারা আমি অনেকবার কর্তিত, বিদারিত ও ছিন্ন হইয়াছি এবং আমার শরীর হইতে চামড়া ছাড়ান হইয়াছে ॥৬২॥

পাসেহিং কূড়জালেহিং, মিও বা অবসো অহং।
বাহিও বদ্ধরুদ্ধো য়, বহুসো[৩] চেব বিবাঈও ॥৬৩॥

অহং (আমি) মিও বা (মৃগের ন্যায়) অবসো (বিবশ হইয়া) পাসেহিং

১। 'মুহুংঢীহিং' টীকা ৩।
২। "উৎকৃতঃ শরীরাদ্ দূরীকৃত চর্মেত্যর্থঃ" টীকা ১।
৩। 'বিবসো' টীকা ২ ও ৩।

(পাশের দ্বারা) কূড়জালেহিং (কূটজালের দ্বারা) বাহিও (ধৃত) বদ্ধরুদ্ধো (বদ্ধ ও রুদ্ধ) (হইয়া) বহুসো (বহুবার) বিবাঈও (বিপাদিত=বিনাশিত) (হইয়াছি) ॥৬৩॥

আমি মৃগের ন্যায় বিবশ হইয়া পাশে ও জালে ধৃত, বদ্ধ ও রুদ্ধ হইয়া বহুবার ব্যাপাদিত হইয়াছি ॥৬৩॥

গলেহিং মগরজালেহিং[১], মচ্ছো বা অবসো অহং।
উল্লিও[২] ফালিও গহিও, মারিও[৩] য় অণংতসো ॥৬৪॥

অহং (আমি) অবসো (বিবশ) (হইয়া) মচ্ছো বা (মৎস্যের ন্যায়) গলেহিং (বড়শীর দ্বারা) মগরজালেহিং (মকরজালের দ্বারা=মৎস্য ধরিবার জালের দ্বারা অথবা মকরের দ্বারা ও জালের দ্বারা) গহিও (গৃহিত=ধৃত) উল্লিও (উল্লিখিত=চিরিত) ফালিও (বিদারিত) য় (ও) মারিও (মারিত=প্রহৃত) ॥৬৪॥

আমি পরবশ হইয়া মৎস্যের ন্যায় বড়শী ও জালের দ্বারা অনন্তবার ধৃত হইয়াছি এবং আমাকে চেরা হইয়াছে, ফাড়া হইয়াছে ও মারা হইয়াছে ॥৬৪॥

বিদংসএহিং জালেহিং, লেপ্পাহিং সউণো বিব।
গহিও লগ্‌গো য় বদ্ধো য়, মারিও য় অণংতসো ॥৬৫॥

(আমি) সউণো বিব (শকুনির ন্যায় পক্ষীর ন্যায়) অণংতসো (অনন্তবার) বিদংসএহিং (বিদংশকের দ্বারা=শ্যেন পক্ষীর দ্বারা) গহিও (গৃহীত) জালেহিং (জালের দ্বারা) বদ্ধো (বদ্ধ) য় (ও) লেপ্পাহিং (লেপের দ্বারা =শিরীষাদি আঠার দ্বারা) লগ্‌গো (লগ্ন=সংলগ্ন) (হইয়াছি) য় (এবং) মারিও (মারিত=বিনাশিত) (হইয়াছি) ॥৬৫॥

আমি পক্ষীর ন্যায় অনন্তবার শ্যেন পক্ষীর দ্বারা ধৃত হইয়াছি, জালে বদ্ধ হইয়াছি এবং আঠাতে সংলগ্ন হইয়াছি ও পরে বিনাশিত হইয়াছি ॥৬৫॥

১। "মকরজালৈর্মৎস্যজালৈঃ" টীকা ১। "মকরৈর্মকররূপৈঃ পরমাধার্মিকৈর্জালৈস্তৎকৃতৈস্তয়োর্দ্বন্দ্বঃ" টীকা ২।

২। "উল্লিখিতশ্চীরিতঃ" টীকা ১।

৩। "মারিতো গর্দ্দভ ইব কুট্টিতঃ" টীকা ১।

কুহাড়ফরসুমাঈহিং, বড্ঢইহিং দুমো বিব।
কুট্টিও ফালিও ছিণ্ণো, তচ্ছিও[১] য় অণংতসো ॥৬৬॥

(আমাকে) দুমো বিব (দ্রুমের ন্যায়=বৃক্ষের ন্যায়) অণংতসো (অনন্তবার) বড্ঢইহিং (বর্দ্ধকির দ্বারা=সূত্রধারের দ্বারা) কুহাড়ফরসুমাঈহিং (কুঠার, পরশু প্রভৃতি অস্ত্রে) কুট্টিও (কুট্টিত=খণ্ড খণ্ড কৃত) ফালিও (স্ফাটিত=ফাড়া হইয়াছে) ছিণ্ণো (ছেদন করা হইয়াছে) য় (ও) তচ্ছিও (তক্ষিত=ছাল ছাড়ান হইয়াছে) ॥৬৬॥

আমাকে বৃক্ষের ন্যায় সূত্রধারকর্তৃক কুঠার, পরশু প্রভৃতি দ্বারা খণ্ড খণ্ড করা হইয়াছে, ফাড়া হইয়াছে, ছেদন করা হইয়াছে ও আমার ছাল ছাড়ান হইয়াছে ॥৬৬॥

চবেড়মুট্ঠিমাঈহিং, কুমারেহিং অয়ং পিব।
তাড়িও কুট্টিও ভিণ্ণো, চুণ্ণিও য় অণংতসো ॥৬৭॥

কুমারেহিং (কুমারের দ্বারা=কর্মকারের দ্বারা) অয়ং পিব (লৌহের ন্যায়) (আমি পরমাধার্মিক দেবগণের দ্বারা) চবেড়মুট্ঠিমাঈহিং (চপেট, মুষ্টি প্রভৃতি দ্বারা) তাড়িও (তাড়িত=আহত) কুট্টিও (কুট্টিত=থেঁতলানো হইয়াছি) ভিণ্ণো (ভিন্ন=ছিন্ন) চুণ্ণিও (চূর্ণিত) অণংতসো (অনন্তবার) (হইয়াছি) ॥৬৭॥

লৌহকার যেমন লৌহকে আঘাত করে তদ্রূপ পরমাধার্মিক দেবগণ কর্তৃক আমি অনন্তবার আঘাতপ্রাপ্ত, থেঁতলা, ছিন্ন ও চূর্ণিত হইয়াছি ॥৬৭॥

তত্তাইং তংবলোহাইং, তউয়াইং[২] সীসগাণি য়।
পাইয়ো কলকলংতাইং, আরসংতো সুভেরবং ॥৬৮॥

তত্তাইং (তপ্ত=উত্তাপের দ্বারা গলিত) কলকলংতাইং (কলকলন্ত=কলকল শব্দ করিতেছে এরূপ) তংবলোহাইং (তাম্র ও লৌহ) তউয়াইং (ত্রপুক=রাং) সীসগাণি য় (ও সীসকাদি) সুভেরবং (সুভৈরব=অতি ভীষণ) আরসংতো (চিৎকার করিতে করিতে) (আমাকে) পাইয়ো (পায়িত=পান করান হইয়াছে) ॥৬৮॥

১। "তক্ষিতশ্চ ত্বগপনয়নতঃ" টীকা ২।

২। "ত্রপুকানি কস্তীরকানি" টীকা ১।

(উত্তপ্ত হইয়া) কলকল শব্দ করিতেছে এরূপ গলিত তাম্র, লৌহ, রাং, সীসা প্রভৃতি ধাতু আমাকে ভীষণ চিৎকার করিতে করিতেও পান করান হইয়াছে ॥৬৮॥

তুহং[১] পিয়াইং[১] মংসাইং, খংডাইং সোল্লগাণি[২] য়।
খাবিও মি সমংসাইং, অগ্‌গিপ্পবাইং ণেগসো ॥৬৯॥

(পরমাধার্মিক দেবগণ কর্তৃক) মংসাইং (মাংস) তুহং (তোমার) পিয়াইং (প্রিয়) (এরূপ বলিয়া) সমংসাইং (স্বমাংস=আমার নিজের মাংস) খংডাইং (খণ্ড খণ্ড করিয়া) য় (ও) সোল্লগাণি (শিকে করিয়া পুড়াইয়া) অগ্‌গি-বণ্ণাইং (অগ্নিবর্ণ=অত্যন্ত উত্তপ্ত) অণেগসো (অনেকবার) খাবিও মি (আমাকে খাওয়ান হইয়াছে) ॥৬৯॥

মাংস তোমার প্রিয় এরূপ বলিয়া পরমাধার্মিক দেবগণ কর্তৃক আমার নিজের মাংস আমার শরীর হইতে কর্তন করিয়া তাহা খণ্ড খণ্ড করিয়া ও শিকে পুড়াইয়া অত্যন্ত উত্তপ্ত অবস্থায় আমাকে অনেকবার খাওয়ান হইয়াছে ॥৬৯॥

তুহং পিয়া সুরা[৩] সীহু[৪], মেরও[৫] য় মহুণি[৬] য।
পাইও[৭] মি জলংতীও, বসাও রুহিরাণি য় ॥৭০॥

তুহং (তুমি) সুরা (সুরা=মদ্য) সীহু (সীধু=তালের রস হইতে প্রস্তুত মদ্য, তাড়ি) মেরও (মৈরেয়=ভাতের পিষ্টক হইতে তৈয়ারী মদ্য) য় (ও) মহুণি (মধু=মহুয়া প্রভৃতি পুষ্প হইতে প্রস্তুত মদ্য) পিয়া (প্রিয়) (ছিল এইরূপ বলিয়া) জলংতীও (জ্বলন্ত=অত্যন্ত উত্তপ্ত)

১। 'তুহপ্পিয়াহং' টীকা ৩।
২। 'সুল্লগাণি' টীকা ৩।
৩। "সুরা চন্দ্রহাসাভিধং মদ্যং" টীকা ১।
৪। "সীধুস্তালবৃক্ষদুগ্ধোদ্‌ভবা" টীকা ১।
৫। 'মেরেঈ' টীকা ১। "মেরেঈ ইতি পিষ্টোদ্‌ভবা শাটিতোৎপন্নান্নরসা" টীকা ১।
৬। "মধূনি পুষ্পোদ্‌ভবানি মদ্যানি" টীকা ১।
৭। 'পজ্জিও মি' টীকা ৩।

বসাও (বসা=চর্বি) য় (ও) রুহিয়াণি (রুধির) পাইও মি (আমাকে পান করান হইয়াছে) ॥৭০॥

সুরা, সীধু, মৈরেয় ও মধু ইত্যাদি নানাপ্রকারের মদ্য তোমার প্রিয় ছিল এইরূপ বলিয়া পরমাধার্মিক দেবগণ অত্যন্ত উত্তপ্ত চর্বি ও রক্ত আমাকে পান করাইয়াছে ॥৭০॥

> ণিচ্চং ভীএণ তত্থেণ, দুহিএণ বহিএণ য।
> পরমা দুহসংবদ্ধা, বেয়ণা বেইয়া মএ ॥৭১॥

ণিচ্চং (নিত্য) ভীএণ (ভীত) তত্থেণ (ত্রস্ত) দুহিএণ (দুঃখিত) য় (ও) বহিএণ (ব্যথিত) পরমা (অত্যন্ত) দুহসংবদ্ধা (দুঃখসংবদ্ধ=দুঃখময়) বেয়ণা (বেদনা) মএ (আমার দ্বারা) বেইয়া (বেদিত হইয়াছে=অনুভূত হইয়াছে) ॥৭১॥

নিত্য ভীত, ত্রস্ত, দুঃখিত ও ব্যথিত হইয়া আমি অত্যন্ত দুঃখময় বেদনা অনুভব করিয়াছি ॥৭১॥

> তিব্বচংডপ্পগাঢ়াও, ঘোরাও অইদুস্সহা।
> মহত্তয়াও ভীমাও, ণরএসু বেইয়া মএ ॥৭২॥

তিব্বচংডপ্পগাঢ়াও (তীব্র, চণ্ড ও প্রগাঢ়) ঘোরাও (ঘোর) অইদুস্সহা (অতিদুঃসহ) মহত্তয়াও (মহাভয়ানক) ভীমাও (ভীম=ভয়প্রদ) (বেদনা) ণরএসু (নরকে) মএ (আমার দ্বারা) বেইয়া (বেদিত হইয়াছে) ॥৭২॥

আমি নরকে তীব্র, চণ্ড, প্রগাঢ়, ঘোর, অতিদুঃসহ, মহাভয়ানক ও ভয়প্রদ বেদনা অনুভব করিয়াছি ॥৭২॥

> জারিসা মাণুসে লোএ, তায়া দীসংতি বেয়ণা।
> ইত্তো অণংতগুণিয়া, ণরএসু দুঃখবেয়ণা ॥৭৩॥

তায়া (হে তাত) মাণুসে লোএ (মনুষ্যলোকে) জারিসা (যেরূপ) বেয়ণা (বেদনা) দীসংতি (দৃষ্ট হয়) ণরএসু (নরকে) ইত্তো (ইহা অপেক্ষা) অণংতগুণিয়া (অনন্তগুণ) দুঃখবেয়ণা (দুঃখ ও বেদনা) (আছে) ॥৭৩॥

হে পিতা, মনুষ্যলোকে যেরূপ দুঃখ ও বেদনা দৃষ্ট হয় নরকে তাহা অপেক্ষা অনন্তগুণ দুঃখ ও বেদনা অনুভব করিতে হয় ॥৭৩॥

সব্বভবেসু অস্সায়া[১], বেয়ণা বেইয়া মএ।
ণিমিসংতরমিত্তং পি, জং সায়া নত্থি বেয়ণা ॥৭৪॥

মএ (আমার দ্বারা) সব্বভবেসু (সর্বভবে=সমস্ত জন্মে) অস্সায়া (অসাত=দুঃখপূর্ণ) বেয়ণা (বেদনা=দুঃখ) বেইয়া (অনুভূত হইয়াছে) ণিমিসংতরমিত্তং পি (নিমেষের অন্তর মাত্রও=নিমেষের ব্যবধান মাত্র কালের জন্যও) জং (যাহা) সায়া বেয়ণা (সাত বেদনা=সুখানুভূতি) নত্থি (নাই) ॥৭৪॥

আমি সমস্ত জন্মে দুঃখপূর্ণ বেদনা অনুভব করিয়াছি যাহাতে নিমেষের ব্যবধান মাত্র কালের জন্যও সুখানুভূতি নাই ॥৭৪॥

তং বিংতম্মাপিয়রো[২], ছংদেণং পুত্ত পব্বয়া[৩]।
ণবরং পুণ সামণ্ণে, দুক্খং ণিপ্পড়িকম্ময়া[৪] ॥৭৫॥

অম্মাপিয়রো (মাতাপিতা) তং (তাহাকে=মৃগাপুত্রকে) বিংতি (বলিল) পুত্ত (হে পুত্র) ছংদেণং (স্বচ্ছন্দে) পব্বয়া (প্রব্রজ্যা গ্রহণ কর) ণবরং (কিন্তু) পুণ (আবার) সামণ্ণে (শ্রামণ্যে=শ্রমণাচারে) ণিপ্পড়িকম্ময়া (নিষ্প্রতিকর্মতা=প্রতিকার না করা, রোগাদিক হইলে তাহার প্রতিকার না করা) (রূপ) দুক্খং (দুঃখ) (আছে) ॥৭৫॥

মাতাপিতা মৃগাপুত্রকে বলিল, হে পুত্র, তুমি স্বচ্ছন্দে প্রব্রজ্যা গ্রহণ কর কিন্তু শ্রমণাচারে রোগাদি হইলে তাহার কোনও প্রকার প্রতিকার না করা রূপ দুঃখ আছে ॥৭৫॥

সো বিংতম্মাপিয়রো, এবমেয়ং জহা ফুড়ং।
পড়িকম্মং[৫] কো কুণঈ, অরণ্ণে মিয়পক্খিণং ॥৭৬॥

সো (সে=মৃগাপুত্র) বিংতি (বলিল) অম্মাপিয়রো (হে মাতাপিতা) জহা (যাহা বলিয়াছেন) এবমেয়ং (ইহা এইরূপই) ফুড়ং (স্ফুট=প্রকট, সত্য)

১। 'অসায়া' টীকা ২।

২। 'তংবিংতি অম্মাপিয়রো' টীকা ১।

৩। 'পব্বয়' টীকা ১।

৪। "নির্গতা প্রতিকর্মতা নিঃপ্রতিকর্মতা, রোগোৎপত্তৌ প্রতিকারো ন বিধেয়ঃ, চিকিৎসা ন কর্তব্যা, ন চিন্তনীয়াপি" টীকা ৩।

৫। 'পরিকম্মং' টীকা ৩।

(কিন্তু) অরণ্ণে (অরণ্যে=বনে) মিয়পক্খিণং (মৃগ ও পক্ষিগণকে) কো (কে) পড়িকম্মং (প্রতিকর্ম=প্রতিকার) কুণঈ (করে ?) ॥৭৬॥

মৃগাপুত্র বলিল, হে মাতাপিতা, আপনারা যাহা বলিয়াছেন তাহা সত্য কিন্তু অরণ্যে পশু ও পক্ষিগণের কে প্রতিকার করে ? অর্থাৎ তাহাদের রোগ হইলে কে চিকিৎসা করে ? ॥৭৬॥

এগত্তূও[১] অরণ্ণে বা, জহা উ চরঈ মিগো।
এবং ধম্মং চরিস্সামি, সংজমেণ তবেণ য ॥৭৭॥

জহা (যেমন) অরণ্ণে (বনে) মিগো (মৃগ) এগত্তূও (একাকী হইয়া) চরঈ (বিচরণ করে) এবং (তদ্রূপ) সংজমেণ (সংযমের দ্বারা) তবেণ য (এবং তপস্যার দ্বারা) ধম্মং (ধর্ম) চরিস্সামি (আচরণ করিব) ॥৭৭॥

যেমন অরণ্যে মৃগ একাকী বিচরণ করে তদ্রূপ আমিও সংযম এবং তপস্যার দ্বারা একাকী ধর্ম আচরণ করিব ॥৭৭॥

জয়া মিগস্স আয়ংকো, মহারণ্ণংমি জায়ঈ।
অচ্ছংতং রুক্খমূলংমি, কো ণং তাহে চিগিচ্ছঈ[২] ॥৭৮॥

জয়া (যদা=যখন) মহারণ্ণংমি (মহারণ্যে) মিগস্স (মৃগের) আয়ংকো (আতঙ্ক=রোগ) জায়ঈ (উৎপন্ন হয়) (তখন) রুক্খমূলংমি (বৃক্ষমূলে) অচ্ছংতং (অবস্থিত) তাহে (তাহাকে) কো ণং (কে) চিগিচ্ছঈ (চিকিৎসা করে ?) ॥৭৮॥

মহারণ্যে যখন পশুর রোগ উৎপন্ন হয় তখন বৃক্ষমূলে অবস্থিত সেই পশুকে কে চিকিৎসা করে ? ॥৭৮॥

কো বা সে ওসহং দেই, কো বা সে পুচ্ছঈ সুহং।
কো সে ভত্তং চ পাণং চ, আহরিত্তু পণামএ[৩] ॥৭৯॥

সে (তাহাকে) ওসহং (ঔষধ) কো বা (কে বা) দেই (দেয় ?) কো বা (কে বা) সে (তাহাকে) সুহং (সুখ=স্বাস্থ্য সম্বন্ধে) পুচ্ছঈ জিজ্ঞাসা

১। 'এগভূও' টীকা ১ ও ৩।

২। 'বিগচ্ছঈ' টীকা ২। 'তিগিচ্ছঈ' টীকা ৪।

৩। "প্রণাময়েদঅর্পয়েৎ 'অর্পেঃ প্রণাম ইত্যাদেশঃ প্রাকৃতে" টীকা ২।

করে ?) কো (কে) সে (তাহাকে) ভত্তং চ (ভক্ত=ভাত, আহার্যদ্রব্য) পাণং চ (ও পানীয় দ্রব্য) আহরিত্তু (আহরণ করিয়া=আনয়ন করিয়া) পণামএ (প্রদান করে ?) ॥৭৯॥

কেই বা তাহাকে ঔষধ দেয় ? কেই বা তাহাকে সুখ স্বাস্থ্যের কথা জিজ্ঞাসা করে কেই বা তাহাকে আহার্য ও পানীয় দ্রব্য আনয়ন করিয়া দেয় ? ॥৭৯॥

জয়া য সে সুহী হোই, তয়া গচ্ছই গোয়রং[১] ।
ভত্তপাণস্স অট্ঠাএ, বল্লরাণি[২] সরাণি য ॥৮০॥

জয়া (যখন) সে (সেই পীড়িত মৃগ) সুহী (সুখী=রোগমুক্ত, সুস্থ) হোই (হয়) তয়া (তখন) (সে) গোয়রং গচ্ছই (গোচরে গমন করে=খাদ্যান্বেষণের জন্য ইতস্ততঃ বিচরণ করে) (এবং) ভত্তপাণস্স (খাদ্য ও পানীয়ের) অট্ঠাএ (অর্থে=জন্য) বল্লরাণি (গহন বনে বা সবুজ ঘাস বিশিষ্ট স্থলে) য (ও) সরাণি (সরোবরে) (গমন করে) ॥৮০॥

যখন সেই পীড়িত মৃগ স্বভাবতই সুস্থ হয় তখন সে খাদ্যান্বেষণের জন্য ইতস্ততঃ বিচরণ করে এবং খাদ্য ও পানীয়ের জন্য সবুজ ঘাস বিশিষ্ট স্থলে ও সরোবরে গমন করে ॥৮০॥

খাইত্তা পাণিয়ং পাউং, বল্লরেহিং সরেহি য ।
মিগচারিয়ং[৩] চরিত্তাণং, গচ্ছঈ মিগচারিয়ং ॥৮১॥

(সেই সুস্থ মৃগ) মিগচারিয়ং (মৃগচর্যাতে=পশুসুলভ ইতস্ততঃ ভ্রমণে) চরিত্তাণং (বিচরণ করিয়া) বল্লরেহিং (সবুজ ঘাস বিশিষ্ট স্থলে) খাইত্তা (আহার করিয়া) য (ও) সরেহি (সরোবরে) পাণিয়ং পাউং (জল পান করিয়া) মিগচারিয়ং (মৃগচর্যাতে=মৃগসুলভ ইতস্ততঃ বিচরণ করিতে) গচ্ছঈ (গমন করে) ॥৮১॥

সেই সুস্থ মৃগ ইতস্ততঃ বিচরণ করিতে করিতে সবুজ ঘাস বিশিষ্ট স্থলে আহার করিয়া এবং সরোবরে জলপান করিয়া পরিভ্রমণ করে ॥৮১॥

১। "গোরিব পরিচিতেরভূভাগে চরণং ভ্রমণং গোচরস্তম্" টীকা ২।

২। "বল্লরাণি হরিতস্থলানি" টীকা ১। "বল্লরাণি গহনানি" টীকা ২ ও ৩।

৩। "মৃগাণাং চর্য্যা ইতশ্চেতশ্চোৎপ্লবনাত্মকং চরণং মৃগচর্য্যা তাম্" টীকা ২।

এবং সমুট্ঠিএ ভিক্খূ, এবমেব অণেগগো[১]।
মিগচারিয়ং চরিত্তাণং, উড্ঢং পক্কমঈ দিসং ॥৮২॥

এবং (এইরূপে) সমুট্ঠিএ (সমুত্থিত=সংযমে উদ্যত, সংযমে স্থিত) ভিক্খূ (ভিক্ষু) এবমেব (এইরূপে=মৃগের ন্যায়) অণেগগো (অনেকগ=অনেক স্থানে গমনকারী, অনিয়ত স্থান বিহারী) (হইয়া) মিগচারিয়ং চরিত্তাণং (মৃগচর্যায় বিচরণ করিয়া=আহার ও পানীয়ের জন্য ইতস্ততঃ বিচরণ করিয়া) উড্ঢং দিসং (ঊর্ধ্ব দিকে=মুক্তির দিকে) পক্কমঈ (গমন করে) ॥৮২॥

এইরূপে সংযমে স্থিত ভিক্ষু মৃগের ন্যায় অনিয়ত স্থান বিহারী হইয়া ও আহার এবং পানীয়ের জন্য ইতস্ততঃ বিচরণ করিয়া মুক্তির দিকে গমন করে ॥৮২॥

জহা মিএ এগে[২] অণেগচারী, অণেগবাসে ধুবগোয়রে য়।
এবং মুণী[৩] গোয়রিয়ং পবিট্ঠো[৩], নো হীলএ নো বি য়
খিংসএজ্জা ॥৮৩॥

জহা (যেমন) মিএ (মৃগ) এগে (এক=একাকী) (হইয়াও) অণেগচারী (অনেকচারী=অনেক স্থানে বিচরণকারী) অণেগবাসে (অনেকবাস=অনেক স্থানে বাসকারী) য় (ও) ধুবগোয়রে (ধ্রুবগোচর=গোচর করিয়াই অর্থাৎ ইতস্ততঃ বিচরণ করিয়াই যে আহার করে এক স্থানে আহার করে না) এবং (তদ্রূপ) মুণী (মুনি) গোয়রিয়ং পবিট্ঠো (গোচরে প্রবিষ্ট=নানাস্থান হইতে খাদ্যান্বেষণে নিযুক্ত) (হইয়া) (খাদ্যদ্রব্য নীরস ও তুচ্ছ হইলেও সেই খাদ্যদ্রব্যকে) নো হীলএ (অবহেলা করিবে না) য় (ও) নো বি খিংসএজ্জা (নিন্দাও করিবে না) ॥৮৩॥

যেমন মৃগ একাকী হইয়াও অনেক স্থানে বিচরণ করে, অনেক স্থানে বাস করে ও অনেক স্থান হইতেই আহার্য সংগ্রহ করে তদ্রূপ মুনি অনেক স্থান হইতে খাদ্যান্বেষণে নিযুক্ত হইয়া (খাদ্যদ্রব্য নীরস ও তুচ্ছ হইলেও সেই খাদ্য দ্রব্যকে) অবহেলা ও নিন্দা করে না ॥৮৩॥

১। 'অণেগএ' টীকা ৩ ও ৪। 'অণেগও' টীকা ১। "মৃগবদনেকগোঽনেকস্থানে স্থিতোঽনিয়তস্থানবিহারী" টীকা ১।

২। 'এগ' টীকা ১ ও ৩।

৩। 'গোয়রিয়প্পবিট্ঠো' টীকা ১।

মিগচারিয়ং চরিস্সামি, এবং পুত্তা জহাসুহং।
অম্মা পিঈহিঽণুণ্ণাও[১], জহাই উবহিং তও ॥৮৪॥

(মৃগাপুত্র বলিল) মিগচারিয়ং (মৃগচর্যা = পশুর ন্যায় আচরণ) চরিস্সামি (আচরণ করিব = অবলম্বন করিব) (পিতামাতা বলিল) পুত্তা (হে পুত্র) এবং (ইহাই হইক) জহাসুহং (যথাসুখ = তোমার যাহাতে সুখ হয় তাহা কর) তও (তখন) (সে) অম্মাপিঈহি (মাতাপিতার দ্বারা) অণুণ্ণাও (অনুজ্ঞাত) (হইয়া) উবহিং (উপধি = পরিগ্রহ, বস্ত্রাভরণাদি দ্রব্য) জহাই (পরিত্যাগ করিল) ॥৮৪॥

মৃগাপুত্র বলিল, 'আমি মৃগের ন্যায় আচরণ অবলম্বন করিব' মাতাপিতা বলিল 'হে পুত্র, যাহাতে সুখ হয় তাহা কর'। তখন সে মাতাপিতা কর্তৃক অনুজ্ঞাত হইয়া বস্ত্রাভরণাদি পরিগ্রহ পরিত্যাগ করিল ॥৮৪॥

মিগচারিয়ং চরিস্সামি, সব্বদুক্খবিমুক্খণিং।
তুব্ভেহিং[২] অম্বণুণ্ণাও[৩], গচ্ছ পুত্ত জহাসুহং ॥৮৫॥

অম্ব (হে মাতাপিতা) তুব্ভেহিং (তোমাদিগের দ্বারা) অণুণ্ণাও (অনুজ্ঞাত) (হইয়া) সব্বদুক্খবিমুক্খণিং (সর্বদুঃখবিমোক্ষণী) মিগচারিয়ং (মৃগচর্যা = দীক্ষা) চরিস্সামি (আচরণ করিব = গ্রহণ করিব) (মাতাপিতা বলিল) পুত্ত (হে পুত্র) জহাসুহং (যথাসুখ = যথেচ্ছ) গচ্ছ (গমন কর) ॥৮৫॥

হে মাতাপিতা, তোমাদিগের দ্বারা আদিষ্ট হইয়া আমি সর্বদুঃখ হইতে মুক্তি প্রদানকারিণী দীক্ষাগ্রহণ করিয়া বিচরণ করিব। মাতাপিতা বলিল, হে পুত্র, যথেচ্ছ গমন কর ॥৮৫॥

এবং সো অম্মাপিয়রো[৪], অণুমাণিত্তাণ বহুবিহং।
মমত্তং ছিংদঈ তাহে, মহাণাগু ব্ব কংচুঅং ॥৮৬॥

এবং (এইরূপে) সো (সে = মৃগাপুত্র) অম্মাপিয়রো (মাতাপিতার নিকট) বহুবিহং (বহুবিধ = বহুপ্রকারে) অণুমাণিত্তা (অনুজ্ঞা প্রাপ্ত হইয়া) মহাণাগু ব্ব

১। 'অম্মাপিউহিং অণুন্নাও' টীকা ১। 'অম্মাপিউহিংহণুন্নাও' টীকা ৩।
২। 'তুব্ভোহিং' টীকা ১।
৩। 'সমণুন্নও' টীকা ১।
৪। 'অম্মাপিয়রং' টীকা ৩।

(মহানাগ যেমন) কংচুঅং (কঞ্চুক=খোলস) (পরিত্যাগ করে তদ্রূপ) তাহে (সেই সময়ে) মমত্তং (মমতা=আসক্তি) ছিংদঈ (ছেদন করিল=পরিত্যাগ করিল) ॥৮৬॥

এইরূপে সেই মৃগাপুত্র নানাপ্রকারে পিতামাতার আজ্ঞাপ্রাপ্ত হইয়া সর্প যেমন কঞ্চুক পরিত্যাগ করে তদ্রূপ আসক্তি পরিত্যাগ করিল ॥৮৬॥

ইড্ঢী বিত্তং চ মিত্তে য়, পুত্ত[১] দারং চ ণায়ও।
রেণুয়ং ব পড়ে লগ্গং, ণিদ্ধু ণিত্তাণ ণিগ্গও ॥৮৭॥

পড়ে (পটে=বস্ত্রে) লগ্গং (লগ্ন=সংলগ্ন) রেণুয়ং ব (রেণুর ন্যায়=ধূলিকণার ন্যায়) ইড্ঢী (ঋদ্ধি) বিত্তং (বিত্ত=সম্পত্তি) চ (ও) মিত্তে (মিত্র) য় (ও) পুত্তদারং (পুত্র ও স্ত্রী) চ (ও) ণায়ও (স্বজনগণ) ণিদ্ধু ণিত্তা (নির্ধূয় =ত্যাগ করিয়া) ণিগ্গও (নির্গত=গৃহ হইতে নিষ্ক্রান্ত) (হইল) ॥৮৭॥

বস্ত্রে লগ্ন ধূলিকণাকে যেমন ঝাড়িয়া ফেলা হয় তদ্রূপ মৃগাপুত্র ঐশ্বর্য, সম্পত্তি, মিত্র, পুত্র, স্ত্রী ও আত্মীয়স্বজন পরিত্যাগ করিয়া গৃহ হইতে নিষ্ক্রান্ত হইল ॥৮৭॥

পংচমহব্বয়জুত্তো, পংচসমিও[২] তিগুত্তিগুত্তো[৩] য়।
সব্ভিংতরবাহিরএ[৪], তবোকম্মংমি উজ্জও ॥৮৮॥

পংচমহব্বয়জুত্তো (পঞ্চমহাব্রতযুক্ত) পংচসমিও (পঞ্চ সমিতির দ্বারা সমিত) য় (ও) তিগুত্তিগুত্তো (ত্রিগুপ্তির দ্বারা গুপ্ত=মন, বচনও কায়ের ব্যাপারে সংযত) সব্ভিংতরবাহিরএ (সাভ্যান্তর বাহ্য=আভ্যন্তর ও বাহ্য) তবোকম্মংমি (তপঃকর্মে=তপস্যাতে) উজ্জও (উদ্যত=প্রবৃত্ত) (হইল) ॥৮৮॥

পঞ্চমহাব্রতযুক্ত, পঞ্চসমিতির দ্বারা সমিত, তিন প্রকার গুপ্তির দ্বারা গুপ্ত হইয়া আভ্যন্তর ও বাহ্য উভয় প্রকার তপস্যাতে প্রবৃত্ত হইল ॥৮৮॥

১। 'পুত্তে' টীকা ১।

২। পঞ্চসমিতির বিবরণের জন্য ৮।৯ সূত্রের ২নং পাদটীকা দ্রষ্টব্য।

৩। ত্রিগুপ্তির ব্যাখ্যার জন্য ১২।৩ সূত্রের ৩নং পাদটীকা দ্রষ্টব্য।

৪। তপস্যা দুই প্রকার—বাহ্য ও আভ্যন্তর। বাহ্য তপস্যা ছয় প্রকার—অনশন, উনোদরী, (অল্প আহার) বৃত্তিসংক্ষেপ, রসত্যাগ, কায়ক্লেশ ও সংলীনতা (শরীর সঙ্কুচিত করিয়া নির্জন স্থানে উপবেশন)। আভ্যন্তর তপস্যাও ছয় প্রকার—প্রায়শ্চিত্ত, বিনয়, বৈয়াবৃত্ত (পীড়িত ও আর্তগণের সেবা) স্বাধ্যায়, ব্যুৎসর্গ (শরীরের মমতা ত্যাগ করা) ও ধ্যান।

*ণিম্মমো ণিরহংকারো, ণিস্সংগো চত্তগারবো[২] ।
সমো য সর্ব্বভূএসু, তসেসু[৩] থাবরেসু[৪] য ॥৮৯॥

ণিম্মমো (নির্মম=মমতারহিত) চত্তগারবো (ত্যক্তগারব=গর্বরহিত) সব্ব-ভূএসু (সমস্ত প্রাণীতে) তসেসু (ত্রসে=দ্বীন্দ্রিয়াদি প্রাণিগণের প্রতি) য (ও) থাবরেসু (স্থাবরে=একেন্দ্রিয় প্রাণিগণের প্রতি) সমো (সম= সমভাবাপন্ন) (হইল) ॥৮৯॥

মমতারহিত, অহঙ্কার রহিত, আসক্তিশূন্য, অভিমান রহিত ত্রস ও স্থাবর সমস্ত প্রাণিগণের প্রতি সমভাবাপন্ন হইল ॥৮৯॥

† লাভালাভে সুহে দুক্খে, জীবিএ মরণে তহা ।
সমো ণিংদাপসংসাসু, তহা মাণাবমাণও ॥৯০॥

লাভালাভে (লাভে ও অলাভে) সুহে (সুখে) দুক্খে (দুঃখে) জীবিএ (জীবনে) মরণে (মরণে) তহা (তথা) ণিংদাপসংসাসু (নিন্দা ও প্রশংসাতে) তহা (ও) মাণাবমাণও (মান ও অপমানে) সমো (সম=সমভাবাপন্ন) (হইল) ॥৯৩॥

লাভে, অলাভে, সুখে, দুঃখে, জীবনে, মরণে, নিন্দায়, প্রশংসায় এবং সম্মানে, অপমানে সমভাবাপন্ন হইল ॥৯০॥

---

* তুলনা—"নির্মমো নিরহঙ্কারঃ সমদুঃখসুখঃক্ষমী" গীতা ১২।১৩

২। গারব=আত্মশ্লাঘা বা অভিমান। ইহা তিনপ্রকার যথা, ঋদ্ধিগারব, রসগারব, ও সাতগারব। সমৃদ্ধি সম্পন্ন হইলে তজ্জন্য যে আত্মশ্লাঘা বা অভিমান হয় তাহাকে ঋদ্ধিগারব বলে। রস অর্থাৎ মিষ্টাদি রসযুক্ত উপাদেয় ভোজন করিলে যে অভিমান হয় তাহাকে রসগারব বলে ও সুখস্বাচ্ছন্দ্য সম্পন্ন হইয়া থাকিলে যে অভিমান হয় তাহাকে সাতগারব বলে।

৩। ত্রস জীবের বিবরণের জন্য ৫।৮ সূত্রের ২ নং পাদটীকা দ্রষ্টব্য।

৪। স্থাবর জীবের বিবরণের জন্য ৫।৮ সূত্রের ৩ নং পাদটীকা দ্রষ্টব্য।

† তুলনা—"সমদুঃখসুখঃস্বস্থঃ সমলোষ্টাশ্মকাঞ্চনঃ। তুল্যপ্রিয়াপ্রিয়ো ধীরস্তুল্যনিন্দাত্ম-সংস্তুতিঃ" গীতা ১৪।২৪।

গারবেসু কসাএসু, দণ্ডসল্লভএসু[১] য়।
* ণিয়ত্তো হাসসোগাও, অণিয়াণো[২] অবংধণো ॥৯১॥

গারবেসু (অভিমান হইতে) কসাএসু (কষায় হইতে=ক্রোধ, মান, মায়া ও লোভ এই চারিপ্রকার কষায় হইতে) য় (ও) দণ্ডসল্লভএসু (দণ্ড, শল্য ও ভয় হইতে অর্থাৎ দণ্ড=মন, বচন ও কায়ের অসৎ ব্যাপার, শল্য=মায়াশল্য, নিদানশল্য ও মিথ্যাদর্শনশল্য এবং ভয় হইতে) হাসসোগাও (হাস্য ও শোক হইতে=আনন্দ ও শোক হইতে) ণিয়ত্তো (নিবৃত্ত) অণিয়াণো (অনিদান=নিদানরহিত) অবংধণো (অবন্ধন=রাগও দ্বেষরূপ বন্ধন রহিত) (হইল) ॥৯১॥

অভিমান, কষায়, তিনপ্রকার দণ্ড, তিনপ্রকার শল্য, ভয়, আনন্দ ও শোক হইতে নিবৃত্ত, নিদানরহিত এবং রাগ ও দ্বেষরূপ বন্ধন রহিত হইল ॥৯১॥

অণিস্সিও[৩] ইহংলোএ, পরলোএ অণিস্সিও।
বাসীচংদণকপ্পো[৪] য়, অসণে অণসণে তহা ॥৯২॥

১। "দণ্ডত্রয়ং মনোবাক্কায়ানামসদ্ব্যাপারো দণ্ড উচ্যতে.....মায়াশল্যং নিদানশল্যং মিথ্যাদর্শনশল্যং চৈতচ্ছল্যত্রয়ম্" টীকা ১। শল্যশব্দের অর্থ কণ্টক। যেমন শরীরের কোন ভাগে কণ্টক বা কোন তীক্ষ্ণবস্তু বিদ্ধ হইলে শরীর ও মন দুইই অস্বস্তি অনুভব করে এবং কোন বিষয়ে একাগ্র হইতে পারে না তদ্রূপ উপরোক্ত শল্যগুলি থাকিলে মনের সুস্থতা ও একাগ্রতা আসিতে পারে না তজ্জন্য এই মানসিক দোষগুলিকে শল্যশব্দের দ্বারা ব্যক্ত করা হইয়াছে। কপটাচরণ করাকে মায়াশল্য বলে। কোন বিষয়ে আসক্ত হইয়া তাহার ভোগের জন্য যে মানসিক লালসা হয় তাহা নিদানশল্য ও সত্যের প্রতি শ্রদ্ধা না রাখিয়া অসত্যের প্রতি আগ্রহ থাকাকে মিথ্যাদর্শনশল্য কহে। "সপ্তভয়ানীমানি ইহলোকভয়ং পরলোকভয়ং আদানভয়ং অকস্মাদ্ভয়ং মরণভয়ং অযশোভয়ং, আজীবিকাভয়ম্" টীকা ১।

* তুলনা—"যো ন হৃষ্যতি ন দ্বেষ্টি ন শোচতি ন কাঙ্ক্ষতি। শুভাশুভপরিত্যাগী ভক্তিমান্ যঃ স মে প্রিয়ঃ।" গীতা ১২।১৭

২। কোন বিষয়ে আসক্ত হইয়া তাহা প্রাপ্তির জন্য সঙ্কল্প বা লালসা করাকে নিদান কহে। ১৩৮ সূত্রের ১ নং পাদটীকা দ্রষ্টব্য।

৩। "অনিশ্রিতো নিশ্রারহিতঃ নেহলোকার্থং পরলোকার্থং বাঽনুষ্ঠানবান্" টীকা ২।

৪। "বাসীচন্দনকল্পঃ যদা কশ্চিদ্বাস্যা পরশুনা শরীরং ছিনত্তি কশ্চিচ্চন্দনেন শরীরমর্চয়তি, তদা তয়োরুপরি সমানকল্পঃ সদৃশাচারঃ" টীকা ১। বাসীচন্দনকল্প শব্দটি দিব্যাবদানে ও (Cowell ও Neil সংস্করণ) এই অর্থেই ব্যবহৃত হইয়াছে, পৃঃ ৯৭, লাইন ২৬, পৃঃ ১৮০ লাইন ২৬ ও পৃঃ ৫৬৭ লাইন ১৪ দ্রষ্টব্য।

ইহংলোএ (ইহলোকের) (সুখে) অণিস্সিও (অনিশ্রিত=অনাসক্ত, যে ইহলোক ও পরলোকের সুখের জন্য কোনপ্রকার তপস্যাদি অনুষ্ঠান করে না) পরলোএ (পরলোকের) (সুখে) অণিস্সিও (অনাসক্ত) য় (ও) বাসীচংদণকপ্পো (বাসীচন্দনকল্প অর্থাৎ বাসী=সূত্রধারের অস্ত্রবিশেষ, পরশু, কেহ অস্ত্রের দ্বারা আঘাত করিলে ও অন্য কেহ শরীরে চন্দন লেপন করিয়া দিলে উভয়ের প্রতি সমভাবাপন্ন থাকাকে বাসীচন্দনকল্প বলে) তহা (এবং) অসণে (অশনে=আহার প্রাপ্ত হইলে) (অথবা) অণসণে (অনশনে=আহার প্রাপ্ত না হইলে) (সমভাবাপন্ন হইল) ॥৯২॥

ইহলোক ও পরলোকের সুখে অনাসক্ত, কেহ অস্ত্রদ্বারা প্রহার করিলে বা চন্দন লেপন করিলে উভয়ের প্রতি সমভাবাপন্ন এবং আহার প্রাপ্ত হইলে বা অনশন করিয়া থাকিতে হইলেও সমভাবাপন্ন হইল ॥৯২॥

অপ্পসত্থেহিং দারেহিং, সব্বও পিহিয়াসবো।
অজ্ঝপ্পজ্ঝাণ জোগেহিং, পসত্থদমসাসণো[১] ॥৯৩॥

অপ্পসত্থেহিং দারেহিং (অপ্রশস্ত দ্বার হইতে=হিংসাদি হইতে) (নিবৃত্ত) সব্বও (সর্ব্বত=সর্বপ্রকারে) পিহিয়াসবো (পিহিতাশ্রব=নিরুদ্ধাশ্রব, কর্ম বন্ধের হেতুকে নিরুদ্ধ করিয়া) অজ্ঝপ্পজ্ঝাণজোগেহিং (অধ্যাত্মধ্যান যোগের দ্বারা) পসত্থদমসাসণো (প্রশস্তদমশাসন=যাহার ইন্দ্রিয় দমন ও শাস্ত্রজ্ঞান প্রশস্ত) (হইল)

হিংসাদি ব্যাপার হইতে নিবৃত্ত হইয়াও কর্মবন্ধের হেতুকে নিরুদ্ধ করিয়া অধ্যাত্মধ্যানের দ্বারা ইন্দ্রিয় দমন করিয়া প্রশস্ত শাস্ত্রজ্ঞান সম্পন্ন হইল ॥৯৩॥

এবং ণাণেণ চরণেণ, দংসণেণ তবেণ য।
ভাবণাহিং[২] বিসুদ্ধাহিং[৩], সম্মং ভাবিত্তু অপ্পয়ং ॥৯৪॥

বহুয়াণি উ বাসাণি, সামণ্ণমণুপালিয়া।
মাসিএণ উ ভত্তেণ, সিদ্ধিং পত্তো অণুত্তরং ॥৯৫॥

১। "প্রশস্তে দমশাসনে যস্য স প্রশস্তদমশাসনঃ দম উপশমঃ শাসনং সর্ব্বজ্ঞ-সিদ্ধান্তঃ যস্য শুভধ্যানযোগৈরুপশমশ্রুতজ্ঞানে শুভে বর্ত্ততে ইত্যর্থঃ" টীকা ১।

২। দ্বাদশ প্রকার ভাবনার বিবরণের জন্য ৯।১৬ সূত্রের ৩ নং পাদ টীকা দ্রষ্টব্য।

৩। 'য় সুদ্ধাহিং' টীকা ১।

এবং (এইরূপে) ণাণেণ (জ্ঞানের দ্বারা) চরণেণ (চারিত্রের দ্বারা) দংসণেণ (দর্শনের দ্বারা=শুদ্ধ সম্যক্ত্বের দ্বারা) য় (ও) তবেণ (তপস্যার দ্বারা) বিসুদ্ধাহিং (বিশুদ্ধ) ভাবণাহিং (ভাবনার দ্বারা=অনিত্যাদি দ্বাদশ প্রকার ভাবনার দ্বারা) অপ্পয়ং (আত্মাকে) সম্মং ভাবিত্তু (সম্যক প্রকারে চিন্তা করিয়া=ধ্যান করিয়া, তন্ময়তা অবলম্বন করিয়া) বহুয়াণি (বহু) বাসাণি (বর্ষ) (পর্যন্ত) সামণ্ণং (শ্রামণ্য=শ্রমণধর্ম) অণুপালিয়া (পালন করিয়া) মাসিএণ উ ভত্তেণ (একমাসের উপবাসের দ্বারা) অণুত্তরং (অনুত্তর=শ্রেষ্ঠ) সিদ্ধিং (সিদ্ধি=মুক্তি) পত্তো (প্রাপ্ত হইল) ॥৯৪॥৯৫॥

এইরূপে জ্ঞান, দর্শন, চারিত্র, তপস্যা ও অনিত্যাদি বিশুদ্ধ ভাবনার দ্বারা সম্যক্ প্রকারে আত্মচিন্তন করিয়া ও বহু বর্ষ পর্যন্ত শ্রমণধর্ম পালন পূর্বক এক মাসের উপবাস অন্তে সর্বশ্রেষ্ঠ মুক্তি প্রাপ্ত হইল ॥৯৪॥৯৫॥

এবং করংতি সংবুদ্ধা[১], পংডিয়া পবিয়ক্খণা।
বিণিয়ট্টংতি[২] ভোগেস্থ, মিয়াপুত্তে জহামিসী ॥৯৬॥

সংবুদ্ধা (সম্বুদ্ধ=তত্ত্বজ্ঞ) পংডিয়া (পণ্ডিত) পবিয়ক্খণা (প্রবিচক্ষণ= বিচক্ষণ) (পুরুষ) এবং করংতি (এইরূপ করে) জহামিসী মিয়াপুত্তে (মৃগাপুত্র ঋষির ন্যায়) ভোগেস্থ (বিষয়ভোগ হইতে) বিণিয়ট্টংতি নিবর্তিত হয়) ॥৯৬॥

তত্ত্বজ্ঞ, পণ্ডিত ও বিচক্ষণ ব্যক্তিগণ এইরূপ আচরণ করে অর্থাৎ মৃগাপুত্র ঋষির ন্যায় বিষয়ভোগ হইতে নিবৃত্ত হয় ॥৯৬॥

মহপ্পভাবস্স[৩] মহাজসস্স, মিয়াই পুত্তস্স[৪] ণিসম্ম ভাসিয়ং।
তবপ্পহাণং চরিয়ং চ উত্তমং গইপ্পহাণং চ তিলোয়বিস্সুয়ং ॥৯৭॥

১। 'সংপন্না' টীকা ২। "সংপ্রজ্ঞা" টীকা ২।
২। 'বিণিবট্টংতি' টীকা ১।
৩। 'মহাপভাবস্স' টীকা ২।
৪। 'মিয়ায়পুত্তস' টীকা ২।

বিয়াণিয়া দুক্খবিবদ্ধণং[১] ধণং, মমত্তবংধং চ মহাভয়াবহং।
সুহাবহং ধম্মধুরং অণুত্তরং, ধারেহ ণিব্বাণগুণাবহং মহং ॥৯৮॥
ত্তি বেমি ॥

মহপ্পভাবস্স (মহাপ্রভাবশালী) মহাজসস্স (মহাযশস্বী) মিয়াই পুত্তস্স (মৃগারাজ্ঞীর পুত্রের=মৃগাপুত্রের) ভাসিয়ং (ভাষিত=পিতামাতার নিকট কথিত) তবপ্পহাণং (প্রধান তপঃযুক্ত=তপস্যাচরণ সমন্বিত) গইপ্পহাণং (প্রধান গতিসম্পন্ন=মোক্ষগতি প্রাপ্তির যোগ্য) চ (ও) তিলোয়বিস্সুয়ং (ত্রিলোক-বিশ্রুত) উত্তমং (উত্তম=শ্রেষ্ঠ) চরিয়ং (চরিত্র) ণিসম্ম (শ্রবণ করিয়া) ধণং (ধনকে=সম্পত্তিকে) চ (ও) মমত্তবংধং (মমতারূপ বন্ধনকে=স্ত্রীপুত্রাদির প্রতি মমতারূপ বন্ধনকে) দুক্খবিবদ্ধণং (দুঃখবিবর্দ্ধন) মহাভয়াবহং (অত্যন্ত ভয়াবহ) বিয়াণিয়া (জানিয়া) সুখাবহং (সুখাবহ) মহং (মহৎ=শ্রেষ্ঠ) ণিব্বাণগুণবহং (নির্বাণরূপ গুণপ্রদানকারী) অণুত্তরং (সর্বশ্রেষ্ঠ) ধম্মধুরং (ধর্মধুর=পঞ্চমহাব্রতরূপ ধর্ম) ধারেহ (ধারণ কর=অনুসরণ কর) ॥৯৭॥৯৮॥ ত্তি বেমি (এইরূপ বলিতেছি) ॥

মহাপ্রভাবশালী ও মহাযশস্বী মৃগাপুত্রের তাহার মাতাপিতার নিকট কথিত, তপস্যাচরণ সমন্বিত, মোক্ষগতি প্রাপ্তির যোগ্য, ত্রিলোকবিশ্রুত শ্রেষ্ঠ চরিত্র শ্রবণ করিয়া, ধনসম্পত্তি ও স্ত্রীপুত্রাদির প্রতি মমতারূপ বন্ধনকে দুঃখবর্দ্ধনকারী ও অত্যন্ত ভয়াবহ জানিয়া, সুখাবহ ও শ্রেষ্ঠ নির্বাণরূপ গুণপ্রদানকারী সর্বোৎকৃষ্ট পঞ্চমহাব্রতরূপ ধর্মকে অঙ্গীকার কর ॥৯৭॥৯৮॥ এইরূপ বলিতেছি ॥

ইতি মৃগাপুত্রীয়, ঊনবিংশ অধ্যয়ন

১। 'দুক্খবিবড্ঢণং' টীকা ৩।

মহানির্গ্রন্থীয়

বিংশতিতম অধ্যয়ন

সিদ্ধাণং ণমো কিচ্চা, সংজয়াণং চ ভাবও।
অত্থধম্মগইং[১] তচ্চং, অণুসিট্ঠিং সুণেহ মে ॥১॥

সিদ্ধাণং (সিদ্ধগণকে=তীর্থঙ্করাদি মুক্তিপ্রাপ্ত সিদ্ধগণকে) চ (ও) সংজয়াণং (সংযতগণকে=আচার্যাদি সাধুগণকে) ভাবও (ভাবত= ভক্তি-ভাবে) ণমো কিচ্চা (নমন করিয়া=প্রণাম করিয়া) অত্থধম্মগইং, অর্থধর্মগতি-যুক্ত=যথার্থ ধর্মের জ্ঞানপ্রাপ্তি কারক অথবা ধর্ম, অর্থ ও মোক্ষপ্রাপ্তিকারক) (ও) তচ্চং (তথ্য=সত্য অথবা তত্ত্ব=তত্ত্বরূপ) অণুসিট্ঠিং (অনুশিষ্টি= শিক্ষা, শিক্ষাবাক্য) মে (আমার নিকট) সুণেহ (শ্রবণ কর) ॥১॥

সিদ্ধগণকে ও সাধুগণকে ভক্তিভাবে প্রণাম করিয়া যথার্থ ধর্মের জ্ঞান প্রাপ্তিকারক ও তত্ত্ব স্বরূপ আমার শিক্ষাবাক্য শ্রবণ কর ॥১॥

পভূয়রয়ণো রায়া, সেণিও[২] মগহাহিবো।
বিহারজত্তং ণিজ্জাও, মংডিকুচ্ছিংসি চেইএ ॥২॥

পভূয়রয়ণো (প্রভূত রত্ন সমন্বিত=প্রভূত ঐশ্বর্যশালী) মগহাহিবো (মগধাধিপ) সেণিও রায়া (শ্রেণিক নামক রাজা) মংডিকুচ্ছিংসি (মণ্ডিকুক্ষি নামক) চেইএ (চৈত্যে=উদ্যানে) বিহারজত্তং (বিহার যাত্রার জন্য=উদ্যানক্রীড়ার জন্য) ণিজ্জাও (নির্যাত=নির্গত) (হইল) ॥২॥

প্রভূত ঐশ্বর্যশালী, মগধাধিপতি শ্রেণিক নামক রাজা মণ্ডিকুক্ষি নামক উদ্যানে ক্রীড়ার জন্য নির্গত হইল ॥২॥

ণাণাদুমলয়াইণ্ণং, ণাণাপক্খিণিসেবিয়ং।
ণাণাকুসুমসংচ্ছণ্ণং, উজ্জাণং ণংদণোবমং ॥৩॥

১। "অর্থধর্মগতিং অর্থ্যতে প্রার্থ্যতে ধর্মাত্মভিঃ পুরুষৈরিত্যর্থঃ স চাসৌধর্মশ্চার্থধর্মস্তস্য গতির্জ্ঞানং যস্যাং সাঽর্থধর্মগতিস্তাং দ্রব্যবদ্ভো দুঃপ্রাপ্যো ধর্মস্তস্য ধর্মস্য প্রাপ্তিকারিকাম্" টীকা ১।

২। মগধের রাজা বিম্বিসারকে জৈনশাস্ত্রে শ্রেণিক নামে অভিহিত করা হইয়াছে। ইনি ভগবান্ মহাবীরের সমসাময়িক ছিলেন।

ণাণাদুমলয়াইণ্ণং (নানাদ্রুমলতাকীর্ণ) ণাণাপক্খিণিসেবিয়ং (নানাপক্ষি-নিষেবিত=নানাবিধ পক্ষিগণের দ্বারা অধ্যুষিত) ণাণাকুসুমসংচ্ছণ্ণং (নানা-কুসুম সমাচ্ছন্ন) ণংদণোবমং (নন্দনোপম=নন্দন বনের ন্যায়) উজ্জাণং (উদ্যান) (ছিল) ॥৩॥

নানাপ্রকার বৃক্ষলতাকীর্ণ, বহুবিধ পক্ষিগণের দ্বারা অধ্যুষিত, নানাপ্রকার কুসুমের দ্বারা সমাচ্ছন্ন হইয়া নন্দন বনের ন্যায় সেই উদ্যান শোভা পাইতেছিল ॥৩॥

তত্থ সো পাসঈ[১] সাহুং, সংজয়ং সুসমাহিয়ং।
ণিসণ্ণং রুক্খমূলংমি, সুকুমালং সুহোইয়ং ॥৪॥

তত্থ (সেই উদ্যানে) সো (সেই শ্রেণিক রাজা) সংজয়ং (সংযত) সুসমাহিয়ং (সুসমাহিত=সমাধিযুক্ত) সুকুমালং (সুকোমল শরীর বিশিষ্ট) সুহোইয়ং (সুখোচিত=সুখে অভ্যস্ত) রুক্খমূলংমি (বৃক্ষমূলে) ণিসণ্ণং (উপবিষ্ট) সাহুং (সাধুকে) পাসঈ (দেখিল) ॥৪॥

সেই উদ্যানে শ্রেণিক রাজা সংযত, সমাধিযুক্ত, সুকোমল শরীরসম্পন্ন ও সুখে অভ্যস্ত বৃক্ষমূলে উপবিষ্ট এক সাধুকে দেখিল ॥৪॥

তস্স রূবং তু পাসিত্তা, রাইণো তংমি সংজএ।
অচ্চংতং পরমো আসী, অউলো রূববিম্হও ॥৫॥

তস্স (সেই সাধুর) রূবং (রূপ) পাসিত্তা (দেখিয়া) রাইণো (রাজার) তংমি সংজএ (সেই সংযত সাধুর প্রতি) অচ্চংতং (অত্যন্ত) পরমো (অধিক) (ও) অউলো (অতুল) রূববিম্হও (রূপবিস্ময়=রূপের জন্য বিস্ময়) আসী (হইল) ॥৫॥

সেই সাধুকে দেখিয়া তাহার রূপে রাজার অত্যন্ত অতুল ও পরম বিস্ময় উৎপন্ন হইল ॥৫॥

অহো বণ্ণো অহো রূবং, অহো অজ্জস্স সোময়া।
অহো খংতী অহো মুত্তী, অহো ভোগে অসংগয়া ॥৬॥

(রাজা মনে মনে চিন্তা করিল) অজ্জস্স (আর্যের) অহো (আহা কি) বণ্ণো

১। 'পাসএ' টীকা ৩।

(বর্ণ) অহো (আহা কি) রূবং (রূপ) অহো (আহা কি) সোময়া (সৌম্যতা) অহো (আহা কি) খংতী (ক্ষান্তি = ক্ষমা) অহো (আহা কি) মুত্তী (মুক্তি = নির্লোভতা) অহো (আহা কি) ভোগে (বিষয়ভোগে) অসংগয়া (অসঙ্গতা = নিস্পৃহতা) ॥৬॥

রাজা মনে মনে চিন্তা করিল, আহা আর্যের কি বর্ণ, কি রূপ, কি সৌম্য মুখকান্তি, কি ক্ষান্তি, কি নির্লোভতা ও বিষয়ভোগে কি নিস্পৃহতা !

তস্স পাএ উ বংদিত্তা, কাউণ য় পয়াহিণং ।
নাইদূরমণাসন্নে, পংজলী পড়িপুচ্ছঈ ॥৭॥

তস্স (তাহার) পাএ (পদযুগে) বংদিত্তা (বন্দনা করিয়া) য় (ও) পয়াহিণং (প্রদক্ষিণ) কাউণ (করিয়া) নাইদূরং (অনতিদূরে) (বা) অণাসন্নে (অনতিনিকটে) (উপবেশন করিয়া) পংজলী (প্রাঞ্জলীবদ্ধ হইয়া) পড়িপুচ্ছঈ (জিজ্ঞাসা করিল) ॥৭॥

সেই সাধুর চরণযুগে বন্দনা করিয়া ও তাঁহাকে প্রদক্ষিণ করিয়া রাজা নাতিদূরে বা নাতিনিকটে উপবেশন পূর্বক প্রাঞ্জলিবদ্ধ হইয়া জিজ্ঞাসা করিল ॥৭॥

তরুণো সি অজ্জো পব্বইও, ভোগকালংমি সংজয়া ।
উবট্ঠিও সি সামন্নে, এয়মট্ঠং সুণামি তে[১] ॥৮॥

অজ্জো (হে আর্য) তরুণো সি (আপনি এখন তরুণ আছেন = আপনার এখন যুবাবস্থা) সংজয়া (হে সংযত) ভোগকালংমি (ভোগের সময়ে = বিষয়-ভোগের সময়ে) পব্বইও (প্রব্রজিত হইয়াছেন) (ও) সামন্নে (শ্রমণ ধর্মে) উবট্ঠিওসি (উপস্থিত হইয়াছেন = উদ্যমবান্ হইয়াছেন) তে (আপনার নিকট) এয়মট্ঠং (ইহার কারণ) সুণামি (শ্রবণ করিতে ইচ্ছা করি) ॥৮॥

হে আর্য, আপনার এখন যুবাবস্থা, হে সংযত, আপনি বিষয়ভোগের সময়ে দীক্ষা গ্রহণ করিয়াছেন ও শ্রমণধর্মে উদ্যমবান্ হইয়াছেন, আমি আপনার নিকট ইহার কারণ শ্রবণ করিতে ইচ্ছা করি ॥৮॥

১। 'তা' টীকা ২ ও ৩। "তা ইতি তাবৎ পশ্চাৎ তু যৎ ত্বং ভণিষ্যসি" টীকা ২।

অণাহো মি মহারায়[১], ণাহো মজ্ঝ ন বিজ্জঈ।
অণুকংপগং সুহিং বাবি, কংচী নাভিসমেমহং[২] ॥৯॥

মহারায় (হে মহারাজা) অণাহো মি (আমি অনাথ) মজ্ঝ (আমার) ণাহো (নাথ=প্রভু, রক্ষক) ন বিজ্জঈ (নাই) (এবং) অণুকংপগং (অনুকম্পক=অনুকম্পাকারী, হিতচিন্তক) বাবি (অথবা) সুহিং (সুহৃৎ) কংচী (কাহাকেও) নাভিসমেমহং (নাভিসমেমি=পাইতেছি না) ॥৯॥

হে মহারাজ, আমি অনাথ, আমার কোনও প্রভু বা রক্ষাকর্তা নাই এবং হিতচিন্তক বা মিত্র কাহাকেও পাইতেছি না ॥৯॥

তও সো পহসিয়ো রায়া, সেণিও মগহাহিবো।
এবং তে ইড্ঢিমংতসস্, কহং ণাহো ন বিজ্জঈ ॥১০॥

তও (তৎপরে) সো (সেই) মগহাহিবো (মগধাধিপ) সেণিও (শ্রেণিক) রায়া (রাজা) পহসিয়ো (প্রহসিত=হাস্য করিয়া বলিল) তে এবং ইড্ঢিমংতসস্ (আপনার ন্যায় ঋদ্ধিমান্ ব্যক্তির=আপনার ন্যায় অসামান্য রূপ-লাবণ্যযুক্ত ব্যক্তির, আপনার ন্যায় তেজঃসম্পন্ন ব্যক্তির) কহং (কেন) ণাহো (নাথ=প্রভু) ন বিজ্জঈ (নাই) ॥১০॥

তৎপরে মগধাধিপতি সেই শ্রেণিক রাজা হাস্য করিয়া বলিল, 'আপনার ন্যায় তেজঃসম্পন্ন ব্যক্তির কেন কোন রক্ষাকর্তা নাই ?' ॥১০॥

হোমি ণাহো ভয়ংতাণং, ভোগে ভুংজাহি সংজয়া।
মিত্তণাঈপরিবুড়ো, মাণুস্সং খু সুদুল্লহং ॥১১॥

সংজয়া (হে সংযত) ভয়ংতাণং (ভদন্তের=পূজ্যের, আপনার ন্যায় পূজনীয় ব্যক্তির) ণাহো (নাথ=রক্ষাকর্তা) হোমি (হইব=আমি হইব) মিত্তণাঈ-পরিবুড়ো (মিত্রজ্ঞাতিপরিবৃত) (হইয়া) ভোগে (বিষয়ভোগ) ভুংজাহি (ভোগ করুন) (কেননা) খু (নিশ্চয়ই) মাণুস্সং (মনুষ্যজন্ম) সুদুল্লহং (সুদুর্লভ) ॥১১॥

হে সংযত সাধু, আপনার ন্যায় পূজনীয় ব্যক্তির আমিই রক্ষাকর্তা হইব।

১। 'মহারায়ং' টীকা ৩।

২। 'নাহি তুমে মহং' টীকা ৩।

আপনি মিত্রজ্ঞাতিগণ পরিবৃত হইয়া বিষয়সুখ ভোগ করুন, কেননা মনুষ্যজন্ম প্রাপ্ত হওয়া অত্যন্ত দুর্লভ ॥১১॥

অপ্পণা বি অণাহো সি, সেণিয়া মগহাহিবা।
অপ্পণা অণাহো সংতো, কহং ণাহো ভবিস্সসি ॥১২॥

মগহাহিবা সেণিয়া (হে মগধাধিপ শ্রেণিক) (তুমি) অপ্পণা বি (নিজেও) অণাহো সি (অনাথ আছ) অপ্পণা (নিজে) অণাহো সংতো (অনাথ হইয়া) কহং (কি প্রকারে) (আমার) ণাহো (রক্ষাকর্তা) ভবিস্সসি (হইবে) ॥১২॥

হে মগধাধিপ শ্রেণিক, তুমি নিজেই অনাথ অর্থাৎ তোমার নিজেরই রক্ষাকর্তা কেহ নাই। নিজে অনাথ হইয়া কি প্রকারে অন্যের রক্ষাকর্তা হইবে? ॥১২॥

এবং বুত্তো ণরিংদো সো, সুসংভংতো সুবিম্হিও।
বয়ণং অস্সুয়পুব্বং, সাহুণা বিম্হয়ণ্ণিও[১] ॥১৩॥

সো ণরিংদো (সেই রাজা) সাহুণা (সাধু দ্বারা) এবং (এইরূপ) অস্সুয়পুব্বং (অশ্রুতপূর্ব) বয়ণং (বচন) বুত্তো (কথিত হইয়া) সুসংভংতো (সুসম্ভ্রান্ত= সংশয়াকুল) সুবিম্হিও (সুবিস্মিত) (হইয়া) বিম্হয়ণ্ণিও (বিস্ময়ান্বিত= আশ্চর্যের সহিত) (এইরূপ বলিল) ॥১৩॥

সেই শ্রেণিক রাজা সাধুর নিকট অশ্রুতপূর্ব বচন শ্রবণ করিয়া অত্যন্ত সংশয়াকুল ও বিস্মিত হইয়া আশ্চর্যের সহিত এইরূপ বলিল ॥১৩॥

অস্সা[২] হত্থী মণুস্সা মে, পুরং[৩] অংতেউরং[৩] চ মে।
ভুংজামি মাণুসে ভোএ, আণা ইস্সরিয়ং চ মে ॥১৪॥

এরিসে সংপয়গ্গংমি, সব্বকামসমপ্পিও[৪]।
কহং অণাহো ভবঈ, মা হু ভংতে মুসং বএ ॥১৫॥

১। 'বিম্হয়ংনিও' টীকা ১ ও ৩।
২। 'আসা' টীকা ২।
৩। 'পুরমংতেউরং' টীকা ২।
৪। 'সব্বকামসমপ্পিএ' টীকা ১ ও ২।

মে (আমার) অস্সা (অশ্ব) হত্থী (হস্তী) মণুস্সা (মনুষ্য=সৈন্যসামন্ত ও পরিজনবর্গ) (আছে) চ (ও) পুরং (পুর=নগর) অংতেউরং (অন্তঃপুর =রাজ্ঞীবৃন্দ) (আছে) মে (আমার) আণা (আজ্ঞা=শাসন) চ (ও) ইস্সরিয়ং (ঐশ্বর্য=প্রভুত্ব) (আছে) (আমি) মাণুসে (মনুষ্য সম্বন্ধীয়) ভোএ (ভোগ=বিষয়ভোগ) ভুংজামি (ভোগ করি) এরিসে (এইরূপ) সব্বকামসমপ্পিও (সর্বকামসমর্পিত=সমস্ত প্রকার বিষয়ভোগ যুক্ত) সংপয়গ্গংমি (সম্পদগ্রে=শ্রেষ্ঠ সম্পদ যুক্ত হইয়া) কহং (কি প্রকারে) অণাহো (অনাথ) ভবঈ (ভবামি=হই) ভংতে (হে পূজ্য) হু (নিশ্চয়ই) মুসং (মৃষা=মিথ্যা) মা বএ (বলিবেন না) ॥১৫॥

আমার বহু অশ্ব, হস্তী, সৈন্য, সামন্ত ও পরিজনবর্গ আছে এবং আমার নগর ও অন্তঃপুরও আছে, আমার আদেশ প্রতিপালিত হইতেছে এবং প্রভুত্বও আছে। আমি মনুষ্য সম্বন্ধীয় বিষয়ভোগও ভোগ করিতেছি। এইরূপে সমস্ত প্রকার বিষয়ভোগযুক্ত ও শ্রেষ্ঠ সম্পদ সমন্বিত হইয়াও আমি কিরূপে অনাথ হইতে পারি ? হে পূজ্য, মিথ্যা বাক্য বলিবেন না ॥১৪॥১৫॥

ন তুমং জাণে[১] অণাহস্স, অত্থং পোত্থং[২] চ পত্থিবা।
জহা অণাহো হবঈ[৩], সণাহো বা ণরাহিবা ॥১৬॥

পত্থিবা (হে পার্থিব=হে রাজন্) তুমং (তুমি) অণাহস্স (অনাথের=অনাথ এই শব্দের) অত্থং (অর্থ) চ (ও) পোত্থং (প্রোত্থা=মূল, উৎপত্তি) ন জাণে (জান না) ণরাহিবা (হে নরাধিপ) জহা (যেরূপে) অণাহো (অনাথ) হবঈ (হয়) বা (বা) সণাহো (সনাথ) (হয় তাহাও জান না) ॥১৬॥

হে রাজন্, তুমি অনাথ শব্দের অর্থ ও উৎপত্তি জান না। হে নরপতি, লোকে যেরূপে অনাথ হয় বা সনাথ হয় তাহাও জান না ॥১৬॥

১। 'জাণসি' টীকা ৩।

২। 'পুত্থং' টীকা ২। 'পুচ্ছং' টীকা ৩। "প্রকর্ষেণোত্থানং মূলোৎপত্তিঃ প্রোত্থা, তাং প্রোত্থাম্" টীকা ১।

৩। 'ভবঈ' টীকা ৩।

সুণেহ[১] মে মহারায়[২] অব্বক্খিত্তেণ চেয়সা।
জহা অণাহো হবঈ[৩], জহা মে য় পবত্তিয়ং ॥১৭॥

মহারায় (হে মহারাজ) অব্বক্খিত্তেণ (অব্যাক্ষিপ্ত=স্থির) চেয়সা (চিত্তে) মে (আমার) (কথা) সুণেহ (শ্রবণ কর) জহা (যেরূপে) অণাহো (অনাথ) হবঈ (হয়) য় (ও) জহা (যেরূপে) মে (আমার) (অনাথত্ব) পবত্তিয়ং (প্রবর্তিত হইয়াছে=আরম্ভ হইয়াছে) ॥১৭॥

হে মহারাজ, স্থির চিত্তে আমার কথা শ্রবণ কর। যেরূপে অনাথ হয় এবং যেরূপে আমার অনাথত্ব প্রবর্তিত হইয়াছে অর্থাৎ যেরূপে আমি অনাথ হইয়াছি তাহা শ্রবণ কর ॥১৭॥

কোসংবী ণাম ণয়রী, পুরাণপুরভেয়ণী।[৪]
তত্থ আসী পিয়া মজ্ঝং, পভূয়ধণসংচও ॥১৮॥

পুরাণপুরভেয়ণী (পুরাতন নগরের প্রধান) কোসংবী (কৌশাম্বী) ণাম (নামক) ণয়রী (নগরী) (আছে) তত্থ (সেখানে) পভূয়ধণসংচও (প্রভূত-ধনসঞ্চয়=প্রভূতধনশালী) মজ্ঝং (আমার) পিয়া (পিতা) আসী (ছিল) ॥১৮॥

পুরাতন নগরসমূহের মধ্যে প্রধান কৌশাম্বী নামক নগরী আছে। সেখানে প্রভূতধনশালী আমার পিতা ছিলেন ॥১৮॥

পঢ়মে বএ মহারায়, অউলা মে অচ্ছিবেয়ণা।
অহোত্থা[৫] বিউলো[৬] ডাহো[৭], সব্বগত্তেসু পত্থিবা ॥১৯॥

মহারায় (হে মহারাজ) পঢ়মে (প্রথম) বএ (বয়সে) মে (আমার) অউলা

১। 'সুণেহি' টীকা ৩।

২। 'মহারায়ং' টীকা ৩।

৩। 'ভবঈ' টীকা ৩।

৪। "পুরাণপুরভেদিনী জীর্ণনগরভেদিনী যাদৃশানি জীর্ণনগরাণি ভবন্তী, তেভ্যোঽধিক-শোভাবতী" টীকা ১।

৫। 'অহুত্থা' টীকা ৩।

৬। 'তিউলো' টীকা ৩। "তোদকঃ ব্যথকঃ" টীকা ৩।

৭। 'দাহো' টীকা ৩।

(অত্যন্ত = অতুল) অচ্ছিবেয়ণা (অক্ষিবেদনা = চক্ষুর বেদনা অথবা অস্থিবেদনা = হাড়ের বেদনা) (হইয়াছিল) (এবং) পথিবা (হে রাজন্) সব্বগত্তেসু (সর্বগাত্রে = সর্বাঙ্গে) বিউলো (বিপুল) ডাহো (দাহ = দাহজ্বর) অহোত্থা (হইয়াছিল) ॥১৯॥

হে মহারাজ, আমার প্রথম বয়সে অত্যন্ত চক্ষু বেদনা হইয়াছিল এবং হে রাজন্ আমার সমস্ত শরীরে ভীষণ দাহজ্বর হইয়াছিল ॥১৯॥

সত্থং জহা পরমতিক্খং, সরীরবিবরংতরে।
আবীলিজ্জ[১] অরী কুদ্ধো, এবং মে অচ্ছিবেয়ণা ॥২০॥

জহা (যেমন) কুদ্ধো (ক্রুদ্ধ) অরী (অরি = শত্রু) সরীরবিবরংতরে (শরীরের রন্ধ্রের মধ্যে অর্থাৎ চক্ষু, কর্ণ, নাসিকাদির ছিদ্রের মধ্যে) পরমতিক্খং (পরম-তীক্ষ্ণ) সত্থং (শস্ত্র) আবীলিজ্জ (আপীড়য়েৎ = জোরের সহিত প্রবেশ করাইয়া দেয়) (তাহাতে যেরূপ বেদনা হয়) এবং (তদ্রূপ) মে (আমার) অচ্ছি-বেয়ণা (চক্ষু বেদনা) (হইয়াছিল) ॥২০॥

ক্রুদ্ধ শত্রু চক্ষু, কর্ণ, নাসিকাদির ছিদ্র মধ্যে অত্যন্ত তীক্ষ্ণ অস্ত্র জোরের সহিত প্রবেশ করাইয়া দিলে যেরূপ বেদনা হয় তদ্রূপ আমার চক্ষুর বেদনা হইয়াছিল ॥২০॥

তিয়ংমে অংতরিচ্ছং[২] চ, উত্তমংগং চ পীড়ঈ।
ইংদাসণিসমা ঘোরা, বেয়ণা পরমদারুণা ॥২১॥

মে (আমার) তিয়ং (ত্রিক = কটিদেশে, কোমরে) অংতরিচ্ছং (হৃদয়ে) চ (ও) উত্তমংগং (উত্তমাঙ্গে = মস্তকে) ইংদাসণিসমা (ইন্দ্রাশনিসম = ইন্দ্রের বজ্রের ন্যায়) ঘোরা (ঘোর = ভীষণ) পরমদারুণা (অত্যন্ত দারুণ) বেয়ণা (বেদনা) পীড়ঈ (পীড়া দিতে লাগিল) ॥২১॥

আমার কটিদেশে, হৃদয়ে ও মস্তকে ইন্দ্রের বজ্রের ন্যায় অর্থাৎ ইন্দ্রের বজ্র যেরূপ ভীষণভাবে প্রজ্বলিত হইতে থাকে তদ্রূপ ভীষণ জ্বালাময় ও অত্যন্ত দারুণ বেদনা কষ্টপ্রদান করিতে লাগিল ॥২১॥

১। 'পবিসিজ্জ' টীকা ৩। "প্রবেশয়েৎ" টীকা ৩।

২। "অন্তর্মধ্যে ইচ্ছা অন্তরিচ্ছা তামন্তরিচ্ছাং ভোজনপানরমণাভিলাষরূপাম্" টীকা ১। এই শব্দের অর্থ টীকাকারগণ যাহা লিখিয়াছেন তাহাতে পরিষ্কার হয় না। মনে হয় অন্তরে যেখানে ইচ্ছা থাকে অর্থাৎ হৃদয় এইরূপ অর্থ করিলে কতকটা সঙ্গতি রক্ষা হয়।

উবট্ঠিয়া মে আয়রিয়া, বিজ্জামংতচিগিচ্ছগা[১]।
অবীয়া[২] সথকুসলা, মংতমূলবিসারয়া ॥২২॥

মে (আমার জন্য) বিজ্জামংতচিগিচ্ছগা (বিদ্যামন্ত্র চিকিৎসক=যাহারা বিদ্যা ও মন্ত্রের দ্বারা চিকিৎসা করে) অবীয়া (অদ্বিতীয়=অনন্য সাধারণ) সথকুসলা (শস্ত্রকুশল=শস্ত্রোপচারে কুশল অথবা শাস্ত্রকুশল=চিকিৎসা শাস্ত্রে পারদর্শী) মংতমূলবিসারয়া (মন্ত্রমূলবিশারদ=মন্ত্রপ্রয়োগে ও ঔষধ প্রয়োগে বিশারদ) আয়রিয়া (আচার্য=প্রাণাচার্য, চিকিৎসক) উবট্ঠিয়া (উপস্থিত হইল) ॥২২॥

আমার জন্য বিদ্যা ও মন্ত্রচিকিৎসক, অনন্যসাধারণ, শস্ত্রপ্রয়োগে পারদর্শী, মন্ত্র ও ঔষধ প্রয়োগে বিশারদ প্রাণাচার্য বৈদ্যগণ উপস্থিত হইল ॥২২॥

তে মে চিগিচ্ছং[৩] কুব্বংতি, চাউপ্পায়ং জহাহিয়ং।
ন য় দুক্খা বিমোয়ংতি, এসা মজ্ঝ অণাহয়া ॥২৩॥

তে (সেই চিকিৎসকগণ) জহাহিয়ং (যথাহিত=যথোচিত হিতকারক) চাউপ্পায়ং (চতুষ্পাদ=চারিপ্রকারের অর্থাৎ বমন, বিরেচন, মর্দন, ও স্বেদনরূপ বা অঞ্জন, বন্ধন, লেপন ও মর্দন রূপ চতুর্বিধ) চিগিচ্ছং (চিকিৎসা) কুব্বংতি (করিতে লাগিল) (কিন্তু) দুক্খা (দুঃখ=আমার কষ্ট) ন বিমোয়ংতি (বিমোচন করিতে পারিল না) এসা (ইহাই) মজ্ঝ (আমার) অণাইয়া (অনাথতা) ॥২৩॥

সেই চিকিৎসকগণ আমার হিতকারক চতুর্বিধ চিকিৎসা করিতে লাগিল কিন্তু আমার দুঃখ মোচন করিতে সক্ষম হইল না ইহাই আমার অনাথতা অর্থাৎ আমার কোন রক্ষাকর্তা নাই ইহাই প্রতিপন্ন হইল ॥২৩॥

পিয়া মে সব্বসারং পি, দিজ্জাহি মম কারণা।
ন য় দুক্খা বিমোয়ংতি, এসা মজ্ঝ অণাহয়া ॥২৪॥

মে (আমার) পিয়া (পিতা) মম কারণা (আমার জন্য) সব্বসারং পি (সর্বসার ও=সমস্ত ধনসম্পত্তি ও) দিজ্জাহি (প্রদান করিত) (তথাপি)

১। 'তিগিচ্ছগা' টীকা ১। 'তিগিচ্ছয়া' টীকা ৪।

২। 'অধীয়া' টীকা ১। "অধীতাঃ সম্যক্ পঠিতাঃ" টীকা ১।

৩। 'তিগিচ্ছয়ং' টীকা ১।

দুক্‌খা (আমার দুঃখ) ন বিমোয়ংতি (মোচন করিতে পারিল না) এসা মজ্ঝ অণাহয়া (ইহাই আমার অনাথতা) ॥২৪॥

আমার পিতা আমার আরোগ্যের জন্য সমস্ত সম্পত্তি প্রদান করিতে উদ্যত হইল কিন্তু আমার দুঃখ মোচন করিতে পারিল না, ইহাই আমার অনাথতা ॥২৪॥

মায়া বি মে মহারায়, পুত্ত সোগদুহট্টিয়া।
ন য় দুক্‌খা বিমোয়ংতি, এসা মজ্ঝ অণাহয়া ॥২৫॥

মহারায় (হে মহারাজ) মে (আমার) মায়া বি (মাতাও) পুত্তসোগদুহট্টিয়া (পুত্রশোকদুঃখার্ত=পুত্রের জন্য শোকে দুঃখার্ত হইয়াও) দুক্‌খা (আমার দুঃখ) ন বিমোয়ংতি (মোচন করিতে পারিল না) এসা মজ্ঝ অণাহয়া (ইহাই আমার অনাথতা) ॥২৫॥

হে মহারাজ, আমার মাতাও পুত্রের জন্য দুঃখার্ত হইল কিন্তু আমার দুঃখ মোচন করিতে পারিল না, ইহাই আমার অনাথতা ॥২৫॥

ভায়রো মে মহারায়, সগা জিট্‌ঠকণিট্‌ঠগা।
ন য় দুক্‌খা বিমোয়ংতি, এসা মজ্ঝ অণাহয়া ॥২৬॥

মহারায় (হে মহারাজ) মে (আমার) সগা (স্বক=সহোদর) জিট্‌ঠকণিট্‌ঠগা (জ্যেষ্ঠ ও কনিষ্ঠ) ভায়রো (ভ্রাতাগণ) দুক্‌খা ইত্যাদি পূর্ববৎ ॥২৬॥

হে মহারাজ, আমার জ্যেষ্ঠ ও কনিষ্ঠ সহোদর ভ্রাতাগণও আমার দুঃখ বিমোচন করিতে পারিল না, ইহাই আমার অনাথতা ॥২৬॥

ভয়ণীও[১] মে মহারায়, সগা জেট্‌ঠকণিট্‌টগা।
ন য় দুক্‌খা বিমোয়ংতি, এসা মজ্ঝ অণাহয়া ॥২৭॥

মহারায় (হে মহারাজ) মে (আমার) ভয়ণীও (ভগ্নীগণও) অন্যান্য পূর্ববৎ ॥২৭॥

হে মহারাজ, আমার সহোদরা জ্যেষ্ঠা ও কনিষ্ঠা ভগিনীগণও আমার দুঃখ মোচন করিতে পারিল না, ইহাই আমার অনাথতা ॥২৭॥

১। 'ভইণীও' টীকা ১ ও ৩।

ভারিয়া মে মহারায় অণুরত্তা[১] অণুব্বয়া[১]।
অংসুপুণ্ণেহিং ণয়ণেহিং উরং মে পরিসিংচঈ ॥২৮॥

মহারায় (হে মহারাজ) অণুরত্তা (অনুরক্তা) অণুব্বয়া (পতিব্রতা) মে (আমার) ভারিয়া (ভার্যা) অংসুপুণ্ণেহিং (অশ্রুপূর্ণ) ণয়ণেহিং (নয়নে) মে (আমার) উরং (বক্ষঃস্থল) পরিসিংচঈ (সিঞ্চন করিতে লাগিল= ভিজাইতে লাগিল) ॥২৮॥

হে মহারাজ, আমার অনুরক্তা ও পতিব্রতা ভার্যা অশ্রুপূর্ণ লোচনে আমার বক্ষঃস্থল ভাসাইতে লাগিল ॥২৮॥

অণ্ণং পাণং চ হ্মাণং চ, গংধমল্লবিলেবণং।
মএ ণায়মণায়ং বা, সা বালা নোবভুংজঈ ॥২৯॥

সা বালা (সেই বালা=সেই আমার স্ত্রী) অণ্ণং (অন্ন) পাণং (পানীয়) চ (ও) হ্মাণং (স্নান) চ (ও) গন্ধমল্লবিলেবণং (গন্ধদ্রব্য, পুষ্পমাল্য ও সুগন্ধ বিলেপন) মএ (আমার) ণায়মণায়ং বা (জ্ঞাত বা অজ্ঞাত ভাবেও) নোবভুংজঈ (উপভোগ করে না) ॥২৯॥

সেই আমার স্ত্রী আমার জ্ঞাত এবং অজ্ঞাত ভাবেও অন্ন, পান ও স্নান এবং গন্ধদ্রব্য, পুষ্পমাল্য ও সুগন্ধি বিলেপন উপভোগ করিল না ॥২৯॥

খণংপি মে মহারায়, পাসাওবি ন ফিট্টঈ[২]।
ন য় দুক্খা বিমোয়ংতি[৩], এসা মজ্ঝ অণাহয়া ॥৩০॥

মহারায় (হে মহারাজ) (সেই স্ত্রী) খণংপি (ক্ষণমাত্রও) মে (আমার) পাসাওবি (পার্শ্ব হইতেও) ন ফিট্টঈ (দূরে যায় নাই) (কিন্তু) দুক্খা ইত্যাদি পূর্ববৎ ॥৩০॥

হে মহারাজ, আমার স্ত্রী ক্ষণমাত্রও আমার নিকট হইতে সরিয়া যায় নাই কিন্তু ইহাতেও আমার দুঃখ বিমোচন করিতে পারে নাই ইহাই আমার অনাথতা ॥৩০॥

১। 'অণুরত্ত মণুব্বয়া' টীকা ৩। "অণুব্রতা পতিব্রতা, পতিমনুলক্ষ্যীকৃত্য ব্রতং যস্যাঃ সাঽনুব্রতা" টীকা ১।

২। "নাপয়াতি ন দূরে যাতি" টীকা ২।

৩। 'বিমোএই' টীকা ৩।

তওহং এবমাহংসু, দুক্খমা হু পুণোপুণো।
বেয়ণা অণুভবিউং জে, সংসারংমি অণংতএ ॥৩১॥

তও (তৎপরে) হং (আমি) এবং (এইরূপ) আহংসু (বলিলাম) জে (যে) বেয়ণা (বেদনা) অণুভবিউং (অনুভব করিতে) দুক্খমা (দুঃক্ষমা=দুঃসহ) (সেই প্রকার বেদনা) অণংতএ (অনন্ত) সংসারংমি (সংসারে) হু (নিশ্চয়ই) পুণোপুণো (বারংবার) (ভোগ করিয়াছি) ॥৩১॥

তৎপরে আমি এইরূপ বলিলাম যে, যেরূপ বেদনা ভোগ করা দুঃসহ সেইরূপ বেদনা অনন্ত সংসারে অর্থাৎ অনন্ত জন্মে নিশ্চয়ই বারংবার ভোগ করিয়াছি ॥৩১॥

সইং[১] চ জই মুচ্চিজ্জা[২], বেয়ণা বিউলা ইও।
খংতো দংতো ণিরারংভো, পব্বএ[৩] অণগারিয়ং ॥৩২॥

জই (যদি) সইং (সকৃৎ=একবার) ইও (এই) বিউলা (বিপুল=ভীষণ) বেয়ণা (বেদনা) মুচ্চিজ্জা (মুক্ত হই) (তবে) খংতো (ক্ষান্ত=ক্ষমাবান্) দংতো (দান্ত=জিতেন্দ্রিয়) ণিরারংভো (নিরারম্ভ=হিংসাদি ব্যাপার হইতে রহিত) (হইয়া) অণগারিয়ং (অনগারত্ব=সাধুত্ব) পব্বএ (অবলম্বন করিব =গ্রহণ করিব) ॥৩২॥

যদি একবার এই ভয়ানক বেদনা হইতে আমি মুক্ত হই তবে ক্ষমাবান্, জিতেন্দ্রিয় ও হিংসাদি ব্যাপার হইতে বিরত হইয়া শ্রমণদীক্ষা গ্রহণ করিব ॥৩২॥

এবং চ চিংতইত্তাণং, পসুত্তো মি ণরাহিবা।
পরিয়ত্তংতীই[৪] রাঈএ, বেয়ণা মে খয়ং গয়া ॥৩৩॥

ণরাহিবা (হে নরাধিপ) এবং (এইরূপ) চিংতইত্তাণং (চিন্তা করিয়া) পসুত্তো মি (আমি প্রসুপ্ত হইলাম=নিদ্রিত হইলাম) (এবং) রাঈএ (রাত্রি)

১। 'সয়ং' টীকা ৩।
২। 'মুংচিজ্জা' টীকা ৩।
৩। 'পব্বইএ' টীকা ১।
৪। 'পরিবত্তংতি' টীকা ১।

পরিয়ত্তংতীই (অতিক্রান্ত হইলে=শেষ হইলে) মে (আমার) বেয়ণা (বেদনা) খয়ং গয়া (ক্ষয় প্রাপ্ত হইল ॥৩৩॥

হে মহারাজ, এইরূপ চিন্তা করিয়া আমি নিদ্রিত হইলাম এবং রাত্রি অতিক্রান্ত হইবার সঙ্গে সঙ্গে আমার বেদনাও প্রশান্ত হইল ॥৩৩॥

তও কল্লে পভায়ংমি, আপুচ্ছিত্তাণ[১] বংধবে।
খংতো দংতো ণিরারংভো, পব্বঈও অণগারিয়ং ॥৩৪॥

তও (তৎপরে) কল্লে (কল্যে=পরের দিনে অথবা কল্য=নীরোগ হইয়া) পভায়ংমি (প্রভাতে) বংধবে (মাতাপিতা প্রভৃতি আত্মীয়স্বজনকে) আপুচ্ছিত্তাণ (জিজ্ঞাসা করিয়া) খংতো (ক্ষান্ত) দংতো (দান্ত) ণিরারংভো (হিংসাদি ব্যাপার হইতে রহিত) (হইয়া) অণগারিয়ং (শ্রমণধর্মে) পব্বঈও (দীক্ষিত হইলাম) ॥৩৪॥

তদনন্তর পরদিবস প্রভাতে মাতাপিতাদি স্বজনগণকে জিজ্ঞাসা করিয়া ক্ষান্ত, দান্ত ও আরম্ভরহিত হইয়া শ্রমণধর্মে দীক্ষিত হইলাম ॥৩৪॥

তও হং ণাহো জাও, অপ্পণো য পরস্স য।
সব্বেসিং চেব ভূয়াণং, তসাণং[২] থাবরাণ[৩] য ॥৩৫॥

তও (তদনন্তর) হং (আমি) অপ্পণো (নিজের) য (ও) পরস্স (পরের) চেব (এবং) সব্বেসিং (সমস্ত) তসাণং (ত্রসজীবের=দ্বীন্দ্রিয়াদি জীবের) য (ও) থাবরাণ (স্থাবর=একেন্দ্রিয় জীবের) ভূয়াণং (ভূতগণের=জীবগণের) ণাহো (নাথ) জাও (হইলাম) ॥৩৫॥

তদনন্তর আমি নিজের ও অপরের এবং সমস্ত ত্রস ও স্থাবর প্রাণিগণের নাথ হইলাম ॥৩৫॥

অপ্পা ণঈ বেয়রণী[৪], অপ্পা মে কূড়সামলী[৫]।
অপ্পা কামদুহা ধেণূ, অপ্পা মে ণংদণং বণং ॥৩৬॥

১। 'আউচ্ছিত্তাণ' টীকা ৩।

২। ত্রস জীবের বিবরণের জন্য ৫।৮ সূত্রের ২নং পাদটীকা দ্রষ্টব্য।

৩। স্থাবর জীবের বিবরণের জন্য ৫।৮ সূত্রের ৩ নং পাদটীকা দ্রষ্টব্য।

৪। ১৯।৫৯ সূত্রের ব্যাখ্যা দ্রষ্টব্য।

৫। ১৯।৫২ সূত্রের ব্যাখ্যা দ্রষ্টব্য।

অপ্পা (আত্মা) বেয়রণী (বৈতরণী) ণঈ (নদী) মে (আমার) অপ্পা (আত্মা) কূড়সামলী (কূটশাল্মলীবৃক্ষ) অপ্পা (আত্মা) কামদুহা ধেণূ (কামধেনু) অপ্পা (আত্মা) মে (আমার) ণংদণং বণং (নন্দনবন) ॥৩৬॥

আত্মাই আমার বৈতরণী নদী, আত্মাই আমার নরকস্থিত কণ্টকাকীর্ণ শাল্মলীবৃক্ষ, আত্মাই আমার কামদুঘা ধেনু এবং আত্মাই আমার নন্দন বন ॥৩৬॥

অপ্পা কত্তা বিকত্তা[১] য়, দুহাণ য় সুহাণ য়।
অপ্পা মিত্তমমিত্তং* চ, দুপ্পট্ঠিয় সুপট্ঠিও[২] ॥৩৭॥

অপ্পা (আত্মা) দুহাণ (দুঃখের) য় (ও) সুহাণ (সুখের) কত্তা (কর্তা) য় (ও) বিকত্তা (বিকর্তা=বিনাশক) অপ্পা (আত্মা) দুপ্পট্ঠিয় (দুঃপ্রস্থিত =দুরাচারে প্রবৃত্ত) (ও) সুপট্ঠিও (সুপ্রস্থিত=সদাচারে প্রবৃত্ত) (হইলে) মিত্তং (মিত্র) চ (ও) অমিত্তং (অমিত্র=শত্রু) (হয়) ॥৩৭॥

আত্মাই সুখ ও দুঃখের কর্তা এবং সুখ ও দুঃখের বিনাশকর্তাও বটে। আত্মাই দুরাচার ও সদাচারে প্রবৃত্ত হইলে শত্রু ও মিত্র হয় ॥৩৭॥

ইমা হু অপ্পা বি অণাহয়া ণিবা[৩], তমেগচিত্তো ণিহুও সুণেহিং।
ণিয়ংঠধম্মং লহিয়াণ বি জহা, সীয়ংতি এগে বহুকায়রা ণরা ॥৩৮॥

ণিবা (হে নৃপ) ইমা (এই সকল) অপ্পা বি (অন্য ও) অণাহয়া (অনাথতা) (আছে) তং (তাহা=সেই অনাথতা সম্বন্ধে) এগচিত্তো (একচিত্ত=একাগ্রচিত্ত) (ও) ণিহুও (নিভৃত=অন্য কার্য হইতে নিবৃত্ত, স্থির) (হইয়া) সুণেহিং (শ্রবণ কর) জহা (যেমন) এগে (কেহ) বহুকায়রা (বহু কাতর=হীনসত্ত্ব) ণরা (পুরুষ) ণিয়ংঠধম্মং (নিগ্রন্থ ধর্ম) লহিয়াণ বি (প্রাপ্ত হইয়াও) সীয়ংতি (সীদন্তি=শিথিল হয়) ॥৩৮॥

হে নৃপতি, এইরূপ ও অন্যও অনাথতা আছে তাহা একাগ্রচিত্ত ও স্থির হইয়া

১। 'বিকিত্তা' টীকা ১। "বিকিরিতা বিনাশকঃ" টীকা ১।

* তুলনা—"উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ। আত্মৈবহ্যাত্মনো বন্ধুরাত্মৈব রিপুরাত্মনঃ" গীতা ৬।৫

২। 'সুপট্ঠিও' টীকা ১।

৩। 'নিব' টীকা ১।

শ্রবণ কর, যেমন কেহ কেহ এইরূপ হীনবীর্য পুরুষ আছে যে নির্গ্রন্থ ধর্ম প্রাপ্ত হইয়াও তাহা পালন করিবার সময় শিথিলতা অবলম্বন করে ॥৩৮॥

জো পব্বইত্তাণ মহব্বয়াইং, সম্মং নো ফাসয়ঈ পমায়া।
অণিগহপ্পা য় রসেসু গিদ্ধে, ন মূলও ছিংদই বংধণং সে ॥৩৯॥

জো (যে) পব্বইত্তাণ (প্রব্রজ্যা গ্রহণ করিয়া) পমায়া (প্রমাদের বশে) মহব্বয়াইং (মহাব্রত সমূহ=অহিংসাদি পঞ্চ মহাব্রত) সম্মং (সম্যক্ প্রকারে) নো ফাসয়ঈ (স্পর্শ করে না=পালন করে না) সে (সেই) অণিগহপ্পা (অনিগ্রহাত্মা=অসংযতাত্মা, অনিয়ন্ত্রিতাত্মা) য় (ও) রসেসু (মধুরাদি রসে) গিদ্ধে (গৃদ্ধ=লোলুপ) (হইয়া) বংধণং (বন্ধনকে=কর্মবন্ধনকে) মূলও ন ছিংদই (সমূলে ছেদন করিতে পারে না=মূলোচ্ছেদ করিতে পারে না) ॥৩৯॥

যে দীক্ষাগ্রহণ করিয়াও প্রমাদবশে অহিংসাদি পঞ্চ মহাব্রত সম্যক্ প্রকারে পালন করে না সেই অসংযতাত্মা মধুরাদি রসে আসক্ত হইয়া কর্মবন্ধনকে সমূলে ছেদন করিতে পারে না ॥৩৯॥

আউত্তয়া জস্স য় নত্থি কাঈ[১], ইরিয়াএ[২] ভাসাএ তহেসণাএ।
আয়াণণিক্খেবদুগংছণাএ, ন ধীরজায়ং[৩] অণুজাই মগগং ॥৪০॥

জস্স (যাহার) ইরিয়াএ (ঈর্যা সমিতিতে) ভাসাএ (ভাষা সমিতিতে) তহ (তথা) এসণাএ (এষণা সমিতিতে) আয়াণণিক্খেবদুগংছণাএ (আদান-নিক্ষেপ ও জুগুপ্সনা অর্থাৎ পরিষ্ঠাপন সমিতিতে) কাঈ (কিছু মাত্রও) আউওয়া (আযুক্ততা=সাবধানতা) নত্থি (নাই) (সে) ধীরজায়ং (ধীরয়াত=ধীর অর্থাৎ তীর্থঙ্করাদি মহাপুরুষগণের দ্বারা অবলম্বিত) মগ্গং (মার্গে) ন অণুজাঈ (গমন করে না) ॥৪০॥

যাহার ঈর্যা সমিতি, ভাষা সমিতি, এষণা সমিতি, আদাননিক্ষেপ সমিতি ও পরিষ্ঠাপন সমিতিতে কোন প্রকার সাবধানতা নাই সে তীর্থঙ্করাদি ধীর পুরুষগণের অবলম্বিত মার্গে গমন করে না ॥৪০॥

১। 'কার্বি' টীকা ৩।

২। পাঁচ প্রকার সমিতির বিবরণের জন্য ৮।৯ সূত্রের ২ নং পাদটীকা দ্রষ্টব্য।

৩। 'বীরজায়ং' টীকা ২ ও ৩।

চিরং পি সে মুণ্ডরুঈ ভবিত্তা, অথিরব্বএ তবণিয়মেহিং ভট্ঠে।
চিরং পি অপ্পাণং কিলেসইত্তা, ন পারএ হোঈ হু সংপরাএ ॥৪১॥

সে (সেই=পঞ্চ সমিতি রহিত সাধু) অথিরব্বএ (অস্থিরব্রত) তবণিয়মেহিং ভট্ঠে (তপস্যা ও নিয়মে ভ্রষ্ট) চিরং পি (চিরকাল পর্যন্ত) মুণ্ডরুঈ (মুণ্ডরুচি=যাহার কেবল মাত্র মস্তক মুণ্ডনেই প্রবৃত্তি অর্থাৎ দ্রব্যমুণ্ড) ভবিত্তা (হইয়া) অপ্পাণং (আত্মাকে) চিরং পি (চিরকাল পর্যন্ত) কিলেসইত্তা (ক্লেশে নিপাতিত করিয়া=দুর্দশাগ্রস্ত করিয়া) হু (নিশ্চয়ই) সংপরাএ (সংসার হইতে) পারএ (পারগ=পারগামী) ন হোঈ (হয় না) ॥৪১॥

সেই পঞ্চসমিতিরহিত সাধু অস্থির ব্রত এবং তপস্যা ও নিয়ম পালনে ভ্রষ্ট হইয়া ও চিরকাল পর্যন্ত কেবলমাত্র মস্তক মুণ্ডনেই সাধুধর্ম প্রতিপালিত হইল এইরূপ মনে করিয়া আত্মাকে দীর্ঘসময় পর্যন্ত দুঃখে নিপাতিত করে এবং সংসারের পারগামী হয় না অর্থাৎ মুক্তিলাভ করিতে পারে না ॥৪১॥

পোল্লেব[১] মুট্ঠী জহ সে অসারে, অয়ংতি[২] কুড়কহাবণে বা।
রাঢ়ামণী বেরুলিয়প্পগাসে অমহগ্‌ঘএ হোই হু জাণএসু ॥৪২॥

সে (সেই=মুণ্ডরুচি মুনি) পোল্লেব (রিক্ত=শূন্য) মুট্ঠী (মুষ্টি) জহ (যেমন) অসারে (অসার) কুড়কহাবণে বা (কূটকার্ষাপণের ন্যায়=কৃত্রিম মুদ্রার ন্যায়) অয়ংতিএ (অয়ন্ত্রিত=অনাদরণীয়, অচল) বেরুলিয়প্পগাসে (বৈদূর্যপ্রকাশ=বৈদূর্যমণিসদৃশ কান্তিবিশিষ্ট) রাঢ়ামণী (কাচ) হু (নিশ্চয়) জাণএসু (অভিজ্ঞ ব্যক্তির নিকট) অমহগ্‌ঘএ (অমহার্ঘ=অল্পমূল্যবিশিষ্ট) হোই (হয়) ॥৪২॥

সেই মুণ্ডরুচি মুনি শূন্য মুষ্টির ন্যায় অসার, কৃত্রিম মুদ্রার ন্যায় অনাদরণীয় এবং অভিজ্ঞ ব্যক্তির নিকট বৈদূর্যমণির কান্তির ন্যায় কান্তিবিশিষ্ট অল্প মূল্য কাচ বলিয়া যেরূপ উপেক্ষণীয় তদ্রূপ সেও উপেক্ষণীয় হয় ॥৪২॥

কুসীললিংগং ইহ ধারইত্তা ইসিজ্ঝয়ং জীবিয় বূহইত্তা।
অসংজএ সংজয় লপ্পমাণে, বিণিঘায়মাগচ্ছই সে চিরংপি ॥৪৩॥

সে (সেই আচারবিহীন সাধু) ইহ (এই সংসারে) কুসীললিংগং (কুশীললিঙ্গ

১। "পোল্লৈবাত্যন্তশুষিরৈব মনাগপি নিবিড়া" টীকা ২।

২। "ন যন্ত্রিতোঽযন্ত্রিতোঽনাদরণীয়ো নির্গুণত্বাদুপেক্ষণীয়ঃ" টীকা ১।

=ভ্রষ্ট সাধুর বেশ) ধারইত্তা (ধারণ করিয়া) জীবিয় (জীবিকার জন্য) ইসিজ্ঝায়ং (ঋষিধ্বজ=মুনির চিহ্ন) বৃহইত্তা (বৃংহয়িত্বা=পোষণ করিয়া, রাখিয়া) অসংজএ (অসংযত) (হইয়াও) সংজয় (সংজত=আমি সংযত এইরূপ) লপ্পমাণে (বলিতে থাকিয়া) চিরংপি (চিরকাল পর্যন্ত) বিণিঘায়ং (বিনিঘাত=বিবিধ দুঃখ) আগচ্ছই (প্রাপ্ত হয়) ॥৪৩॥

সেই আচারহীন সাধু এই সংসারে বেশ মাত্র ধারণ করিয়া, জীবিকা উপার্জনের জন্য মুনির চিহ্নকে প্রদর্শন করিয়া, অসংযত হইয়াও নিজেকে সংযত প্রতিপাদন করিয়া চিরকাল পর্যন্ত বিবিধ দুঃখ প্রাপ্ত হয় ॥৪৩॥

বিসং তু পীয়ং জহ কালকূড়ং, হণাই সত্থং জহ কুগ্গহীয়ং।
এসেব ধম্মো বিসওববন্নো, হণাই বেয়াল ইবাবিবন্নো[১] ॥৪৪॥

জহ (যেমন) কালকূড়ং (কালকূট) বিসং (বিষ) পীয়ং তু (পীত হইলে= পান করা হইলে) হণাই (বধ করে) জহ (যেমন) কুগ্গহীয়ং (কুগৃহীত= বিপরীতভাবে গৃহীত) সত্থং (শস্ত্র) (নিজকেই বধ করে) এসেব (সেইরূপ) বিসওববন্নো (বিষয়োপপন্ন=বিষয়ভোগের অভিলাষযুক্ত) ধম্মো (ধর্ম) অবিবন্নো (অবিপন্ন=মন্ত্রাদির দ্বারা অনিয়ন্ত্রিত) বেয়াল ইব (বেতালের ন্যায়= পিশাচাদির ন্যায়) হণাই (বধ করে) ॥৪৪॥

যেমন কালকূট বিষ পান করিলে তাহা প্রাণ হরণ করে, যেমন বিপরীত ভাবে গৃহীত শস্ত্র নিজেকেই বধ করে, তদ্রূপ বিষয়ভোগের ইচ্ছা সমন্বিত ধর্ম মন্ত্রাদির দ্বারা অবশীভূত বেতালের ন্যায় প্রাণ বিনাশ করে ॥৪৪॥

জে লক্খণং সুবিণ পউংজমাণে[২], নিমিত্ত[৩] কোউহলসংপগাঢ়ে।
কুহেড়বিজ্জা সবদারজীবী[৪], ন গচ্ছঈ সরণং তংমি কালে ॥৪৫॥[৫]

১। "অবিপন্নোঽপ্রাপ্তবিপদ্ মন্ত্রাদিভিরনিয়ন্ত্রিত ইতি ভাবঃ" টীকা ২।

২। "গৃহস্থানাং পুরতো বক্তি" টীকা ১।

৩। "নিমিত্তং ভূকম্পোল্কাপাতকেতূদয়াদি কৌতূহলং কৌতুকং পুত্রাদিপ্রাপ্ত্যর্থং স্নান-ভেষজৌষধাদিপ্রকাশনম্" টীকা ১।

৪। "কুহেটকবিদ্যাঃ অলীকাশ্চর্যবিধায়িমন্ত্রতন্ত্রযন্ত্রজ্ঞানাত্মিকাঃ তা এবাস্রবদ্বারাণি তৈ-র্জীবিতুমাজীবিকাং কর্ত্তুং শীলং যস্য স কুহেটকবিদ্যাস্রবদ্বারজীবী" টীকা ১।

৫। ১৫।৭-৮ সূত্রের সহিত তুলনীয়।

জে (যে সাধু) লক্খণং (লক্ষণ=সামুদ্রিকশাস্ত্রোক্ত স্ত্রীপুরুষের শরীরে চিহ্নের) (ও) সুবিণ (স্বপ্নের) (ফলাফল) পউংজমাণে (বলিয়া) ণিমিত্ত-কোউহল সংপগাঢ়ে (নিমিত্তবিদ্যা=ভূকম্পাদির দ্বারা শুভাশুভ ফল নির্ণয়, কৌতূহল=পুত্রাদিপ্রাপ্তির জন্য ঔষধাদি প্রদান, এই উভয় কার্যে অত্যন্ত আসক্ত) কুহেডবিজ্জাসবদারজীবী (কুহেটকবিদ্যাস্রবদ্বারজীবী=কুহেটকবিদ্যা অর্থাৎ মন্ত্রতন্ত্রবিদ্যা তদ্রূপ আস্রবদ্বার অর্থাৎ কর্মবন্ধের হেতুর দ্বারা যে জীবিকা উপার্জন করে) তংমি কালে (সেই সময়ে অর্থাৎ নিমিত্তাদি বিদ্যাপ্রয়োগের জন্য উপার্জিত কর্মের ফলভোগ কালে) সরণং (শরণ=ত্রাণ) ন গচ্ছঈ (প্রাপ্ত হয় না) ॥৪৫॥

যে সাধু লক্ষণবিদ্যা ও স্বপ্নবিদ্যার প্রয়োগ করে, নিমিত্ত ও কৌতূহলবিদ্যার প্রয়োগে অত্যন্ত আসক্ত, আস্রবদ্বার স্বরূপ কুহেটক বিদ্যার দ্বারা জীবিকা উপার্জন করে সে বদ্ধ কর্মের ফলভোগ কালে ত্রাণ প্রাপ্ত হয় না ॥৪৫॥

তমংতমেণেব[১] উ সে অসীলে, সয়া দুহী বিপ্পরিয়াসুবেই।
সংধাবঈ ণরগতিরক্খজোণিং, মোণং বিরাহিত্তু অসাহুরূবে ॥৪৬॥

সে অসীলে (সেই অশীল=সেই আচারহীন সাধু) তমংতমেণেব (তমস্তমসৈব=অজ্ঞানরূপ মহা অন্ধকারের দ্বারা) সয়া (সদা) দুহী (দুঃখী) (হইয়া) বিপ্পরিয়াস উবেই (বিপর্যাস প্রাপ্ত হয়=তত্ত্বে বৈপরীত্য প্রাপ্ত হয়, মিথ্যাত্ব-গ্রস্ত হয়) অসাহুরূবে (অসাধুরূপ=বেশে সাধু কিন্তু প্রকৃতপক্ষে সাধু নয়, বেশধারী সাধু) মোণং (মুনিধর্মের) বিরাহিত্তু (বিরাধনা করিয়া=বিপরীতভাবে আচরণ করিয়া) ণরগতিরক্খজোণিং (নরক ও তির্যক্ যোনির প্রতি) সংধাবঈ (ধাবিত হয়) ॥৪৬॥

সেই আচারহীন সাধু অজ্ঞানরূপ মহা অন্ধকারের দ্বারা সর্বদা দুঃখী হইয়া তত্ত্বে বৈপরীত্য প্রাপ্ত অর্থাৎ মিথ্যাত্বগ্রস্ত হয়। সেই কুসাধু মুনিধর্মের বিপরীতাচরণ করিয়া নরক ও তির্যক্ গতির প্রতি ধাবিত হয় অর্থাৎ নরক ও তির্যক্ গতিতে উৎপন্ন হয় ॥৪৬॥

১। "অতিশয়েন তমস্তমস্তমঃ তেন তমস্তমসৈবাহজ্ঞানমহান্ধকারেণৈব" টীকা ১।

উদ্দেসিয়ং কীয়গড়ং ণিয়াগং[১], ন মুংচঈ কিংচি অণেসণিজ্জং।
অগ্গীবিবা[২] সব্বভক্খী ভবিত্তা, ইও চুও গচ্ছই কট্টু পাবং ॥৪৭॥

(যে সাধু) উদ্দেসিয়ং (উদ্দেশিক=সাধুর উদ্দেশ্যে প্রস্তুত) কীয়গড়ং (ক্রীতকৃত=সাধুর জন্য ক্রীত) ণিয়াগং (নিত্যক=প্রতিদিন একস্থান হইতে নিয়মিতভাবে প্রাপ্ত) অণেসণিজ্জং (অনেষণীয়=গ্রহণের অযোগ্য) (আহার কিংচি) (কিছুমাত্রও) ন মুংচঈ (পরিত্যাগ করে না)=অগ্গী বিবা (অগ্নির ন্যায়) সব্বভক্খী (সর্বভক্ষী) ভবিত্তা (হইয়া) পাবং কট্টু (পাপাচরণ করিয়া) ইও (এই মনুষ্যজন্ম হইতে) চুও (চ্যুত হইয়া=মৃত্যুপ্রাপ্ত হইয়া) (দুর্গতিতে) গচ্ছই (গমন করে) ॥৪৭॥

সাধুর উদ্দেশ্যে প্রস্তুত, সাধুর জন্য ক্রীত, প্রতিদিন এক স্থান হইতে নিয়মিতভাবে প্রাপ্ত ও গ্রহণের অযোগ্য আহার কিছুই যে সাধু পরিত্যাগ করে না সে অগ্নির ন্যায় সর্বভক্ষী হইয়া পাপাচরণ পূর্বক এই মনুষ্যজন্ম হইতে মৃত্যু প্রাপ্ত হইয়া দুর্গতিতে গমন করে ॥৪৭॥

ন তং অরী কংঠছিত্তা করেই, জং সে করে অপ্পণিয়া দুরপ্পয়া[৩]।
সে নাহিঈ মচ্চুমুহং তু পত্তে, পচ্ছাণুতাবেণ দয়াবিহূণো ॥৪৮॥

সে (সেই আচারহীন সাধুর) অপ্পণিয়া (আপনার=নিজের) দুরপ্পয়া (দুরাত্মতা=দুরাচার প্রবৃত্তি, দুরাচরণ) জং (যেরূপ) (অনিষ্ট) করে (করে) তং (তদ্রূপ অনিষ্ট) কংঠছিত্তা (কণ্ঠছেদনকারী=প্রাণহরণকারী) অরী (অরি=শত্রু) (ও) ন করেই (করে না) তু (কিন্তু) সে দয়াবিহূণো (সেই দয়াবিহীন=সংযমবিহীন) (সাধু) মচ্চুমুহং (মৃত্যুমুখ) পত্তে (প্রাপ্ত হইলে) পচ্ছাণুতাবেণ (পশ্চাদনুতাপের দ্বারা) নাহিঈ (জানিতে পারে=বুঝিতে পারে) ॥৪৮॥

সেই আচারহীন সাধুর দুরাচরণ যে অনিষ্ট নিজের করে তদ্রূপ কণ্ঠ-

১। ১।৭ সূত্রে 'ণিয়াগট্ঠী' শব্দের অর্থ মোক্ষার্থী করা হইয়াছে, কিন্তু এইস্থলে ণিয়াগ শব্দের অর্থ নিত্যক, নিত্যপিণ্ড অর্থ করা হইয়াছে। "নিত্যকং নিত্যপিণ্ডং গৃহস্থস্য গৃহে নিয়তপিণ্ডং" টীকা ১।

২। 'অগ্গীব বা' টীকা ১।

৩। 'দুরপ্পা' টীকা ১ ও ৩।

ছেদনকারী শত্রুও করে না। সংযমবিহীন সেই সাধু মৃত্যুমুখে পতিত হইলে পশ্চাত্তাপের দ্বারা নিজের দুরাচার বুঝিতে পারে ॥৪৮॥

> ণিরট্ঠিয়া[১] ণগ্‌গরুঈ[২] উ তস্‌স, জে উত্তমট্ঠে[৩] বিবজ্জাসমেই[৪]।
> ইমে বি সে নত্থি পরে বি লোএ, দুহও বি সে ঝিজ্ঝই[৫] তত্থ লোএ ॥৪৯॥

জে (যে) (সাধু) উত্তমট্ঠে (উত্তমার্থে=সাধুর আচার পালনে, জিনাজ্ঞা পালনে) বিবজ্জাসমেই (বিপর্যাস প্রাপ্ত হয়=বৈপরীত্য প্রাপ্ত হয় অর্থাৎ শাস্ত্রানুযায়ী পালন করে না) তস্‌স (তাহার) ণগ্‌গরুঈ (নগ্নতার রুচি=নগ্ন থাকিবার ক্লেশ সহ্য করার রুচি, শ্রামণ্য পালন করার রুচি) ণিরট্ঠিয়া (নিরর্থক=নিষ্ফল) সে (সে) ইমে বি নত্থি (ইহলোকেও নাই=ইহলোক হইতেও ভ্রষ্ট) পরে বি লোএ (পরলোকেও) (নাই=ভ্রষ্ট, সে নিজের দুষ্কৃতির অনুতাপে ক্ষীণ হইতে থাকে) ॥৪৯॥

যে জিনাজ্ঞানুযায়ী সাধুর আচার পালন করে না, তাহার নগ্নতাজনিত ক্লেশ ভোগ করা অর্থাৎ শ্রমণবেশ ধারণ করিয়া কষ্টানুভব করা নিরর্থক; সে ইহলোক ও পরলোক হইতে ভ্রষ্ট হয়। উভয়লোকেই নিজের দুষ্কৃতির অনুতাপে সে ক্ষীণ হইতে থাকে ॥৪৯॥

> এমেবহাছংদকুসীলরূবে, মগ্‌গং বিরাহিত্তু জিণুত্তমাণং।
> কুররী বিবা ভোগরসাণুগিদ্ধা, ণিরট্ঠসোয়া পরিয়াবমেই ॥৫০॥

এমেব (এইরূপে) অহাছংদ (যথাচ্ছন্দ=স্বচ্ছন্দাচারী) কুসীলরূবে (কুসাধু) জিণুত্তমাণং (জিনোত্তমগণের=তীর্থঙ্করগণের) মগগং (মার্গ) বিরাহিত্তু (বিরাধন করিয়া=বিপরীতাচরণ করিয়া) ভোগরসাণুগিদ্ধা (ভোগরসানুগৃদ্ধা=মাংস রসে লোলুপা) ণিরট্ঠসোয়া (নিরর্থশোকা=নিরর্থক শোক-

---

১। 'নিরথয়া' টীকা ৩।

২। "নগ্নত্বাদিরুচির্নিবস্ত্রাদিক্লেশ বাঞ্ছা" টীকা ১। "নাগ্ন্যে শ্রামণ্যে রুচিরিচ্ছা নাগ্ন্যরুচিস্তস্য" টীকা ২।

৩। "উত্তমঃ প্রধানোঽর্থো মোক্ষো যস্মাৎ স উত্তমার্থস্তস্মিন্নুত্তমার্থে অর্থাৎ পর্যন্তসময়ারোধনরূপে জিনাজ্ঞারাধনে" টীকা ১।

৪। 'বিবয়াসমেই' টীকা ৩।

৫। "উভয়লোকার্থসম্পত্তিমতো জনানবলোক্য ধিগ্‌ মাং নিষ্পুণ্যকমুভয়ভ্রষ্টতয়েতি চিন্তয়া ক্ষীয়তে" টীকা ২।

কারিণী) কুররী বিবা (কুররীর ন্যায়=পক্ষিণীর ন্যায়) পরিয়াবমেই (পরিতাপ করে) ॥৫০॥

এইরূপে স্বচ্ছন্দাচারী কুসাধু তীর্থঙ্করগণের কথিত মার্গেতে বিপরীতাচরণ করিয়া মাংসরসানুসক্তা, নিরর্থক শোককারিণী পক্ষিণীর ন্যায় পরিতাপ করে অর্থাৎ যেমন মাংসভক্ষণকারী পক্ষী মাংসের জন্য অন্য পক্ষী কর্তৃক পীড়াপ্রাপ্ত হইয়া নিরর্থক শোকপ্রাপ্ত হয় ও পরিতাপ করে তদ্রূপ আচারহীন সাধু তীর্থঙ্করগণের মার্গ পরিত্যাগ করিয়া ইহলোক ও পরলোক এই উভয় লোকে দুঃখপ্রাপ্ত হইয়া পরিতাপ করে॥৫০॥

সুচ্চাণ মেহাবি সুভাসিয়ং ইমং, অণুসাসণং ণাণগুণোববেয়ং[১] ।
মগগং কুসীলাণ জহায় সব্বং, মহাণিয়ংঠাণ বএ পহেণ ॥৫১॥

মেহাবি (হে মেধাবী রাজন্) ইমং (এই=পূর্বে কথিত) সুভাসিয়ং (সুভাষিত=সম্যক প্রকারে কথিত) ণাণগুণোববেয়ং (জ্ঞান-গুণোপেত=জ্ঞান ও চারিত্রযুক্ত) অণুসাসণং (অনুশাসন=উপদেশ) সুচ্চাণ (শ্রবণ করিয়া) কুসীলাণ (কুসাধুর) সব্বং (সমস্ত) মগগং (মার্গ) জহায় (ত্যাগ করিয়া) মহাণিয়ংঠাণ (মহানিগ্রন্থগণের) পহেণ (পথে) বএ (বিচরণ কর=গমন কর) ॥৫১॥

হে মেধাবী রাজন্, পূর্ব কথিত জ্ঞান ও চারিত্র সম্পন্ন, সুভাষিত উপদেশ শ্রবণ করিয়া কুসাধুগণের সমস্ত মার্গ পরিত্যাগপূর্বক মহানিগ্রন্থগণের পথে গমন কর অর্থাৎ নিগ্রন্থ ধর্ম স্বীকার কর ॥৫১॥

চরিত্তমায়ারগুণণ্ণিএ[২] তও, অণুত্তরং সংজম পালিয়াণং ।
ণিরাসবে[৩] সংখবিয়াণ কম্মং, উবেই ঠাণং বিউলুত্তমং ধুবং ॥৫২॥

তও (তৎপরে=নিগ্রন্থ ধর্ম স্বীকার করিবার পর) চরিত্তমায়ারগুণণ্ণিএ (চারিত্রাচারগুণান্বিত=সংযমাচার ও জ্ঞানযুক্ত) ণিরাসবে (নিরাস্রব=হিংসাদি আস্রব রহিত) (সাধু) অণুত্তরং (শ্রেষ্ঠ) সংজম (সংযম) পালি-

---

১। "জ্ঞানেন গুণেন চ বিরতিরূপেণোপেতং যুক্তম্" টীকা-২।

২। "চারিত্রস্যাচারশ্চারিত্রাচারশ্চারিত্রসেবনং গুণ জ্ঞানশীলাদয়ঃ তৈরন্বিতঃ" টীকা ১।

৩। আস্রবের ব্যাখ্যার জন্য ৩।১১ সূত্রের ১ নং পাদটীকা দ্রষ্টব্য।

য়াণং (পালন করিয়া) কম্মং (কর্ম) সংখবিয়াণ (সম্যক প্রকারে ক্ষয় করিয়া) বিউলুত্তমং (বিপুল ও উত্তম = অনন্ত ও শ্রেষ্ঠ) ধুবং (ধ্রুব = শাশ্বত) ঠাণং (স্থান = মুক্তিস্থান) উবেই (প্রাপ্ত হয়) ॥৫২॥

তৎপরে সংযমাচার ও জ্ঞানসম্পন্ন, নিরুদ্ধাস্রব সাধু শ্রেষ্ঠ সংযম পালন ও সম্যক প্রকারে কর্ম ক্ষয় করিয়া অনন্ত, সর্বোত্তম ও শাশ্বত মুক্তিস্থান প্রাপ্ত হয় ॥৫২॥

এবুগ্‌গদংতে[১] বি মহাতবোহণে, মহামুণী মহাপইণ্ণে মহাযসে
মহাণিয়ংঠিজ্জমিণং মহাস্থয়ং, সে কাহএ মহয়া বিত্থরেণং ॥৫৩॥

এবং (এইরূপে) সে (সেই) উগ্‌গদংতে (উগ্র ও দান্ত, উগ্র = মহাবীর্য-সম্পন্ন, দান্ত = জিতেন্দ্রিয়) মহাতবোহণে (মহাতপোধন) মহাপইণ্ণে (মহা-প্রতিজ্ঞ = দৃঢ়ব্রত) মহাযসে (মহাযশস্বী) মহামুণী (মহামুনি) ইণং (এই) মহাণিয়ংঠিজ্জং (মহানিগ্রন্থীয় = মহানিগ্রন্থগণের হিতকারী) মহাস্থয়ং (মহা-শ্রুত = পূর্বোক্ত মহোপদেশ) মহয়া বিত্থরেণং (মহাবিস্তারের সহিত) কাহএ (কহিলেন) ॥৫৩॥

এইরূপে সেই মহাবীর্যসম্পন্ন, জিতেন্দ্রিয়, মহাতপোধন, দৃঢ়ব্রত, মহাযশস্বী মহামুনি মহানিগ্রন্থগণের হিতকারী পূর্বোক্ত মহোপদেশ অত্যন্ত বিস্তারিত ভাবে বলিলেন ॥৫৩॥

তুট্ঠো য় সেণিও রায়া, ইণমুদাহু কয়ংজলী।
অণাহত্তং জহাভূয়ং, সুট্ঠু মে উবদংসিয়ং ॥৫৪॥

সেণিও রায়া (শ্রেণিক রাজা) তুট্ঠো (তুষ্ট) কয়ংজলী (কৃতাঞ্জলি) (হইয়া) ইণং (এইরূপ) উদাহু (বলিল) (হে মুনি) জহাভূয়ং (যথাভূত = যথাযথ) অণাহত্তং (অনাথত্ব) মে (আমাকে) সুট্ঠু (সুষ্ঠু = ভালরূপে) উবদংসিয়ং (প্রদর্শন করিয়াছেন) ॥৫৪॥

তখন শ্রেণিক রাজা সন্তুষ্ট হইয়া কৃতাঞ্জলিপুটে এইরূপ বলিল, 'হে মুনি, আপনি যথাযথভাবে অনাথতার স্বরূপ আমাকে সুন্দররূপে প্রদর্শন করিলেন' ॥৫৪॥

১। "কর্মশত্রুহননে বলিষ্ঠঃ" টীকা ১।

তুজ্ঝং[১] সুলদ্ধং খু মণুস্সজম্মং, লাভা সুলদ্ধা য তুমে মহেসী।
তুব্ভে[২] সণাহা য সবংধবা য, জং ভে ঠিয়া মগগি জিণুত্তমাণং ॥৫৫॥

মহেসী (হে মহর্ষি) তুজ্ঝং (আপনার) মণুস্সজম্মং (মনুষ্যজন্ম) খু (নিশ্চয়) সুলদ্ধং (সুলব্ধ=সফল) য (ও) তুমে (আপনার) লাভা (লাভ=রূপ-লাবণ্যাদির লাভ) সুলদ্ধা (সার্থক) তুব্ভে (আপনি) সণাহা (সনাথ) য (ও) সবংধবা (সবান্ধব) জং (যেহেতু) ভে (আপনি) জিণুত্তমাণং (জিনোত্তমগণের=তীর্থঙ্করগণের) মগ্গি (মার্গে) ঠিয়া (স্থিত) (হইয়াছেন) ॥৫৫॥

হে মহর্ষি, আপনার মনুষ্যজন্ম সফল ও রূপলাবণ্য প্রাপ্তি সার্থক হইয়াছে। আপনিই সনাথ ও সবান্ধব, যেহেতু আপনি তীর্থঙ্করগণের কথিত ধর্ম দৃঢ় রূপে পালন করিতেছেন ॥৫৫॥

তং সি ণাহো অণাহাণং, সব্বভূয়াণ সংজয়া।
খামেমি তে মহাভাগ, ইচ্ছামি অণুসাসিউং ॥৫৬॥

সংজয়া (হে সংযত) তং (আপনি) অণাহাণং (অনাথ) (এইরূপ) সব্বভূয়াণ (সমস্ত প্রাণিগণের) ণাহো সি (নাথ আছেন) মহাভাগ (হে মহাভাগ) তে (আপনার নিকট) খামেমি (ক্ষমা প্রার্থনা করিতেছি) অণুসাসিউং (অনুশাসিত হইতে=শিক্ষাপ্রাপ্ত হইতে) ইচ্ছামি (ইচ্ছা করিতেছি) ॥৫৬॥

হে সংযত মুনি, আপনি সমস্ত অনাথ প্রাণিগণের নাথ, হে মহাভাগ, আমি আপনার নিকট ক্ষমা প্রার্থনা করিতেছি। আমি আপনার নিকট শিক্ষা প্রাপ্ত হইতে ইচ্ছা করি ॥৫৬॥

পুচ্ছিঊণ মএ তুব্ভং, ঝাণবিগ্ঘো উ জো[৩] কও।
ণিমংতিয়া য ভোগেহিং, তং সব্বং মরিসেহি মে ॥৫৭॥

মএ (আমার দ্বারা) তুব্ভং (আপনি) পুচ্ছিঊণ (পৃষ্ট হইয়া) অর্থাৎ আমি

১। 'তুম্হে' টীকা ১।
২। 'তুম্হে' টীকা ১
৩। 'জং' টীকা ৩।

আপনাকে প্রশ্ন করিয়া) জো (যে) ঝাণবিগঘো (ধ্যানবিঘ্ন) কও (কৃত= করা হইয়াছে) য় (ও) ভোগেহিং (ভোগের জন্য=বিষয়ভোগের জন্য) ণিমংতিয়া (নিমন্ত্রিত হইয়াছেন) তং সব্বং (তৎসমস্ত) মে (আমাকে) মরিসেহি (ক্ষমা করুন) ॥৫৭॥

আমি যে আপনাকে প্রশ্ন করিয়া আপনার ধ্যানে বিঘ্ন উৎপাদন করিয়াছি এবং বিষয়ভোগ করিবার জন্য আপনাকে আহ্বান করিয়াছি, আমার এই সমস্ত কার্যের জন্য ক্ষমা করুন ॥৫৭॥

এবং থুণিত্তাণ স রায়সীহো, অণগারসীহং পরমাই ভত্তীএ
সওরোহো[১] য় সবংধবো য়, ধম্মাণুরত্তো বিমলেণ চেয়সা ॥৫৮॥

স রায়সীহো (সেই রাজসিংহ=সেই রাজশ্রেষ্ঠ শ্রেণিক) অণগারসীহং অনগারসিংহকে=শ্রমণশ্রেষ্ঠ মুনিকে) পরমাই ভত্তীএ (পরম ভক্তি পূর্বক) এবং (এইরূপ) থুণিত্তাণ (স্তুতি করিয়া) সওরোহো (সাবরোধ=অবরোধের সহিত, অন্তঃপুরের সহিত, স্ত্রীগণের সহিত) য় (ও) সবংধবো (আত্মীয়-স্বজনগণের সহিত) বিমলেণ চেয়সা (বিমল চিত্তে) ধম্মাণুরত্তো (ধর্মানুরক্ত) (হইল) ॥৫৮॥

সেই রাজশ্রেষ্ঠ শ্রেণিক মুনীশ্বরকে পরম ভক্তিভাবে উক্তরূপ স্তুতি করিয়া স্ত্রীগণ ও বন্ধুবান্ধবাদির সহিত নির্মল চিত্তে ধর্মে অনুরক্ত হইল ॥৫৮॥

উস্সসিয়[২]রোমকূবো কাউণ য় পয়াহিণং।
অভিবংদিউণ সিরসা, অইয়াও ণরাহিবো ॥৫৯॥

ণরাহিবো (নরাধিপ) উস্সসিয়রোমকূবো (উচ্ছ্বসিতরোমকূপ=হর্ষে রোমাঞ্চিত) (হইয়া) পয়াহিণং (প্রদক্ষিণ) কাউণ (করিয়া) য় (ও) সিরসা (মস্তকের দ্বারা) অভিবংদিউণ (অভিবন্দন করিয়া) অইয়াও (গমন করিল) ॥৫৯॥

নরাধিপ শ্রেণিক হর্ষে রোমাঞ্চিত হইয়া মুনিকে প্রদক্ষিণ ও মস্তকের দ্বারা বন্দনা করিয়া প্রস্থান করিল ॥৫৯॥

১। 'সপরিঅণো' টীকা ১ ও ৪।

২। 'উসসিয়' টীক ২ ও ৩।

ইয়রো বি গুণসমিদ্ধো, তিগুত্তিগুত্তো[১] তিদংডবিরও[২] য়।
বিহগ ইব বিপ্পমুক্কো[৩], বিহরই বসুহং বিগয়মোহো ॥৬০॥ ত্তি বেমি ॥

গুণসমিদ্ধো (গুণযুক্ত) তিগুত্তিগুত্তো (ত্রিগুপ্তির দ্বারা গুপ্ত) তিদংডবিরও (ত্রিদণ্ড হইতে বিরত) বিহগ ইব (পক্ষীর ন্যায়) বিপ্পমুক্কো (বিপ্রমুক্ত= পরিগ্রহশূন্য প্রতিবন্ধরহিত) বিগয়মোহো (বিগতমোহ) (হইয়া) ইয়রো বি (অপর ব্যক্তি ও=মুনিও) বসুহং (বসুধায়=পৃথিবীতে) বিহরই (বিচরণ করিতে লাগিলেন) ॥৬০॥ এইরূপ বলিতেছি ॥

সর্বগুণোপেত তিন প্রকার গুপ্তির দ্বারা সংযত, তিন প্রকার দণ্ড হইতে বিরত, পক্ষীর ন্যায় প্রতিবন্ধরহিত ও বিগতমোহ হইয়া সেই মুনীশ্বর পৃথিবীতে বিচরণ করিতে লাগিলেন ॥৬০॥ এইরূপ বলিতেছি ॥

ইতি মহানির্গ্রন্থীয়, বিংশতিতম অধ্যয়ন

১। তিন প্রকার গুপ্তির ব্যাখ্যার জন্য ১২।৩ সূত্রের ৩নং পাদটীকা দ্রষ্টব্য।

২। তিন প্রকার দণ্ডের ব্যাখ্যার জন্য ১৯।৯১ সূত্রের ১ নং পাদটীকা দ্রষ্টব্য।

৩। "বিপ্রমুক্তঃ প্রতিবন্ধরহিতো নিষ্পরিগ্রহ ইত্যর্থঃ" টীকা ১।

সমুদ্রপালীয়

একবিংশ অধ্যয়ন

চংপাএ পালিএ ণাম, সাবএ আসি বাণিএ।
মহাবীরস্স ভগবও, সীসো সো উ মহপ্পণো ॥১॥

চংপাএ (চম্পাতে=চম্পা নগরীতে) পালিএ ণাম (পালিত নামক) বাণিএ (বণিক্) সাবএ (শ্রাবক) আসি (ছিল) সো (সে) মহপ্পণো (মহাত্মা) ভগবও (ভগবান্) মহাবীরস্স (মহাবীরের) সীসো (শিষ্য=ধর্মাবলম্বী) (ছিল) ॥১॥

চম্পা নগরীতে পালিত নামক এক বণিক্ শ্রাবক ছিল। সে মহাত্মা ভগবান্ মহাবীরের শিষ্য ছিল ॥১॥

ণিগ্গংথে পাবয়ণে, সাবএ সে বি[১] কোবিএ[১]।
পোএণ ববহরংতে, পিহুংডং ণগরমাগএ ॥২॥

সে (সেই পালিত) সাবএ (শ্রাবক) ণিগ্গংথে পাবয়ণে (নিগ্রন্থ প্রবচনে=নিগ্রন্থ শাস্ত্রে) কোবিএ (কোবিদ=পারদর্শী) (ছিল) (সে) পোএণ (পোতে=জাহাজে) ববহরংতে (ব্যবহার করিতে করিতে=বাণিজ্য করিতে করিতে) পিহুংডং (পিহুণ্ড নামক) ণগরমাগএ (নগরে আগমন করিল) ॥২॥

সেই পালিত নামক শ্রাবক নিগ্রন্থ প্রবচনে পারদর্শী ছিল। সে পোতে করিয়া বাণিজ্য করিতে করিতে পিহুণ্ড নামক নগরে আগত হইল ॥২॥

পিহুংডে ববহরংতস্স, বাণিও দেই ধূয়রং।
তং সসত্তং পইগিজ্ঝ, সদেসমহ[২] পত্থিও[৩] ॥৩॥

পিহুংডে (পিহুণ্ড নগরে) ববহরংতস্স (বাণিজ্য করিতে করিতে) (পালিতকে

১। 'বিকোবিএ' টীকা ২ ও ৩।
২। 'সয়ং দেসং' টীকা ১।
৩। 'পইট্ঠিএ' টীকা ১।

কোন) বাণিও (বণিক্) (তাহার) ধূয়রং (দুহিতাকে) দেই (প্রদান করিল) সসত্তং (সসত্ত্বা=সগর্ভা) তং (সেই কন্যাকে) পইগিজ্ঝ (গ্রহণ করিয়া) অহ (অথ=তৎপরে) সদেসং (স্বদেশের প্রতি) পত্থিও (প্রস্থান করিল) ॥৩॥

পিহুণ্ড নগরে বাণিজ্য করিতে করিতে পালিতকে কোন বণিক্ তাহার দুহিতা প্রদান করিল। সেই কন্যা সগর্ভা হইলে তাহাকে সঙ্গে লইয়া পালিত স্বদেশের অভিমুখে প্রস্থান করিল ॥৩॥

অহ পালিয়স্স ঘরণী, সমুদ্দংমি পসবঈ।
অহ বালএ[১] তহিং জাএ, সমুদ্দপালিত্তি[২] ণামএ ॥৪॥

অহ (অথ=তৎপরে) পালিয়স্স ঘরণী (পালিতের গৃহিণী) সমুদ্দংমি (সমুদ্রে) পবসঈ (প্রসব করিল=সন্তান প্রসব করিলে) অহ (অথ) তহিং (সেস্থলে=সমুদ্রে) জাএ (জাত) (হওয়ায়) বালএ (বালক) সমুদ্দপালিত্তি (সমুদ্রপাল এই) ণামএ (নামক) (হইল) ॥৪॥

তৎপরে পালিতের গৃহিণী সমুদ্রে সন্তান প্রসব করিল এবং সমুদ্রে জাত বলিয়া সেই বালকের সমুদ্রপাল এই নামকরণ করা হইল ॥৪॥

খেমেণ আগএ চংপং, সাবএ বাণিএ ঘরং।
সংবড্ঢঈ ঘরে তস্স, দারএ সে সুহোঈএ ॥৫॥

বাণিএ (বণিক) সাবএ (শ্রাবক) খেমেণ (ক্ষেমে=নির্বিঘ্নে) চংপং (চম্পা নগরীতে) ঘরং (ঘরে=স্বগৃহে) আগএ (আগত হইল) (এবং) তস্স ঘরে (তাহার গৃহে) সে (সেই) দারএ (পুত্র) সুহোঈএ (সুখোচিত=সুখভোগের মধ্যে) সংবড্ঢঈ (বৃদ্ধিপ্রাপ্ত হইতে লাগিল) ॥৫॥

সেই বণিক্ শ্রাবক নির্বিঘ্নে চম্পায় নিজগৃহে আগত হইল এবং তাহার গৃহে সেই বালক সুখভোগের মধ্যে বর্দ্ধিত হইতে লাগিল ॥৫॥

১। 'দারএ' টীকা ১ ও ৩।
২। 'পালোত্তি' টীকা ১।

বাবত্তরী[১] কলাও য়, সিক্‌খিএ ণীইকোবিএ।
জুব্বণেণ য় সংপণ্ণে[২] সুরূবে পিয়দংসণে ॥৬॥

সুরূবে (সুরূপ=রূপবান্) পিয়দংসণে (প্রিয়দর্শন) (সমুদ্রপাল) জুব্বণেণ সংপণ্ণে (যুবাবস্থা প্রাপ্ত হইয়া) বাবত্তরী কলাও (বাহাত্তর কলাতে) সিক্‌খও

১। বাহাত্তর কলা এইরূপ—

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭
লিখিতং গণিতং গীতং নৃত্যং বাদ্যং চ পঠন শিক্ষে চ।

৮ ৯ ১০ ১১ ১২ ১৩
জ্যোতিশ্ছন্দোঽলঙ্কৃতি ব্যাকরণ নিরুক্তি কাব্যানি ॥১॥

১৪ ১৫ ১৬ ১৭ ১৮
কাত্যায়নং নিঘণ্টুর্গজতুরগারোহণং তয়োঃ শিক্ষা।

১৯ ২০ ২১ ২২ ২৩ ২৪ ২৫
শস্ত্রাভ্যাসো রসযন্ত্র মন্ত্র বিষখন্যগন্ধবাদাশ্চ ॥২॥

২৬ ২৭ ২৮ ২৯ ৩০ ৩১ ৩২
প্রাকৃতসংস্কৃতপৈশাচিকাপভ্রংশাঃ স্মৃতিঃ পুরাণবিধী।

৩৩ ৩৪ ৩৫ ৩৬ ৩৭ ৩৮ ৩৯
সিদ্ধান্ততর্ক বৈদ্যক বেদাগম সংহিতেতিহাসাশ্চ ॥৩॥

৪০ ৪১ ৪২ ৪৩ ৪৪
সামুদ্রিকবিজ্ঞানাঽচার্যক বিদ্যা রসায়ণং কুপটং।

৪৫ ৪৬ ৪৭ ৪৮
বিদ্যানুবাদো দর্শনসংস্কারোধূর্ত্তশম্বলকম্ ॥৪॥

৪৯ ৫০ ৫১ ৫২ ৫৩
মণিকর্মতরুচিকিৎসা খেচর্যমরীকলেন্দ্রজালঞ্চ।

৫৪ ৫৫ ৫৬
পাতালসিদ্ধিযন্ত্রকরসবত্যঃ সর্বকরণী চ ॥৫॥

৫৭ ৫৮ ৫৯ ৬০ ৬১
প্রাসাদলক্ষণং পণ চিত্রোপললেপচর্মকর্মাণি।

৬২ ৬৩ ৬৪ ৬৫
পত্রচ্ছেদ্য নখচ্ছেদ্য পত্রপরীক্ষা বশীকরণম্ ॥৬॥

(শিক্ষিত) য় (ও) ণীইকোবিএ (নীতিকোবিদ=লোকনীতি ও ধর্মনীতিতে পারদর্শী) (হইল) ॥৬॥

সেই রূপবান্ ও প্রিয়দর্শী সমুদ্রপাল যৌবন প্রাপ্ত হইয়া বাহাত্তর কলাতে শিক্ষিত ও সর্বপ্রকার নীতিশাস্ত্রে পারদর্শী হইল ॥৬॥

---

৬৬ ৬৭ ৬৮ ৬৯ ৭০
কাঠঘনদেশভাষা গারুড়যোগাঙ্গ ধাতুকর্মাণি।

৭১ ৭২
কেবলবিধি শকুনরুতে ইতি পুরুষকলা দ্বিসপ্ততির্জ্ঞেয়াঃ ॥৭॥ বৃহৎসংগ্রহণীসূত্র, বরোদা সংস্করণ, পৃঃ ৪১।

সমবায়াঙ্গ নামক চতুর্থ অঙ্গে নিম্নলিখিত মত বাহাত্তর কলার নাম নির্দিষ্ট আছে। যথা—

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১
"লেহং, গণিয়ং, রূবং, নট্টং, গীয়ং, বাইয়ং, সরগযং, পুক্খরগয়ং, সমতালং, জূয়ং, জণবায়ং,

১২ ১৩ ১৪ ১৫ ১৬ ১৭ ১৮ ১৯ ২০
পোক্খচ্চং, অট্ঠারয়ং, দগমট্টিয়ং, অন্নবিহীং, পাণবিহীং, বত্থবিহীং, সয়ণবিহীং, অজ্জং, পহেলিয়ং,

২১ ২২ ২৩ ২৪ ২৫ ২৬ ২৭ ২৮
মাগহিয়ং, গাহং, সিলোগং, গংধজুত্তিং, মধুসিত্থং, আভরণবিহীং, তরুণীপরিকম্মং, ইত্থীলক্খণং,

২৯ ৩০ ৩১ ৩২ ৩৩ ৩৪ ৩৫
পুরিসলক্খণং, হয়লক্খণং, গয়লক্খণং, গোণলক্খণং, কুক্কুরলক্খণং, মিংঢ়য়লক্খণং, চক্কলক্খণং,

৩৬ ৩৭ ৩৮ ৩৯ ৪০ ৪১ ৪২
ছত্তলক্খণং, দংডলক্খণং, অসিলক্খণং, মণিলক্খণং, কাগণিলক্খণং, চম্মলক্খণং, চংদলক্খণং,

৪৩ ৪৪ ৪৫ ৪৬ ৪৭ ৪৮ ৪৯ ৫০
সূরচরিয়ং, রাহুচরিয়ং, গহচরিয়ং, সোভাগকরং, দোভাগকরং, বিজ্জাগয়ং, মংতগয়ং, রহস্সগয়ং,

৫১ ৫২ ৫৩ ৫৪ ৫৫ ৫৬ ৫৭ ৫৮ ৫৯
সভাসং, চারং, পড়িচারং, বূহং, পড়িবূহং, খংধাবারমাণং, নগরমাণং, বত্থুমাণং, খংধাবারনিবেসং,

৬০ ৬১ ৬২ ৬৩ ৬৪ ৬৫ ৬৬ ৬৭
বত্থুনিবেসং, নগরনিবেসং, ঈসত্থং, ছরুপ্পবায়ং, আসসিক্খং, হত্থিসিক্খং, ধণুব্বেয়ং, হিরণ্ণপাগং,

৬৮
সুবন্নপাগং-মণিপাগং-ধাতুপাগং, বাহুজুদ্ধং-দংডজুদ্ধং-মুট্ঠিজুদ্ধং-অট্ঠিজুদ্ধং-জুদ্ধং-নিজুদ্ধং-জুদ্ধাইংজুদ্ধং

৬৯ ৭০ ৭১ ৭২
সুত্তখেড়ং-লালিয়াখেড়ং-বট্টখেড়ং-ধম্মখেড়ং-চম্মখেড়ং, পত্তছেজ্জং-করগছেজ্জং, সজীবং-নিজ্জীবং, সউণরুয়ং", সমবায়াঙ্গসূত্র, পৃঃ ৮২ (আগমোদয় সমিতি সংস্করণ)

তস্স রূববইং ভজ্জং, পিয়া আণেই রূবিণিং।
পাসাএ কীলএ রম্মে, দেবো দোগুংদগো[১] জহা ॥৭॥

(সমুদ্রপালের) পিয়া (পিতা) রূবিণিং (রূপিণী) (নাম্নী) রূববইং (রূপবতী) ভজ্জং (ভার্যা) তস্স (তাহার জন্য) আণেই (আনয়ন করিল) রম্মে (রমণীয়) পাসাএ (প্রাসাদে) দেবো দোগুংদগো জহা (দোগুন্দক দেবতার ন্যায়) (সেই স্ত্রীর সহিত) কীলএ (ক্রীড়া করিতে লাগিল=সুখ ভোগ করিতে লাগিল) ॥৭॥

সমুদ্রপালের পিতা রূপিণী নাম্নী এক রূপবতী ভার্যা তাহার জন্য আনয়ন করিল এবং সেই সমুদ্রপাল রমণীয় প্রাসাদে দোগুন্দক দেবতায় ন্যায় সেই স্ত্রীর সহিত সুখ ভোগ করিতে লাগিল ॥৭॥

অহ অন্নয়া কয়াই, পাসায়ালোয়ণে ঠিও।
বজ্ঝমংডণসোভাগং[২], বজ্ঝং পাসই বজ্ঝগং[৩] ॥৮॥

অহ (তৎপরে) অন্নয়া কয়াই (অন্যদা কদাচিৎ=কোন সময়ে) পাসায়ালোয়ণে (প্রাসাদালোকনে=প্রাসাদের গবাক্ষে) ঠিও (স্থিত) (হইয়া) বজ্ঝমংডণ-সোভাগং (বধ্যমণ্ডনশোভাক=বধ্যস্থানে লইয়া যাইবার সময় রক্তচন্দন-করবীপুষ্পাদির দ্বারা সজ্জিত শরীর) বজ্ঝং (বধ্য=বধের যোগ্য, প্রাণদণ্ডে দণ্ডিত) বজ্ঝগং (বাহ্যগকে বা বধ্যগকে=বধ্যভূমিতে লইয়া যাইতেছে এইরূপ ব্যক্তিকে) পাসই (দেখিল) ॥৮॥

তৎপরে কোন সময়ে প্রাসাদ গবাক্ষে অবস্থিত হইয়া সমুদ্রপাল বধ্যস্থানে লইয়া যাইবার জন্য রক্তচন্দনাদির দ্বারা সজ্জিত, প্রাণদণ্ডে দণ্ডিত ব্যক্তিকে বধ্যস্থানে লইয়া যাইতে দেখিল ॥৮॥

১। দোগুন্দক দেবের বিবরণের জন্য ১৯।৩ সূত্রে ৫নং পাদটীকা দ্রষ্টব্য।

২। "বধ্যস্য চৌরস্য যানি মণ্ডনানি রক্তচন্দনবিল্বপত্রকরবীরপুষ্পস্রগাদীনি বধ্যমণ্ডনানি তৈঃ শোভা যস্য স বধ্যমণ্ডনশোভাকস্তম্" টীকা ১।

৩। "বাহ্যগং বহির্ভবং বাহ্যং বহির্ভূমণ্ডলং তদ্‌গচ্ছতি প্রাপ্নোতীতি বাহ্যগস্তং রাজ-পুরুষৈর্বহির্নিঃসারয়ন্তং অথবা বধ্যগং ইহ বধ্যশব্দেনোপচারাদ্বধ্যভূমিরুচ্যতে তত্র বধ্যভূমৌ গচ্ছন্তম্" টীকা ১।

তং পাসিঊণ সংবিগ্গো[১], সমুদ্দপালো ইণমব্ববী।
অহো অসুহাণ কম্মাণং, নিজ্জাণং পাবগং ইমং ॥৯॥

তং (তাহাকে=সেই বধার্থনীত ব্যক্তিকে) পাসিঊণ (দেখিয়া (সমুদ্দপালো (সমুদ্রপাল) সংবিগ্গো (সংবিগ্ন=বৈরাগ্যযুক্ত) (হইয়া) ইণমব্ববী (এইরূপ বলিল) অহো (আহা) অসুহাণ (অশুভ) কম্মাণং (কর্মের) ইমং (ইহা) পাবগং (পাপক=অশুভ) নিজ্জাণং (নির্যাণ=পরিণাম) ॥৯॥

সেই প্রাণদণ্ডে দণ্ডিত ব্যক্তিকে দেখিয়া সমুদ্রপাল বৈরাগ্যপ্রাপ্ত হইল এবং বলিল, 'আহা অশুভ কর্ম্মের এই অশুভ পরিণাম' ॥৯॥

সংবুদ্ধো সো তহিং ভগবং[২], পরম[৩] সংবেগমাগও।
আপুচ্ছম্মাপিয়রো, পব্বএ[৪] অণগারিয়ং ॥১০॥

সো ভগবং (সেই সমুদ্রপাল ভগবান্) তহিং (সেইস্থলেই=প্রাসাদ গবাক্ষেই) সংবুদ্ধো (সংবোধপ্রাপ্ত হইয়া) পরম সংবেগমাগও (পরম বৈরাগ্যপ্রাপ্ত হইল) (এবং) আপুচ্ছম্মাপিয়রো (মাতাপিতাকে জিজ্ঞাসা করিয়া) অণগারিয়ং (অনগারত্বে=সাধুত্বে) পব্বএ (প্রব্রজিত হইল) ॥১০॥

সেই ভগবান্ সমুদ্রপাল প্রাসাদগবাক্ষে স্থিত থাকিয়াই সংবোধপ্রাপ্ত হইয়া পরম বৈরাগ্যপ্রাপ্ত হইল এবং মাতাপিতাকে জিজ্ঞাসা করিয়া গৃহত্যাগপূর্বক দীক্ষাগ্রহণ করিল ॥১০॥

জহিত্তু[৫] সংগংথ মহাকিলেসং, মহংতমোহং কসিণং ভয়াবহং[৬]।
পরিয়ায়ধম্মং চহভিরোয়এজ্জা, বয়াণি সীলাণি পরীসহে[৭] য ॥১১॥

মহাকিলেসং (মহাক্লেশদায়ক) মহংতমোহং (মহামোহযুক্ত) ভয়াবহং (ভয়াবহ) কসিণং (কৃৎস্ন=সমস্ত প্রকার) সংগং (সঙ্গ=আসক্তি)

১। 'সংবেগং' টীকা ২।
২। 'ভয়বং' টীকা ১ ও ৩।
৩। 'পরং' টীকা ২।
৪। 'পব্বইএ' টীকা ১।
৫। 'জহিজ্জ' টীকা ৩।
৬। 'ভয়াণগং' টীকা ৩।
৭। পরীষহের ব্যাখ্যা ও বিবরণের জন্য দ্বিতীয় অধ্যয়ন দ্রষ্টব্য।

জহিত্তু (পরিত্যাগ করিয়া) পরিয়ায় ধম্মং (পর্যায়ধর্ম=প্রব্রজ্যাধর্ম) বয়াণি (ব্রতসমূহ=মহাব্রতসমূহ) সীলাণি (শীলসমূহ) য় (ও) পরিসহে (পরীষহসমূহ=পরীষহের দুঃখ সকল সহ্য করিতে) অভিরোয়এজ্জা (অভিরুচিসম্পন্ন হইল) ॥১১॥

মহাদুঃখদায়ক, মহামোহোৎপাদক ও ভয়াবহ সর্বপ্রকার আসক্তি পরিহার করিয়া প্রব্রজ্যা ধর্ম এবং ব্রত, নিয়ম ও পরীষহ জয়ে অভিরুচিসম্পন্ন হইল ॥১১॥

অহিংসসচ্চং চ অতেণগং চ, তত্তো য বংভং অপরিগ্‌গহং চ।
পড়িবজ্জিয়া পংচ মহব্বয়াইং, চরিজ্জ ধম্মং জিণদেসিয়ং বিউ ॥১২॥

অহিংসসচ্চং (অহিংসাও সত্য) চ (ও) অতেণগং (অস্তৈন্যক=অচৌর্য) তত্তো য (তৎপরে) বংভং (ব্রহ্ম=ব্রহ্মচর্য) চ (ও) অপরিগ্‌গহং (অপরিগ্রহ) (এই) পংচমহব্বয়াইং (পঞ্চমহাব্রত) পড়িবজ্জিয়া (প্রতিপাদন করিয়া=অঙ্গীকার করিয়া) বিউ (বিদ্বান্) (সমুদ্রপাল) জিণদেসিয়ং (তীর্থঙ্করগণের দ্বারা উপদিষ্ট) ধম্মং (ধর্ম) চরিজ্জ (আচরণ করিতে লাগিল) ॥১২॥

অহিংসা, সত্য, অচৌর্য, ব্রহ্মচর্য ও অপরিগ্রহ এই পঞ্চমহাব্রত অঙ্গীকার করিয়া সেই বিদ্বান্ সমুদ্রপাল জিনোপদিষ্ট ধর্ম আচরণ করিতে লাগিল ॥১২॥

সব্বেহিং ভূএহিং দয়াণুকংপে,[১] খংতিক্‌খমে সংজয়বংভয়ারী।
সাবজ্জজোগং[২] পরিবজ্জয়ংতো, চরিজ্জ ভিক্‌খূ সুসমাহিইংদিএ ॥১৩॥

সব্বেহিং ভূএহিং (সমস্ত প্রাণীর প্রতি) দয়াণুকংপে (দয়া ও অনুকম্পাশীল) খংতিক্‌খমে (ক্ষান্তি ও ক্ষমাশালী) সংজয় (সংযত) বংভয়ারী (ব্রহ্মচারী) (হইয়া) সাবজ্জজোগং (সাবদ্যযোগ=পাপজনক ক্রিয়া) পরিবজ্জয়ংতো (পরিবর্জন করিয়া) সুসমাহিইংদিএ (সুসমাহিতেন্দ্রিয়=জিতেন্দ্রিয়) (হইয়া) ভিক্‌খূ (ভিক্ষু=সমুদ্রপাল ভিক্ষু) চরিজ্জ (বিচরণ করিতে লাগিল) ॥১৩॥

সমস্ত প্রাণিগণের প্রতি দয়া ও অনুকম্পাশীল, ক্ষান্তি ও ক্ষমাসম্পন্ন, সংযত

১। 'দয়াণুকংপী' টীকা ৩।

২। "সাবদ্যযোগং সপাপযোগম্" টীকা ১।

ও ব্রহ্মচারী হইয়া পাপজনক কার্য পরিত্যাগ করিয়া ইন্দ্রিয়দমনপূর্বক ভিক্ষু সমুদ্রপাল বিচরণ করিতে লাগিল ॥১৩॥

কালেণ কালং বিহরেজ্জ রট্ঠে, বলাবলং জাণিয় অপ্পণো য় ।
সীহোব্ব সদ্দেণ ন সংতসিজ্জা, বয়জোগ[১] সুচ্চা ন অসত্তমাহু ॥১৪॥

কালেণ (সময়ে=নির্দিষ্ট সময়ে) কালং (সময়োচিত স্বাধ্যায়=তপস্যাদি কার্য) (করিতে থাকিয়া) য় (ও) অপ্পণো (নিজের) বলাবলং (বলাবল=শক্তির পরিমাণ=বিহার করিবার জন্য নিজ সামর্থ্যের পরিমাণ) জানিয় (জানিয়া) রট্ঠে (রাষ্ট্রে=দেশবিদেশে) বিহরেজ্জ (বিচরণ করিতে লাগিল) সীহোব্ব (সিংহের ন্যায়) সদ্দেণ (শব্দের দ্বারা=ভয়োৎপাদক শব্দের দ্বারা) ন সংতসিজ্জা (ত্রাস প্রাপ্ত হয় না) (এবং) বয়জোগ (বাক্‌যোগ=দুঃখোৎপাদক বচন, দুর্বাক্য) সুচ্চা (শ্রবণ করিয়া) অসত্তং (অসভ্য=অসভ্যোচিত অশ্লীল) (বাক্য) ন আহু (বলে না) ॥১৪॥

নির্দিষ্ট সময়ে সময়োচিত স্বাধ্যায়াদি অনুষ্ঠান করিতে থাকিয়া, বিহার করিবার জন্য নিজ সামর্থ্যের পরিমাণ জানিয়া দেশবিদেশে বিচরণ করিতে লাগিল এবং সে সিংহের ন্যায় ভয়োৎপাদক শব্দের দ্বারা ভীত হয় না ও দুর্বাক্য শ্রবণ করিয়া প্রত্যুত্তরে অসভ্যোচিত অশ্লীল বাক্য প্রয়োগ করে না ॥১৪॥

উবেহমাণো উ পরিব্বইজ্জা, পিয়মপ্পিয়ং সব্ব তিতিক্‌খএজ্জা ।
ন সব্ব সব্বত্থভিরোয়ইজ্জা, ন য়াবি পূয়ং গরহং[২] চ সংজএ ॥১৫॥

(সেই সাধু) উবেহমাণো (উপেক্ষমাণ হইয়া=কেহ অসভ্য বচন প্রয়োগ করিলে তাহা উপেক্ষা করিয়া) পরিব্বইজ্জা (বিচরণ করে) পিয়মপ্পিয়ং (প্রিয় ও অপ্রিয়) সব্ব (সমস্তই) তিতিক্‌খএজ্জা (সহ্য করে) সব্বত্থ (সর্বত্র) সব্ব (সমস্ত বস্তু) ন অভিরোয়ইজ্জা (অভিলাষ করে না) সংজএ (সংযত= সেই সংযত সাধু) পূয়ং (পূজা=সৎকার) চ (ও) গরহং য়াবি (গর্হা ও= নিন্দা ও) ন (না=অভিলাষ করে না) ॥১৫॥

সেই সাধু অশ্লীল বচনাদি উপেক্ষা করিয়া বিচরণ করে, প্রিয় ও অপ্রিয়

১। "বাগ্‌যোগং দুঃখোৎপাদকং বচনম্" টীকা ১। 'বইজোগ' টীকা ৩।

২। 'গরিহং' টীকা ৩।

সমস্ত ব্যবহারই সহ্য করে, সকল স্থানে সমস্ত প্রকার বস্তুর অভিলাষ করে না এবং সেই সংযত সাধু পূজা বা নিন্দা কিছুরই ইচ্ছা করে না ॥১৫॥

অণেগছংদা ইহ মাণবেহিং, জে ভাবও সংপকরেই[১] ভিক্খূ।
ভয়ভেরবা তত্থ উইংতি[২] ভীমা, দিব্বা মণুস্সা অদুবা তিরিচ্ছা[৩] ॥১৬॥

ইহ (এই সংসারে) মাণবেহিং (মনুষ্যগণের মধ্যে) অণেগছংদা (অনেক প্রকার ছন্দ=অনেক প্রকার ইচ্ছা) (উৎপন্ন হয়) জে (যাহা) ভিক্খূ (ভিক্ষু) (ও) ভাবও (ভাবের দ্বারা=মনের মধ্যে) সংপকরেই (সম্যক্ প্রকারে করে) (এবং তজ্জন্য) তত্থ (সে সময়ে) ভয়ভেরবা (ভয়ভৈরব=ভীষণ) ভীমা (ভয়ানক) দিব্বা (দিব্য=দেবতা সম্বন্ধীয়) মণুস্সা (মনুষ্য সম্বন্ধীয়) অদুবা (অথবা) তিরিচ্ছা (তৈরশ্চ=পশু সম্বন্ধীয়) (উপসর্গ) উইংতি (উৎপন্ন হয়) ॥১৬॥

এই সংসারে মনুষ্যগণের অনেক প্রকার আকাঙ্ক্ষা হয় এবং এইরূপ অভিলাষ ভিক্ষুর মনেও উৎপন্ন হইয়া থাকে ও তজ্জন্য দেবতা, মনুষ্য অথবা পশ্বাদির দ্বারা কৃত উপসর্গ অত্যন্ত ভয়াবহ রূপে অনুভূত হয়। (আকাঙ্ক্ষা উৎপন্ন হইলেই উপসর্গগুলির ভয়াবহত্ব উপলব্ধি হয় এবং যদি কোন প্রকার আকাঙ্ক্ষাই না থাকে তবে উপসর্গগুলি যতই ভয়াবহ হউক না কেন পুরুষকে অভিভূত করিতে পারে না) ॥১৬॥

পরীসহা দুব্বিসহা অণেগে, সীয়ংতি জত্থা বহুকায়রা ণরা ॥
সে তত্থ পত্তে ন বহিজ্জ ভিক্খূ[৪], সংগামসীসে ইব ণাগরায়া ॥১৭॥

অণেগে (অনেক) দুব্বিসহ (দুর্বিষহ=দুঃসহ) পরীসহা (পরীষহ=দুঃখজনক উপসর্গ) (উৎপন্ন হয়) জত্থা (যে স্থলে=পরীষহ উৎপন্ন হইলে) বহুকায়রা (অনেক কাতর মনুষ্য=অনেক হীনবীর্য মনুষ্য) সীয়ংতি (সীদন্তি=সংযমে শিথিল হয়) সে ভিক্খূ (সেই ভিক্ষু) তত্থ পত্তে (সেইরূপ পরীষহ প্রাপ্ত

১। 'সে পকরেই' টীকা ৩। 'সংপগরেই' টীকা ৪।
২। 'উবিংতি' টীকা ১।
৩। "তৈরশ্চাঃ উপসর্গা ইতি গম্যতে" টীকা ২।
৪। 'পংডিএ' টীকা ৩।

হইলে) সংগামসীসে (সংগ্রামশীর্ষে=সংগ্রামের পুরোভাগে) ণাগরায়া ইব (গজরাজের ন্যায়) ন বহিজ্জ (ব্যথাপ্রাপ্ত হয় না, বিচলিত হয় না) ॥১৭॥

অনেক দুর্বিষহ পরীষহ উৎপন্ন হয় এবং যাহার জন্য বহু হীনসত্ত্ব মনুষ্য সংযমে শিথিল হয় কিন্তু সেই ভিক্ষু তদ্রূপ দুঃখজনক উপসর্গ প্রাপ্ত হইলে সংগ্রামের পুরোভাগে স্থিত গজরাজের ন্যায় বিচলিত হয় না ॥১৭॥

সীওসণা[১] দংসমসা[২] য় ফাসা, আয়ংকা বিবিহা ফুসংতি দেহং।
অকুক্কুও তত্থহিয়াসইজ্জা, রয়াইং খেবিজ্জ পুরে[৩] কড়াইং ॥১৮॥

সীওসণা (শীতোষ্ণ=শীত ও উত্তাপ) দংসমসা (দংশমশক=ডাঁশ ও মশার কামড়ের দ্বারা উৎপন্ন দুঃখ) য় (ও) ফাসা (স্পর্শ=তৃণাদির স্পর্শ) বিবিহা (বিবিধ) আয়ংকা (আতঙ্ক=রোগ) দেহং (দেহকে) ফুসংতি (স্পর্শ করে =পীড়া দেয়) তত্থ (সেই স্থলে=পরীষহ উৎপন্ন হইলে) অকুক্কুও (আক্রন্দন না করিয়া) অহিয়াসইজ্জা (সহ্য করে) (এবং) পুরে কড়াইং (পূর্বকৃত) রয়াই (রজসমূহ=কর্মমলসমূহ) খেবিজ্জ (ক্ষয় করে) ॥১৮॥

শীত ও উত্তাপ, ডাঁশ ও মশা, তৃণকণ্টকাদির স্পর্শ ও বিবিধ প্রকারের রোগ দেহে পীড়া উৎপন্ন করে। এইরূপ পীড়া উৎপন্ন হইলে সাধু তাহা আক্রন্দন না করিয়া সহ্য করে এবং পূর্বকৃত কর্মমল ক্ষয় করে ॥১৮॥

পহায় রাগং চ তহেব দোসং, মোহং চ ভিক্খূ সয়য়ং বিয়ক্খণো।
মেরুব্ব বাএণ অকংপমাণো, পরীসহে আয়গুত্তে সহিজ্জা ॥১৯॥

সয়য়ং (সতত) বিয়ক্খণো (বিচক্ষণ) ভিক্খূ (সাধু) রাগং (রাগ) তহেব (তদ্রূপ) দোসং (দ্বেষ) চ (ও) মোহং (মোহ) পহায় (পরিত্যাগ করিয়া) বাএণ (বায়ুর দ্বারা) মেরুব্ব (মেরুপর্বতের ন্যায়) অকংপমাণো (অকম্পিত থাকিয়া) আয়গুত্তে (আত্মগুপ্ত=শরীর ও মনকে বশীভূত করিয়া) পরীসহে (পরীষহ=পরীষহজনিত ক্লেশ) সহিজ্জা (সহ্য করে) ॥১৯॥

সতত বিচক্ষণ সাধু রাগ, দ্বেষ ও মোহকে পরিত্যাগ করিয়া প্রবল বায়ুতেও

১। 'সীওসিণা' টীকা ১ ও ৩।

২। 'মসগা' টীকা ১ ও ৩।

৩। 'পুরা' টীকা ১ ও ৩।

মেরু পর্বত যেমন অকম্পিত থাকে তদ্রূপ অকম্পিত থাকিয়া শরীর ও মনকে বশীভূত করিয়া পরীষহজনিত ক্লেশ সহ্য করে ॥১৯॥

অণুণ্ণএ[১] নাবণএ[২] মহেসী, ন য়াবি পূয়ং গরহং চ সংজএ[৩]।
সে উজ্জুভাবং পড়িবজ্জ সংজএ, ণিব্বাণমগ্গং বিরএ উবেই ॥২০॥

মহেসী (মহর্ষি) অণুণ্ণএ (অনুন্নত=উন্নত নয়, অভিমানরহিত) নাবণএ (নাবনত=অবনত নয়, দীনতাশূন্য) (হইয়া) পূয়ং (পূজাতে=সৎকারে) গরহং (নিন্দাতে) ন য়াবি সংজএ (সঙ্গ করে না=সুখদুঃখ প্রাপ্ত হয় না, অভিভূত হয় না) সে সংজএ (সেই সংযত=সমুদ্রপাল) উজ্জুভাবং (ঋজুভাব =সরলতা) পড়িবজ্জ (অবলম্বন করিয়া) বিরএ (বিরত=পাপকর্ম হইতে নিবৃত্ত) (হইয়া) ণির্বাণমগ্গং (নির্বাণমার্গ=মুক্তিমার্গ) উবেই (প্রাপ্ত হইল) ॥২০॥

সেই মহর্ষি অভিমানরহিত ও দীনতাশূন্য হইয়া সৎকার ও নিন্দাতে সুখ বা দুঃখ অনুভব করে না। সেই সংযত সমুদ্রপাল সরলতা অবলম্বন করিয়া ও পাপকর্ম হইতে নিবৃত্ত হইয়া মুক্তিমার্গ প্রাপ্ত হইল ॥২০॥

অরইরইসহে[৪] পহীণসংথবে, বিরএ আয়হিএ পহাণবং[৫]।
পরমট্ঠপএহিং চিট্ঠই, ছিণ্ণসোএ অমমো অকিংচণো ॥২১॥

অরইরইসহে (অরতিরতিসহ=দুঃখ ও সুখসহ, যে দুঃখ ও সুখকে সমভাবে সহন করে) পহীণসংথবে (প্রহীণসংস্তব=গৃহস্থাদির সহিত পরিচয় বা ঘনিষ্ঠতাশূন্য) বিরএ (বিরত=পাপকর্ম হইতে বিরত) আয়হিএ (আত্মহিত =আত্মার হিতসাধনে তৎপর) পহাণবং (প্রধানবান্=সংযমবান্) ছিণ্ণসোএ (ছিন্নশোক=শোকরহিত) অমমো (অমম=মমতারহিত) অকিংচণো

১। "অনুন্নতঃ ন ম্লতোঽভিমানরহিতঃ" টীকা ১।

২। "নাবনতো ন অবনতো দীনভাবেন রহিতঃ" টীকা ১।

৩। "ন সঙ্গয়েৎ সঙ্গং ন কুর্য্যাৎ নিন্দাং চ শ্রুত্বা দুঃখং ন কুর্য্যাদিতি ভাবঃ" টীকা ১।

৪। অভীপ্সিত বস্তু প্রাপ্ত হইলে যে সুখ হয় তাহাকে রতি ও সেই বস্তুর প্রাপ্তি না হইলে যে দুঃখ হয় তাহাকে অরতি বলে। সংযমে ধৈর্যের অভাবকেও অরতি বলে। ২।১৪ সূত্রের সহিত তুলনীয়।

৫। "প্রধানঃ সংযমঃ স বিদ্যতে যস্য স প্রধানবান্ সংযমযুক্তঃ" টীকা ১।

(অকিঞ্চন=সর্বপ্রকার পরিগ্রহ রহিত) (হইয়া) পরমট্ঠপএহিং (পরমার্থ-পদে=মোক্ষপদে অর্থাৎ জ্ঞানদর্শনচারিত্রে) চিট্ঠঈ (স্থিত হইল) ॥২১॥

সেই সমুদ্রপাল সাধু দুঃখ ও সুখকে সমভাবে সহ্য করিয়া, গৃহস্থাদির সহিত ঘনিষ্ঠ পরিচয় হইতে বিরত হইয়া, পাপকর্ম হইতে নিবৃত্ত হইয়া, আত্মার হিতসাধনে তৎপর, সংযমবান্, শোকরহিত, মমতারহিত, ও সর্বপ্রকার পরিগ্রহশূন্য হইয়া জ্ঞান, দর্শন ও চারিত্ররূপ মোক্ষপদে স্থির হইল ॥২১॥

বিবিত্তলয়ণাই[১] ভএজ্জ তাঈ, ণিরোবলেবাই[২] অসংথড়াইং[৩]।
ইসীহি চিণ্ণাই মহাজসেহি[৪], কাএণ ফাসেজ্জ পরীসহাইং ॥২২॥

তাঈ (ত্রায়ী=সমস্ত প্রাণীর রক্ষাকারক) (সেই সাধু) ণিরোবলেবাই (নিরুপলেপ=যাহা সাধুর জন্য প্রস্তুত নহে এইরূপ) অসংথড়াইং (অসংস্তৃত =যাহা ধান্যাদি বীজের দ্বারা ব্যাপ্ত নহে) মহাজসেহি (মহাযশস্বী) ইসীহি (ঋষিগণের দ্বারা) চিণ্ণাই (ব্যবহৃত=সেবিত) বিবিত্তলয়ণাই (স্ত্রী, পশু প্রভৃতি শূন্য উপাশ্রয় বা থাকিবার স্থান=একান্ত স্থান) ভএজ্জ (ভোগ করে =ব্যবহার করে) (এবং) পরীসহাইং (পরীষহসমূহ=দুঃখজনক উপসর্গাদি) কাএণ ফাসেজ্জ (কায়ের দ্বারা স্পর্শ করে=সহ্য করে) ॥২২॥

সমস্ত প্রাণিগণের রক্ষাকারী সেই সাধু যাহা তাহার জন্য প্রস্তুত হয় নাই, যাহা ধান্যাদির বীজ প্রভৃতি একেন্দ্রিয় প্রাণিগণের দ্বারা ব্যাপ্ত নহে এবং যেখানে মহাযশস্বী ঋষিগণ অবস্থান করিয়াছেন, এইরূপ স্ত্রী, পশু আদিশূন্য উপাশ্রয়ে অবস্থান করে এবং দুঃখজনক উপসর্গাদি উপস্থিত হইলে তাহা সহ্য করে ॥২২॥

স ণাণণাণোবগএ[৫] মহেসী, অণুত্তরং চরিউং ধম্মসংচয়ং।
অণুত্তরে ণাণধরে জসংসী, ওভাসঈ সূরিএ বংতলিক্খে ॥২৩॥

১। "বিবিক্তানি লয়নানিস্ত্র্যাদিরহিতোপাশ্রয়রূপাণি" টীকা ২।

২। "নিরুপলেপানি দ্রব্যভাবতশ্চ লেপরহিতানি দ্রব্যতোহি সাধুনিমিত্তেন ন লিপ্তানি গৃহস্থেন স্বার্থং লিপ্তানীত্যর্থঃ ভাবতস্তু রাগাদিলেপরহিতানি মদীয়ানী মানিস্থানানীতি রাগবুদ্ধ্যারহিতানি" টীকা ১

৩। "অসংস্তৃতানি শাল্যাদি বীজৈর ব্যাপ্তানি সচিত্তবীজসংঘট্টরহিতানি" টীকা ১।

৪। 'মহাযসেহি' টীকা ২ ও ৩।

৫। "জ্ঞানজ্ঞানোপগতঃ জ্ঞানেন শ্রুতজ্ঞানেন যদ্‌জ্ঞানং সম্যক্ ক্রিয়াকলাপবেদনং তেনো-পগতঃ সম্যগ্ জ্ঞানক্রিয়াসহিতঃ" টীকা ১।

স (সেই) ণাণণাণোবগএ (জ্ঞানজ্ঞানোপগত=জ্ঞান অর্থাৎ শ্রুতজ্ঞান, তদ্দ্বারা প্রাপ্ত সম্যক্ ক্রিয়ার যে জ্ঞান তদ্দ্বারা উপগত অর্থাৎ যুক্ত=সম্যক্ জ্ঞান ও ক্রিয়াযুক্ত) মহেসী (মহর্ষি) অণুত্তরং (অনুত্তর=প্রধান, শ্রেষ্ঠ) ধম্মসংচয়ং (ধর্মসঞ্চয়=ধর্মসমূহ, ক্ষান্তি প্রভৃতি দশবিধ[১] ধর্ম) চরিউং (আচরণ করিয়া) অণুত্তরে (শ্রেষ্ঠ) ণাণধরে (জ্ঞানধর=জ্ঞানসম্পন্ন) জসংসী (যশস্বী) অংতলিক্খে (অন্তরীক্ষে=আকাশে) সুরিএ ব (সূর্যের ন্যায়) ওভাসঈ (অবভাসতে=প্রকাশিত হয়, শোভিত হয়) ॥২৩॥

সেই সম্যক্ জ্ঞান ও ক্রিয়াসম্পন্ন যশস্বী মহর্ষি সাধুর দশপ্রকার শ্রেষ্ঠ ধর্ম পালন করিয়া ও সর্বোত্তম জ্ঞান অর্থাৎ কেবল জ্ঞান সম্পন্ন হইয়া আকাশে সূর্য যেমন শোভা পাইতে থাকে তদ্রূপ শোভিত হইতে লাগিল ॥২৩॥

দুবিহং খবেউণ য পুণ্ণপাবং, ণিরংগণে[২] সব্বও বিপ্পমুক্কো।
তরিত্তা সমুদ্দং ব মহাভবোহং[৩], সমুদ্দপালে অপুণাগমং গএ[৪] ॥২৪॥
ত্তি বেমি ॥

দুবিহং (দ্বিবিধ) পুণ্ণপাবং (পুণ্য ও পাপ=শুভাশুভ প্রকৃতি বিশিষ্ট কর্ম) খবেউণ (ক্ষয় করিয়া) ণিরংগণে (নিরঙ্গন=সংযমে নিশ্চল) সব্বও বিপ্পমুক্কো (সর্ব্বত বিপ্রমুক্ত=সমস্ত প্রকার আসক্তি হইতে মুক্ত) মহাভবোহং (মহাভবৌঘ =মহাভব অর্থাৎ জন্মের ওঘ অর্থাৎ সমূহ=সংসার) সমুদ্দং (সমুদ্র) তরিত্তা (পার হইয়া) সমুদ্দপালে (সমুদ্রপাল) অপুণাগমং (অপুনরাগম=যে স্থান হইতে পুনরায় আগমন অর্থাৎ সংসারে জন্মগ্রহণ করিতে হয় না) গএ (প্রাপ্ত হইল) ॥২৪॥ ত্তি বেমি (এইরূপ বলিতেছি) ॥

দ্বিবিধ শুভাশুভ প্রকৃতিবিশিষ্ট কর্ম ক্ষয় করিয়া, সংযমে নিশ্চল ও সমস্ত-প্রকার আসক্তি হইতে মুক্ত হইয়া সমুদ্রপাল সংসাররূপ মহাসমুদ্র হইতে উত্তীর্ণ হইয়া অপুনরাবর্তনগতি অর্থাৎ মোক্ষগতি প্রাপ্ত হইল ॥২৪॥ এইরূপ বলিতেছি ॥

ইতি সমুদ্রপালীয়, একবিংশ অধ্যয়ন

১। দশবিধ সাধুধর্মের ব্যাখ্যার জন্য ২।২৬ সূত্রের পাদটীকা দ্রষ্টব্য।

২। "নির্গতমংগনং চলনং যস্মাৎস নিরংগনঃ সংযমে নিশ্চলঃ" টীকা ১।

৩। "মহান্তশ্চ তে ভবাশ্চ মহাভবাঃ তেষামোঘঃ সমূহো যত্র স মহাভবৌঘঃ" টীকা ১।

৪। 'অপুণাগমংগইং' টীকা ১।

রথনেমীয়

দ্বাবিংশ অধ্যয়ন

সোরিয়পুরংমি[১] ণয়রে, আসি রায়া মহড্‌ঢিএ[২]।
বসুদেবিত্তি ণামেণং, রায়লক্‌খণসংজুএ ॥১॥

সোরিয়পুরংমি ণয়রে (সৌর্যপুর বা সৌরিপুর নামক নগরে) রায়লক্‌খণ-সংজুএ (রাজলক্ষণ সংযুক্ত) বসুদেবিত্তি ণামেণং (বসুদেব এই নামে) মহ-ড্‌ঢিএ (মহা সমৃদ্ধিশালী) রায়া (রাজা) আসি (ছিলেন) ॥১॥

সৌর্যপুর নগরে রাজলক্ষণযুক্ত বসুদেব নামক মহাসমৃদ্ধিশালী রাজা ছিলেন ॥১॥

তস্‌স ভজ্জা দুবে আসি, রোহিণী দেবঈ তহা।
তাসিং দোহ্ণং পি দো পুত্তা, ইট্‌ঠা[৩] রাম কেসবা ॥২॥

তস্‌স (তাহার=বসুদেব রাজার) রোহিণী (রোহিণী) তহা (তথা) দেবঈ (দেবকী) দুবে ভজ্জা (দুই ভার্যা) আসি (ছিল) তাসিং (তাহাদিগের= রোহিণী ও দেবকীর) দোহ্ণং পি (উভয়ের) রাম কেসবা (রাম ও কেশব নামক) ইষ্টা (প্রিয়) দো পুত্তা (দুই পুত্র) (ছিল) ॥২॥

বসুদেব রাজার রোহিণী ও দেবকী নাম্নী দুই ভার্যা ছিলেন এবং সেই উভয় রাজ্ঞীর রাম ও কেশব নামক প্রিয় দুই পুত্র ছিলেন ॥২॥

সৌরিয়পুরংমি ণয়রে, আসি রায়া মহড্‌ঢিএ।
সমুদ্দবিজএ ণামং, রায়লক্‌খণসংজুএ ॥৩॥

(শব্দার্থ প্রথম শ্লোকের ন্যায়)

১। প্রাচীন কুশার্তদেশের রাজধানীর নাম সৌর্যপুর ছিল। যাদবগণ দ্বারিকাতে যাইবার পূর্বে ইহা তাঁহাদের রাজধানী ছিল। বর্তমান আগ্রা হইতে উত্তর পশ্চিম কোণে যমুনা সমীপে বটেশ্বর নামক এক গ্রাম আছে, ইহাই প্রাচীন সৌর্যপুর বলিয়া কথিত। শ্রমণ ভগবান্ মহাবীর, পৃঃ ৩৯৬

২। 'মহিড্‌ঢিও' টীকা ২।

৩। 'অইট্‌ঠা' টীকা ১। "অভীষ্টৌ" টীকা ১।

সৌর্যপুর নগরে রাজলক্ষণ সংযুক্ত মহাসমৃদ্ধিশালী সমুদ্রবিজয় নামক রাজা ছিলেন ॥৩॥

তস্স ভজ্জা সিবা ণাম, তীসে[১] পুত্তে মহাযসে।
ভয়বং অরিট্ঠণেমিত্তি[২], লোগণাহে দমীসরে ॥৪॥

তস্স (সমুদ্রবিজয় রাজার) সিবা ণাম (শিবা নাম্নী) ভজ্জা (ভার্যা) (ছিলেন) তীসে (তাঁহার=শিবা দেবীর) মহাযসে (মহাযশস্বী) লোগণাহে (লোকনাথ) দমীসরে (দমীশ্বর=জিতেন্দ্রিয়গণের মধ্যে শ্রেষ্ঠ) ভয়বং (ভগবান্) অরিট্ঠণেমিত্তি (অরিষ্টনেমি নামে) পুত্তে (পুত্র) (ছিলেন)॥৪॥

সমুদ্রবিজয় রাজার শিবাদেবী নাম্নী ভার্যা ছিলেন এবং শিবাদেবীর মহাযশস্বী, লোকনাথ, জিতেন্দ্রিয়, শ্রেষ্ঠ, ভগবান্ অরিষ্টনেমি নামক পুত্র ছিলেন ॥৪॥

সোরিট্ঠণেমিণামো উ, লক্খণস্সরসংজুও[৩]।
অট্ঠসহস্সলক্খণধরো[৪], গোয়মো কালগচ্ছবী ॥৫॥

সো অরিট্ঠণেমিণামো (সেই অরিষ্টনেমি নামক) (ভগবান্) লক্খণস্সরসংজুও (স্বরলক্ষণসংযুত=কণ্ঠস্বরের মাধুর্য, গাম্ভীর্যাদি গুণযুক্ত) অট্ঠসহস্সলক্খণধরো (অষ্টোত্তরসহস্রলক্ষণধর=যাঁহার শরীরে এক হাজার আটটী

১। 'তীয়' টীকা ১।

২। অরিষ্টনেমি দ্বাবিংশতিতম তীর্থঙ্কর। ইনি সমুদ্রবিজয় নৃপতির ঔরসে শিবাদেবীর গর্ভে সৌরিপুরে জন্মগ্রহণ করেন। জরাসন্ধের দ্বারা বারংবার আক্রমণে যাদবগণ সৌরিপুর পরিত্যাগ করিয়া শ্রীকৃষ্ণের অধিনায়কত্বে যখন দ্বারকায় প্রস্থান করেন তখন অরিষ্টনেমি আদি সকলেই দ্বারকায় চলিয়া যান। পিতা, মাতা ও শ্রীকৃষ্ণের আগ্রহাতিশয্যে অনিচ্ছা সত্ত্বেও ইনি বিবাহে সম্মতি দান করেন। উগ্রসেন রাজার কন্যা রাজীমতীর সহিত বিবাহ সম্বন্ধ স্থির হয় কিন্তু বিবাহ হয় নাই ইহা পরবর্তী সূত্রগুলি হইতেই পরিস্ফুট হইবে। উগ্রসেন কংসের পিতা ছিলেন। কংসকে বধ করিয়া শ্রীকৃষ্ণ সেই উগ্রসেনকে মথুরার সিংহাসনে পুনঃ প্রতিষ্ঠিত করেন। দ্বারকায় যাইবার সময় ইনিও যাদবগণের সহিত তথায় গিয়াছিলেন বলিয়া অনুমিত হয়। সমুদ্রবিজয়াদি দশ ভ্রাতাকে দশার্হ বলা হয়। এই দশ ভ্রাতার মধ্যে বসুদেব সর্বকনিষ্ঠ। ইঁহারা অন্ধক বৃষ্ণি বংশজাত ও উগ্রসেন ভোজক বৃষ্ণি বংশোৎপন্ন, ৪৩ সূত্রে রাজীমতীর কথায় ইহাই প্রতিপন্ন হয়। অরিষ্টনেমি রৈবতাচলে দীক্ষাগ্রহণ করেন ও গির্ণার পর্বতে কেবলজ্ঞান ও মুক্তি প্রাপ্ত হন।

৩। "স্বরস্য লক্ষণাণি সুস্বরত্বগম্ভীরত্বাদীনি তৈঃ সংযুতঃ স্বরলক্ষণসংযুতঃ" টীকা ২।

৪। "তীর্থঙ্করস্য হি অষ্টাধিকসহস্রলক্ষণানি শরীরে ভবন্তি স্বস্তিকবৃষভসিংহশ্রীবৎসশঙ্খ চক্রগজাশ্বচ্ছত্রাব্ধিপ্রমুখাণি লক্ষণানি হস্তপাদাদৌ ভবন্তি" টীকা ১।

শুভ লক্ষণ আছে) গোয়মো (গৌতম=গৌতমগোত্রীয়) (ও) কালগচ্ছবী (কালকচ্ছবি=কৃষ্ণকান্তিবিশিষ্ট) (ছিলেন) ॥৫॥

সেই অরিষ্টনেমি নামক ভগবান্ কণ্ঠস্বরের মাধুর্যগাম্ভীর্যাদি গুণযুক্ত অষ্টোত্তর সহস্র লক্ষণোপেত, গৌতমগোত্রীয় ও শ্যামকান্তিবিশিষ্ট ছিলেন ॥৫॥

বজ্জরিসহসংঘয়ণো[১], সমচউরংসো[২] ঝসোয়রো[৩]।
তস্স [৪]রাইমঈকণ্ণং, ভজ্জং জায়ই কেসবো ॥৬॥

১। সংহনন শব্দের অর্থ শরীরের হাড়ের পরস্পর সংযোগ বা গ্রন্থিযোগ। সংহনন ছয় প্রকার যথা—১। বজ্রঋষভনারাচ, ২। ঋষভনারাচ, ৩। নারাচ, ৪। অর্দ্ধনারাচ, ৫। কীলিকা, ৬। সেবার্ত। বজ্র শব্দের অর্থ কীলক, ঋষভ শব্দের অর্থ বেষ্টন পট্ট ও নারাচের অর্থ উভয় পার্শ্বের মর্কটবন্ধন। যে অস্থির গ্রন্থি উভয় পার্শ্বে মর্কটবন্ধনের দ্বারা বদ্ধ এবং এই বন্ধনের উপরে একটি বেষ্টনপট্টের দ্বারা আবদ্ধ ও উভয় পার্শ্বের মর্কটবন্ধন ও বেষ্টনপট্টকে ভেদ করিয়া কীলক যে অস্থির গ্রন্থিতে থাকে তাহাকে বজ্রঋষভনারাচসংহনন বলে। যে বন্ধনে মর্কটবন্ধনও বেষ্টনপট্ট থাকে কিন্তু কীলক থাকে না তাহাকে ঋষভনারাচ বলে। নারাচ বন্ধনে কেবল মাত্র উভয় পার্শ্বে মর্কটবন্ধন থাকে, বেষ্টনপট্ট ও কীলক থাকে না। অর্দ্ধনারাচ বন্ধনে একদিকে মর্কটবন্ধন ও অন্য দিকে কীলক থাকে। কীলিকা বন্ধনে মর্কট বন্ধন ও বেষ্টনপট্ট থাকে না, কেবলমাত্র কীলিকার দ্বারা দুইটী অস্থি আবদ্ধ থাকে। সেবার্ত বন্ধনে মর্কটবন্ধন, বেষ্টনপট্ট ও কীলিকা থাকে না, দুইটী অস্থি সাধারণ ভাবে সংযুক্ত থাকে মাত্র। প্রথম কর্ম্মগ্রন্থ, ৩৮-৩৯ গাথা ও তাহার অর্থ দ্রষ্টব্য।

২। শরীরের আকারকে সংস্থান কহে। সংস্থান ছয় প্রকার যথা—১। সমচতুরস্র, ২। ন্যগ্রোধ, ৩। সাদি, ৪। কুব্জ, ৫। বামন ও ৬। হুণ্ড। কোন ব্যক্তি পদ্মাসনে বসিলে তাহার কপাল হইতে আসন পর্যন্ত একটী রেখা টানিলে তাহার পরিমাণ, দক্ষিণ জানু হইতে বাম জানু পর্যন্ত একটী রেখা টানিলে তাহার পরিমাণ, দক্ষিণ স্কন্ধ হইতে বাম জানু পর্যন্ত ও বাম স্কন্ধ হইতে দক্ষিণ জানু পর্যন্ত রেখার পরিমাণ পরস্পর সমান হইলে তাহাকে সমচতুরস্র সংস্থান বলে। কিন্তু টীকা ১। এ এইরূপ লিখিত আছে, "যঃ পদ্মাসনে স্থিতঃ সন্ চতুঃষু পার্শ্বেষু সদৃশ-শরীরপ্রমাণো ভবতি স সমচতুরস্রসংস্থানবানুচ্যতে"। যাহার শরীর নাভির উপরি ভাগে সম্পূর্ণ কিন্তু নাভির অধোভাগে হীন থাকে তাহাকে ন্যগ্রোধ সংস্থান কহে। যে শরীরে নাভির অধোভাগ পরিপূর্ণ কিন্তু ঊর্ধ্বভাগ হীন তাহা সাদি সংস্থান। যে শরীরে, হস্ত, পদ, মস্তক পরিপূর্ণ কিন্তু বক্ষঃস্থল ও পৃষ্ঠদেশ বক্র থাকে তাহাকে কুব্জ সংস্থান কহে। যাহার শরীরে হস্ত, পদাদি আয়তনে ক্ষুদ্র হয় কিন্তু বক্ষঃস্থল, উদর, মস্তক প্রমাণ আয়তনবিশিষ্ট হয় তাহা বামন সংস্থান এ বং যাহার সমস্ত অঙ্গপ্রত্যঙ্গই বক্র ও প্রমাণোপেত নয় তাহাকে হুণ্ড সংস্থান বলে। প্রথম কর্ম্মগ্রন্থ, ৪০ গাথা ও তাহার অর্থ দ্রষ্টব্য।

৩। "ঋষো মৎস্যস্তদুদরমিব তদাকারতয়োদরং যস্যাসৌ ঋষোদরঃ" টীকা ২।

৪। 'রায়মইং' টীকা ২।

(অরিষ্টনেমি) বজ্জরিসহসংঘয়ণো (বজ্রর্ষভনারাচসংহননযুক্ত) সমচউরংসো (সমচতুরস্র সংস্থানযুক্ত শরীরবিশিষ্ট) ঝসোয়রো (ঝসোদর=ঋষ অর্থাৎ মৎস্যের উদরের ন্যায় উদর যাহার) (ছিলেন) কেসবো (কেশব=কৃষ্ণ) তস্স (অরিষ্টনেমির) ভজ্জং (ভার্যা) (করিবার জন্যে) রাইমঈকণ্ণং (রাজীমতী কন্যাকে) জায়ই (যাচনা করিলেন) ॥৬॥

অরিষ্টনেমি বজ্রঋষভনারাচ সংহনন বিশিষ্ট অর্থাৎ অত্যন্ত শক্তিশালী ও সমচতুরস্র অর্থাৎ সুবিন্যস্ত শরীর যুক্ত ছিলেন। কেশব অরিষ্টনেমির ভার্যা করিবার জন্য রাজীমতী কন্যাকে প্রার্থনা করিলেন ॥৬॥

অহ সা রায়বরকণ্ণা, সুসীলা চারুপেহিণী।
সব্বলক্খণ সংপণ্ণা[১], বিজ্জুসোয়ামণিপ্পহা[২] ॥৭॥

অহ (অথ) রায়বরকণ্ণা (শ্রেষ্ঠ রাজার কন্যা=উগ্রসেন নামক শ্রেষ্ঠ রাজার কন্যা) সা (সেই রাজীমতী) সুসীলা (সুশীলা) চারুপেহিণী (চারুনয়না) সব্বলক্খণ সংপণ্ণা (সমস্ত শুভ লক্ষণসম্পন্না) বিজ্জুসোয়ামণিপ্পহা (বিদ্যুৎ-সৌদামিনীপ্রভা=স্ফুরদ্বিদ্যুৎপ্রভা) (ছিলেন)।

উগ্রসেন নামক রাজশ্রেষ্ঠের কন্যা রাজীমতী সুশীলা, চারুনয়না, সমস্ত শুভ লক্ষণসম্পন্না ও স্ফুরবিদ্যুতের ন্যায় প্রভাযুক্তা ছিলেন ॥৭॥

অহাহ জণও তীসে, বাসুদেবং মহড্ঢিয়ং।
ইহাগচ্ছউ কুমারো, জা সে কণ্ণং দলামহং[৩] ॥৮॥

মহড্ঢিয়ং (মহাসমৃদ্ধিশালী) বাসুদেবং (বাসুদেবকে=কৃষ্ণকে) তীসে (তাঁহার =রাজীমতীর) জণও (জনক=পিতা উগ্রসেন) অহাহ (বলিলেন) কুমারো (কুমার অরিষ্টনেমি) ইহাগচ্ছউ (এখানে আসুক=আমার গৃহে আসুক) জা (তাহা হইলে) সে (তাহাকে) কণ্ণং (কন্যা) দলামহং (প্রদান করিব) ॥৮॥

মহাসমৃদ্ধিসম্পন্ন বাসুদেব কৃষ্ণকে রাজীমতীর পিতা উগ্রসেন বলিলেন যে, 'কুমার অরিষ্টনেমি আমার গৃহে আগমন করুক, তাহা হইলে আমার কন্যা প্রদান করিব' ॥৮॥

১। 'সংপুন্না' টীকা ২।
২। 'মনিপ্পভা' টীকা ৩।
৩। 'দদামহং' টীকা ৩।

সব্বোসহীহিং[১] হুবিও, কয়কোউয়মংগলো[২]।
দিব্বজুয়লপরিহিও, আহরণেহিং বিভূসিও ॥৯॥

(কুমার অরিষ্টনেমিকে) সব্বোসহীহিং হুবিও (সর্বৌষধির দ্বারা স্নান করাইয়া) কয়কোউয়মংগলো (কৃতকৌতুকমঙ্গল=ললাটে তিলকাদি ধারণ ও দধি, দূর্বা, অক্ষতাদির দ্বারা মঙ্গলাচরণ করাইয়া) দিব্বজুয়লপরিহিও (দিব্যযুগল বস্ত্র পরিধান করাইয়া) আহরণেহিং বিভূসিও (আভরণের দ্বারা বিভূষিত) (করা হইল) ॥৯॥

কুমার অরিষ্টনেমিকে সর্বৌষেধির দ্বারা স্নান, ললাটে তিলকাদিধারণ ও দধি, দূর্বা, অক্ষতাদির দ্বারা মঙ্গলাচরণ করাইয়া, উত্তম বস্ত্রযুগল পরিধান এবং আভরণের দ্বারা বিভূষিত করা হইল ॥৯॥

মত্তং চ গংধহত্থিং চ, বাসুদেবস্স জিট্ঠগং।
আরূঢ়ো সোহএ[৩] অহিয়ং, সিরে চূড়ামণী জহা ॥১০॥

বাসুদেবস্স (বাসুদেবের) জিট্ঠগং (জ্যেষ্ঠক=প্রধান, পট্টহস্তী) মত্তং গংধহত্থিং (মত্তগন্ধহস্তীতে) আরূঢ়ো (আরূঢ়) (হইয়া) চূড়ামণী (চূড়ামণি =মস্তকের অলঙ্কার বিশেষ, মুকুটেস্থিত মণি) জহা (যেরূপ) সিরে (শিরে) (শোভা পায় তদ্রূপ) অহিয়ং (অধিক) সোহএ (শোভা পাইতে লাগিলেন) ॥১০॥

নেমি কুমার বাসুদেব কৃষ্ণের প্রধান মত্তগন্ধ হস্তীতে আরূঢ় হইয়া মস্তকের মুকুটে স্থিত মণির ন্যায় অধিকাধিক শোভা পাইতে লাগিলেন ॥১০॥

অহ উসিএণ ছত্তেণ, চামরাহি য সোহিও।
দসারচক্কেণ[৪] য সো[৫], সব্বও পরিবারিও ॥১১॥

১। "জয়াবিজয়াশল্যবিশল্যাঋদ্ধিবৃদ্ধ্যাদিভিঃস্নপিতঃ" টীকা ১।

২। "কৃতানি কৌতুকানি ললাটনুশলস্পর্শনাদীনি মঙ্গলানি দধ্যক্ষতদূর্বাচন্দনবন্দনাদীনি যস্য স কৃতকৌতুকমঙ্গলঃ" টীকা ২।

৩। 'সোহঈ' টীকা ১ ও ৩।

৪। দশার্হচক্র-সমুদ্রবিজয় প্রমুখ দশ ভ্রাতা ছিলেন। ইঁহাদের মধ্যে সমুদ্রবিজয় সর্বজ্যেষ্ঠ ও বসুদেব সর্বকনিষ্ঠ। এই দশ ভ্রাতা এবং তাঁহাদের পুত্রপৌত্রাদি যাদবগণ। ইঁহারাই দশার্হচক্র নামে খ্যাত।

৫। 'তও' টীকা ৩।

চউরংগিণীএ সেণাএ, রইয়াএ জহক্কমং।
তুরিয়াণ[১] সন্নিণাএণ, দিব্বেণ গয়ণং ফুসে[২] ॥১২॥

অহ (তৎপরে) সো (সেই নেমিকুমার) দসারচক্কেণ (দশার্হ চক্রের দ্বারা= যাদবগণের দ্বারা) সব্বও (সর্বত=চতুর্দিকে) পরিবারিও (পরিবারিত= পরিবৃত, বেষ্টিত) য় (ও) জহক্কমং (যথাক্রমে=যথানিয়মে) রইয়াএ (রচিত =বিন্যস্ত) চউরংগিণীএ (চতুরঙ্গিণী) সেণাএ (সেনার দ্বারা) (পরিবৃত এবং) তুরিয়াণ (তূর্যের) গয়ণং ফুসে (গগনস্পর্শী=আকাশব্যাপী) দিব্বেণ (দিব্য=প্রধান) সন্নিণাএণ (সংনিনাদের দ্বারা=নিনাদের দ্বারা) (নিনাদিত হইয়া) উসিএণ (উচ্ছ্রিত=মস্তকোপরিধৃত) ছত্তেণ (ছত্রের দ্বারা) য় (ও) চামরাহি (চামরের দ্বারা=উভয় পার্শ্বে চামরের দ্বারা) সোহিও (শোভিত) (হইতে লাগিলেন) ॥১১॥১২॥

তৎপরে যাদবগণের দ্বারা চতুর্দিকে পরিবেষ্টিত হইয়া, যথা নিয়মে বিন্যস্ত চতুরঙ্গিণী সৈন্যের দ্বারা পরিবৃত এবং তূর্যের গগনব্যাপী ঘোর নিনাদের দ্বারা নিনাদিত হইয়া সেই নেমি কুমার মস্তকোপরিধৃত ছত্র ও উভয় পার্শ্বে চামরের দ্বারা শোভিত হইতে লাগিলেন ॥১১॥১২॥

এয়ারিসীএ ইড্ঢীএ, জুঈএ[৩] উত্তিমাঈ য়[৪]।
ণিয়গাও ভবণাও, ণিজ্জাও বহ্নিপুংগবো ॥১৩॥

বহ্নিপুংগবো (বৃষ্ণিপুঙ্গব) এয়ারিসীএ (এতাদৃশ=উপরে উক্ত) ইড্ঢীএ (ঋদ্ধিতে=সমারোহে) য় (ও) উত্তিমাঈ (উত্তম) জুঈএ (দ্যুতিতে= আড়ম্বরে) ণিয়গাও (নিজের) ভবণাও (ভবন হইতে) ণিজ্জাও (নির্গত হইলেন) ॥১৩॥

বৃষ্ণিপুঙ্গব নেমিকুমার উপরে লিখিত সমারোহ ও মহাড়ম্বরে নিজগৃহ হইতে বিবাহ করিতে নির্গত হইলেন ॥১৩॥

১। 'তুড়িযাণং' টীকা ১ ও ৩।
২। 'ফুসা' টীকা ১।
৩। 'জুত্তিএ' টীকা ১।
৪। 'উত্তমাঈ' টীকা ১ ও ৩।

অহ সো তত্থ ণিজ্জংতো, দিস্‌স পাণে ভয়দ্দুএ।
বাড়েহিং পংজরেহিং চ, সংণিরুদ্ধে সুদুক্‌খিএ ॥১৪॥

অহ (তৎপরে) সো (সেই নেমিকুমার) তত্থ (সেখানে=বিবাহমণ্ডপের নিকট) ণিজ্জংতো (নির্য্যন্=যাইতে যাইতে) বাড়েহিং (বাটকে=বেড়ার মধ্যে=বেষ্টনীর মধ্যে) পংজরেহিং চ (ও পিঞ্জরে) সংণিরুদ্ধে (সংনিরুদ্ধ=আবদ্ধ) সুদুক্‌খিএ (সুদুঃখিত) ভয়দ্দুএ (ভয়দ্রুত=ভয়ব্যাকুল, ভীত) পাণে (প্রাণিগণকে=মৃগাদি পশুগণকে) দিস্‌স (দেখিলেন) ॥১৪॥

তৎপরে নেমিকুমার বিবাহমণ্ডপের নিকটে যাইতে যাইতে বেষ্টনী ও পিঞ্জরের মধ্যে আবদ্ধ অত্যন্ত দুঃখগ্রস্ত ও ভয়ার্ত মৃগাদি পশুগণকে দেখিলেন ॥১৪॥

জীবিতংতং তু সংপত্তে, মংসট্‌ঠা ভক্‌খিয়ব্বএ।
পাসিত্তা সে মহাপণ্ণে, সারহিং[১] ইণমব্ববী ॥১৫॥

জীবিতংতং সংপত্তে (জীবিতান্ত সম্প্রাপ্ত=মৃত্যুপ্রাপ্তের ন্যায়, আসন্ন মৃত্যু) (ও) মংসট্‌ঠা ভক্‌খিয়ব্বএ (মাংসার্থ ভক্ষয়িতব্য=মাংস ভক্ষণের জন্য রক্ষিত) (পশুগণকে) পাসিত্তা (দেখিয়া) সে মহাপণ্ণে (সেই মহাপ্রাজ্ঞ নেমিকুমার) সারহিং (সারথিকে=হস্তিপককে, মাহুতকে) ইণমব্বব্বী (এইরূপ বলিলেন) ॥১৫॥

আসন্ন মৃত্যু ও মাংস ভক্ষণের জন্য রক্ষিত পশুগণকে দেখিয়া সেই মহাপ্রাজ্ঞ নেমিকুমার হস্তিপককে এইরূপ বলিলেন ॥১৫॥

কস্‌স অট্‌ঠা ইমে পাণা, এএ সব্বে সুহেসিণো।
বাড়েহিং পংজরেহিং চ, সংণিরুদ্ধা য় অচ্ছহিং[২] ॥১৬॥

ইমে (এই) সব্বে (সমস্ত) সুহেসিণো (সুখৈষী=সুখাভিলাষী) পাণা (প্রাণিগণ) কস্‌স অট্‌ঠা (কিসের জন্য) বাড়েহিং (বেষ্টনীর মধ্যে) চ (ও) পংজরেহিং (পিঞ্জরের মধ্যে) সংণিরুদ্ধা (সন্নিরুদ্ধ=আবদ্ধ) অচ্ছহিং (আছে) ॥১৬॥

১। "সারথিং গন্ধহস্তিনো হস্তিপকম্" টীকা ২।

২। 'অচ্ছিহি' টীকা ১।

হে হস্তিপক, এই সমস্ত সুখাভিলাষী (স্বাধীনতাকামী) প্রাণিগণ কিসের জন্য বেষ্টনী ও পিঞ্জরের মধ্যে আবদ্ধ আছে ॥১৬॥

অহ সারহী তও ভণই, এএ ভদ্দা উ পাণিণো।
তুব্ভং[১] বিবাহকজ্জংমি, ভোয়াবেউং বহুং জণং ॥১৭॥

অহ (অথ=নেমিকুমারের বাক্য শ্রবণ করিয়া) তও (তৎপরে) সারহী (সারথি) ভণই (বলিল) এএ (এই সকল) ভদ্দা (ভদ্র=নিরপরাধী) পাণিণো (প্রাণিগণ) তুব্ভং (আপনার) বিবাহকজ্জংমি (বিবাহকার্যে) বহুং জণং (বহু জনকে) ভোয়াবেউং (ভোজন করাইবার জন্যে) (আবদ্ধ করিয়া রাখা হইয়াছে) ॥১৭॥

নেমিকুমারের বাক্য শ্রবণ করিয়া সারথি উত্তর করিল, 'এই সমস্ত নিরাপরাধ প্রাণিগণকে আপনার বিবাহকার্যে বহু লোককে ভোজন করাইবার জন্য আবদ্ধ করিয়া রাখা হইয়াছে' ॥১৭॥

সোঊণ তস্স বয়ণং, বহু পাণিবিণাসণং।
চিংতেই সে মহাপণ্ণে, সাণুক্কোসে জিএ হিও ॥১৮॥

তস্স (সারথির) বহু পাণিবিণাসণং (বহু প্রাণী বিনাশসূচক) বয়ণং (বচন) সোঊণ (শুনিয়া) সে (সেই) সাণুক্কোসে (সানুক্রোশ=সদয়, দয়াবান্) জিএ হিও (জিবের হিতাকাঙ্ক্ষী) মহাপণ্ণে (মহাপ্রাজ্ঞ) (নেমিকুমার) চিংতেই (চিন্তা করিতে লাগিলেন) ॥১৮॥

বহু প্রাণিগণের বিনাশসূচক সারথির বচন শ্রবণ করিয়া দয়ালু জীবগণের হিতাকাঙ্ক্ষী ও মহাপ্রাজ্ঞ সেই নেমিকুমার চিন্তা করিতে লাগিলেন ॥১৮॥

জই মজ্ঝকারণা এএ, হম্মংতি[২] সুবহূ জিয়া।
ন সে এয়ং তু ণিস্সেসং[৩], পরলোএ ভবিস্সঈ ॥১৯॥

জই (যদি) মজ্ঝকারণা (আমার কারণে) এএ (এই সমস্ত) সুবহূ জিয়া (বহু জীবগণ) হম্মংতি (হত হইবে) এয়ং (ইহা) মে (আমার) পরলোএ

১। 'তুজ্ঝং' টীকা ১ ও ৩।
২। 'হন্নংতে' টীকা ১।
৩। 'নিস্সেয়ং' টীকা ১।

(পরলোকে) ণিস্সেসং (নিঃশ্রেয়স=কল্যাণকারী) ন তু ভবিস্সঈ (নিশ্চয়ই হইবে না) ॥১৯॥

যদি আমার জন্য এই সমস্ত প্রাণিগণকে বধ করা হয় তবে তাহা নিশ্চয়ই পরলোকে আমার কল্যাণজনক হইবে না ॥১৯॥

সো কুংডলাণ জুয়লং, সুত্তগং চ মহাজসো।
আভরণাণি য সব্বাণি, সারহিস্স পণামএ[১] ॥২০॥

সো (সেই) মহাজসো (মহাযশস্বী) (নেমিকুমার) কুংডলাণ জুয়লং (কুণ্ডলযুগল) চ (ও) সুত্তগং (সূত্রক=কটিসূত্র) য় (ও অন্যান্য) সব্বাণি (সমস্ত) আভরণাণি (আভরণ) সারহিস্স (সারথিকে) পণামএ (অর্পণ করিলেন) ॥২০॥

(উক্তরূপ চিন্তা করিয়া আবদ্ধ প্রাণিগণকে সারথির দ্বারা মুক্ত করাইয়া) সেই মহাযশস্বী নেমিকুমার কুণ্ডলযুগল, কটিসূত্র ও অন্যান্য সমস্ত আভরণ শরীর হইতে উন্মোচনপূর্বক সারথিকে অর্পণ করিলেন ॥২০॥

মণপরিণামো য কও, দেবা য জহোইয়ং[২] সমোইণ্ণা।
সব্বিড্ঢীই[৩] সপরিসা, ণিক্খমণং তস্স কাউং জে ॥২১॥

(নেমিকুমারের দ্বারা দীক্ষা গ্রহণ করিবার) মণপরিণামো (মনঃপরিণাম=মনের অভিপ্রায়) কও (কৃত) (হইলে) তস্স (তাঁহার=নেমিকুমারের) ণিক্খমণং (নিষ্ক্রামণ=দীক্ষা, দীক্ষামহোৎসব) কাউং (করিবার জন্য) সব্বিড্ঢীই (সমস্ত ঋদ্ধির সহিত=সমস্তপ্রকার আড়ম্বরের সহিত) সপরিসা (সপারিষদ্=সমস্ত অমাত্যানুচরগণের সহিত) দেবা (দেবগণ) জহোইয়ং (যথোচিত=নিয়মানুযায়ী) সমোইণ্ণা (সমবতীর্ণ=দেবলোক হইতে আগমন করিল) ॥২১॥

নেমিকুমার দীক্ষাগ্রহণ করিবার অভিপ্রায় স্থির করিলে তাঁহার দীক্ষা-মহোৎসব করিবার জন্য দেবগণ দেবলোক হইতে সমস্তপ্রকার আড়ম্বর ও অনুচরাদির সহিত নিয়মানুযায়ী আগমন করিল।

১। 'পণামঈ' টীকা ৩।

২। তীর্থঙ্করের জন্ম, দীক্ষা, কেবলজ্ঞান ও নির্বাণের সময় দেবগণ আগমন করিয়া উৎসব করেন, এইরূপ নিয়ম আছে।

৩। 'সব্বড্ঢীএ' টীকা ১।

দেবমণুস্সপরিবুড়ো, সীয়াবয়ণং[১] তও সমারূঢ়ো।
ণিক্খমিয় বারগাও, রেবয়য়ংমি ঠিও ভয়বং ॥২২॥

তও (তৎপরে) ভয়বং (ভগবান্ নেমিকুমার) দেবমণুস্সপরিবুড়ো (দেব ও মনুষ্যগণের দ্বারা পরিবৃত) সীয়ারয়ণং (শিবিকারত্ন=উত্তরকুরু নামক রত্ন-খচিত শ্রেষ্ঠ শিবিকাতে) সমারূঢ়ো (সমারূঢ়=উপবিষ্ট) (হইয়া) বারগাও (দ্বারকা হইতে) ণিক্খমিয় (নিষ্ক্রান্ত হইয়া= বহির্গত হইয়া) রেবয়য়ংমি (রৈবতকে=রৈবতাচলে) ঠিও (স্থিত) (হইলেন) ॥২২॥

তৎপরে ভগবান্ নেমিকুমার দেব ও মনুষ্যগণের দ্বারা পরিবৃত ও রত্নখচিত শ্রেষ্ঠ শিবিকায় উপবিষ্ট হইয়া দ্বারকানগরী হইতে বহির্গত হইলেন ও রৈবতাচলে আগমন করিলেন ॥২২॥

উজ্জাণে[২] সংপত্তো, ওইণ্ণো উত্তমাও সীয়াও[৩]।
সাহস্সীএ পরিবুড়ো, অহ ণিক্খমঈ উ চিত্তাহিং ॥২৩॥

অহ (তৎপরে) উজ্জাণে (উদ্যানে=সহস্রাম্রবন নামক উদ্যানে) সংপত্তো (সংপ্রাপ্ত=উপস্থিত) (হইয়া) উত্তমাও (উত্তম=শ্রেষ্ঠ) সীয়াও (শিবিকা হইতে) ওইণ্ণো (অবতীর্ণ) (হইয়া) সাহস্সীএ পরিবুড়ো (সহস্র পুরুষের দ্বারা পরিবৃত=সহস্র পুরুষের সহিত.) চিত্তাহিং (চিত্রা নক্ষত্রে) ণিক্খমঈ (নিষ্ক্রান্ত হইলেন=প্রব্রজ্যা গ্রহণ করিলেন) ॥২৩॥

তৎপরে সহস্রাম্রবন নামক উদ্যানে উপস্থিত হইয়া শ্রেষ্ঠ শিবিকা হইতে অবতরণ করিলেন এবং সহস্র পুরুষের সহিত চিত্রা নক্ষত্রে প্রব্রজ্যা গ্রহণ করিলেন ॥২৩॥

অহ সে[৪] সুগংধগংধিএ, তুরিয়ং মউয়কুংচিএ।
সয়মেব লুংচঈ কেসে, পংচমুট্ঠীহিং[৫] সমাহিও ॥২৪॥

১। 'সিবিয়ারয়ণং' টীকা ১ ও ৩। "শিবিকারত্নং দেবকৃতং উত্তরকুরুনামকমিতি গম্যতে" টীকা ২।

২। "উদ্যানং সহস্রাম্রবনাখ্যম্" টীকা ২।

৩। 'সিবিয়াও' টীকা ১।

৪। 'সো' টীকা ১ ও ৩।

৫। 'পংচট্ঠীহিং' টীকা ৩।

তহ (তৎপরে) সে (সে অরিষ্টনেমি) তুরিয়ং (ত্বরিত=শীঘ্র) সুগংধগংধিএ (সুগন্ধ গন্ধী) মউয়কুংচিএ (মৃদুক কুঞ্চিত=কোমল ও কুঞ্চিত) কেসে (কেশ) পংচমুট্ঠীহিং (পঞ্চমুষ্টির দ্বারা=পাঁচবার মুষ্টির দ্বারা ধরিয়া) সয়মেব (স্বয়মেব=নিজেই) লুংচঈ (লুঞ্চতি=উৎপাটন করিলেন) (ও) সমাহিও (সমাহিত=সমাধিযুক্ত) (হইলেন) ॥২৪॥

তৎপরে সেই অরিষ্টনেমি ভগবান্ তাঁহার সুরভিগন্ধবিশিষ্ট, কোমল ও কুঞ্চিত কেশদাম পাঁচবার মুষ্টির দ্বারা ধরিয়া নিজেই শীঘ্র উৎপাটন করিলেন ও সমাধিযুক্ত হইলেন ॥২৪॥

বাসুদেবো য ণং[১] ভণই, লুত্তকেসং জিইংদিয়ং।
ইচ্ছিয়মণোরহে তুরিয়ং, পাবসু তং দমীসরা ॥২৫॥

বাসুদেবো (বাসুদেব কৃষ্ণ) য (ও=সমুদ্রবিজয়াদি ব্যক্তিগণ) লুত্তকেসং (লুপ্তকেশ=উৎপাটিত কেশ) জিইংদিয়ং (জিতেন্দ্রিয় ঐ নেমিনাথকে) ভণই (বলিলেন) দমীসরা (হে দমীশ্বর=হে যতীশ্বর) তং (তুমি) তুরিয়ং (শীঘ্র) ইচ্ছিয়মণোরহে (ঈপ্সিত=মনোরথ) পাবসু (প্রাপ্ত হও) ॥২৫॥

বাসুদেব কৃষ্ণ ও সমুদ্রবিজয়াদি অন্যান্য ব্যক্তিগণ সেই উৎপাটিত কেশ জিতেন্দ্রিয় নেমিনাথকে আশীর্বাদ করিলেন, 'হে যতীশ্বর, তুমি তোমার বাঞ্ছিত ফল (মুক্তি) শীঘ্রই প্রাপ্ত হও' ॥২৫॥

ণাণেণং দংসণেণং চ, চরিত্তেণং তহেব[২] য।
খংতীএ মুত্তীএ চেব[৩], বড্ঢমাণো ভবাহি য ॥২৬॥

ণাণেণং (জ্ঞানের দ্বারা=জ্ঞানে) দংসণেণং (দর্শনে) চরিত্তেণং (চারিত্রে) তহেব য (তথা) খংতীএ (ক্ষান্তিতে=ক্ষমাতে) মুত্তীএ (মুক্তিতে=নির্লোভতাতে) বড্ঢমাণো ভবাহি (বৃদ্ধিপ্রাপ্ত হও) ॥২৬॥

হে নেমিকুমার, জ্ঞানে, দর্শনে, চারিত্রে, ক্ষমায় ও নির্লোভতায় বৃদ্ধিপ্রাপ্ত হও ॥২৬॥

১। 'তং' টীকা ১।

২। 'তবেণ' টীকা ৩।

৩। 'চেব' শব্দটী টীকা ২ ও ৩। এবং ৪। এ নাই।

এবং তে রামকেসবা, দসারা য় বহুজণা।
অরিট্ঠণেমিং বংদিত্তা, অইগয়া বারগাউরিং[১] ॥২৭॥

এবং (এইরূপে) তে (তাহারা) রামকেসবা (রাম ও কেশব) দসারা (দশার্হ=সমুদ্রবিজয়াদি দশ ভ্রাতা) য় (ও) বহুজণা (অনেক ব্যক্তি) অরিট্ঠণেমিং (অরিষ্টনেমিকে) বংদিত্তা (বন্দনা করিয়া) বারগাউরিং (দ্বারকাপুরীতে) অইগয়া (প্রস্থান করিলেন) ॥২৭॥

এইরূপে রাম ও কৃষ্ণ, সমুদ্রবিজয়াদি দশ ভ্রাতা ও অন্যান্য বহু ব্যক্তি অরিষ্টনেমিকে বন্দনা করিয়া দ্বারকাপুরীতে প্রস্থান করিলেন ॥২৭॥

সোউণ রায়কণ্ণা, পব্বজ্জং[২] সা জিণস্স উ।
ণীহাসা য় ণিরাণংদা, সোগেণ উ সমুচ্ছয়া[৩] ॥২৮॥

সা রায়কণ্ণা (সেই রাজকন্যা রাজীমতী) জিণস্স (জিনের=অরিষ্টনেমি তীর্থঙ্করের) পব্বজ্জং (প্রব্রজ্যা) সোউণ (শ্রবণ করিয়া) ণীহাসা (নির্হাসা=হাস্যশূন্যা) য় (ও) ণিরাণংদা (নিরানন্দা) উ (ও) সোগেণ (শোকে) সমুচ্ছয়া (সমবস্থতা=সমাচ্ছন্না) (হইলেন) ॥২৮॥

সেই রাজকন্যা রাজীমতী জিনরাজ অরিষ্টনেমির প্রব্রজ্যা গ্রহণের কথা শ্রবণ করিয়া হাস্য ও আনন্দ রহিত হইয়া শোকে সমাচ্ছন্ন হইলেন ॥২৮॥

রাইমঈ বিচিংতেঈ, ধিরত্থু[৪] মম জীবিয়ং।
জা হং তেণং পরিচত্তা[৫], সেয়ং পব্বইউং মম ॥২৯॥

রাঈমঈ (রাজীমতী) বিচিংতেঈ (চিন্তা করিতে লাগিলেন) মম জীবিয়ং (আমার জীবনে) ধিরত্থু (ধিক্ হউক) জা হং (যাহাতে আমি) তেণং (নেমিনাথের দ্বারা) পরিচত্তা (পরিত্যক্ত হইয়াছি) (অতএব) মম (আমার পক্ষে) পব্বইউং (প্রব্রজ্যা গ্রহণ করা) সেয়ং (শ্রেয়) ॥২৯॥

১। 'বারগাপুরিং' টীকা ১।
২। 'পবজ্জং' টীকা ২।
৩। 'সমুচ্ছিয়া' টীকা ৩। 'সমুত্থিয়া' টীকা ৪।
৪। 'ধিগত্থ' টীকা ১।
৫। 'পরিচ্চত্তা' টীকা ১।

রাজীমতী চিন্তা করিলেন যে আমি নেমিনাথের দ্বারা পরিত্যক্তা হইয়াছি অতএব আমার জীবনে ধিক্। আমার পক্ষে প্রব্রজ্যা গ্রহণ করা শ্রেয় ॥২৯॥

অহ সা ভমরসংনিভে, কুচ্চফণগপসাহিএ[১]।
সয়মেব লুংচঈ কেসে, ধিইমংতা ববস্সিয়া ॥৩০॥

অহ (তৎপরে) ধিইমংতা (ধৃতিমতী=ধৈর্যশালিনী) ববস্সিয়া (ব্যবসিতা=স্থিরচিত্তবিশিষ্টা, দীক্ষা গ্রহণে স্থিরসংকল্পকারিণী) সা (সেই রাজীমতী) সয়মেব (নিজেই) ভমরসংণিভে (ভ্রমরসন্নিভ=ভ্রমরের ন্যায় কৃষ্ণবর্ণ বিশিষ্ট) কুচ্চফণগপসাহিএ (কূর্চ ও চিরুনির দ্বারা প্রসাধিত) কেসে (কেশ) লুংচঈ (উৎপাটন করিলেন) ॥৩০॥

তৎপরে সেই ধৈর্যশালিনী ও স্থিরচিত্তা রাজীমতী তাঁহার কূর্চ ও চিরুনির দ্বারা প্রসাধিত ভ্রমরকৃষ্ণ কেশদামকে স্বয়ং উৎপাটন করিলেন ॥৩০॥

বাসুদেবো য ণং ভণই, লুত্তকেসিং[২] জিইংদিয়ং।
সংসারসাগরং ঘোরং, তর কণ্ণে লহুং[৩] লহুং ॥৩১॥

লুত্তকেসিং (লুপ্তকেশা=উৎপাটিত-কেশা) জিইংদিয়ং (জিতেন্দ্রিয়) ণং (ঐ রাজীমতীকে) বাসুদেবো (কৃষ্ণ) য (ও উগ্রসেনাদি ব্যক্তিগণ) ভণই (বলিলেন) কণ্ণে (হে কন্যে) ঘোরং (ঘোর=ভীষণ) সংসারসাগরং (সংসার সাগর) লহুং লহুং (লঘু লঘু=শীঘ্র শীঘ্র) তর (পার হও) ॥৩১॥

সেই উৎপাটিত-কেশ, জিতেন্দ্রিয় রাজীমতীকে বাসুদেব প্রমুখ ব্যক্তিগণ আশীর্বাদ করিলেন, 'কন্যা তুমি শীঘ্র শীঘ্র ভীষণ সংসার-সাগর পার হও' ॥৩১॥

সা পব্বইয়া সংতী, পব্বাবেসী তহিং বহুং।
সয়ণং পরিয়ণং চেব, সীলবংতা বহুস্সুয়া ॥৩২॥

সা (সেই) সীলবংতা (শীলবতী) বহুস্সুয়া (বহুশ্রুতা=বহুজ্ঞানসম্পন্না)

১। "কূর্চ্চো গূঢ়কেশোন্মোচকো বংশশলাকারচিতঃ কেশসংস্করণোপকরণবিশেষঃ ফনকো গজদন্তকাষ্ঠময়ঃ কঙ্কতকঃ কূর্চ্চশ্চ ফনকশ্চ কূর্চ্চফনকৌ তাভ্যাং প্রসাধিতাঃ সংস্কৃতাঃ কূর্চ্চফনকপ্রসাধিতাস্তান্" টীকা ১। কূর্চ্চ=Brush। ফনক=চিরুনি।

২। 'লুত্তকেসং' টীকা ১ ও ২।

৩। "ত্বরিতং ত্বরিতম্" টীকা ২।

(রাজীমতী) পব্বইয়া সংতী (প্রব্রজিত হইয়া) তহিং (সেইখানে=সেই দ্বারকাতে) বহুং (বহু) সয়ণং (স্বজনকে) চেব (ও) পরিয়ণং (পরিজনকে) পব্বাবেসী (প্রাবিব্রজৎ=প্রব্রজ্যা গ্রহণ করাইলেন) ॥৩২॥

সেই শীলবতী, প্রভূত জ্ঞান সম্পন্না রাজীমতী প্রব্রজ্যা গ্রহণ করিয়া দ্বারকাতে বহু আত্মীয়া ও পরিচারিকা প্রভৃতিকে প্রব্রজ্যা গ্রহণ করাইলেন ॥৩২॥

গিরিং রেবয়য়ং জংতী, বাসেণুল্লা[১] উ অংতরা।
বাসংতে অংধয়ারংমি, অংতো লয়ণস্স[২] সা ঠিয়া ॥৩৩॥

(একদা নেমিনাথকে বন্দনা করিতে) সা (সেই রাজীমতী) রেবয়য়ং গিরিং (রৈবতক গিরিতে) জংতী (যাইতে যাইতে) অংতরা (অন্তরে=অর্ধমার্গে) বাসেণ (বর্ষার দ্বারা) উল্লা (আর্দ্র হইয়াছিলেন) বাসংতে (বর্ষণের জন্য) অংধয়ারংমি (অন্ধকার হওয়ায়) লয়ণস্স অংতো (গুহার মধ্যে) ঠিয়া (স্থিত হইলেন=প্রবেশ করিলেন) ॥৩৩॥

একদা নেমিনাথকে বন্দনা করিবার জন্য রৈবতক গিরিতে যাইতে যাইতে মধ্যপথে রাজীমতী বৃষ্টিতে ভিজিয়া গিয়াছিলেন ও বর্ষণ হেতু অন্ধকার হওয়ায় একটী পর্বতগুহায় প্রবেশ করিলেন ॥৩৩॥

চীবরাইং[৩] বিসারংতী, জহাজায়[৪] ত্তি পাসিয়া।
রহণেমী[৫] ভগ্নচিত্তো[৬], পচ্ছা দিট্ঠো য় তীই বি ॥৩৪॥

(রাজীমতী গুহায় প্রবেশ করিয়া) চীবরাইং (চীবর=পরিধেয় বস্ত্র, তাঁহার শরীরের আর্দ্র বস্ত্র সকল) বিসারংতী (বিস্তার করিলেন=শুষ্ক করিবার জন্য বিস্তারিত করিলেন) (তাঁহাকে) জহাজায় (যথাজাত=জন্মগ্রহণের সময়ে

১। 'বাসেণোল্লা' টীকা ৩। "বর্ষেণ বৃষ্ট্যা 'উল্ল' ত্তি আর্দ্রা স্তীমিতসর্ব্বচীবরেত্যর্থঃ" টীকা ২।

২। "লয়নস্য গুহায়াম্" টীকা ২।

৩। 'চীবরাণি' টীকা ১ ও ৩।

৪। "যথাজাতা অনাচ্ছাদিতাঙ্গোপাঙ্গতয়া জন্মাবস্থোপমা ইতীত্যেবংবিধা" টীকা ২।

৫। রথনেমি নেমিনাথের ভ্রাতা। ইনিও নেমিনাথের দীক্ষা গ্রহণ করিবার পর সংসার ত্যাগ করিয়া দীক্ষাগ্রহণ করেন ও রাজীমতী যে গুহায় প্রবেশ করিয়াছিলেন তাহাতে পূর্ব হইতে ধ্যানমগ্ন ছিলেন।

৬। "ভগ্নচিত্তোঽভূৎ সংযমাচ্চলিতমনাঅভূৎ" টীকা ১।

যেরূপ নির্বস্ত্র থাকে সেইরূপ, নির্বস্ত্র) পাসিয়া (দেখিয়া) রহণেমী (রথনেমি) ভগ্নচিত্তো (ভগ্নচিত্ত=বিচলিতচিত্ত) (হইলেন) তীই বি (তাঁহার দ্বারা= রাজীমতীর দ্বারা) পচ্ছা (পশ্চাৎ) (বিচলিতচিত্ত রথনেমি ও) দিট্ঠো (দৃষ্ট হইয়াছিল) ॥৩৪

রাজীমতী গুহার মধ্যে প্রবেশ করিয়া তাঁহার আর্দ্র পরিধেয় বস্ত্রাদি শুষ্ক করিবার জন্য বিস্তারিত করিলেন। গুহার মধ্যে পূর্ব হইতে স্থিত রথনেমি রাজীমতীকে নির্বস্ত্র দেখিয়া বিচলিত চিত্ত হইলেন। রাজীমতী ও রথনেমিকে পরে দেখিতে পাইলেন ॥৩৪॥

ভীয়া য় সা তহিং দট্ঠুং, এগংতে সংজয়ং তয়ং।
বাহাহিং কাউ সংগোফং[১], বেবমাণী ণিসীয়ঈ ॥৩৫॥

সা (সেই রাজীমতী) তহিং (সে স্থলে=গুহায়) এগংতে (একান্তে) তয়ং সংজয়ং (সেই সংযত=সাধু রথনেমিকে) দট্ঠুং (দেখিয়া) ভীয়া (ভীতা হইলেন) (ও) বাহাহিং (বাহুর দ্বারা=উভয় হস্তের দ্বারা) সংগোফং কাউ (সংগুম্ফন করিয়া=উভয় স্তনকে আচ্ছাদিত করিয়া) বেবমাণী (বেপমানা= কম্পমানা) (হইয়া) ণিসীয়ঈ (নিষীদতি=উপবেশন করিলেন) ॥৩৫॥

রাজীমতী গুহার মধ্যে একান্তে সাধু রথনেমিকে দেখিয়া ভীত হইলেন ও উভয় বাহুর দ্বারা স্তন যুগলকে আচ্ছাদন করিয়া কাঁপিতে কাঁপিতে ভূমিতে বসিয়া পড়িলেন ॥৩৫॥

অহ সো বি রায়পুত্তো, সমুদ্দবিজয়ংগও।
ভীয় পবেইয়ং[২] দট্ঠুং, ইমং বক্কমুদাহরে ॥৩৬॥

অহ (তৎপরে) সমুদ্দবিজয়ংগও (সমুদ্রবিজয়াঙ্গজ=সমুদ্রবিজয় রাজার পুত্র) সো বি রায়পুত্তো (সেই রাজপুত্র রথনেমি ও) (রাজীমতীকে) ভীয়ং (ভীতা) (ও) পবেইয়ং (প্রবেপিত=কম্পমানা) দট্ঠুং (দেখিয়া) ইমং (এইরূপ) বক্কং (বাক্য) উদাহরে (বলিলেন) ॥৩৬॥

১। 'সংগুম্ফং' টীকা ৩। "সংগোফমন্যোন্যং বাহুসংগুম্ফনং স্তনোপরি মর্কটবন্ধমিত্যর্থঃ" টীকা ২।

২। "প্রবেপিতাং কম্পমানাম্" টীকা ২।

তৎপরে সমুদ্রবিজয়াঙ্গজ সেই রাজপুত্র রথনেমি রাজীমতীকে ভীতা ও কম্পমানা দেখিয়া এইরূপ বাক্য বলিলেন ॥৩৬॥

রহণেমী অহং ভদ্দে, সুরূবে চারুভাসিণী।
মমং ভয়াহি সুতণূ[১], ন তে পীলা ভবিস্সই ॥৩৭॥

ভদ্দে (হে ভদ্রে) সুরূবে (হে সুরূপে) চারুভাসিণী (হে চারুভাষিণি) অহং (আমি) রহণেমী (রথনেমি) সুতণূ (হে সুতনু, হে কোমলাঙ্গি) মমং (আমাকে) ভয়াহি (ভজস্ব=ভজ=স্বীকার কর) তে (তোমার) পীলা (পীড়া=দুঃখ) ন ভবিস্সই (হইবে না) ॥৩৭॥

হে ভদ্রে, সুরূপে, চারুভাষিণি, আমি রথনেমি। হে সুতনু, আমাকে পতিত্বে স্বীকার কর, তোমার কোন দুঃখ হইবে না ॥৩৭॥

এহি তা ভুংজিমো ভোএ, মাণুস্সং খু সুদুল্লহং।
ভুত্তভোগী[২] তও[৩] পচ্ছা, জিণমগগং চরিস্সমো ॥৩৮॥

এহি (এস=নিকটে এস) ভোএ (ভোগ=বিষয়ভোগ) ভুংজিমো (ভোগ করি) খু (নিশ্চয়ই) মাণুস্সং (মনুষ্যজন্ম) সুদুল্লহং (সুদুর্লভ) ভুত্তভোগী (ভুক্তভোগী হইয়া=বিষয়ভোগ করিয়া) তও পচ্ছা (তৎপরে) জিণমগ্গং (জিনমার্গ=জিনধর্ম) চরিস্সমো (আচরণ করিব) ॥৩৮॥

এস, আমরা বিষয়সুখ ভোগ করি, কেননা মনুষ্যজন্ম অত্যন্ত দুর্লভ। সুখ ভোগ করিবার পর জিনধর্ম আচরণ করিব ॥৩৮॥

দট্ঠূণ রহণেমিং তং, ভগ্গুজ্জোয় পরাইয়ং[৪]।
রাঈমঈ অসংভংতা, অপ্পাণং সংবরে তহিং ॥৩৯॥

তং রহণেমিং (সেই রথনেমিকে) ভগ্গুজ্জোয়পরাইয়ং (ভগ্নোদ্যোগ ও

১। 'সুঅণূ' টীকা ৩। টীকাকারগণ সুতণুর অর্থ সুতনু=সুন্দর শরীরবিশিষ্ট করিয়াছেন কিন্তু উগ্রসেনের কন্যার নামও সুতনু ছিল এইরূপ বিষ্ণুপুরাণে লিখিত আছে। মনে হয় রথনেমি রাজীমতীকে সুতনু নামেই আহ্বান করিয়া থাকিবেন।

২। 'ভুত্তভোগা' টীকা ৩। 'ভুত্তভোএ' টীকা ১।

৩। 'পুণো' টীকা ৩। ও ৪।

৪। 'ভগ্গজোয়ং পরাইয়ং' টীকা ১। "ভগ্নোদ্যোগো গতোৎসাহঃ প্রস্তাবাৎ সংযমে পরাজিতোঽভিভূতঃ স্ত্রীপরীষহেণ ততো দ্বন্দ্বে ভগ্নোদ্যোগপরাজিতস্তম্" টীকা ২।

পরাজিত=সংযমে গতোৎসাহ ও আসঙ্গলিপ্সার দ্বারা অভিভূত) দট্ঠূণ (দেখিয়া) রাঈমঈ (রাজীমতী) অসংভংতা (অসম্ভ্রান্তা=অত্রস্তা=ভয়শূন্যা) (হইয়া) তহিং (সেইস্থলে) অপ্পাণং (নিজকে=নিজের শরীরকে) সংবরে (সংবৃণোতি=আচ্ছাদন করিলেন, বস্ত্রের দ্বারা আচ্ছাদন করিলেন) ॥৩৯॥

সেই রথনেমিকে সংযমে গতোৎসাহ ও আসঙ্গলিপ্সায় অভিভূত দেখিয়া রাজীমতী নির্ভয় হইয়া বস্ত্রের দ্বারা নিজের শরীরকে আচ্ছাদিত করিলেন ॥৩৯॥

অহ সা রায়বর কণ্ণা, সুট্ঠিয়া ণিয়মব্বএ।
জাঈ[১] কুলং[১] চ সীলং চ, রক্খমাণী তয়ং বএ ॥৪০॥

অহ (তৎপরে) সা (সেই) ণিয়মব্বএ (নিয়মব্রতে=নিয়ম ও ব্রতে) সুট্ঠিয়া (সুস্থিতা=স্থিরা) রায়বরকণ্ণা (রাজবরকন্যা=রাজশ্রেষ্ঠের কন্যা) (রাজীমতী) জাঈ (জাতি) কুলং চ (ও কুল) চ (ও) সীলং (শীল) রক্খমাণী (রক্ষা করিতে থাকিয়া) তয়ং (তাহাকে=রথনেমিকে) বএ (বলিলেন) ॥৪০॥

তৎপরে নিয়ম ও ব্রতে সুস্থিরমনা রাজকন্যা রাজীমতী জাতি, কুল ও শীল রক্ষা করিতে থাকিয়া রথনেমিকে বলিলেন ॥৪০॥

জই সি রূবেণ বেসমণো, ললিএণ ণলকুবরো।
তহা বি তে ন ইচ্ছামি, জই সি সক্খং পুরংদরো ॥৪১॥*

জই (যদি) (তুমি) রূবেণ (রূপে) বেসমণো (বৈশ্রবণ) ললিএণ (লালিত্যে) ণলকুবরো (নলকূবর=নলকুবের) সি (হও) জই (যদি) (তুমি) সক্খং (সাক্ষাৎ) পুরংদরো (পুরন্দর=ইন্দ্র) সি (হও) তহা বি (তথাপি) তে (তোমাকে) ন ইচ্ছামি (ইচ্ছা করি না=কামনা করি না) ॥৪১॥

১। "মাতুর্বংশো জাতিঃ, পিতুর্বংশঃকুলমুচ্যতে" টীকা ১।

* এই সূত্রের পরে নিম্নলিখিত সূত্রটী টীকা ১। এ লিখিত আছে কিন্তু টীকা ২ ; ৩। বা ৪। এ কোন উল্লেখ নাই। ইহা প্রক্ষিপ্ত বলিয়াই অনুমান হয়।

পক্খংদে জলিয়ং জোইং, ধূমকেউং দুরাসয়ং।
ন ইচ্ছংতি বংতয়ং ভোত্তুং কুলে জায়া অগংধণে ॥

অর্থ—অগন্ধন কুলে জাত সর্প প্রজ্বলিত অগ্নির অসহ্য জ্বালাতে প্রবেশ করে কিন্তু উদ্গীর্ণ বিষ পুনরায় পান করিতে ইচ্ছা করে না ॥

হে রথনেমি, তুমি যদি রূপে বৈশ্রবণ, লালিত্যে নলকুবের হও, যদি তুমি সাক্ষাৎ পুরন্দরও হও তথাপি আমি তোমাকে কামনা করি না ॥৪১॥

ধিরত্থু তে[১] জসোকামী, জো তং জীবিয়কারণা।
বংতং ইচ্ছসি আবাউং[২], সেয়ং তে মরণং ভবে ॥৪২॥

অজসোকামী (হে অপযশকামিন্) তে ধিরত্থু (তোমাকে ধিক্) জো (যেহেতু) তং (তুমি) জীবিয়কারণা (জীবনের কারণে=জীবনের জন্য, অসংযত হইয়া জীবন ধারণ করিবার জন্য) বংতং (বান্ত=উদ্‌গীর্ণ) (দ্রব্য) আবাউং (আপাতুং=পান করিবার জন্য) ইচ্ছসি (ইচ্ছা করিতেছ) তে (তোমার) মরণং (মরণ) সেয়ং (শ্রেয়) ভবে (হইবে) ॥৪২॥

হে অপযশকামিন্, তোমাকে ধিক্। তুমি যে অসংযত জীবন ধারণ করিবার জন্য উদ্‌গীর্ণ দ্রব্য পান করিতে ইচ্ছা করিতেছ তদপেক্ষা তোমার মরণই শ্রেয় ॥৪২॥

অহং চ ভোগরায়স্‌স, তং চ সি অংধগবহ্নিণো।
মা কুলে গংধণা[৩] হোমো, সংজমং ণিহুও চর ॥৪৩॥

(হে রথনেমি) অহং (আমি) ভোগরায়স্‌স (ভোগরাজের) (কুলে জাত) তং চ (তুমিও) অংধগবহ্নিণো (অন্ধকবৃষ্ণির) সি (হও=কুলে জাত হও) কুলে (বংশে=উভয় বংশে) গংধণা (গন্ধন জাতীয় সর্প) মা হোমো (আমরা হইব না) (অতএব) সংজমং (সংযম) ণিহুও (নিভৃত=স্থিরচিত্ত) (হইয়া) চর (আচরণ কর) ॥৪৩॥

হে রথনেমি, আমি ভোগরাজ বংশে, এবং তুমি অন্ধক বৃষ্ণিবংশে জাত হইয়াছ। আমাদের উভয়ের বিশুদ্ধ কুলে গন্ধন জাতীয় সর্পের ন্যায় হইব না। অতএব স্থিরচিত্ত হইয়া সংযম পালন কর ॥৪৩॥

১। 'ধিগত্থু' টীকা ১।

২। 'আবেউং' টীকা ১ ও ৩।

৩। "যদা হি কস্যচিৎপুরুষস্য সর্পো লগতি, তদা মন্ত্রবাদিনোগ্নিং জ্বালয়িত্বা মন্ত্রেণ সর্পানাকর্ষন্তি, তত্র চ গন্ধনকুলোদ্ভবাঃ স্ববিষং পশ্চাৎ গৃহ্লন্তি অগন্ধনকুলোদ্ভবাস্ত্বগ্নৌ জ্বলন্তি ন পুনর্বান্তং বিষং পশ্চাৎ গৃহ্লন্তি" টীকা ১। সর্প দুই জাতীয়—গন্ধন ও অগন্ধন। গন্ধন জাতীয় সর্প মন্ত্রের দ্বারা আকৃষ্ট হইয়া দষ্টস্থানের স্ববিষ পুনরায় আকর্ষণ করে কিন্তু অগন্ধন জাতীয় সর্পকে অগ্নিতে দগ্ধ করিয়া বিনাশ করিলেও স্ববিষ পুনরায় পান করিয়া নেয় না।

জই তং কাহিসি ভাবং, জা জা দিচ্ছসি ণারীও।
বায়াইদ্ধু[১] ব্ব হঢ়ো[২], অট্ঠিঅপ্পা ভবিস্সসি ॥৪৪॥

জই (যদি) তং (তুমি) জা জা (যে যে) ণারীও (নারীকে=স্ত্রীলোককে) দিচ্ছসি (দেখিবে) (তাহাদের প্রতিই) ভাবং (ভাব=ভোগবিলাসের ভাব) কাহিসি (করিবে) (তবে) বায়াইদ্ধু (বাতাবিদ্ধ=বাতাহত) হঢ়ো ব্ব (হঠ নামক শৈবালের ন্যায়) অট্ঠিঅপ্পা (অস্থিতাত্মা=অস্থিরচিত্ত) ভবিস্সসি (হইবে) ॥৪৪॥

যে কোন নারীকে দেখিয়া যদি তুমি তাহার প্রতি কামভাব আনয়ন কর তাহা হইলে বাতাহত হঠ নামক শৈবালের ন্যায় অস্থিরচিত্ত হইয়াই থাকিবে ॥৪৪॥

গোবালো ভংডবালো বা, জহা তদ্দব্বণিস্সরো।
এবং অণিস্সরো তং পি, সামণ্ণস্স ভবিস্সসি ॥৪৫॥*

জহা (যেমন) গোবালো (গোপাল=রাখাল) বা (অথবা) ভংডবালো (ভাণ্ডপাল=ভাণ্ডারী) তদ্দব্ব (তদ্দ্রব্যের=তাহাদিগের রক্ষণাধীনে রক্ষিত দ্রব্যের) অণিস্সরো (অনীশ্বর=মালিক নহে, অধিকারী নহে) এবং (তদ্রূপ) তং পি (তুমিও) সামণ্ণস্স (শ্রামণ্যের=শ্রমণ ধর্মের) অণিস্সরো ভবিস্সসি (অনীশ্বর হইবে=প্রভু হইবে না, ফলভোক্তা হইবে না) ॥৪৫॥

যেমন রাখাল বা ভাণ্ডারী তাহাদের অধীনে রক্ষিত গোমহিষাদি বা ধন-রত্নাদি দ্রব্যের অধিকারী হয় না কিন্তু রক্ষক মাত্রই থাকে তদ্রূপ তুমিও

১। "বাতাবিদ্ধো বায়ুনা বিদ্ধঃ সমন্তাৎ তাড়িতো ভ্রামিত ইত্যর্থঃ" টীকা ২। 'বায়াবিদ্ধো' টীকা ১।

২। 'হঠো' টীকা ১। 'হড়ো' টীকা ৩। "হঠো বনস্পতিবিশেষঃ শেবালঃ" টীকা ১।

* এই শ্লোকের পরে টীকা ১। এ নিম্নলিখিত শ্লোকটী আছে কিন্তু তাহা অন্য কোন টীকায় না থাকায় তাহা প্রক্ষিপ্ত বলিয়া পরিত্যক্ত হইল।

কোহং মাণং নিগিহিত্তা, মায়ং লোভং চ সব্বসো।
ইংদিয়াইং বসে কাউং অপ্পাণং উবসংহরে ॥

অর্থ—রথনেমি ক্রোধ, মান, মায়া ও লোভকে সর্বতোভাবে নিগৃহীত করিয়া ও ইন্দ্রিয় সকলকে বশীভূত করিয়া নিজেকে স্থির করিলেন।

সাধুধর্মের বেশধারক মাত্রই থাকিয়া যাইবে কিন্তু মোক্ষরূপ ফলের অধিকারী হইবে না ॥৪৫॥

তীসে সো বয়ণং সোচ্চা[১], সংজয়াএ[২] সুভাসিয়ং।
অংকুসেণ জহা ণাগো, ধম্মে সংপড়িবাইও ॥৪৬॥

সো (সে=রথনেমি) তীসে (তাঁহার=রাজীমতীর) সংজয়াএ (সংযতার=সাধ্বীর) সুভাসিয়ং (সুভাষিত) বয়ণং (বচন) সোচ্চা (শ্রবণ করিয়া) জহা (যেমন) অংকুসেণ (অঙ্কুশের দ্বারা) ণাগো (হস্তী.) (স্থির হয় তদ্রূপ) ধম্মে (ধর্মে) সংপড়িবাইও (সম্প্রতি পতিত=সুস্থির, সংস্থিত) (হইল) ॥৪৬॥

রথনেমি সাধ্বী রাজীমতীর সুভাষিত বচন শ্রবণ করিয়া অঙ্কুশের দ্বারা হস্তী যেমন স্থির হয় তদ্রূপ ধর্মে সুস্থির হইলেন ॥৪৬॥

মণগুত্তো বয়গুত্তো, কায়গুত্তো জিইংদিও।
সামণ্ণং ণিচ্চলং ফাসে জাবজ্জীবং দৃঢ়ব্বও ॥৪৭॥

মণগুত্তো (মনগুপ্ত=মনকে বশীভূতকারী=সংযতমনা) বয়গুত্তো (বচোগুপ্ত=বচনকে বশীভূতকারী=সংযতবাক্) কায়গুত্তো (কায়গুপ্ত=সংযতকায়) জিইংদিও (জিতেন্দ্রিয়) জাবজ্জীবং (যাবজ্জীবন) দৃঢ়ব্বয়ে (দৃঢ়ব্রত) (হইয়া) সামণ্ণং (শ্রামণ্য=শ্রমণধর্ম) ণিচ্চলং (নিশ্চলরূপে=স্থিরভাবে) ফাসে (স্পর্শ করিলেন=পালন করিলেন) ॥৪৭॥

রথনেমি মন, বচন ও কায়কে বশীভূত করিয়া, যাবজ্জীবন জিতেন্দ্রিয় ও দৃঢ়ব্রত হইয়া শ্রমণধর্ম স্থিরভাবে পালন করিলেন ॥৪৭॥

উগ্গং তবং চরিত্তাণং, জায়া দোণ্ণি বি কেবলী[৩]।
সব্বং কম্মং খবিত্তাণং, সিদ্ধিং পত্তা অণুত্তরং ॥৪৮॥

দোণ্ণি বি (উভয়েই=রাজীমতী ও রথনেমি) উগ্গং তবং (উগ্র তপস্যা) চরিত্তাণং (আচরণ করিয়া) কেবলী (কেবলী=কেবল জ্ঞানসম্পন্ন) জীয়া (হইলেন) (এবং) সব্বং কম্মং (সমস্ত কর্ম) খবিত্তাণং (ক্ষয় করিয়া) অণুত্তরং (সর্বশ্রেষ্ঠ) সিদ্ধিং (সিদ্ধি=মুক্তি) পত্তা (প্রাপ্ত হইলেন) ॥৪৮॥

১। 'সুচ্চা' টীকা ১ ও ৩।

২। 'সংজঈএ' টীকা ৩।

৩। কেবলী শব্দের ব্যাখ্যার জন্য ২।৪৫ সূত্রের ১নং পাদটীকা দ্রষ্টব্য।

রাজীমতী ও রথনেমি উভয়েই উগ্র তপস্যাচরণ করিয়া কেবল জ্ঞানসম্পন্ন হইলেন ও সমস্ত কর্মকে ক্ষয় করিয়া সর্বশ্রেষ্ঠ মুক্তি প্রাপ্ত হইলেন ॥৪৮॥

এবং করেংতি সংবুদ্ধা, পংডিয়া পবিয়ক্খণা।
বিণিয়ট্টংতি ভোগেস্থ, জহা সো পুরিস্থুত্তমো ॥৪৯॥* ত্তি বেমি ॥

সংবুদ্ধা (সংবুদ্ধ) পংডিয়া (পণ্ডিত) পবিক্খণা (প্রবিচক্ষণ) (পুরুষগণ) এবং করেংতি (এইরূপ করেন) (ও) ভোগেস্থ (বিষয়ভোগ হইতে) বিণিয়ট্টংতি (বিনিবর্তন্তে=নিবৃত্ত হন) জহা (যেরূপ) সো পুরিস্থুত্তমো (সেই পুরুষোত্তম রথনেমি) (হইয়াছিলেন) ॥৪৯॥ ত্তি বেমি (এইরূপ বলিতেছি) ॥

সংবুদ্ধ, পণ্ডিত ও বিচক্ষণ পুরুষগণ এইরূপ আচরণ করিয়া বিষয়ভোগ হইতে নিবৃত্ত হন, যেমন সেই পুরুষোত্তম রথনেমি হইয়াছিলেন ॥৪৯॥ এইরূপ বলিতেছি ॥

ইতি রথনেমীয়, দ্বাবিংশ অধ্যয়ন

---

* এই অধ্যয়নের ৪২, ৪৩, ৪৪, ৪৬ ও ৪৯ সূত্রগুলি 'দশবৈকালিক সূত্রে'র দ্বিতীয় অধ্যায়ে ৭, ৮, ৯, ১০ ও ১১ সূত্রের সহিত অভিন্ন।

কেশীগৌতমীয়

ত্রয়োবিংশ অধ্যয়ন

জিণে পাসেত্তি[১] ণামেণং, অরহা লোগপূইএ।
সংবুদ্ধপ্পা য় সব্বণ্ণূ, ধম্মতিত্থয়রে জিণে ॥১॥

জিণে (জিন=রাগদ্বেষকে যিনি জয় করিয়াছেন, রাগ দ্বেষ জেতা) লোগপূইএ (লোকপূজিত=জগজন পূজিত) সংবুদ্ধপ্পা (সম্বুদ্ধাত্মা=তত্ত্বজ্ঞানসম্পন্ন) সব্বণ্ণূ (সর্বজ্ঞ) ধম্মতিত্থয়রে (ধর্মতীর্থকর=ধর্মরূপ তীর্থ প্রবর্তনকারী) জিণে (জিন=সমস্ত কর্মকে যিনি জয় করিয়াছেন, সকলকর্মজিৎ) পাসেত্তি (পার্শ্ব এই) ণামেণং (নামে) অরহা (অর্হন্ তীর্থঙ্কর) (হইয়াছিলেন) ॥১॥

রাগদ্বেষজয়ী, জগজনপূজিত, তত্ত্বজ্ঞানসম্পন্ন, সর্বজ্ঞ, ধর্মতীর্থ প্রবর্তক ও সকল কর্মজেতা পার্শ্ব এই নামে তীর্থঙ্কর হইয়াছিলেন ॥১॥

তস্স লোগপঈবস্স[২], আসি সীসে মহাজসে।
কেসীকুমারসমণে[৩], বিজ্জাচরণপারগে ॥২॥

১। 'পাসিত্তি' টীকা ১ ও ৩। পার্শ্বনাথ ত্রয়োবিংশতিতম তীর্থঙ্কর। বারাণসী নগরীতে অশ্বসেন রাজার ঔরসে বামাদেবীর গর্ভে ইঁহার জন্ম হয়। কুশস্থলের রাজা প্রসেনজিতের প্রভাবতী নাম্নী কন্যার সহিত তাঁহার বিবাহ হয়। একদা পঞ্চাগ্নি তপস্যায় রত কমঠ নামক একজন সন্ন্যাসী বারাণসীতে আসিয়া তপস্যা করিতে থাকে। বহু লোক সেই সন্ন্যাসীর নিকট যাইতেছে দেখিয়া কুমার পার্শ্বনাথও তথায় গমন করেন এবং সন্ন্যাসীর চতুষ্পার্শ্বস্থ অগ্নিতে জীব-হিংসা হইতেছে বলিয়া দোষারোপ করেন। সন্ন্যাসী ইহাতে ক্রুদ্ধ হইয়া উঠে। তখন পার্শ্বকুমার অগ্নিকুণ্ড হইতে একটি কাষ্ঠখণ্ড বাহির করাইয়া তন্মধ্য হইতে এক অর্ধদগ্ধ সর্পকে নিষ্কাশিত করেন। সন্ন্যাসী অপ্রতিভ হইয়া আরও কুপিত হয়। কিছুকাল পরে মৃত্যুর পর সেই কমঠ সন্ন্যাসী ভবনপতি দেবতারূপে উৎপন্ন হয়। সেই অর্ধদগ্ধ সর্পও ভবনপতি দেবের নাগকুমার বিভাগের দক্ষিণভাগের ইন্দ্ররূপে উৎপন্ন হয়। ইহার নাম ধরণেন্দ্র। এদিকে পার্শ্বকুমারও গৃহত্যাগ করিয়া প্রব্রজ্যা অবলম্বন করেন ও কঠোর তপস্যা করিতে থাকেন। একদা দেবরূপে উৎপন্ন কমঠ পার্শ্বনাথকে ধ্যানমগ্ন দেখিয়া পূর্ব জন্মের বৈরভাব স্মরণ পূর্বক অত্যন্ত ক্রোধান্বিত হয় এবং ভীষণ জলবর্ষণ করিয়া পার্শ্বনাথকে ডুবাইয়া বিনাশ করিতে চেষ্টা করে। ইতিমধ্যে ধরণেন্দ্র পার্শ্বনাথের বিপদের কথা জ্ঞানবলে অবগত হইয়া তথায় আগমন করে ও কমঠকে নিবৃত্ত করে। এই ঘটনার স্মৃতিস্বরূপ পার্শ্বনাথের প্রতিমার মস্তকের উপরে বিস্তৃত সর্পফণা সংলগ্ন করা হয়। পার্শ্বনাথের প্রতিমার অধোভাগেও সর্প উৎকীর্ণ থাকে ইহাকে লাঞ্ছন বলে। বলা বাহুল্য যে

লোগপঈবস্‌স (লোকপ্রদীপ=জগদুজ্জ্বলকারী) তস্‌স (তাঁহার=পার্শ্বনাথের) কেসীকুমারসমণে (কেশীকুমার শ্রমণ) বিজ্জাচরণপারগে (বিদ্যাচরণপারগ=

প্রত্যেক তীর্থঙ্করেরই একটী করিয়া লাঞ্ছন বা চিহ্ন আছে, তাহা তাঁহাদের প্রতিমার নীচের দিকে উৎকীর্ণ থাকে। পার্শ্বনাথের শরীর নীলবর্ণের ছিল। পার্শ্বনাথের শরীরের বর্ণ, প্রতিমায় সর্পের ফণা ও লাঞ্ছন, নাগরাজ ধরণেন্দ্র কর্তৃক সন্ন্যাসীর কোপানল হইতে রক্ষা প্রভৃতি বিষয় ইঁহার সর্প বা নাগ বংশে উৎপন্ন হইবার সম্ভাবনার প্রতি ইঙ্গিত করে। ভারতের এই সমস্ত আর্যপূর্ব অধিবাসিগণ আর্যগণ কর্তৃক সর্প, নাগ, তক্ষক, বানর, রাক্ষস প্রভৃতি নামে অভিহিত হইতেন। খুব সম্ভব ইঁহারা শ্রমণ ধর্মাবলম্বী ছিলেন ও যজ্ঞকে হিংসাত্মক বলিয়া নিন্দা করিতেন। যাহা হউক পার্শ্বনাথ ৩০ বৎসর পর্যন্ত গৃহস্থাবাসে ছিলেন। দীক্ষা গ্রহণের ৮৪ দিবস পরে কেবল জ্ঞান প্রাপ্ত হন ও তৎপরে ৭০ বৎসর পর্যন্ত ধর্মপ্রচার করিয়া একশত বর্ষ বয়সে সম্মেত-শিখর পর্বতে নির্বাণ লাভ করেন। এই পর্বতকে বর্তমানে পার্শ্বনাথ পাহাড় বলে। পার্শ্বনাথের নির্বাণের ২৫০ বৎসর পরে চতুর্বিংশতিতম তীর্থঙ্কর মহাবীরের নির্বাণ হয়। মহাবীরের নির্বাণ খ্রীঃ পূঃ ৫২৭-৫২৮ অব্দে হয় বলিয়া স্বীকৃত হইয়াছে। অতএব পার্শ্বনাথের নির্বাণ খ্রীঃ পূঃ ৭৭৭-৭৭৮ অব্দে ও জন্ম ৮৭৭-৮৭৮ খ্রীঃ পূঃ অব্দে হইয়াছিল বলিয়া স্থির করা যাইতে পারে। চব্বিশ জন তীর্থঙ্করগণের মধ্যে জ্ঞানে ও বিভূতিতে কোন পার্থক্য নাই কিন্তু তাহা হইলেও জৈন সমাজে ভগবান্ পার্শ্বনাথের খ্যাতি অত্যন্ত অধিক।

২। 'লোগপ্পঈবস্‌স' টীকা ২।

৩। কেশীকুমার পার্শ্বনাথের প্রথম গণধর শুভদত্ত হইতে চতুর্থ পট্টধর ছিলেন। শুভদত্ত প্রথম, তৎপরে হরিদত্ত, তাহার পর আর্যসমুদ্র ও চতুর্থ কেশীকুমার। ইঁহার নামের সহিত কুমার শব্দ সংযোজিত থাকায় টীকাকারগণ ইঁহাকে অবিবাহিত বলিয়া উল্লেখ করিয়াছেন। ইনি ভগবান্ মহাবীরের সমসাময়িক ও তৎসময়ের পার্শ্বনাথের সম্প্রদায়ভুক্ত সাধুগণের অধিনায়ক ছিলেন। পার্শ্বনাথের সম্প্রদায়ের শ্রমণগণ ৪টি মহাব্রত পালন করিতেন। ব্রহ্মচর্য ব্রতকে অপরিগ্রহ ব্রতের অন্তর্ভুক্ত বলিয়াই গণ্য করিতেন এবং যে কোন প্রকার বস্ত্র এমন কি মূল্যবান্ বস্ত্রও পরিধান করিতেন। কিন্তু ভগবান্ মহাবীর ব্রহ্মচর্য ব্রতকে পৃথক্ করিয়া পঞ্চমহাব্রত প্রচলন করেন এবং শ্রমণগণের বস্ত্র পরিধান করিবার কঠোর নিয়ম প্রবর্তন করেন। মহাবীরের সম্প্রদায়ের শ্রমণগণ দুইপ্রকার, জিনকল্পী ও স্থবিরকল্পী। জিনকল্পিগণ সম্পূর্ণ উলঙ্গ থাকিয়া বনে তপস্যা করিতেন ও আহার গ্রহণের সময় লোকালয়ে গমন করিতেন মাত্র। স্থবির-কল্পিগণ লোকালয়ে থাকিতেন ও জীর্ণ ১টী, ২টী কিংবা ৩টী বস্ত্র পরিধান করিতেন। কেশীকুমার সাধুগণের আচরণের পার্থক্য দেখিয়া মহাবীরের সম্প্রদায়ে মিলিত হইতে অস্বীকার করিয়া-ছিলেন। কিন্তু মহাবীরের প্রথম গণধর ইন্দ্রভূতি গৌতমের সহিত আলাপ করিয়া মহাবীরের সঙ্ঘে মিলিত হন। এই আলাপের বিবরণই বর্তমান অধ্যয়নে লিখিত আছে। এই সময়ে পার্শ্বনাথের সম্প্রদায়ের বস্ত্রধারী সাধুগণ মহাবীরের সম্প্রদায়ের প্রায়নির্বস্ত্র শ্রমণসঙ্ঘে মিলিত হইয়া তাঁহাদের আচার গ্রহণ করেন কিন্তু পরবর্তিকালে বস্ত্র পরিধানের নিয়মের পার্থক্যের জন্যই জৈন সঙ্ঘ শ্বেতাম্বর ও দিগম্বর এই দুই ভাগে বিভক্ত হইয়া যায়।

জ্ঞানচারিত্রসম্পন্ন) মহাজসে (মহাযশস্বী) সীসে (শিষ্য=পরম্পরাগত শিষ্য) আসি (ছিলেন) ॥২॥

জগদুজ্জ্বলকারী পার্শ্বনাথের কেশীকুমারশ্রমণ নামক জ্ঞান ও চারিত্র সম্পন্ন পরম্পরাগত শিষ্য ছিলেন ॥২॥

ওহিণাণসুএ[১] বুদ্ধে, সীসসংঘসমাউলে।
গামাণুগামং রীয়ংতে সাবত্থিং[২] ণগরিমাগএ[৩] ॥৩॥

(কেশীকুমার শ্রমণ) ওহিণাণসুএ বুদ্ধে (অবধিজ্ঞান ও শ্রুতজ্ঞানের দ্বারা বুদ্ধ= মতি, শ্রুত ও অবধি জ্ঞান সমন্বিত) সীসসংঘসমাউলে (শিষ্যসঙ্ঘসমাকুল= শিষ্যগণ পরিবৃত) (হইয়া) গামাণুগামং (গ্রামানুগ্রাম=গ্রাম হইতে গ্রামে) রীয়ংতে (বিচরণ করিতে করিতে) সাবত্থিং (শ্রাবস্তী) ণগরিং (নগরে) আগএ (আগত হইলেন) ॥৩॥

মতি, শ্রুত ও অবধিজ্ঞানসম্পন্ন কেশীকুমার শ্রমণ শিষ্যবর্গ পরিবৃত হইয়া গ্রামানুগ্রামে বিচরণ করিতে করিতে শ্রাবস্তী নগরীতে সমাগত হইলেন ॥৩॥

১। জ্ঞান পাঁচ প্রকার যথা—মতিজ্ঞান, শ্রুতজ্ঞান, অবধিজ্ঞান, মনঃপর্যায়জ্ঞান ও কেবল-জ্ঞান। যে জ্ঞান ইন্দ্রিয় ও মনের সহযোগে উদ্ভূত হয় কিন্তু তাহাতে শব্দ বা ভাষার অপেক্ষা থাকে না তাহাকে মতিজ্ঞান বলে। যে জ্ঞান শব্দ ও ভাষার অপেক্ষার সহিত উৎপন্ন হয় বা অন্য ব্যক্তির উপদেশ ও পুস্তকাদি পঠনের দ্বারা যে জ্ঞান হয় তাহাকে শ্রুতজ্ঞান বলে। যে জ্ঞানের দ্বারা ইন্দ্রিয় ও মনের সাহায্য ব্যতিরেকে এক নির্দিষ্ট সীমার মধ্যে সমস্ত রূপী পদার্থকে জানা যায় তাহা অবধিজ্ঞান বলে। ইহা আত্মিক জ্ঞান। যে জ্ঞানের দ্বারা ইন্দ্রিয় ও মনের সহায়তা ব্যতীত বিশিষ্ট ও নির্দিষ্ট সীমার মধ্যে প্রাণিগণের মনোভাবকে অবগত হওয়া যায় তাহা মনঃপর্যায়জ্ঞান বলে। ইহাও আত্মিক জ্ঞান। যে জ্ঞানের দ্বারা মন ও ইন্দ্রিয়ের কোন প্রকার অবলম্বন ব্যতিরেকে সম্পূর্ণ লোক ও অলোকের, ভূত, ভবিষ্যৎ ও বর্তমানকালের, সমস্ত রূপী ও অরূপী পদার্থের সম্পূর্ণ গুণ ও পর্যায়কে জানা যায় তাহাকে কেবলজ্ঞান কহে। ইহা আত্মার স্বাভাবিক জ্ঞান, ইহা উৎপন্ন হইলে বিশ্বসংসারের সমস্ত পদার্থকে সম্পূর্ণভাবে জানিতে পারা যায় এবং যিনি এই জ্ঞান প্রাপ্ত হন তিনি আয়ুক্ষয়ান্তে নিশ্চয়ই শুদ্ধ, বুদ্ধ, মুক্ত ও অব্যাবাধ অবস্থা অর্থাৎ সিদ্ধাবস্থা প্রাপ্ত হন।

২। শ্রাবস্তী—ইহা উত্তর কোশলদেশের রাজধানী ছিল। বর্তমান গোণ্ডা জিলায় অবস্থিত 'অর্কোনা' গ্রামের পূর্বে পাঁচ মাইল দূরে ও 'বলরামপুরের' পশ্চিমে ১২ মাইল দূরে রাপ্তি নদীর দক্ষিণতটে অবস্থিত 'সহেঠমহেঠ' নামক স্থানকে শ্রাবস্তী বলিয়া নির্ধারণ করা হয়। শ্রমণ ভগবান্ মহাবীর, পৃঃ ৩৯১

৩। 'সেবি সাবত্থিমাগএ' টীকা ৩। 'সাবত্থিং পুরমাগএ' টীকা ৪।

তিংদুয়ং ণাম উজ্জাণং, তম্মি ণয়রমংডলে[১]।
ফাসুএ সিজ্জসংথারে, তত্থ বাসমুবাগএ ॥৪॥

তম্মি (তাহার=শ্রাবস্তী নগরীর) ণয়রমংডলে (নগরমণ্ডলে=নগরের পরিসরের মধ্যে, নগরের পরিসীমার মধ্যে) তিংদুয়ং নাম (তিন্দুক নামে) উজ্জাণং (উদ্যান) (ছিল) তত্থ (তথায়) ফাসুএ (প্রাসুক=জীবরহিত) সিজ্জসংথারে (শয্যাসংস্তারক, শয্যা=বাসস্থান, সংস্তারক=শয়ন করিবার জন্য শিলা বা কাষ্ঠফলকাদিতে) বাসং (বাস=অবস্থান) উবাগএ (উপাগত=প্রাপ্ত হইলেন) ॥৪॥

সেই শ্রাবস্তী নগরীর পরিসীমার মধ্যে তিন্দুক নামক উদ্যান ছিল। সেই উদ্যানে জীবরহিত আবাসস্থান ও শয়ন করিবার জন্য শিলা বা কাষ্ঠফলাদি গ্রহণ করিয়া বাস করিতে লাগিলেন ॥৪॥

অহ তেণেব কালেণং, ধম্মতিত্থয়রে জিণে।
ভয়বং বদ্ধমাণুত্তি[২], সব্বলোগংমি বিস্সুএ ॥৫॥

১। "পুরপরিক্ষেপপরিসরে" টীকা ৩।

২। ভগবান্ মহাবীরের মাতাপিতার দ্বারা প্রদত্ত নাম বর্দ্ধমান। ইঁহার পিতার নাম সিদ্ধার্থ ও মাতার নাম ত্রিশলাদেবী। বৈশালীর অন্তর্গত কুণ্ডপুর নগরের ক্ষত্রিয় পল্লীতে জন্মগ্রহণ করেন। সিদ্ধার্থ জ্ঞাতৃ বা নাত বংশীয় ক্ষত্রিয়গণের অধিনায়ক ছিলেন বলিয়া মহাবীরকে নাতপুত্ত বা নায়পুত্ত বলিয়াও অভিহিত করা হয়। সমরবীর নামক সামন্তরাজের কন্যা যশোদার সহিত ইঁহার বিবাহ হয় ও প্রিয়দর্শনা নাম্নী কন্যা জাত হয়। ৩০ বৎসর বয়সে ইনি সংসার ত্যাগ করিয়া প্রব্রজ্যা গ্রহণ করেন ও আত্মসাধনায় নিযুক্ত হন। প্রায় ১২ বৎসর ৬ মাস পর্যন্ত ঘোর তপস্যাচরণ ও তীব্র কষ্ট সহ্য করেন। ইঁহার তপস্যা ও কষ্টসহনের অসীম শক্তি দেখিয়া লোকে মহাবীর বলিয়া অভিহিত করে। ১২ বৎসরাধিক কাল তপস্যার পর চম্পা (ভাগলপুরের সন্নিকট) ও মধ্যপাপার (বিহার শরীফের সন্নিকট) মধ্যবর্তী কোন স্থানে ঋজুবালুকা নাম্নী নদীতটে স্থিত জম্ভীয় নামক গ্রামের দেবালয়ের সমীপে শালবৃক্ষের নীচে ধ্যানাবস্থায় কেবলজ্ঞান লাভ করেন। কেবলজ্ঞানী হইবার পর প্রায় ৩০ বৎসর পর্যন্ত ধর্ম প্রচার করেন। ধর্মপ্রচারকালে পূর্বে অঙ্গদেশের রাজধানী চম্পা হইতে পশ্চিমে সিন্ধু দেশের রাজধানী বীতভয়-পত্তন পর্যন্ত বিস্তীর্ণ ভূভাগে পর্যটন করেন এবং রাজা, রাজপুত্র, ক্ষত্রিয়, ব্রাহ্মণ, বণিক প্রভৃতি সমাজের সর্বস্তরের ব্যক্তিগণকে জিনধর্মে দীক্ষিত করিয়া সাধু, সাধ্বী, শ্রাবক ও শ্রাবিকারূপ চতুর্বিধ সঙ্ঘের স্থাপনা করেন। প্রায় ৩০ বৎসর ধর্মপ্রচারের পর মধ্যপাপা নগরীতে কার্তিকী অমাবস্যার শেষ রাত্রে ৭২ বৎসর বয়সে নির্বাণ প্রাপ্ত হন। এই নগরী বর্তমান বিহার প্রদেশের অন্তর্গত বিহার শরীফ নামক নগর হইতে ৭-৮ মাইল দূরে 'পাওয়াপুরী' নামে খ্যাত।

অহ (অথ) তেণেব কালেণং (সেই সময়ে) সব্বলোগংমি বিস্সুএ (সর্বলোকে বিশ্রুত) ভয়বং বদ্ধমাণুত্তি (ভগবান্ বর্দ্ধমান নামে) ধম্মতিত্থয়রে (ধর্মতীর্থ প্রবর্তক) জিণে (জিন=তীর্থঙ্কর) (ছিলেন) ॥৫॥

এবং সেই সময়ে সর্বলোকে বিখ্যাত ভগবান্ বর্দ্ধমান নামে ধর্মতীর্থ প্রবর্তক তীর্থঙ্কর ছিলেন ॥৫॥

তস্স লোগপঈবস্স, আসি সীসে মহাজসে।
ভয়বং গোয়মে[১] ণামং, বিজ্জাচরণপারগে ॥৬॥

খ্রীঃ পূঃ ৫২৭-৫২৮ অব্দ ইঁহার নির্বাণাব্দ বলিয়া নির্ধারিত হইয়াছে। বিস্তারিত বিবরণের জন্য কল্পসূত্রের জিনাবলীতে লিখিত মহাবীরের বিবরণ দ্রষ্টব্য।

১। ইঁহার পূর্ণ নাম ইন্দ্রভূতি গৌতম। মগধদেশের অন্তর্গত গুব্বর নামক গ্রাম নিবাসী গৌতম গোত্রীয় বসুভূতি নামক ব্রাহ্মণের জ্যেষ্ঠ পুত্র। ইঁহার মাতার নাম পৃথিবীদেবী। ইনি বৈদিক শাস্ত্রে অসাধারণ পারদর্শী ছিলেন ও সোমিল নামক ব্রাহ্মণের দ্বারা অনুষ্ঠিত যজ্ঞে পাঁচশত শিষ্যসহ মধ্যপাপাতে আগমন করেন। এই সময়ে ভগবান্ মহাবীরও মধ্যপাপাতে অবস্থান করিতেছিলেন। ইন্দ্রভূতি গৌতম মহাবীরের যোগৈশ্বর্যের কথা শ্রবণ করিয়া তাঁহাকে তর্কে পরাস্ত করিতে শিষ্যগণসহ তাঁহার নিকট গমন করিলেন। কিন্তু মহাবীরের জ্ঞানের দ্বারা অভিভূত হইয়া স্বয়ং সমস্ত শিষ্যগণসহ তাঁহার নিকট দীক্ষিত হন। ইনি গৌতম গোত্রীয় বলিয়া সাধারণত ইঁহাকে গৌতম বলিয়াই অভিহিত করা হইত। ইনি মহাবীরের প্রথম শিষ্য, প্রথম গণধর ও সমস্ত জৈন সাধু সঙ্ঘের নিয়ন্তা ছিলেন। ৫০ বৎসর বয়সে ইনি দীক্ষা গ্রহণ করেন ও ৩০ বৎসর কাল মহাবীরের সহিত ধর্মপ্রচারে নিযুক্ত থাকেন। যে রাত্রে মহাবীরের নির্বাণ হয় সেই রাত্রের অন্তে প্রাতঃকালে গৌতম কেবলজ্ঞান লাভ করেন ও ১২ বৎসর পর্যন্ত ধর্মপ্রচার করিয়া রাজগৃহ নগরের নিকটবর্তী গুণশীল নামক উদ্যানে ৯২ বৎসর বয়সে নির্বাণ প্রাপ্ত হন। ভগবান্ মহাবীরের ১১ জন গণধর ছিলেন তাহা ইতিপূর্বে ১।১ সূত্রের ২নং পাদটীকায় লিখিত হইয়াছে। ১১ জন গণধরের নাম এইরূপ, ১। ইন্দ্রভূতি গৌতম, ২। অগ্নিভূতি গৌতম, ৩। বায়ুভূতি গৌতম। ইঁহারা তিনজন সহোদর ভ্রাতা ছিলেন, ৪। আর্যব্যক্ত, ৫। সুধর্ম, ৬। মণ্ডিতপুত্র, ৭। মৌর্যপুত্র, ৮। অকম্পিত, ৯। অচলভ্রাতা, ১০। মেদার্য ও ১১। প্রভাস। ইহার মধ্যে ইন্দ্রভূতি গৌতম ও সুধর্ম ব্যতীত অপর নয়জন মহাবীরের জীবদ্দশাতেই নির্বাণ প্রাপ্ত হন। ইন্দ্রভূতি কেবলজ্ঞান লাভ করায় সঙ্ঘের নেতৃত্ব গ্রহণ করেন নাই বলিয়া সুধর্ম সঙ্ঘের নেতা হন ও বর্তমান সময় পর্যন্ত তাহারই শিষ্যপরম্পরা চলিয়া আসিতেছে। তাহার দ্বারা মহাবীরের প্রবচনানুযায়ী রচিত দ্বাদশটী অঙ্গের নাম এইরূপ, ১। আচার, ২। সূত্রকৃৎ, ৩। স্থান, ৪। সমবায়, ৫। ব্যাখ্যা-প্রজ্ঞপ্তি বা ভগবতী, ৬। জ্ঞাতাধর্মকথা, ৭। উপাসকদশা, ৮। অন্তকৃদ্দশা, ৯। অনুত্তরো-পাতিকদশা, ১০। প্রশ্নব্যাকরণ, ১১। বিপাকসূত্র ও ১২। দৃষ্টিবাদ। এই দ্বাদশটী অঙ্গের মধ্যে প্রথম একাদশটী বর্তমানে উপলব্ধ আছে। দ্বাদশতম অঙ্গ দৃষ্টিবাদ বিলুপ্ত হইয়া গিয়াছে।

লোগপঈবস্স (লোকপ্রদীপ) তস্স (তাঁহার=ভগবান্ মহাবীরের) ভয়বং গোয়মে ণামং (ভগবান্ গৌতম নামে=ইন্দ্রভূতি গৌতম নামে) বিজ্জাচরণ-পারগে (জ্ঞান ও চারিত্রসম্পন্ন) মহাজসে (মহাযশস্বী) সীসে (শিষ্য) আসি (ছিলেন) ॥৬॥

লোকপ্রদীপ ভগবান্ মহাবীরের ভগবান্ ইন্দ্রভূতি গৌতম নামে জ্ঞান ও চারিত্রসম্পন্ন মহাযশস্বী শিষ্য ছিলেন ॥৬॥

বারসংগবিউ বুদ্ধে, সীসসংঘসমাউলে।
গামাণুগামং রীয়তে, সে বি সাবত্থিমাগএ ॥৭॥

বারসংগবিউ (দ্বাদশাঙ্গবিৎ) বুদ্ধে (বুদ্ধ=তত্ত্বজ্ঞ) সীসসংঘসমাউলে (শিষ্যবর্গ পরিবৃত) (হইয়া) সে বি (তিনিও=গৌতমও) গামাণুগামং রীয়তে (গ্রামানুগ্রামে বিচরণ করিতে করিতে) সাবত্থিমাগএ (শ্রাবস্তী নগরীতে উপনীত হইলেন) ॥৭॥

দ্বাদশাঙ্গবিৎও তত্ত্বজ্ঞ ভগবান্ গৌতমও শিষ্যবৃন্দ পরিবৃত হইয়া গ্রামানুগ্রামে বিচরণ করিতে করিতে শ্রাবস্তী নগরীতে উপনীত হইলেন ॥৭॥

কোট্ঠগং ণাম উজ্জাণং, তম্মি ণয়রমংডলে।
ফাসুএ সিজ্জসংথারে, তত্থ বাসমুবাগএ ॥৮॥

(শব্দার্থ, সূত্র ৪নং অনুযায়ী)

সেই শ্রাবস্তী নগরীর পরিসীমার মধ্যে কোষ্ঠক নামক উদ্যান ছিল। সেই উদ্যানে জীবরহিত আবাসস্থান ও শয়ন করিবার জন্য শিলা বা কাষ্ঠ-ফলকাদি সংগ্রহ করিয়া বাস করিতে লাগিলেন ॥৮॥

কেসীকুমারসমণে, গোয়মে য় মহাজসে।
উভও বি তত্থ বিহরিংসু[১], অল্লীণা[২] সুসমাহিয়া ॥৯॥

মহাজসে (মহাযশস্বী) কেসীকুমারসমণে (কেশীকুমার শ্রমণ) য় (ও) গোয়মে (গৌতম) উভও বি (উভয়েই) অল্লীণা (আলীন=মন, বচন ও

১। 'বিহরংসু' টীকা ২।
২। 'আলানা' টীকা ১। "মনোবাক্কায়াগুপ্তিদ্বাশ্রিতৌ" টীকা ১।

কায়কে নিয়ন্ত্রিত করিয়া) সুসমাহিয়া (সুসমাহিত=শান্তভাবাপন্ন) (হইয়া) তথ (তথায়=শ্রাবস্তীতে) বিহরিংসু (বিহার করিতে লাগিলেন) ॥৯॥

মহাযশস্বী কেশীকুমার শ্রমণ ও গৌতম উভয়েই মন, বচন ও কায়কে নিয়ন্ত্রিত করিয়া ও শান্তভাবাপন্ন হইয়া শ্রাবস্তী নগরীতে বিহার করিতে লাগিলেন ॥৯॥

উভও সীসসংঘাণং, সংজয়াণং তবস্সিণং।
তথ চিংতা সমুপ্পন্না, গুণবংতাণ তাইণং ॥১০॥

তথ (সেখানে) উভও (উভয়ের=কেশীকুমার ও গৌতমের) সংজয়াণং (সংযত) তবস্সিণং (তপস্বী) গুণবংতাণ (গুণবান্=জ্ঞানাদিগুণসম্পন্ন) তাইণং (ত্রায়ী=ত্রাণকারী, সর্বজীবের রক্ষাকারী) সীসসংঘাণং (শিষ্য-সঙ্ঘের=শিষ্যবৃন্দের) (পরস্পরকে অবলোকন করিয়া) চিংতা (চিন্তা=বিচার) সমুপ্পন্না (সমুৎপন্ন হইল) ॥১০॥

সেখানে কেশীকুমার ও গৌতম উভয়ের সংযত, তপস্বী, জ্ঞানাদিগুণসম্পন্ন ও সর্বজীবের রক্ষাকারী শিষ্যগণ পরস্পরকে অবলোকন করিয়া চিন্তা করিতে লাগিলেন ॥১০॥

কেরিসো বা ইমো ধম্মো, ইমো ধম্মো ব কেরিসো।
আয়ারধ্বম্মপণিহী[১], ইমা বা সা ব কেরিসী ॥১১॥

ইমো (এই=আমাদিগের) বা (অথবা) ধম্মো (ধর্ম) কেরিসো (কীদৃশ=কিরূপ) ব (ও) ইমো (এই=তাহাদিগের) ধম্মো (ধর্ম) কেরিসো (কিরূপ) বা (অথবা) ইমা (এই=আমাদিগের) ব (ও) সা (সেই=তাহাদিগের) আয়ারধম্মপণিহী (আচারধর্মপ্রনিধি=আচার ও ধর্মের ব্যবস্থা, বেশভূষাদির পরিধানরূপ বাহ্যক্রিয়াকলাপের ব্যবস্থা) কেরিসী (কিরূপ) ? ॥১১॥

আমাদের ধর্মই বা কিরূপ আর ইহাদের ধর্মই বা কিরূপ? আমাদের বেশ পরিধানাদির নিয়ম ও তাহাদের বেশ পরিধানাদির ব্যবস্থাই বা কিরূপ ? ॥১১॥

১। 'আয়ারধম্মপ্পণিহী' টীকা ৩। "আচারোবেশধারণাদিকো বাহ্যঃ ক্রিয়াকলাপঃ স এব ধর্ম্মস্তস্যপ্রণিধির্ব্যবস্থাপনমাচারধর্ম্মপ্রণিধিঃ" টীকা ১।

চাউজ্জামো[১] য় জো ধম্মো, জো ইমো পংচসিক্‌খিও[১]।
দেসিও বদ্ধমাণেণ, পাসেণ য় মহামুণী ॥১২॥

জো (যে) চাউজ্জামো (চাতুর্যাম=চারি প্রকার মহাব্রত রূপ, প্রাণাতিপাত বিরমণ, মৃষাবাদ বিরমণ, অদত্তাদান বিরমণ ও পরিগ্রহ বিরমণ রূপ চতুর্মহাব্রত) ধম্মো (ধর্ম) মহামুণী (মহামুনি) পাসেণ (পার্শ্বনাথের দ্বারা) দেসিও (উপদিষ্ট হইয়াছিল) য় (ও) জো ইমো (যে এই) পংচসিক্‌খিও (পঞ্চ শিক্ষাবিশিষ্ট=পঞ্চমহাব্রতবিশিষ্ট, প্রাণাতিপাত বিরমণ, মৃষাবাদ বিরমণ, অদত্তাদান বিরমণ, মৈথুন বিরমণ ও পরিগ্রহ বিরমণ রূপ পঞ্চ মহাব্রত) (ধর্ম) বদ্ধমাণেণ (বর্দ্ধমানের দ্বারা=মহাবীরের দ্বারা) (উপদিষ্ট হইয়াছে) ॥১২॥

যে চতুর্মহাব্রতবিশিষ্ট ধর্ম মহামুনি পার্শ্বনাথের দ্বারা উপদিষ্ট হইয়াছিল এবং যে এই পঞ্চ মহাব্রতবিশিষ্ট ধর্ম ভগবান্ বর্দ্ধমানের দ্বারা উপদিষ্ট হইয়াছে তাহাই বা কিরূপ ? ॥১২॥

অচেলগো[২] য় জো ধম্মো, জো ইমো সংতরুত্তরো[৩]।
এগকজ্জপবন্নাণং, বিসেসে কিং ণু কারণং ॥১৩॥

১। দ্বিতীয় তীর্থঙ্কর অজিতনাথের সময় হইতে ত্রয়োবিংশতিতম তীর্থঙ্কর পার্শ্বনাথের সময় পর্যন্ত জৈন শ্রমণগণ চতুর্যাম ধর্ম অর্থাৎ অহিংসা, সত্য, অচৌর্য ও অপরিগ্রহ এই চারি প্রকার মহাব্রত পালন করিতেন। চতুর্বিংশতিতম তীর্থঙ্কর ভগবান্ মহাবীর তৎসময়ের মনুষ্যগণের মধ্যে সরলতার অভাব দেখিয়া ও দেশ, কালও পাত্রের অবস্থার কথা বিবেচনা করিয়া চতুর্থ অপরিগ্রহ ব্রতকে বিভাগ করিয়া ব্রহ্মচর্য ও অপরিগ্রহ এই দুইটী পৃথক্ পৃথক্ ব্রত করিয়া দিলেন ও তদনুযায়ী অহিংসা, সত্য, অচৌর্য, ব্রহ্মচর্য ও অপরিগ্রহ, এই পাঁচটী মহাব্রত স্থাপন করিলেন। বলা বাহুল্য যে, এই সংস্কারের পূর্বে পার্শ্বনাথের সময় পর্যন্ত সাধুগণ ব্রহ্মচর্যব্রতকে অপরিগ্রহব্রতের অন্তর্ভুক্ত মনে করিয়াই পালন করিতেন।

২। "অচেলং মানোপেতং ধবলং জীর্ণপ্রায়মল্পমূল্যং বস্ত্রং ধারণীয়মিতি বর্দ্ধমানস্বামিনাপ্রোক্তং, অসদিব চেলং যত্র সোঽচেলঃ, অচেল এবাঽচেলকঃ, যদ্বস্ত্রং সদপ্যসদিব তদ্ধার্যমিত্যর্থঃ" টীকা ১।

৩। "সহ অন্তরেণোত্তরেণ প্রধানবহুমূল্যেন নানাবর্ণেন প্রলম্বেন বস্ত্রেণ চ বর্ত্ততে যঃ স সান্তরোত্তরসচেলকো ধর্ম্মঃ" টীকা ১। "সান্তরাণি বর্ধমানশিষ্যবস্ত্রাপেক্ষয়া কস্যচিৎ কদাচিন্মানবর্ণবিশেষিতানি, উত্তরাণি চ বহুমূল্যতয়া প্রধানানি বস্ত্রাণি যস্মিন্নসৌ সান্তরোত্তরো ধর্ম্মঃ" টীকা ২। সংতরুত্তরো শব্দের অর্থ উপরে লিখিতমত টীকাকারগণ লিখিয়াছেন কিন্তু সান্তর=অন্তর্বর্তী ও উত্তর=উপরিতন অর্থাৎ অন্তর্বর্তী ও উপরিতন বস্ত্র এরূপ অর্থও করা যাইতে পারে। শ্বেতাম্বর জৈনশাস্ত্রের প্রচলিত মত ইহাই যে মধ্যবর্তী দ্বাবিংশ তীর্থঙ্করগণের সাধুগণ যে কোন বর্ণের, স্বল্পমূল্য বা বহুমূল্য যে কোন প্রকারের বস্ত্র প্রাপ্ত হইতেন তাহাই পরিধান করিতেন। ২৩ নং সূত্র দেখুন।

জো (যে) অচেলগো ধম্মো (অচেলক ধর্ম=নির্বস্ত্র ধর্ম, জীর্ণ ও অল্পমূল্যের বস্ত্র পরিধানরূপ ধর্ম) (মহাবীরের দ্বারা উপদিষ্ট হইয়াছে) (আর) জো ইমো (যে এই) সংতরুত্তরো (সান্তরোত্তর=নানা বর্ণের মূল্যবান্ বস্ত্র পরিধানরূপ) (ধর্ম) (পার্শ্বনাথের দ্বারা উপদিষ্ট হইয়াছে, তাহাই বা কিরূপ ?) এগকজ্জপবণ্ণাণং (এক কার্যে প্রবৃত্ত=মুক্তিসাধনরূপ এক কার্যে প্রবৃত্ত) (উভয় তীর্থঙ্করের আচার) বিসেসে (বিশেষের=বৈশিষ্ট্যের) কিং ণু কারণং (কারণ কি ?) ॥১৩॥

এই যে মহাবীরের উপদিষ্ট অচেলক অর্থাৎ জীর্ণ ও অল্পমূল্য বস্ত্র পরিধান করিবার আচার, আর এই যে পার্শ্বনাথের উপদিষ্ট নানাবর্ণের ও মূল্যবান্ বস্ত্র পরিধান করিবার আচার তাহাই বা কিরূপ ? মোক্ষ সাধনরূপ এক কার্যে প্রবৃত্ত উভয় তীর্থঙ্করের এই আচার বৈশিষ্ট্যের কারণ কি ? ॥১৩॥

অহ তে তত্থ সীসাণং, বিণ্ণায় পবিতক্কিয়ং ।[১]
সমাগমে কয়মঈ, উভও কেসিগোয়মা ॥১৪॥

অহ (তৎপরে) তত্থ (সেখানে=শ্রাবস্তীতে) তে (সেই) কেসিগোয়মা (কেশীমুনি ও গৌতমমুনি) উভও (উভয়ে) সীসাণং (শিষ্যগণের) পবিতক্কিয়ং (প্রবিতর্ক=সংশয়োৎপন্ন বিতর্ক) বিণ্ণায় (জানিয়া) সমাগমে (পরস্পর মিলিত হইবার জন্য) কয়মঈ (কৃতমতী=কৃতাভিপ্রায় হইলেন=ইচ্ছা করিলেন) ॥১৪॥

তৎপরে শ্রাবস্তীতে সেই কেশীকুমার ও গৌতমগণধর উভয়ে শিষ্যগণের বিতর্ক অবগত হইয়া পরস্পর মিলিত হইবার ইচ্ছা করিলেন ॥১৪॥

গোয়মে পড়িরূবণ্ণূ[২], সীসসংঘসমাউলে ।
জেট্ঠং[৩] কুলমবিক্খংতো, তিংদুয়ং বণমাগও ॥১৫॥

পড়িরূবণ্ণূ (প্রতিরূপজ্ঞ=যথোচিত বিনয়জ্ঞ) গোয়মে (গৌতম) জেট্ঠং কুলং (জ্যেষ্ঠ কুল=পার্শ্বনাথের সাধু সম্প্রদায় মহাবীরের সাধু সম্প্রদায় হইতে পূর্বে হইয়াছেন বলিয়া জ্যেষ্ঠ শ্রমণবংশ) অবিক্খংতো (অপেক্ষা করিয়া=বিচার

১। 'পবিয়ক্কিয়ং টীকা ১ ও ৩।

২। "প্রতিরূপো যথোচিতবিনয়স্তং জানাতীতি প্রতিরূপজ্ঞঃ" টীকা ১।

৩। 'জিট্ঠং' টীকা ১ ও ৩।

করিয়া) সীসসংঘসমাউলে (শিষ্যবৃন্দ পরিবৃত হইয়া) তিংদুয়ং বণমাগও (তিন্দুক বনে আগমন করিলেন) ॥১৫॥

যথোচিত বিনয়ের জ্ঞানসম্পন্ন গৌতম পার্শ্বনাথের শ্রমণবংশকে জ্যেষ্ঠ বিবেচনা করিয়া শিষ্যবৃন্দের সহিত তিন্দুক বনে আগমন করিলেন ॥১৫॥

কেসীকুমারসমণে, গোয়মং দিস্সমাগয়ং।
পড়িরূবং পড়িবত্তিং, সম্মং সংপড়িবজ্জঈ[১] ॥১৬॥

কেসীকুমারসমণে (কেশীকুমার শ্রমণ) গোয়মং (গৌতমকে) দিস্সমাগয়ং (আগত দেখিয়া) সম্মং (সম্যক্) পড়িরূবং (প্রতিরূপ=উচিত, যথোচিত) পড়িবত্তিং (প্রতিপত্তি=সম্মান, সেবা) সংপড়িজ্জঈ (প্রতিপাদন করিলেন= প্রদর্শন করিলেন) ॥১৬॥

গৌতমকে আগত দেখিয়া কেশীকুমারশ্রমণ তাঁহাকে সম্যক্ প্রকারে যথোচিত সম্মান প্রদর্শন করিলেন ॥১৬॥

পলালং ফাসুয়ং তথ, পংচমং কুসতণাণি য।
গোয়মস্স ণিসিজ্জাএ, খিপ্পং সংপণামএ ॥১৭॥

(কেশীকুমার শ্রমণ) গোয়মস্স (গৌতমের) ণিসিজ্জাএ (উপবেশন করিবার জন্য) তথ (সেখানে) ফাসুয়ং (প্রাসুক=জীবরহিত) পলালং (পলাল= শালি, ব্রীহি, কোদ্রব ও রালক এই চারি প্রকার ধান্যের শুষ্কতৃণ) য (ও) পংচমং (পঞ্চম) কুসতণাণি (কুশতৃণ=কুশঘাস) খিপ্পং (শীঘ্র=সসম্ভ্রমে) সংপণামএ (সমর্পণ করিলেন) ॥১৭॥

কেশীকুমার শ্রমণ গৌতমগণধরের উপবেশন করিবার জন্য সে স্থলে জীব-রহিত চারিপ্রকার ধান্যের শুষ্ক তৃণ ও পঞ্চম কুশতৃণ সমম্ভ্রমে সমর্পণ করিলেন ॥১৭॥

কেসীকুমারসমণো, গোয়মে য় মহাজসে।
উভয় ণিসণ্ণা সোহংতি, চংদসূরসমপ্পহা ॥১৮॥

কেসীকুমারসমণো (কেশীকুমার শ্রমণ) (ও) মহাজসে (মহাযশস্বী) গোয়মে (গৌতম) উভও (উভয়ে) ণিসণ্ণা (উপবিষ্ট) (হইয়া) চংদসূর সমপ্পহা

১। 'চ পড়িবজ্জঈ' টীকা ১।

(চন্দ্রসূর্যসমপ্রভ=চন্দ্র ও সূর্যের ন্যায় কান্তিবিশিষ্ট) (হইয়া) সোহংতি (শোভা পাইতে লাগিলেন) ॥১৮॥

কেশীকুমার শ্রমণ ও মহাযশস্বী গৌতম উভয়ে উপবিষ্ট হইয়া চন্দ্র ও সূর্যের ন্যায় কান্তিবিশিষ্ট হইয়া শোভা পাইতে লাগিলেন ॥১৮॥

সমাগয়া বহু তত্থ, পাসংডা[১] কৌউগাসিয়া[২]।
গিহত্থাণ অণেগাও, সাহস্সীও সমাগয়া ॥১৯॥

তত্থ (তথায়) কৌউগাসিয়া (কৌতুকাশ্রিত=কুতূহলের বশবর্তী) (হইয়া) (বহু) পাসংডা (পাখণ্ড=অন্য ধর্মাবলম্বী) সমাগয়া (সমাগত হইল) (এবং) অণেগাও সাহস্সীও (অনেক সহস্র) গিহত্থাণ (গৃহস্থগণ) সমাগয়া (সমাগত হইল) ॥১৯॥

সে স্থলে কুতূহলের বশবর্তী হইয়া বহু ধর্মাবলম্বী পরিব্রাজকাদি সমাগত হইল এবং অনেক সহস্র গৃহস্থগণও উপস্থিত হইল ॥১৯॥

দেবদাণবগংধব্বা, জক্খরক্খসকিন্নরা
অদিস্সাণং য ভূয়াণং[৩], আসি তত্থ সমাগমো ॥২০॥

তত্থ (তথায়) দেবদাণবগংধব্বা (দেবদানবগন্ধর্ব) (ও) জক্খরক্খসকিন্নরা (যক্ষরাক্ষসকিন্নর) (সমাগত হইল) য (ও) অদিস্সাণং (অদৃশ্য) ভূয়াণং (ভূতগণের) সমাগমো (সমাগম) আসি (হইয়াছিল) ॥২০॥

সেথানে দেব, দানব, গন্ধর্ব, যক্ষ, রাক্ষস ও কিন্নরগণ সমাগত হইয়াছিল ও অদৃশ্য ভূত নামক দেব বিশেষেরও সমাগম হইয়াছিল ॥২০॥

পুচ্ছামি তে মহাভাগ, কেসী গোয়মমব্ববী।
তও কেসিং বুবংতং তু, গোয়মো ইণমব্ববী ॥২১॥

কেসী (কেশীকুমার) গোয়মং (গৌতমকে) অব্ববী (বলিলেন) মহাভাগ (হে মহাভাগ) তে (আপনাকে) পুচ্ছামি (জিজ্ঞাসা করি) তও (তৎপরে)

১। "পাখণ্ডা অন্যদর্শনিনঃ পরিব্রাজকাদয়ঃ" টীকা ১।

২। 'কৌউগা মিয়া' টীকা ১ ও ২। "কৌতুকান্মৃগা আশ্চর্য্যান্মৃগা ইবাহজ্ঞানিনঃ" টীকা ১।

৩। "ভূতানাং কিলকিলব্যন্তরবিশেষাণাম্" টীকা ১।

কেসিং বুবংতং (কেশীকুমারকে বলিতে দেখিয়া) গোয়মো (গৌতম) ইণমব্ববী (এইরূপ বলিলেন) ॥২১॥

কেশীকুমার গৌতমকে বলিলেন যে 'হে মহাভাগ, আমি আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করি'। কেশীকুমারকে বলিতে দেখিয়া গৌতম এইরূপ বলিলেন ॥২১॥

পুচ্ছ ভংতে জহিচ্ছং তে, কেসিং গোয়মমব্ববী[১]।
তও কেসী অণুণ্ণাও, গোয়মং ইণমব্ববী ॥২২॥

গোয়মং (গৌতম, প্রাকৃতে প্রথমা বিভক্তির স্থানে দ্বিতীয়া) কেসিং (কেশীকুমারকে) অব্ববী (বলিলেন) ভংতে (হে পূজ্য) তে (আপনার) জহিচ্ছং (যথেচ্ছা) পুচ্ছ (জিজ্ঞাসা করুন) তও (তখন) কেসী (কেশীকুমার) (গৌতম কর্তৃক) অণুণ্ণাও (অনুজ্ঞাত=আদিষ্ট) (হইয়া) গোয়মং (গৌতমকে) ইণমব্ববী (এইরূপ বলিলেন) ॥২২॥

গৌতম কেশীকুমারকে বলিলেন, 'হে পূজ্য, আপনার যাহা ইচ্ছা হয় প্রশ্ন করুন'। তখন গৌতমের দ্বারা আদিষ্ট হইয়া কেশীকুমার গৌতমকে এইরূপ বলিলেন ॥২২॥

চাউজ্জামো য় জো ধম্মো, জো ইমো পংচসিক্খিও।
দেসিও বদ্ধমাণেণং, পাসেণ য় মহামুণী ॥২৩॥

এগকজ্জপবণ্ণাণং, বিসেসে কিং ণু কারণং।
ধম্মে দুবিহে মেহাবী, কহং বিপ্পচ্চও ন তে ॥২৪॥

(চাউজ্জামো ইত্যাদির শব্দার্থ এই অধ্যয়নের ১২ ও ১৩ নং সূত্রের ন্যায়।) মেহাবী (হে মেধাবি) দুবিহে ধম্মে (দুই প্রকার ধর্মে=দুই প্রকার আচারে) তে (আপনার) বিপ্পচ্চও (বিপ্রত্যয়=সন্দেহ) কহং ন (কেন হয় না?) ॥২৩॥২৪॥

যে চতুর্মহাব্রতবিশিষ্টধর্ম মহামুনি পার্শ্বনাথের দ্বারা উপদিষ্ট হইয়াছিল এবং যে এই পঞ্চ মহাব্রতবিশিষ্ট ধর্ম ভগবান্ বর্দ্ধমানের দ্বারা উপদিষ্ট হইয়াছে, এক কার্যে প্রবৃত্ত উভয় তীর্থঙ্করের এই বৈশিষ্ট্যের কারণ কি? হে মেধাবী

১। "গৌতিমমিতি প্রাকৃতত্বাৎ প্রথমাস্থানে দ্বিতীয়া" টীকা ১।

গৌতম এই উভয় প্রকার ধর্মে আপনার সন্দেহ হয় না কেন? (উভয়েই সর্বজ্ঞ হওয়া সত্ত্বেও এই মতভেদের কারণ কি?) ॥২৩॥২৪॥

তও কেসিং বুবংতং তু, গোয়মো ইণমব্ববী।
পন্না সমিক্খএ ধম্মং, তত্তং তত্তবিণিচ্ছয়ং[১] ॥২৫॥

তও (তৎপরে) কেসিং বুবংতং তু (কেশীকুমার এইরূপ বলিলে) গোয়মো (গৌতম) ইণমব্ববী (এইরূপ বলিলেন) তত্তবিণিচ্ছয়ং (তত্ত্ববিনিশ্চয়= যাহাতে জীবাদি তত্ত্বের নিশ্চিতরূপে নিরূপণ হয় এইরূপ) ধম্মং তত্তং (ধর্মতত্ত্ব) পন্না (প্রজ্ঞাই=বুদ্ধিই) সমিক্খএ (সমীক্ষতে=সম্যক্ রূপে অবলোকন করে, সম্যক্ রূপে অবধারণ করে) ॥২৫॥

তৎপরে কেশীকুমার এইরূপ বলিলে গৌতম বলিলেন 'যাহাতে জীবাদিতত্ত্ব নিশ্চিতরূপে নিরূপিত হয় এইরূপ ধর্মতত্ত্ব প্রজ্ঞার দ্বারাই সম্যক্ রূপে অবধারণ করা যায়' ॥২৫॥

পুরিমা উজ্জুজড়া[২] উ, বক্কজড়া[৩] য় পচ্ছিমা।
মজ্ঝিমা উজ্জুপন্না উ, তেণ ধম্মে দুহা কএ ॥২৬॥

উ (যেহেতু) পুরিমা (পূর্বের=প্রথম তীর্থঙ্করের সময়ের সাধুগণ) উজ্জুজড়া ঋজুজড়=সরল ও মন্দবুদ্ধি (ছিল) য় (ও) পচ্ছিমা (পশ্চিমের=পশ্চিম অর্থাৎ সর্বশেষের তীর্থঙ্করের সময়ের সাধুগণ) বক্কজড়া (বক্রজড়=বক্র অর্থাৎ কপট ও জড় অর্থাৎ মন্দবুদ্ধি) উ (এবং) মজ্ঝিমা (মধ্যমের=প্রথম ও শেষ তীর্থঙ্করের মধ্যবর্তী দ্বাবিংশ তীর্থঙ্করের সময়ের সাধুগণ) উজ্জুপন্না (ঋজুপ্রজ্ঞ= সরল ও প্রাজ্ঞ) (ছিলেন) তেণ (তজ্জন্য) ধম্মে (ধর্ম) দুহা (দ্বিধা= দুইপ্রকারের) কএ (কৃত=করা হইয়াছে) ॥২৬॥

হে কেশীকুমার, যেহেতু প্রথম তীর্থঙ্করের সময়ের সাধুগণ সরল ও অল্পবুদ্ধি এবং শেষ তীর্থঙ্করের সাধুগণ কুটিল ও মন্দবুদ্ধি ছিল। আর মধ্যবর্তী দ্বাবিংশ তীর্থঙ্করের সময়ের সাধুগণ সরল ও প্রাজ্ঞ তজ্জন্য ধর্ম দুই প্রকারের করা হইয়াছে (প্রথম তীর্থঙ্কর ঋষভদেবের সময়ের সাধুগণ সরল প্রকৃতি বিশিষ্ট

১। "তত্ত্বানাং জীবাদীনাং বিনিশ্চয়ো যস্মিংস্তৎ" টীকা ২।
২। 'উজ্জুজড়া' টীকা ৩।
৩। 'বক্কজড়া' টীকা ৩।

অথচ অল্পবুদ্ধি ছিল। অল্পবুদ্ধি থাকায় তাহারা সহজেই কোন বিষয় বুঝিতে পারিত না তজ্জন্য তাহাদিগকে ব্রহ্মচর্য ও অপরিগ্রহ ব্রতকে পৃথক্ পৃথক্ করিয়া পঞ্চমহাব্রত পালন করিতে উপদেশ দেওয়া হইয়াছিল। শেষ তীর্থঙ্কর মহাবীরের সময়ের সাধুগণ কুটিল ও মন্দবুদ্ধি থাকায় ইহাদিগকেও পঞ্চমহাব্রত পালন করিতে উপদেশ দেওয়া হয়। কিন্তু দ্বিতীয় তীর্থঙ্কর হইতে ত্রয়োবিংশতিতম তীর্থঙ্করের সময়ের সাধুগণ সরল ও প্রাজ্ঞ থাকায় সহজেই বুঝিতে পারিত ও তজ্জন্য তাহাদিগকে চতুর্মহাব্রতই পালন করিতে হইত। তাহারা ব্রহ্মচর্যব্রতকে অপরিগ্রহ ব্রতের অন্তর্ভুক্ত মনে করিয়াই পালন করিত।) ॥২৬॥

পুরিমাণং দুব্বিসোজ্ঝো[১] উ, চরিমাণং দুরণুপালও।
কপ্পো মজ্ঝিমগাণং তু, সুবিসোজ্ঝো[২] সুপালও ॥২৭॥

পুরিমাণং (পূর্বের=প্রথম তীর্থঙ্করের সাধুগণের) কপ্পো (কল্প=আচার) দুব্বিসোজ্ঝো (দুর্বিশোধ্য=যাহা সহজে সংশোধন করা যায় না সাধুগণ সরল অথচ অল্প বুদ্ধি থাকায় আচারে কোন দোষ স্পর্শ করিলে তাহা সহজেই সংশোধন করিতে পারে না) উ (ও) চরিমাণং (চরমের=শেষের অর্থাৎ শেষ তীর্থঙ্করের সাধুগণের) (আচার) দুরণুপালও (দুরনুপালক=যাহা সহজে পালন করা যায় না, সাধুগণ কুটিল ও জড়বুদ্ধি থাকায় আচারের মর্ম গ্রহণ করিতে পারিয়াও পালন করে না) তু (কিন্তু) মজ্ঝিমগাণং (মধ্যমকের=মধ্যবর্তী তীর্থঙ্করগণের সময়ের সাধুগণের) (কল্প) সুবিসোজ্ঝো (সুবিশোধ্য=যাহা সহজে সংশোধন করা যায়) (ও) সুপালও (সুপালক=যাহা সহজে পালন করা যায়, সাধুগণ সরল ও প্রাজ্ঞ থাকায় আচারের মর্ম গ্রহণ সহজেই করিতে পারে এবং দোষ স্পর্শ করিলে তাহা সহজেই সংশোধন করে ও যথোচিত রূপে প্রতিপালন করে) ॥২৭॥

প্রথম তীর্থঙ্করের সাধুগণ সরল অথচ স্বল্পবুদ্ধি থাকায় আচারে দোষ স্পর্শ করিলে তাহা সংশোধন করিতে হইবে ইহা সহজে বুঝিয়া উঠিতে পারিত না এবং শেষ তীর্থঙ্করের সাধুগণ কুটিল ও জড়বুদ্ধির জন্য আচারের মর্ম গ্রহণ করিতে সমর্থ হইয়াও তাহাতে দোষ স্পর্শ করিলে তাহা সংশোধন পূর্বক যথোচিত রূপে পালন করিত না। কিন্তু মধ্যবর্তী দ্বাবিংশ তীর্থঙ্করগণের সময়ের

১। 'দুব্বিসুজ্ঝো' টীকা ৩।

২। 'সুবিসুজ্ঝো' টীকা ৩।

সাধুগণ সরল ও প্রাজ্ঞ হওয়ায় আচারে দোষস্পর্শ করিলে সহজে সংশোধন করিয়া সুষ্ঠুরূপে পালন করিত ॥২৭॥

সাহু গোয়ম পন্না তে, ছিন্নো মে সংসও ইমো।
অন্নো বি সংসাও মজ্ঝং, তং মে কহস্সু গোয়মা ॥২৮॥

(কেশীকুমার বলিলেন) গোয়ম (হে গৌতম) তে (আপনার) পন্না (প্রজ্ঞা= বুদ্ধি) সাহু (সাধু=উত্তম) মে (আমার) ইমো (এই) সংসও (সংশয়) ছিন্নো (ছিন্ন=দূরীভূত) (হইল) মজ্ঝং (আমার) অন্নো বি সংসও (অন্য-সংশয়ও) (আছে) তং (তাহার উত্তর) গোয়মা (হে গৌতম) মে (আমাকে) কহস্সু (বলুন) ॥২৮॥

কেশীকুমার বলিলেন, 'হে গৌতম আপনার প্রজ্ঞা উত্তম। আমার এই সংশয় দূরীভূত হইল। আমার অন্য সংশয়ও আছে—হে গৌতম, তাহার উত্তর আমাকে বলুন' ॥২৮॥

অচেলগো য় জো ধম্মো, জো ইমো সংতরুত্তরো।
দেসিও বদ্ধমাণেণং, পাসেণ ও মহজসা ॥২৯॥

(শব্দার্থ পূর্ববৎ)

বর্দ্ধমান মহাবীরের উপদিষ্ট অচেলক অর্থাৎ জীর্ণ ও অল্পমূল্য বস্ত্র পরিধান করিবার আচার আর মহাযশস্বী পার্শ্বের উপদিষ্ট এই যে নানা বর্ণের ও মূল্যবান্ বস্ত্র পরিধান করিবার আচার তাহা কিরূপ ? ॥২৯॥

এগকজ্জ পবন্নাণং, বিসেসে কিং ণু কারণং।
লিংগে দুবিহে মেহাবী, কহং বিপ্পচ্চও ন তে ॥৩০॥

এগকজ্জ পবন্নাণং হইতে কারণং পর্যন্ত পূর্ববৎ) মেহাবী (মেধাবী) (গৌতম) দুবিহে (দ্বিবিধ) লিংগে (লিঙ্গে=বেশে, সাধুর বেশে) তে (আপনার) বিপ্পচ্চও (সংশয়) কহং ন (কেন হয় না ?) ॥৩০॥

হে মেধাবী গৌতম মোক্ষসাধনরূপ এক কার্যে প্রবৃত্ত উভয় তীর্থঙ্করের আচারবৈশিষ্ট্যের কারণ কি ? সাধুর দুই প্রকার বেশেতে আপনার সন্দেহ হয় না কেন ?

কেসিং এবং বুবাণং তু, গোয়মো ইণমব্ববী।
বিণ্ণাণেণ সমাগম্ম, ধম্মসাহণমিচ্ছিয়ং ॥৩১॥

কেসিং এবং বুবাণং (কেশীকুমারকে এইরূপ বলিতে দেখিয়া) গোয়মো ইণমব্ববী (গৌতম এইরূপ উত্তর করিলেন) (তীর্থঙ্করগণ) বিণ্ণাণেণ (বিজ্ঞানের দ্বারা = বিশিষ্ট প্রকার জ্ঞানের দ্বারা, কেবল জ্ঞানের দ্বারা) সমাগম্ম (সম্যক্‌রূপে অবগত হইয়া = যাহার পক্ষে যাহা উচিত তাহা জ্ঞাত হইয়া) ধম্মসাহণং (ধর্মসাধন = ধর্মোপকরণ, সাধুগণের ধর্মসাধনের জন্য যেরূপ বেশাদি উপকরণের প্রয়োজন তাহা) ইচ্ছিয়ং (ইচ্ছা করিয়াছেন = নির্দেশ দিয়াছেন) ॥৩১॥

কেশীকুমার এইরূপ বলিলে গৌতম উত্তর দিলেন 'তীর্থঙ্করগণ কেবল জ্ঞানের দ্বারা ধর্মসাধনের জন্য যাহার যেরূপ বেশাদি উপকরণের প্রয়োজন তাহা সম্যক্ প্রকারে জ্ঞাত হইয়া তদ্রূপ নির্দেশ দিয়াছেন' ॥৩১॥

পচ্চয়থং চ লোগস্‌স[১], ণাণাবিহবিগপ্পণং।
জত্তত্থং[২] গহণত্থং[৩] চ, লোগে লিংগপওয়ণং ॥৩২॥

লোগে (লোকে = সংসারে) ণাণাবিহবিগপ্পণং (নানাবিধ বিকল্পন = নানাবিধ বেশাদির কল্পনা) (ও) লিংগপওয়ণং (লিঙ্গ প্রয়োজন = বেশধারণের প্রয়োজন) লোগস্‌স (লোকের = মনুষ্যগণের) পচ্চয়থং (প্রত্যয়ার্থ = প্রত্যয়ের জন্য) জত্তত্থং (যাত্রার্থ = সংযম পালনের জন্য) চ (ও) গহণত্থ (গ্রহণার্থ = জ্ঞানের জন্য, আমি সাধু এই জ্ঞান উৎপন্ন হইবার জন্য) (হয়) ॥৩২॥

হে কেশীকুমার মুনি, মনুষ্যগণের প্রত্যয়ের জন্য, সংযম পালনের জন্য ও আমি সাধু এই জ্ঞান উৎপন্ন হইবার জন্য সংসারে নানাবিধ বেশাদির কল্পনা ও বেশধারণের প্রয়োজন হইয়া থাকে ॥৩২॥

অহ ভবে পইণ্ণা উ, মুক্‌খসত্তূয়সাহণা।
ণাণং চ দংসণং চেব, চরিত্তং চেব ণিচ্ছএ[৪] ॥৩৩॥

১। 'লোযস্‌স' টীকা ২।

২। "যাত্রা সংযমনির্বাহস্তদর্থম্" টীকা ২।

৩। "গ্রহণং জ্ঞাণং তদর্থং চ কথঞ্চিচ্চিত্তবিপ্লবোৎপত্তাবপি যথাহহং ব্রতীত্যেতদর্থম্" টীকা ২।

৪। জৈনদর্শনে বস্তুর স্বরূপ প্রধানতঃ দুইপ্রকার দৃষ্টির দ্বারা নিরূপিত করা হয়। একটীকে নিশ্চয়ই দৃষ্টি বা নিশ্চয়নয় ও অপরটীকে ব্যবহার দৃষ্টি বা ব্যবহার নয় বলা হয়। যে দৃষ্টির দ্বারা পরবস্তুর অপেক্ষা না রাখিয়া কোন এক বস্তুর তাত্ত্বিক স্বরূপের নিরূপণ করা হয় তাহাকে নিশ্চয় নয় ও যে দৃষ্টির দ্বারা পরবস্তুর অপেক্ষার সহিত কোন এক বস্তুর বিচার করা হয় তাহাকে ব্যবহার নয় বলা হয়।

অহ (অথ) ণিচ্ছএ (নিশ্চয়ে = নিশ্চয়রূপে, তাত্ত্বিকরূপে, নিশ্চয়নয়ে) ণাণং (জ্ঞান) চ (ও) দংসণং (দর্শন = তত্ত্বে যথার্থ অভিরুচি) চেব (ও) চরিত্তং (চারিত্র = অহিংসাদি পঞ্চ মহাব্রতের আচরণ) মুক্খসত্তূয়সাহণা (মোক্ষসম্ভূত-সাধনা = মোক্ষপ্রাপ্তির সাধন বা উপায়) পার্শ্বনাথ ও মহাবীর উভয় তীর্থঙ্করের এই) পইণ্ণা (প্রতিজ্ঞা = মত, নিয়ম) ভবে (হয়) ॥৩৩॥

তাত্ত্বিকরূপে জ্ঞান, দর্শন ও চারিত্রই মোক্ষপ্রাপ্তির সাধন বা উপায় ইহাই পার্শ্বনাথ ও মহাবীর উভয় তীর্থঙ্করের মত। (বেশধারণ তাত্ত্বিকরূপে মোক্ষ সাধনের উপায় নয় কিন্তু সংযম পালনে সহায়ক মাত্র। তজ্জন্য বেশের ভিন্নতায় সংশয়ের কোন কারণ নাই।) ॥৩৩॥

সাহু গোয়ম পণ্ণা তে, ছিণ্ণো মে সংসও ইমো।
অণ্ণোবি সংসও মজ্ঝং, তং মে কহস্সু গোয়মা ॥৩৪॥

(শব্দার্থ পূর্ববৎ)
হে গৌতম, আপনার প্রজ্ঞা উত্তম। আমার এই সংশয় দূরীভূত হইল। আমার আরও সংশয় আছে, হে গৌতম, তাহার উত্তর আমাকে বলুন ॥৩৪॥

অণেগাণং সহস্সাণং, মজ্ঝে চিট্ঠসি গোয়মা।
তে য তে অভিগচ্ছংতি, কহং তে ণিজ্জিয়া তুমে ॥৩৫॥

গোয়মা (হে গৌতম) অণেগাণং (অনেক) সহস্সাণং (সহস্রের সহস্র শত্রুগণের মজ্ঝে (মধ্যে) চিট্ঠসি (অবস্থান করিতেছেন) য (ও) তে (তাহারা = অনেক সহস্র শত্রুগণ) তে (আপনার প্রতি) অভিগচ্ছংতি (যাইতেছে = ধাবিত হইতেছে) তুমে (আপনার দ্বারা) তে (তাহারা) কহং (কি প্রকারে) ণিজ্জিয়া (নির্জিত = পরাজিত) (হইয়াছে) ॥৩৫॥

অনেক সহস্র শত্রুগণের মধ্যে আপনি অবস্থান করিতেছেন, তাহারা আপনার প্রতি ধাবিত হইতেছে অর্থাৎ আপনাকে অভিভূত করিবার জন্য আপনার প্রতি বেগে আসিতেছে। আপনি কি করিয়া তাহাদিগকে পরাজিত করিতেছেন ? ॥৩৫॥

এগে জিএ জিয়া পংচ, পংচ জিএ জিয়া দস।
দসহা উ জিণিত্তা ণং, সব্বসত্তু জিণামহং[১] ॥৩৬॥

১। 'জিণামিহং' টীকা ১।

এগে (এক=এক শত্রু) জিএ (জিত হইলে) পংচ (পঞ্চ=পঞ্চশত্রু) জিয়া (জিত হইল) পংচ (পঞ্চ শত্রু) জিএ (জিত হইলে) দস (দশ=দশ শত্রু) জিয়া (জিত হইল) উ (আবার) দসহা (দশধাকে=দশ প্রকার শত্রুকে) জিণিত্তা (জয় করিয়া) হং (আমি) সব্বসত্তু (সর্ব শত্রু) জিণাম (জয় করি) ॥৩৬॥

এক শত্রুকে জয় করিলে পাঁচ শত্রু জিত হয়। পাঁচ শত্রুকে জয় করিলে দশ শত্রু জিত হয়। দশপ্রকার শত্রুকে জয় করিয়া আমি সমস্ত শত্রুকে জয় করি ॥৩৬॥

সত্তূয় ইই কে বুত্তে, কেসী গোয়মমব্ববী।
তও কেসিং বুবংতং তু, গোয়মো ইণমব্ববী ॥৩৭॥

কেসী (কেশী মুনি) গোয়মং (গৌতমকে) অব্ববী (বলিলেন) ইই (এই) সত্তূ (শত্রু) কে বুত্তে (কে কথিত হইয়াছে) তও (তৎপরে) ইত্যাদি পূর্ববৎ ॥৩৭॥

কেশীমুনি গৌতমকে বলিলেন, 'আপনি কাহাকে শত্রু বলেন?' কেশীকে এইরূপ বলিতে দেখিয়া গৌতম বলিলেন ॥৩৭॥

এগপ্পা অজিএ সত্ত, কসায়া ইংদিয়াণি য়।
তে জিণিত্তু জহাণায়ং, বিহরামি অহং মুণী ॥৩৮॥

এগপ্পা (এক আত্মা=এক মন) কসায়া (কষায় সকল=চারি কষায়, ক্রোধ, মান, মায়া ও লোভ) য় (ও) ইংদিয়াণি (ইন্দ্রিয়সকল=স্পর্শ, রস, ঘ্রাণ, দর্শন ও শ্রবণ, পাঁচপ্রকার ইন্দ্রিয়) (ইহারা) অজিএ (অজিত=দুর্জয়) সত্তূ (শত্রু) মুণী (হে মুনি) অহং (আমি) তে (তাহাদিগকে) জহাণায়ং (যথান্যায়=শাস্ত্র নিয়মানুযায়ী) জিণিত্তু (জয় করিয়া) বিহরামি (বিচরণ করি) ॥৩৮॥

গৌতম বলিলেন, এক মন ও চারি প্রকার কষায়। মিলিত হইয়া পাঁচ প্রকার শত্রু, ও পাঁচ ইন্দ্রিয় মিলিয়া দশপ্রকার দুর্জয় শত্রু। হে মুনি, ইহাদিগকে শাস্ত্রনিয়মানুযায়ী জয় করিয়া আমি বিচরণ করি ॥৩৮॥

সাহু গোয়ম পন্না তে, ছিন্নো মে সংসও ইমো।
অন্নো বি সংসও মজ্ঝং, তং মে কহস্সু গোয়মা ॥৩৯॥

(শব্দার্থ পূর্ববৎ)

কেশীমুনি বলিলেন, হে গৌতম, আপনার প্রজ্ঞা উত্তম। আমার এই সন্দেহ দূরীভূত হইল। আমার আরও সংশয় আছে, হে গৌতম, তাহার উত্তর করুন ॥৩৯॥

দীসংতি বহবে লোএ, পাসবদ্ধা সরীরিণো।
মুক্কপাসো লহুত্তুও[১], কহং তং বিহরসী মুণী ॥৪০॥

(কেশীমুনি বলিলেন) মুণী (হে মুনি=হে গৌতম মুনি) লোএ (লোকে=সংসারে) বহবে (বহু) সরীরিণো (শরীরী=প্রাণিগণ) পাসবদ্ধা (পাশবদ্ধ) দীসংতি (দেখা যাইতেছে) তং (আপনি) কহং (কি প্রকারে) মুক্কপাসো (মুক্তপাশ=পাশ হইতে মুক্ত) লহুত্তুও (লঘুভূত=বায়ুর ন্যায় অপ্রতিবদ্ধ) (হইয়া) বিহরসী (বিচরণ করিতেছেন) ॥৪০॥

কেশীমুনি বলিলেন, হে গৌতম মুনি, সংসারে বহু প্রাণিগণ পাশ বদ্ধ হইয়া আছে এইরূপ দেখা যাইতেছে কিন্তু আপনি কি প্রকারে মুক্তপাশ ও বায়ুর ন্যায় অপ্রতিবদ্ধ হইয়া বিহার করিতেছেন ॥৪০॥

তে পাসে সব্বসো ছিত্তা, ণিহংতূণ উবায়ও।
মুক্কপাসো লহুত্তুও, বিহরামি অহং মুণী ॥৪১॥

(গৌতম উত্তর করিলেন) মুণী (হে মুনি=হে কেশীমুনি) তে সব্বসো পাসে (সেই পাশ সকলকে) উবায়ও (উপায়ের দ্বারা=সৎভাবনাদিরূপ উপায়ের দ্বারা) ছিত্তা (ছেদন করিয়া) (ও) ণিহংতূণ (নিহত করিয়া=বিনাশ করিয়া) মুক্কপাসো (মুক্তপাশ) লহুত্তুও (লঘুভূত) (হইয়া) অহং (আমি) বিহরামি (বিহার করিতেছি) ॥৪১॥

গৌতম উত্তর করিলেন, হে কেশীমুনি, সেই পাশসমূহকে সদ্ভাবনাদি উপায়ের দ্বারা ছিন্ন ও নষ্ট করিয়া পাশমুক্ত ও অপ্রতিবদ্ধ হইয়া বিহার করিতেছি ॥৪১॥

পাসা য ইই কে বুত্তা, কেসী গোয়মমব্ববী।
কেসিং এবং বুবংতং তু, গোয়মো ইণমব্ববী ॥৪২॥

---

১ "লঘুভূতো বায়ুস্তত্তশ্চ লঘুভূত ইব লঘুভূতঃ সর্বত্রাপ্রতিবদ্ধত্বাৎ" টীকা ২।

পাসা (পাশ=বন্ধন), অন্যান্য পূর্ববৎ।

কেশীকুমার গৌতমকে বলিলেন, 'পাশ অর্থাৎ বন্ধন কাহাকে বলে?' কেশীমুনি এইরূপ বলিলে গৌতম উত্তর করিলেন ॥৪২॥

রাগদ্দেসাদও[১] তিব্বা, ণেহ পাসা ভয়ংকরা।
ছিংদিত্তু জহাণায়ং, বিহরামি জহক্কমং ॥৪৩॥

(গৌতম উত্তর করিলেন) তিব্বা (তীব্র) রাগদ্দেসাদও (রাগদ্বেষাদি=রাগ, দ্বেষ ও মোহাদি) (ও) ণেহ (স্নেহ) ভয়ংকরা (ভয়ঙ্কর) পাসা (পাশ=বন্ধন) তে (তাহাদিগকে) জহাণায়ং (শাস্ত্রনিয়মানুযায়ী) ছিংদিত্তু (ছিন্ন করিয়া) জহক্কমং (যথাক্রম=সাধুর আচারানুযায়ী) বিহরামি (বিহার করিতেছি) ॥৪৩॥

গৌতম বলিলেন, তীব্র রাগ, দ্বেষ, মোহ প্রভৃতি ও স্নেহই ভয়ঙ্কর পাশ। তাহাদিগকে যথাশাস্ত্র ছেদন করিয়া সাধুর আচারানুযায়ী বিহার করিতেছি ॥৪৩॥

সাহু গোয়ম পন্না তে, ছিন্নো মে সংসও ইমো।
অন্নো বি সংসও মজ্ঝং, তং মে কহস্সু গোয়মা ॥৪৪॥

(শব্দার্থ পূর্ববৎ)

হে গৌতম, আপনার প্রজ্ঞা উত্তম। আমার এই সংশয় দূরীভূত হইল। আমার আরও সংশয় আছে তাহার উত্তর করুন ॥৪৪॥

অংতোহিয়য়সংভূয়া[২], লয়া চিট্ঠই গোয়মা।
ফলেই বিসভক্খীণি, সা উ উদ্ধরিয়া[৩] কহং ॥৪৫॥

গোয়মা (হে গৌতম) অংতোহিয়য়সংভূয়া (অন্তর্হৃদয়সম্ভূত=হৃদয়ের মনের মধ্যে উৎপন্ন) লয়া (লতা) চিট্ঠই (আছে) (যাহা) বিসভক্খীণি (বিষভক্ষ্য=যাহা ভক্ষণ করিলে বিষের ন্যায় প্রাণ হরণ করে, বিষফল) ফলেই (ফলে=ফলপ্রদান করে) সা (সেই=সেই লতা) কহং (কি প্রকারে) (আপনার দ্বারা) উদ্ধরিয়া (উদ্ধৃত হইয়াছে=উৎপাটিত হইয়াছে) ॥৪৫॥

১। 'রাগদ্দোসাইও' টীকা ১।

২। "হৃদয়স্যান্তরন্তর্হৃদয়ং মনস্তত্র সম্ভূতা" টীকা ২।

৩। "উদ্ধৃতোৎপাটিতা" টীকা ২।

হে গৌতম, হৃদয়ের মধ্যে উৎপন্ন লতা আছে যাহাতে বিষফল ফলে। সেই লতাকে আপনি কি করিয়া উৎপাটিত করিয়াছেন ॥৪৫॥

তং লয়ং সব্বসো ছিত্তা, উদ্ধরিত্তা সমূলিয়ং।
বিহরামি জহাণায়ং, মুক্কো মি বিসভক্খণং[১] ॥৪৬॥

(গৌতম উত্তর করিলেন) তং লয়ং (সেই লতাকে) সব্বসো (সর্ব প্রকারে) ছিত্তা (ছেদন করিয়া) (ও) সমূলিয়ং (সমূলিক=মূলের সহিত, সমূলে) উদ্ধরিত্তা (উৎপাটন করিয়া) জহাণায়ং (যথাশাস্ত্র) বিহরামি (বিচরণ করি) (তজ্জন্য) বিসভক্খণং (বিষভক্ষণ হইতে) মুক্কোমি (মুক্ত হইয়াছি) ॥৪৬॥

গৌতম বলিলেন, হে কেশীমুনি, আমি সেই লতাকে সর্বপ্রকারে ছিন্ন করিয়া ও সমূলে উৎপাটিত করিয়া যথাশাস্ত্র বিচরণ করি এবং তজ্জন্য বিষভক্ষণ হইতে মুক্ত হইয়াছি ॥৪৬॥

লয়া য় ইই কা বুত্তা, কেসী গোয়মমব্ববী।
তও[২] কেসীং[২] বুবংতং তু, গোয়মো ইণমব্ববী ॥৪৭॥

(শব্দার্থ পূর্ববৎ)

কেশীমুনি গৌতমকে বলিলেন, 'এই লতা কাহাকে বলে ?' কেশী এইরূপ বলিলে গৌতম এইরূপ উত্তর করিলেন ॥৪৭॥

ভবতহ্হা[৩] লয়া বুত্তা, ভীমা ভীমফলোদয়া।
তমুচ্ছিত্তু[৪] জহাণায়ং, বিহরামি মহামুণী ॥৪৮॥

মহামুণী (হে মহামুনি) ভীমা (ভীমা=ভয়প্রদা, ভীষণা) ভীমফলোদয়া (ভীমফলোদয়া=যাহার উদয় অর্থাৎ বিপাক অত্যন্ত কষ্টদায়ক, কষ্টদায়ক ফলপ্রদানকারিণী) ভবতহ্হা (ভবতৃষ্ণা=সংসারের তৃষ্ণা, সংসারে সুখভোগ করিবার স্পৃহা) লয়া (লতা) বুত্তা (কথিত হইয়াছে) তং (তাহাকে) জহাণায়ং (যথা শাস্ত্র) উচ্ছিত্তু (উচ্ছেদন করিয়া) বিহরামি (বিহার করিতেছি) ॥৪৮॥

১। 'বিসভক্খণা' টীকা ১।

২। 'কেসিমেবং' টীকা ৩।

৩। "ভবঃ সংসারস্তস্মিংস্তৃষ্ণা লোভাত্মিকা" টীকা ২।

গৌতম বলিলেন, 'হে মহামুনি ভীষণ ও ভীষণ ফল প্রদানকারী সংসারের সুখভোগের তৃষ্ণাকেই লতা বলা হইয়াছে। তাহাকে যথাশাস্ত্র উচ্ছিন্ন করিয়া আমি বিহার করিতেছি' ॥৪৮॥

সাহু গোয়ম পন্না তে, ছিন্নো মে সংসও ইমো।
অন্নোবি সংসও মজ্ঝং, তং মে কহস্সু গোয়মা ॥৪৯॥

(শব্দার্থ পূর্ববৎ)

হে গৌতম, আপনার প্রজ্ঞা উত্তম। আমার এই সংশয় ছিন্ন হইল। হে গৌতম, আমার অন্য সংশয়ও আছে, তাহার উত্তর বলুন ॥৪৯॥

সংপজ্জলিয়া ঘোরা, অগ্গী চিট্ঠই গোয়মা।
জে ডহংতি সরীরত্থা[১], কহং বিজ্ঝাবিয়া তুমে ॥৫০॥

গোয়মা (হে গৌতম) সংপজ্জলিয়া (সম্প্রজ্বলিত=যাহা চতুর্দিকে প্রজ্বলিত হইয়া আছে) ঘোরা (ঘোর=ভীষণ) অগ্গী (অগ্নিসকল) চিট্ঠই (আছে) জে (যাহা) সরীরত্থা (শরীরস্থকে=শরীরের অভ্যন্তরে স্থিত জীবকে, শরীরধারী জীবগণকে) ডহংতি (দগ্ধ করিতেছে) তুমে (আপনার দ্বারা) (তাহা) কহং (কি প্রকারে) বিজ্ঝাবিয়া (বিধ্যাপিত=নির্বাপিত) (হইয়াছে) ॥৫০॥

হে গৌতম, অত্যন্ত প্রজ্বলিত, ভীষণ অগ্নিসকল আছে যাহা শরীরধারী জীবগণকে দগ্ধ করিতেছে। আপনি কি প্রকারে তাহাদিগকে নির্বাপিত করিয়াছেন ? ॥৫০॥

মহামেহপ্পসূয়াও[২], গিজ্ঝ বারি জলুত্তমং।
সিংচামি সয়য়ং তে উ, সিত্তা নো ব ডহংতি মে ॥৫১॥

মহামেহপ্পসূয়াও (মহামেঘ প্রসূত হইতে=মহামেঘ হইতে উৎপন্ন নদী হইতে) জলুত্তমং (জলোত্তম=জলের মধ্যে উত্তম অর্থাৎ শ্রেষ্ঠ) বারি (বারি=জল) গিজ্ঝ (গ্রহণ করিয়া) তে (তাহাদিগকে=অগ্নিসমূহকে) সয়য়ং

১। "শরীরস্থান্ অর্থাৎ প্রাণিনো জীবান্" টীকা ১।

২। 'মহামেহপ্পভূয়াও' টীকা ১। "মহামেঘাৎপ্রসূতমুৎপন্নং মহামেঘপ্রসূতং তস্মাম্মহাস্রোতস ইতিগম্যম্" টীকা ২।

(সতত) সিংচামি (সেচন করিতেছি) (তজ্জন্য তাহারা) সিত্তা (সিক্ত) (হইয়া) মে (আমাকে) নো ব ডহংতি (দগ্ধ করে না) ॥৫১॥

(গৌতম উত্তর করিলেন) মহামেঘ প্রসূত নদী হইতে সমস্ত জলের মধ্যে উত্তম এইরূপ জল গ্রহণ করিয়া সতত অগ্নিসকলকে সিঞ্চন করিতেছি তজ্জন্য তাহারা সিক্ত হইয়া আমাকে দগ্ধ করে না ॥৫১॥

অগ্‌গী য় ইই কে বুত্তে, কেসী গোয়মমব্ববী ।
তও কেসিং বুবংতং তু, গোয়মো ইণমব্ববী ॥৫২॥

(শব্দার্থ পূর্ববৎ)

কেশীমুনি গৌতমকে বলিলেন, 'এই অগ্নিসকল কাহাকে বলা হয় ?' কেশী এরূপ বলিলে তখন গৌতম উত্তর করিলেন ॥৫২॥

কসায়া অগ্‌গিণো বুত্তা, সুয়সীলতবো জলং ।
সুয়ধারাভিহয়া সংতা, ভিণ্ণা[১] হু ন ডহংতি মে ॥৫৩॥

(হে কেশীমুনি) কসায়া (কষায় সকল=ক্রোধ, মান, মায়াও লোভরূপ চারি-প্রকার কষায়) অগ্‌গিণো (অগ্নিসকল) (বলিয়া) বুত্তা (কথিত হইয়াছে) সুয়সীলতবো (শ্রুতশীলতপ অর্থাৎ শ্রুত=শাস্ত্রোক্ত উপদেশ, শীল=পঞ্চ-মহাব্রতের আচরণ, তপ=তপস্যা) জলং (জল=তীর্থঙ্কররূপ মহামেঘের উপদেশ হইতে উৎপন্ন আগম শাস্ত্ররূপ নদীর জল) (বলিয়া কথিত) (কষায় রূপ অগ্নিসকল) সুয়ধারাভিহয়া সংতা (শ্রুতধারাভিহতা=আগম শাস্ত্রের উপদেশরূপ জলের ধারার দ্বারা অভিহত হইয়া) ভিণ্ণা (ভিন্ন=নির্বাপিত) (হইয়াছে) (তজ্জন্য) হু (নিশ্চয়ই) মে (আমাকে) ন ডহংতি (দগ্ধ করে না) ॥৫৩॥

হে কেশীমুনি, ক্রোধ, মান, মায়া ও লোভ রূপ কষায়ই অগ্নি বলিয়া কথিত। শাস্ত্রোপদেশ, মহাব্রতাচরণ ও তপস্যাই তীর্থঙ্কররূপ মহামেঘের উপদেশের দ্বারা উৎপন্ন আগমশাস্ত্ররূপ নদীর জল বলিয়া উক্ত হইয়াছে। আগমশাস্ত্রের উপদেশরূপ জলের ধারার দ্বারা অভিহিত হইয়া কষায়রূপ অগ্নিসকল নির্বাপিত হইয়াছে, তজ্জন্য আমাকে নিশ্চয়ই দগ্ধ করে না ॥৫৩॥

১। "ভিন্নাবিধ্যাপিতাঃ" টীকা ১।

সাহু গোয়ম পন্না তে, ছিন্নো মে সংসও ইমো।
অন্নো বি সংসও মজ্ঝং, তং মে কহস্সু গোয়মা ॥৫৪॥

(শব্দার্থ পূর্ববৎ)

হে গৌতম, আপনার প্রজ্ঞা উত্তম। আমার এই সংশয় ছিন্ন হইল। আমার অন্য সংশয়ও আছে। হে গৌতম, তাহার উত্তর করুন ॥৫৪॥

অইসাহসিও[১] ভীমো দুট্ঠস্সো পরিধাবই।
জংসি গোয়মমারুঢ়ো, কহং তেণ ন হীরসী ॥৫৫॥

অইসাহসিও (অতিসাহসিক=দুঃসাহসিক, দুর্দমনীয়) ভীমো (ভয়ঙ্কর) দুট্ঠস্সো (দুষ্ট অশ্ব) জংসি (যাহাতে) গোয়ম (হে গৌতম) (আপনি) আরূঢ়ো (আরূঢ় হইয়া আছেন) (তাহা) পরিধাবই (তীব্রবেগে ধাবিত হইতেছে) তেণ (তাহার দ্বারা=দুষ্ট অশ্বের দ্বারা) (আপনি) কহং (কেন) ন হীরসী (উন্মার্গে নীত হইতেছেন না) ॥৫৫॥

অত্যন্ত দুর্দান্ত, ভয়ঙ্কর, দুষ্ট অশ্ব, যাহার উপর আপনি আরূঢ় হইয়া আছেন তাহা তীব্রবেগে ধাবিত হইতেছে। সেই দুষ্ট অশ্বের দ্বারা আপনি উন্মার্গে নীত হইতেছেন না কেন ?॥৫৫॥

পহাবংতং ণিগিহ্হামি, সুয়রস্সীসমাহিয়ং[২]।
ন মে গচ্ছই উম্মগ্গং, মগ্গং চ পড়িবজ্জই ॥৫৬॥

(গৌতম উত্তর করিলেন) পহাবংতং (প্রধাবন্ত=উন্মার্গের প্রতি ধাবিত) (এইরূপ অশ্বকে) সুয়রস্সীসমাহিয়ং (শ্রুত রশ্মি সমাহিত=শ্রুত শাস্ত্ররূপ বল্গার দ্বারা বদ্ধ) (করিয়া) ণিগিহ্হামি (নিগৃহীত করি=বশীভূত করি) মে (আমার) (সেই দুষ্ট অশ্ব) উম্মগ্গং (উন্মার্গে) ন গচ্ছই (গমন করে না) চ (এবং) মগ্গং (মার্গ=সন্মার্গ) পড়িবজ্জই (প্রতিপাদন করে=স্বীকার করে) ॥৫৬॥

গৌতম বলিলেন, উন্মার্গের প্রতি ধাবিত দুষ্ট অশ্বকে শাস্ত্ররূপ বল্গার দ্বারা আবদ্ধ করিয়া আমি বশীভূত করি। আমার সেই দুষ্ট অশ্ব উন্মার্গে গমন করে না, কিন্তু সন্মার্গে প্রবর্তিত হয় ॥৫৬॥

১। 'অয়ং সাহসিও' টীকা ২ ও ৩।

২। "শ্রুতরশ্মিসমাহিতং সিদ্ধান্তবল্গয়া বদ্ধম্" টীকা ১।

অস্‌সে য় ইই কে বুত্তে, কেসী গোয়মমব্ববী।
তও কেসিং বুবংতং তু, গোয়মো ইণমব্ববী ॥৫৭॥

(শব্দার্থ পূর্ববৎ)

কেশীমুনি গৌতমকে বলিলেন, 'এই অশ্ব কাহাকে বলে ?' তৎপরে কেশী এইরূপ বলিলে গৌতম উত্তর করিলেন ॥৫৭॥

মণো সাহসিও[১] ভীমো, দুট্ঠস্‌সো পরিধাবঈ।
তং সম্মং তু ণিগিহ্হামি, ধম্মসিক্‌খাই কংথগং[২] ॥৫৮॥

(গৌতম বলিলেন) সাহসিও (দুর্দান্ত) ভীমো (ভয়ানক) মনো (মন= মনরূপ) দুট্ঠস্‌সো (দুষ্ট অশ্ব) পরিধাবঈ (বেগে ধাবিত হইতেছে) তু (কিন্তু) তং (তাহাকে) ধম্মসিক্‌খাই (ধর্মশিক্ষার দ্বারা) কংথগং (কন্থকের ন্যায়=উত্তম জাতীয় অশ্বের ন্যায়) সম্মং (সম্যক্ প্রকারে) ণিগিহ্হামি (নিগৃহীত করি=বশীভূত করি) ॥৫৮॥

দুর্দান্ত ও ভয়ানক মনরূপ দুষ্ট অশ্ব ইতস্ততঃ ধাবিত হইতেছে, কিন্তু তাহাকে ধর্মশিক্ষার দ্বারা উত্তম জাতীয় কন্থক অশ্বের ন্যায় সম্যক্ প্রকারে বশীভূত করি ॥৫৮॥

সাহু গোয়ম পন্না তে, ছিন্নো মে সংসও ইমো।
অন্নো বি সংসও মজ্ঝং, তং মে কহস্সু গোয়মা ॥৫৯॥

(শব্দার্থ পূর্ববৎ)

হে গৌতম, আপনার প্রজ্ঞা উত্তম। আমার এই সংশয় ছিন্ন হইল। আরও সংশয় আমার আছে। হে গৌতম তাহার উত্তর বলুন ॥৫৯॥

কুপ্পহা বহবো লোএ, জেসিং নাসংতি[৩] জংতবো।
অদ্ধাণে কহ বট্টংতো, তং ন ণাসসি[৪] গোয়মা ॥৬০॥

(কেশী প্রশ্ন করিলেন) লোএ (লোকে=সংসারে) বহবো (বহু) কুপ্পহা

১। 'সাহস্‌সিও' টীকা ৩।

২। ১১।১৬ সূত্রের ব্যাখ্যার ২নং পাদটীকায় দ্রষ্টব্য।

৩। 'নস্‌সংতি' টীকা ২।

৪। 'নস্‌সসি' টীকা ২।

(কুপথ=কুমার্গ) (আছে) জহিং (যাহাতে) জংতবো (প্রাণিগণ) ণাসংতি (বিনাশ প্রাপ্ত হয়=সন্মার্গ হইতে ভ্রষ্ট হইয়া বিনষ্ট হয়) গোয়মা (হে গৌতম) অদ্ধাণে (অধ্বতে=মার্গে) বট্টংতো (বর্তমান থাকিয়া) তং (আপনি) কহ (কেন) ন ণাসসি (বিনাশ প্রাপ্ত হইতেছেন না=সন্মার্গ হইতে ভ্রষ্ট হইয়া বিনষ্ট হইতেছেন না) ॥৬০॥

কেশীকুমার প্রশ্ন করিলেন, সংসারে অনেক কুমার্গ আছে যাহা অবলম্বন করিলে প্রাণিগণ সন্মার্গ হইতে চ্যুত হইয়া বিনষ্ট হয়। হে গৌতম, আপনি মার্গে বর্তমান থাকিয়া বিনষ্ট হইতেছেন না কেন? অর্থাৎ কুমার্গে পতিত হইয়া বিনষ্ট হইতেছেন না কেন? ॥৬০॥

জে য় মগ্গেণ গচ্ছংতি, জে য় উম্মগ্গপট্ঠিয়া।
তে সব্বে বিইয়া মজ্ঝং, তো ন নস্সামহং মুণী ॥৬১॥

(গৌতম উত্তর করিলেন) মুণী (হে কেশীমুনি) জে (যাহারা) মগ্গেণ (মার্গে=সন্মার্গে) গচ্ছংতি (গমন করে) য় (ও) জে (যাহারা) উম্মগ্গ-পট্ঠিয়া (উন্মার্গপ্রস্থিত=উন্মার্গে প্রবৃত্ত) তে সব্বে (তাহারা সকলে) মজ্ঝং (আমার নিকট) বিইয়া (বিদিত) (আছে) তো (তজ্জন্য) ন নস্সামহং (আমি বিনষ্ট হই না) ॥৬১॥

গৌতম উত্তর করিলেন, হে কেশী মুনি, যাহারা সন্মার্গে প্রবৃত্ত ও যাহারা উন্মার্গে প্রবৃত্ত তাহাদের সকলকে আমি জানি তজ্জন্য আমি ভ্রান্ত পথে গমন করিয়া বিনষ্ট হই না ॥৬১॥

মগ্গে য় ইই কে বুত্তে, কেসী গোয়মমব্ববী।
কেসিমেবং বুবংতং তু, গোয়মো ইণমব্ববী ॥৬২॥

(শব্দার্থ পূর্ববৎ)

কেশীমুনি গৌতমকে প্রশ্ন করিলেন, 'এই মার্গ কাহাকে বলে?' কেশী এইরূপ বলিলে গৌতম উত্তর করিলেন ॥৬২॥

কুপ্পবয়ণপাসংডী, সব্বে উম্মাগ্গপট্ঠিয়া।
সম্মগ্গং তু জিণক্খায়ং, এস মগ্গে[১] হি উত্তমে[২] ॥৬৩॥

১। 'মগ্গো' টীকা ২।

২। 'উত্তমো' টীকা ২।

কুপ্পবয়ণপাসংডী (কুপ্রবচনপাষণ্ডী=অন্যদর্শনী বিধর্মিগণ) সব্বে (সকলে) উন্মগ্গপট্ঠিয়া (উন্মার্গপ্রবৃত্ত) তু (কিন্তু) জিণক্খায়ং (জিনাখ্যাত= তীর্থঙ্কর উপদিষ্ট) (মার্গ) সম্মগ্গং (সন্মার্গ) হি (নিশ্চয়ই) এস মগ্গে (এই মার্গ=জিনাখ্যাত মার্গ) উত্তমে (উত্তম) ॥৬৩॥

অন্যদর্শনী বিধর্মিগণ সকলে উন্মার্গে প্রবৃত্ত এবং তাহাই কুমার্গ বলিয়া কথিত। কিন্তু জিনোপদিষ্ট মার্গই সন্মার্গ এবং এই মার্গই উত্তম ॥৬৩॥

সাহু গোয়ম পন্না তে, ছিন্নো মে সংসও ইমো।
অন্নো বি সংসও মজ্ঝং, তং মে কহসু গোয়মা ॥৬৪॥

(শব্দার্থ পূর্ববৎ)

হে গৌতম, আপনার প্রজ্ঞা উত্তম। আমার এই সংশয় ছিন্ন হইল। আমার আরও সংশয় আছে, হে গৌতম তাহার উত্তর আমাকে বলুন ॥৬৪॥

মহাউদগবেগেণং, বুজ্ঝমাণাণ[১] পাণিণং।
সরণং গঈ পইট্ঠা[২] য, দীবং কং মন্নসী মুণী ॥৬৫॥

(কেশীমুনি প্রশ্ন করিলেন) মুণী (হে গৌতম মুনি) মহাউদগবেগেণং (মহা-উদক বেগের দ্বারা=মহাজলপ্রবাহের দ্বারা) বুজ্ঝমাণাণ (উহ্যমান=নীয়মান, প্লবমান) পাণিণং (প্রাণিগণের) সরণং (শরণ=রক্ষণ সমর্থ) গঈ (গতি= আশ্রয়) য (ও) পইট্ঠা (প্রতিষ্ঠা=অবস্থানভূমি) দীবং (দ্বীপ) কং মন্নসী (কাহাকে মনে করেন) ॥৬৫॥

কেশীমুনি প্রশ্ন করিলেন, হে গৌতম মুনি, মহাজলপ্রবাহের দ্বারা প্লবমান প্রাণিগণের রক্ষণ সমর্থ আশ্রয় ও অবস্থান ভূমি রূপ দ্বীপ কাহাকে মনে করেন ? ॥৬৫॥

অত্থি এগো মহাদীবো, বারিমজ্ঝে মহালও[৩]।
মহাউদগবেগস্স, গঈ তত্থ ন বিজ্জঈ ॥৬৬॥

(গৌতম উত্তর করিলেন) বারিমজ্ঝে (জলমধ্যে=সমুদ্রমধ্যে) এগো (এক)

১। 'বুড্ডমাণাণ' টীকা ১। "বুড্যমাণো নিমজ্জমান"।

২। "প্রতিষ্ঠাং স্থিরাবস্থানহেতুম্" টীকা ১ ও ২।

৩। "মহানুচ্চৈস্ত্বেন বিস্তীর্ণতয়া বাহলয়ঃ স্থানং যস্ত স মহালয়ঃ" টীকা ১।

মহালও (মহালয়=অত্যন্ত বিস্তীর্ণ) মহাদীবো (মহাদ্বীপ) অত্থি (আছে) তত্থ (সেখানে) মহাউদগবেগস্‌স (মহাজল প্রবাহের) গঈ (গতি) ন বিজ্জঈ (থাকে না) ॥৬৬॥

গৌতম উত্তর করিলেন, সমুদ্রমধ্যে একটি সুবিস্তীর্ণ মহাদ্বীপ আছে, যেখানে মহাজলপ্রবাহের গতি হয় না ॥৬৬॥

দীবে য ইই কে বুত্তে, কেসী গোয়মমব্ববী।
কেসিমেবং বুবংতং তু, গোয়মো ইণমব্ববী ॥৬৭॥

(শব্দার্থ পূর্ববৎ)

কেশী গৌতমকে প্রশ্ন করিলেন, 'এই দ্বীপ কাহাকে বলে ?' কেশী এইরূপ বলিলে গৌতম উত্তর করিলেন ॥৬৭॥

জরামরণবেগেণং, বুজ্ঝমাণাণ পাণিণং।
ধম্মো দীবো পইট্‌ঠায়, গঈ সরণমুত্তমং ॥৬৮॥

(গৌতম উত্তর করিলেন) জরামরণবেগেণং (জরামরণরূপ জলস্রোতে) বুজ্ঝমাণাণ (নীয়মান) পাণিণং (প্রাণিগণের) উত্তমং (উত্তম=শ্রেষ্ঠ) সরণং (রক্ষণ সমর্থ) গঈ (আশ্রয়) য (ও) পইট্‌ঠা (প্রতিষ্ঠা=আধার) ধম্মো দীবো (ধর্মরূপ দ্বীপ) (আছে) ॥৬৮॥

জরা ও মরণরূপ জলস্রোতের বেগে প্লবমান প্রাণিগণের ধর্মরূপ দ্বীপই সর্বোত্তম রক্ষাকর্তা, আশ্রয় ও আধার ॥৬৮॥

সাহু গোয়ম পন্না তে, ছিন্নো মে সংসও ইমো।
অন্নো বি সংসও মজ্ঝং, তং মে কহস্সু গোয়মা ॥৬৯॥

(শব্দার্থ পূর্ববৎ)

কেশীমুনি বলিলেন, হে গৌতম, আপনার প্রজ্ঞা উত্তম। আমার এই সংশয় দূরীভূত হইল। আমার অন্য সংশয়ও আছে, হে গৌতম তাহার উত্তর প্রদান করুন ॥৬৯॥

অন্নবংসি মহোহংসি, ণাবা বিপরিধাবঈ।
জংসি গোয়মমারুঢ়ো, কহং পারং গমিস্‌সসি ॥৭০॥

(কেশীমুনি প্রশ্ন করিলেন) মহোহংসি (মহৌঘ=মহাজলপ্রবাহযুক্ত) অন্নবংসি

(অর্ণবে=সমুদ্রে) ণাবা (নৌকা) বিপরিধাবঈ (ইতস্ততঃ গমন করিতেছে) জংসি (যাহাতে) আরূঢ় (আরূঢ়) (হইয়া) গোয়ম (হে গৌতম) (আপনি) কহং (কি প্রকারে) পারং (পারে=পরপারে) গমিস্সসি (গমন করিবেন) ॥৭০॥

কেশীমুনি প্রশ্ন করিলেন, মহাজলপ্রবাহ সমন্বিত সমুদ্রে নৌকা ইতস্ততঃ ভাসিয়া বেড়াইতেছে, তাহাতে আরূঢ় থাকিয়া হে গৌতম, আপনি কি প্রকারে পরপারে গমন করিবেন ? ॥৭০॥

জা উ অস্সাবিণী[১] ণাবা, ন সা পারস্স গামিণী ।
জা ণিরস্সাবিণী[২] ণাবা, সা উ পারস্স গামিণী ॥৭১॥

(গৌতম উত্তর করিলেন) জা (যে) ণাবা (নৌকা) অস্সাবিণী (অস্রাবিণী =যাহার মধ্যে জল প্রবেশ করে, ছিদ্রযুক্ত) সা (সেই=সেই নৌকা) ন পারস্স গামিণী (সমুদ্রের পারে গমন করে না) উ (কিন্তু) জা ণাবা (যে নৌকা) ণিরস্সাবিণী (নিরস্রাবিণী=যাহার মধ্যে জল প্রবেশ করে না, ছিদ্ররহিত) সা (সেই নৌকা) পারস্সগামিণী (পরপারে গমন করিতে সমর্থ) ॥৭১॥

গৌতম উত্তর করিলেন, যে নৌকায় জল প্রবেশ করে অর্থাৎ যাহা সচ্ছিদ্র, তাহা সমুদ্রের পরপারে গমন করিতে সমর্থ হয় না। কিন্তু যে নৌকায় জল প্রবেশ করে না অর্থাৎ ছিদ্ররহিত তাহা পরপারে গমন করিতে সমর্থ হয় ॥৭১॥

ণাবা য় ইই কা বুত্তা[৩], কেসীগোয়মমব্ববী ।
কেসিমেবং ব্রুবংতং তু, গোয়মো ইণমব্ববী ॥৭২॥

(শব্দার্থ পূর্ববৎ)

কেশীমুনি গৌতমকে প্রশ্ন করিলেন, 'এই নৌকা কাহাকে বলে ?' কেশী এইরূপ বলিলে গৌতম উত্তর করিলেন ॥৭২॥

সরীরমাহু ণাব ত্তি, জীবো বুচ্চই ণাবিও ।
সংসারো অণ্ণবো বুত্তো, জং তরংতি মহেসিণো ॥৭৩॥

১। 'আস্সাবিণী' টীকা ১।
২। 'নিস্সাবিণী' টীকা ১।
৩। 'কেবুত্তে' টীকা ২।

(গৌতম বলিলেন) সরীরং (শরীরকে) ণাব (নৌকা) আহু (বলা হইয়াছে) জীবো (জীব=আত্মা) ণাবিও (নাবিক) (বলিয়া) বুচ্চই (কথিত হয়) সংসারো (সংসার=চতুর্গতিরূপ সংসার) অণ্ণবো (অর্ণব= সমুদ্র) (বলিয়া) বুত্তো (উক্ত=কথিত) জং (যাহাকে=যে ভবার্ণবকে মহেসিণো (মহর্ষিগণ) তরংতি (উত্তীর্ণ হন) ॥৭৩॥

হে কেশীমুনি, শরীরকে নৌকা বলা হইয়াছে, আত্মা নাবিক বলিয়া কথিত ও চতুর্গতিরূপ সংসারই সমুদ্র বলিয়া উক্ত হইয়াছে। মহর্ষিগণ ইহার পরপারে গমন করেন ॥৭৩॥

সাহু গোয়ম পণ্ণা তে, ছিণ্ণো মে সংসও ইমো।
অণ্ণো বি সংসও মজ্ঝং, তং মে কহসু গোয়মা ॥৭৪॥

(শব্দার্থ পূর্ববৎ)

কেশীমুনি বলিলেন, হে গৌতম, আপনার বুদ্ধি উত্তম। আমার এই সংশয় ছিন্ন হইল। আমার অন্য সংশয়ও আছে, হে গৌতম, তাহার উত্তর বলুন ॥৭৪॥

অংধয়ারে[১] তমে ঘোরে, চিট্ঠংতি পাণিণো বহু।
কো করিস্সই উজ্জোয়ং, সব্বলোগংমি পাণিণং ॥৭৫॥

অংধয়ারে (অন্ধকার=যাহাতে লোককে অন্ধ করে, গাঢ়) ঘোরে (ঘোর= ভয়ানক) তমে (তমতে=অন্ধকারে) বহু পাণিণো (বহু প্রাণিগণ) চিট্ঠংতি (অবস্থান করে) সব্বলোগংমি (সমস্ত লোকে) পাণিণং (প্রাণিগণকে) কো (কে) উজ্জোয়ং (উদ্যোত=উজ্জ্বল) করিস্সই (করিবে) ॥৭৫॥

কেশীমুনি প্রশ্ন করিলেন, গাঢ় ও ভয়ানক অন্ধকারে বহু প্রাণিগণ অবস্থান করিতেছে। সমস্ত সংসারে প্রাণিগণকে কে আলোক প্রদান করিবে? ॥৭৫॥

উগ্গও বিমলো ভাণূ, সব্বলোগপ্পভংকরো।
সো করিস্সই উজ্জোয়ং, সব্বলোগংমি পাণিণং ॥৭৬॥

১। "অন্ধকারতমঃ শব্দয়োর্থঃযদ্যপ্যেক এবার্থস্তথাপ্যত্রান্ধকারশব্দস্তমসো বিশেষণত্বেন প্রতিপাদিতঃ অন্ধং করোতি লোকমিত্যন্ধকারং তস্মিন্নন্ধকারে" টীকা ১।

(গৌতম উত্তর করিলেন) সব্বলোগপ্পভংকরো (সর্বলোক প্রভাকর=সমস্ত সংসারে আলোক প্রদানকারক) বিমলো (বিমল=নির্মল) ভাণু (ভানু= সূর্য) উগ্‌গও (উদ্‌গত হইয়াছেন=উদিত হইয়াছেন) সো (তিনি) সব্বলোগংমি (সর্বলোকে) পাণিণং (প্রাণিগণকে) উজ্জোয়ং (উদ্যোত= উজ্জ্বল) করিস্‌সই (করিবেন) ॥৭৬॥

গৌতম উত্তর করিলেন, হে কেশীমুনি, সমস্ত সংসারে আলোকপ্রদানকারী নির্মল সূর্য উদিত হইয়াছে, সেই সমস্ত লোকের প্রাণিগণকে প্রকাশিত করিবে ॥৭৬॥

ভাণু য় ইই কে বুত্তে, কেসী গোয়মমব্ববী।
কেসিমেবং[১] বুবংতং তু, গোয়মো ইণমব্ববী ॥৭৭॥

(শব্দার্থ পূর্ববৎ)

কেশীমুনি গৌতমকে প্রশ্ন করিলেন, 'এই সূর্য কাহাকে বলে?' কেশীকে এইরূপ বলিতে দেখিয়া গৌতম উত্তর করিলেন ॥৭৭॥

উগ্‌গও[২] খীণসংসারো, সব্বণ্ণু জিণভক্‌খরো।
সো করিস্‌সই উজ্জোয়ং, সব্বলোগংমি পাণিণং ॥৭৮॥

খীণসংসারো (ক্ষীণসংসার=জন্ম, জরা ও মরণরূপ সংসারকে যিনি ক্ষয় করিয়াছেন) সব্বণ্ণু (সর্বজ্ঞ) জিণভক্‌খরো (জিনভাস্কর=তীর্থঙ্করূপ সূর্য) উগ্‌গও (উদিত হইয়াছেন) সো (তিনি) সব্বলোগংমি (সর্বলোকে) পাণিণং (প্রাণিগণকে) উজ্জোয়ং করিস্‌সই (আলোক প্রদান করিবেন) ॥৭৮॥

জন্ম, জরা ও মরণরূপ সংসার ক্ষয়কারী সর্বজ্ঞ তীর্থঙ্করূপ সূর্য উদিত হইয়াছেন। তিনি সমস্ত বিশ্বের প্রাণিগণকে আলোক প্রদান করিবেন ॥৭৮॥

সাহু সোয়ম পণ্ণা তে, ছিণ্ণো মে সংসও ইমো।
অণ্ণো হি সংসও মজ্ঝং, তং মে কহস্সু গোয়মা ॥৭৯॥

(শব্দার্থ পূর্ববৎ)

১। 'তও কেসিং' টীকা ১ ও ৩।

২। 'এগও' টীকা ১।

হে গৌতম, আপনার প্রজ্ঞা উত্তম। আমার এই সংশয় ছিন্ন হইল। আমার অন্য সংশয়ও আছে, হে গৌতম তাহার উত্তর বলুন ॥৭৯॥

সারীরমাণসে দুক্খে, বজ্ঝমাণাণ পাণিণং।
খেমং সিবং অণাবাহং, ঠাণং কিং মন্নসী মুণী ॥৮০॥

মুণী (হে গৌতম মুনি) সারীরমাণসে দুক্খে (শরীর ও মনের দুঃখের দ্বারা) বজ্ঝমাণাণ (বাধ্যমান=পীড়িত) পাণিণং (প্রাণিগণের) খেমং (ক্ষেম=ব্যাধিরহিত) সিবং (শিব=মঙ্গলময়) অণাবাহং (অনাবাধ=বাধাশূন্য, নিরুপদ্রব) ঠাণং (স্থান) কিং মন্নসী (কাহাকে মনে করেন) ॥৮০॥

হে গৌতম মুনি, শারীরিক ও মানসিক দুঃখের দ্বারা পীড়িত প্রাণিগণের পক্ষে ব্যাধিরহিত, মঙ্গলময় ও উপদ্রব শূন্য স্থান কাহাকে মনে করেন ? ॥৮০॥

অত্থি এগং ধুবং ঠাণং, লোগগ্গংমি দুরারুহং।
জত্থ নত্থি জরা মচ্চু, বাহিণো বেয়ণা তহা ॥৮১॥

(গৌতম উত্তর করিলেন, হে কেশীমুনি) লোগগ্গংমি (লোকাগ্রে=বিশ্বসংসারের উপরিভাগে) দুরারুহং (দুরারোহ=দুর্গম্য) এগং (এক) ধুবং (ধ্রুব=শাশ্বত) ঠাণং (স্থান) অত্থি (আছে) যত্থ (যেখানে) জরা (জরা) মচ্চু (মৃত্যু) বাহিণো (ব্যাধি) তহা (তথা) বেয়ণা (বেদনা) নত্থি (নাই) ॥৮১॥

গৌতম উত্তর করিলেন, হে কেশীমুনি, বিশ্বসংসারের সর্বোপরি ভাগে দুরারোহ এক শাশ্বত স্থান আছে, যেখানে জরা, মৃত্যু, ব্যাধি ও বেদনা নাই ॥৮১॥

ঠাণে য় ইই কে বুত্তে, কেসী গোয়মমব্ববী।
কেসিমেবং বুবংতং তু, গোয়মো ইণমব্ববী ॥৮২॥

(শব্দার্থ পূর্ববৎ)

কেশীমুনি গৌতমকে প্রশ্ন করিলেন, 'এই স্থান কাহাকে বলে' ? কেশী এইরূপ বলিলে গৌতম উত্তর করিলেন ॥৮২॥

নিব্বাণং তি অবাহং তি, সিদ্ধী লোগগ্গমেব য়।
খেমং সিবং অণাবাহং, জং চরংতি[১] মহেসিণো ॥৮৩॥

১। 'তরংতি' টীকা ২ ও ৩।

(গৌতম উত্তর করিলেন) (যাহা) ণিব্বাণং তি (নির্বাণ এই নামে) অবাহং তি (অবাধ এই নামে=বাধাহীন এই নামে) সিদ্ধী (সিদ্ধি এই নামে) লোগগ্গং (লোকাগ্র এই নামে) খেমং (ক্ষেম এই নামে=শাশ্বত সুখ এই নামে) সিবং (শিব এই নামে=মঙ্গলময় এই নামে) জং (যেখানে) মহেসিণো (মহর্ষিগণ) অণাবাহং (সর্বপ্রকার বাধা রহিত ভাবে) চরংতি (বিচরণ করেন=অবস্থান করেন) ॥৮৩॥

গৌতম উত্তর করিলেন, সেই স্থানকে নির্বাণ, অব্যাবাধ, সিদ্ধি, লোকাগ্র, ক্ষেম ও শিব নামে অভিহিত করা হয়, এবং যেখানে মহর্ষিগণ সর্বপ্রকার বাধা রহিত হইয়া অবস্থান করেন ॥৮৩॥

তং ঠাণং সাসয়ং বাসং, লোগগ্গংমি দুরারুহং।
জং সংপত্তা ন সোয়ংতি, ভবোহংতকরা মুণী ॥৮৪॥

তং ঠাণং (সেই স্থান) সাসয়ং বাসং (শাশ্বতবাস=নিত্য অবস্থিত, ধ্রুব) দুরারুহং (দুরারোহ=দুর্গম্য) লোগগ্গংমি (লোকাগ্রে) (অবস্থিত) জং (যেখানে) সংপত্তা (সংপ্রাপ্ত হইয়া=উপস্থিত হইয়া) ভবোহংতকরা (ভবৌঘান্তকর=ভব অর্থাৎ সংসারের, ওঘ অর্থাৎ সমূহকে, অন্তকর অর্থাৎ বিনাশকারী=সংসার প্রবাহ বিনাশকারী) মুণী (মুনিগণ) ন সোয়ংতি (শোক করে না) ॥৮৪॥

সেই স্থান শাশ্বত, দুর্গম্য ও লোকাগ্রে অবস্থিত। যেখানে উপস্থিত হইয়া সংসার প্রবাহ বিনাশকারী মুনিগণ শোক প্রাপ্ত হন না ॥৮৪॥

সাহু গোয়ম পণ্ণা তে, ছিণ্ণো মে সংসও ইমো।
ণমো তে সংসয়াঈয়[১], সব্বসুত্তমহোয়হী ॥৮৫॥

(শব্দার্থ "সাহু……ইমো" পর্যন্ত পূর্ববৎ) সংসয়াঈয় (হে সংশয়াতীত) সব্বসুত্তমহোয়হী (সর্বসূত্রমহোদধি=সমস্ত সিদ্ধান্ত পারদর্শী) তে (আপনাকে) ণমো (নমস্কার করি) ॥৮৫॥

কেশীমুনি বলিলেন, হে গৌতম আপনার প্রজ্ঞা উত্তম। আমার এই সংশয় দূরীভূত হইল। হে সংশয়াতীত, হে সর্বসিদ্ধান্তপারদর্শী, আপনাকে প্রণাম করি ॥৮৫॥

১। 'সংসয়াতীত' টীকা ১ ও ২।

এবং তু সংসএ ছিণ্ণে, কেসী ঘোরপরক্কমে।
অভিবংদিত্তা সিরসা, গোয়মং তু মহাজসং ॥৮৬॥
পংচ মহব্বয়ং ধম্মং, পড়িবজ্জই ভাবও।
পুরিমস্স পচ্ছিমংমী, মগ্গে তথ সুহাবহে ॥৮৭॥

এবং (এইরূপে) সংসএ (সংশয়সমূহ) ছিণ্ণে (ছিন্ন) (হইলে) ঘোরপরক্কমে (ঘোরপরাক্রম=উগ্র বীর্য সম্পন্ন, অত্যন্ত তেজস্বী) কেসী (কেশীমুনি) মহাজসং (মহাযশস্বী) গোয়মং (গৌতমকে) সিরসা (মস্তকের দ্বারা) অভিবংদিত্তা (অভিবন্দন করিয়া) পুরিমস্স (প্রথমের=প্রথম তীর্থঙ্করের) (ও) পচ্ছিমংমী (পশ্চিমের=শেষের অর্থাৎ শেষ তীর্থঙ্করের) সুহাবহে (সুখাবহ=কল্যাণকারী) মগ্গে (মার্গে) তথ (সেইস্থলে=তিন্দুক বনে) পংচমহব্বয়ং ধম্মং (পঞ্চমহাব্রত রূপ ধর্ম) ভাবও (ভক্তিভাবে=শ্রদ্ধার সহিত) পড়িবজ্জই (গ্রহণ করিলেন, স্বীকার করিলেন) ॥৮৬॥৮৭॥

এইরূপ সংশয় দূরীভূত হইলে মহাতেজস্বী কেশীকুমার শ্রমণ মহাযশস্বী গৌতম গণধরকে মস্তকের দ্বারা বন্দনা করিয়া সেই তিন্দুকবনে প্রথম ও শেষ তীর্থঙ্করের কল্যাণকারী মার্গে পঞ্চমহাব্রত রূপ ধর্ম শ্রদ্ধার সহিত গ্রহণ করিলেন ॥৮৬॥৮৭॥

কেসীগোয়মও ণিচ্চং, তম্মি আসি সমাগমে।
সুয়সীলসমুক্করিসো, মহত্থখবিণিচ্ছও[১] ॥৮৮॥

তম্মি (সেখানে=সেই শ্রাবস্তী নগরীতে) কেসীগোয়মও (কেশীকুমার ও গৌতমের) ণিচ্চং (নিত্য) সমাগম=মিলন) আসি (হইত) (এবং তাহাতে) সুয়সীলসমুক্করিসো (শ্রুত শীল সমুৎকর্ষ=শাস্ত্রজ্ঞান ও চারিত্রের উৎকর্ষ) (ও) মহত্থখবিণিচ্ছও (মহার্থার্থবিনিশ্চয়=মহাপ্রয়োজন অর্থাৎ মুক্তির সাধনার জন্য শিক্ষার, ব্রত ও তত্ত্বাদিরূপ অর্থের নির্ণয়, মুক্তিসাধনার বিষয়ীভূত শিক্ষা ব্রত তত্ত্বাদির নির্ণয়) (হইত) ॥৮৮॥

সেই শ্রাবস্তী নগরীতে কেশীকুমার ও গৌতমের নিত্য সমাগম হইত এবং তাহাতে শাস্ত্রজ্ঞান ও চারিত্রের উৎকর্ষ ও মুক্তিসাধনার বিষয়ীভূত শিক্ষা, ব্রত ও তত্ত্বাদির নির্ণয় হইত ॥৮৮॥

১। 'মহত্থবিণিচ্ছও' টীকা ১। "মহার্থা মহাপ্রয়োজনা মুক্তিসাধকত্বেন যেঽর্থাঃ শিক্ষাব্রতাদয়স্তেষাং বিনিশ্চয়ো নির্ণয়ো মহার্থার্থবিনিশ্চয়ঃ" টীকা ২।

তোসিয়া পরিসা সব্বা, সম্মগ্‌গং সমুবট্‌ঠিয়া।
সংথুয়া তে পসীয়ংতু, ভয়বং কেসীগোয়মে ॥৮৯॥ ত্তি বেমি ॥

সব্বা (সর্ব) পরিসা (পরিষদ=সভা) তোসিয়া (তুষ্ট হইল) (ও) সম্মগ্‌গং (সন্মার্গে) সমুবট্‌ঠিয়া (সমুপস্থিত হইল=প্রবৃত্ত হইল)। তে (সেই) ভয়বং (ভগবান্) কেসীগোয়মে (কেশীকুমার ও গৌতম) সংথুয়া (সংস্তুত হইয়া) পয়সীয়ংতু (প্রসন্ন হউন) ॥৮৯॥ ত্তি বেমি (এইরূপ বলিতেছি) ॥

সমস্ত সভা সন্তুষ্ট ও সন্মার্গে প্রবৃত্ত হইল। সমবেত দেবমনুষ্যাদিগণ কর্তৃক সংস্তুত সেই ভগবান্ কেশীকুমার ও গৌতমগণধর সকলের প্রতি প্রসন্ন হউন ॥৮৯॥ এইরূপ বলিতেছি ॥

ইতি কেশীগৌতমীয়, ত্রয়োবিংশতি অধ্যয়ন

শব্দসূচী

প্রথম সংখ্যা অধ্যায়সংখ্যাজ্ঞাপক; দ্বিতীয় সংখ্যা শ্লোকসংখ্যাজ্ঞাপক। যে সমস্ত শব্দ একবার উল্লিখিত হইয়াছে তাহা অন্য অধ্যায়ে উল্লিখিত হওয়া সত্ত্বেও উল্লেখ করা হয় নাই। পরবর্তী সূচীতেও এই ব্যবস্থা অবলম্বিত হইয়াছে।

অংগবিজ্জা ৮, ১৩
অংগবিয়ার ১৫, ৭
অংতপংতকুল ১৫, ১৩
অংতলিক্খ ১২, ২৫
অংতেউরবরগঅ ৯, ৩
অংবগ ৭, ১১
অংসহর ১৩, ২২
অইউচ্চ ১, ৩৪
অইবেল ২, ৬
অকড় ১, ১১
অকলেবরসেণি ১০, ৩৫
অকামমরণ ৫, ২
অকাল ১, ৩১
অকিংচণ ১৪, ৪১
অকিরিয় ১৮, ৩৩
অকুঅ ১, ৩০
অকুউহল ১১, ১০
অকুক্কুঅ ২, ২০
অক্কোস ১, ৩৮
অক্কোসবহ, ১৫, ৩
অক্খ ৫, ১৪
অক্খওদঅসয়ংভূরমণ ১১, ৩০
অক্খভগ্গ ৫, ১৫
অগার ১, ২৬
অগারত্থ ৫, ১৯
অগারবাস ২, ২৯
অগ্গমহিসী ১৯, ১
অগ্গরসপ্পভূঅ ১৪, ৩১
অচেলঅ ২, ১৩
অচ্চংতণিয়াণক্খম ১৮, ৫৩
অচ্ছেরগ ৯, ৫১
অজ্জকম্ম ১৩, ৩২
অজ্জব ৯, ৫৭
অজ্ঝত্থ ৬, ৭
অজ্ঝাবয় ১২, ১৬
অট্ঠজুত্ত ১, ৮
অট্ঠিঅ ১, ৪৬
অট্ঠিঠাণ ১১, ৪
অণগার ১১১
অণবকংখমাণ ১২, ৪২
অণবজ্জেসণিজ্জ ১৯, ২৭
অণাঘায় ৫, ১৮
অণাবাহ ২৩, ৮০
অণারিয় ১২, ৪
অণাসব ১, ১৩
অণিকামসোক্খ ১৪, ১৩
অণিগ্গহ ১১, ২
অণিগ্গহপ্পা ২০, ৩৯
অণিয়মেত্ত ৮, ১৪
অণুক্কসাই ২, ৩৯
অণুত্তর ১৩, ৩৪
অণুত্তরণাণদংসণধর ৬, ১৮
অণুত্তরণাণি ৬, ১৮
অণুত্তরধম্ম ৯, ২
অণুত্তরসিদ্ধিগই ১৩, ৩৫
অণুপ্পবিস ২, ১৪
অণুবংধদুহাবহ ১৯, ১১
অণুববায়কারঅ ১, ৩

অণুসাসণ ১, ২৮
অণুস্সুয় ৫, ১৩
অন্নদত্তহর ৭, ৫
অন্নব ১০, ৩৪
অন্নাণ ১৮, ২৩
অত্তগবেসঅ ২, ১৭
অত্তপসন্নলেস ১২, ৪৬
অত্থংতস্সুর ১৭, ১৬
অত্থধম্মোবসোহিঅ ১৮, ৩৪
অদিংত ৯, ৪০
অদীণা ৭, ২১
অদ্ধাণ ৬, ১৩
অদ্ধাণবিলোবঅ ৭, ৫
অধীরপুরিসং ৮, ৬
অণেকবাসাণউঅ ৭, ১৩
অপচ্চক্খাণ ৬, ৯
অপত্থ ৭, ১১
অপড়িসাড়িঅ ১, ৩৫
অপাহিজ্জ ১৯, ১৮
অপ্পকম্ম ১৯, ২১
অপ্পকুক্কুঅ ১, ৩০
অপ্পড়িপূয়অ ১৭, ৫
অপ্পণট্ঠ ১, ২৫
অপ্পপাণ ১, ৩৫
অপ্পমত্ত ৬, ১৩
অপ্পরঅ ১, ৪৮
অপ্পবীঅ ১, ৩৫
অপ্পা ১, ১৫
অপ্পিয় ১, ১৪
অপ্পুট্ঠাই ১, ৩০
অপ্ফোবমংডব, ১৮, ৫
অবহুস্সুঅ ১১, ২
অবিজ্জা ৬, ১
অবিয়ত্ত ১১, ৯
অবীয় ২০, ২২
অভঅ ১৮, ১১
অভিক্খণ ১১, ২
অমই ৪, ২
অময় ১৭, ২১
অম্ম ১৯,১০
অম্মতাঅ ১৯, ১১
অম্মাপিয়অ ১৯, ৯
অয়ক্কক্করভোই ৭, ৭
অয়সিবণ্ণঅসি ১৯, ৫৫
অয়াণ ১২, ৩১
অর ১৮, ৪০
অরঅ ১৮, ৪০
অরই ২, ১৪
অব্ভাহঅ ১৪, ২১
অরহ ২৩, ১
অরিট্ঠণেমি ২২, ৪
অলীঅ ১, ১৪
অল্লীণ ২৩, ৯
অসংখঅ ৪, ১
অসংথড় ২১, ২২
অসংপহিট্ঠ ১৫, ৪
অসংবিভাগি ১৭, ১১
অসণপাণ ২, ৩
অসিধারাগমণ ১৯, ৩৭
অসিপত্ত ১৯, ৬০
অসিপ্পজীবি ১৫, ১৬
অসীল ৫, ১২
অস্সুর ১২, ২৫
অস্সাবিণী ২৩, ৭১
অস্সায়বেয়ণা ১৯, ৪৭
অহম্ম ৫, ১৫
অহম্মিট্ঠ ৭, ৪
অহস্সির ১১, ৪
অহাকম্ম ৩, ৩
অহিংসঅ ৩, ৮
অহিজ্জিত্তা ১, ১০
অহীণপংচেংদিঅ ১০, ১৭

অহীলণিজ্জ ১২, ২৩
অহেউ ১৮, ৫৪
অহোরাউ ১৪, ১৪

আইণ্ণ ১, ১২
আউক্কায়মইগঅ ১০, ৬
আউক্খঅ ৩, ১৬
আউর ২, ৫
আএস ৭, ১
আঘায় ৫, ৩২
আণাণিদ্দেসকর ১, ২
আবঈবহুমূলিঅ ৭, ১৭
আবী ১, ১৭
আয়ংক ৫, ১১
আয়গুত্ত ২১, ১৯
আয়রিয়ত্ত ১০, ১৬
আয়গুণিংধণ ১৪, ১০
আয়াণ ৬, ৮
আয়াণণিক্খেব ১২, ২
আয়ামগ ১৫, ১৩
আয়ারধম্মপণিহি ২৩, ১১
আরংভপরিগ্গহ ১৩, ৩৩
আরণ্ণগ ১৪, ৯
আসীবিসোবম ৯, ৫৩
আসুপণ্ণ ৪, ৬
আসুরকায় ৩, ৩
আসুরীয়দিস ৭, ১০
আহচ্চ ১, ১১

ইক্কিক্কভবগ্গহণ ১০, ১৪
ইংগিয়াগারসংপন্ন ১, ২
ইংদাসণি ২০, ২১
ইড্ঢি ৭, ২৭
ইত্থিবিসয়গিদ্ধ ৭, ৬
ইসিজঝঅ ২০, ৪৩
ইরিয় ৯, ২১
ইরিয়া ২০, ৪০
ইস্সুষার ১৪, ১

উক্কিত্ত ১৯, ৬২
উক্কুডুঅ ১, ২২
উগ্গতব ১২, ২২
উচ্চাবঅ ১২, ১৫
উচ্চারসমিই ১২, ২
উচ্চোদঅ ১৩, ১৩
উজ্জুকড় ১৫, ১
উজ্জুজড় ২৩, ২৬
উজ্জুপণ্ণ ২৩, ২৬
উড়ুবইচংদণক্খত্তপরিবারিঅ ১১, ২৫
উড্ঢ ৬, ১৪
উত্তমধম্মসুই ১০, ১৮
উদগ্গচারিত্ততব ১৩, ৩৫
উদায়ণ ১৮, ৪৮
উদিণ্ণবলবাহণ ১৮, ১
উবক্খড় ১২, ১১
উবক্খর ৬, ৬
উবজোইঅ ১২, ১৮
উববাইঅ ৫, ১৩
উববায়কারঅ ১, ২
উবসংত ২, ১৫
উবসংতমোহণিজ্জ ৯, ১
উবসগগ ২, ২১
উবহাণব ১১, ১৪
উম্মগ্গ ৭, ১৮
উরত্ত ৭, ৪
উরাল ১৫, ১৪
উস্সুলগসয়গ্ঘিঅ ৯, ১৮

এককজ্জপবণ্ণ ২৩, ১৩

একরাই ৫, ২৩
এগংত ৯, ১৬
এগচর ১৫, ১৬
এগিত্থিঅ ১, ২৬
এলঅ ৭, ১
এসণ ২, ৪
এসণাসমিঅ ৬, ১৭
এসণিজ্জ ১২, ১৭

ওমচেলঅ ১২, ৬
ওসবিংদু ১০, ২
ওসহ ১৯, ৭৯
ওহারিণি ১, ২৪
ওহিণাণসুঅ ২৩, ৩

কংখা ১৬, ১
কংচুঅ ১৯, ৮৬
কংটগাপহ ১০, ৩২
কংঠছিত্তা ২০, ৪৮
কংণুহর ৭, ৫
কংথঅ ১১, ১৬
কংদুকুংভী ১৯, ৪৯
কংপিল্ল ১৩, ২
কংপিল্লুজ্জাণকেসর ১৮, ৩
কংবোঅ ১১, ১৬
কংস ৯, ৪৬
কড় ১, ১১
কণকুংড ১, ৫
কপ্প ৩, ১৫
কপ্পণী ১৯, ৬২
কপ্পিঅ ১৯, ৬২
কবিল ৮, ২০
কমলাবই ১৪, ৩
কম্মকংচুঅ ৯, ২২
কম্মকিব্বিসা ৩, ৫
কম্মগুরু ৭, ৯
কম্মবিবাগ ২, ৪১
কম্মসংগ ৩, ৬
কম্মসংপঅ ১, ৪৭
কম্মসচ্চ ৭, ২০
কম্মাণুপ্পেহি ৫, ১১
কয়কোউয়মংগল ২২, ৯
করকংডু ১৮, ৪৬
করবত্তকরকয়াই ১৯, ৫১
কস্মু ১, ৪৩
কলংববালুআ ১৯, ৫০
কলকংত ১৯, ৬৮
কলহডমর ১১, ১৩
কলিংগ ১৮, ৪৬
কলি ৫, ১৬
কল্লাণ ১, ৩৮
কস ১, ১২
কসাঅ ১৯, ৯১
কসিণ ৮, ১৬
কাগিণীঅ ৭, ১১
কাপোয়াবিত্তি ১৯, ৩৩
কামগিদ্ধ ৫, ৪
কামগুণ ১০, ২০
কামণিয়ট্ট ৭, ২৫
কামভোগ ৫, ৫
কামভোগরসগিদ্ধ ৮, ১৪
কামরূবি ৬, ৫
কায় ৫, ১০
কায়গুপ্ত ১২, ৩
কায়বক্ক ৬, ১২
কারিসংগ ১২, ৪৩
কালকংখি ৬, ১৫
কালকূড় ২০, ৪৪
কালিংজর ১৩, ৬
কালিয় ৫, ৬
কালীপব্বংগসংকাস ২, ৩

কাসব ২, ৪৬
কাসীরায় ১৮, ৪৯
কিংপাগফল ১৯, ১৭
কিচ্চ ১, ১৮
কিত্তী ১, ৪৫
কিরিঅ ১৮, ২৩
কিলিণ্ণগাঅ ২, ৩৬
কীড় ১, ৯
কীড়পয়ংগ ৩, ৪
কীয়গড় ২০, ৪৭
কুচ্চফণগ ২২, ৩০
কুড়ুংবসার ১৪, ৩৭
কুড ৫, ৫
কুডকহাবণ ২০, ৪২
কুড্ডংতর ১৬, ৫
কুতিত্থিণিসেবঅ ১০, ১৮
কুংথু ৩, ৪
কুপ্পহা ২৩, ৬০
কুমার ১৯, ৬৭
কুস ১২, ৩৯
কুসগগ ৭, ২৩
কুসল ১২, ৪৭
কুসীল ১, ১৩
কুসীললিংগ ২০, ৪৩
কুহেড়বিজ্জা ২০, ৪৫
কুহাড়ফরস্থ ১৯, ৬৬
কূড়জাল ১৯, ৬৩
কূড়সামলী ২০, ৩৬
কূরকম্ম ৫, ১২
কেবলিপণ্ণত্ত ১৬, ১
কেসব ২২, ২
কেসর ১৮, ৪
কেসলোঅ ১৯, ৩৩
কেসীকুমারসমণ ২৩, ২
কেসিগোয়ম ২৩, ১৪
কোট্ঠগ ২৩, ৮
কোট্ঠাগার ১১, ২৬
কোবিযপ্প ১৫, ১৫
কোলস্থণ ১৯, ৫৪
কোসলিঅ ১২, ২০
কোসংবী ২০, ১৮
কোস ৯, ৪৬

খংডিঅ ১২, ১৮
খংতি ১, ৯
খড্ডুঅ ১, ৩৮
খত্তিঅ ৩, ৪
খাইমসাইম ১৫, ১১
খাণি ১৪, ১৩
খিত্ত ১২, ১২
খীণফল ১৩, ৩১
খুদ্দ ১, ৯
খেত্ত ১৯, ১৬
খেম ২১, ৫
খেল ৮, ৫

গংগসোঅ ১৯, ৩৬
গংঠিভেঅ ৯, ২৮
গংড ১০, ২৭
গংডবচ্ছ ৮, ১৮
গংথ ৮, ৪
গংধণ ২২, ৪৩
গংধহত্থি ২২, ১০
গংধার ১৮, ৪৬
গংধোদয়পুপ্ফবাস ১২, ৩৬
গইপড়িগ্ঘাঅ ৯, ৫৪
গদ্দভালি ১৮, ১৯
গবাস ৬, ৫
গয়ণফুস ২২, ১২
গরিহ ১, ৪২
গল ১৯, ৬৪

গলিয়স্‌স ১, ১২
গাণংগণিঅ ১৭, ১৭
গামকংটঅ ২, ২৫
গায় ২, ৯
গায়বিরাহণা ২, ৩৪
গারত্থ ৫, ২০
গারব ১৯, ৯১
গিদ্ধ ৫, ৫
গিদ্ধি ৬, ৪
গিলাণ ৫, ১১
গিহ ৯, ৭
গিহবাস ৫, ২৪
গিহিসুব্বঅ ৭, ২০
গুত্তবংভয়ারি ১৬, ১
গুত্তিংদিঅ ১৬, ১
গুত্তি ১২, ১৭
গুরুকুল ১১, ১৪
গোপূরট্টালগ ৯, ১৮
গোয়ম ১০, ১
গোয়রগ্‌গপবিট্‌ঠ ২, ২৯

ঘত্তু ১৮, ৭
ঘাণবল ১০, ২৩
ঘিং ২, ৮
ঘোরপরক্কম ১২, ২৩
ঘোরব্বঅ ১২, ২৩
ঘোরাসম ৯, ৪২

চংড ১, ১৩
চংডালবোক্কস ৩, ৪
চউঠাণ ১৮, ২৩
চউদসঠাণ ১১, ৬
চউব্বিহআহার ১৯, ৩০
চউরংগিণী ২২, ১২
চউরিংদিয়কায়মইগঅ ১০, ১২

চক্‌কংকুসলক্‌খণ ৯, ৬০
চক্‌খুফাসঅ ১, ৩৩
চক্‌খুবল ১০, ২২
চক্‌কবট্‌টি ১৮, ৩৬
চণ্ডালিঅ ১, ১০
চত্তপুত্তকলত্ত ৯, ১৫
চত্তারিকামখংধ ৩, ১৭
চরিত্ত ২২, ২৬
চাউজ্জাম ২৩, ১২
চাউপ্পায়চিগিচ্ছ ২০, ২৩
চাউরংত ১৯, ৪৬
চাউরংতচক্কবট্‌টি ১১, ২২
চিত্ত ১৩, ২
চিত্তাণুঅ ১, ১৩
চিয়সোণিঅ ৭, ৭
চীরাজিণ ৫, ২১
চুলনী ১৩, ১
চেইঅ ৯, ৯
চোদ্দসরয়ণাহিবই ১১, ২২
চোয়ণ ১, ২৮

ছংদ ৪, ৮
ছউম ২, ৪৩
ছবিত্তাণ ২, ৭
ছবিপ্পবাঅ ৫, ২৪
ছিন্নাবাঅ ২, ৫
ছুহাতহা ১৯, ১৮

জংগম ৬, ৬
জংবু ১১, ২৭
জক্‌খ ৩, ১৪
জক্‌খলোঅ ৫, ২৪
জগ্‌গ ৯, ৩৮
জগণিস্‌সিঅ ৮, ১০
জড়ি ৫, ২১

জগ্ন ১২, ১৭
জগ্নবাড় ১২, ৩
জগ্নসিট্‌ঠ ১২, ৪২
জত ১, ২১
জত্তত্থ ২৩, ৩২
জবস ৭, ১
জবোদণ ১৫, ১৩
জয় ১, ৩৫
জল্ল ২, ৩৭
জস ৩, ১৩
জাঈপরাজিঅ ১৩, ১
জাঈসরণ ১৯, ৭
জায়ণজীবি ১২, ১০
জায়তেঅ ১২, ২৬
জিণ ২, ৪৫
জিণসাসণ ২, ৬
জিব্‌ভবল ১০, ২৪
জীব ২, ২৭
জীবলোঅ ১৮, ১১
জুই ৭, ২৭
জুব ১২, ৩৯
জোই ১২, ৪৩
জোইঠাণ ১২, ৪৩
জোগক্‌খেম ৭, ২৪
জোগব ১১, ১৪

ঠাণ ৫, ২৮

ঢংকগিদ্ধ ১৯, ৫৮

ণংদণপাসাঅ ১৯, ৩
ণংদিঘোস ১১, ১৭
ণগ্‌গই ১৮, ৪৬
ণগ্‌গরুই ২০, ৪৯
ণরঅ ৩, ৩
ণরগআউ ৭, ৭,
ণরগতিরিক্‌খত্তণ ৭, ১৬
ণলকুবর ২২, ৪১
ণাণ ২২, ২৬,
ণাণাগোত্ত ৩, ২
ণাণাদংসণমগ্‌গ ৮, ৩,
ণাণাধণ্ণপড়িপুণ্ণ ১১, ২৬,
ণাণাবিহবিগপ্পণ ২৩, ৩২
ণাণি ২, ১৩
ণাণোসহীপজ্জলিঅমংদর ১১, ২৯
ণায়পুত্ত ৬, ১৮
ণিগম ২, ১৮
নিগ্‌গংথ ১৬, ১
ণিজ্জরাপেহি ২, ৩৭
ণিণ্ণ ১২, ১২
ণিণ্ণড়িকম্ম ১৯, ৭৫
ণিপ্পিবাস ১৯, ৪৪
ণিব্বাণ ৩, ১২
ণিমিত্ত ২০, ৪৫
ণিম্মোয়ণি ১৪, ৩৪
ণিয়ংঠ ১৭, ১
ণিয়াগ ২০, ৪৭
ণিয়াণ ১৩, ২৮
ণিয়াণছিণ্ণ ১৫, ১
ণিরংগণ ২১, ২৪
ণিরামিস ১৪, ৪১
ণিরারংভ ২, ১৫
ণিরুট্‌ঠাই ১, ৩০
ণিরোবলেব ২১, ২২
ণিব্বিণ্ণ ১৪, ২
ণীয়াবত্তি ১১, ১০
ণেগচিত্ত ৮, ১৮
ণেয়াউয় ৪, ৫
ণেয়াউয়মগ্‌গ ৩, ৯

তণকট্‌ঠ ১২, ৩৯

তব ১, ১৬
তবস্‌সি ২, ২
তবোবহাণ ২, ৪৩
তবোসমায়ারি ১, ৪৭
তস ৫, ৮
তাই ৮, ৪
তিংদুয়রুক্‌খ ১২, ৮
তিক্‌খদাঢ় ১১, ২০
তিগুত্ত ৯, ২০
তিগুত্তিগুত্ত ১৯, ৮৮
তিদংডবিরঅ ২০, ৬০
তিয় ২০, ২১
তিরিক্‌খজোণি ১৯, ১০,
তিরিচ্ছ ১৫, ১৪
তুসীণীঅ ১, ২০
তেইংদিয়কায়মইগঅ ১০, ১১
তেগিচ্ছ ২, ৩৩
তেউক্কায়মইগঅ ১০, ৭
তেণ ৪, ৩
তোত্তগবেসঅ ১, ৪০
তোত্তজুত্ত ১৯, ৫৬

থণিয়সদ্দ ১৬, ৫
থদ্ধ ১১, ২
থল ১২, ১২
থাবর ৫, ৮
থামব ২, ২
থূলবয় ১ ১৩
থের ১৬, ১
থোব ১০, ২

দংড ৫, ৮
দংডসল্লভঅ ১৯, ৯১
দক্‌খোপবেঅ ১, ১৩
দত্তেসণ ১, ৩২
দবদবস্‌স ১৭, ৮
দয়াধম্ম ৫, ৩০
দসংগ ৩, ১৬
দসণ্ণয় ১৩, ৬
দসণ্ণরজ্জ ১৮, ৪৪
দসারচক্ক ২২, ১১
দাস ১, ৩৯
দাসপোরুস ৬, ৫
দিগিংছা ২, ২
দিট্‌ঠি ১৮, ৩৩
দিব্বিআ ৭, ১২
দীহ ৬, ১৩
দুক্কড় ১, ২৮
দুক্‌খসংভব ৬, ১
দুগুংছমাণ ৪, ১৩
দুগুংছণা ২০, ৪০
দুগুংছী ২, ৪
দুগ্‌গই ৭, ১৮
দুদ্দম ১, ১৫
দুদ্ধদহীবিগই ১৭, ১৫
দুপ্‌পরিচয় ৮, ৬
দুপ্‌পহংসঅ ১১, ২০
দুবলোগ ৮, ২০
দুব্‌ভূঅ ১৭, ১৭
দুরাসঅ ১, ১৩
দুস্‌সাহড়ধণ ৭, ৮
দুস্‌সীল ১, ৫
দুহট্‌ঠিঅ ২. ৩২
দুহওপক্‌খ ৫, ২৩
দুহিয় ৯, ১০
দুহিল ১১, ৯
দূসংতর ১৬, ৫
দূস ৯, ৪৬
দেব ১, ৪৮
দেবই ২২, ২
দেবকাম ৭, ১২

দেবগংধব্বমণুস্স ১, ৪৮
দেবগই ৭, ১৬
দেবণেরইঅ ১০, ১৪
দেবত্ত ৭, ১৭
দেবলোঅ ৩, ৩
দেবাভিওগ ১২, ২১
দেহভেঅ ৫, ৩১
দোগুংছি ৬, ৮
দোগুংদুগ ১৯, ৩
দোমাসকঅ ৮, ১৭
দোসপওস ৮, ২

ধনপয়ণপরিগ্‌গহ ১২, ৯
ধমণিসংতঅ ২, ৩
ধম্ম ৩, ৮
ধম্মজ্ঞাণ ১৮, ৪
ধম্মতিত্থয়র ২৩, ১
ধম্মদীব ২৩, ৬৮
ধম্মসারহি ১৬, ১৫ (সিলোগ)
ধম্মারাম ২, ১৫
ধিই ৯, ২১
ধীর ১, ২১
ধুয়কম্মংস ৩, ২০
ধুবঠাণ ২৩, ৮১
ধোরেয়সীল ১৪, ৩৫

পংকজলাবসন্ন ১৩, ৩০
পংকভূঅ ২, ১৭
পংচকুসীলসংবুড় ১৭, ২০
পংচঠাণ ১১, ৩
পংচবিহকামগুণ ১৬, ১০ (সিলোগ)
পংচমুট্‌ঠি ২২, ২৪
পংচসংবর ১২, ৪২,
পংচসমিঅ ১৯, ৮৮
পংচাল ১৮, ৪৬
পংচালগুণোববেঅ ১৩, ১৩
পংচালরাযবংভদত্ত ১৩, ৩৪
পংচিংদিয়কায়মইগঅ ১০, ১৩
পংজলীউড ১, ২২
পংডিঅ ১, ৯
পংডিয়মরণ ৫, ৩
পংডিয়মাণি ৬, ১১
পংডুরদুমপত্ত ১০, ১
পংত ৮, ১২
পংতোবহিউবগরণ ১২, ৪
পংসুপিসায়ভূঅ ১২, ৬
পইণ্ণবাই ১১, ৯
পইরিক্ক ২, ২৩
পকৃথ ১, ১৮
পকৃথপিণ্ড ১, ১৯
পচ্চবাঅ ১০, ৩
পচ্চুপ্পন্নপরায়ণ ৭, ৯
পচ্ছা ৫, ১৩
পড় ১৯, ৮৭
পড়িকম্ম ১৯, ৭৬
পড়িকুলভাসি ১২, ১৬
পড়িক্কম ১, ৩১
পড়িছন্ন ১, ৩৫
পড়িণীঅ ১, ৪
পড়িবাড়ীঅ ১, ৩২
পড়িবুদ্ধজীবি ৪, ৬
পড়িম ২, ৪৩
পড়িরূব ১, ৩২
পড়িসংলীণ ১১, ১৩
পণাম ১৯, ৭৯
পনীয় ১৬, ৭
পন্ন ১, ২৮
পন্নবঅ ৭, ১৩
পন্নরসঠাণ ১১, ১০
পত্তপুপ্‌ফফলোবেঅ ৯, ৯
পত্তি ১২, ২৪
পত্তিএণ ১, ৪১

পব্বজ্জাঠাণউত্তম ৯, ৬
পমত্ত ৬, ১৭
পমায়বহুল ১০, ১৫
পয় ১, ২৯
পরকড় ১, ৩৪
পরক্কম ৯, ২১
পরট্ঠ ১, ২৫
পরপাসংডসেবিঅ ১৭, ১৭
পরপ্পবাই ৪, ১৩
পরপ্পবিত্ত ১২, ৯
পরলোঅ ৫, ১১
পরিগ্গহ ২, ১৯
পরিবূঢ় ৭, ২
পরিণিব্বুড় ১৪, ৫৩
পরিষত্ত ২০, ৩৩
পরিয়াগঅ ৫, ২১
পরিসুক্কমুহ ২, ৫
পরীসহ ২, ১
পল্লত্থিঅ ১, ১৯
পসায়পেহি ১, ২০
পসিণ ১৮, ৩১
পহু ৫, ১
পাউ ১৭, ২
পাগার ৯, ১৮
পাণ ৬, ৭
পাণাতিপাতবিরই ১৯, ২৫
পাত্র ৬, ৮
পাবকম্ম ৪, ২
পাবগ ১, ১২
পাবদিট্ঠি ১, ৩৮
পাবপরিক্খেবি ১১, ৮
পাবিয়াদিট্ঠি ৮, ৭
পালিঅ ২১, ১
পালী ১৮, ২৮
পায়াহিণ ৯, ৫৯
পারণ ১২, ৩৫
পাস ৪, ৭
পাসজাঈপহ ৬, ২
পাসপয়ট্ঠিঅ ৪, ২
পাসায়ালোয়ণ ২১, ৮
পিংড ১, ৩৪
পিংডবাঅ ৬, ১৭
পিংডোলঅ ৫, ২২
পিজ্জদোসানুগঅ ৪, ১৩
পিসুণ ৫, ৯
পিহিয়াসব ১৯, ৯৩
পিহুংড ২১, ২
পুঢ়বীক্কায়মইগঅ ১০, ৫
পুণ্ণমাসিঅ ১১, ২৫
পুমত্ত ১৪, ৩
পুরংদর ২২, ৪১
পুরাণপুরভেয়ণী ২০, ১৮
পুরাণকুম্মাস ৮, ১২
পুরিম ২৩, ২৬
পুরিমতাল ১৩, ২
পুলাগ ৮, ১২
পূইকণ্ণী ১, ৪
পেচ্চ ৪, ৩
পোত্থ ২০, ১৬
পোল্লেব ২০, ৪২
পোরাণিয়জাই ৯, ১
পোসহরঅ ৯, ৪২

ফল ১২, ১৮
ফলগ ১৭, ৭
ফাস ৪, ১১
ফাসবল ১০, ২৫
ফাসুঅ ১, ৩৪
ফিট্ট ২০, ৩০
ফোক্কণাস ১২, ৬

বংত ১২, ২১

বংধণ ১, ১৬
বংধমোক্খপইন্নি ৬, ১০
বংভইজ্জ ১২, ৩
বংভচেরসমাহিঠাণ ১৬, ১
বইদেহি ১৮, ৪৫
বক্ক ১৪, ১১
বক্কগঅ ১, ৪৩
বক্কজড় ২৩, ২৬
বজ্জরিসহসংঘয়ণ ২২, ৬
বজ্ঝমংডণসোভাগ ২১, ৮
বণস্সইকায়মইগঅ ১০, ৯
বণিঅ ৭, ১৪
বথূ ১৯, ১৬
বদ্ধমাণ ২৩, ৫
বদ্ধমাণগিহ ৯, ২৪
ববহার ৭, ১৫
বয় ৫, ১০
বয়গুত্ত ১২, ৩
বরিসসওবম ১৮, ২৮
বলভদ্দ ১৯, ১
বলমোরোহ ৯, ৪
বলসিরি ১৯, ২
বল্লর ১৯, ৮০
বসই ১৪, ৪৮
বসহজূহাহিবই ১১, ১৯
বসাঅ ১৯, ৭০
বসুদেব ২২, ১
বসুহারা ১২, ৩৬
বহ ১২, ১৪
বহিংবিহারাভিণিবিট্ঠচিত্ত ১৪, ৪
বহুকম্মলেবলিত্ত ৮, ১৫
বহ্নিপুংগব ২২, ১৩
বাউক্কায়মইগঅ ১০, ৮
বাড় ২২, ১৪
বাবত্তরিকলা ২১, ৬
বাণিঅ ২১, ১
বায়াবিরিয়মেত্ত ৬, ১০
বারগাউরি ২২, ২৭
বারসংগ ২৩, ৭
বালগ্গপোইঅ ৯, ২৪
বালাভিরাম ১৩, ১৭
বাসসয়াউঅ ৭, ১৩
বাসিট্ঠি ১৪, ২৯
বাসীচংদণকপ্প ১৯, ৯২
বাসুদেব ২২, ৮
বাহণ ৯, ৪৬
বিইয় ১০, ৩০
বিউব্বি ১৩, ৩২
বিকত্তা ২০, ৩৭
বিগয়সংগাম ৯, ২২
বিগলিংদিঅ ১০, ১৭
বিজ্জাচরণপারগ ১৮, ২২
বিজ্জামংতচিগিচ্ছগ ২০, ২২
বিজ্জুসংপায়চংচল ১৮, ১৩
বিণওববণ্ণ ১৭, ১
বিতিগিচ্ছা ১৬, ১
বিত্ত ১২, ১৯
বিত্তাসিঅ ১৬, ৬ (সিলোগ)
বিদংসঅ ১৯, ৬৫
বিদেহ ১৮, ৪৬
বিপ্পচ্চঅ ২৩, ২৪
বিপ্পমুক্ক ১, ১
বিবণ্ণসার ১৪, ৩০
বিবাগকম্ম ১০, ৪
বিবিত্তলয়ণ ২১, ২২
বিবিত্তসয়ণাসণ ১৬, ১
বিবেগ ৪, ১০
বিভুসাবত্তি ১৬, ৯
বিমাণবাসি ১৪, ১
বিমোকখণট্ঠ ৮, ৩
বিয়ড় ২, ৪
বিসমসীল ৫, ১৯

বিসালিসসীল ৩, ১৪
বিসুদ্ধসদ্ধম্ম ৩, ১৯
বিসুইয়া ১০, ২৭
বিস্‌সংভিঅ ৩, ২
বিহার ১৪, ৭
বিহিংসগ ৭, ১০
বিহিংসা ৪, ১
বিহেড্ডয়ংত ১২, ৩৯
বীরিয় ৩, ১
বুগ্‌গহ ১৭, ১২
বুজ্ঝমাণ ২৩, ৬৫
বুদ্ধপুত্ত ১, ৭
বুদ্ধোবঘাই ১, ৪০
বুসীমঅ ৫, ১৮
বেদেহি ৯, ৬১
বেমায়া ৭, ২০
বেয়ণা ৫, ১২
বেয়কাল ৪, ৪
বেয়বিযায়রকৃখিঅ ১৫, ২
বেয়বিঅ ১৪, ৮
বেয়রণী ২০, ৩৬
বেয়াবড়িঅ ১২, ৩২
বেরাণুবদ্ধ ৪, ২
বেরুলিঅ ২০, ৪২
বেস ১, ২৮
বেসমণ ২২, ৪১
বেসালিঅ ৬, ১৮
বোসট্‌ঠকায় ১২, ৪২
বোহিলাভ ১৭, ১

ভংডবাল ২২, ৪৫
ভত্তট্‌ঠ ১, ৩৩
ভদ্দ ২২, ১৭
ভব ৯, ২২
ভবতহ্হা ২৩, ৪৮
ভবসংসার ১০, ১৫
ভাবণভাবিঅ ১৪, ৫২
ভয়ব ৬, ১৮
ভয়বের ৬, ৭
ভল্লী ১৯, ৫৫
ভাবণা ১৯, ৯৪
ভারংডপকৃখি ৪, ৬
ভরহবাস ১৮, ৩৫
ভাসাদোস ১, ২৪
ভিক্‌খু ১, ৩১
ভিত্তিঅংতর ১৬, ৫
ভূইপণ্ণ ১২, ৩৩

মংডিকুচ্ছি ২০, ২
মংতমূলবিসারঅ ২০, ২২
মংথু ৮, ১২
মংদিঅ ৮, ৫
মউয়কুংচিঅ ২২, ২৪
মগরজাল ১৯, ৬৪
মঘব ১৮, ৩৬
মড় ১, ৩৬
মণগুপ্ত ১২, ৩
মণপ্পওস ১২, ৩২
মম্মমুদাহরণ ১১, ৪
মম্মঅ ১, ২৫
ময়ংগতীর ১৩, ৬
মরণংত ৭, ৯
মারণাংতিঅ ৫, ২
মরু ১৯, ৫০
মল ৫, ১০
মলপংকপূব্বঅ ১, ৪৮
মহাপহ ১, ২৬
মলাবধংসি ৪, ৭
মহড্‌ঢিঅ ১, ৪৮
মহাপউম ১৮, ৪১
মহাপণ্ণ ৫, ১
মহাপাণ ১৮, ২৮

মহাপালী ১৮, ২৮
মহাপ্পসাঅ ১২, ৩১
মহামেহপ্পসূঅ ২৩, ৫১
মহাবল ১৮, ৫১
মহাভবোহ ২১, ২৪
মহামুণি ২, ১০
মহারংভপরিগ্‌গহ ৭, ৬
মহারিসি ১২, ৪৭
মহালয় ১০, ৩২
মহাসুক্ক ৩, ১৪
মহুরবগ্‌গূ ৯, ৫৫
মহেসি ৪, ১০
মাণ ৪, ১২
মাণনিসূরণ ১৮, ৪২
মাণুসত্ত ৩, ১
মাণুসিজোণি ৩, ১৬
মাণুসভব ১০, ৪
মাণুসলোঅ ৯, ১
মাণুস্‌সবিগ্‌গহ ৩, ৮
মায় ১, ২৪
মায়ণ্ণ ২, ৩
মিচ্ছত্ত ১০, ১৯
মিচ্ছাদংড ৯, ৩০
মিত্তি ৬, ২
মিত্তিজ্জমাণ ১১, ৭
মিয় ১১, ২০
মিয়া ১৯, ১
মিলক্‌খূঅ ১০, ১৬
মিহিল ৯, ৪
মুংডরুই ২০, ৪১
মুংডি ৫, ২১
মুগ্‌গর ১৯, ৬১
মুচ্ছিয় ১০, ২০
মুসংঢী ১৯, ৬১
মুস ১, ২৪
মুসাবাই ৫, ৯
মূঢ় ১, ২৯
মেয়ণ্ণ ১৮, ২৩
মেরঅ ১৯, ৭০
মেহাবি ১, ৪৫
মোক্‌খ ১৩, ১০
মোক্‌খসব্‌ভূয়সাহণা ২৩, ৩৩
মোণ ১৪, ৭
মোস ১২, ১৪
মোহাণিল ১৪, ১০

রঅ ৭, ৮
রট্‌ঠ ১৮, ২০
রসগিদ্ধ ৮, ১১
রসমুচ্ছিঅ ১৮, ৩
রহণেমি ২২, ৩৪
রহস্‌স ১, ১৭
রহাণীঅ ১৮, ২
রাইগণ ১০, ১
রাঈভোয়ণবজ্জণ ১৯, ৩০
রাইমই ২২, ৬
রাম ২২, ২
রাঢ়ামণি ২০, ৪২
রুক্‌খমূল ২, ২০
রেবয়অ ২২, ৩৩
রোজ্ঝ ১৯, ৫৬
রোহিণী ২২, ২

লক্‌খণ ৮, ১৩
লক্‌খণদংডবখু্‌বিজ্জ ১৫, ৭
লক্‌খণস্‌সরসংজুঅ ২২, ৫
লজ্জসংজঅ ২, ৪
লজ্জু ৬, ১৭
লয়ণ ২২, ৩৩
লাঢ় ২, ১৮
লিংগপওয়ণ ২৩, ৩২
লুহ ২, ৬

লেপ্প ১৯, ৬৫
লেবমায়া ৬, ১৬
লোকগ্‌গ ২৩, ৮১
লোগুত্তমুত্তম ৯, ৫৮
লোমহার ৯, ২৮
লোলয়াসঢ় ৭, ১৭
কোহ ৪, ১২
লোহতুংড ১৯, ৫৮

সংকপ্প ৯, ৫১
সংকরদূস ১২, ৬
সংকহ ১৬, ৩ (সিলোগ)
সংকা ১৬, ১
সংখচক্কগয়াধরবাসুদেব ১১, ২১
সংখয় ৪, ১৩
সংখাঈঅ ১০, ৫
সংখিজ্জসন্নিঅ ১০, ১০
সংগ ২, ১৬
সংঘাড়ি ৫, ২১
সংজঅ ১, ১৯
সংজম ১, ১৬
সংজমুত্তর ৫, ২০
সংজল ২, ২৪
সংজোগ ১, ১
সংডাসতুংড ১৯, ৫৮
সংতিতিত্থ ১২, ৪৫
সংতিমগ্‌গ ১০, ৩৬
সংথার ১৭, ৭
সংধি ১, ২৬
সংধিমুহ ৪, ৩
সংপই ১০, ৩১
সংবরবহুল ১৬, ১
সংবুড় ১, ৩৫
সংবুদ্ধ ১, ৪৬
সংবেগণিব্বেঅ ১৮, ১৮
সংসগ্‌গি ১, ৯
সংসারচক্ক ১৪, ৪
সওরোহ ২০, ৫৮
সকম্মসেস ১৪, ২
সকামমরণ ৫, ২
সক্ক ৯, ৬
সক্কিঅ ১৫, ৫
সগর ১৮, ৩৫
সচেল ২, ১৩
সচ্চসোয়প্পগড় ১৩, ৯
সজ্ঝায়জ্ঝাণ ১৮, ৪
সট্ঠিহায়ণকরেণুপরিকিণ্ণ, ১১, ১৮
সড্‌ঢী ৫, ২৩
সঢ ৫, ৯
সণংকুমার ১৮, ৩৭
সন্নাইপিংড ১৭, ১৯
সন্নিহীসংচঅ ১৯, ৩০
সত্থ ২০, ২০
সদ্দহণা ১০, ১৯
সদ্ধ ৩, ১০
সদ্ধা ৩, ১
সপেহাঅ ৭, ১৯
সবল ১৯, ৫৪
সব্বধম্মাণুবত্তি ৭, ২৯
সব্বসিণেহবজ্জিঅ ১০, ২৮
সব্বোসহি ২২, ৯
সমচউরংস ২২, ৬
সমণ ৪, ১১
সমণমাহণ ৯, ৩৮
সময় ১, ৩৫
সময়া ১৯, ২৫
সমর ১, ২৬
সমরেব ২, ১০
সমাহি ১, ৪৭
সমাহিজোঅ ৮, ১৪

সমিঅ ৮, ৯
সমিঈ ১২, ১৭
সমিয়দংসণ ৬, ৪
সমুদ্দপালি ২১, ৪
সমুস্সয় ৫, ৩২
সয়ণ ১, ১৮
সল্ল ৯, ৫৩
সহসম্বুদ্ধ ৯, ২
সহস্সাক্খবজ্জপাণিপুরংদর ১১, ২৩
সাগড়িঅ ৫, ১৪
সাবজ্জজোগ ২১, ১৩
সাবত্থি ২৩, ৩
সামগ্ন ২, ৩৩
সামাইঅ ১১, ২৬
সামাইয়ংগ ৫, ২৩
সাস ১, ৩৭
সাসঅ ১, ৪৮
সাসয়বাইঅ ৪, ৯
সাহুধম্ম ৮, ৮
সিংবলিপায়ব ১৯, ৫২
সিক্খা ৭, ২০
সিক্খাসমাবগ্ন ৫, ২৪
সিক্খাসীলি ১১, ৫
সিক্খিয়বম্মধারি ৪, ৮
সিজ্জাসংথার ২৩, ৪
সিট্ঠিকুল ১৩, ২
সিঢিলআউ ৪, ৯
সিণেহ ৬, ৪
সিদ্ধ ১, ৪৮
সিদ্ধি ৯, ৫৮
সিদ্ধিগই ১০, ৩৭
সীঅ ১, ২৭
সীয়া ১১, ২৮
সীয়বেয়ণা ১৯, ৪৮
সীয়ারয়ণ ২২, ২২
সীল ১, ৫
সীলবংত ৫, ২৯
সীস ১, ১৩
সীহ ১১, ২০
সুইচত্তদেহ ১২, ৪২
সুকঅ ১, ৪৪
সুকড় ১, ৩৬
সুগ্গীব ১৯, ১
সুচিগ্ন ১৪, ৫
সুচ্ছিগ্ন ১, ৩৬
সুজট্ঠ ১২, ৪০
সুণিট্ঠিঅ ১, ৩৬
সুত্ত ১, ২৩
সুদ্ধেসণা ৮, ১১
সুপক্ক ১, ৩৬
সুপিবাসিঅ ২, ৫
সুপ্পসারঅ ২, ২৯
সুবিণ ৮, ১৩
সুবিণীয়সংসঅ ১, ৪৭
সুয় ১, ৪৬
সুয়ক্খায়ধম্ম ৯, ৪৪
সুয়রস্সি ২৩, ৫৬
সুয়সীলতব ২৩, ৫৩
সুরলোয়রম্ম ১৪, ১
সুলট্ঠি ১, ৩৬
সুসংবুড় ২, ৪২
সুসাণ ২, ২০
সুহড় ১, ৩৬
সুহদুক্খফলবিবাগ ১৩, ৩
সুহাসুহকম্ম ১০, ১৫
সুহি ২০, ৯
সেণিঅ ২০, ২
সেয় ৫, ৯
সেসাবসেস ১২, ১০
সোয়রিঅ ১৪, ৩৩
সোবাগকুল ১২, ১
সোবাগণিবেসণ ১৩, ১৯

সোবীর ১৫, ১৩
সোরীয়পুর ২২, ১
সোল্লগ ১৯, ৬৯
সোহি ৩, ৭
সোহিকর ১, ২৯
হথ্থিণপুর ১৩, ১
হর ১৪, ১৫
হরিএসবল ১২, ১
হরিএসসাহু ১২, ৩৭
হরিসেণ ১৮, ৪২
হাস ১, ৯
হিট্ঠিম ১৭, ২০
হিয় ১, ৬
হিয়নিস্‌সেয়সবুদ্ধি ৮, ৫
হিয়াণুপেহি ১৩, ১৫
হেউকারণ ৯, ৮

পাদটীকা সূচী

প্রথম সংখ্যাটী পৃষ্ঠাসংখ্যার জ্ঞাপক, দ্বিতীয় সংখ্যাটী পাদটীকাসংখ্যার জ্ঞাপক।

অকংপিত ৪০৫, ১
অক্রিয়াবাদিন্ ২৮৫, ১
অগংধনসর্প ৩৯৭, ৩
অগ্নিভূতি ৪০৫, ১
অগ্নিশিখ ২৯৯, ১
অচলভ্রাতা ৪০৫, ১
অচিরাদেবী ২৯৪, ১
অচৌর্য ৪০৮, ১
অজিতনাথ ২৯২, ৩
অজ্ঞানবাদিন্ ২৮৫, ১
অর্দ্ধনারাচ ৩৮২, ১
অনন্ত ১৪৬, ৪
অনন্তজ্ঞান ১৫৮, ৪
অনন্তদর্শন ১৫৮, ৪
অনপবর্তণীয় আয়ু ৬১, ২
অনশনতপস্যা ৩৩৬, ৪
অনাদৃতদেবতা ১৭২, ১
অনিত্যভাবনা ১২৬, ১
অনুত্তরবিমান (পঞ্চবিধ) ৭৯, ৪
অনুত্তরোপপাতিকদশা ৪০৫, ১
অনুপ্রেক্ষা (ভাবনা) ১২৬, ১
অন্তকৃদ্দশা ৪০৫, ১
অন্তরায় কর্ম ১১৯, ৫২
অন্ধকবৃষ্ণি ৩৮১, ২
অন্যত্বভাবনা ১২৬, ১
অপবর্তণীয়আয়ু ৬১, ২
অপরুদ্রনরক ৩২২, ৩
অপায়বিচয়ধর্মধ্যান ২৭৮, ২
অপ্রাসুকজল ২৫, ৩
অবধিজ্ঞান ৪০৩, ১
অবসর্পিণীকাল ১৪৬, ৫
অবিরতি ৫০, ৩
অম্ব ৩২২, ৩
অম্বরীষ ৩২২, ৩
অরনাথ ২৯৫, ৪
অরতি ৩৭৭, ৪

অরিষ্টনেমি ৩৮১, ২
অশন (খাদ্য) ৩:৩, ১
অশরণভাবনা ১২৬, ১
অশুচিভাবনা ১২৬, ১
অশ্বসেন ২৯৩, ৪
অসংখ্যাতকাল ১৪৬, ৪
অসুরকায় ৪৭, ৩
অহিংসা ৪০৮, ১

আচার ৪০৫, ১
আজ্ঞাবিচয়ধর্মধ্যান ২৭৮, ২
আত্মবিকাশ ১৯, ২
আর্তধ্যান ২৭৮, ২
আদাননিক্ষেপসমিতি ১১৩, ২
আভ্যন্তরতপস্যা ৩৩৬, ৪
আম্রফলভক্ষণউপাখ্যান ৯৮, ৪
আয়ুকর্ম ১১৯, ২
আর্যব্যক্ত ৪০৫, ১
আর্যসমুদ্র ৪০২, ৩
আরা ১৪৬, ৫
আস্রব ৫০, ৩
আস্রবভাবনা ১২৬, ১
আহারকশরীর ৭৭, ৩

ইন্দ্রভূতি গৌতম ৪০২, ৩
ইর্ষাসমিতি ১১৩, ১

উৎকৃষ্ট ৬৭, ২
উৎসর্গসমিতি (পরিষ্ঠাপনিকা সমিতি) ১১৩, ১
উৎসর্পিনীকাল ১৪৬, ৫
উদয়প্রাসাদ ২০৫, ৪
উদায়ন ২৯৮, ৭
উপশমশ্রেণী ১৫৮, ৪
উপাসকদশা ৪০৫, ১

উণোদরী ৩৩৬, ৪

ঋজুবালুকানদী ৪০৪, ২
ঋদ্ধিগারব ৩৩৭, ২
ঋষভনারাচ ৩৮২, ১

একত্ববিতর্কনির্বিচারশুক্লধ্যান ২৭৮, ২
একত্বভাবনা ১২৬, ১

ঐরবত বর্ষ ১৭২, ১

ঔদারিকশরীর ৭৭, ৩
ঔপপাতিকস্থান ৭২, ১

কচ্ছ ২৯৮, ৭
কমঠ ৪০১, ১
কর্কপ্রাসাদ ২০৫, ৪
কর্ম (ভাব ও দ্রব্য) ১৯, ২
কলা (দ্বিসপ্ততিবিধ) ৩৬৯, ১
কষায় ৫০, ৩
কাকিনীউপাখ্যান ৯৮, ৪
কাঞ্চি ২৪৯, ৫
কাপোতীবৃত্তি ৩১৪, ২
কাম্পিল্য ২৯৬, ১
কায়ক্লেশ ৩৩৬, ৪
কার্মণ শরীর ১৯, ২
কাল (স্বাধ্যায় ও ধ্যান নিমিত্ত) ৪, ২
কাল (দ্বিবিধ) ১৪৬, ৫
কালচক্র ১৪৬, ৫
কালপরিমাণ (ত্রিবিধ) ১৪৬, ৪
কীলিকা ৩৮২, ১
কুণ্ডপুর ৪০৪, ২
কুংথুনাথ ২৯৪, ২
কুব্জ ৩৮২, ২
কুন্ত ৩২২, ৩
কুরুজঙ্গল ২৯৩, ৪
কুল ৩৯৬, ১

কুশস্থল ৪০১, ১
কুশার্ত ৩৮০, ১
কেবলজ্ঞান ৪০৩, ১
কেবলিন্ ৪৪, ২
কেশিকুমার ২৯৮, ৭
ক্ষপকশ্রেণী ১৫৮, ৪

খরস্বর ৩২২, ৩
খাদিম (খাদ্য) ৩১৩, ১
খাদ্য (চতুর্বিধ) ৩১৩, ১

গণধর ১, ২
গন্ধন সর্প ৩৯৭, ৩
গির্ণার ৩৮১, ২
গুণশীল উদ্যান ৪০৫, ১
গুণস্থান (চতুর্দশবিধ) ১৫৮, ৪
গুণস্থানভূমিকা ১৫৮, ৪
গুপ্তি (ত্রিবিধ) ১৭৬, ২
গুব্বরগ্রাম ৪০৫, ১
গৃহ (চতুর্বিধ) ১৩০, ১
গোত্রকর্ম ১১৯, ২
গৌতম ১৪৪, ৩

চক্রবর্তিন্ (দ্বাদশ) ১৬৮, ৪
চণ্ডপ্রদ্যোত ২৯৮, ৭
চতুর্যাম ৪০৮, ১
চম্পা (ভাগলপুর) ৪০৪, ২
চৈত্যগিরি ২০২, ১
চ্যবন (চ্যুতি) ৫৩, ২

জঘন্য ৬৭, ২
জম্বুদ্বীপ ৪৭, ৩
জম্বুবৃক্ষ (সুদর্শন) ১৭২, ১
জম্ভীয়গ্রাম ৪০৪, ২
জয় ২৯৬, ২
জয়ন্তী ২৯৯, ১

জহ্নুকুমার ২৯২, ৩
জাতি ৩৯৬, ১
জাতিকুলভেদ ৪৭, ১
জিতশত্রু ২৯২, ৩
জিন ৪৪, ১
জিনকল্পিন্ ৪০২, ৩
জুগুপ্সিন্ ৮৬, ১
জ্ঞাতপুত্র ৯২, ২
জ্ঞাতাধর্মকথা ৪০৫, ১
জ্ঞান ৯২, ১
জ্ঞানাবরণীয়কর্ম ১১৯, ২
জ্বালাদেবী ২৯৫, ৯
জ্যোতিষ্কদেব ৪৭, ৩

তপস্যা (দ্বিবিধ) ৩৩৬, ৪
তীর্থংকর (চতুর্বিংশতি) ১৬৮, ৪
তৈজসশরীর ৭৭, ৩
ত্রস ৬৯, ২
ত্রিশলা ৪০৪, ২

দণ্ড (ত্রিবিধ) ৬৯, ১
দত্ত ২৯৯, ১
দশার্ণ ২০২, ১
দশার্ণভদ্র ২৯৭, ১
দশার্হ ৩৮১, ২
দিগম্বর ৪০২, ৩
দৃষ্টিবাদ ৪০৫, ১
দেবী ২৯৫, ৪
দোগুংদকদেব (ত্রয়স্ত্রিংশৎ) ৩০৪, ২
দ্রব্যকর্ম (অষ্টবিধ) ১১৯, ২
দর্শন ৯২, ১
দর্শনাবরণীয় কর্ম ১১৯, ২
দ্বিপৃষ্ঠ ৩০০, ১

ধনু ৩২২, ৩
ধাতকীখণ্ডদ্বীপ ১৭৩, ২

ধর্মভাবনা ১২৬, ১
ধর্মঘোষ ৩০০, ৫
ধ্যান ৩৩৬, ৪

নন্দন ২৯৯, ১
নমুচি ২৯৫, ৯
নযুতবর্ষ ১০০, ১
নরক (সপ্তবিধ) ৭১, ১
নাতপুত্ত (নায়পুত্ত) ৪০৪, ১
নাগকুমারবিভাগ ৪০১, ১
নামকর্ম ১১৯, ২
নারাচ ৩৮২, ১
নিদান ৩৩৮, ২
নিরুপক্রমআয়ু ৬১, ২
নির্জরাভাবনা ১২৬, ১
নির্বাণ ৫১, ২
নিশ্চয়দৃষ্টি (নয়) ৪১৬, ৪
নিষধ ১৭২, ১
নীল ১৭২, ১
ন্যগ্রোধ ৩৮২, ২

পরমাধার্মিকদেব ৩২২, ৩
পল্যোপম ২৮৮, ৫
পাওয়াপুরী ৪০৪, ২
পান (খাদ্য) ৩১৩, ১
পার্শ্বনাথ ৪০১, ১
পার্শ্বনাথপর্বত ২৯৩, ৪
পাষণ্ডমত ২৮৫, ১
পুরিমতাল ২০১, ২
পুষ্করবর দ্বীপ ১৭৩, ২
পৃথকত্ববিতর্কসবিচারশুক্লধ্যান ২৭৮, ২
পৃথ্বীকায় ১৪৫, ২
পোষধব্রত ৭৬, ৩
প্রতিবাসুদেব ১৬৮, ৪
প্রতিলেখন ২৭০, ৪
প্রত্যেকবনস্পতি ১৪৭, ১
প্রত্যেক বুদ্ধ (চার) ১১৯
প্রভাবতী ৩০০, ৫
প্রভাস ৪০৫, ১
প্রমাদ ৫৬, ২
প্রসেনজিৎ ৪০১, ১
প্রাণিবিভাগ ১৪, ১
প্রায়শ্চিত্ত ৩৩৬, ৪
প্রাসাদ (পঞ্চবিধ) ২০৫, ৪
প্রাসুকজল ২৫, ৪

বচনগুপ্তি ১৭৬, ২
বজ্রঋষভনারাচ ৩৮২, ১
বনস্পতিকায় ১৪৭, ১
বপ্রা ২৯৬, ২
বর্ষধর পর্বত (ষট্) ১৭২, ১
বলকোষ্ট (চণ্ডাল) ১৭৫,*
বলদেব (নয়) ১৬৮, ৪
বলভী ১৩০, ২
বাণিজ্যগ্রাম ৩০০, ৫
বাদর ১৪৭, ১
বামন ৩৮২, ২
বামা দেবী ৪০১, ১
বায়ুভূতি গৌতম ৪০৫, ১
বারাণসী ২৯৯, ১
বালুকা ৩২২, ৩
বাসুদেব (নয়) ১৬৮, ৪
বিজয়া ২৯২, ৩
বিদিসা ২০২, ১
বিদেহবর্ষ ১৭২, ১
বিনয় ৩৩৬, ৪
বিনয়বাদিন্ ২৮৫, ১
বিপাকবিচয়ধর্মধ্যান ২৭৮, ২
বিপাকসূত্র ৪০৫, ১
বিমলনাথ, ৩০০, ৫
বিষ্ণুকুমার ২৯৫, ৯
বীতভয়পুর ২৯৮, ৭

বেদন ৩২২, ৩
বেদনীয়কর্ম ১১৯, ২
বেষ্টনপট্ট ৩৮২, ১
বৈক্রিয়শরীর ৭৭, ৩
বৈয়াবৃত্ত ৩৩৬, ৪
বৈশালিক ৯২, ৩
বোধিদুর্লভভাবনা ১২৬, ১
ব্যন্তরদেবতা ১৭২, ৫
ব্যন্তরনিকায় ৪৭, ৩
ব্যাখ্যাপ্রজ্ঞপ্তি (ভগবতী) ৪০৫, ১
ব্যুৎসর্গ ৩৩৬, ৪
ব্যুপরতক্রিয়া অনিবৃত্তি ২৭৮, ২
ব্রহ্মচর্য ৪০৮, ১
ব্রহ্মদত্ত ২৯৬, ২
ব্রহ্মপ্রাসাদ ২০৫, ৪
ব্রহ্মরাজ ৩০০, ১

ভগীরথ ২৯২, ৩
ভবনপতিদেব ৪০১, ১
ভবনপতিনিকায় ৪৭, ৩
ভরতচক্রবর্তিন্ ২৯২, ২
ভাবকর্ম ১৯, ২
ভাবনা (দ্বাদশবিধ) ১২৬, ১
ভারতবর্ষ (ষট্‌খণ্ড) ১৬৮, ৪
ভাষাসমিতি ১১৩, ১
ভোগ (ত্রিবিধ) ৬৮, ১
ভোজকবৃষ্ণি ৩৮১, ২

মগধ ৪০৫, ১
মঘব ২৯৩, ৩
মণ্ডিতপুত্র ৪০৫, ১
মতিজ্ঞান ৪০৩, ১
মধুপ্রাসাদ ২০৫, ৪
মধ্যপাপা (বিহার শরীফ) ৪০৪, ২
মনঃপর্যায়জ্ঞান ৪০৩, ১
মনোগুপ্তি ১৭৬, ২
মরণ (সপ্তদশবিধ) ৬৬, ৪
মহাকাল ৩২২, ৩
মহাঘোষ ৩২২, ৩
মহাপদ্ম ২৯৫, ৯
মহাপুরুষ (ত্রিষষ্টি) ১৬৮, ৪
মহাবল ৩০০, ৫
মহাবিদেহক্ষেত্র ৪৪, ২
মহাবীর (বর্দ্ধমান) ৪০৪, ২
মহাব্রত (পঞ্চ) ৪০৮, ১
মহাহরি ২৯৬, ১
মহাহিমবৎ ১৭২, ১
মাধুকরী বৃত্তি ৩৬, ২
মানুষোত্তর পর্বত ১৭৩, ২
মিথ্যাত্ব ৫০, ৩
মেদার্য ৪০৫, ১
মেরাদেবী ২৯৬, ১
মেরুপর্বত ১৭২, ১
মোহনীয়কর্ম ১১৯, ২
মৌর্যপুত্র ৪০৫, ১
ম্লেচ্ছজাতি ১৫১, ৪

যশোদা ৪০৪, ২
যশোমতী ২৯২, ৩
যোগ ৫০, ৩

রতি ৩৭৭, ৪
রত্ন (চতুর্দশ) ১৬৯, ৩
রথনেমি ৩৯৩, ৫
রম্যকবর্ষ ১৭২, ১
রসগারব ৩৩৭, ২
রসত্যাগ ৩৩৬, ৪
রাজগৃহ ২৯৬, ২
রাজীমতী ৩৮১, ২
রাজ্যাঙ্গ ৩০০, ৩
রুক্মিন্ ১৭২, ১
রুদ্র ৩২২, ৩

রৈবত ৩৮১, ২
রৌদ্রধ্যান ২৭৮, ২
লবণসমুদ্র ১৭২, ১
লেশ্যা ১৯৭, ১

শবল ৩২২, ৩
শরীর (পঞ্চবিধ) ৭৭, ৩
শল্য ৩৩৮, ১
শাংতিনাথ ২৯৪, ১
শাশ্বতবাদিন্ ৬১, ২
শাসন ২৪১, ১
শিখরিন্ ১৭২, ১
শিবা ৩৮১, ২
শুভদত্ত ৪০২, ৩
শুক্লধ্যান ২৭৮, ২
শ্যাম ৩২২, ৩,
শ্রাবস্তী ২৯৩, ৩
শ্রীকৃষ্ণ ৩৮১, ২
শ্রীদেবী ২৯৪, ২
শ্রুতজ্ঞান ৪০৩, ১
শ্রেণিক (বিম্বিসার) ৩৪২, ২

সংকরদূষ্য ১৭৮, ৩
সংখ্যাতকাল ১৪৬, ৪
সান্তরোত্তর ৪০৮, ৩
সংবর ১২৮, ৩
সংবরভাবনা ১২৬, ১
সংযম (চারিত্র, সপ্তদশবিধ) ১৯৬, ২
সংলীনতা ৩৩৬, ৪
সংস্থান ৩৮২, ২
সংস্থানবিচয়ধর্মধ্যান ২৭৮, ২
সকামমরণ (ত্রিবিধ) ৮২, ৪
সগর ২৯২, ৩
সত্য ৪০৮, ১
সনৎকুমার ২৯৩, ৩
সমচতুরস্র ৩৮২, ২
সমবায় ৪০৫, ১
সময় ১৪৪, ২
সমুদ্রবিজয় ৩৮১, ২
সমিতি (পঞ্চবিধ) ১১৩, ১
সম্মেতশিখর ২৯৪, ১
সহদেবী ২৯৩, ৪
সাগরোপম ২৮৮, ৫
সাতগারব ৩৩৭, ২
সাধারণবনস্পতিকায় ১৪৭, ১
সাধু (জিনকল্পিন্, স্থবিরকল্পিন্) ৩৮, ২
সাধুধর্ম (দশবিধ) ৩৫, ১
সাময়িকব্রত ৭৬, ২
সিদ্ধশীলা ৮৯, ২
সিদ্ধার্থ ৪০৪, ২
সিদ্ধিলোক ১৫৮, ৩
সিন্ধু ২৯৮, ৭
সিন্ধুসৌবীর ২৯৮, ৭
সুতনু ৩৯৫, ১
সুদর্শন ২৯৫, ৪
সুধর্ম ৪০৫, ১
সুভদ্রা ৩০০, ১
সুভূম ২৯৬, ২
সুমিত্র ২৯২, ৩
সুমেরু ৪৭, ৩
সূর ২৯৪, ২
সূত্রকৃৎ ৪০৫, ১
সূক্ষ্ম ১৪৭, ১
সূক্ষ্মক্রিয়াঅপ্রতিপাতিশুক্লধ্যান ২৭৮, ২
সেবার্ত ৩৮২, ১
সোপক্রমআয়ু ৬১, ২
সোমিল ৪০৫, ১
সৌর্যপুর ৩৮০, ১
স্থবিরকল্পিন্ ৩৮, ২
স্থান ৪০৫, ১
স্থাবর ৬৯, ৩

স্বর্গলোক ৪৬, ২
স্বয়ংভূরমণ ১৭৩, ২
স্বাদিম ৩১৩, ১
স্বাধ্যায় ৩৩৬, ৪

হরিকেশ (জনপদ) ১৭৫,*
হরিদত্ত, ৪০২, ৩
হরিবর্ষ ১৭২, ১
হরিষেণ ২৯৬, ১
হস্তিনাপুর ২৯৫, ৪
হিমবৎ ১৭২, ১
হুণ্ড ৩৮২, ২
হৈরণ্যবতবর্ষ ১৭২, ১
হৈমবতবর্ষ ১৭২, ১

শুদ্ধিপত্র

পৃষ্ঠা	৩	সদাচার	পদের স্থলে	সদাচারে	পদ হইবে
”	”	গিয়াগট্ঠী	”	গিয়াগট্ঠী১	”
”	১৬	পত্তিত্রণং	”	পত্তিএণং	”
”	১৭	প্রবর্তবান	”	প্রবর্তমান	”
”	১৮	হৃদয়ঙ্গমক			পদ হইবে না
”	”	লংভইস্৩ সংতি	”	লংভইস্সংতি৩	পদ হইবে
”	২১	জিচ্চা২	”	জিচ্চা	”
”	”	বিণিহশিজ্জা	”	বিণিহণিজ্জা	”
”	২২	ভিক্খ	”	ভিক্খু	”
”	২৩	দর্শনপরাষহ	”	দর্শনপরীষহ	”
”	”	কামবেণং	”	কাসবেণং	”
”	২৫	গমণাগমণেন	”	গমনাগমনে	”
”	” পাদটীকা ৫	জলসকারেষু	”	জনসঞ্চারেষু	”
”	২৮	ন বারিজ্জা	”	বারিজ্জা	”
”	২৯	আসিবে	”	আনিবে	”
”	৩০	পঞ্চভূত	”	পঞ্চভূত	”
”	”	এয়মদায়	”	এয়মাদায়	”
”	৩১	পরিগ্গাহং	”	পরিগ্গহং	”
”	৩৪	পওসত্র	”	পওসএ	”
”	৩৮	অত্তগবেষএ	”	অত্তগবেসএ	”
”	৩৯	ধর্ম্মণুত্তরং৪	”	ধম্মমণুত্তরং৪	”
”	৪০	অব্ভুঠ্ঠাণং	”	অব্ভুট্ঠাণং	”
”	৪২	কল্লাণ	”	কল্লাণং	”
”	৪৬	সংয়মংমি	”	সংযমংমি	”
”	”	গোত্র	”	গোত্রে	”
”	৪৭ পাদটীকা ৩	গৃহ	”	গ্রহ	”
”	৪৮	ধনকনকভুমিবণিতাদিতে	”	ধনকনকভূমিবনিতাদিতে	”
”	৫৩	কামরূপরিকুর্বিণঃ	”	কামরূপবিকুর্বিণঃ	”
”	৫৫	কায়িকসম্যক্ত্ব	”	ক্ষায়িকসম্যক্ত্ব	”
”	৫৭	মণসা	”	মণ্সা	”
”	”	বরাণুবদ্ধা	”	বেরাণুবদ্ধা	”
”	৬৫	এত	”	এএ	”

পৃষ্ঠা	৬৫	পরতার্থিক	পদের স্থলে	পরতীর্থিক	পদ হইবে
”	৬৮	দিষ্ঠে	”	দিট্‌ঠে	”
”	৬৯ পাদটীকা ২	৩৫	সংখ্যার স্থলে	৩৬	সংখ্যা হইবে
”	৭০	কায়োর	পদের স্থলে	কায়ের	পদ হইবে
”	৭৩	করিয়াও	”	করিয়া	”
”	”	সংতমই	”	সংতসই	”
”	৭৮	পরমা	”	পরমাণু	”
”	৮৩	পামজাঈপহে	”	পাসজাঈপহে৩	”
”	৮৫ পাদটীকা ১	তাহার	”	তাহা	”
”	” ” ”	কামাচারী	”	কামচারী	”
”	৯১	নিরবেক্‌খো	”	নিরবেক্‌খো	”
”	৯২	বৈশালিকা	”	বৈশালীক	”
”	”	ব্যাখাতা	”	ব্যাখ্যাত	”
”	৯৫	অহমিট্‌ঠে	”	অহম্মিট্‌ঠে	”
”	৯৬	হুলদেহ	”	স্থূলদেহ	”
”	১১০	মূচ্চত্র	”	মুচ্চএ	”
”	১১৩	নিজ্জাই	”	ণিজ্জাই	”
”	১১৪ টীকা ৪	সুদ্ধেণনাউ	”	সুদ্ধেসনাউ	”
”	১১৫	শ্রবণ	”	শ্রমণ	”
”	১১৭	দাহেহিং	”	দাসেহিং	”
”	১২৮	তরসংবরম	”	তবসংবরম	”
”	১৪৫ টীকা ২	পৃথী	”	পৃথ্বী	”
”		ইত্তরিয়ংসি	”	ইত্তরিয়ংমি	”
”		দুল্লহেয়	”	দুল্লহে	”
”	১৪৬ টীকা ৫	আর	”	অর	”
”	১৫২	মিচ্ছওণিসেবএ	”	মিচ্ছত্তণিসেবএ	”
”	১৫৫	করিয়াছি	”	করিয়াছ	”
”	১৬২	জিতিন্দ্রিয়	”	জিতেন্দ্রিয়	”
”	১৬৩	অদ্ধে	”	থদ্ধে	”
”	১৬৭	করণুপরিকিণ্ণে	”	করেণুপরিকিণ্ণে	”
”	১৬৯	সূত্রধারা	”	সূত্রধার	”
”	১৭২	নীলবংবতপ্পবহা	”	নীলবংতপ্পবহা	”
”	১৭৫ টীকা*	সুকৃত	”	সুকৃতি	”
”	১৭৭ টীকা ৩	জাভিমদেণ	”	জাতিমদেন	”
”	১৮১	আরাইএ	”	আরাহএ	”

শুদ্ধিপত্র

পৃষ্ঠা	১৯০	বিয়াণামাণা	পদের স্থলে বিয়াণমাণা	পদ হইবে
”	১৯৩	জবং	” জূবং	”
”	১৯৭	সংতিতিথি	” সংতিতিথে	”
”	২০১	বয়ণমব্বযী	” বয়ণমব্ববী	”
”	২১৩	নাতিসমেই	” নাভিসমেই	”
”	২২১	মোহণিলাপজ্জলণাহিএণং	” মোহাণিলাপজ্জলণাহিএণং	”
”	২৪১	প্রতিরোধ	” প্রতিবোধ	”
”	২৪৩ টীকা ৪	বদ্ধতে	” বেদ্ধতে	”
”	২৪৬ টীকা ১	বথ বিজ্জং	” বথ্থবিজ্জং	”
”	২৪৯ টীকা ৫	সুরীরং	” সুবীরং	”
”	২৫৩	আয়বিয়	” আয়রিয়	”
”	২৫৭	বংভচেয়ে	” বংভচেরে	”
”	২৫৭	দুষতংরসি	” দুসংতরংসি	”
”	২৬০	বংভচেরসমাহিধাণে	” বংভচেরসমাহিঠাণে	”
”	২৬৯	বুচ্ছঈ	” বুচ্চঈ	”
”	২৭২	সুবই	” সুবঈ	”
”	২৭৭	পারিবারিএ	” পরিবারিএ	”
”	২৭৮	এবং	” এক	”
”	২৮৫	করিতেছে	” করিতেছ	”
”	৩০৬	সংযমম্মি	” সংজমম্মি	”
”	৩০৯	পাবজ্জঈ	” পবজ্জঈ	”
”	৩১১	ধরেযব্বাইং	” ধারেয়ব্বাইং	”
”	৩১১	জাবহিংসা	” জীবহিংসা	”
”	৩১৬	অহিবেগংতদিট্ঠীএ	” অহিরেগংতদিট্ঠীএ	”
”	৩১৭	তাহা	” তহা	”
”	৩৫৮	অবিবন্নো	” অবিবগ্নো	”
”	৩৮৯	সিয়াবরণং	” সিয়ারয়ণং	”

Pub. 17.

NEW PUBLICATIONS OF THE UNIVERSITY OF CALCUTTA

(Since 24. 9. 59 when the latest catalogue was published.)

Serial Nos.

277.5 *Gopichandrer Gan* (গোপীচন্দ্রের গান) (in Bengali) (with notes), edited by Dr. Asutosh Bhattacharya, M. A., Ph. D. D/Demy 16 mo pp. 496 + 128. 1959. Rs. 10.00.

623.5 *The Relation of the Individual to the State under the Indian Constitution* (Sir Charu Chandra Ghose Memorial Lectures, 1956), by P. N. Sapru, M. P. Demy 8 vo pp. 80. 1959. Rs. 3.00.

712.5 *Studies in Arabic and Persian Medical Literature,* by Prof. Muhammad Zubayr Siddiqi, H. A., M. A., B. L., Ph. D. (Cambridge), F. A. S. B. Royal 8 vo pp. 174 + 48 + 8. 1959. Rs. 12.00.

81 *Bangla Nataker Utpatti O Kramavikas* (বাংলা নাটকের উৎপত্তি ও ক্রমবিকাশ) (2nd Edition) (in Bengali) [Giris Chandra Ghosh Lectures], by Manmathanath Basu. D/Demy 16 mo pp. 281. 1959. Rs. 7.00.

705.5 *Srautapatha* (শ্রৌতপাঠঃ), Part I, Vol. II (1st Ashtaka 1st Chapter only of Bhāṣya). Royal 8 vo pp. 112. 1959. Rs. 3.00.

595 *The Principles of Philosophy* (Third Edition), by Hari Mohan Bhattacharya, M. A. D/Demy 16 mo pp. 464. 1959. Rs. 10.00.

709 *Sri Chaitanya Chariter Upadan* (শ্রীচৈতন্যচরিতের উপাদান) (in Bengali) (2nd Edition), by Dr. Bimanbehari Majumdar, M. A., Ph. D. D/Demy 16 mo pp. 754 + 22. 1959. Rs. 15.00.

259.5 *The Fundamentals of Religion* (Stephanos Nirmalendu Ghosh Lectures, 1951), by Dr. Nalini Kanta Brahma, M. A., Ph. D. D/Demy 16 mo pp. 300+10. 1960. Rs. 8.00.

165.5 *Concept of Equality in the Eye of Law* (Sri Charu Chandra Ghose Memorial Lectures, 1953), by Gopendra Nath Das, M. A., LL. B. D/Demy 16 mo pp. 38+2. 1959. Rs. 3.00.

689.5 *The Six Ways of Knowing* (2nd edn.), by Dr. Dhirendra Mohan Datta, M. A., Ph. D. Demy 8 vo pp. 362. 1960. Rs. 12.00.

637.5 *Samalochana-Sahitya-Parichaya* (সমালোচনা-সাহিত্য-পরিচয়) [ঊনবিংশ-শতাব্দীর সমালোচনা-সাহিত্য], edited by Dr. Srikumar Banerjee, M. A., Ph. D. and Sri Prafulla Chandra Pal, M. A. D/Demy 16 mo. 1960. Rs. 15.00.

265.5 *Girischandra* (গিরিশচন্দ্র) (in Bengali) (Giris Chandra Ghosh Lectures, 1947), by Sri Kiran Chandra Datta. D/Demy 16 mo pp. 145. 1960. Rs. 3.00.

কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশিত

ধর্ম্ম ও দর্শন-বিষয়ক কয়েকখানি গ্রন্থ

পাতঞ্জল যোগদর্শন (পরিবর্দ্ধিত চতুর্থ সংস্করণ)—সাংখ্যযোগাচার্য্য শ্রীমদ্ হরিহরানন্দ আরণ্য প্রণীত এবং শ্রীমদ্ ধর্ম্মমেঘ আরণ্য ও রায় বাহাদুর যজ্ঞেশ্বর ঘোষ, এম. এ., পি-এইচ. ডি. সম্পাদিত। রয়্যাল ৮ পেজী, ৮১৪ পৃষ্ঠা ; ১৯৪৯ ; মূল্য ৯·০০ (নয় টাকা)।

❋

বেদান্তদর্শন—অদ্বৈতবাদ (২য় খণ্ড)—(বেদান্ত-প্রমাণ-পরিক্রমা) ডক্টর শ্রীআশুতোষ ভট্টাচার্য্য-শাস্ত্রী, এম. এ., পি. আর. এস., পি-এইচ. ডি. প্রণীত। রয়্যাল ৮ পেজী, ৪৫৩ পৃষ্ঠায় সম্পূর্ণ ; ১৯৫০ ; মূল্য ১০·০০ (দশ টাকা)।

❋

উপনিষদের আলো (পরিবর্দ্ধিত ৩য় সংস্করণ)—অধ্যাপক শ্রীমহেন্দ্রনাথ সরকার, এম. এ., পি-এইচ. ডি. প্রণীত। ডিমাই ৮ পেজী, ১৬৯ পৃষ্ঠা ; ১৯৪৯ ; মূল্য ৩·৫০ (তিন টাকা পঞ্চাশ নয়া পয়সা)।

❋

গীতার বাণী (২য় সংস্করণ)—শ্রীঅনিলবরণ রায়, এম. এ. প্রণীত। ডিমাই ৮ পেজী, ১৬৮ পৃষ্ঠা ; ১৯৪৮ ; মূল্য ২·০০ (দুই টাকা)।

❋

বাঙ্গালীর পূজাপার্ব্বণ—শ্রীঅমরেন্দ্রনাথ রায় সম্পাদিত। ডিমাই ৮ পেজী, ১১৬ পৃষ্ঠা ; ১৯৫০ ; মূল্য ৪·০০ (চার টাকা)।